সামাত্যবন্ধুঃ কর্ণো বৈ তমাহ্বয়ত মা চিরম্ ॥৩৩॥
ভীষ্মেণ হি মহাবাহুঃ সর্ব্বক্ষত্রস্য পশ্যতঃ ।
রথেষু গণ্যমানেষু বলবিক্রমশালিষু ॥৩৪॥
সংখ্যাতোঽর্দ্ধরথঃ কর্ণো দ্বিগুণঃ সন্ নরর্ষভঃ ।
রথাতিরথসংখ্যায়াং যোঽগ্রণীঃ শূরসম্মতঃ ।
সাসুরানপি দেবেশান রণে যো যোদ্ধুমুৎসহেৎ ॥৩৫॥ (যুগ্মকম্)
স তু তেনৈব কোপেন রাজন্ ! গাঙ্গেয়মুক্তবান্ ।
ত্বয়ি জীবতি কৌরব্য ! নাহং যোৎস্যে কদাচন ॥৩৬॥

চুক্রুশুরিতি। চক্রুশুঃ উচ্চৈরাজুহুবুঃ। তনুত্যজং যুদ্ধে দেহত্যাগায়োদ্যতম্ ॥৩২॥
স ইতি। মা চিরং তদাহ্বানে বিলম্বং মা কুরুত ॥৩৩॥
ভীষ্মেণেতি। রথেষু রথিষু। দ্বিগুণঃ সন্নপি অতিরথস্তেতি শেষঃ। শূরসম্মতঃ শূরত্বেন সর্ব্বৈরভিমতঃ। উৎসহেৎ শক্নুয়াৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪—৩৫॥
স ইতি। স কর্ণঃ। গাঙ্গেয়ং ভীষ্মম্। কিমুক্তবানিত্যাহ ত্বয়ীত্যাদি ॥৩৬॥

মন সমস্ত অস্ত্রধারিশ্রেষ্ঠ এবং বীরশোভায় শোভিত কর্ণের প্রতি গমন করিল ॥৩১॥

ভরতনন্দন ! তখন রাজারা কৌরবপক্ষের হিতৈষী ও যুদ্ধে দেহত্যাগোদ্যত রাধানন্দন কর্ণকে 'কর্ণ ! কর্ণ !' বলিয়া উচ্চস্বরে ডাকিতে লাগিলেন (ও বলিলেন—) ॥৩২॥

মহাযশা কর্ণ অমাত্য এবং বন্ধুবর্গের সহিত তখন দশ দিন যাবৎ যুদ্ধ করেন নাই। অতএব তাঁহাকে আহ্বান কর, বিলম্ব করিও না ॥৩৩॥

যিনি বীর বলিয়া সকলের অভিমত, এমন কি যিনি সমস্ত বীরের অগ্রগণ্য এবং যিনি সমরাঙ্গনে অসুরগণের সহিত দেবশ্রেষ্ঠগণের সঙ্গেও যুদ্ধ করিতে পারেন, সেই নরশ্রেষ্ঠ কর্ণ দ্বিগুণ অতিরথ হইলেও, রথ এবং অতিরথ গণনা করিবার সময়ে সমস্ত ক্ষত্রিয়ের সমক্ষে বল ও বিক্রমশালী রথীদিগের গণনায় প্রবৃত্ত ভীষ্ম সেই মহাবাহু কর্ণকেই অর্দ্ধরথ বলিয়া গণনা করিয়াছিলেন ॥৩৪-৩৫॥

রাজা ! কর্ণ সেই ক্রোধেই ভীষ্মকে বলিয়াছিলেন—'কৌরব ! আপনি জীবিত থাকিতে আমি কখনও যুদ্ধ করিব না ॥৩৬॥

(৩৫)···ত্রিগুণঃ স রথর্ষভঃ···পি।

ত্বয়া তু পাণ্ডবেয়েষু নিহতেষু মহামৃধে।
দুর্য্যোধনমনুজ্ঞাপ্য বনং যাস্যামি কৌরব! ॥৩৭॥
পাণ্ডবৈর্ব্বা হতে ভীষ্মে ত্বয়ি স্বর্গমুপেয়ুষি।
হন্তাস্ম্যেকরথেনৈব কৃৎস্নান্ যান্ মন্যসে রথান্ ॥৩৮॥
এবমুক্ত্বা মহারাজ! দশাহানি মহাযশাঃ।
নাযুধ্যত তদা কর্ণঃ পুত্রস্য তব সম্মতে ॥৩৯॥
ভীষ্মঃ সমরবিক্রান্তঃ পাণ্ডবেয়স্য পার্থিব!।
জঘান সমরে যোধানসংখ্যেয়পরাক্রমান্ ॥৪০॥
তস্মিংস্তু নিহতে শূরে সত্যসন্ধে মহৌজসি।
ত্বৎসুতাঃ কর্ণমস্মার্ষুস্তর্ত্তুকামা ইব প্লবম্ ॥৪১॥
তাবকাস্তব পুত্রাশ্চ সহিতাঃ সর্ব্বরাজভিঃ।
হা কর্ণ ইতি চাক্রন্দন্ কালোঽয়মিতি চাব্রুবন্ ॥৪২॥

ত্বয়েতি। মহামৃধে মহাযুদ্ধে। অনুজ্ঞাপ্য মদ্বনগমনে অনুজ্ঞাং কারয়িত্বা ॥৩৭॥
পাণ্ডবৈরিতি। উপেয়ুষি গতে। কৃৎস্নান্ সর্ব্বান্ ॥৩৮॥
এবমিতি। পুত্রস্য প্রাধান্যাদ্দুর্য্যোধনস্য, সম্মতে সম্মতৌ সত্যাম্ ॥৩৯॥
ভীষ্ম ইতি। যোধান্ যোদ্ধৄন্ ॥৪০॥
তস্মিন্নিতি। তর্ত্তুকামা নদীমিতি শেষঃ, প্লবং নৌবিশেষম্ ॥৪১॥

আর আপনি মহাযুদ্ধে পাণ্ডবগণকে বধ করিতে পারিলে, আমি দুর্য্যোধনের অনুমতি লইয়া বনে যাইব ॥৩৭॥

পক্ষান্তরে পাণ্ডবেরা আপনাকে বধ করায় আপনি স্বর্গে গমন করিলে, আপনি যাহাদিগকে রথী বলিয়া মনে করেন, আমি একরথেই তাহাদের সকলকে বধ করিব' ॥৩৮॥

মহারাজ! মহাযশা কর্ণ তখন এইরূপ বলিয়া দুর্য্যোধনের সম্মতিক্রমে দশ দিন যাবৎ যুদ্ধ করেন নাই ॥৩৯॥

রাজা! সমরবিক্রমশালী ভীষ্ম যুদ্ধে (দশ দিন যাবৎ) পাণ্ডবপক্ষের অসাধারণবিক্রমশালী যোদ্ধাদিগকে বধ করিয়াছেন ॥৪০॥

বীর, সত্যপ্রতিজ্ঞ ও মহাতেজা ভীষ্ম নিহত হইলে, নদীপারগমনাভিলাষী লোকেরা যেমন ভেলার স্মরণ করে, সেইরূপ আপনার পুত্রেরা কর্ণের স্মরণ করিতে লাগিলেন ॥৪১॥

(৩৮) হতে বা ত্বয়ি পার্থৈস্তু যুধি···নি। (৩৯) এবমুক্ত্বা মহাবাহুঃ···বা ব রা নি। (৪০)···অসংখ্যেয়পরাক্রমঃ—বা ব রা নি। (৪২) ইতঃ পরম্ 'এবং তে স্ম হি রাধেয়ং সুতপুত্রং তনুত্যজম্। চুক্রুশুঃ সহিতা যোধাস্তত্র তত্র মহাবলাঃ॥" ইত্যধিকঃ শ্লোকঃ ব নি।

CENTRAL LIBRARY

জামদগ্ন্যাভ্যনুজ্ঞাতমস্ত্রৈর্দুর্বারপৌরুষম্ ।
অগমন্নো মনঃ কর্ণং বন্ধুমাত্যয়িকেষ্বিব ॥৪৩॥
স হি শক্তো রণে রাজন্ ! ত্রাতুমস্মান্মহাভয়াৎ ।
ত্রিদশানিব গোবিন্দঃ সততং সুমহাযশাঃ ॥৪৪॥

বৈশম্পায়ন উবাচ ।

তথা তু সঞ্জয়ং কর্ণং কীর্ত্তয়ন্তং পুনঃ পুনঃ ।
আশীবিষমুচ্ছ্বস্য ধৃতরাষ্ট্রোঽব্রবীদিদম্ ॥৪৫॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

যত্তদ্বৈকর্ত্তনং কর্ণমগমদ্বো মনস্তদা ।
অথাপশ্যত রাধেয়ং সূতপুত্রং তনুত্যজম্ ॥৪৬॥

তাবকা ইতি । তাবকাস্ত্বৎপক্ষীয়াঃ সৈন্যাঃ । আক্রন্দন্ আহ্বয়ন্, "ক্রন্দনে রোদনাহ্বানে" ইত্যমরঃ । অয়ং কালঃ কর্ণাশ্রয়স্যেতি শেষঃ ॥৪২॥

জামেতি । জামদগ্ন্যেন অভ্যনুজ্ঞাতং সর্ব্বাস্ত্রাভিজ্ঞতয়া অনুমতম্ । দুর্ব্বারং পৌরুষম্ আক্রমণরূপঃ পুরুষকারো যস্য তম্ । নঃ অস্মাকম্ । আত্যয়িকেষু মহাবিপৎসু ॥৪৩॥

স ইতি । স কর্ণঃ, হি যস্মাৎ । ত্রিদশান্ দেবান্, গোবিন্দো বিষ্ণুঃ ॥৪৪॥

তথেতি । আশীবিষবৎ সর্প ইব, উচ্ছ্বস্য নিশ্বাসং ত্যক্ত্বা ॥৪৫॥

তৎপরে আপনার পক্ষের যোদ্ধারা এবং আপনার পুত্রেরা নিজপক্ষের সকল রাজার সহিত মিলিত হইয়া 'হা কর্ণ !' বলিয়া ডাকিতে লাগিলেন এবং 'ইহাই কর্ণকে অবলম্বন করিবার সময়' এইরূপ বলিতে থাকিলেন ॥৪২॥

'তোমার সমস্ত অস্ত্রশিক্ষা হইয়াছে' এইভাবে পরশুরাম যাঁহার প্রতি অনুমোদন করিয়াছিলেন এবং সমস্ত অস্ত্র অবগত থাকায় যাঁহার পুরুষকার বিপক্ষের দুর্নিবার, মহাবিপদে বন্ধুর ন্যায় সেই কর্ণের উপরে আমাদের মন গেল ॥৪৩॥

কারণ, রাজা ! অতিমহাযশা বিষ্ণু যেমন দেবগণকে মহাভয় হইতে রক্ষা করিতে সমর্থ, সেইরূপ কর্ণও যুদ্ধে মহাভয় হইতে আমাদিগকে রক্ষা করিতে সমর্থ' ॥৪৪॥

বৈশম্পায়ন বলিলেন—সঞ্জয় এইভাবে বার বার কর্ণের নাম কীর্ত্তন করিতে লাগিলে, ধৃতরাষ্ট্র সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিয়া এই কথা কহিলেন ॥৪৫॥

---

(৪৩)···অস্ত্রে দুর্ব্বারপৌরুষম্··বা ব। (৪৪) ইতঃ পরম্ 'দেবানিব মহাবিষ্ণুস্ত্রায়তে মহতো ভয়াৎ' ইতি পাদদ্বয়মধিকং পি। (৪৬) যত্তু বৈকর্ত্তনম্··· পি ; অপ্যরক্ষৎ স রাধেয়ঃ সূতপুত্রস্তনুত্যজঃ—নি।

অপি তন্ন মৃষাকার্ষীদ্‌যুধি সত্যপরাক্রমঃ।
সম্ভ্রান্তানাং তদার্ত্তানাং ত্রস্তানাং ত্রাণমিচ্ছতাম্ ॥৪৭॥
অপি তৎ পূরয়াঞ্চক্রে ধনুর্দ্ধরবরো যুধি।
যত্তদ্বিনিহতে ভীষ্মে কৌরবাণামপাকৃতম্ ॥৪৮॥
তং খণ্ডং পূরয়ন্ কর্ণঃ পরেষামাদধদ্ভয়ম্।
কৃতবান্ মম পুত্রাণাং জয়াশাং সফলামপি ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রপ্রশ্নে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

যদিতি। বৈকর্ত্তনং তদাখ্যম্। বো যুষ্মাকম্। অথেতি প্রশ্নে ॥৪৬॥
অপীতি। সত্যপরাক্রমঃ কর্ণঃ। সম্ভ্রান্তানাং বিচলিতানাং কৌরবাণাম্ ॥৪৭॥
অপীতি। যৎ বীর্য্যম্। অপাকৃতং পাণ্ডবৈর্ন্যীকৃতম্ ॥৪৮॥
তমিতি। খণ্ডং ভীষ্মাভাবাত্তদীয়ং শূন্যমংশম্। আদধৎ জনয়ন্ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ধৃতরাষ্ট্র কহিলেন—'সঞ্জয়! তখন বৈকর্ত্তন কর্ণের প্রতি তোমাদের মন যে গিয়াছিল, তাহাতে তোমরা যুদ্ধে দেহত্যাগে উদ্যত রাধানন্দন কর্ণকে দেখিতে পাইয়াছিলে ত? ॥৪৬॥

তৎকালে কৌরবেরা বিচলিত, পীড়িত ও ভীত হইয়া রক্ষা পাইবার ইচ্ছা করিতেছিলেন; তখন যথার্থপরাক্রমশালী কর্ণ সমরাঙ্গনে তাঁহাদের সে ইচ্ছা মিথ্যা করেন নাই ত? ॥৪৭॥

ভীষ্ম নিহত হইলে, পাণ্ডবেরা কৌরবপক্ষের যে শক্তি নষ্ট করিয়াছিল, ধনুর্দ্ধরশ্রেষ্ঠ কর্ণ যুদ্ধে সে শক্তি পূর্ণ করিয়াছিলেন ত? ॥৪৮॥

কর্ণ ভীষ্মের শূন্যস্থান পূর্ণ করতঃ শত্রুপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া আমার পুত্রগণের জয়লাভের আশা সফল করিয়াছেন ত? ॥৪৯॥

———:০:———

(৪৭)··· কচ্চিৎ সত্যপরাক্রমঃ···বা নি। (৪৮)···কৌরবাণামপাশ্রিতম্—পি, কৌরবাণামুপাশ্রয়ে—বা ব। (৪৯)···আদধদ্ভয়ম্। স হি বৈ পুরুষব্যাঘ্রো লোকে সঞ্জয়! কথ্যতে। আর্ত্তানাং বান্ধবানাঞ্চ ক্রন্দতাঞ্চ বিশেষতঃ। পরিত্যজ্য রণে প্রাণাংস্তত্রাণার্থঞ্চ শর্ম্ম চ। কৃতবান্ মম পুত্রাণাং জয়াশাং সফলামপি ॥—বা ব বা নি।

CENTRAL LIBRARY

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

হতং ভীষ্মমথাধিরথির্বিদিত্বা ভিন্নাং নাবমিবাত্যগাধে কুরূণাম্।
সোদর্য্যবদ্ব্যসনে সূতপুত্রঃ সন্তারয়িষ্যংস্তব পুত্রস্য সেনাম্ ॥১॥
শ্রুত্বা তু কর্ণঃ পুরুষেন্দ্রমচ্যুতং নিপাতিতং শান্তনবং মহারথম্।
অথোপযাতঃ সহসারিকর্ষণো ধনুর্দ্ধরাণাং প্রবরস্তদা নৃপ! ॥২॥
হতে তু ভীষ্মে রথসত্তমে পরৈর্নিমজ্জতীং নাবমিবার্ণবে কুরূন্।
পিতেব পুত্রাংস্ত্বরিতোঽভ্যয়াত্ততঃ সন্তারয়িষ্যংস্তব পুত্রস্য সেনাম্ ॥৩॥

কর্ণ উবাচ।

যস্মিন্ ধৃতির্বুদ্ধিপরাক্রমৌ চ সত্যং স্মৃতির্বীরগুণাশ্চ সর্বে।
অস্ত্রাণি দিব্যান্যথ সন্নতির্হ্রীঃ প্রিয়া চ বাগনসূয়া চ ভীষ্মে ॥৪॥

হতমিতি। অথ আধিরথিঃ অধিরথপুত্রঃ, সূতপুত্রঃ কর্ণঃ, লোকমুখাদ্ভীষ্মং হতং বিদিত্বা, কুরূণাং ব্যসনে তস্যাং বিপদি, সোদর্য্যবৎ সহোদর ইব, অগাধে জলে, ভিন্নাম্ অদৃষ্টঝঞ্ঝাতাদিনা বিদীর্ণাং নাবমিব, তব পুত্রস্য সেনাম্, সন্তারয়িষ্যন্ আজগামেতি শেষঃ ॥১॥

আবেগাৎ পুনরাহ দ্বৌ শ্রুত্বেতি। অচ্যুতং ব্রহ্মচর্য্যব্রতাদভ্রষ্টম্। অরিকর্ষণঃ শত্রুবিজয়ী ॥২॥

হত ইতি। নিমজ্জতীং নিমজ্জন্তীম্। কুরূন্ বিপদর্ণবে নিমজ্জত ইতি শেষঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর অধিরথনন্দন কর্ণ লোকমুখে ভীষ্ম নিহত হইয়াছেন শুনিয়া অগাধ জলে বিদীর্ণ নৌকার ন্যায় আপনার পুত্রের সেনাকে নিস্তার করিবেন বলিয়া কৌরবগণের সেই বিপদের সময়ে সহোদরের ন্যায় আগমন করিলেন ॥১॥

রাজা! তখন ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ও শত্রুবিজয়ী কর্ণ—পুরুষশ্রেষ্ঠ, চিরব্রহ্মচারী ও মহারথ ভীষ্ম নিপাতিত হইয়াছেন শুনিয়া সত্বর উপস্থিত হইলেন ॥২॥

বিপক্ষেরা রথিশ্রেষ্ঠ ভীষ্মকে নিহত করিলে, সমুদ্রে নৌকার ন্যায় কৌরবেরা বিপদে নিমগ্ন হইতেছিলেন; সুতরাং পিতা যেমন পুত্রগণকে উদ্ধার করিবার জন্য আগমন করেন, সেইরূপ কর্ণ আপনার পুত্রের সেনাকে উদ্ধার করিবার জন্য আগমন করিলেন' ॥৩॥

---

(১)···ভিন্নাং নাবং বারিধাবত্যগাধে··· নি। (২)···অথোপযাতাং···বা ব রা নি। (৩) ··· রথযূথপে পরৈর্নিমজ্জতীং নাবমিবার্ণবে তদা। পিতেব পুত্রম্···তব পুত্রসেনাম্—পি। (৪)···সন্নতিহ্রীঃ··· পি নি,··· সন্নতির্হি···ব।

CENTRAL LIBRARY

সদা কৃতজ্ঞে দ্বিজশত্রুঘাতকে সনাতনং চন্দ্রমসীব লক্ষ্ম।
স চেৎ প্রশান্তঃ পরবীরহন্তা মন্যে হতানেব চ সর্ববীরান্ ॥৫॥ (যুগ্মকম্)
নেহ ধ্রুবং কিঞ্চন জাতু বিদ্যতে লোকে হ্যস্মিন্ কর্ম্মণোঽনিত্যযোগাৎ।
সূর্য্যোদয়ে কো হি বিমুক্তসংশয়ো ভাবং প্রকুর্বীত মহাব্রতে হতে ॥৬॥
বসুপ্রভাবে বসুবীর্য্যসম্ভবে গতে বসূনেব বসুন্ধরাধিপে।
বসূনি পুত্রাংশ্চ বসুন্ধরাং তথা কুরূংশ্চ শোচধ্বমিমাঞ্চ বাহিনীম্ ॥৭॥

যস্মিন্নিতি। ধৃতির্ধৈর্য্যম্। সন্নতির্নম্রভাবঃ, হ্রীঃ অকার্য্যকরণে লজ্জা। অনসূয়া পরদোষাবিষ্কারাভাবঃ। সনাতনং চিরস্থিতম্, লক্ষ্ম শশচিহ্নম্। প্রশান্তো মৃতঃ ॥৪—৫॥

বৈরাগ্যাদাহ নেতি। অস্মিন্ লোকে হি, কর্ম্মণঃ বেদবিহিতনিত্যনৈমিত্তিককাম্যরূপস্য সন্ধ্যাবন্দনাদেঃ লৌকিকস্য স্নানভোজনাদের্বা কার্য্যস্য, অনিত্যযোগাদনিত্যত্বাৎ, ইহ জগতি, জাতু কদাচিদপি, কিঞ্চন তৎকর্ম্মফলভূতং সুখধনাদিকং বস্তু, ধ্রুবং সদাতনম্, ন বিদ্যতে ন ভবতি। হি তথাহি, মহৎ ব্রতং চিরব্রহ্মচর্য্যং যস্য তস্মিন্ ভীষ্মে, হতে সতি, কো জনঃ, বিমুক্তসংশয়স্ত্যক্তসন্দেহঃ সন্, সূর্য্যোদয়ে পরদিনে, ভাবং জীবনাভিপ্রায়ম্, প্রকুর্বীত, অপি তু কোঽপি নেত্যর্থঃ, স্বেচ্ছাধীনমৃত্যোর্ভীষ্মস্যাপি মৃত্যুবশত্বাবদর্শনাদিতি ভাবঃ ॥৬॥

বস্বিতি। বসূনাং দেবানামিব প্রভাবো যস্য তস্মিন্, বসোর্দেবস্যেব বীর্য্যসম্ভবঃ শক্ত্যাবির্ভাবো যস্য তস্মিন্, বসুন্ধরাধিপে রাজনি শান্তনুরাজপুত্রে ভীষ্মে, বসূন্ দেবানেব গতে সতি, হে মানবাঃ যূয়ম্, বসূনি ধনানি, পুত্রাংশ্চ, বসুন্ধরাং স্বাধিকৃতাং ভূমিম্, কুরূংশ্চ, তথা ইমাং কৌরবীয়াং বাহিনীঞ্চ, শোচধ্বম্, অনিত্যত্বাৎ। পূর্ব্ববদ্ভাবঃ ॥৭॥

কর্ণ বলিলেন—'চন্দ্রের যেমন শশচিহ্ন চিরকাল আছে, সেইরূপ কৃতজ্ঞ ও ব্রাহ্মণশত্রুনাশক যে ভীষ্মে চিরকাল ধৈর্য্য, বুদ্ধি, পরাক্রম, সত্য, মেধা, সমস্ত বীরগুণ, অলৌকিক অস্ত্র সকল, বিনয়, লজ্জা, প্রিয়বাক্য ও অসূয়ার অভাব ছিল, বিপক্ষবীরহন্তা সেই ভীষ্মই যদি নিহত হইয়া থাকেন, তবে সমস্ত বীরই নিহত হইয়াছেন বলিয়া আমি মনে করি ॥৪—৫॥

এই জগতে কর্ম্মগুলি অনিত্য বলিয়া তাহার ফলস্বরূপ কোন বস্তুই কখনও স্থায়ী হইতে পারে না। সুতরাং ভীষ্ম নিহত হওয়ায় কোন্ ব্যক্তি নিঃসন্দেহ হইয়া সূর্য্যোদয়ে বাঁচিয়া থাকিবার ইচ্ছা করিতে পারে? ॥৬॥

হে মানবগণ! বসুদেবতার তুল্য প্রভাবশালী এবং বসুদেবতার সমান শক্তিযুক্ত ভীষ্ম বসুলোকেই গমন করায় ধন, পুত্র, ভূমি, কৌরবগণ এবং এই সেনাসম্বন্ধে তোমরা শোক করিতে পার' ॥৭॥

---

(৬)···ভাবং কুর্বীতার্য্যমহাব্রতে হতে—বা ব রা নি।

সঞ্জয় উবাচ।

মহাপ্রভাবে বরদে নিপাতিতে লোকেশ্বরে শান্তনবে মহৌজসি।
পরাজিতেষূগ্রতরেষু দুর্মনাঃ কর্ণো ভৃশং ন্যশ্বসদশ্রু বর্ত্তয়ন্ ॥৮॥
ইদন্তু রাধেয়বচো নিশম্য সুতাশ্চ রাজন্! তব সৈনিকাশ্চ।
পরস্পরং চুক্রুশুরার্ত্তিজং ভৃশং তদাশ্রু নেত্রৈর্মুমুচুশ্চ শব্দবৎ ॥৯॥
প্রবর্ত্তমানে তু পুনর্মহাহবে বিগাহ্যমানাসু চমূষু পার্থিবৈঃ।
অথাব্রবীদ্ধর্ষকরং বচস্তদা রথর্ষভান্ সর্বমহারথর্ষভঃ ॥১০॥
জগত্যনিত্যে সততং প্রধাবতি প্রচিন্তয়ন্ ন স্থিরমদ্য লক্ষয়ে।
ভবৎসু তিষ্ঠৎস্বিহ পাতিতো রণে গিরিপ্রকাশঃ কুরুপুঙ্গবঃ কথম্ ॥১১॥

মহেতি। উগ্রতরেষু মহাভীষণেষু দ্রোণাদিষু। বর্ত্তয়ন্ আবির্ভাবয়ন্ ॥৮॥
ইদমিতি। রাধেয়বচঃ কর্ণবাক্যম্। চুক্রুশুঃ আজুহুবুঃ। শব্দবৎ শব্দযুক্তম্ ॥৯॥
প্রেতি। বিগাহ্যমানাসু আলোড্যমানাসু, পার্থিবৈর্বিপক্ষীয়ৈঃ। সর্বমহারথর্ষভঃ কর্ণঃ ॥১০॥
জগতীতি। প্রধাবতি বর্ত্তমানমতীত্য ভবিষ্যন্তং কালং দ্রুতং গচ্ছতি। স্থিরং স্থায়ি বস্তু ন লক্ষয়ে। ব্যতিরেকে দৃষ্টান্তমাহ ভবৎস্বিতি। গিরিপ্রকাশঃ পর্ব্বততুল্যঃ ॥১১॥

সঞ্জয় বলিলেন—'মহাপ্রভাবশালী, অভীষ্টদাতা ও দিক্‌পালের তুল্য মহাতেজা ভীষ্ম নিপাতিত হইলে এবং মহাভীষণ যোদ্ধা দ্রোণপ্রভৃতি পরাজিত হইলে, কর্ণ শোকার্ত্তচিত্ত হইয়া অশ্রু মোচন করিতে থাকিয়া অত্যন্ত নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৮॥

আর, রাজা! কর্ণের এই বাক্য শুনিয়া আপনার পুত্রেরা ও সৈন্যেরা পরস্পর ডাকিতে লাগিলেন এবং মনের দুঃখে নয়নদ্বারা সশব্দে অশ্রু মোচন করিতে থাকিলেন ॥৯॥

তদনন্তর পুনরায় মহাযুদ্ধ উপস্থিত হইলে এবং বিপক্ষ রাজারা কৌরবসেনা আলোড়ন করিতে থাকিলে, সমস্ত-মহারথ-শ্রেষ্ঠ কর্ণ অপর রথিশ্রেষ্ঠদিগকে এই আনন্দজনক বাক্য বলিলেন'—॥১০॥

বিশেষ চিন্তা করিয়াও সর্ব্বদা গতিশীল ও অনিত্য এই জগতে কোন বস্তুকেই স্থায়ী বলিয়া লক্ষ্য করিতেছি না। (না হইলে,) আপনারা এই যুদ্ধে বিদ্যমান থাকিতে, পাণ্ডবেরা পর্ব্বততুল্য কৌরবশ্রেষ্ঠ ভীষ্মকে কি করিয়া নিপাতিত করিল ॥১১॥

(৮)···লোকেশ্বরে শান্তরি চামিতৌজসি···বা নি,···শান্তনবেঽমিতৌজসি···ব, পরাজিতেষু ভরতেষু···বা ব রা নি। (৯) ইদঞ্চ···সৈনিকাশ্চ হ··· আর্ত্তিজং মুহুঃ বা রা নি। (১০)··· বিনাহ্যমানেষু ধন্বিষু পার্থিবৈঃ পি। (১১)···পাতিতো মৃধে···বা ব রা নি।

নিপাতিতে শান্তনবে মহারথে দিবাকরে ভূতলমাশ্রিতে যথা।
ন পার্থিবাঃ সোঢ়ুমলং ধনঞ্জয়ং গিরিপ্রবোঢ়ারমিবানিলং দ্রুমাঃ ॥১২॥
হতপ্রধানস্ত্বিদমার্ত্তরূপং পরৈর্হতোৎসাহমনাথমদ্য বৈ।
ময়া কুরূণাং পরিপাল্যমাহবে বলং যথা তেন মহাত্মনা তথা ॥১৩॥
সমাহিতঞ্চাত্মনি ভারমীদৃশং জগত্তথাঽনিত্যমিদঞ্চ লক্ষয়ে।
নিপাতিতঞ্চাহবশৌণ্ডমাহবে কথং নু কুর্য্যামহমীদৃশে ভয়ম্ ॥১৪॥
অহন্তু তান্ কুরুবৃষভানজিহ্মগৈঃ প্রবেশয়ন্ যমসদনং চরন্ রণে।
যশঃ পরং জগতি বিভাব্য বর্ত্তিতা পরৈর্হতো ভুবি শয়িতাথবা পুনঃ ॥১৫॥
যুধিষ্ঠিরো ধৃতিমতিসত্যসত্ত্ববান্ বৃকোদরো গজশততুল্যবিক্রমঃ।
তথার্জ্জুনস্ত্রিদশবরাত্মজো যুবা ন তদ্বলং সৃঞ্জয়মিহামরৈরপি ॥১৬॥

নিপাতিত ইতি। অলং সমর্থাঃ গিরিপ্রবোঢ়ারং পর্ব্বতবাহকম্ ॥১২॥

তদিদানীং কিং কর্ত্তব্যমিত্যাহ হতেতি। হতঃ প্রধানো ভীষ্মো যস্য তৎ। অনাথং রক্ষকশূন্যম্। আহবে যুদ্ধে, বলং কৌরবসৈন্যম্, তেন ভীষ্মেণ ॥১৩॥

স্বগতমাহ সমাহিতমিতি। সমাহিতম্ আত্মনা কৌরবৈশ্চ সংস্থাপিতম্, ঈদৃশং কৌরব-বলরক্ষণরূপং ভারং লক্ষয়ে। আহবশৌণ্ডং যুদ্ধমত্তং ভীষ্মঞ্চ আহবে নিপাতিতং লক্ষয়ে ॥১৪॥

অহমিতি। কুরুবৃষভান্ কুরুবংশশ্রেষ্ঠান্ অর্জ্জুনাদীন্, অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ। পরমুত্তমম্, বিভাব্য উৎপাদ্য, বর্ত্তিতা সর্বোপরি স্থাস্যামি ॥১৫॥

ভূতলপতিত সূর্য্যের ন্যায় মহারথ ভীষ্ম নিপাতিত হওয়ায় (আমি মনে করি) পার্ব্বত্য বৃক্ষ সকল যেমন পর্ব্বতবহনক্ষম বায়ুকে সহ্য করিতে পারে না, সেইরূপ কুরুপক্ষীয় রাজারা অর্জ্জুনকে সহ্য করিতে পারেন নাই ॥১২॥

বিপক্ষেরা প্রধান যোদ্ধাকে নিহত করিয়াছে বলিয়া এই কৌরবসৈন্য এখন পীড়িত, হতোৎসাহ ও অনাথ হইয়া পড়িয়াছে। সুতরাং সেই মহাত্মা ভীষ্ম যেমন রক্ষা করিতেন, সেইভাবে আমিও এই কৌরবসৈন্য রক্ষা করিব ॥১৩॥

আমি দেখিতেছি—আমার উপরেই এইরূপ ভার পড়িয়াছে, এই জগৎটাও অনিত্য এবং যুদ্ধমত্ত ভীষ্মও যুদ্ধে নিপাতিত হইয়াছেন। সুতরাং এইরূপ অবস্থায় আমি কি করিয়া ভয় করিব ॥১৪॥

অতএব আমি যুদ্ধে বিচরণ করতঃ বাণদ্বারা কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুনপ্রভৃতিকে যমালয়ে প্রেরণ করিতে থাকিয়া জগতে অসাধারণ যশ প্রবর্ত্তিত করিয়া সকলের উপরে থাকিব; অথবা শত্রুকর্ত্তৃক নিহত হইয়া ভূতলে শয়ন করিব ॥১৫॥

---

(১২) ভূতলমাস্থিতে যথা···বা ব বা নি,···অনলং দ্রুমাঃ—পি। (১৬)···ধৃতিমতি-সত্ত্ববান্ বৃষঃ···পি,···জগতি চ সত্যসত্ত্ববান্···বা।

CENTRAL LIBRARY

যমৌ রণে যত্র যমোপমৌ বলে স সাত্যকির্যত্র চ দেবকীসুতঃ।
ন তদ্বলং কাপুরুষোঽভ্যুপেযিবান্ নিবর্ত্ততে মৃত্যুমুখাদিবাসুভৃৎ ॥১৭॥
তপোঽভ্যুদীর্ণং তপসৈব বাধ্যতে বলং বলেনৈব তথা মনস্বিভিঃ।
মনশ্চ মে শত্রুনিবারণে ধ্রুবং স্বরক্ষণে চাচলবদ্ব্যবস্থিতম্ ॥১৮॥
এবঞ্চৈষাং বাধমানঃ প্রভাবং গত্বৈবাহং তান্ জয়াম্যদ্য সূত!।
মিত্রদ্রোহো মর্ষণীয়ো ন মেঽয়ং ভগ্নে সৈন্যে যঃ সমেয়াৎ স মিত্রম্ ॥১৯॥
কর্ত্তাস্ম্যেতৎ সৎপুরুষার্য্যকর্ম্ম ত্যক্ত্বা প্রাণাননুযাস্যামি ভীষ্মম্।
সর্বান্ সংখ্যে শত্রুসংঘান্ হনিষ্যে হতস্তৈর্বা বীরলোকং প্রপৎস্যে ॥২০॥

যুধীতি। ধৃতির্ধৈর্য্যম্, মতির্বুদ্ধিঃ, সত্যং যাথার্থ্যম্, সত্ত্বমধ্যবসায়শ্চ তদ্বান্। ত্রিদশবরো দেবশ্রেষ্ঠ ইন্দ্রস্তদাত্মজঃ। সুখেনানায়াসেন জীয়ত ইতি সুজয়ম্ ॥১৬॥

যমাবিতি। যমৌ নকুলসহদেবৌ। বলে সৈন্যে। দেবকীসুতঃ কৃষ্ণঃ। অভ্যুপেযিবান্ অভিগন্তুমর্হতীত্যর্থঃ। অসুভৃৎ প্রাণী, মৃত্যুমুখাদিব তদ্বলাৎ নিবর্ত্ততে প্রত্যাবর্ত্ততে ॥১৭॥

তপ ইতি। অভ্যুদীর্ণং বহুলীভূতম্। ধ্রুবম্ অচলম্ ॥১৮॥

সারথিং সম্বোধ্যাহ এবমিতি। এষাং পাণ্ডবানাম্। অয়ং পাণ্ডবকর্ত্তৃকো মিত্রদ্রোহো জ্ঞাতিদ্রোহঃ, মে মম ন মর্ষণীয়ঃ ন সহ্যঃ। ভগ্নে পরাজিতে, সমেয়াৎ সাহায্যায় গচ্ছেৎ ॥১৯॥

কর্ত্তাস্মীতি। কর্ত্তাস্মি করিষ্যামি, সৎপুরুষস্য সাধোঃ আর্য্যস্য সভ্যস্য চ কর্ম্ম ॥২০॥

যুধিষ্ঠির—ধৈর্য্য, বুদ্ধি, সত্য ও অধ্যবসায়শালী; ভীম—বহুতর হস্তীর তুল্য বিক্রমযুক্ত এবং অর্জ্জুন—দেবরাজের পুত্র। অতএব দেবতারাও অনায়াসে তাঁহাদের সৈন্য জয় করিতে পারেন না ॥১৬॥

তা'র পর সৈন্যের মধ্যে যুদ্ধে যমের তুল্য নকুল ও সহদেব রহিয়াছেন এবং যে সৈন্যের মধ্যে সেই সাত্যকি ও কৃষ্ণ আছেন, কাপুরুষ সেই সৈন্যের সম্মুখে যাইতে পারে না; কিংবা কোন প্রাণীই মৃত্যুর মুখের ন্যায় সেই সৈন্যের সম্মুখ হইতে ফিরিয়া আসিতে সমর্থ হয় না ॥১৭॥

তপস্বীরা তপস্যাদ্বারাই পরের প্রবল তপস্যাকে প্রতিহত করেন এবং মনস্বীরা নিজশক্তিদ্বারাই অন্যের শক্তি নিবারণ করিয়া থাকেন। অতএব আমার মন শত্রুনিবারণে স্থিরসঙ্কল্প হইয়াছে এবং আত্মরক্ষায় পর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিয়াছে ॥১৮॥

অতএব সারথি! আমি যাইয়াই পাণ্ডবদের প্রভাব প্রতিহত করিয়া তাঁহাদিগকে জয় করিব। কারণ, তাঁহারা যে মিত্রদ্রোহ করিতেছেন, তাহা আমার সহ্য করা উচিত নহে; বিশেষতঃ সৈন্য পরাভূত হইলে সাহায্যের জন্য যিনি গমন করেন, তিনিই মিত্র ॥১৯॥

সংপ্রাক্রুষ্টে রুদিতে স্ত্রীকুমারে পরাহতে পৌরুষে ধার্ত্তরাষ্ট্রে।
ময়া কৃত্যমিতি জানামি সূত! তস্মাদ্রাজ্ঞস্ত্বস্য শত্রূন্ বিজেষ্যে ॥২১॥
কুরূন্ রক্ষন্ পাণ্ডুপুত্রান্ জিঘাংসন্ ত্যক্ত্বা প্রাণান্ ঘোররূপে রণেঽস্মিন্।
সর্ব্বান্ সংখ্যে শত্রুসংঘান্ নিহত্য দাস্যাম্যহং ধার্ত্তরাষ্ট্রায় রাজ্যম্ ॥২২॥
নিবধ্যতাং মে কবচং বিচিত্রং হৈমং শুভং মণিরত্নাবভাসি।
শিরস্ত্রাণঞ্চার্কসমানভাসং ধনুঃ শরাংশ্চাগ্নিবিষাহিকল্পান্ ॥২৩॥
উপাসঙ্গান্ ষোড়শ যোজয়ন্তু ধনূংষি দিব্যানি তথাহরন্তু।
অসীংশ্চ শক্তীশ্চ গদাশ্চ গুর্বীঃ শঙ্খঞ্চ জাম্বূনদচিত্রভাসম্ ॥২৪॥

সমিতি। সংপ্রাক্রুষ্টে বন্ধূচ্চৈরাহূতবতি, স্ত্রিয়শ্চ কুমারাশ্চেতি স্ত্রীকুমারম্ তস্মিন্। অনপুংসকলিঙ্গত্বাৎ সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। ধার্ত্তরাষ্ট্রে দুর্য্যোধনসম্বন্ধিনি। কৃত্যং কার্য্যম্ ॥২১॥

কুরূনিতি। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। সংখ্যে যুদ্ধে। ধার্ত্তরাষ্ট্রায় দুর্য্যোধনায় ॥২২॥

নিবধ্যতামিতি। নিবধ্যতাং গাত্রে যোজ্যতাম্। হৈমং স্বর্ণময়ম্, মণিভিঃ রত্নৈশ্চ অবভাসতে দীপ্যত ইতি তৎ। অর্কসমানং ভাসতে জ্বলতীতি তৎ, ধনুঃ শরাংশ্চানয়েতি শেষঃ ॥২৩॥

উপেতি। উপাসঙ্গান্ তূণীরান্। আহরন্তু আনয়ন্তু ভৃত্যা ইতি শেষঃ। গুর্বীর্ভারবতীবিশালা বা। জাম্বূনদেন স্বর্ণখচিতত্বেন চিত্রা ভা দীপ্তির্যস্য তম্ ॥২৪॥

সাধু ও সভ্যের কর্ত্তব্য এই কার্য্য আমি করিব এবং প্রাণত্যাগ করিয়া ভীষ্মের অনুসরণ করিব। হয়—আমি যুদ্ধে শত্রুসমূহ সংহার করিব, না হয়—নিহত হইয়া বীরলোকে যাইব ॥২০॥

সারথি! দুর্য্যোধনের পুরুষকার প্রতিহত হইয়াছে এবং স্ত্রীলোক ও বালকেরা উচ্চস্বরে বন্ধুগণকে ডাকিয়া রোদন করিতেছে। অতএব এই সময়ে আমারই প্রয়োজন। সুতরাং আজ আমি দুর্য্যোধনের শত্রুগণকে জয় করিব ॥২১॥

এই ভয়ঙ্কর যুদ্ধে কৌরবগণের রক্ষা ও পাণ্ডবগণের হিংসা করিতে থাকিয়া এবং প্রাণত্যাগের উদ্যম করিয়া যুদ্ধে সমস্ত শত্রুসমূহকে বিনাশপূর্ব্বক আমি দুর্য্যোধনকে রাজ্যদান করিব ॥২২॥

অতএব ভৃত্যেরা আমার গাত্রে স্বর্ণময়, সুন্দর ও মণি-রত্ন-শোভিত বিচিত্র কবচ বন্ধন করুক এবং সূর্য্যের ন্যায় উজ্জ্বল শিরস্ত্রাণ, ধনু ও অগ্নি-বিষ-সর্প-তুল্য বাণ সকল আনয়ন করুক ॥২৩॥

রথমধ্যে যথাস্থানে ষোলটা তূণ স্থাপন করুক এবং দিব্য ধনু, অসি, শক্তি, বিশাল গদা ও স্বর্ণবিচিত্র শঙ্খ আনয়ন করুক ॥২৪॥

(২১)…পরাভূতে…পি। (২৩)…হৈমং শুভ্রম্…বা ব রা নি। (২৪)…জাম্বূনদচিত্রনালম্—নি।

CENTRAL LIBRARY

ইমাং রৌক্মীং নাগকক্ষ্যাং বিচিত্রাং ধ্বজং জৈত্রং দিব্যমিন্দীবরাঙ্কম্ ।
শ্লক্ষ্ণৈর্বস্ত্রৈর্বিপ্রমৃজ্যানয়ন্তু চিত্রাং মালাং চারুবদ্ধাং সলাজাম্ ॥২৫॥
অশ্বানগ্র্যান্ পাণ্ডুরাভ্রপ্রকাশান্ পুষ্টান্ স্নাতান্ মন্ত্রপূতাভিরদ্ভিঃ ।
তপ্তৈর্ভাণ্ডৈঃ কাঞ্চনৈরভ্যুপেতান্ শীঘ্রান্ শীঘ্রং সূতপুত্রানয়স্ব ॥২৬॥
রথঞ্চাগ্র্যং হেমমালাবনদ্ধং রত্নৈশ্চিত্রং সূর্য্যচন্দ্রপ্রকাশৈঃ ।
দ্রব্যৈর্যুক্তং সংপ্রহারোপপন্নৈর্বাহৈর্যুক্তং তূর্ণমাবর্ত্তয়স্ব ॥২৭॥
চিত্রাণি চাপানি চ বেগবন্তি জ্যাশ্চোত্তমাঃ সন্নহনোপপন্নাঃ ।
তূণাংশ্চ পূর্ণান্ মহতঃ শরাণামাসাদ্য গাত্রাবরণানি চৈব ॥২৮॥ (যুগ্মকম্)

ইমামিতি। রৌক্মীং স্বর্ণময়ীম্, অতএব বিচিত্রাম্, ইমাং নাগকক্ষ্যাং হস্তিমধ্যবন্ধনরজ্জুম্, শ্লক্ষ্ণৈর্মসৃণৈর্বস্ত্রৈঃ, বিপ্রমৃজ্য, জৈত্রং জয়শীলম্, দিব্যমলৌকিকম্, ইন্দীবরাঙ্কং নীলোৎপলচিহ্নযুক্তং ধ্বজম্, তথা লাজৈঃ সহেতি সলাজা তাম্, চারুবদ্ধাং সুন্দরগ্রথিতাং চিত্রাং মালাঞ্চ আনয়ন্তু। "কক্ষ্যা মধ্যেভবন্ধনে" ইতি বিশ্বঃ ॥২৫॥

অশ্বানিতি। অগ্র্যান্ শ্রেষ্ঠান্, পাণ্ডুরাভ্রপ্রকাশান্ শুভ্রমেঘবর্ণান্। অদ্ভির্জলৈঃ। তপ্তৈরগ্নিনা, ভাণ্ডৈর্ভূষণৈঃ, "ভাণ্ডং ভূষণমাত্রেঽপি" ইতি হারাবলী। শীঘ্রান্ শীঘ্রগামিনঃ ॥২৬॥

রথমিতি। অগ্র্যং শ্রেষ্ঠম্, হেমমালয়া স্বর্ণমালোন অবনদ্ধং পরিবেষ্টিতম্। সংপ্রহারোপপন্নৈর্যুদ্ধোপযোগিভিঃ, বাহৈরশ্বৈঃ। আবর্ত্তয়স্ব আনয়। চাপানি ধনূংষি। আবেগকৃতা দ্বিরুক্তির্ন দোষায়। জ্যা গুণান্, সন্নহনোপপন্না ধনুর্ব্যবহারে যোগ্যাঃ। শরাণাং পূর্ণানিতি "করণে পূর্ত্ত্যর্থয়োঃ" ইতি করণে ষষ্ঠী। আসাদ্যাবর্ত্তয়স্বেতি সম্বন্ধঃ ॥২৭—২৮॥

স্বর্ণময় বিচিত্র হস্তিবন্ধনরজ্জু, মসৃণ বস্ত্রদ্বারা পরিমার্জিত করিয়া জয়সূচক নীলোৎপলচিহ্নিত দিব্য ধ্বজ এবং লাজের (খইর) সহিত সুন্দরগ্রথিত বিচিত্র মালা আনয়ন করুক ॥২৫॥

সূতপুত্র! জলবিহীন মেঘের ন্যায় শুভ্রবর্ণ, হৃষ্ট-পুষ্ট, তপ্ত স্বর্ণভূষণে ভূষিত ও শীঘ্রগামী উত্তম অশ্বচতুষ্টয়কে মন্ত্রপূত জলে স্নান করাইয়া তুমি সত্বর আনয়ন কর ॥২৬॥

সারথি! স্বর্ণমালায় (স্বর্ণঝালরে) পরিবেষ্টিত, চন্দ্র ও সূর্য্যের তুল্য উজ্জ্বল রত্নে বিচিত্র, যুদ্ধোপযোগিদ্রব্যসম্পন্ন এবং উৎকৃষ্টঘোটকযুক্ত উত্তম একখানা রথ, আর বিচিত্র ও সুদৃঢ় বহুতর ধনু, পরিচ্ছদযুক্ত গুণ, বাণপূর্ণ কতকগুলি বিশাল তূণ এবং সজ্জাগৃহে যাইয়া অনেক বর্ম্ম সত্বর আনয়ন কর ॥২৭—২৮॥

(২৫)···ইন্দীবরাভম্। শ্লক্ষ্ণৈর্বস্ত্রৈর্বিপ্রমৃজ্যানয়স্ব চিত্রাণি চাপানি চ বেগবন্তি পি। (২৬)··· শীঘ্রাচ্ছীঘ্রম্ পি। (২৭)···হেমজালাবনদ্ধম্···পি। (২৮)···সংহননোপপন্নাঃ···পি ব।

প্রাযাত্রিকং চানয়তাশু সর্ব্বং দধ্না পূর্ণং বীর! কাংস্যঞ্চ হৈমম্।
আনীয় মালামববধ্য চাঙ্গে প্রবাদয়ন্ত্বাশু জয়ায় ভেরীঃ ॥২৯॥
প্রয়াহি সূতাশু যতঃ কিরীটী বৃকোদরো ধর্ম্মসুতো যমৌ চ।
তান্ বা হনিষ্যামি সমেত্য সংখ্যে ভীষ্মায় বৈষ্যামি হতো দ্বিষদ্ভিঃ ॥৩০॥
যস্মিন্ রাজা সত্যধৃতির্যুধিষ্ঠিরঃ সমাস্থিতো ভীমসেনার্জ্জুনৌ চ।
বাসুদেবঃ সাত্যকিঃ সৃঞ্জয়াশ্চ মন্যে বলং তদজয্যং মহীপৈঃ ॥৩১॥
তঞ্চেন্মৃত্যুঃ সর্ব্বহরোঽভিরক্ষেৎ সদাঽপ্রমত্তঃ সমরে কিরীটিনম্।
তথাপি হন্তাস্মি সমেত্য সংখ্যে যাস্যামি বা ভীষ্মপথা যমায় ॥৩২॥
ন ত্বেবাহং ন গমিষ্যামি তেষাং মধ্যং শূরাণাং তত্র চাহং ব্রবীমি।
মিত্রদ্রুহো দুর্ব্বলভক্তয়ো যে পাপাত্মানো ন মমৈতে সহায়াঃ ॥৩৩॥

প্রেতি। প্রাযাত্রিকং মাঙ্গলিকতয়া প্রকৃষ্টযাত্রাসংসৃষ্টম্। কাংস্যং হৈমঞ্চ কুম্ভমিতি শেষঃ। অববধ্য সংযোজ্য, প্রবাদয়ন্তু যুদ্ধবাদ্যকারাঃ ॥২৯॥

প্রয়াহীতি। যতো যত্র। যমৌ নকুলসহদেবৌ। এষ্যামি যাস্যামি ॥৩০॥

যস্মিন্নিতি। সত্যধৃতির্যথার্থধৈর্য্যঃ। বলং সৈন্যম্, অজয্যং জেতুমশক্যম্ ॥৩১॥

তমিতি। অপ্রমত্তঃ সাবধানঃ। হন্তাস্মি হনিষ্যামি। যমায় যমলোকায় ॥৩২॥

নেতি। অহং তেষাং শূরাণাং পাণ্ডবানাং মধ্যং ন গমিষ্যামি, ইতি তু নৈব, অবশ্যমেব গমিষ্যামীত্যর্থঃ। অথ যদি ভবৎসহায়া মনসা ভবদ্দ্রোহিণো দুর্ব্বলানুরাগা বা ভবেয়ুস্তদা তু বিপদাশঙ্কেত্যাহ তত্রেতি। তত্র চাহং ব্রবীমি—যে মিত্রদ্রুহঃ, দুর্ব্বলভক্তয়ঃ অদৃঢ়ানুরাগা বা

বীর! তোমরা সত্বর বিশিষ্ট যাত্রার উপযোগী ঘৃত-দূর্ব্বাদি সমস্ত বস্তু এবং দধিপূর্ণ কাংস্য বা স্বর্ণনির্ম্মিত কুম্ভ আনয়ন কর; আর যুদ্ধবাদ্যকারেরা মালা আনয়নপূর্ব্বক অঙ্গে বন্ধন করিয়া জয়লাভের জন্য ভেরী বাদন করুক ॥২৯॥

সারথি! যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব যেখানে রহিয়াছেন, সেইখানে সত্বর যাও। আমি যুদ্ধে যাইয়া—হয় তাঁহাদিগকে বধ করিব, না হয় তাঁহাদের হস্তে নিহত হইয়া ভীষ্মের উদ্দেশে যাইব ॥৩০॥

যে সৈন্যের মধ্যে যথার্থধৈর্য্যশালী রাজা যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, কৃষ্ণ, সাত্যকি ও সৃঞ্জয়গণ রহিয়াছেন, আমি মনে করি—সে সৈন্য অন্য রাজাদের অজেয় ॥৩১॥

সর্ব্বহারী ও সর্ব্বদা সাবধান মৃত্যু যদিও যুদ্ধে সেই অর্জ্জুনকে সর্ব্বতোভাবে রক্ষা করেন, তথাপি আমি যুদ্ধে যাইয়া তাঁহাকে বধ করিব; অথবা ভীষ্মের পথে যমলোকে যাইব ॥৩২॥

(২৯)…সর্ব্বং পূর্ণং কাস্যা বীর!…নি। (৩০)…ভীষ্মায় গচ্ছামি…বা ব,…ভীষ্মো যথৈষ্যামি…নি। (৩২)…ভীষ্মমুখো যমায়—নি।

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

সমৃদ্ধিমন্তং রথমুত্তমং দৃঢ়ং সকূবরং হেমপরিষ্কৃতং শুভম্।
পতাকিনং বাতজবৈর্হয়োত্তমৈর্যুক্তং সমাস্থায় যযৌ জয়ায় সঃ ॥৩৪॥

সম্পূজ্যমানঃ কুরুভির্মহাত্মা রথর্ষভো দেবগণৈর্যথেন্দ্রঃ।
যযৌ তদায়োধনমুগ্রধন্বা যত্রাবসানং ভরতর্ষভস্য ॥৩৫॥

বরূথিনা মহতা সধ্বজেন সুবর্ণমুক্তামণিরত্নশোভিনা।
সদশ্বযুক্তেন রথেন কর্ণো মেঘস্বনেনার্ক ইবামিতৌজাঃ ॥৩৬॥ (যুগ্মকম্)

হুতাশনাভঃ স হুতাশনপ্রভে শুভঃ শুভে বৈ স্বরথে ধনুর্দ্ধরঃ।
স্থিতো ররাজাধিরথির্মহারথঃ স্বয়ং বিমানে সুররাড়িব স্থিতঃ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
দ্রোণাভিষেকে কর্ণপ্রয়াণে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

পাপাত্মানঃ, এতে তে মম সহায়া ন ভবেয়ুঃ। মিত্রপ্রিয়া দৃঢ়ানুরাগা এব চ মে সহায়া ভবেয়ুরিতি ভাবঃ ॥৩৩॥

সমৃদ্ধীতি। সমৃদ্ধিমন্তং মণিরত্নাদিমত্বাৎ। সকূবরং যুগন্ধরদারুযুক্তম্, হেমপরিষ্কৃতং স্বর্ণমালাশোভিতম্। বাতস্য বায়োরিব জবো বেগো যেষাং তৈঃ। সমাস্থায় সমারুহ্য, স কর্ণঃ ॥৩৪॥

সম্পূজ্যেতি। রথর্ষভো রথিশ্রেষ্ঠঃ। আয়োধনং সমরাঙ্গনম্, উগ্রধন্বা ভয়ঙ্করধনুর্দ্ধরঃ কর্ণঃ, অবসানং পতনম্, ভরতর্ষভস্য ভীষ্মস্য। বরূথিনা ব্যাঘ্রচর্ম্মাবরণযুক্তেন ॥৩৫—৩৬॥

আমি যে সেই বীরগণের মধ্যে যাইব না, এমন নহে। সে বিষয়ে আমি বলিতেছি—যাহারা মিত্রদ্রোহী, বা শিথিলানুরাগী, অথবা পাপাত্মা, তাহারা আমার সহায় হইবে না' ॥৩৩॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর কর্ণ—সমৃদ্ধিযুক্ত, কূবরসম্পন্ন, স্বর্ণালঙ্কৃত, শুভলক্ষণান্বিত পতাকাশালী, বায়ুর ন্যায় বেগবিশিষ্ট-ঘোটক-চালিত, দৃঢ় ও উত্তম রথে আরোহণ করিয়া প্রস্থান করিলেন ॥৩৪॥

দেবতারা যেমন ইন্দ্রের পূজা করেন, সেইরূপ তখন কৌরবেরা কর্ণের পূজা করিতে লাগিলেন; সেই অবস্থায় মহাত্মা, রথিশ্রেষ্ঠ ও ভীষণধনুর্দ্ধর কর্ণ—যে সমরাঙ্গনে ভীষ্মের পতন হইয়াছিল, সেই সমরাঙ্গনে গমন করিলেন। ব্যাঘ্র-চর্ম্মের আবরণযুক্ত, ধ্বজসমন্বিত, স্বর্ণ, মুক্তা, মণি ও রত্নশোভিত, উত্তমঘোটক-সম্পন্ন এবং মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী বিশাল রথে আরোহণ করিয়া অমিত-তেজা কর্ণ সূর্য্যের ন্যায় গমন করিতে লাগিলেন ॥৩৫—৩৬॥

---

(৩৬)···রত্নমালিনা···বা ব রা নি। (৩৭)···সুররাড়িবাস্থিতঃ—বা নি।

BCU 2557

CENTRAL LIBRARY

তৃতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

শরতল্পে মহাত্মানং শয়ানমমিতৌজসম্।
মহাবাতসমূহেন সমুদ্রমিব শোষিতম্ ॥১॥
দৃষ্ট্বা পিতামহং ভীষ্মং সর্ব্বক্ষত্রান্তকং গুরুম্।
দিব্যৈরস্ত্রৈর্মহাত্মানং পাতিতং সব্যসাচিনা ॥২॥
জয়াশা তব পুত্রাণাং সংভগ্না শর্ম্ম বর্ম্ম চ।
অপারাণামিব দ্বীপমগাধে গাধমিচ্ছতাম্ ॥৩॥ (বিশেষকম্)
স্রোতসা যামুনেনেব শরৌঘেণ পরিপ্লুতম্।
মহেন্দ্রেণেব মৈনাকমসহ্যং ভুবি পাতিতম্ ॥৪॥

হুতেতি। হুতাশনাভঃ স্বর্ণবর্ম্মধারণাৎ, হুতাশনপ্রভে স্বর্ণমালাবলম্বত্বাদেব, শুভঃ শুভলক্ষণঃ, শুভে স্বর্ণান্বিতত্বাদেব। আধিরথিঃ অধিরথপুত্রঃ কর্ণঃ। সুররাট্ ইন্দ্রঃ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

শরেতি। শরতল্পে শরশয্যায়াম্। শোষিতং জলাপসারণাৎ। সর্ব্বেষাং ক্ষত্রাণাম্ অন্তকং যমস্বরূপম্। শর্ম্ম সুখম্, বর্ম্ম কবচঞ্চ সংভগ্নম্। অপারাণাং সমুদ্রাণামগাধে জলে, দ্বীপমিব, গাধং স্থানম্। "গাধঃ স্থানে চ লিপ্সায়াম্" ইতি বিশ্বঃ ॥১—৩॥

তখন অগ্নির ন্যায় উজ্জ্বলমূর্ত্তি, শুভলক্ষণসম্পন্ন, মহাধনুর্দ্ধর ও মহারথ কর্ণ—অগ্নির তুল্য উজ্জ্বল ও শুভলক্ষণযুক্ত আপন রথে থাকিয়া নিজবিমানস্থিত দেবরাজের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাত্মা, অমিততেজা, সমস্ত ক্ষত্রিয়ের নিকটে যমস্বরূপ ও অস্ত্রগুরু পিতামহ ভীষ্মকে অর্জ্জুনের দিব্য অস্ত্রে নিপাতিত, শরশয্যায় শয়িত এবং মহাবায়ুশোষিত সমুদ্রের ন্যায় অবস্থিত দেখিয়া আপনার পুত্রগণের জয়ের আশা ও সমস্ত সুখ তিরোহিত হইয়াছিল এবং গায়ের বর্ম্মও খুলিয়া পড়িয়াছিল। কেন না, তাঁহারা অপার সমুদ্রের অগাধ জলে দ্বীপের ন্যায় (ভীষণসমরে) ভীষ্মকেই আশ্রয়স্থান বলিয়া মনে করিতেন ॥১—৩॥

(৪)···মহান্তমিব মৈনাকমহার্য্যং ভুবি পাতিতম্—নি,···অশক্যং ভুবি পাতিতম্—পি।

G 19263

CENTRAL LIBRARY

নভশ্চ্যুতমিবাদিত্যং পতিতং ধরণীতলে।
শতক্রতুমিবাচিন্ত্যং পুরা বৃত্রেণ নির্জ্জিতম্ ॥৫॥
মোহনং সর্ব্বসৈন্যস্য যুধি ভীষ্মং নিপাতিতম্।
ককুদং সর্ব্বসৈন্যানাং লক্ষ্ম সর্ব্বধনুষ্মতাম্ ॥৬॥
ধনঞ্জয়শরৈর্ব্ব্যাপ্তং পাতিতন্তু মহাব্রতম্।
তং বীরশয়নে বীরং শয়ানং পুরুষর্ষভম্ ॥৭॥
ভীষ্মমাধিরথির্দৃষ্ট্বা ভরতানাং পিতামহম্।
অবতীর্য্য রথাদার্ত্তো বাষ্পপর্য্যাকুলেক্ষণঃ।
অভিবাদ্যাঞ্জলিং বদ্ধা বন্দমানোঽভ্যভাষত ॥৮॥ (কুলকম্)
কর্ণোঽহমস্মি ভদ্রন্তে বদ মামভি ভারত!।
পুণ্যয়া ক্ষেময়া বাচা চক্ষুষা চাবলোকয় ॥৯॥

স্রোতসেতি। যমুনায়া ইদমিতি যামুনং তেন, পরিপ্লুতং ব্যাপ্তম্। মৈনাকং পর্ব্বতম্। নভশ্চ্যুতম্ আকাশভ্রষ্টম্। অচিন্ত্যম্ অচিন্তনীয়প্রভাবম্। মোহনং ভয়োৎপাদনেন মোহজনকম্। ককুদং প্রধানম্, "প্রাধান্যে রাজলিঙ্গে চ বৃষাঙ্গে ককুদোঽস্ত্রিয়াম্" ইত্যমরঃ। লক্ষ্ম প্রধানম্, "লক্ষ্ম চিহ্নে প্রধানে চ" ইতি বিশ্বঃ। মহাব্রতং চিরব্রহ্মচারিণম্। আধিরথিঃ কর্ণঃ, ভরতানাং তদানীন্তনানাং যুধিষ্ঠিরাদীনাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪—৮॥

কর্ণ ইতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। অভি প্রতি। ক্ষেময়া শুভয়া ॥৯॥

তৎকালে বিপক্ষের অসহনীয় ভীষ্ম যমুনার স্রোতের ন্যায় অর্জ্জুনের শরসমূহে ব্যাপ্তদেহ হইয়া, ইন্দ্রনিপাতিত মৈনাকপর্ব্বতের ন্যায় ভূতলে নিপাতিত রহিয়াছিলেন। সকল সৈন্যের মোহজনক, সমস্ত-যোদ্ধৃপ্রধান ও সমগ্র ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ভীষ্ম যুদ্ধে নিপাতিত হইয়া, আকাশচ্যুত সূর্য্য ও পূর্ব্বকালে বৃত্রাসুরনির্জ্জিত অচিন্ত্যপ্রভাব ইন্দ্রের ন্যায় ধরণীতলে পতিত ছিলেন। চিরব্রহ্মচারী, মহাবীর ও পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম তখন অর্জ্জুনের বাণে ব্যাপ্তদেহ ও নিপাতিত হইয়া বীরশয্যায় শয়িত রহিয়াছিলেন। কর্ণ সেই অবস্থায় ভরতপিতামহ ভীষ্মকে দেখিয়া, দুঃখিত ও বাষ্পাকুলনেত্র হইয়া, রথ হইতে অবতরণপূর্ব্বক অভিবাদন ও অঞ্জলিবন্ধন করিয়া, অবনত থাকিয়া বলিতে লাগিলেন—॥৪—৮॥

'ভরতনন্দন! আপনার মঙ্গল হউক, আমি কর্ণ, আপনি পবিত্র ও মঙ্গলজনক বাক্যে আমার সহিত আলাপ করুন এবং নয়ন উন্মীলন করিয়া আমার প্রতি দৃষ্টিপাত করুন ॥৯॥

(৫)···আদিত্যং শক্রস্যেবামৃতং হৃতম্···নি,···শতক্রতোরিবাচিন্ত্যং পুরা বৃত্রেণ নির্জ্জিতম্—পি। (৮)···ভরতানাং মহাদ্যুতিম্···পি, ভরতানাং মহাদ্যুতিঃ···বা।

CENTRAL LIBRARY

ন নূনং সুকৃতস্যেহ ফলং কশ্চিৎ সমশ্নুতে।
যত্র ধর্ম্মপরো বৃদ্ধঃ শেতে ভুবি ভবানিহ ॥১০॥
কোষসঞ্চয়নে মন্ত্রে ব্যূহে প্রহরণেষু চ।
নাহমন্যং প্রপশ্যামি কুরূণাং কুরুপুঙ্গব!।
বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তো যঃ কুরূংস্তারয়েদ্ভয়াৎ ॥১১॥
যোধাংস্ত্বমপ্লবে হিত্বা পিতৃলোকং গমিষ্যসি।
অদ্যপ্রভৃতি সংক্রুদ্ধা ব্যাঘ্রা ইব মৃগক্ষয়ম্।
পাণ্ডবা ভরতশ্রেষ্ঠ! করিষ্যন্তি কুরুক্ষয়ম্ ॥১২॥
অদ্য গাণ্ডীবঘোষেণ বীর্য্যজ্ঞাঃ সব্যসাচিনঃ।
কুরবঃ সন্ত্রসিষ্যন্তি বজ্রঘোষাদিবাসুরাঃ ॥১৩॥
অদ্য গাণ্ডীবমুক্তানামশনীনামিব স্বনঃ।
ত্রাসয়িষ্যতি বাণানাং কুরূনন্যাংশ্চ পার্থিবান্ ॥১৪॥

নেতি। ইহ লোকে কৃতস্যেতি শেষঃ, সুকৃতস্য ধর্ম্মস্য। যত্র যস্মাৎ ॥১০॥

কোষেতি। কোষসঞ্চয়নে ধনবৃদ্ধৌ। প্রহরণেষু যুদ্ধেষু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

যোধানিতি। অপ্লবে সন্তারকরহিতে বিপৎসাগরে, হিত্বা নিক্ষিপ্য। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

অদ্যেতি। সন্ত্রসিষ্যন্তি মহাভয়ং প্রাপ্স্যন্তি, বজ্রস্য ঘোষাৎ শব্দাৎ ॥১৩॥

অদ্যেতি। অশনীনাং বজ্রাণাম্, স্বনঃ শব্দঃ ॥১৪॥

নিশ্চয়ই কোন লোক ইহলোককৃত পুণ্যের ফল ভোগ করে না। যে হেতু আপনি ধর্ম্মপরায়ণ ও বৃদ্ধ হইয়া এই ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥১০॥

কৌরবশ্রেষ্ঠ! নির্ম্মলবুদ্ধিযুক্ত যিনি অর্থসঞ্চয়, মন্ত্রণা, ব্যূহরচনা ও যুদ্ধে কৌরবগণকে ভয় হইতে উদ্ধার করিতে পারেন, এমন অন্য কোন লোককেই আমি কৌরবগণের মধ্যে দেখিতেছি না ॥১১॥

ভরতশ্রেষ্ঠ! আপনি কৌরবযোদ্ধাদিগকে আশ্রয়বিহীন বিপৎসাগরে নিক্ষেপ করিয়া পিতৃলোকে গমন করিবেন; আর এদিকে ব্যাঘ্রসমূহ যেমন মৃগবিনাশ করে, সেইরূপ অত্যন্তক্রুদ্ধ পাণ্ডবেরা আজ হইতে কৌরবগণকে বিনাশ করিতে থাকিবে ॥১২॥

আজ হইতে অর্জ্জুনের বীর্য্যাভিজ্ঞ কৌরবেরা—বজ্রনির্ঘোষে অসুরগণের ন্যায় গাণ্ডীবনির্ঘোষে অত্যন্ত ভীত হইতে থাকিবেন ॥১৩॥

(১০)···শেতে ভুবি নিপাতিতঃ—পি,···ভুবি ভবানহ—বা। (১১)···কুরূণাং কুরুসত্তম! ···পি। (১২) যোধান্ সুবহুশো হত্বা·· পি, যোধাংস্ত বহুধা হত্বা ··বা ব।

Modak Library 8, Allenby Road Calcutta - 700 020

CENTRAL LIBRARY

সমিদ্ধোঽগ্নির্যথা বীর ! মহাজ্বালো দ্রুমান্ দহেৎ ।
ধার্ত্তরাষ্ট্রান্ প্রধক্ষ্যন্তি তথা বাণাঃ কিরীটিনঃ ॥১৫॥
যেন যেন প্রসরতো বায়ুগ্নী সহিতৌ বনে ।
তেন তেন প্রদহতো ভুবি গুল্মতৃণদ্রুমান্ ॥১৬॥
যাদৃশোঽগ্নিঃ সমিদ্ধো হি তাদৃক্ পার্থো ন সংশয়ঃ ।
যথা বায়ুর্নরব্যাঘ্র ! তথা কৃষ্ণো ন সংশয়ঃ ॥১৭॥
নদতঃ পাঞ্চজন্যস্য রসতো গাণ্ডিবস্য চ ।
শ্রুত্বা সর্বাণি সৈন্যানি ত্রাসং যাস্যন্তি ভারত ! ॥১৮॥
কপিধ্বজস্য চোৎপাতে রথস্যামিত্রকর্ষিণঃ ।
শব্দং সোঢ়ুং ন শক্ষ্যন্তি ত্বামৃতে বীর ! পার্থিবাঃ ॥১৯॥

সমিদ্ধ ইতি। সমিদ্ধঃ প্রজ্বলিতঃ। মহতী জ্বালা শিখা যস্য সঃ ॥১৫॥
যেনেতি। যেন যেন পথা। সহিতৌ মিলিতৌ। তেন তেন পথা ॥১৬॥
সাদৃশ্যং যোজয়তি যাদৃশ ইতি। তাদৃক্ দাহকত্বাৎ। তথা প্রেরকত্বাৎ ॥১৭॥
নদত ইতি। রসতঃ শব্দায়মানস্য। শ্রুত্বা তয়োর্নির্ঘোষমিতি শেষঃ ॥১৮॥
কপীতি। কপিধ্বজে যস্য তস্য, উৎপাতে উপস্থিতৌ। ঋতে বিনা ॥১৯॥

আজ হইতে বজ্রনির্ঘোষের ন্যায় গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহের শব্দ কৌরবগণের ও অন্যান্য রাজগণের ত্রাস উৎপাদন করিবে ॥১৪॥

বীর ! বিশাল-শিখা-সমন্বিত প্রজ্জ্বলিত অগ্নি যেমন বৃক্ষ সমূহকে দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুনের বাণ সকল ধার্ত্তরাষ্ট্রগণকে দগ্ধ করিবে ॥১৫॥

বায়ু ও অগ্নি মিলিত হইয়া বনের ভিতরে যে যে পথে বিচরণ করে, সেই সেই পথেই তাহারা ভূতলের গুল্ম, তৃণ ও বৃক্ষসমূহকে দগ্ধ করিয়া থাকে ॥১৬॥

সুতরাং নরশ্রেষ্ঠ ! প্রজ্বলিত অগ্নি যেমন, অর্জ্জুনও তেমনই ; এ বিষয়ে কোন সন্দেহ নাই। আবার বায়ু যেমন, কৃষ্ণও তেমনই ; এ বিষয়েও কোন সংশয় নাই ॥১৭॥

ভরতনন্দন ! কৃষ্ণের পাঞ্চজন্যশঙ্খের ধ্বনি এবং অর্জ্জুনের গাণ্ডীবধনুর শব্দ শুনিয়া কৌরবপক্ষের সমস্ত সৈন্যই ভীত হইবে ॥১৮॥

বীর ! বানরধ্বজ ও শত্রুনাশক রথ উপস্থিত হইলে, আপনি ভিন্ন অপর রাজারা তাহার শব্দই সহ্য করিতে পারিবেন না ॥১৯॥

(১৬)…ভূরিগুল্মতৃণদ্রুমান্—বা ব রা নি। (১৭) যাদৃশোঽগ্নিঃ সমুদ্ভূতঃ…বা ব রা নি। (১৯) কপিধ্বজস্যোৎপততঃ…নি, অমিত্রকর্ষণ !…পি।

কো হ্যর্জ্জুনং রণে যোদ্ধুং ত্বদন্যঃ পার্থিবোঽর্হতি।
যস্য দিব্যানি কর্ম্মাণি প্রবদন্তি মনীষিণঃ ॥২০॥
অমানুষশ্চ সংগ্রামস্ত্র্যম্বকেন মহাত্মনা।
তস্মাচ্চৈব বরং প্রাপ্তো দুষ্প্রাপমকৃতাত্মভিঃ ॥২১॥
কোঽন্যঃ শক্তো রণে জেতুং পূর্বং যো ন জিতস্ত্বয়া।
জিতো যেন রণে রামো ভবতা বীর্য্যশালিনা।
ক্ষত্রিয়ান্তকরো ঘোরো দেবদানবদর্পহা ॥২২॥
তমদ্যাহং পাণ্ডবং যুদ্ধশৌণ্ডমমৃষ্যমাণো ভবতা চানুশিষ্টঃ।
আশীবিষং দৃষ্টিহরং সুঘোরং শূরং শক্ষ্যাম্যস্ত্রবলান্নিহন্তুম্ ॥২৩॥

ক ইতি। দিব্যানি নিবাতকবচবধাদীনি ॥২০॥
অমানুষ ইতি। ত্র্যম্বকেন কিরাতরূপিণা শিবেন। অকৃতাত্মভিস্তপস্যকৃতযত্নৈঃ ॥২১॥
ক ইতি। জেতুং তমর্জ্জুনমিতি শেষঃ, যোঽর্জ্জুনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥
তমিতি। তমর্জ্জুনম্। যুদ্ধে শৌণ্ডং মত্তম্, অমৃষ্যমাণঃ অসহমানঃ, অনুশিষ্টঃ অনুমতঃ। দৃষ্ট্যা হরতি প্রাণান্ নাশয়তীতি তং দৃষ্টিহরম্, আশীবিষং সর্পমিব ॥২৩॥

জ্ঞানীরা যাঁহার অলৌকিক কর্ম্ম সকল বলিয়া থাকেন, আপনি ভিন্ন অন্য কোন্ রাজা সেই অর্জ্জুনের সহিত সমরাঙ্গনে যুদ্ধ করিতে সমর্থ হন? ॥২০॥

কিরাতরূপী মহাত্মা শিবের সহিত অর্জ্জুনের যুদ্ধ হইয়াছিল এবং অর্জ্জুন অতপস্বীর দুর্লভ বর সেই শিবের নিকট হইতে লাভ করিয়াছিলেন ॥২১॥

তা'র পর বলবান্ যে আপনি যুদ্ধে ক্ষত্রিয়ান্তকারী, ভয়ঙ্করমূর্ত্তি এবং দেব ও দানবগণের দর্পহারী পরশুরামকে জয় করিয়াছিলেন, সেই আপনি পূর্ব্বে যাঁহাকে জয় করিতে পারেন নাই, সেই অর্জ্জুনকে অন্য কোন্ ব্যক্তি যুদ্ধে জয় করিতে সমর্থ হইবে? ॥২২॥

কিন্তু আমি অসহিষ্ণু হইয়া উঠিয়াছি। সুতরাং আপনি অনুমতি করুন; আপনার অনুমতিক্রমে আজ আমি—দৃষ্টিমাত্রে প্রাণনাশক সর্পের ন্যায় অতি-ভয়ঙ্কর, যুদ্ধমত্ত ও বীর সেই পাণ্ডুনন্দন অর্জ্জুনকে অস্ত্রের বলে বধ করিতে সমর্থ হইব' ॥২৩॥

---

(২০)কো হ্যর্জ্জুনং যোধয়িতুম্…বা ব রা নি। (২১)" অমানুষৈশ্চ সংগ্রামম্…পি নি। (২২) পূর্ব্বপাদদ্বয়াৎ পরম্ 'পাণ্ডুপুত্রো রণশ্লাঘী মাধবেন চ রক্ষিতঃ' ইতি পাদদ্বয়মধিকম্ পি ব,…দেবদানবপূজিতঃ—পি ব। (২৩)…অস্ত্রবন্তং নিহন্তুম্—পি। ইতঃ পরম্ '…তৃতীয়োঽধ্যায়ঃ' বা ব রা নি।

সঞ্জয় উবাচ।

তস্য লালপ্যমানস্য কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
দেশকালোচিতং বাক্যমব্রবীৎ প্রীতমানসঃ ॥২৪॥
সমুদ্র ইব সিন্ধূনাং জ্যোতিষামিব ভাস্করঃ।
সত্যস্য চ যথা সন্তো বীজানামিব চোর্বরা ॥২৫॥
পর্জন্য ইব ভূতানাং প্রতিষ্ঠা সুহৃদাং ভব।
বান্ধবাস্ত্বানুজীবন্তু স্বাদুবৃক্ষমিবাণ্ডজাঃ ॥২৬॥ (যুগ্মকম্)
মানহা ভব শত্রূণাং মিত্রাণাং নন্দিবর্দ্ধনঃ।
কৌরবাণাং ভব গতির্যথা বিষ্ণুর্দিবৌকসাম্ ॥২৭॥
স্ববাহুবলবীর্য্যেণ ধার্ত্তরাষ্ট্রপ্রিয়ৈষিণা।
কর্ণ! রাজপুরং গত্বা কাম্বোজা নির্জিতাস্ত্বয়া ॥২৮॥
গিরিব্রজগতাশ্চাপি নগ্নজিৎপ্রমুখা নৃপাঃ।
অম্বষ্ঠাশ্চ বিদেহাশ্চ গান্ধারাশ্চ জিতাস্ত্বয়া ॥২৯॥

তস্যেতি। লালপ্যমানস্য পুনঃ পুনর্লপতঃ কর্ণস্যান্তিকে ॥২৪॥
সমুদ্র ইতি। সিন্ধূনাং নদীনাম্, "সিন্ধুর্নদ্যাং মহানদে" ইতি ধরণিঃ। উর্ব্বরা শস্যজননযোগ্যা ভূমিঃ। পর্জন্যো মেঘঃ। প্রতিষ্ঠা আশ্রয়ঃ। ত্বা ত্বাম্। অণ্ডজাঃ পক্ষিণঃ ॥২৫—২৬॥
মানেতি। মানহা গর্ব্বনাশকঃ। নন্দিবর্দ্ধন আনন্দবৃদ্ধিজনকঃ ॥২৭॥
কর্ণপরাক্রমমাহ পঞ্চভিঃ স্বেতি। রাজপুরং তদাখ্যাং কাম্বোজরাজধানীম্ ॥২৮॥
গিরীতি। গিরিব্রজো নাম দেশঃ, নগ্নজিন্নাম নৃপঃ ॥২৯॥

সঞ্জয় কহিলেন—'কর্ণ বার বার এইরূপ বলিতে লাগিলে, কুরুবৃদ্ধ ভীষ্ম সন্তুষ্টচিত্তে তাঁহাকে এইরূপ দেশকালোচিত বাক্য বলিতে লাগিলেন—॥২৪॥

'কর্ণ! সমুদ্র যেমন নদীসমূহের, সূর্য্য যেমন সমস্ত তেজের, সজ্জন যেমন সত্যের, উর্ব্বরা ভূমি যেমন বীজের এবং মেঘ যেমন প্রাণিগণের, তুমিও তেমনই বন্ধুগণের আশ্রয় হও। আর পক্ষিগণ যেমন স্বাদুফল বৃক্ষকে আশ্রয় করিয়া জীবন ধারণ করে, বন্ধুগণও তেমন তোমাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করুন ॥২৫—২৬॥

তা'র পর তুমি শত্রুগণের গর্ব্বনাশক ও মিত্রগণের আনন্দবর্দ্ধক হও এবং বিষ্ণু যেমন দেবগণের, তুমিও তেমন কৌরবগণের গতি হও ॥২৭॥

কর্ণ! তুমি দুর্য্যোধনের হিতৈষী হইয়া রাজপুরে যাইয়া আপন বাহুবলে কাম্বোজগণকে জয় করিয়াছিলে ॥২৮॥

(২৪) ইতঃ পরম্ 'ভীষ্ম উবাচ' নি। (২৬) ··প্রতিষ্ঠা সুহৃদাং ভবান্···নি।

হিমবদ্দুর্গনিলয়াঃ কিরাতা রণকর্কশাঃ।
দুর্য্যোধনস্য বশগাঃ কৃতাঃ কর্ণ! ত্বয়া পুরা ॥৩০॥
উৎকলা মেকলাঃ পৌণ্ড্রাঃ কলিঙ্গান্ধ্রাশ্চ সংযুগে।
নিষাদাশ্চ ত্রিগর্ত্তাশ্চ বাহ্লীকাশ্চ জিতাস্ত্বয়া ॥৩১॥
তত্র তত্র চ সংগ্রামে দুর্য্যোধনহিতৈষিণা।
বহবশ্চ হতা বীরা ত্বয়া কর্ণামিতৌজসা ॥৩২॥
যথা দুর্য্যোধনস্তাত! সজ্ঞাতিকুলবান্ধবঃ।
তথা ত্বমপি সর্ব্বেষাং কৌরবাণাং গতির্ভব ॥৩৩॥
শিবেনাভিবদামি ত্বাং গচ্ছ যুধ্যস্ব শত্রুভিঃ।
অনুশাধি কুরূন্ সংখ্যে ধৎস্ব দুর্য্যোধনে জয়ম্ ॥৩৪॥
ভবান্ পৌত্রসমোঽস্মাকং যথা দুর্য্যোধনস্তথা।
তবাপি ধর্ম্মতঃ সর্ব্বে যথা তস্য বয়ং তথা ॥৩৫॥

হিমবদিতি। হিমবান্ পর্বত এব দুর্গং তদেব চ নিলয় আবাসো যেষাং তে ॥৩০॥
উৎকলা ইতি। অমী দেশবাচকাঃ শব্দা দেশবাসিষু লক্ষ্যন্তে ॥৩১॥
তত্রেতি। তত্র তত্র উক্তেতরেষু দেশেষু ॥৩২॥
যথেতি। যথা প্রজানাং গতিরিত্যাশয়ঃ। গতিরুপায়ঃ ॥৩৩॥
শিবেনেতি। শিবেন নির্দোষেণ মনোভাবেন। অনুশাধি উপদিশ। ধৎস্ব কুরু ॥৩৪॥

গিরিব্রজস্থিত নগ্নজিৎপ্রভৃতি রাজগণকে এবং অম্বষ্ঠ, বিদেহ ও গান্ধার-দেশীয় বীরগণকে তুমি পরাভূত করিয়াছিলে ॥২৯॥

কর্ণ! তুমি পূর্ব্বে হিমালয়দুর্গবাসী সমরদুর্দ্ধর্ষ কিরাতগণকে দুর্য্যোধনের বশীভূত করিয়াছিলে ॥৩০॥

তুমি—উৎকল, মেকল, পৌণ্ড্র, কলিঙ্গ, অন্ধ্র, নিষাদ, ত্রিগর্ত্ত ও বাহ্লীক-দেশবাসী বীরদিগকে জয় করিয়াছিলে ॥৩১॥

কর্ণ! তা'র পর তুমি দুর্য্যোধনের হিতৈষী হইয়া অমিত বিক্রমে অন্যান্য দেশীয় বহুতর বীরকেও সংহার করিয়াছ ॥৩২॥

অতএব বৎস! জ্ঞাতি ও বান্ধবগণের সহিত দুর্য্যোধন যেমন প্রজাদের গতি, তুমিও তেমনই সমস্ত কৌরবের গতি হও ॥৩৩॥

কর্ণ! আমি প্রসন্ন চিত্তে বলিতেছি—তুমি যাও, শত্রুগণের সঙ্গে যুদ্ধ কর, কৌরবদিগকে উপদেশ দাও এবং যুদ্ধে দুর্য্যোধনের জয়সম্পাদন কর ॥৩৪॥

(৩২)···বহবশ্চ জিতাঃ কর্ণ! ত্বয়া বীরা মহৌজসা—বা ব রা নি।

CENTRAL LIBRARY

যৌনাৎ সম্বন্ধকাল্লোকে বিশিষ্টং সঙ্গতং সতাম্ ।
সদ্ভিঃ সহ নরব্যাঘ্র ! প্রবদন্তি মনীষিণঃ ॥৩৬॥
স সত্যসঙ্গতো ভূত্বা মমেদমিতি নিশ্চিতম্ ।
কুরূণাং পালয় বলং যথা দুর্য্যোধনস্তথা ॥৩৭॥
ইতি শ্রুত্বা বচস্তস্য চরণাবভিবাদ্য চ ।
যযৌ বৈকর্ত্তনঃ কর্ণস্তূর্ণমায়োধনং প্রতি ॥৩৮॥
সোঽভিবীক্ষ্য নরৌঘাণাং স্থানমপ্রতিমং মহৎ ।
ব্যূঢ়প্রহরণোরস্কং সৈন্যং তৎ সমবৃংহয়ৎ ॥৩৯॥
হৃষিতাঃ কুরবঃ সর্বে দুর্য্যোধনপুরোগমাঃ ।
উপাগতং মহাবাহুং সর্বানীকপুরঃসরম্ ।
কর্ণং দৃষ্ট্বা মহাত্মানং যুদ্ধায় সমুপস্থিতম্ ॥৪০॥

ভবানিতি। সর্বে বয়ং তস্য দুর্য্যোধনস্য যথা, তথা তবাপীতি সম্বন্ধঃ ॥৩৫॥

যৌনাদিতি। সদ্ভিঃ সহ সতাং সঙ্গতং মেলনম্, যৌনাৎ সম্বন্ধকাৎ ভ্রাতৃত্বাদেঃ সম্পর্কাৎ বিশিষ্টং শ্রেষ্ঠং প্রবদন্তি। অতস্ত্বয়ি যৌনসম্বন্ধাভাবেঽপি সত্যত্বংসঙ্গতং শ্রেষ্ঠমিতি ভাবঃ ॥৩৬॥

স ইতি। সত্যসঙ্গত উক্তবিধযথার্থমেলনঃ। নিশ্চিতং নিশ্চয়বিষয়ীভূতম্ ॥৩৭॥

ইতীতি। তস্য ভীষ্মস্য। আয়োধনং সমরাঙ্গনম্ ॥৩৮॥

স ইতি। স্থানং সমরাঙ্গনম্। ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতঞ্চ তৎ প্রহরণানি বদ্ধানি অস্ত্রাণি উরঃসু বক্ষঃসু যস্য তচ্চেতি তৎ, সমবৃংহয়ৎ আত্মনঃ প্রবেশনেনাবর্দ্ধয়ৎ ॥৩৯॥

বৎস ! দুর্য্যোধনের ন্যায় তুমিও আমাদের পৌত্রতুল্য। সুতরাং আমরা সকলে দুর্য্যোধনের নিকটে যেমন, তোমার নিকটেও ধর্ম্মানুসারে তেমনই ॥৩৫॥

নরশ্রেষ্ঠ ! জ্ঞানী লোকেরা জগতে যৌন সম্বন্ধ অপেক্ষা সজ্জনের সহিত সজ্জনের সম্মেলনরূপ সম্বন্ধকে শ্রেষ্ঠ বলিয়া থাকেন ॥৩৬॥

অতএব কর্ণ ! তুমি সেইরূপ সত্যসম্বন্ধ হইয়া 'এ সৈন্য আমারই' এইরূপ নিশ্চয় করিয়া দুর্য্যোধনেরই তুল্য কৌরবসৈন্য রক্ষা কর ॥৩৭॥

বিকর্ত্তননন্দন কর্ণ ভীষ্মের এই সকল বাক্য শুনিয়া তাঁহার চরণযুগলে প্রণাম করিয়া সত্বর সমরাঙ্গনের দিকে প্রস্থান করিলেন ॥৩৮॥

তিনি আসিয়া অতুলনীয় ও বিশাল সৈন্যস্থান দেখিয়া (নিজে তাহার সম্মুখে যাইয়া) ব্যূহরূপে সন্নিবেশিত এবং বক্ষোদেশে অস্ত্রধারী সেই কৌরব-সৈন্যকে পরিবর্দ্ধিত করিলেন ॥৩৯॥

---

(৩৬)···সদ্ভিঃ সঙ্গমমিচ্ছন্তি তস্মাৎ প্রাজ্ঞাঃ পরৈরপি—নি। (৩৭) স সত্যসঙ্গরঃ···নি। (৩৮) নিশম্য বচনং তস্য··· বা ব রা নি,···কর্ণঃ সমীপং সর্ব্বধন্বিনাম্—ব।

ক্ষ্বেড়িতাস্ফোটিতরবৈঃ সিংহনাদরবৈরপি।
ধনুঃশব্দৈশ্চ বিবিধৈঃ কুরবঃ সমপূজয়ন্ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে কর্ণাশ্বাসে তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥ *

চতুর্থোঽধ্যায়ঃ।

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

রথস্থং পুরুষব্যাঘ্রং দৃষ্ট্বা কর্ণমবস্থিতম্।
হৃষ্টো দুর্য্যোধনো রাজন্নিদং বচনমব্রবীৎ ॥১॥
সনাথমিব মন্যেঽহং ভবতা পালিতং বলম্।
অত্র কিং নু সমর্থং যদ্ধিতং তৎ সম্প্রধার্য্যতাম্ ॥২॥

হৃষিতা ইতি। হৃষিতা আনন্দিতা অভবন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

ক্ষ্বেড়িতেতি। ক্ষ্বেড়িতানি হর্ষকোলাহলাঃ আস্ফোটিতানি বাহ্বাস্ফোটাশ্চ তদ্রূপৈ রবৈঃ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥

রথস্থমিতি। পুরুষব্যাঘ্রং বলবীর্য্যাদিনা পুরুষশ্রেষ্ঠম্। অবস্থিতং সমীপে ॥১॥

সেতি। সনাথং সরক্ষকম্। অত্র বলে কিংনু সমর্থং যোগ্যম্, যচ্চ হিতম্ ॥২॥

তখন দুর্য্যোধনপ্রভৃতি কৌরবেরা সকলে মহাবাহু, মহাত্মা, সমস্ত সৈন্যের অগ্রবর্ত্তী ও যুদ্ধ করিবার জন্য উপস্থিত কর্ণকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥৪০॥

ক্রমে কুরুপক্ষীয় যোদ্ধারা আনন্দকোলাহল, বাহ্বাস্ফোটন, সিংহনাদ ও নানাবিধ ধনুষ্টঙ্কারশব্দে কর্ণকে অভিনন্দিত করিলেন' ॥৪১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! পুরুষশ্রেষ্ঠ কর্ণকে রথারোহণে সম্মুখে অবস্থিত দেখিয়া দুর্য্যোধন আনন্দিত হইয়া এই কথা বলিলেন—॥১॥

* '...চতুর্থোঽধ্যায়ঃ' বা ব রা নি। (২) সনাথমিব মেঽত্যর্থম্... মন্যে কর্ণ! সমর্থং যৎ...পি।

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

কর্ণ উবাচ।

ব্রূহি নঃ পুরুষব্যাঘ্র! ত্বং হি প্রাজ্ঞতমো নৃপ!।
যথা চার্থপতিঃ কৃত্যং বীক্ষতে ন তথেতরঃ ॥৩॥
তে স্ম সর্বে তব বচঃ শ্রোতুকামা নরেশ্বর!।
ন চান্যায্যং ভবান্ বাক্যং ক্রয়াদিতি মতির্মম ॥৪॥

দুর্য্যোধন উবাচ।

ভীষ্মঃ সেনাপ্রণেতাসীদ্বয়সা বিক্রমেণ চ।
শ্রুতেন চোপসম্পন্নঃ সর্বৈর্যোধগুণৈস্তথা ॥৫॥
তেনাতিযশসা কর্ণ! ঘ্নতা শত্রুগণান্ মম।
সুযুদ্ধেন দশাহানি পালিতাঃ স্মো মহাত্মনা ॥৬॥
তস্মিন্নসুকরং কর্ম্ম কৃতবত্যাস্থিতে দিবম্।
কং নু সেনাপ্রণেতারং মন্যসে তদনন্তরম্ ॥৭॥

ব্রূহীতি। অর্থপতিঃ স্বামী, কৃত্যং কর্ত্তব্যম্, বীক্ষতে পর্য্যালোচ্য নির্দ্ধারয়তি ॥৩॥
ত ইতি। স্মশব্দঃ পাদপূরণে। মতিঃ সম্ভাবনা ॥৪॥
ভীষ্ম ইতি। সেনায়াঃ প্রণেতা পরিচালকঃ। শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন, উপসম্পন্নো যুক্তঃ ॥৫॥
তেনেতি। ঘ্নতা নাশয়তা। স্মো বয়ম্ ॥৬॥
তস্মিন্নিতি। অসুকরম্ অন্যৈর্দুষ্করম্। আস্থিতে অবলম্বিতবতি ॥৭॥

'কর্ণ! তুমি আমার সৈন্য রক্ষা করিতে থাকিলে, তাহা যেন সনাথ থাকিবে বলিয়া আমি মনে করি। (সে যাহা হউক,) এই সৈন্যের পক্ষে কি উপযুক্ত এবং যাহা হিতজনক হয়, তাহা স্থির কর' ॥২॥

কর্ণ বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! রাজা! তুমিই বল। কারণ, তুমিই আমাদের মধ্যে প্রাজ্ঞতম; বিশেষতঃ প্রভু যেরূপ কর্ত্তব্য পর্য্যালোচনা করিতে পারেন, অন্যে সেরূপ পারে না ॥৩॥

নরনাথ! আমরা সকলেই তোমার বাক্য শুনিবার ইচ্ছা করি। কেন না, তুমি অন্যায্য কথা বলিবে না, ইহাই আমার ধারণা' ॥৪॥

দুর্য্যোধন বলিলেন—'বয়স, বিক্রম, শাস্ত্রজ্ঞান এবং সমস্ত যোদ্ধৃগুণ-সম্পন্ন ভীষ্ম আমার সেনাপতি ছিলেন ॥৫॥

কর্ণ! অতিযশা ও মহাত্মা সেই ভীষ্ম ন্যায়সঙ্গত যুদ্ধে আমার শত্রুগণকে বিনাশ করিতে থাকিয়া দশ দিন যাবৎ আমাদিগকে রক্ষা করিয়াছেন ॥৬॥

(৩)···নৃপঃ···পি,···নৃপ্··· নি। (৪)··· নান্যায্যং হি ভবান্ বাক্যম্···বা ব রা নি।

ন বিনা নায়কং সেনা মুহূর্ত্তমপি তিষ্ঠতি।
আহবেষ্বাহবশ্রেষ্ঠ! কর্ণহীনেব নৌর্জলে ॥৮॥
যথা হ্যকর্ণধারা নৌ রথশ্চাসারথির্যথা।
দ্রবেদ্‌যথেষ্টং তদ্বৎ স্যাদৃতে সেনাপতিং বলম্ ॥৯॥
অদেশিকো যথা সার্থঃ সর্ব্বং কৃচ্ছ্রং সমৃচ্ছতি।
অনায়কা তথা সেনা সর্ব্বান্ দোষান্ সমচ্ছতি ॥১০॥
স ভবান্ বীক্ষ্য সর্ব্বেষু মামকেষু মহাত্মসু।
পশ্য সেনাপতিং যুক্তমনু শান্তনবাদিহ ॥১১॥
যং হি সেনাপ্রণেতারং ভবান্ বক্ষ্যতি সংযুগে।
তং বয়ং সহিতাঃ সর্ব্বে করিষ্যামো ন সংশয়ঃ ॥১২॥

কর্ণ উবাচ।

সর্ব এব মহাত্মান ইমে পুরুষসত্তমাঃ।
সেনাপতিত্বমর্হন্তি নাত্র কার্য্যা বিচারণা ॥১৩॥

নেতি। আহবেষু যুদ্ধেষু, কর্ণহীনা কর্ণধাররহিতা, নৌস্তরিঃ ॥৮॥
যথেতি। দ্রবেৎ গচ্ছেৎ। ঋতে বিনা, বলং সৈন্যম্ ॥৯॥
অদেশিক ইতি। অদেশিকঃ তত্তদ্দেশীয়সহচরশূন্যঃ, সার্থো বণিক্ ॥১০॥
স ইতি। যুক্তমুপযুক্তম্, অনু পশ্চাৎ, শান্তনবাদ্ভীষ্মাৎ ॥১১॥
যমিতি। সেনাপ্রণেতারং সেনাপরিচালনে যোগ্যম্। করিষ্যামঃ সেনাপ্রণেতারম্ ॥১২॥

ক্রমে অন্যের দুষ্কর কার্য্য সম্পাদন করিয়া তিনি স্বর্গারোহণ করিতে প্রস্তুত হইয়াছেন; এখন তুমি কাহাকে উপযুক্ত সেনাপতি মনে কর? ॥৭॥

বীরশ্রেষ্ঠ! জলে কর্ণধারবিহীন নৌকার ন্যায় নায়কবিহীন সেনা যুদ্ধে মুহূর্ত্তকালও থাকিতে পারে না ॥৮॥

কর্ণধারবিহীন নৌকা এবং সারথিশূন্য রথ যেমন ইচ্ছানুসারে চলিতে থাকে, সেনাপতিবিহীন সৈন্যও সেইরূপই হইয়া পড়ে ॥৯॥

বণিক্ যেমন সেই সেই দেশের সহচর না পাইলে সর্ব্বপ্রকার কষ্ট অনুভব করে, সেনাও তেমন নায়ক না থাকিলে সমস্ত দোষ ভোগ করে ॥১০॥

অতএব কর্ণ! তুমি বিশেষভাবে পর্য্যালোচনা করিয়া দেখ যে, ভীষ্মের পরে আমার পক্ষের সকল বীরগণের মধ্যে কে উপযুক্ত সেনাপতি আছেন ॥১১॥

তুমি যাঁহাকে উপযুক্ত সেনাপতি বলিবে, আমরা সকলে মিলিত হইয়া নিশ্চয়ই যুদ্ধে তাঁহাকে সেনাপতি করিব' ॥১২॥

(৮) নেতৃহীনেব···নি। (১০)···সার্থঃ সর্ব্বঃ কৃচ্ছ্রং সমৃচ্ছতি···।

CENTRAL LIBRARY

কুলসংহননজ্ঞানৈর্বলবিক্রমবুদ্ধিভিঃ।
যুক্তাঃ শ্রুতজ্ঞা হ্রীমন্ত আহবেষ্বনিবর্ত্তিনঃ ॥১৪॥
যুগপন্ন তু তে শক্যাঃ কর্ত্তুং সর্বে পুরঃসরাঃ।
এক এব তু কর্ত্তব্যো যস্মিন্ বৈশেষিকা গুণাঃ ॥১৫॥
অন্যোন্যস্পর্দ্ধিনাং হ্যেষাং যদ্যেকং ত্বং করিষ্যসি।
শেষা বিমনসো ব্যক্তং ন যোৎস্যন্তি হিতাস্তব ॥১৬॥
অয়ঞ্চ সর্ব্বযোধানামাচার্য্যঃ স্থবিরো গুরুঃ।
যুক্তঃ সেনাপতিঃ কর্ত্তুং দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ ॥১৭॥
কো হি তিষ্ঠতি দুর্দ্ধর্ষে দ্রোণে ব্রহ্মবিদুত্তমে।
সেনাপতিঃ স্যাদন্যোঽস্মাচ্ছুক্রাঙ্গিরসদর্শনাৎ ॥১৮॥

সর্ব্ব ইতি। ইমে শল্যাদয়ঃ। অর্হন্তি প্রাপ্তুং যোগ্যা ভবন্তি ॥১৩॥
কুলেতি। সংহননং সেনাপতিযোগ্যং শরীরম্। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ ॥১৪॥
যুগপদিতি। পুরঃসরাঃ সেনাপতিত্বেনাগ্রগামিনঃ। বৈশেষিকা অন্যেভ্যো ব্যাবৃত্তাঃ ॥১৫॥
অন্যোন্যেতি। করিষ্যসি সেনাপতিমিতি শেষঃ। ব্যক্তং ধ্রুবম্ ॥১৬॥
অয়মিতি। আচার্য্যঃ অস্ত্রশিক্ষকঃ। যুক্ত উচিতঃ ॥১৭॥
ক ইতি। ব্রহ্মবিদুত্তমে বেদজ্ঞশ্রেষ্ঠে। শুক্রস্য আঙ্গিরসস্য বৃহস্পতেরিব চ দর্শনং যস্য তস্মাৎ ॥১৮॥

কর্ণ বলিলেন—'এই মহাত্মা পুরুষশ্রেষ্ঠেরা সকলেই সেনাপতির পদ পাইবার যোগ্য; এ বিষয়ে কোন বিচার করিবার প্রয়োজন নাই ॥১৩॥

কারণ, ইঁহারা সকলেই—বংশ, শরীর, জ্ঞান, বল, বিক্রম ও বুদ্ধিসম্পন্ন এবং শাস্ত্রজ্ঞ, লজ্জাশীল ও যুদ্ধে অনিবর্ত্তী ॥১৪॥

তথাপি একদা ইঁহাদের সকলকে সেনাপতি করা যায় না। সুতরাং যাঁহার বিশেষ গুণ আছে, সেইরূপ একজনকেই সেনাপতি করিতে হইবে ॥১৫॥

তা'র পর পরস্পরস্পর্দ্ধাকারী এই বীরগণের মধ্যে তুমি যদি একজনকে সেনাপতি কর, তবে তোমার হিতৈষী হইলেও অবশিষ্ট যোদ্ধারা ক্ষুণ্ণচিত্ত হইয়া নিশ্চয়ই যুদ্ধ করিবেন না ॥১৬॥

কিন্তু এই দ্রোণ সমস্ত যোদ্ধার অস্ত্রশিক্ষক, বৃদ্ধ, গুরু ও অস্ত্রধারিশ্রেষ্ঠ। সুতরাং ইঁহাকেই সেনাপতি করা উচিত ॥১৭॥

কারণ, দুর্দ্ধর্ষ ও বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ থাকিতে, শুক্র ও বৃহস্পতির তুল্য উনি ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সেনাপতি হইতে পারেন? ॥১৮॥

(১৮)···সেনাপতিত্বযোগোঽন্যঃ শুক্রাঙ্গিরসদর্শনাৎ—পি।

ন চ সোঽপ্যস্তি তে যোধঃ সর্ব্বরাজস্থ ভারত ! ।
দ্রোণং যঃ সমরে যান্তং নানুযাস্যতি সংযুগে ॥১৯॥
এষ সেনাপ্রণেতৃণামেষ শস্ত্রভৃতামপি ।
এষ বুদ্ধিমতাঞ্চৈব শ্রেষ্ঠো রাজন্ ! গুরুশ্চ তে ॥২০॥
এনং দুর্য্যোধনাচার্য্যমাশু সেনাপতিং কুরু ।
জিগীষন্তোঽসুরান্ সংখ্যে কার্ত্তিকেয়মিবামরাঃ ॥২১॥

সঞ্জয় উবাচ

কর্ণস্য বচনং শ্রুত্বা রাজা দুর্য্যোধনস্তদা ।
সেনামধ্যগতং দ্রোণমিদং বচনমব্রবীৎ ॥২২॥

দুর্য্যোধন উবাচ ।

বর্ণশ্রেষ্ঠ্যাৎ কুলোৎপত্ত্যা শ্রুতেন বয়সা ধিয়া ।
বীর্য্যাদ্দাক্ষ্যাদধৃষ্যত্বাদর্থজ্ঞানান্নয়াজ্জয়াৎ ॥২৩॥
তপসা চ কৃতজ্ঞত্বাদ্বৃদ্ধঃ সর্বগুণৈরপি ।
যুক্তো ভবৎসমো গোপ্তা রাজ্ঞামন্যো ন বিদ্যতে ॥২৪॥ (যুগ্মকম্)

নেতি। যোধো যোদ্ধা। সংযুগে যুদ্ধে ॥১৯॥
এষ ইতি। সেনাপ্রণেতৃণাং সৈন্যপরিচালকানাম্। গুরুরস্ত্রশিক্ষকঃ ॥২০॥
এনমিতি। আশু শীঘ্রম্। জিগীষন্তো জেতুমিচ্ছন্তঃ ॥২১॥
কর্ণস্যেতি। সেনামধ্যগতং তস্মিন্নেকাদশেঽহ্নি প্রাতরেব সজ্জিতসৈন্যমধ্যস্থিতম্ ॥২২॥
বর্ণেতি। বর্ণশ্রেষ্ঠ্যাৎ অস্মদাদ্যপেক্ষয়া, শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন। দাক্ষ্যাদ্যুদ্ধনৈপুণ্যাৎ, অর্থজ্ঞানাৎ কর্ত্তব্যাবধোধাৎ, নয়ান্নীতেঃ, জয়াদন্যত্র জয়লাভাৎ। গোপ্তা রক্ষিতা, রাজ্ঞাং মধ্যে ॥২৩—২৪॥

ভরতনন্দন ! দ্রোণ যুদ্ধে যাইতে লাগিলে, যিনি উঁহার অনুসরণ করিবেন না, সকল যোদ্ধার মধ্যে এমন যোদ্ধা নাই ॥১৯॥

কেন না, রাজা ! সৈন্যপরিচালক, অস্ত্রধারী ও বুদ্ধিমান্ লোকদিগের মধ্যে ইনি শ্রেষ্ঠ ; বিশেষতঃ ইনি তোমার গুরু ॥২০॥

অতএব দুর্য্যোধন ! দেবতারা যেমন অসুরজয়াভিলাষী হইয়া যুদ্ধে কার্ত্তিককে সেনাপতি করিতেন, তুমিও সেইরূপ সত্বর এই আচার্য্যকে সেনাপতি কর' ॥২১॥

সঞ্জয় বলিলেন—'রাজা দুর্য্যোধন কর্ণের বাক্য শুনিয়া তখনই সৈন্যমধ্যবর্ত্তী দ্রোণের নিকটে যাইয়া এই কথা বলিলেন ॥২২॥

(২১) শ্লোকাৎ পরম্ '...পঞ্চমোঽধ্যায়ঃ' বা নি।

CENTRAL LIBRARY

স ভবান্ পাতু নঃ সর্ব্বান্ বিবুধানিব বাসবঃ।
ভবন্নেত্রাঃ পরান্ জেতুমিচ্ছামো দ্বিজসত্তম ! ॥২৫॥
রুদ্রাণামিব কাপালী বসূনামিব পাবকঃ।
কুবের ইব যক্ষাণাং মরুতামিব বাসবঃ ॥২৬॥
বশিষ্ঠ ইব বিপ্রাণাং তেজসামিব ভাস্করঃ।
পিতৄণামিব ধর্ম্মেন্দ্রো যাদসামিব চাম্বুরাট্ ॥২৭॥
নক্ষত্রাণামিব শশী দিতিজানামিবোশনা।
শ্রেষ্ঠঃ সেনাপ্রণেতৄণাং স নঃ সেনাপতির্ভব ॥২৮॥ (বিশেষকম্)
অক্ষৌহিণ্যো দশৈকা চ বশগাঃ সন্তু তেঽনঘ ! ।
তাভিঃ শত্রূন্ প্রতিব্যূহ্য জহীন্দ্রো দানবানিব ॥২৯॥

স ইতি। পাতু রক্ষতু। ভবানেব নেত্রো নেতা যেষাং তে বয়ম্। "নেত্রো নেতরি নেত্রঞ্চ গুণে মূলে বিলোচনে" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥২৫॥

রুদ্রাণামিতি। কাপালী কপালভৃৎ শিবঃ। মরুতাং দেবানাম্। ধর্ম্মেন্দ্রো ধর্ম্মরাজো যমঃ, যাদসাং জলজন্তূনাম্, অম্বুরাট্ বরুণঃ। উশনা শুক্রঃ। স ত্বম্ ॥২৬—২৮॥

অক্ষৌহিণ্য ইতি। প্রতিব্যূহ্য মদীয়াং তাং সেনামেব পাণ্ডবপ্রতিব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥২৯॥

দুর্য্যোধন বলিলেন—'আচার্য্য ! বর্ণশ্রেষ্ঠতা, সদ্বংশে জন্ম, শাস্ত্রজ্ঞান, বয়স, বুদ্ধি, বল, কার্য্যদক্ষতা, দুর্দ্ধর্ষতা, কর্ত্তব্যজ্ঞান, নীতিজ্ঞতা, জয়, তপস্যা ও কৃতজ্ঞতা ইত্যাদি সমস্ত গুণেই আপনি বৃদ্ধ (বড়) ; সুতরাং আমাদের পক্ষের রাজাদের মধ্যে আপনার তুল্য অপর উপযুক্ত রক্ষক নাই ॥২৩—২৪॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনাকে নেতা করিয়া আমরা বিপক্ষগণকে জয় করিবার ইচ্ছা করি। সুতরাং ইন্দ্র যেমন দেবগণকে রক্ষা করেন, সেইরূপ আপনিও আমাদের সকলকে রক্ষা করুন ॥২৫॥

রুদ্রগণের মধ্যে যেমন শিব, বসুগণের মধ্যে যেমন অগ্নি, যক্ষগণের মধ্যে যেমন কুবের, দেবগণের মধ্যে যেমন ইন্দ্র, ব্রাহ্মণগণের মধ্যে যেমন বশিষ্ঠ, তেজস্বিগণের মধ্যে যেমন সূর্য্য, পিতৃগণের মধ্যে যেমন যম, জলস্থ প্রাণিগণের মধ্যে যেমন বরুণ, নক্ষত্রগণের মধ্যে যেমন চন্দ্র এবং দৈত্যগণের মধ্যে যেমন শুক্র, আপনিও তেমন সৈন্যপরিচালকগণের মধ্যে শ্রেষ্ঠ। সুতরাং আপনি আমাদের সেনাপতি হউন ॥২৬—২৮॥

(২৫)···সর্ব্বান্ দেবানিব শতক্রতুঃ···নি। (২৬)···কাপালিঃ···নি। (২৮)···এবং সেনাপ্রণেতৄণাম্···নি।

প্রয়াতু নো ভবানগ্রে দেবানামিব পাবকিঃ।
অনুযাস্যামহে ত্বাজৌ সৌরভেয়া ইবর্ষভম্ ॥৩০॥
উগ্রধন্বা মহেষ্বাসো দিব্যং বিস্ফারয়ন্ ধনুঃ।
অগ্রে ভবন্তং ত্বাং দৃষ্ট্বা নার্জ্জুনঃ প্রহরিষ্যতি ॥৩১॥
ধ্রুবং যুধিষ্ঠিরং সংখ্যে সানুবন্ধং সবান্ধবম্।
জেষ্যামি পুরুষব্যাঘ্র! ভবান্ সেনাপতির্যদি ॥৩২॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তে ততো দ্রোণং জয়েত্যূচুর্নরাধিপাঃ।
সিংহনাদেন মহতা হর্ষয়ন্তস্তবাত্মজম্ ॥৩৩॥

প্রয়াত্বিতি। নঃ অস্মাকম্। পাবকিঃ কার্ত্তিকেয়ঃ। সৌরভেয়া বৃষাঃ, ঋষভং মহাবৃষম্ ॥৩০॥

উগ্রেতি। দিব্যং স্বর্গীয়ং গাণ্ডীবম্। ভবন্তং বিদ্যমানম্ ॥৩১॥

ধ্রুবমিতি। সংখ্যে যুদ্ধে, সানুবন্ধম্ অনুচরৈঃ সহিতম্ ॥৩২॥

এবমিতি। আত্মজম্ উপস্থিতত্বাদ্দুর্য্যোধনম্ ॥৩৩॥

নিষ্পাপ আচার্য্য! আমার এই একাদশ অক্ষৌহিণী আপনার বশীভূত হউক। আপনি এই সৈন্যকে পাণ্ডবব্যূহের প্রতিব্যূহরূপে সন্নিবেশিত করিয়া—ইন্দ্র যেমন দানবগণকে সংহার করিতেন, সেইরূপ এই সৈন্যদ্বারা শত্রুদিগকে সংহার করুন ॥২৯॥

কার্ত্তিক যেমন দেবগণের অগ্রে গমন করিতেন, আপনিও সেইরূপ আমাদের অগ্রে গমন করুন; তখন সাধারণ বৃষগণ যেমন মহাবৃষের অনুগমন করে, তেমন আমারা যুদ্ধে আপনার অনুগমন করিব ॥৩০॥

ওদিকে ভীষণধন্বা ও মহাধনুর্দ্ধর অর্জ্জুন দিব্য ধনু বিস্ফারিত করিয়াও আপনাকে সম্মুখে থাকিতে দেখিয়া আর প্রহার করিবে না ॥৩১॥

সুতরাং পুরুষশ্রেষ্ঠ! আপনি যদি আমার সেনাপতি হন, তবে নিশ্চয়ই আমি যুদ্ধে অনুচর ও বন্ধুবর্গের সহিত যুধিষ্ঠিরকে জয় করিব' ॥৩২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! দুর্য্যোধন এইরূপ বলিলে, তদনন্তর রাজারা বিশাল সিংহনাদে আপনার পুত্রকে (দুর্য্যোধনকে) আনন্দিত করিয়া দ্রোণের প্রতি জয়ধ্বনি করিলেন ॥৩৩॥

---

(৩১)···অগ্রেভবং ত্বাঙ্ক দৃষ্ট্বা···বা ব,···দৃষ্ট্বা ভবন্তং সংগ্রামে···নি।

CENTRAL LIBRARY

সৈনিকাশ্চ মুদা যুক্তা বর্দ্ধয়ন্তি দ্বিজোত্তমম্ ।
দুর্য্যোধনং তদা রাজন্ ! দ্রোণো বচনমব্রবীৎ ॥৩৪॥

দ্রোণ উবাচ ।

বেদং ষড়ঙ্গং বেদাহমর্থবিদ্যাঞ্চ মানবীম্ ।
ত্রৈয়ম্বকমথেষ্বস্ত্রং শস্ত্রানি বিবিধানি চ ॥৩৫॥
যে চাপ্যুক্তা ময়ি গুণা ভবদ্ভির্জয়কাঙ্ক্ষিভিঃ ।
চিকীর্ষুস্তানহং সর্ব্বান্ যোধয়িষ্যামি পাণ্ডবান্ ॥৩৬॥
পার্ষতন্তু রণে রাজন্ ! ন হনিষ্যে কথঞ্চন ।
স হি সৃষ্টো বধার্থায় মমৈব পুরুষর্ষভ ! ॥৩৭॥
যোধয়িষ্যামি সৈন্যানি নাশয়ন্ সর্ব্বসোমকান্ ।
ন চ মাং পাণ্ডবা যুদ্ধে যোধয়িষ্যন্তি হর্ষিতাঃ ॥৩৮॥

সৈনিকা ইতি। বর্দ্ধয়ন্তি স্ম জয়ধ্বনিনেতি শেষঃ, দ্বিজোত্তমং দ্রোণম্ ॥৩৪॥

মহাবল ও শিক্ষিতহস্ত কুমার অনেক সহস্র বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে নিবারণ করিয়া অপরিশ্রান্তই থাকিলেন ॥২৪॥

ক্রমে ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ—বীর, সজ্জনকার্য্যে নিরত, মন্ত্রণা ও অস্ত্রে নিপুণ এবং যুধিষ্ঠিরের চক্ররক্ষক কুমারকে মর্দ্দন করিতে লাগিলেন ॥২৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া সকল দিকে বিচরণ করিতে থাকিয়াও আপনার সৈন্য রক্ষা করিতে থাকিলেন ॥২৬॥

ক্রমে দ্রোণ—বারটা বাণদ্বারা শিখণ্ডীকে, কুড়িটাদ্বারা উত্তমৌজাকে, পাঁচটাদ্বারা নকুলকে, সাতটাদ্বারা সহদেবকে, বারটাদ্বারা যুধিষ্ঠিরকে, তিন তিনটাদ্বারা দ্রৌপদীর পুত্রগণকে, পাঁচটাদ্বারা সাত্যকিকে এবং দশটাদ্বারা বিরাটরাজাকে বিদ্ধ করিয়া প্রধান প্রধান যোদ্ধাদের দিকে ধাবিত হইয়া তাঁহাদিগকে আলোড়ন করিলেন এবং কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে ধরিবার জন্য তাঁহার অভিমুখবর্ত্তী হইলেন ॥২৭—২৯॥

(২৪)···জিতশ্রমঃ—ব রা নি।

যুগন্ধরস্ততো রাজন্! ভারদ্বাজং মহারথম্।
বারয়ামাস সংক্রুদ্ধং বাতোদ্ধূতমিবার্ণবম্ ॥৩০॥
যুধিষ্ঠিরং স বিদ্ধা তু শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
যুগন্ধরস্তু ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৩১॥
ততো বিরাটদ্রুপদৌ কেকয়াঃ সাত্যকিঃ শিবিঃ।
ব্যাঘ্রদত্তশ্চ পাঞ্চাল্যঃ সিংহসেনশ্চ বীর্য্যবান্ ॥৩২॥
এতে চান্যে চ বহবঃ পরীপ্সন্তো যুধিষ্ঠিরম্।
আবব্রুস্তস্য পন্থানং কিরন্তঃ সায়কান্ বহূন্ ॥৩৩॥ (যুগ্মকম্)
ব্যাঘ্রদত্তস্তু পাঞ্চাল্যো দ্রোণং বিব্যাধ মার্গণৈঃ।
পঞ্চাশতা শিতৈ রাজন্! তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩৪॥
ত্বরিতং সিংহসেনস্তু দ্রোণং বিদ্ধা মহারথম্।
প্রাহসৎ সহসা হৃষ্টস্ত্রাসয়ন্ বৈ মহারথান্ ॥৩৫॥

যুগেতি। যুগন্ধরো নাম কশ্চিৎ পাণ্ডবপক্ষীয়ো যোদ্ধা। বাতোদ্ধূতং বায়ুদ্বেলিতম্ ॥৩০॥
যুধীতি। স দ্রোণঃ। রথনীড়াদিত্যনেন যুগন্ধরস্য পক্ষিতুল্যত্বং ধ্বনিতম্ ॥৩১॥
তত ইতি। কেকয়াঃ পঞ্চ ভ্রাতরঃ। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৩২—৩৩॥
ব্যাঘ্রেতি। মার্গণৈর্বাণৈঃ। উচ্চুক্রুশুরানন্দকোলাহলং চক্রুঃ, জনাঃ পাণ্ডবপক্ষীয়াঃ ॥৩৪॥
ত্বরিতমিতি। হৃষ্টো দ্রোণতাড়নে শক্তত্বাদেবেতি ভাবঃ ॥৩৫॥

রাজা! তাহার পর যুগন্ধর—বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় উপস্থিত ক্রুদ্ধ মহারথ দ্রোণকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩০॥

তখন দ্রোণ নতপর্ব্ব বহুতর বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিয়া একটা ভল্ল-দ্বারা যুগন্ধরকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৩১॥

তদনন্তর বিরাট, দ্রুপদ, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, সাত্যকি, শিবি, পাঞ্চাল-দেশীয় ব্যাঘ্রদত্ত ও বলবান্ সিংহসেন ইহারা এবং অন্যও বহুতর যোদ্ধা যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া বহুতর বাণ নিক্ষেপ করতঃ দ্রোণের পথ রুদ্ধ করিলেন ॥৩২—৩৩॥

রাজা! পাঞ্চালদেশীয় ব্যাঘ্রদত্ত সুধার পঞ্চাশটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন; তাহার পর পাণ্ডবপক্ষের লোকেরা উচ্চস্বরে আনন্দকোলাহল করিয়া উঠিল ॥৩৪॥

সিংহসেনও সত্বর মহারথ দ্রোণকে বিদ্ধ করিয়া আনন্দিত হইয়া এবং বিপক্ষমহারথগণকে ত্রস্ত করিতে থাকিয়া তৎক্ষণাৎ হাস্য করিয়া উঠিলেন ॥৩৫॥

(৩৪) ব্যাঘ্রদত্তশ্চ পি,…পঞ্চাশদ্ভিঃ শিতৈঃ…পি ব,…পঞ্চাশতৈঃ শিতৈঃ…বা।

ততো বিস্ফার্য্য নয়নে ধনুর্জ্যামবমৃজ্য চ।
তলশব্দং মহৎ কৃত্বা দ্রোণস্তং সমুপাদ্রবৎ ॥৩৬॥
ততস্তু সিংহসেনস্য শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
ব্যাঘ্রদত্তস্য চাক্রম্য ভল্লাভ্যামাহরদ্বলী ॥৩৭॥
তান্ প্রমৃদ্য শরব্রাতৈঃ পাণ্ডবানাং মহারথান্।
যুধিষ্ঠিররথাভ্যাসে তস্থৌ মৃত্যুরিবান্তকঃ ॥৩৮॥
ততোঽভবন্মহাশব্দো রাজন্! যৌধিষ্ঠিরে বলে।
হতো রাজেতি যোধানাং সমীপস্থে যতব্রতে ॥৩৯॥
অব্রুবন্ সৈনিকাস্তত্র দৃষ্ট্বা দ্রোণস্য বিক্রমম্।
অদ্য রাজা ধার্ত্তরাষ্ট্রঃ কৃতার্থো বৈ ভবিষ্যতি ॥৪০॥

তত ইতি। ধনুষো জ্যাং গুণম্। মহদিতি ক্রিয়াবিশেষণম্ ॥৩৬॥
তত ইতি। ভল্লাভ্যাম্ একেন ভল্লেন সিংহসেনস্য সকুণ্ডলং শিরঃ, অপরেণ চ ব্যাঘ্রদত্তস্য সকুণ্ডলং শিরঃ, কায়াদাহরৎ অচ্ছিনদিত্যর্থঃ, বলী বলবান্ দ্রোণঃ ॥৩৭॥
তানিতি। যুধিষ্ঠিররথস্য অভ্যাসে সমীপে, অন্তকো বন্ধনকারী ॥৩৮॥
তত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ। যতব্রতে অগ্নিহোত্রাদিব্রতবতি দ্রোণে ॥৩৯॥
অব্রুবন্নিতি। কৃতার্থো যুধিষ্ঠিরগ্রহণাৎ সম্পাদিতপ্রয়োজনঃ ॥৪০॥

তদনন্তর দ্রোণ নয়নযুগল উন্মীলন, ধনুর্গুণমার্জন ও বিশাল তলশব্দ করিয়া সিংহসেনের দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

তদনন্তর বলবান্ দ্রোণ আক্রমণপূর্ব্বক একটা ভল্লদ্বারা কুণ্ডলযুক্ত সিংহসেনের মস্তক এবং অপর ভল্লদ্বারা ব্যাঘ্রদত্তের শির দেহ হইতে অপহরণ করিলেন ॥৩৭॥

তিনি বাণসমূহদ্বারা এইভাবে পাণ্ডবপক্ষের মহারথগণকে পরাভূত করিয়া যুধিষ্ঠিরের রথের নিকটে যাইয়া কালান্তক যমের ন্যায় অবস্থান করিলেন ॥৩৮॥

রাজা! তখন দ্রোণাচার্য্য যুধিষ্ঠিরের রথের নিকটবর্ত্তী হইলে, যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে যোদ্ধাদের এইরূপ বিশাল কোলাহল হইল যে, 'রাজা নিহত হইলেন' ॥৩৯॥

আর সেই সময়ে দ্রোণের বিক্রম দেখিয়া কৌরবসৈন্যেরা বলিতে লাগিল যে, 'আজ রাজা দুর্য্যোধন কৃতার্থ হইবেন ॥৪০॥

---

(৩৭)···কায়াদপাহরৎ···ভল্লাভ্যামহনদ্বলী—পি। (৩৮) তান্ প্রমৃদ্য···বা নি।

অস্মিন্ মুহূর্ত্তে দ্রোণস্তু পাণ্ডবং গৃহ্য হর্ষিতঃ।
আগমিষ্যতি নো নূনং ধার্ত্তরাষ্ট্রস্য সংযুগে ॥৪১॥
এবং সংজল্পতাং তেষাং তাবকানাং মহারথঃ।
আয়াজ্জবেন কৌন্তেয়ো রথঘোষেণ নাদয়ন্ ॥৪২॥
শোণিতোদাং রথাবর্ত্তাং কৃত্বা বিশসনীং নদীম্।
শূরাস্থিচয়সঙ্কীর্ণাং প্রেতকূলাপহারিণীম্ ॥৪৩॥ (যুগ্মকম্)
তাং শরৌঘমহাফেনাং প্রাসমৎস্যসমাকুলাম্।
নদীমুত্তীর্য্য বেগেন কুরূন্ বিদ্রাব্য পাণ্ডবঃ ॥৪৪॥
ততঃ কিরীটী সহসা দ্রোণানীকমুপাদ্রবৎ।
ছাদয়ন্নিষুজালেন মহতা মোহয়ন্নিব ॥৪৫॥ (যুগ্মকম্)

অস্মিন্নিতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, গৃহ্য গৃহীত্বা। নঃ অস্মাকম্ ॥৪১॥

এবমিতি। আয়াৎ আগচ্ছৎ, জবেন বেগেন, কৌন্তেয়োঽর্জ্জুনঃ। শোণিতানি রক্তান্যেব উদকানি যস্যাস্তাম্, রথা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্, বিশস্যতে অস্ত্রৈ ইতি বিশসনী তাং প্রাণিবধজনিতামিত্যর্থঃ। শূরাণামস্থিচয়েন সঙ্কীর্ণাং ব্যাপ্তাম্, প্রেতা মৃতা এব কূলানি তীরাণি তানি অপহরতীতি তাং তাদৃশীঞ্চ নদীং কৃত্বা ॥৪২—৪৩॥

তামিতি। ততঃ পাণ্ডবঃ কিরীটী অর্জ্জুনঃ, বেগেন, শরৌঘ এব মহাফেনো যস্যাস্তাম্, প্রাসা অস্ত্রবিশেষা এব মৎস্যাস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাঞ্চ, তাং নদীমুত্তীর্য্য, কুরূন্ বিদ্রাব্য মর্দ্দয়িত্বা চ, মহতা ইষুজালেন বাণসমূহেন, ছাদয়ন্ মোহয়ন্নিব চ, সহসা, দ্রোণস্য অনীকং সৈন্যম্, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৪৪—৪৫॥

নিশ্চয়ই দ্রোণ এই মুহূর্ত্তে যুধিষ্ঠিরকে ধারণ করিয়া আনন্দিত হইয়া আমাদের রাজা দুর্য্যোধনের নিকটে আগমন করিবেন' ॥৪১॥

আপনার সৈন্যেরা এইরূপ আলোচনা করিতেছিল, এমন সময়ে মহারথ অর্জ্জুন প্রাণিগণকে বধ করায় তাহাদের রক্তের একটা নদী করিয়া রথের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিতে থাকিয়া বেগে সে স্থানে আগমন করিলেন। রক্ত ছিল সে নদীটার জল ও রথ ছিল তাহার আবর্ত্ত (ঘোলা), আর সে নদীটা বীরগণের অস্থিসমূহে ব্যাপ্ত ছিল এবং মৃতশরীররূপ তীর অপহরণ করিতেছিল ॥৪২—৪৩॥

তাহার পর পাণ্ডুনন্দন অর্জ্জুন বাণসমূহরূপ মহাফেনযুক্ত ও প্রাসরূপ মৎস্যে পরিপূর্ণ সেই নদীটাকে বেগে উত্তীর্ণ হইয়া এবং কৌরবগণকে নিপীড়িত করিয়া

(৪৩)···বিশসনে নদীম্···নি।

CENTRAL LIBRARY

শীঘ্রমভ্যস্যতো বাণান্ সন্দধানস্য চানিশম্ ।
নান্তরং দদৃশে কশ্চিৎ কৌন্তেয়স্য যশস্বিনঃ ॥৪৬॥
ন দিশো নান্তরীক্ষঞ্চ ন দ্যৌর্নৈব চ মেদিনী ।
অদৃশ্যন্ত মহারাজ ! বাণভূতা ইবাভবন্ ॥৪৭॥
নাদৃশ্যত তদা রাজন্ ! তত্র কিঞ্চন সংযুগে ।
বাণান্ধকারে মহতি কৃতে গাণ্ডীবধন্বনা ॥৪৮॥
সূর্য্যে চাস্তমনুপ্রাপ্তে তমসা চাভিসংবৃতে ।
নাজ্ঞায়ত তদা শত্রুর্ন সুহৃন্ন চ কশ্চন ।
ততোঽবহারং চক্রুস্তে দ্রোণদুর্য্যোধনাদয়ঃ ॥৪৯॥
তান্ বিদিত্বা পুনস্ত্রস্তানযুদ্ধমনসঃ পরান্ ।
স্বান্যনীকানি বীভৎসুঃ শনকৈরবহারয়ৎ ॥৫০॥

শীঘ্রমিতি। অভ্যস্যতঃ সমন্তাৎ ক্ষিপতঃ। অন্তরমবকাশম্, দদৃশে দদর্শ ॥৪৬॥
নেতি। দ্যৌঃ আকাশস্থঃ স্বর্গীয়ো জনঃ। বাণভূতা বাণময়া দিগাদয়ঃ ॥৪৭॥
নেতি। সংযুগে সমরাঙ্গনে। গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন ॥৪৮॥
সূর্য্য ইতি। তমসা অন্ধকারেণ। অবহারং তদ্দিনযুদ্ধবিরতিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥
তানিতি। পুনর্বীভৎসুরর্জ্জুনোঽপি, তান্ পরান্ বিপক্ষান্, ত্রস্তান্ ভীতান্, অতএব ন বিদ্যন্তে যুদ্ধে মনাংসি যেষাং তান্ তথাভূতান্ বিদিত্বা, স্বানি স্বকীয়ানি, অনীকানি সৈন্যানি, শনকৈর্মন্দং মন্দম্, অবহারয়ৎ অবহারং যুদ্ধবিরামমকারয়ৎ। অড়াগমাভাব আর্ষঃ ॥৫০॥

বিশাল শরজালে সকলকে আবৃত ও মোহিত করিতে থাকিয়া অতিদ্রুত দ্রোণ-সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৪৪—৪৫॥

যশস্বী অর্জ্জুন যখন দ্রুত বাণসন্ধান ও দ্রুত বাণক্ষেপ করিতেছিলেন, তখন কোন লোকই তাঁহার অবকাশ (ফাঁক্) দেখিতে পায় নাই ॥৪৬॥

মহারাজ ! তখন দিক্, আকাশ, আকাশের লোক এবং ভূতল ইহার কিছুই দেখা গেল না ; সমস্তই যেন বাণময় হইয়া গেল ॥৪৭॥

রাজা ! অর্জ্জুন বাণদ্বারা গাঢ় অন্ধকার করিয়া ফেলিলে, তখন সেই সমরাঙ্গনে কিছুই দৃষ্টিগোচর হইল না ॥৪৮॥

ক্রমে সূর্য্য অস্তাচলে গমন করিলেন, অন্ধকারও আসিয়া সমস্ত আবৃত করিল ; তখন শত্রু, মিত্র, বা অন্য কাহাকেও চেনা যাইতে লাগিল না। সুতরাং দ্রোণ ও দুর্য্যোধনপ্রভৃতি সে দিনের যুদ্ধ সমাপ্ত করিলেন ॥৪৯॥

(৪৯) রজসা চাভিসংবৃতে·· ন চ কিঞ্চন··পি।

ততোঽভিতুষ্টুবুঃ পার্থং প্রহৃষ্টাঃ পাণ্ডুসৃঞ্জয়াঃ।
পাঞ্চালাশ্চ মনোজ্ঞাভির্বাগ্‌ভিঃ সূর্য্যমিবর্ষয়ঃ ॥৫১॥
এবং স্বশিবিরং প্রায়াজ্জিত্বা শত্রূন্ ধনঞ্জয়ঃ।
পৃষ্ঠতঃ সর্ব্বসৈন্যানাং মুদিতো বৈ সকেশবঃ ॥৫২॥
মসারগল্বর্কসুবর্ণরূপ্যৈর্বজ্রপ্রবালস্ফটিকৈশ্চ মুখ্যৈঃ।
চিত্রে রথে পাণ্ডুসুতো বভাসে নক্ষত্রচিত্রে বিয়তীব চন্দ্রঃ ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে প্রথমদিনযুদ্ধাবহারে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ততঃ ইতি। পার্থমর্জ্জুনম্, প্রহৃষ্টা জয়লাভাদতীবানন্দিতাঃ ॥৫১॥

এবমিতি। মুদিত আনন্দিতঃ, সকেশবঃ কৃষ্ণেন সহিতঃ ॥৫২॥

মসারেতি। পাণ্ডুসুতোঽর্জ্জুনঃ, মুখ্যৈরুত্তমৈঃ, মসারা বৈদূর্য্যাখ্যকৃষ্ণমণয়ঃ গল্বর্কা ইন্দ্রনীল-মণয়ঃ সুবর্ণানি স্বর্ণানি রূপ্যাণি রজতানি চ তৈঃ, তথা বজ্রাণি হীরকাণি প্রবালাঃ পদ্মরাগমণয়ঃ স্ফটিকাশ্চ তৈঃ, চিত্রে বিচিত্রীকৃতে রথে, নক্ষত্রচিত্রে, বিয়তি গগনে, চন্দ্র ইব, বভাসে বিররাজ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সেই বিপক্ষগণকে ভীত এবং যুদ্ধ করিতে অনিচ্ছু জানিয়া অর্জ্জুনও আপন সৈন্যগণকে ধীরে ধীরে যুদ্ধ হইতে বিরত করিলেন ॥৫০॥

তাহার পর ঋষিরা যেমন বেদময় মনোহর বাক্যে সূর্য্যের স্তব করেন, সেইরূপ পাণ্ডবগণ, সৃঞ্জয়গণ ও পাঞ্চালগণ মনোহর বাক্যে অর্জ্জুনের স্তব করিতে লাগিলেন ॥৫১॥

অর্জ্জুন এইভাবে শত্রুগণকে জয় করিয়া আনন্দিত হইয়া সমস্ত সৈন্যের পিছনে থাকিয়া কৃষ্ণের সহিত আপন শিবিরে প্রস্থান করিলেন ॥৫২॥

তখন নক্ষত্রবিচিত্র আকাশে যেমন চন্দ্র শোভা পান, সেইরূপ অর্জ্জুনও উত্তম কৃষ্ণমণি, নীলমণি, স্বর্ণ, রৌপ্য, হীরক, প্রবাল ও স্ফটিকে খচিত বিচিত্র রথে শোভা পাইতে লাগিলেন' ॥৫৩॥

———:০:———

(৫৩)···সুবর্ণরূপৈঃ···নি। * '···পঞ্চদশোঽধ্যায়ঃ' ব, '···ষোড়শোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

পঞ্চদশোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

তে সেনে শিবিরং গত্বা ন্যবিশেতাং বিশাংপতে ! ।
যথাভাগং যথান্যায়ং যথাগুল্মঞ্চ সর্বশঃ ॥১॥
কৃত্বাবহারং সৈন্যানাং দ্রোণঃ পরমদুর্মনাঃ ।
দুর্য্যোধনমভিপ্রেক্ষ্য সব্রীড়মিদমব্রবীৎ ॥২॥
উক্তমেতন্ময়া পূর্বং ন তিষ্ঠতি ধনঞ্জয়ে ।
শক্যো গ্রহীতুং সংগ্রামে দেবৈরপি যুধিষ্ঠিরঃ ॥৩॥
ইতি তদ্বঃ প্রযততাং কৃতং পার্থেন সংযুগে ।
মা বিশঙ্কীর্বচো মহ্যমজেয়ৌ কৃষ্ণপাণ্ডবৌ ॥৪॥
অপনীতে তু যোগেন কেনচিচ্ছ্বেতবাহনে ।
তত এষ্যতি তে রাজন্ ! বশমেষ যুধিষ্ঠিরঃ ॥৫॥

তে ইতি । ন্যবিশেতাং প্রাবিশতাম্ । যথাগুল্মং যথাগৃহম্, সর্বশঃ সর্ব্বে ॥১॥
কৃত্বেতি । অবহারং যুদ্ধবিরামম্ । সব্রীড়ং যুধিষ্ঠিরাগ্রহণাৎ সলজ্জম্ ॥২॥
উক্তমিতি । তিষ্ঠতি বিদ্যমানে, গ্রহীতুং ন শক্য ইতি সম্বন্ধঃ ॥৩॥
ইতীতি । বো যুষ্মাকম্, প্রযততাং যুধিষ্ঠিরগ্রহণায় প্রযতমানানাম্ । মহ্যং মম ॥৪॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ ! উভয়পক্ষের সেই সমস্ত সৈন্যই শিবিরে যাইয়া বিভাগ অনুসারে আপন আপন নির্দ্দিষ্ট গৃহে যথানিয়মে প্রবেশ করিল ॥১॥

এদিকে দ্রোণ সৈন্যগণের যুদ্ধবিরাম করাইয়া অত্যন্তদুঃখিতচিত্ত হইয়া দুর্য্যোধনের দিকে দৃষ্টিপাত করিয়া লজ্জার সহিত এই কথা বলিলেন—॥২॥

'রাজা ! আমি ইহা পূর্বেই বলিয়াছি যে, অর্জুন উপস্থিত থাকিতে দেবতারাও যুদ্ধে যুধিষ্ঠিরকে ধরিতে সমর্থ হইবেন না ॥৩॥

তোমরা যুধিষ্ঠিরকে ধরিবার চেষ্টা করিতে থাকিলেও, অর্জুন যুদ্ধে সেই কথাই সত্য করিয়াছেন। সুতরাং 'কৃষ্ণ ও অর্জুন অজেয়' আমার এ কথায় তুমি সন্দেহ করিও না ॥৪॥

(৫)···কথঞ্চিচ্ছ্বেতবাহনে··· বশমস্য···পি ।

CENTRAL LIBRARY

কশ্চিদাহূয় তং সংখ্যে দেশমন্যং প্রকর্ষতু।
তমজিত্বা ন কৌন্তেয়ো নিবর্ত্তেত কথঞ্চন ॥৬॥
এতস্মিন্নন্তরে শূন্যে ধর্ম্মরাজমহং নৃপ!।
গ্রহীষ্যামি চমূং ভিত্ত্বা ধৃষ্টদ্যুম্নস্য পশ্যতঃ ॥৭॥
অর্জ্জুনেন বিহীনস্তু যদি নোৎসৃজতে রণম্।
মামুপায়ান্তমালোক্য গৃহীতং বিদ্ধি পাণ্ডবম্ ॥৮॥
এবং তেঽহং মহারাজ! ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।
সমানেষ্যামি সগণং বশমদ্য ন সংশয়ঃ ॥৯॥
যদি তিষ্ঠতি সংগ্রামে মুহূর্ত্তমপি পাণ্ডবঃ।
অথাপযাতি সংগ্রামাদ্বিজয়াত্তু বিশিষ্যতে ॥১০॥

অপেতি। যোগেন উপায়েন, শ্বেতবাহনে অর্জ্জুনে। এষ্যতি প্রাপ্স্যতি ॥৫॥
তমেবোপায়মাহ কশ্চিদিতি। তমর্জ্জুনম্। প্রকর্ষতু আকৃষ্য নয়তু। কৌন্তেয়োঽর্জ্জুনঃ ॥৬॥
এতস্মিন্নিতি। অন্তরে অবকাশে, শূন্যে অর্জ্জুনরহিতে। ধৃষ্টদ্যুম্নস্যেত্যুপলক্ষণম্ ॥৭॥
অর্জ্জুনেনেতি। বিহীনো যুধিষ্ঠিরঃ। বিদ্ধি জানীহি, পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥৮॥
এবমিতি। সগণং সপরিজনম্ ॥৯॥
যদীতি। অপযাতি পলায়তে, তদা তৎপলায়নমস্মাকং বিজয়াদ্বিশিষ্যতে ॥১০॥

অতএব রাজা! কোন উপায়ে অর্জ্জুনকে অপসারিত করিতে পারিলে, তখন যুধিষ্ঠির তোমার বশীভূত হইবেন ॥৫॥

সুতরাং কোন যোদ্ধা অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিয়া অন্যস্থানে লইয়া যাউক। তাহা হইলেই অর্জ্জুন তাহাকে জয় না করিয়া কোন প্রকারেই ফিরিয়া আসিবেন না ॥৬॥

রাজা! সেই অবসরে আমি অর্জ্জুনশূন্য সমরে পাণ্ডবসৈন্য ভেদ করিয়া যাইয়া ধৃষ্টদ্যুম্নপ্রভৃতির সমক্ষেই যুধিষ্ঠিরকে ধরিয়া ফেলিব ॥৭॥

অর্জ্জুনবিহীন যুধিষ্ঠির আমাকে আসিতে দেখিয়াও যদি সমরাঙ্গন পরিত্যাগ করিয়া না যান, তবে তাঁহাকে ধরিয়া ফেলিয়াছি বলিয়াই তুমি জানিয়া রাখ ॥৮॥

মহারাজ! এইভাবে আমি আজ ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে তোমার বশে আনয়ন করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৯॥

(তবে ইহা স্থির যে,) তিনি যদি সেই অবস্থায় মুহূর্ত্তকালও সমরাঙ্গনে

---

(৮) অর্জ্জুনেন পরিত্যক্তো ন চেদ্রাসাৎ পলায়তে…নি।

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

দ্রোণস্য তদ্বচঃ শ্রুত্বা ত্রিগর্ত্তাধিপতিস্তদা।
ভ্রাতৃভিঃ সহিতো রাজন্নিদং বচনমব্রবীৎ ॥১১॥
বয়ং বিনিকৃতা রাজন্! সদা গাণ্ডীবধন্বনা।
অনাগঃস্বপি চাগস্তৎ কৃতমস্মাসু তেন বৈ ॥১২॥
তে বয়ং স্মরমাণাস্তান্ বিনিকারান্ পৃথগ্বিধান্।
ক্রোধাগ্নিনা দহ্যমানা ন শেমহি সদা নিশি ॥১৩॥
স নো দিষ্ট্যাস্ত্রসম্পন্নশ্চক্ষুর্বিষয়মাগতঃ।
কর্ত্তারঃ স্ম বয়ং কর্ম্ম যচ্চিকীর্ষাম হৃদ্গতম্ ॥১৪॥
ভবতশ্চ প্রিয়ং যৎ স্যাদস্মাকঞ্চ যশস্করম্।
বয়মেনং হনিষ্যামো নিকৃষ্যায়োধনাদ্বহিঃ ॥১৫॥ (যুগ্মকম্)

দ্রোণস্যেতি। ত্রিগর্ত্তাধিপতিঃ সুশর্ম্মা ॥১১॥

বয়মিতি। বিনিকৃতা অপমানিতাঃ। অনাগঃসু নিরপরাধেষু, আগোঽপরাধঃ ॥১২॥

ত ইতি। বিনিকারান্ অপমানান্। শেমহি স্বপিমঃ নিদ্রাং গচ্ছামঃ ॥১৩॥

স ইতি। নঃ অস্মাকম্, দিষ্ট্যা ভাগ্যেন। কর্ত্তারঃ করিষ্যামঃ, স্মেতি পাদপূরণে। কিং তৎ কর্ম্মেত্যাহ বয়মিতি। নিকৃষ্য আকৃষ্য নীত্বা, আয়োধনাৎ দ্রোণযুদ্ধস্থলাৎ, বহিরন্যত্র ॥১৪—১৫॥

থাকেন। তা'র পর তিনি যদি রণস্থল হইতে পলায়ন করেন, তবে সেটা ত আমাদের পক্ষে জয় লাভ করা অপেক্ষাও অধিক' ॥১০॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন দ্রোণাচার্য্যের সেই কথা শুনিয়া ত্রিগর্ত্ত-দেশাধিপতি সুশর্ম্মা ভ্রাতাদের সহিত মিলিত হইয়া এই কথা কহিলেন—॥১১॥

'রাজা! অর্জ্জুন সর্ব্বদাই আমাদের অপমান করিয়াছে। আমাদের কোন অপরাধ ছিল না; তথাপি সে আমাদের নিকটে অপরাধ করিয়াছে ॥১২॥

আমরা অর্জ্জুনকৃত সেই নানাবিধ অপমান স্মরণ করিয়া সর্ব্বদা ক্রোধানলে দগ্ধ হইতে থাকিয়া রাত্রিতে নিদ্রা যাইতে পারি নাই ॥১৩॥

কিন্তু সেই অস্ত্রজ্ঞ অর্জ্জুন ভাগ্যবশতঃ আজ আমাদের দৃষ্টিপথে আসিয়াছে। সুতরাং আমরা মনোগত যে কার্য্য করিবার ইচ্ছা করি, আর যে কার্য্য আপনার প্রিয় এবং আমাদেরও যশস্কর, আমরা সেই কার্য্য করিব; (অর্থাৎ) আমরা অর্জ্জুনকে দ্রোণাচার্য্যের যুদ্ধস্থান হইতে অন্যত্র লইয়া যাইয়া উহাকে বধ করিব ॥১৪—১৫॥

(১৩)···নহি শেম দিবা নিশি—পি,···দহ্যমানা হ্যশেমহি সদা নিশি—নি।

অদ্যাস্ত্বনর্জ্জুনা ভূমিরত্রিগর্ত্তাথবা পুনঃ।
সত্যং তে প্রতিজানীমো নৈতন্মিথ্যা ভবিষ্যতি ॥১৬॥
এবং সত্যরথশ্চোক্ত্বা সত্যবর্ম্মা চ ভারত!।
সত্যব্রতশ্চ সত্যেষুঃ সত্যকর্ম্মা তথৈব চ ॥১৭॥
সহিতা ভ্রাতরঃ পঞ্চ রথানামযুতেন চ।
ন্যবর্ত্তন্ত মহারাজ! কৃত্বা শপথমাহবে ॥১৮॥ (যুগ্মকম্)
মালবাস্তুণ্ডিকেরাশ্চ রথানামযুতৈস্ত্রিভিঃ।
সুশর্ম্মা চ নরব্যাঘ্রস্ত্রিগর্ত্তঃ প্রস্থলাধিপঃ ॥১৯॥
মাবেল্লকৈর্ললিথৈশ্চ সহিতো মদ্রকৈরপি।
রথানামযুতেনৈব সোঽগমদ্ভ্রাতৃভিঃ সহ ॥২০॥ (যুগ্মকম্)
নানাজনপদেভ্যশ্চ রথানামযুতং পুনঃ।
সমুত্থিতং বিশিষ্টানাং শপথার্থমুপাগমৎ ॥২১॥
ততো জ্বলনমানায্য হুত্বা সর্বে পৃথক্ পৃথক্।
জগৃহুঃ কুশচীরাণি চিত্রাণি কবচানি চ ॥২২॥

অদ্যেতি। অনর্জুনা অর্জুনরহিতা, অত্রিগর্ত্তা ত্রিগর্ত্তবিহীনা ॥১৬॥
এবমিতি। সত্যা অমোঘা ইষবো বাণা যস্য সঃ। অযুতেন চ সহিতাঃ ॥১৭—১৮॥
মালবা ইতি। ত্রিভিরযুতৈঃ সহিতা ইতি শেষঃ। অগমদ্যুদ্ধায় ॥১৯—২০॥
নানেতি। সমুত্থিতং যুদ্ধায়োদ্যুক্তম্, বিশিষ্টানাং প্রধানানাম্ ॥২১॥
তত ইতি। জ্বলনমগ্নিম্। কুশচীরাণি কুশময়কৌপীনানি ॥২২॥

আজ পৃথিবী অর্জুনশূন্য কিংবা ত্রিগর্ত্তশূন্য হউক। আমরা আপনার নিকট সত্য প্রতিজ্ঞা করিলাম, ইহা মিথ্যা হইবে না' ॥১৬॥

ভরতনন্দন মহারাজ! সত্যরথ, সত্যবর্ম্মা, সত্যব্রত, সত্যেষু ও সত্যকর্ম্মা এই পঞ্চ ভ্রাতা এইরূপ বলিয়া অযুত রথ লইয়া যুদ্ধবিষয়ে শপথ করিয়া নীরব হইলেন ॥১৭—১৮॥

আর তিন অযুত রথের সহিত মালবগণ ও তুণ্ডিকেরগণ এবং নরশ্রেষ্ঠ প্রস্থলাধিপতি ত্রিগর্ত্তদেশীয় সেই সুশর্ম্মা মাবেল্লক, ললিথ, মদ্রক, অযুত রথ ও ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া চলিলেন ॥১৯—২০॥

আবার নানাদেশ হইতে আগত বিশিষ্ট অযুত রথী যুদ্ধের নিমিত্ত উদ্যোগী হইয়া শপথ করিবার জন্য উপস্থিত হইলেন ॥২১॥

(১৭)···সত্যধর্ম্মা···সত্যেষ্টঃ সত্যকর্ম্মা···পি। (১৯)···তুণ্ডিকেয়াঃ···পি। (২২) ততো জ্বলনমানর্চ্য···বা ব রা নি।

CENTRAL LIBRARY

তে চ বদ্ধতনুত্রাণা ঘৃতাক্তাঃ কুশচীরিণঃ।
মৌর্বীমেখলিনো বীরাঃ সহস্রশতদক্ষিণাঃ ॥২৩॥
যজ্বানঃ পুত্রিণো লোক্যাঃ কৃতকৃত্যাস্তনুত্যজঃ।
যোক্ষ্যমাণাস্তদাত্মানং যশসা বিজয়েন চ ॥২৪॥
ব্রহ্মচর্য্যশ্রুতিমুখৈঃ ক্রতুভিশ্চাপ্তদক্ষিণৈঃ।
প্রাপ্যাল্লোকান্ স্বযুদ্ধেন ক্ষিপ্রমেব যিযাসবঃ ॥২৫॥
ব্রাহ্মণাংস্তর্পয়িত্বা চ নিষ্কান্ দত্ত্বা পৃথক্ পৃথক্।
গাশ্চ বাসাংসি চ পুনঃ সমাভাষ্য পরস্পরম্ ॥২৬॥
প্রজ্বাল্য কৃষ্ণবর্ত্মানমুপাগম্য রণব্রতম্।
তস্মিন্নগ্নৌ তদা চক্রুঃ প্রতিজ্ঞাং দৃঢ়নিশ্চয়াঃ ॥২৭॥ (কুলকম্)

ত ইতি। বদ্ধতনুত্রাণা ধৃতকবচাঃ, ঘৃতাক্তাঃ, কুশচীরিণঃ কুশময়কৌপীনধারিণঃ, মৌর্বীমেখলিনঃ তৃণবিশেষনির্ম্মিতমেখলাযুক্তাঃ, সহস্রশতদক্ষিণা যজ্ঞে দত্তলক্ষদক্ষিণাঃ। যজ্বানো যথাবিধি কৃতযজ্ঞাঃ, পুত্রিণঃ পুত্রেষু পরিজনভারন্যাসকারিণঃ, লোক্যাঃ পুণ্যলোকপ্রাপ্তিযোগ্যাঃ, কৃতকৃত্যাঃ সম্পাদিতসর্বসাংসারিককার্য্যাঃ, তনুত্যজো যুদ্ধে দেহত্যাগার্থিনঃ, তদা যশসা বিজয়েন চ আত্মানং যোক্ষ্যমাণা যুক্তং করিষ্যন্তঃ। স্বযুদ্ধেন ন্যায়যুদ্ধেন, ক্ষিপ্রমেব, ব্রহ্মচর্য্যমষ্টবিধমৈথুনত্যাগঃ শ্রুতির্বেদাধ্যয়নঞ্চ মুখং প্রধানং যেষু তৈঃ, আপ্তদক্ষিণৈঃ প্রচুরদক্ষিণাযুক্তৈশ্চ, ক্রতুভির্যজ্ঞৈঃ, প্রাপ্যান্ লোকান্ স্বর্গান্, যিযাসবো যাতুমিচ্ছবঃ, তে বীরাঃ, পৃথক্ পৃথক্ নিষ্কান্ স্বর্ণমুদ্রাবিশেষান্, গাশ্চ, বাসাংসি চ দত্ত্বা, ব্রাহ্মণান্, তর্পয়িত্বা সন্তোষ্য, পুনঃ পরস্পরং সমাভাষ্য বন্ধুভাবেনালপ্য, কৃষ্ণবর্ত্মানমগ্নিং প্রজ্বাল্য, রণব্রতম্, উপাগম্য অঙ্গীকৃত্য, দৃঢ়নিশ্চয়াঃ সন্তঃ, তস্মিন্নগ্নৌ তদগ্নিসমীপে, তদা বক্ষ্যমাণপ্রকারাং প্রতিজ্ঞাং চক্রুঃ ॥২৩—২৭॥

তাহার পর তাঁহারা সকলে আগুন আনাইয়া পৃথক্ পৃথক্ ভাবে হোম করিয়া কুশময় কৌপীন ও বিচিত্র কবচ ধারণ করিলেন ॥২২॥

যাঁহারা পূর্বে যথাবিধানে যজ্ঞ করিয়া তাহাতে লক্ষমুদ্রা দক্ষিণা দিয়াছিলেন, সংসারের সমস্ত কার্য্য করিয়াছিলেন এবং পুত্রবান্ ও পুণ্যলোকপ্রাপ্তির যোগ্য হইয়াছিলেন; সেই বীরেরা তৎকালে ঘৃতাক্তদেহ হইয়া, বর্ম্মধারণ, কুশময়-কৌপীন পরিধান ও মৌর্বী মেখলা বন্ধন করিয়া, যশ ও জয়সুখের প্রার্থী হইয়া, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন ও প্রচুরদক্ষিণাসম্পন্ন যজ্ঞদ্বারা প্রাপ্য স্বর্গে ন্যায়যুদ্ধের গুণে সত্বরই যাইবার ইচ্ছা করিয়া, পৃথক্ পৃথক্ ভাবে স্বর্ণমুদ্রা, গো ও বস্ত্র দান-দ্বারা ব্রাহ্মণগণের সন্তোষ জন্মাইয়া, পরস্পর বন্ধুভাবে সম্ভাষণ করিয়া, সমরব্রতে দীক্ষিত হইয়া দৃঢ় নিশ্চয় করিয়া অগ্নিপ্রজ্বালনপূর্ব্বক সেই অগ্নির নিকটে প্রতিজ্ঞা করিতে লাগিলেন—॥২৩—২৭॥

(২৩) তেঽবনদ্ধতনুত্রাণা ঘৃতাক্তকুশচীরিণঃ। মৌঞ্জীমেখলিনঃ···পি।

শৃণ্বতাং সর্ব্বভূতানামুচ্চৈর্বাচো বভাষিরে।
সর্ব্বে ধনঞ্জয়বধে প্রতিজ্ঞাঞ্চাপি চক্রিরে ॥২৮॥
যে বৈ লোকাশ্চানৃতিনাং যে চৈব ব্রহ্মঘাতিনাম্।
মদ্যপস্য চ যে লোকা গুরুদাররতস্য চ ॥২৯॥
ব্রহ্মস্বহারিণশ্চৈব রাজপিণ্ডাপহারিণঃ।
শরণাগতঞ্চ ত্যজতো যাচমানং তথা হতঃ ॥৩০॥
অগারদাহিনাঞ্চৈব যে চ গাং নিঘ্নতামপি।
অপকারিণাঞ্চ যে লোকা যে চ ব্রহ্মদ্বিষামপি ॥৩১॥
স্বভার্য্যামৃত্যুকালেষু মোহাদ্বৈ নাভিগচ্ছতাম্।
শ্রাদ্ধমৈথুনিকানাঞ্চ যে চাপ্যাত্মাপহারিণাম্ ॥৩২॥
ন্যাসাপহারিণাং যে চ শ্রুতং নাশয়তাঞ্চ যে।
ক্লীবেন যুধ্যমানানাং যে চ নীচানুসারিণাম্ ॥৩৩॥
নাস্তিকানাঞ্চ যে লোকা যেঽগ্নিমাতৃপিতৃত্যজাম্।
তানাপ্নুয়ামহে লোকান্ যে চ পাপকৃতামপি ॥৩৪॥
যদ্যহত্বা বয়ং যুদ্ধে নিবর্ত্তেম ধনঞ্জয়ম্।
তেন চাভ্যর্দ্দিতাস্ত্রাসাদ্ভবেমহি পরাঙ্মুখাঃ ॥৩৫॥ (কুলকম্)

শৃণ্বতামিতি। বাচো বক্ষ্যমাণাঃ। সর্ব্বে তে বীরাঃ ॥২৮॥

য ইতি। লোকা নরকাঃ, অনৃতিনাং মিথ্যাপরায়ণানাম্। মদ্যপস্য মদ্যপায়িনঃ। রাজপিণ্ডাপহারিণো রাজদত্তপরবৃত্তিচ্ছেদিনঃ। হতো বিনাশয়তঃ। অগারদাহিনাং পরগৃহদাহকারিণাম্। ব্রহ্মদ্বিষাং বেদবিদ্বেষিণাম্। শ্রাদ্ধে শ্রাদ্ধদিবসে মৈথুনিকানাং স্ত্রীগামিনাম্, আত্মাপহারিণাং ব্যয়কুণ্ঠিতত্বাদাত্মসুখনাশকানাম্। শ্রুতং দানায় পরেণ প্রতিশ্রুতং বস্তু, নাশয়তাং নিবর্ত্তয়তাম্। ক্লীবেন নিস্তেজসা দুর্ব্বলেন সহ। নীচানুসারিণাং চাণ্ডালাদিচরিত্রানুবর্ত্তিনাম্। অগ্নিরত্র শ্রৌতবিধানেন নিত্যহোমায় স্থাপিতঃ। আপ্নুয়ামহে প্রাপ্নুমঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ। পাপকৃতাম্ অন্যবিধপাপকারিণাম্। ভবেমহি ভবেম ॥২৯—৩৫॥

আর তাঁহারা সকলে সমস্ত লোকের সমক্ষে উচ্চস্বরে এই কথাগুলি বলিতে থাকিলেন এবং অর্জুনবধে প্রতিজ্ঞা করিতে লাগিলেন—॥২৮॥

'আমরা যুদ্ধে অর্জুনকে বধ না করিয়া যদি ফিরিয়া আসি, কিংবা অর্জুনকর্ত্তৃক নিপীড়িত হইয়া যদি ভয়বশতঃ পরাঙ্মুখ হই, তবে মিথ্যাপরায়ণ,

(২৯) যে বৈ লোকাশ্চানৃতিনাম্…বা ব রা নি। (৩০)…যাচমানাংস্তথা হতাম্—পি। (৩১)…অপচারিণাঞ্চ যে লোকাঃ…পি। (৩২) স্বজায়ামৃত্যুকালেষু যে মোহান্নাভিগচ্ছতাম্ …পি।

যদি ত্বসুকরং লোকে কর্ম্ম কুর্য্যাম সংযুগে।
ইষ্টাল্লোঁকান্ প্রাপ্নুয়ামো বয়মদ্য ন সংশয়ঃ ॥৩৬॥
এবমুক্ত্বা তদা রাজন্! তেঽভ্যবর্ত্তন্ত সংযুগে।
আহ্বয়ন্তোঽর্জ্জুনং বীরাঃ পিতৃজুষ্টাং দিশং প্রতি ॥৩৭॥
আহূতস্তৈর্নরব্যাঘ্রঃ পার্থঃ পরপুরঞ্জয়ঃ।
ধর্ম্মরাজমিদং বাক্যমপদান্তরমব্রবীৎ ॥৩৮॥
আহূতো ন নিবর্ত্তেয়মিতি মে ব্রতমাহিতম্।
সংশপ্তকাশ্চ মাং রাজন্! আহ্বয়ন্তি মহামৃধে ॥৩৯॥

যদীতি। অসুকরম্ অন্যৈর্দুষ্করম্। প্রাপ্নুয়ামঃ প্রাপ্নুমঃ। ঈদৃশশপথকরণাদেবামীষাং সংশপ্তক ইতি সংজ্ঞা, সম্যক্ শপ্তং শপথো যেষাং ত ইতি ব্যুৎপত্তেঃ। সংজ্ঞায়াঞ্চ কপ্রত্যয়ঃ ॥৩৬॥

এবমিতি। অভ্যবর্ত্তন্ত উৎসুকা অভবন্। পিতৃভির্জুষ্টাং সেবিতাং দক্ষিণাম্ ॥৩৭॥

আহূত ইতি। অপদান্তরং পাদন্যাসব্যবধানমপি যথা ন স্যাত্তথা। পরেষামশ্রবণায়েতি ভাবঃ ॥৩৮॥

ব্রহ্মহত্যাকারী, মদ্যপায়ী ও গুরুপত্নীগামীদের যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয়; আর ব্রহ্মস্বহারী, রাজদত্তবৃত্তিচ্ছেদী, শরণাগতত্যাগী, প্রার্থি-হত্যাকারী, পরগৃহদাহী, গোঘাতী, পরাপকারী ও বেদবিদ্বেষীর যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয়; আবার যাহারা মোহবশতঃ ঋতুকালে নিজ-ভার্য্যা গমন না করে, যাহারা শ্রাদ্ধদিনে স্ত্রীসংসর্গ করে, যাহারা আত্মবঞ্চনা করে, যাহারা পরের গচ্ছিত দ্রব্য অপহরণ করে, যাহারা পরের প্রতিশ্রুত বস্তু নষ্ট করে, যাহারা দুর্ব্বলের সহিত যুদ্ধ করে, যাহারা নীচজাতির অনুসরণ করে, যাহারা নাস্তিক, যাহারা নিত্যহোমের জন্য স্থাপিত অগ্নি, পিতা ও মাতাকে ত্যাগ করে এবং যাহারা অন্যবিধ পাপ করে, তাহাদের যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয় ॥২৯—৩৫॥

পক্ষান্তরে আমরা যদি জগতে অন্যের দুষ্কর কার্য্য যুদ্ধে করিতে পারি, তবে যেন নিশ্চয়ই অভীষ্ট স্বর্গ লাভ করিতে সমর্থ হই ॥৩৬॥

রাজা! সেই বীরেরা তখন এইরূপ বলিয়া দক্ষিণদিকে যাইয়া যুদ্ধ করিবার জন্য অর্জ্জুনকে আহ্বান করিয়া সেই যুদ্ধের নিমিত্ত উৎসুক হইয়া রহিলেন ॥৩৭॥

তাঁহারা আহ্বান করিলে, নরশ্রেষ্ঠ ও শত্রুনগরবিজয়ী অর্জ্জুন অত্যন্ত নিকটে যাইয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৩৮॥

(৩৮)···নরব্যাঘ্রৈঃ···বা ব রা নি।

CENTRAL LIBRARY

এষ চ ভ্রাতৃভিঃ সার্দ্ধং সুশর্ম্মাহ্বয়তে রণে।
বধায় সগণস্যাস্য মামনুজ্ঞাতুমর্হসি ॥৪০॥
নৈতচ্ছক্নোমি সংসোঢ়ুমাহ্বানং পুরুষর্ষভ!।
সত্যং তে প্রতিজানামি হতান্ বিদ্ধি পরান্ যুধি ॥৪১॥

যুধিষ্ঠির উবাচ।

শ্রুতং তে তত্ত্বতস্তাত! যদ্দ্রোণস্য চিকীর্ষিতম্।
যথা তদনৃতং তস্য ভবেত্তত্ত্বং সমাচর ॥৪২॥
দ্রোণো হি বলবান্ শূরঃ কৃতাস্ত্রশ্চ জিতশ্রমঃ।
প্রতিজ্ঞাতঞ্চ তেনৈতদ্গ্রহণং মে মহারথ! ॥৪৩॥

অর্জ্জুন উবাচ।

অয়ং বৈ সত্যজিদ্রাজন্নস্য ত্বাং রক্ষিতা যুধি।
ধ্রিয়মাণে চ পাঞ্চাল্যে নাচার্য্যঃ কামমাপ্স্যতি ॥৪৪॥

আহূত ইতি। মে ময়া, ব্রতং নিয়মঃ, আহিতং ধৃতমাসীৎ ॥৩৯॥
এষ ইতি। সগণস্য অনুচরাদিসহিতস্য ॥৪০॥
নেতি। বিদ্ধি জানীহি, পরান্ সুশর্ম্মাদীন্ শত্রূন্ ॥৪১॥
শ্রুতমিতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টমিতি ভাবে ক্তঃ। অনৃতং মিথ্যা ॥৪২॥
দ্রোণ ইতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রঃ, জিতশ্রমঃ চিরযুদ্ধেঽপ্যপরিশ্রান্তঃ ॥৪৩॥

'রাজা! 'কেহ আমাকে যুদ্ধে আহ্বান করিলে, আমি নিবৃত্তি পাইব না' এইরূপ ব্রত আমি গ্রহণ করিয়াছি। অথ চ সংশপ্তকেরা মহাযুদ্ধে আমাকে আহ্বান করিতেছে ॥৩৯॥

আবার ভ্রাতাদের সহিত এই সুশর্ম্মাও আমাকে যুদ্ধে আহ্বান করিতেছেন। সুতরাং অনুচরগণের সহিত উঁহার বধের জন্য আপনি আমাকে অনুমতি করুন ॥৪০॥

পুরুষশ্রেষ্ঠ! আমি এই আহ্বান সহ্য করিতে পারিতেছি না। আপনার নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি যে, আপনি ঐ শত্রুগণকে যুদ্ধে নিহত বলিয়াই জানিয়া রাখুন' ॥৪১॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস! দ্রোণ যাহা করিবার ইচ্ছা করিয়াছেন, তাহা তুমি যথার্থরূপে শুনিয়াছ। সুতরাং যাহাতে তাঁহার তাহা মিথ্যা হয়, তুমি তাহাই কর ॥৪২॥

মহারথ! দ্রোণ বলবান্, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং চিরব্যায়ামেও অপরিশ্রান্ত। তিনিই আমাকে গ্রহণ করিবার এই প্রতিজ্ঞা করিয়াছেন' ॥৪৩॥

CENTRAL LIBRARY

হতে তু পুরুষব্যাঘ্রে রণে সত্যজিতি প্রভো ! ।
সর্বৈরপি সমেতৈর্ব্বা ন স্থাতব্যং কথঞ্চন ॥৪৫॥

সঞ্জয় উবাচ ।

অনুজ্ঞাতস্ততো রাজ্ঞা পরিষ্বক্তশ্চ ফাল্গুনঃ ।
প্রেম্ণা দৃষ্টশ্চ বহুধা হ্যাশিষশ্চাস্য যোজিতাঃ ॥৪৬॥
বিহায়ৈনং ততঃ পার্থস্ত্রিগর্ত্তান্ প্রত্যয়াদ্বলী ।
ক্ষুধিতঃ ক্ষুদ্বিঘাতার্থং সিংহো মৃগগণানিব ॥৪৭॥
ততো দৌর্য্যোধনং সৈন্যং মুদা পরময়া যুতম্ ।
ঋতেঽর্জুনং ভৃশং ক্রুদ্ধং ধর্ম্মরাজস্য নিগ্রহে ॥৪৮॥

অয়মিতি । ম্রিয়মাণে অবতিষ্ঠমানে জীবতি, পাঞ্চাল্যে সত্যজিতি ॥৪৪॥

হত ইতি । সমেতৈঃ সম্মিলিতৈরপি, ন স্থাতব্যং দ্রোণযুদ্ধে ; অপি তু অপসর্ত্তব্যমেব, অন্যথা দ্রোণাভীষ্টপূরণসম্ভব ইতি ভাবঃ । এতাবদন্ত একাদশদিবসীয়রাত্রিবৃত্তান্তঃ ॥৪৫॥

অন্বিতি । ততো রাত্রিপ্রভাতানন্তরম্, রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, পরিষ্বক্ত আলিঙ্গিতঃ, ফাল্গুনঃ অর্জ্জুনঃ । অস্য অর্জ্জুনস্যোপরি বহুধা আশিষশ্চ যোজিতাঃ কৃতাঃ ॥৪৬॥

বিহায়েতি । এনং যুধিষ্ঠিরম্ । অন্বাদগচ্ছৎ । ক্ষুদ্বিঘাতার্থং ক্ষুধানিবারণার্থম্ ॥৪৭॥

তত ইতি । ঋতে বিনা । ক্রুদ্ধমভবদিতি শেষঃ ॥৪৮॥

অর্জুন বলিলেন—'রাজা ! এই সত্যজিৎ আজ যুদ্ধে আপনাকে রক্ষা করিবেন । এই পাঞ্চালবীর জীবিত থাকিতে আচার্য্য অভীষ্টলাভ করিতে পারিবেন না ॥৪৪॥

কিন্তু প্রভু ! এই পুরুষশ্রেষ্ঠ সত্যজিৎ যুদ্ধে নিহত হইলে, আপনারা সকলে সম্মিলিত হইয়াও কোন প্রকারেই আর দ্রোণের যুদ্ধে থাকিবেন না' ॥৪৫॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর রাত্রি প্রভাত হইলে, রাজা যুধিষ্ঠির অর্জুনকে যুদ্ধে যাইবার অনুমতি দিলেন এবং আলিঙ্গন, সস্নেহ দর্শন ও বহুবিধ আশীর্বাদ করিলেন ॥৪৬॥

তৎপরে ক্ষুধার্ত্ত সিংহ যেমন ক্ষুধানিবারণের জন্য মৃগসমূহের প্রতি গমন করে, সেইরূপ বলবান্ অর্জুন ত্রিগর্ত্তগণের প্রতি গমন করিলেন ॥৪৭॥

ক্রমে অর্জুন চলিয়া যাওয়ায় দুর্য্যোধনের সৈন্যেরা অত্যন্ত আনন্দিত ও ক্রুদ্ধ হইয়া যুধিষ্ঠিরকে ধরিবার জন্য বিশেষভাবে সচেষ্ট হইল ॥৪৮॥

---

(৪৫)···ন স্থাতব্যং কদাচন—পি । (৪৬)···আশিষশ্চ প্রযোজিতাঃ—পি ।

ততোঽন্যোন্যেন তে সৈন্যে সমাজগ্মতুরোজসা।
গঙ্গাসরয়ূ বেগেন প্রাবৃষীবোল্বণোদকে ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে অর্জুনপ্রয়াণে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ষোড়শোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততঃ সংশপ্তকা রাজন্! সমে দেশে ব্যবস্থিতাঃ।
ব্যূহ্যানীকং রথৈরেব চন্দ্রার্দ্ধাখ্যং মুদা যুতাঃ ॥১॥
তে কিরীটিনমায়ান্তং দৃষ্ট্বা হর্ষেণ মারিষ!।
উদক্রোশন্ নরব্যাঘ্রাঃ শব্দেন মহতা তদা ॥২॥

তত ইতি। প্রাবৃষি বর্ষাকালে, উল্বণোদকে উদ্বেলিতজলে ॥৪৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। অনীকং স্বসৈন্যম্, ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥১॥

তাহার পর বর্ষাকালে উদ্বেলিতজল গঙ্গা ও সরযূনদী যেমন বেগে পরস্পর মিলিত হয়, সেইরূপ উভয়পক্ষের সেই সেনা দুইটা সতেজে যাইয়া মিলিত হইল' ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর সংশপ্তকেরা আনন্দিত হইয়া রথ-দ্বারাই আপন সৈন্যদিগকে অর্দ্ধচন্দ্রনামকব্যূহরূপে সন্নিবেশিত করিয়া সমতল ভূমিতে অবস্থান করিতে লাগিল ॥১॥

মাননীয় মহারাজ! তখন সেই নরশ্রেষ্ঠেরা অর্জুনকে আসিতে দেখিয়া আনন্দে বিশাল স্বরে তাঁহাকে আহ্বান করিতে থাকিল ॥২॥

---

(৪৯)···তে সেনে···পি। * '···ষোড়শোঽধ্যায়ঃ' ব, '···সপ্তদশোঽধ্যায়ঃ' বা নি।
(১) ব্যূঢ়ানীকং রথেনৈব চন্দ্রার্দ্ধাখ্যং মুদান্বিতাঃ—পি,···চন্দ্রাকারং মুদা যুতাঃ—বা, ব্যূঢ়ানীকৈ রথৈরেব চন্দ্রার্দ্ধাখ্যৈর্মুদা যুতাঃ—নি।

স শব্দঃ প্রদিশঃ সর্ব্বা দিশঃ খঞ্চ সমাবৃণোৎ।
আবৃতত্বাচ্চ লোকস্য নাসীত্তত্র প্রতিস্বনঃ ॥৩॥
সোঽতীব সংপ্রহৃষ্টাংস্তানুপলভ্য ধনঞ্জয়ঃ।
কিঞ্চিদভ্যুৎস্ময়ন্ কৃষ্ণমিদং বচনমব্রবীৎ ॥৪॥
পশ্যৈতান্ দেবকীমাতঃ! মুমূর্ষূনদ্য সংযুগে।
ভ্রাতৄংস্ত্রৈগর্ত্তকানেবং রোদিতব্যে প্রহর্ষিতান্ ॥৫॥
অথবা হর্ষকালোঽয়ং ত্রৈগর্ত্তানামসংশয়ম্।
কুনরৈর্দুরবাপান্ হি লোকান্ প্রাপ্স্যন্ত্যনুত্তমান্ ॥৬॥
এবমুক্ত্বা মহাবাহুর্হৃষীকেশং ততোঽর্জুনঃ।
আসসাদ রণে ব্যূঢ়াং ত্রিগর্ত্তানামনীকিনীম্ ॥৭॥
স দেবদত্তমাদায় শঙ্খং হেমপরিষ্কৃতম্।
দধ্মৌ বেগেন মহতা ঘোষেণাপূরয়ন্ দিশঃ ॥৮॥

ত ইতি। কিরীটিনমর্জুনম্। উদক্রোশন্ উচ্চৈরাহ্বয়ন্ ॥২॥
স ইতি। প্রদিশো বিদিশঃ। খমাকাশঞ্চ, সমাবৃণোৎ ব্যাপ্নোৎ ॥৩॥
স ইতি। উপলভ্য জ্ঞাত্বা। অভ্যুৎস্ময়ন্ কৃষ্ণাভিমুখমেব হসন্ ॥৪॥
পশ্যেতি। দেবকী মাতা যস্য তৎসম্বোধনম্, মুমূর্ষূন্ মর্ত্তুমিচ্ছূন্ ॥৫॥
অথবেতি। কুনরৈঃ পাপিমানুষৈঃ, দুরবাপান্ দুর্লভান্। অনুত্তমান্ সর্বোত্তমান্ ॥৬॥
এবমিতি। আসসাদ প্রাপ, ব্যূঢ়াং ব্যূহরূপেণ সন্নিবেশিতাম্ ॥৭॥

সেই শব্দ সমস্ত দিক্, বিদিক্ ও আকাশ ব্যাপ্ত করিল; তখন তাহাতে আর লোকের কর্ণে তাহার প্রতিধ্বনি প্রবেশ করিল না ॥৩॥

তখন অর্জুন তাহাদিগকে অত্যন্ত আনন্দিত দেখিয়া ঈষৎ হাস্য করিয়া কৃষ্ণকে এই কথা বলিলেন—॥৪॥

'কৃষ্ণ! দেখ—এই ত্রিগর্ত্তদেশীয় ভ্রাতারা আজ যুদ্ধে মরিবার ইচ্ছা করিতেছে। সুতরাং রোদন করিবার সময়ে আনন্দ প্রকাশ করিতেছে! ॥৫॥

অথবা এটা নিশ্চয়ই ত্রৈগর্ত্তগণের আনন্দের সময়। কারণ, ইহারা পাপী লোকের পক্ষে দুর্লভ সর্বোত্তম লোক লাভ করিবে ॥৬॥

মহাবাহু অর্জুন কৃষ্ণকে এইরূপ বলিয়া তাহার পর সমরাঙ্গনে ব্যূহরূপে সন্নিবেশিত ত্রিগর্ত্তসেনার নিকটে উপস্থিত হইলেন ॥৭॥

(৩) স দিশঃ প্রদিশঃ সর্বা নভশ্চৈব সমাবৃণোৎ···নি। (৫)···ত্রৈগর্ত্তকানেব···ব,··· ত্রৈগর্ত্তকানেতান্ নি। (৬)···প্রাপ্স্যন্তি সংযুগে—নি। (৭)···মহাবাহুম্···বা ব রা নি। (৮)···ফাল্গুনঃ পূরয়ন্ দিশঃ—পি।

তেন শব্দেন বিত্রস্তা সংশপ্তকবরূথিনী।
নিশ্চেষ্টাঽবস্থিতা সংখ্যে হ্যশ্মসারময়ী যথা ॥৯॥
বাহাস্তেষাং বিবৃত্তাক্ষাঃ স্তব্ধকর্ণশিরোধরাঃ।
বিষ্টব্ধচরণা মূত্রং রুধিরঞ্চ প্রসুস্রুবুঃ ॥১০॥
উপলভ্য চ তে সংজ্ঞামবস্থাপ্য চ বাহিনীম্।
যুগপৎ পাণ্ডুপুত্রায় চিক্ষিপুঃ কঙ্কপত্রিণঃ ॥১১॥
তান্যর্জুনঃ সহস্রাণি দশপঞ্চৈবমাশুগৈঃ।
অনাগতান্যেব শরৈশ্চিচ্ছেদাশু পরাক্রমী ॥১২॥
ততোঽর্জুনং শিতৈর্বাণৈর্দশভির্দশভিঃ পুনঃ।
প্রাবিধ্যন্ত ততঃ পার্থস্তামবিধ্যত্রিভিস্ত্রিভিঃ ॥১৩॥
একৈকস্তু ততঃ পার্থং রাজন্! বিব্যাধ পঞ্চভিঃ।
স চ তান্ প্রতিবিব্যাধ দ্বাভ্যাং দ্বাভ্যাং পরাক্রমী ॥১৪॥

স ইতি। দেবদত্তং নাম, হেমপরিষ্কৃতং স্বর্ণশোভিতম্ ॥৮॥
তেনেতি। সংশপ্তকানাং বরূথিনী সেনা। অশ্মসারময়ী যথা পাষাণসারনির্ম্মিতেব ॥৯॥
বাহা ইতি। বাহা অশ্বাঃ, বিবৃত্তাক্ষা ঘূর্ণিতনয়নাঃ। রুধিরং মুখাৎ ॥১০॥
উপেতি। অবস্থাপ্য স্থিরীকৃত্য। কঙ্কপত্রিণঃ কঙ্কপক্ষযুক্তান্ বাণান্ ॥১১॥
তানীতি। আশুগৈর্দ্রুতগামিভিঃ। ইদং নৈপুণ্যমিদানীমজ্ঞেয়মেব ॥১২॥
তত ইতি। প্রাবিধ্যন্ত প্রাবিধ্যন্ সংশপ্তকা ইতি শেষঃ ॥১৩॥

এবং তিনি স্বর্ণখচিত 'দেবদত্ত-'নামক শঙ্খ লইয়া মহাবেগে তাহার ধ্বনি করিলেন; সেই শব্দে সকল দিক্ পূর্ণ হইয়া গেল ॥৮॥

সংশপ্তকসেনা সেই শব্দে অত্যন্ত ভীত হইয়া সমরাঙ্গনে পাষাণময়ী প্রতিমার ন্যায় নিশ্চেষ্ট অবস্থায় অবস্থান করিতে লাগিল ॥৯॥

তাহাদের অশ্বগণ ঘূর্ণিতনয়ন, স্তব্ধকর্ণ, নিশ্চলকণ্ঠ ও নিস্পন্দচরণ হইয়া মূত্রত্যাগ ও রুধির বমন করিতে লাগিল ॥১০॥

ক্রমে তাহারা চৈতন্য লাভ করিয়া সৈন্যগণকে আশ্বাসদানপূর্ব্বক একদা অর্জুনের উপরে বহুতর বাণ নিক্ষেপ করিল ॥১১॥

তাহাদের সেই পঞ্চদশ সহস্র বাণ না আসিতেই পরাক্রমশালী অর্জুন দ্রুত-গামী বাণসমূহদ্বারা সত্বরই সেগুলিকে ছেদন করিয়া ফেলিলেন ॥১২॥

তাহার পর তাহারা আবার দশ দশটা সুধার বাণদ্বারা অর্জুনকে বিদ্ধ করিল; অর্জুনও তিন তিনটা বাণদ্বারা তাহাদিগকে তাড়ন করিলেন ॥১৩॥

(১১) উপলভ্য ততঃ সংজ্ঞাম্·· বা ব রা নি।

ভূয় এব তু সংক্রুদ্ধাস্ত্বর্জুনং সহকেশবম্ ।
আপূরয়ন্ শরৈস্তীক্ষ্ণৈস্তড়াগমিব বৃষ্টিভিঃ ॥১৫॥
ততঃ শরসহস্রাণি প্রাপতন্নর্জুনং প্রতি ।
ভ্রমরাণামিব ব্রাতাঃ ফুল্লং দ্রুমগণং বনে ॥১৬॥
ততঃ সুবাহুস্ত্রিংশদ্ভিরদ্রিসারময়ৈর্দৃঢ়ৈঃ ।
অবিধ্যদিষুভির্গাঢ়ং কিরীটে সব্যসাচিনম্ ॥১৭॥
তৈঃ কিরীটী কিরীটস্থৈর্হেমপুঙ্খৈরজিহ্মগৈঃ ।
শাতকুম্ভময়াপীড়ো বভৌ যূপ ইবোচ্ছ্রিতঃ ॥১৮॥
হস্তাবাপং সুবাহোস্তু ভল্লেন যুধি পাণ্ডবঃ ।
চিচ্ছেদ তঞ্চৈব পুনঃ শরবর্ষৈরবাকিরৎ ॥১৯॥

একৈক ইতি। সংশপ্তকানামেকৈক ইত্যর্থঃ। পঞ্চভিরিত্যত্র বীপ্সাবগন্তব্যা ॥১৪॥
ভূয় ইতি। আপূরয়ন্ ব্যাপ্নুবন্। বৃষ্টিভির্মেঘা ইতি শেষঃ ॥১৫॥
তত ইতি। ব্রাতাঃ সমূহাঃ। ফুল্লমিত্যনেনার্জুনস্য রক্তাক্তত্বং ব্যজ্যতে ॥১৬॥
তত ইতি। অদ্রিসারময়ৈর্লৌহময়ৈঃ। ইষুভির্বাণৈঃ ॥১৭॥
তৈরিতি। শাতকুম্ভময়ঃ স্বর্ণময় আপীড়ঃ শেখরো যস্য সঃ ॥১৮॥
হস্তেতি। হস্তাবাপং ধনুর্গুণাঘাতনিবারণার্থং ধৃতং হস্তয়োশ্চর্ম্মাবরণম্ ॥১৯॥

রাজা! তাহার পর সংশপ্তকেরা এক এক জন পাঁচ পাঁচটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিল; আবার পরাক্রমশালী অর্জ্জুনও তাহাদের প্রত্যেককে দুই দুইটা বাণদ্বারা প্রতিবিদ্ধ করিলেন ॥১৪॥

পরে মেঘ যেমন বৃষ্টিদ্বারা জলাশয়কে ব্যাপ্ত করে, সেইরূপ সংশপ্তকেরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পুনরায় তীক্ষ্ণ বাণসমূহদ্বারা কৃষ্ণের সহিত অর্জ্জুনকে ব্যাপ্ত করিয়া ফেলিল ॥১৫॥

তদনন্তর ভ্রমরসমূহ যেমন বনে পুষ্পিত বৃক্ষসমূহের উপরে পতিত হয়, সেইরূপ সহস্র সহস্র বাণ যাইয়া অর্জ্জুনের উপরে পতিত হইতে লাগিল ॥১৬॥

তৎপরে সুবাহু লৌহময় দৃঢ় ত্রিশটা বাণদ্বারা অর্জ্জুনের মুকুটখানাকে গাঢ়ভাবে বিদ্ধ করিলেন ॥১৭॥

তৎকালে স্বর্ণময়শেখরযুক্ত উত্তোলিত যজ্ঞীয় যূপকাষ্ঠ যেরূপ শোভা পায়, সেইরূপ অর্জ্জুনও মুকুটস্থিত স্বর্ণপুঙ্খ সেই বাণগুলিদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥১৮॥

(১৫) ভূয় এব তু সংরব্ধাঃ…পি। (১৬)…ফুল্লদ্রুমগণে বনে—পি। (১৭)…অদ্রিসার-ময়ৈঃ শরৈঃ…বা ব রা নি।

ততঃ সুশর্ম্মা দশভিঃ সুরথশ্চ কিরীটিনম্।
সুধর্ম্মা সুধনুশ্চৈব সুবাহুশ্চ সমার্পয়ৎ ॥২০॥
তাংস্তু সর্ব্বান্ পৃথগ্বাণৈর্বানরপ্রবরধ্বজঃ।
প্রত্যবিধ্যদ্ধ্বজাংশ্চৈষাং ভল্লৈশ্চিচ্ছেদ সায়কান্ ॥২১॥
সুধন্বনো ধনুশ্ছিত্ত্বা হয়াংশ্চাস্যাবধীচ্ছরৈঃ।
অথাস্য সশিরস্ত্রাণং শিরঃ কায়াদপাহরৎ ॥২২॥
তস্মিন্ নিপতিতে বীরে ত্রস্তাস্তস্য পদানুগাঃ।
ব্যদ্রবন্ত ভয়াদ্ভীতা যত্র দৌর্য্যোধনং বলম্ ॥২৩॥
ততো জঘান সংক্রুদ্ধো বাসবিস্তাং মহাচমূম্।
শরজালৈরবিচ্ছিন্নৈস্তমঃ সূর্য্য ইবাংশুভিঃ ॥২৪॥
ততো ভগ্নে বলে তস্মিন্ বিপ্রলীনে সমন্ততঃ।
সব্যসাচিনি সংক্রুদ্ধে ত্রৈগর্ত্তান্ ভয়মাবিশৎ ॥২৫॥

তত ইতি। দশভিঃ প্রত্যেকং দ্বাভ্যাং দ্বাভ্যাম্। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥২০॥
তানিতি। বানরপ্রবরো হনুমান্ ধ্বজে যস্য সঃ অর্জ্জুনঃ ॥২১॥
সুধন্বন ইতি। শিরস্ত্রাণেন মস্তকরক্ষকাবরণবিশেষেণ সহেতি তৎ ॥২২॥
তস্মিন্নিতি। ত্রস্তাস্ত্রাসেনাস্থিরচিত্তাঃ, পদানুগা অনুচরাঃ ॥২৩॥
তত ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। তমঃ অন্ধকারম্ ॥২৪॥

ক্রমে অর্জ্জুন একটা ভল্লদ্বারা যুদ্ধে সুবাহুর হস্তাবাপ ছেদন করিলেন, পুনরায় বাণবর্ষণদ্বারা সুবাহুকে আবৃত করিয়া ফেলিলেন ॥১৯॥

তাহার পর সুশর্ম্মা, সুরথ, সুধর্ম্মা, সুধনু ও সুবাহু ইহারা প্রত্যেকে দুই দুইটা বাণদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিলেন ॥২০॥

তখন অর্জ্জুন বাণদ্বারা তাঁহাদের সকলকে পৃথক্ পৃথক্ ভাবে প্রতিবিদ্ধ করিলেন এবং ভল্লদ্বারা ধ্বজ ও বাণগুলিকে ছেদন করিয়া ফেলিলেন ॥২১॥

এবং তিনি বাণদ্বারা সুধন্বার ধনু ছেদন করিয়া অশ্বগুলিকে বধ করিলেন; পরে শিরস্ত্রাণের সহিত সুধন্বার মস্তকটাকে দেহ হইতে অপহরণ করিলেন ॥২২॥

সেই বীর নিপতিত হইলে, তাঁহার অনুচরগণ উদ্বেগে অস্থির ও ভয়ে ভীত হইয়া যেখানে দুর্য্যোধনের সৈন্য ছিল, সেইখানে পলায়ন করিতে লাগিল ॥২৩॥

তাহার পর সূর্য্য যেমন কিরণদ্বারা অন্ধকার বিনষ্ট করেন, সেইরূপ অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অবিচ্ছিন্ন শরজালদ্বারা সেই বিশাল সেনা বিনষ্ট করিতে থাকিলেন ॥২৪॥

(২২)···কায়াদপাতয়ৎ—নি। (২৩)···রণাদ্ভীতা যেন দৌর্য্যোধনং বলম্—পি।

তে বধ্যমানাঃ পার্থেন শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
অমুহ্যংস্তত্র তত্রৈব ত্রস্তা মৃগগণা ইব ॥২৬॥
ততস্ত্রিগর্ত্তরাট্ ক্রুদ্ধস্তানুবাচ মহারথান্।
অলং দ্রুতেন বঃ শূরা ন ভয়ং কর্ত্তুমর্হথ ॥২৭॥
শপ্ত্বা তু শপথান্ ঘোরান্ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ।
গত্বা দৌর্য্যোধনং সৈন্যং কিং বৈ বক্ষ্যথ মুখ্যশঃ ॥২৮॥
নাবহাস্যাঃ কথং লোকে কর্ম্মণানেন সংযুগে।
ভবেম সহিতাঃ সর্ব্বে নিবর্ত্তধ্বং যথাবলম্ ॥২৯॥
এবমুক্তাস্তু তে রাজন্! উদক্রোশন্ মুহুর্মুহুঃ।
শঙ্খাংশ্চ দধ্মিরে বীরা হর্ষয়ন্তঃ পরস্পরম্ ॥৩০॥

তত ইতি। বিপ্রলীনে লুক্কায়িতে। সব্যসাচিনি অর্জ্জুনে ॥২৫॥
ত ইতি। সন্নতানি বক্রাণি পর্ব্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈঃ ॥২৬॥
তত ইতি। ত্রিগর্ত্তরাট্ সুশর্ম্মা। দ্রুতেন পলায়িতেন। ভাবে ক্তঃ ॥২৭॥
শপ্ত্বেতি। শপ্ত্বা কৃত্বা। মুখ্যশো মুখ্যান্ প্রধানান্ বীরানিত্যর্থঃ ॥২৮॥
নেতি। অনেন পলায়নরূপেণ। যথাবলং দুর্ব্বলাস্তু পলায়ন্তামেবেতি ভাবঃ ॥২৯॥
এবমিতি। উদক্রোশন্ উচ্চৈঃ কোলাহলমকুর্বন্। দধ্মিরে বাদয়ামাসুঃ ॥৩০॥

তদনন্তর অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইলে এবং সেই সংশপ্তকসৈন্য ভগ্ন হইয়া সকল দিকে লুক্কায়িত হইতে থাকিলে, ত্রৈগর্ত্তগণের ভয় উপস্থিত হইল ॥২৫॥

এবং অর্জ্জুন নতপর্ব্ব বাণসমূহদ্বারা বধ করিতে লাগিলে, সংশপ্তকেরা হরিণগণের ন্যায় ভীত হইয়া সেই সেই স্থানে মোহিত হইতে লাগিল ॥২৬॥

তৎপরে ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা ক্রুদ্ধ হইয়া সেই মহারথগণকে বলিলেন—'বীরগণ! আপনারা পলায়ন করিবেন না; আপনাদের ভয় নাই ॥২৭॥

বীরগণ! আপনারা সমস্ত কৌরবসৈন্যের সমক্ষে ভয়ঙ্কর শপথ করিয়া এখন দুর্য্যোধনের সৈন্যের নিকটে যাইয়া পরে প্রধান বীরগণের নিকটে কি বলিবেন? ॥২৮॥

যুদ্ধে এই কার্য্যদ্বারা আমরা সকলে সম্মিলিত হইয়াই কি জগতে উপহাস্য হইব না? সুতরাং আপনারা শক্তি অনুসারে ফিরুন' ॥২৯॥

রাজা! সুশর্ম্মা এইরূপ বলিলে, সেই বীরগণ পরস্পরকে প্রহৃষ্ট করতঃ উচ্চস্বরে মুহুর্মুহুঃ কোলাহল ও শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥৩০॥

---

(২৮) শপ্ত্বাথ শপথান্…বা ব রা নি।

ততস্তে সংন্যবর্ত্তন্ত সংশপ্তকগণাঃ পুনঃ।
নারায়ণাশ্চ গোপালা মৃত্যুং কৃত্বানিবর্ত্তনম্ ॥৩১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে সুধন্বিনাশে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু সন্নিবৃত্তাংস্তান্ সংশপ্তকগণান্ পুনঃ।
বাসুদেবং মহাত্মানমর্জ্জুনঃ সমভাষত ॥১॥
চোদয়াশ্বান্ হৃষীকেশ! সংশপ্তকগণান্ প্রতি।
নৈতে হাস্যন্তি সংগ্রামং জীবন্ত ইতি মে মতিঃ ॥২॥

তত ইতি। নারায়ণাঃ কৃষ্ণেন দুর্য্যোধনায় দত্তা নারায়ণাখ্যাঃ, গোপালা গোপজাতীয়া ইত্যুদ্যোগপর্ব্বণ্যুক্তম্। ন বিদ্যতে নিবর্ত্তনং যস্য তং সর্ব্বথা নিশ্চিতমিত্যর্থঃ। এতেন সা নারায়ণী সেনাপি তদানীং সংশপ্তকান্তর্নিবিষ্টেতি প্রত্যেতব্যম্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

দৃষ্ট্বেতি। সন্নিবৃত্তান্ যোদ্ধুমেবেতি ভাবঃ ॥১॥
চোদয়েতি। চোদয় সঞ্চালয়। এতে সংশপ্তকাঃ, হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥২॥

তাহার পর সেই সংশপ্তকেরা এবং গোপজাতীয় নারায়ণসৈন্যেরা মৃত্যু স্থির করিয়া পুনরায় ফিরিল' ॥৩১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই সংশপ্তকেরা আবার ফিরিয়াছে দেখিয়া অর্জ্জুন মহাত্মা কৃষ্ণকে কহিলেন—॥১॥

'কৃষ্ণ! অশ্বগুলিকে সংশপ্তকগণের দিকে চালাইয়া দাও। ইহারা জীবিত থাকিতে যুদ্ধ ত্যাগ করিবে না, ইহাই আমার ধারণা ॥২॥

---

* '...সপ্তদশোঽধ্যায়ঃ' ব, '...অষ্টাদশোঽধ্যায়ঃ' বা রা নি। (১)...অর্জ্জুনঃ প্রত্যভাষত—পি।

পশ্য মেঽস্ত্রবলং ঘোরং বাহ্বোরিষ্বসনস্য চ।
অদ্যৈতান্ পাতয়িষ্যামি ক্রুদ্ধো রুদ্রঃ পশূনিব ॥৩॥
ততঃ কৃষ্ণঃ স্মিতং কৃত্বা প্রতিনন্দ্য শিবেন তম্।
প্রাবেশয়ত দুর্দ্ধর্ষো যত্র যত্রৈচ্ছদর্জ্জুনঃ ॥৪॥
স রথো ভ্রাজতেঽত্যর্থমুহ্যমানো রণে তদা।
উহ্যমানমিবাকাশে বিমানং পাণ্ডুরৈর্হয়ৈঃ ॥৫॥
মণ্ডলানি ততশ্চক্রে গতপ্রত্যাগতানি চ।
যথা শক্ররথো রাজন্! যুদ্ধে দেবাসুরে পুরা ॥৬॥
অথ নারায়ণাঃ ক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
ছাদয়ন্তঃ শরব্রাতৈঃ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥৭॥
অদৃশ্যঞ্চ মুহূর্ত্তেন চক্রুস্তে ভরতর্ষভ!।
কৃষ্ণেন সহিতং যুদ্ধে কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্ ॥৮॥

পশ্যেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বসনং ধনুস্তস্য ॥৩॥
তত ইতি। স্মিতম্ ঈষদ্ধাস্যম্, প্রতিনন্দ্য প্রহর্ষ্য, শিবেন প্রসন্নেন দর্শনেন ॥৪॥
স ইতি। ভ্রাজতে শোভতে স্ম, উহ্যমানঃ শ্বেতৈরশ্বৈঃ ॥৫॥
মণ্ডলানীতি। মণ্ডলানি গোলাকারভ্রমণানি, চক্রে স রথঃ ॥৬॥
অথেতি। নারায়ণাস্তদাখ্যাঃ প্রাগুক্তাঃ সৈন্যাঃ। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৭॥
অদৃশ্যমিতি। অদৃশ্যঞ্চ চক্রুঃ তৈঃ শরব্রাতৈরিতি শেষঃ ॥৮॥

আমার অস্ত্রের, বাহুযুগলের ও ধনুর ভয়ঙ্কর বল দেখ। ক্রুদ্ধ রুদ্র যেমন পশুগণকে নিপাত করেন, সেইরূপ আমিও আজ ইহাদিগকে নিপাত করিব' ॥৩॥

তাহার পর দুর্দ্ধর্ষ কৃষ্ণ ঈষৎ হাস্য ও মঙ্গলময় দৃষ্টিপাতে অর্জুনকে আনন্দিত করিয়া—অর্জুন যেখানে যেখানে যাইতে ইচ্ছা করিতে লাগিলেন, সেইখানে সেইখানে রথ চালাইতে থাকিলেন ॥৪॥

তখন পাণ্ডুরবর্ণ-ঘোটক-চালিত বিমান যেমন আকাশে শোভা পায়, সেইরূপ শ্বেতবর্ণ-ঘোটক-চালিত সেই রথ সমরাঙ্গনে অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৫॥

রাজা! তাহার পর পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে ইন্দ্রের রথের ন্যায় সেই রথখানা মণ্ডলাকারে ভ্রমণ, গমন ও প্রত্যাগমন করিতে থাকিল ॥৬॥

তাহার পর নানাবিধ অস্ত্রধারী সেই নারায়ণসৈন্যেরা ক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বারা অর্জুনকে আচ্ছাদন করতঃ তাঁহাকে পরিবেষ্টন করিল ॥৭॥

(৩) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (৪)···অভিনন্দ্য শিবেন তম্···পি।

ক্রুদ্ধস্তু ফাল্গুনঃ সংখ্যে দ্বিগুণীকৃতবিক্রমঃ।
গাণ্ডীবং ধনুরাম্মৃজ্য তূর্ণং জগ্রাহ সংযুগে ॥৯॥
বদ্ধা চ ভ্রুকুটিং বক্ত্রে ক্রোধস্য প্রতিলক্ষণম্।
দেবদত্তং মহাশঙ্খং পূরয়ামাস পাণ্ডবঃ ॥১০॥
অথাস্ত্রমরিসংঘঘ্নং ত্বাষ্ট্রমভ্যস্যদর্জ্জুনঃ।
ততো রূপসহস্রাণি প্রাদুরাসন্ পৃথক্ পৃথক্ ॥১১॥
আত্মনঃ প্রতিরূপৈস্তৈর্নানারূপৈর্বিমোহিতাঃ।
অন্যোন্যমর্জ্জুনং মত্বা স্বমাত্মানঞ্চ জঘ্নিরে ॥১২॥
অয়মর্জ্জুনোঽয়ং গোবিন্দ ইমৌ যাদবপাণ্ডবৌ।
ইতি ব্রুবাণাঃ সংমূঢ়া জঘ্নুরন্যোন্যমাহবে ॥১৩॥
মোহিতাঃ পরমাস্ত্রেণ ক্ষয়ং জগ্মুঃ পরস্পরম্।
অশোভন্ত রণে যোধাঃ পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥১৪॥

ক্রুদ্ধ ইতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। আমৃজ্যেতি ধানুষ্কস্বভাব উক্তঃ ॥৯॥
বদ্ধেতি। পূরয়ামাস মুখবায়ুনা, পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥১০॥
অথেতি। ত্বাষ্ট্রং ত্বষ্টুঃ প্রজাপতের্লব্ধম্, অভ্যস্যৎ সমন্বান্যক্ষিপৎ ॥১১॥
আত্মন ইতি। প্রতিরূপৈঃ প্রতিমূর্ত্তিভিঃ। স্বং স্বপক্ষম্ ॥১২॥
অয়মিতি। অত্র প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। সংমূঢ়া বিপক্ষাঃ ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ! তাহারা মুহূর্ত্তকালমধ্যে বাণসমূহদ্বারা যুদ্ধে কৃষ্ণের সহিত কুন্তীনন্দন অর্জ্জুনকে একেবারে অদৃশ্য করিয়া ফেলিল ॥৮॥

তখন অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া যুদ্ধবিষয়ে দ্বিগুণ বিক্রম করিয়া মার্জনপূর্ব্বক সত্বর গাণ্ডীবধনু ধারণ করিলেন ॥৯॥

এবং তিনি মুখমণ্ডলে ক্রোধসূচক ভ্রুকুটী করিয়া 'দেবদত্ত-'নামক মহাশঙ্খের ধ্বনি করিলেন ॥১০॥

তৎপরে অর্জ্জুন শত্রুসমূহনাশক ত্বাষ্ট্র অস্ত্র নিক্ষেপ করিলেন। তদনন্তর পৃথক্ পৃথক্ ভাবে সহস্র সহস্র প্রতিমূর্ত্তি প্রাদুর্ভূত হইল ॥১১॥

তখন তাহারা আপনাদের অনুরূপ সেই সকল নানাবিধ প্রতিমূর্ত্তিদ্বারা মোহিত হইয়া পরস্পরকে অর্জ্জুন মনে করিয়া স্বপক্ষকে ও আত্মীয়কে বধ করিতে লাগিল ॥১২॥

'এই অর্জ্জুন, এই কৃষ্ণ' এবং 'ইহারাই কৃষ্ণ ও অর্জ্জুন' এইরূপ বলিতে থাকিয়া সেই সম্মোহিত সৈন্যেরা যুদ্ধে পরস্পর সংহার করিতে থাকিল ॥১৩॥

(১২)···অন্যোন্যেনার্জ্জুনং মত্বা···নি।

CENTRAL LIBRARY

ততঃ শরসহস্রাণি তৈর্বিমুক্তানি ভস্মসাৎ।
কৃত্বা তদস্ত্রং তান্ বীরাননয়দ্যমসাদনম্ ॥১৫॥
অথ প্রহস্য বীভৎসুর্ললিথান্ মালবানপি।
মাবেল্লকাংস্ত্রিগর্ত্তাংশ্চ যৌধেয়াংশ্চার্দ্দয়চ্ছরৈঃ ॥১৬॥
তে হন্যমানা বীরেণ ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ।
ব্যসৃজন্ শরজালানি পার্থে নানাবিধানি চ ॥১৭॥
ততো নৈবার্জুনস্তত্র ন রথো ন চ কেশবঃ।
প্রত্যদৃশ্যত ঘোরেণ শরবর্ষেণ সংবৃতঃ ॥১৮॥
ততস্তেঽলব্ধলক্ষ্যত্বাদন্যোন্যমভিচুক্রুশুঃ।
হতৌ কৃষ্ণাবিতি প্রীত্যা বাসাংস্যাদুধুবুস্তদা ॥১৯॥

মোহিতা ইতি। কেচিৎ ক্ষয়ং জগ্মুঃ, অপরে চ রক্তাক্তা অশোভন্ত ॥১৪॥
তত ইতি। বিমুক্তানি নিক্ষিপ্তানি। তৎ ত্বাষ্ট্রমস্ত্রং কর্ত্তু ॥১৫॥
অথেতি। বীভৎসুরর্জ্জুনঃ। ললিথাদয়স্তত্তদ্দেশীয়া যোদ্ধারঃ ॥১৬॥
ত ইতি। কালেন চোদিতাঃ প্রেরিতাঃ। পার্থে অর্জ্জুনে ॥১৭॥
তত ইতি। সংবৃত আবৃতঃ ॥১৮॥
তত ইতি। অলব্ধলক্ষ্যত্বাদদৃষ্টকৃষ্ণার্জ্জুনত্বাৎ। অভিচুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। আদুধুবুঃ বিকম্পয়ামাসুঃ ॥১৯॥

কতকগুলি সংশপ্তক অর্জ্জুনের পরমাস্ত্রে মোহিত হইয়া পরস্পর বিনাশ প্রাপ্ত হইল; অন্য সংশপ্তক যোদ্ধারা রক্তাক্তদেহ হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষ-সমূহের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৪॥

তাহার পর অর্জ্জুনের সেই ভীষণ অস্ত্র তাহাদের নিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ ভস্ম করিয়া সেই বীরগণকে যমালয়ে প্রেরণ করিল ॥১৫॥

তদনন্তর অর্জ্জুন হাস্য করিয়া বাণদ্বারা ললিথ, মালব, মাবেল্লক, ত্রিগর্ত্ত ও যৌধেয় বীরগণকে পীড়ন করিতে লাগিলেন ॥১৬॥

মহাবীর অর্জ্জুন বধ করিতে লাগিলে, কালপ্রেরিত সেই ক্ষত্রিয়েরাও অর্জ্জুনের প্রতি নানাবিধ শরজাল নিক্ষেপ করিতে থাকিলেন ॥১৭॥

তৎপরে ভয়ঙ্কর বাণবর্ষণে আবৃত হওয়ায় তখন অর্জ্জুন, তাঁহার রথ বা কৃষ্ণ দৃষ্টিগোচর হইতে লাগিলেন না ॥১৮॥

তখন কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিতে না পাওয়ায় তাঁহারা নিহত হইয়াছেন ইহা

(১৮) ন ধ্বজো নার্জ্জুনস্তত্র ··বা নি,···প্রত্যদৃশ্যন্ত···সংবৃতাঃ—পি ব। (১৯)···বাসাংসি দুধুবুস্তদা—পি।

ভেরীমৃদঙ্গশঙ্খাংশ্চ দধ্মুর্বীরাঃ সহস্রশঃ।
সিংহনাদরবাংশ্চোগ্রাংশ্চক্রিরে তত্র মারিষ! ॥২০॥
ততঃ প্রসিষিদে কৃষ্ণঃ খিন্নশ্চার্জ্জুনমব্রবীৎ।
ক্বাসি পার্থ! ন পশ্যে ত্বাং কচ্চিজ্জীবসি শত্রুহন্! ॥২১॥
তস্য তদ্বচনং শ্রুত্বা ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
বায়ব্যাস্ত্রেণ তৈরস্তাং শরবৃষ্টিমপাহরৎ ॥২২॥
ততঃ সংশপ্তকব্রাতান্ সাশ্বদ্বিপরথায়ুধান্।
উবাহ ভগবান্ বায়ুঃ শুষ্কপর্ণচয়ানিব ॥২৩॥
উহ্যমানাস্তু তে রাজন্! বহ্বশোভন্ত বায়ুনা।
প্রডীনাঃ পক্ষিণঃ কালে বৃক্ষেভ্য ইব মারিষ! ॥২৪॥
তাংস্তথা ব্যাকুলীকৃত্য ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
জঘান নিশিতৈর্বাণৈঃ সহস্রাণি শতানি চ ॥২৫॥

ভেরীতি। দধ্মুর্বাদয়ামাসুঃ। সিংহনাদা এব রবাস্তান্ ॥২০॥
তত ইতি। প্রসিষিদে ঘর্ম্মাক্তো বভূব, খিন্ন উদ্বেগেনাবসন্নঃ ॥২১॥
তস্যেতি। তৈঃ সংশপ্তকৈঃ, অস্তাং ক্ষিপ্তাম্। "অস্ত ক্ষপণে" ইত্যস্মাৎ ক্তঃ ॥২২॥
তত ইতি। সংশপ্তকানাং ব্রাতান্ সমূহান্। বায়ুরর্জ্জুনাস্ত্রসম্ভৃতঃ ॥২৩॥
উহ্যেতি। প্রডীনা আকাশং গতাঃ। "ডীঙ্ বিহায়সা গতৌ" ইত্যস্মাৎ ক্তঃ ॥২৪॥

ভাবিয়া সেই সংশপ্তকেরা আনন্দবশতঃ পরস্পর কোলাহল ও বসনান্দোলন করিতে লাগিল ॥১৯॥

এবং মাননীয় রাজা! সেই বীরেরা সহস্র সহস্র ভেরী, মৃদঙ্গ ও শঙ্খ বাজাইতে লাগিলেন, আর ভয়ঙ্কর সিংহনাদ করিতে থাকিলেন ॥২০॥

তাহার পর কৃষ্ণ ঘর্ম্মাক্তকলেবর ও উদ্বেগে অবসন্ন হইয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি কোথায় আছ? তোমাকে ত দেখিতে পাই না, শত্রুহন্তা! তুমি জীবিত আছ ত?' ॥২১॥

কৃষ্ণের সেই কথা শুনিয়া অর্জ্জুন ত্বরান্বিত হইয়া বায়ব্যাস্ত্রদ্বারা তাহাদের নিক্ষিপ্ত বাণবৃষ্টি নিবারণ করিলেন ॥২২॥

তদনন্তর প্রবল বায়ু উপস্থিত হইয়া হস্তী, অশ্ব, রথ ও অস্ত্রের সহিত সংশপ্তকগণকে শুষ্ক পত্রসমূহের ন্যায় বহন করিতে লাগিল ॥২৩॥

মাননীয় রাজা! প্রবল ঝড়ের সময়ে বৃক্ষ হইতে উড্ডীন পক্ষিগণের ন্যায় সংশপ্তকেরা বায়ুকর্ত্তৃক নীত হইয়া বিশেষ শোভা পাইতে থাকিল ॥২৪॥

(২১)…ন পশ্যামি কচ্চিৎ…নি। (২২) তস্য তদ্বাদিতং শ্রুত্বা…বা ব রা নি।

শিরাংসি ভল্লৈরহরদ্বাহূনপি চ সায়ুধান্ ।
হস্তিহস্তোপমাংশ্চোরূন্ শরৈরুর্ব্যামপাতয়ৎ ॥২৬॥
পৃষ্ঠচ্ছিন্নান্ বিচরণান্ বিমস্তকদৃগঙ্গুলীন্ ।
নানাঙ্গাবয়বৈর্হীনাংশ্চকারারীন্ ধনঞ্জয়ঃ ॥২৭॥
গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্ ।
শরৈর্বিশকলীকুর্ব্বংশ্চক্রে ব্যশ্বরথদ্বিপান্ ॥২৮॥
মুণ্ডতালবনানীব তত্র তত্র চকাশিরে ।
ছিন্না রথধ্বজব্রাতাঃ কেচিত্তত্র ক্বচিৎ ক্বচিৎ ॥২৯॥
সোত্তরায়ুধিনো নাগাঃ সপতাকাঙ্কুশধ্বজাঃ ।
পেতুঃ শক্রাশনিহতা দ্রুমবন্ত ইবাচলাঃ ॥৩০॥

তানিতি। ব্যাকুলীকৃত্য বায়ব্যাস্ত্রেণ বিহ্বলান্ কৃত্বা ॥২৫॥
শিরাংসীতি। হস্তিহস্তোপমান্ গজশুণ্ডাতুল্যান্। উর্ব্যাং ভূমৌ ॥২৬॥
পৃষ্ঠেতি। পৃষ্ঠে চ্ছিন্না ইতি পৃষ্ঠচ্ছিন্নাস্তান্। দৃশশ্চক্ষূংষি ॥২৭॥
গন্ধর্বেতি। কল্পিতান্ সজ্জিতান্। বিশকলীকুর্ব্বন্ খণ্ডখণ্ডীকুর্ব্বন্। সংশপ্তকানপি বিগতা অশ্বা রথা দ্বিপা হস্তিনশ্চ যেষাং তান্ তাদৃশান্ চক্রে ধনঞ্জয় ইত্যনুবৃত্তিঃ ॥২৮॥
মুণ্ডেতি। মুণ্ডানি শিরাংসি তালবনানি তালফলসমূহা ইব তানি, চকাশিরে ইব ॥২৯॥
সোত্তরেতি। উত্তরৈরুপরিস্থিতৈরায়ুধিভিরস্ত্রধারিভিঃ সহেতি তে, নাগা হস্তিনঃ ॥৩০॥

তাহাদিগকে সেইরূপ বিহ্বল করিয়া অর্জুন ত্বরান্বিত হইয়া সুধার বাণসমূহ-দ্বারা শত শত ও সহস্র সহস্র সংশপ্তককে বধ করিতে লাগিলেন ॥২৫॥

অর্জুন ভল্লদ্বারা সংশপ্তকগণের মস্তক ও অস্ত্রযুক্ত বাহু ছেদন করিতে থাকিলেন এবং বাণদ্বারা তাহাদের হস্তিশুণ্ডতুল্য উরুগুলিকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিতে লাগিলেন ॥২৬॥

ক্রমে অর্জুন শত্রুগণকে পৃষ্ঠচ্ছিন্ন, চরণহীন, মস্তক, নয়ন, চক্ষু ও অঙ্গুলীশূন্য এবং নানা অঙ্গবিহীন করিতে থাকিলেন ॥২৭॥

অর্জুন বাণদ্বারা—যথাবিধানে সজ্জিত গন্ধর্ব্বনগরাকৃতি রথগুলিকে খণ্ড খণ্ড করতঃ সংশপ্তকগণকেও হস্তী, অশ্ব এবং রথবিহীন করিতে লাগিলেন ॥২৮॥

সেই সেই স্থানে তালফলসমূহের ন্যায় মস্তক সকল যেন শোভা পাইতে লাগিল এবং কোন কোন স্থানে কতকগুলি রথের ধ্বজ ছিন্ন দেখা যাইতে থাকিল ॥২৯॥

(২৬)···ভল্লৈরহনৎ···পি। (২৭)···বিচরণান্ বাহুপৃষ্ঠেক্ষণাকুলান্···পি।

চামরাপীড়কধরাঃ স্রস্তান্ত্রনয়নাসবঃ।
সারোহাস্তুরগাঃ পেতুঃ পার্থবাণহতাঃ ক্ষিতৌ ॥৩১॥
বিপ্রবিদ্ধাসিনারাচাশ্ছিন্নবর্ম্মর্ষ্টিশক্তয়ঃ।
পত্তয়শ্ছিন্নমর্ম্মাণঃ কৃপণাঃ শেরতে হতাঃ ॥৩২॥
তৈর্হতৈর্হন্যমানৈশ্চ পতদ্ভিঃ পতিতৈরপি।
ভ্রমদ্ভির্নিষ্টনদ্ভিশ্চ ক্রূরমায়োধনং বভৌ ॥৩৩॥
রজশ্চ সুমহজ্জাতং শান্তং রুধিরবৃষ্টিভিঃ।
মহী চাপ্যভবদ্দুর্গা কবন্ধশতসঙ্কুলা ॥৩৪॥
তদ্বভৌ রৌদ্রবীভৎসং বীভৎসোর্যানমাহবে।
আক্রীড়মিব রুদ্রস্য স্মৃতঃ কালাত্যয়ে পশূন্ ॥৩৫॥

চামরেতি। চামরাপীড়কধরাঃ চামররূপশেখরধারিণঃ, স্রস্তা নির্গতা অন্ত্রাণি নাড়ীবিশেষা নয়নানি চক্ষূংষি অসবঃ প্রাণাশ্চ যেষাং তে। সারোহা আরোহিসহিতাঃ ॥৩১॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধা নিপতিতা অসিনারাচা যেষাং তে। কৃপণা দীনাঃ ॥৩২॥

তৈরিতি। নিষ্টনদ্ভিরার্ত্তনাদং কুর্বদ্ভিঃ, ক্রূরং ভীষণম্, আয়োধনং যুদ্ধস্থলম্ ॥৩৩॥

রজ ইতি। রজো ধূলিঃ। শান্তং নিবৃত্তম্। দুর্গা দুর্গমা ॥৩৪॥

তদিতি। রৌদ্রং সংহারায় প্রবৃত্তত্বাদুগ্রঞ্চ তৎ বীভৎসং মাংসশোণিতাক্তত্বাদ্ঘৃণিতঞ্চেতি তৎ, বীভৎসোরর্জ্জুনস্য যানং রথঃ। আক্রীড়ং ক্রীড়াস্থানম্। কালাত্যয়ে প্রলয়ে ॥৩৫॥

অস্ত্রধারী আরোহীদের সহিত এবং পতাকা, অঙ্কুশ ও ধ্বজের সহিত হস্তী সকল বজ্রাহত বৃক্ষসমন্বিত পর্ব্বতসমূহের ন্যায় পতিত হইতে লাগিল ॥৩০॥

অর্জ্জুনের বাণে আহত হওয়ায় অশ্বগণের নাড়ী, নয়ন ও প্রাণ নির্গত হইতে থাকিল; তখন চামররূপ শেখরধারী সেই অশ্বগণ আরোহীদের সহিত ভূতলে পতিত হইতে লাগিল ॥৩১॥

অসি ও নারাচ নিপতিত এবং বর্ম্ম, ঋষ্টি, শক্তি ও মর্ম্ম ছিন্ন হইলে, পদাতিরা অবসন্ন ও নিহত হইয়া শয়ন করিতে থাকিল ॥৩২॥

সংশপ্তকেরা হত, হন্যমান, পতিত, পাত্যমান ও ঘূর্ণিত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিলে, সমরস্থলটা ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩৩॥

পূর্ব্বোৎপন্ন বিশাল ধূলিজাল রক্তবৃষ্টিতে নিবৃত্তি পাইল এবং বহুতর কবন্ধে পরিব্যাপ্ত সমরভূমি দুর্গম হইয়া পড়িল ॥৩৪॥

---

(৩১) চামরাপীড়কবচাঃ···বা ব রা নি,···স্রস্তান্ত্রনয়নাস্তথা···নি। (৩২) বিপ্রবিদ্ধাসি-নখরাঃ···পি বা ব রা,···ছিন্নবর্ম্মাণঃ···পি বা নি।

তে বধ্যমানাঃ পার্থেন ব্যাকুলাশ্বরথদ্বিপাঃ।
তমেবাভিমুখাঃ ক্ষীণাঃ শক্রস্যাতিথিতাং গতাঃ ॥৩৬॥
সা ভূমির্ভরতশ্রেষ্ঠ! নিহতৈস্তৈর্মহারথৈঃ।
আস্তীর্ণা সংবভৌ সর্বা প্রেতীভূতৈঃ সমন্ততঃ ॥৩৭॥
এতস্মিন্নন্তরে চৈব প্রমত্তে সব্যসাচিনি।
ব্যূঢ়ানীকস্ততো দ্রোণো যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৩৮॥
তং প্রত্যগৃহ্ণংস্ত্বরিতা ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
যুধিষ্ঠিরং পরীপ্সন্তস্তদাসীত্তুমুলং মহৎ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধে অর্জুনযুদ্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ত ইতি। তং পার্থমেব অভি লক্ষ্যীকৃত্য স্থিতানি মুখানি যেষাং তে ॥৩৬॥
সেতি। আস্তীর্ণা ব্যাপ্তা। প্রেতীভূতৈর্মৃতৈঃ ॥৩৭॥
এতস্মিন্নিতি। অন্তরে অবসরে, প্রমত্তে প্রকর্ষেণ রণমত্তে ॥৩৮॥
তমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। তুমুলং মহচ্চ যুদ্ধমিতি শেষঃ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

অর্জুনের সেই ভয়ঙ্কর ও বীভৎসাকৃতি রথখানা, প্রলয়কালে প্রাণিসংহারে প্রবৃত্ত রুদ্রের ক্রীড়াস্থানের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিল ॥৩৫॥

অর্জুন বধ করিতে লাগিলে, বিপক্ষের হস্তী, অশ্ব ও রথ সকল বিহ্বল হইয়া পড়িল; তথাপি সংশপ্তকেরা তাঁহার অভিমুখে যাইতে থাকিয়া বিনষ্ট হইয়া ইন্দ্রলোকে যাইতে থাকিল ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ! সেই সমগ্র সমরভূমিটাই সকল দিকে নিহত ও মৃত সেই মহারথগণদ্বারা ব্যাপ্ত হইয়া ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

এই সময়ে অর্জুন যুদ্ধে উন্মত্ত হইলে, ওদিকে দ্রোণ সৈন্য সজ্জিত করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

তখন পাণ্ডবপক্ষের যোদ্ধারাও যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সজ্জিত সৈন্য লইয়া সত্বর দ্রোণকে গ্রহণ করিলেন। সেই সময়ে তুমুল ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল' ॥৩৯॥

* '...অষ্টাদশোঽধ্যায়ঃ' ব, '...একোনবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

অষ্টাদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

পরিণাম্য নিশাং তাং তু ভারদ্বাজো মহারথঃ।
উক্ত্বা স্ববহু রাজেন্দ্র! বচনং বৈ সুযোধনম্ ॥১॥
বিধায় যোগং পার্থেন সংশপ্তকগণৈঃ সহ।
নিষ্ক্রান্তে চ তদা পার্থে সংশপ্তকবধং প্রতি ॥২॥
ব্যূঢ়ানীকস্ততো দ্রোণঃ পাণ্ডবানাং মহাচমূম্।
অভ্যয়াদ্ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মরাজজিঘৃক্ষয়া ॥৩॥ (বিশেষকম্)
ব্যূঢ়াং দৃষ্ট্বা সুপর্ণেন ভারদ্বাজস্য তাং চমূম্।
ব্যূহেন মণ্ডলার্দ্ধেন প্রত্যব্যূহদ্যুধিষ্ঠিরঃ ॥৪॥
মুখন্ত্বাসীৎ সুপর্ণস্য ভারদ্বাজো মহারথঃ।
শিরো দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ সানুগৈর্বৃতঃ ॥৫॥

পরীতি। পরিণাম্য অতিবাহ্য। ভারদ্বাজো দ্রোণঃ। বচনং তদ্দিনযুদ্ধবিষয়কম্। পার্থেন পার্থস্য। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ। ধর্ম্মরাজস্য জিঘৃক্ষয়া গ্রহীতুমিচ্ছয়া ॥১—৩॥
ব্যূঢ়ামিতি। সুপর্ণেন গরুড়েন গরুড়াকারেণ। মণ্ডলার্দ্ধেন অর্দ্ধচন্দ্রাকারেণ ॥৪॥
মুখমিতি। সুপর্ণস্য কৌরবপক্ষীয়গরুড়ব্যূহস্য। সানুগৈরনুচরসহিতৈঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ রাজেন্দ্র! এদিকে ভরদ্বাজনন্দন মহারথ দ্রোণ সেই রাত্রি অতিবাহিত করিয়া, যুদ্ধবিষয়ে দুর্য্যোধনকে বহু কথা বলিয়া, সংশপ্তকগণের সহিত অর্জ্জুনের সংযোগ ঘটাইয়া, অর্জুন তখন সংশপ্তকদিগের বধের জন্য শিবির হইতে নির্গত হইয়া গেলে আপন সৈন্যদিগকে ব্যূহরূপে সজ্জিত করিয়া, যুধিষ্ঠিরকে ধরিবার ইচ্ছায় পাণ্ডবগণের বিশাল সৈন্যের দিকে চলিলেন ॥১—৩॥

দ্রোণের সেই সৈন্যকে গরুড়ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া যুধিষ্ঠিরও আপন সৈন্যগণকে অর্দ্ধচন্দ্রাকারে প্রতিব্যূহিত করিলেন ॥৪॥

মহারথ স্বয়ং দ্রোণ সেই গরুড়ব্যূহের মুখ হইলেন এবং রাজা দুর্য্যোধন সহোদরগণ ও অনুচরগণে বেষ্টিত হইয়া তাহার মস্তকস্থানে রহিলেন ॥৫॥

(৩)···ধর্ম্মরাজজিঘাংসয়া—পি।

CENTRAL LIBRARY

চক্ষুষী কৃতবর্ম্মা চ গৌতমশ্চাস্ত্রতাং বরঃ।
ভূতশর্ম্মা ক্ষেমশর্ম্মা করকাক্ষশ্চ বীর্য্যবান্ ॥৬॥
কলিঙ্গাঃ সিংহলাঃ প্রাচ্যাঃ শূরাভীরা দশেরকাঃ।
শকা যবনকাম্বোজাস্তথা হংসপথাশ্চ যে ॥৭॥
গ্রীবায়াং শূরসেনাশ্চ দরদা মদ্রকেকয়াঃ।
গজাশ্বরথপত্ত্যোঘাস্তস্থুঃ পরমদংশিতাঃ ॥ ॥ (বিশেষকম্)
ভূরিশ্রবাস্তথা শল্যঃ সোমদত্তশ্চ বাহ্লিকঃ।
অক্ষৌহিণ্যা বৃতা বীরা দক্ষিণং পার্শ্বমাস্থিতাঃ ॥৯॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বামং পার্শ্বং সমাশ্রিত্য দ্রোণপুত্রাগ্রতঃ স্থিতাঃ ॥১০॥
পৃষ্ঠে কলিঙ্গাঃ সাম্বষ্ঠা মাগধাঃ পৌণ্ড্রমদ্রকাঃ।
গান্ধারাঃ শকুনাঃ প্রাচ্যাঃ পার্বতীয়া বশাতয়ঃ ॥১১॥
পুচ্ছে বৈকর্ত্তনঃ কর্ণঃ সপুত্রজ্ঞাতিবান্ধবঃ।
মহত্যা সেনয়া তস্থৌ নানাজনপদোত্থয়া ॥১২॥

চক্ষুষীতি। গৌতমঃ কৃপঃ, অস্ত্রতাম্ অস্ত্রাণি ক্ষিপতাং মধ্যে বরঃ। শূরা যে আভীরা-স্তদ্দেশীয়াস্তে। পরমদংশিতা অতীবসুসন্নদ্ধাঃ ॥৬—৮॥

ভূরীতি। দক্ষিণং পার্শ্বং তস্য গরুড়ব্যূহস্য, আস্থিতা আশ্রিতাঃ ॥৯॥

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। দ্রোণপুত্রস্য অশ্বত্থাম্নঃ অগ্রতঃ স্থিতাঃ ॥১০॥

পৃষ্ঠ ইতি। কলিঙ্গাদয়ো ভাগশো গ্রীবাপৃষ্ঠয়োঃ স্থিতা ইতি ন পূর্বোক্তিবিরোধঃ ॥১১॥

কৃতবর্ম্মা ও ধনুর্দ্ধরশ্রেষ্ঠ কৃপ সেই ব্যূহের নয়নযুগল হইলেন; আর বলবান্ ভূতশর্ম্মা, ক্ষেমশর্ম্মা, করকাক্ষ এবং কলিঙ্গ, সিংহল, প্রাচ্য, বীর আভীর, দশেরক, শক, যবন, কাম্বোজ, হংসপথ, শূরসেন, দরদ, মদ্র ও কেকয়দেশীয় যোদ্ধারা হস্তী, অশ্ব, রথ ও পদাতির সহিত বিশেষ সুসজ্জিত হইয়া সেই ব্যূহের গ্রীবাদেশে থাকিলেন ॥৬—৮॥

ভূরিশ্রবা, শল্য, সোমদত্ত ও বাহ্লিক এই চারি জন বীর এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের দক্ষিণ পার্শ্বে রহিলেন ॥৯॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং কাম্বোজরাজ সুদক্ষিণ ইহারা ব্যূহের বাম পার্শ্ব আশ্রয় করিয়া অশ্বত্থামার সম্মুখে থাকিলেন ॥১০॥

কলিঙ্গ, অম্বষ্ঠ, মগধ, পৌণ্ড্র, মদ্রক, গান্ধার, শকুন, প্রাচ্য, পার্ব্বতীয় ও বশাতিদেশীয় সৈন্যেরা (যথাসম্ভব বিভক্ত হইয়া) ব্যূহের পৃষ্ঠদেশেও রহিল ॥১১॥

(৬) চক্ষুষী কৃতবর্ম্মাসীৎ···নি।

জয়দ্রথো ভীমরথঃ সম্পাতিঋষভো জয়ঃ।
ভূমিঞ্জয়ো বৃষক্রাথো নৈষধশ্চ মহাবলঃ ॥১৩॥
বৃতা বলেন মহতা ব্রহ্মলোকপুরস্কৃতাঃ।
ব্যূহস্যোরসি তে রাজন্! স্থিতা যুদ্ধবিশারদাঃ ॥১৪॥ (যুগ্মকম্)
দ্রোণেন বিহিতো ব্যূহঃ পদাত্যশ্বরথদ্বিপৈঃ।
বাতোদ্ধূতার্ণবাকারঃ প্রনৃত্ত ইব লক্ষ্যতে ॥১৫॥
তস্য পক্ষপ্রপক্ষেভ্যো নিষ্পতন্তি যুযুৎসবঃ।
সবিদ্যুৎস্তনিতা মেঘা সর্বদিগ্‌ভ্যঃ ইবোঞ্চগে ॥১৬॥
তস্য প্রাগ্‌জ্যোতিষো মধ্যে বিধিবৎ কল্পিতং গজম্।
আস্থিতঃ শুশুভে রাজন্নংশুমানুদয়ে যথা ॥১৭॥
মাল্যদামবতা রাজন্! শ্বেতচ্ছত্রেণ ধার্য্যতা।
কৃত্তিকাযোগযুক্তেন পৌর্ণমাস্যামিবেন্দুনা ॥১৮॥ (যুগ্মকম্)

পুচ্ছ ইতি। বৈকর্ত্তনো বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রঃ। নানাজনপদেষু উথয়া উৎপন্নয়া ॥১২॥
জয়দ্রথ ইতি। নৈষধো নিষধরাজঃ। ব্রহ্মলোকঃ পুরস্কৃতো যুদ্ধমৃত্যুনা যৈস্তে ॥১৩—১৪॥
দ্রোণেনেতি। বাতোদ্ধূতার্ণবাকারো বায়ুদ্বেলিতসমুদ্রতুল্যঃ। লক্ষ্যতে দৃশ্যতে স্ম ॥১৫॥
তস্যেতি। বিদ্যুদ্ভিঃ স্তনিতৈর্গর্জনৈশ্চ সহেতি তে। উষ্ণং গ্রীষ্মং গচ্ছতি অতিক্রামতীতি তস্মিন্ বর্ষাকাল ইত্যর্থঃ ॥১৬॥
তস্যেতি। প্রাগ্‌জ্যোতিষস্তন্নগরাধিপতির্ভগদত্তঃ। কল্পিতং সজ্জিতম্। অংশুমান্ সূর্য্যঃ। মাল্যদামবতা মুক্তামালারূপসূত্রবতা, ধার্য্যতা মস্তকোপরি ধার্য্যমাণেন। পৌর্ণমাস্যাং কৃত্তিকাযোগযুক্তশ্চন্দ্রঃ কার্ত্তিকমাস এব ভবতি। ইদঞ্চ শুশুভে ইত্যস্য করণম্ ॥১৭—১৮॥

পুত্র, জ্ঞাতি ও বান্ধবগণ এবং নানাদেশজাত বিশাল সৈন্যের সহিত সূর্য্য-নন্দন কর্ণ ব্যূহের পশ্চাদ্ভাগে রহিলেন ॥১২॥

রাজা! আর জয়দ্রথ, ভীমরথ, সম্পাতি, ঋষভ, জয়, ভূমিঞ্জয়, বৃষক্রাথ ও মহাবল নিষধরাজ এই সকল যুদ্ধবিশারদ বীর বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্রহ্মলোকে যাইবার ইচ্ছা করিয়া ব্যূহের বক্ষস্থলে থাকিলেন ॥১৩—১৪॥

মহারাজ! হস্তী, অশ্ব, রথ ও পদাতিদ্বারা দ্রোণনির্ম্মিত সেই ব্যূহটাকে বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় নৃত্য করিতেই যেন দেখা গেল ॥১৫॥

বর্ষাকালে বিদ্যুৎ ও গর্জনযুক্ত মেঘসমূহ যেমন সকল দিক্ হইতে নির্গত হয়, সেইরূপ যুদ্ধার্থীরা সেই গরুড়ব্যূহের পক্ষ ও প্রপক্ষস্থান হইতে নির্গত হইতে লাগিলেন ॥১৬॥

(১৪)···ব্রহ্মলোকপরিষ্কৃতাঃ···নি। (১৫)···প্রমত্ত ইব পি,···প্রনৃত্যন্নিব ব। (১৬) যস্য পক্ষপ্রপক্ষেভ্যঃ···পি।

CENTRAL LIBRARY

নীলাঞ্জনচয়প্রখ্যো মদান্ধো দ্বিরদো বভৌ।
অতিবৃষ্টো মহামেঘৈর্যথা স্যাৎ পর্ব্বতো মহান্ ॥১৯॥
নানানৃপতিভির্বীরৈর্বিবিধায়ুধভূষণৈঃ।
সমন্বিতঃ পার্বতীয়ৈঃ শক্রো দেবগণৈরিব ॥২০॥
ততো যুধিষ্ঠিরঃ প্রেক্ষ্য ব্যূহং তমতিমানুষম্।
অজয্যমরিভিঃ সংখ্যে পার্ষতং বাক্যমব্রবীৎ ॥২১॥
ব্রাহ্মণস্য বশং নাহমিয়ামদ্য যথা প্রভো!।
পারাবতসবর্ণাশ্ব! তথা নীতির্বিধীয়তাম্ ॥২২॥

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

দ্রোণস্য যতমানস্য বশং নৈষ্যসি সুব্রত!।
অহমাবারয়িষ্যামি দ্রোণমদ্য সহানুগম্ ॥২৩॥

নীলেতি। নীলাঞ্জনচয়প্রখ্যঃ কৃষ্ণকজ্জলরাশিতুল্যঃ, দ্বিরদো ভগদত্তহস্তী ॥১৯॥
পুনর্ভগদত্তং বিশিনষ্টি নানেতি। সমন্বিতো ভগদত্তঃ শুশুভে ইত্যনুবৃত্তিঃ ॥২০॥
তত ইতি। জেতুমশক্য ইত্যজয্যত্বম্, সংখ্যে যুদ্ধে, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥২১॥
ব্রাহ্মণস্যেতি। ইয়াং গচ্ছেয়ম্। প্রভো! প্রভাবশালিন্! ॥২২॥
দ্রোণস্যেতি। যতমানস্য ত্বাং গ্রহীতুমিতি শেষঃ। হে সুব্রত! সুচরিতশাস্ত্রনিয়ম! ॥২৩॥

রাজা! উদয়পর্বতে আরূঢ় সূর্য্য যেমন শোভা পান, সেইরূপ যথাবিধানে সজ্জিত হস্তীর উপরে আরূঢ় ভগদত্ত সেই ব্যূহমধ্যে শোভা পাইতে থাকিলেন। রাজা! কার্ত্তিকমাসের পূর্ণিমাতিথিতে কৃত্তিকানক্ষত্রযুক্ত চন্দ্রের ন্যায় ভগদত্তের মস্তকে ধৃত মুক্তামালাযুক্ত শ্বেতচ্ছত্রদ্বারাও তিনি শোভা পাইতে লাগিলেন ॥১৭—১৮॥

বিশাল মেঘ প্রবল বর্ষণ করিতে লাগিলে মহাপর্বত যেমন প্রকাশ পায়, নীলকজ্জলরাশিতুল্য ভগদত্তের হাতীটাও মদজল নির্গত হইতে থাকায় সেইরূপ প্রকাশ পাইতে থাকিল ॥১৯॥

দেবগণের সহিত সম্মিলিত ইন্দ্র যেমন শোভা পান, সেইরূপ নানাবিধ অস্ত্র ও অলঙ্কারযুক্ত এবং বীর পার্বত্য রাজগণের সহিত সম্মিলিত ভগদত্তও শোভা পাইতে লাগিলেন ॥২০॥

তাহার পর যুধিষ্ঠির—যুদ্ধে শত্রুগণের অজেয় ও অলৌকিক সেই ব্যূহ দর্শন করিয়া ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—॥২১॥

'প্রভাবশালী কপোতবর্ণঘোটক ধৃষ্টদ্যুম্ন! আমি আজ যাহাতে ব্রাহ্মণের (দ্রোণের) বশীভূত না হই, আপনি সেইরূপ নীতি বিধান করুন' ॥২২॥

ময়ি জীবতি কৌরব্য ! নোদ্বেগং কর্ত্তুমর্হসি।
নহি শক্তো রণে দ্রোণো বিজেতুং মাং কথঞ্চন ॥২৪॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা কিরন্ বাণান্ দ্রুপদস্য সুতো বলী।
পারাবতসবর্ণাশ্বঃ স্বয়ং দ্রোণমুপাদ্রবৎ ॥২৫॥
অনিষ্টদর্শনং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নমবস্থিতম্।
ক্ষণেনৈবাভবদ্দ্রোণো নাতিহৃষ্টমনা ইব ॥২৬॥
তং তু সংপ্রেক্ষ্য পুত্রস্তে দুর্ম্মুখঃ শত্রুকর্ষণঃ।
প্রিয়ং চিকীর্ষুর্দ্রোণস্য ধৃষ্টদ্যুম্নমবারয়ৎ ॥২৭॥
স সম্প্রহারস্তুমুলঃ সুঘোরঃ সমপদ্যত।
পার্ষতস্য চ শূরস্য দুর্ম্মুখস্য চ ভারত ! ॥২৮॥

ময়ীতি। অথ ত্বামেব যদি দ্রোণো হন্যাদিত্যাহ নহীতি ॥২৪॥
এবমিতি। কিরন্ ক্ষিপন্। পারাবতসবর্ণা কপোততুল্যনীলবর্ণা অশ্বা যস্য সঃ ॥২৫॥
অনিষ্টেতি। অনিষ্টদর্শনম্ আত্মনো হননায়ৈবোৎপন্নত্বাদিতি ভাবঃ ॥২৬॥
তমিতি। শত্রুকর্ষণঃ শত্রুবিজয়ী। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ ॥২৭॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। সমপদ্যত সমজায়ত। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য ॥২৮॥

ধৃষ্টদ্যুম্ন বলিলেন—'সুব্রত ! দ্রোণ আপনাকে গ্রহণ করিবার চেষ্টা করিলেও আপনি দ্রোণের বশীভূত হইবেন না। কারণ, আমিই আজ অনুচর-বর্গের সহিত দ্রোণকে বারণ করিব ॥২৩॥

অতএব কৌরবনন্দন ! আমি জীবিত থাকিতে আপনি উদ্বেগ করিতে পারেন না। তা'র পর দ্রোণ যুদ্ধে কোন প্রকারেই আমাকে জয় করিতে সমর্থ হইবেন না' ॥২৪॥

সঞ্জয় বলিলেন—'এই কথা বলিয়া কপোততুল্য-নীলবর্ণঘোটক ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন বাণ ক্ষেপ করিতে করিতে নিজেই দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২৫॥

এদিকে অনিষ্টদর্শন ধৃষ্টদ্যুম্নকে সম্মুখে অবস্থিত দেখিয়া দ্রোণ তৎক্ষণাৎ অনতিহৃষ্টচিত্ত হইলেন ॥২৬॥

কিন্তু আপনার পুত্র শত্রুবিজয়ী দুর্ম্মুখ ধৃষ্টদ্যুম্নকে দেখিয়া দ্রোণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া ধৃষ্টদ্যুম্নকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৭॥

ভরতনন্দন ! তখন বীর ধৃষ্টদ্যুম্ন ও দুর্ম্মুখের সেই যুদ্ধ তুমুল ও ভয়ঙ্করভাবে প্রবৃত্ত হইল ॥২৮॥

---

(২৭)···ধৃষ্টদ্যুম্নমথাহ্বয়ৎ—পি।

পার্ষতঃ শরজালেন ক্ষিপ্রং প্রচ্ছাদ্য দুর্ম্মুখম্ ।
ভারদ্বাজং শরৌঘেণ মহতা সমবারয়ৎ ॥২৯॥
দ্রোণমাবারিতং দৃষ্ট্বা ভৃশায়স্তস্তবাত্মজঃ ।
নানালিঙ্গৈঃ শরব্রাতৈঃ পার্ষতং সমমোহয়ৎ ॥৩০॥
তয়োর্বিষক্তয়োঃ সংখ্যে পাঞ্চাল্যকুরুমুখ্যয়োঃ ।
দ্রোণো যৌধিষ্ঠিরং সৈন্যং বহুধা ব্যধমচ্ছরৈঃ ॥৩১॥
অনিলেন যথাভ্রাণি বিচ্ছিন্নানি সমন্ততঃ ।
তথা পার্থস্য সৈন্যানি বিচ্ছিন্নানি ক্বচিৎ ক্বচিৎ ॥৩২॥
মুহূর্ত্তমিব তদ্‌যুদ্ধমাসীন্মধুরদর্শনম্ ।
তত উন্মত্তবদ্রাজন্ ! নির্মর্য্যাদমবর্ত্তত ॥৩৩॥
নৈব স্বে ন পরে রাজন্নজ্ঞায়ন্ত পরস্পরম্ ।
অনুমানেন সংজ্ঞাভির্যুদ্ধং তৎ সমবর্ত্তত ॥৩৪॥

পার্ষত ইতি। প্রচ্ছাদ্য আবৃত্য। ভারদ্বাজং দ্রোণম্ ॥২৯॥
দ্রোণমিতি। ভৃশায়স্তঃ অতীবসযত্নঃ। নানালিঙ্গৈর্বহুপ্রকারৈঃ ॥৩০॥
তয়োরিতি। বিষক্তয়োঃ সম্মিলিতয়োঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩১॥
অনিলেনেতি। অভ্রাণি মেঘাঃ। পার্থস্য যুধিষ্ঠিরস্য, বিচ্ছিন্নানি দ্রোণেন ॥৩২॥
মুহূর্ত্তমিতি। উন্মত্তবৎ উন্মত্তানামিব, নির্মর্য্যাদং বিশৃঙ্খলম্ ॥৩৩॥
নেতি। স্বে স্বপক্ষীয়াঃ। সংজ্ঞাভিঃ পক্ষনামভিঃ ॥৩৪॥

ধৃষ্টদ্যুম্ন সত্বরই শরজালদ্বারা দুর্ম্মুখকে আবৃত করিয়া বিশাল শরসমূহদ্বারা দ্রোণকে বারণ করিতে লাগিলেন ॥২৯॥

ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে নিবারণ করিলেন দেখিয়া আপনার পুত্র দুর্ম্মুখ অত্যন্ত যত্ন সহকারে নানাবিধ বাণসমূহদ্বারা ধৃষ্টদ্যুম্নকে মোহিত করিয়া ফেলিলেন ॥৩০॥

সেই ধৃষ্টদ্যুম্ন ও দুর্ম্মুখ যুদ্ধে সম্মিলিত হইলে, সেই অবসরে দ্রোণ বাণসমূহ-দ্বারা বহুপ্রকারে যুধিষ্ঠিরের সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৩১॥

বায়ু যেমন মেঘসমূহকে সকল দিকে বিচ্ছিন্ন করে, সেইরূপ দ্রোণ কোন কোন অংশে যুধিষ্ঠিরের সৈন্যকে বিচ্ছিন্ন করিয়া ফেলিলেন ॥৩২॥

রাজা ! তখন সেই যুদ্ধ মুহূর্ত্তকালই যেন মধুরদর্শন ছিল ; তাহার পর উন্মত্তের ন্যায় বিশৃঙ্খলভাবে চলিতে লাগিল ॥৩৩॥

রাজা ! তৎকালে স্বপক্ষ বা পরপক্ষকে পরস্পর জানা গেল না ; কেবল অনুমান ও পক্ষের নামদ্বারা সেই যুদ্ধ চলিতে থাকিল ॥৩৪॥

চূড়ামণিষু নিষ্কেষু ভূষণেষ্বপি বর্ম্মসু।
তেষামাদিত্যবর্ণাভা রশ্ময়ঃ প্রচকাশিরে ॥৩৫॥
তৎ প্রকীর্ণপতাকানাং রথবারণবাজিনাম্।
বলাকাশবলাভ্রাভং দদৃশে রূপমাহবে ॥৩৬॥
নরানেব নরা জঘ্নুরুদগ্রাশ্চ হয়া হয়ান্।
রথাংশ্চ রথিনো জঘ্নুর্বারণান্ বরবারণাঃ ॥৩৭॥
সমুচ্ছ্রিতপতাকানাং গজানাং পরমদ্বিপৈঃ।
ক্ষণেন তুমুলো ঘোরঃ সংগ্রামঃ সমপদ্যত ॥৩৮॥
তেষাং সংসক্তগাত্রাণাং কর্ষতামিতরেতরম্।
দন্তসংঘাতসংঘর্ষাৎ সধূমোঽগ্নিরজায়ত ॥৩৯॥
বিপ্রকীর্ণপতাকাস্তে বিষাণজনিতাগ্নয়ঃ।
বভূবুঃ খং সমাসাদ্য সবিদ্যুত ইবাম্বুদাঃ ॥৪০॥

চূড়েতি। নিষ্কেষু বক্ষোভূষণেষু, প্রাধান্যাৎ পৃথগুক্তিঃ। রশ্ময়ঃ কিরণাঃ ॥৩৫॥
তদিতি। বলাকাভির্বকশ্রেণিভিঃ শবলানি বিচিত্রাণি যানি অভ্রাণি মেঘাস্তদাভম্ ॥৩৬॥
নরানিতি। উদগ্রা উন্নতা বলবন্ত ইত্যর্থঃ। বরবারণাঃ শ্রেষ্ঠহস্তিনঃ ॥৩৭॥
সমিতি। সমুচ্ছ্রিতাঃ সমুত্তোলিতাঃ পতাকা যেষু তেষাম্ ॥৩৮॥
তেষামিতি। সংসক্তগাত্রাণাং সংলগ্নদেহানাম্, কর্ষতাং শুণ্ডাভিঃ ॥৩৯॥

উভয়পক্ষীয় বীরগণের সূর্য্যতুল্য দেহের কিরণগুলি, তাঁহাদের চূড়ার মণি, বক্ষের অলঙ্কার, অন্যান্য অলঙ্কার ও বর্ম্মে প্রতিবিম্বিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৩৫॥

পতাকা সকল ইতস্ততঃ চলিতে লাগিলে, উভয়পক্ষেরই হস্তী, অশ্ব ও রথগুলির আকৃতিকে বকশ্রেণিবিচিত্র মেঘের আকৃতির ন্যায় দেখা যাইতে থাকিল ॥৩৬॥

পদাতিরা পদাতিদিগকে, বলবান্ অশ্বগণ সাধারণ অশ্বগণকে, রথীরা রথী-দিগকে এবং বিশাল হস্তীরা সাধারণ হস্তিগণকে বধ করিতে লাগিল ॥৩৭॥

ক্ষণকালমধ্যে বিশাল হস্তিগণের সঙ্গে উত্তোলিতপতাকাযুক্ত হস্তিগণের তুমুল ও ভীষণ যুদ্ধ উপস্থিত হইল ॥৩৮॥

সেগুলির গাত্র পরস্পর সংলগ্ন হইল, তাহারা শুণ্ডদ্বারা পরস্পর আকর্ষণ করিতে লাগিল এবং সেগুলির পরস্পর দন্তসংঘর্ষে ধূমের সহিত অগ্নি জন্মিতে থাকিল ॥৩৯॥

(৩৬) উৎপ্রকীর্ণপতাকানাম্…পি। (৩৭)…বারণা বরবারণান্—নি।

বিক্ষিপদ্ভির্নদদ্ভিশ্চ নিপতদ্ভিশ্চ বারণৈঃ।
সংবভূব মহী কীর্ণা মেঘৈর্দ্যৌরিব বার্ষিকী ॥৪১॥
তেষামাহন্যমানানাং বাণতোমরঋষ্টিভিঃ।
বারণানাং রবো জজ্ঞে মেঘানামিব সংপ্লবে ॥৪২॥
তোমরাভিহতাঃ কেচিদ্বাণৈশ্চ পরমদ্বিপাঃ।
বিত্রেসুঃ সর্ব্বনাগানাং শব্দমেবাপরেঽব্রজন্ ॥৪৩॥
বিষাণাভিহতাশ্চাপি কেচিত্তত্র গজা গজৈঃ।
চক্রুরার্ত্তস্বরং ঘোরমুৎপাতজলদা ইব ॥৪৪॥
প্রতীপাঃ ক্রিয়মাণাশ্চ বারণা বরবারণৈঃ।
উন্মথ্য পুনরাজগ্মুঃ প্রেরিতাঃ পরমাঙ্কুশৈঃ ॥৪৫॥

বিপ্রেতি। বিষাণৈর্দন্তাঘাতৈর্জনিতঃ অগ্নির্যৈস্তে। খমাকাশম্ ॥৪০॥
বীতি। কীর্ণা ব্যাপ্তা, দ্যৌরাকাশম্, বার্ষিকী বর্ষাকালীনা ॥৪১॥
তেষামিতি। রব আর্ত্তনাদঃ। সংপ্লবে পরস্পরসংঘর্ষে ॥৪২॥
তোমরেতি। বিত্রেসুর্ভয়ং প্রাপুঃ। শব্দং লক্ষীকৃত্য, অব্রজন্ তান্ প্রতি ॥৪৩॥
বিষাণেতি। বিষাণাভিহতা দন্তাহতাঃ। উৎপাতজলদা অনিষ্টসূচকমেঘাঃ ॥৪৪॥
প্রতীপা ইতি। প্রতীপাঃ প্রতিকূলা বিমুখা ইত্যর্থঃ। উন্মথ্য সম্মুখস্থান্ রথাদীন্ ॥৪৫॥

মেঘ যেমন আকাশে বিদ্যুৎ আবিষ্কার করে, সেইরূপ বিশাল হস্তী সকল ইতস্ততঃ পতাকা নিক্ষেপ করিয়া পরস্পর দন্তাঘাতদ্বারা অগ্নি আবিষ্কার করিতে লাগিল ॥৪০॥

বর্ষাকালে মেঘ যেমন আকাশ ব্যাপ্ত করে, সেইরূপ হস্তী সকল পরস্পর নিক্ষেপ ও গর্জন করতঃ নিপতিত হইতে থাকিয়া সমরভূমি ব্যাপ্ত করিল ॥৪১॥

পরস্পর সংঘর্ষ হইলে মেঘের যেমন গর্জন হয়, সেইরূপ বাণ, তোমর ও ঋষ্টিদ্বারা আঘাত করিতে থাকিলে হস্তিগণেরও গর্জন হইতে লাগিল ॥৪২॥

কতকগুলি বিশাল হস্তী তোমর ও বাণদ্বারা আহত হইয়া ভীত হইল এবং অন্য হস্তীরা সমস্ত হস্তীর শব্দ লক্ষ্য করিয়া ধাবিত হইতে থাকিল ॥৪৩॥

কতকগুলি হস্তী অপর হস্তিগণের দন্তদ্বারা আহত হইয়া ঔৎপাতিক মেঘের ন্যায় আর্ত্তনাদ করিতে লাগিল ॥৪৪॥

বিশাল হস্তীরা বিমুখ করিয়া দিলেও, গুরুতর অঙ্কুশাঘাতে সঞ্চালিত হইয়া

(৪১)···মেঘৈর্দ্যৌরিব শারদী—পি বা ব। (৪৩)···শব্দমেবাপরেঽস্বজন্—নি। (৪৪)··· চক্রুরার্ত্তস্বনম্···নি।

মহামাত্রৈর্মহামাত্রাস্তাড়িতাঃ শরতোমরৈঃ।
গজেভ্যঃ পৃথিবীং জগ্মুর্মুক্তপ্রহরণাঙ্কুশাঃ ॥৪৬॥
নির্মনুষ্যাশ্চ মাতঙ্গা বিনদন্তস্ততস্ততঃ।
ছিন্নাভ্রাণীব সংপেতুঃ সংপ্রবিশ্য পরস্পরম্ ॥৪৭॥
হতান্ পরিবহন্তশ্চ পতিতান্ পতিতায়ুধান্।
দিশো জগ্মুর্মহানাগাঃ কেচিদেকচরা ইব ॥৪৮॥
তাড়িতাস্তাড্যমানাশ্চ তোমরর্ষ্টিপরশ্বধৈঃ।
পেতুরার্ত্তস্বরং কৃত্বা তদা বিশসনে গজাঃ ॥৪৯॥
তেষাং শৈলোপমৈঃ কায়ৈর্নিপতদ্ভিঃ সমন্ততঃ।
আহতা সহসা ভূমিশ্চকম্পে চ ননাদ চ ॥৫০॥
সাদিভিঃ সগজারোহৈঃ সপতাকৈঃ সমন্ততঃ।
মাতঙ্গৈঃ শুশুভে ভূমির্বিকীর্ণৈরিব পর্ব্বতৈঃ ॥৫১॥

মহেতি। মহামাত্রৈর্হস্তিপকৈঃ। মুক্তপ্রহরণাঙ্কুশাঃ ত্যক্তাস্ত্রাঙ্কুশাঃ ॥৪৬॥
নিরিতি। ছিন্নাভ্রাণি বিশ্লিষ্টমেঘাঃ। সংপ্রবিশ্য বিপক্ষমধ্যে ॥৪৭॥
হতানিতি। পতিতান্ পৃষ্ঠোপরি। একে চরন্তীত্যেকচরা একাকিনঃ ॥৪৮॥
তাড়িতা ইতি। বিশস্যতে হিংস্যতে অস্মিন্নিতি বিশসনং যুদ্ধস্থলম্ ॥৪৯॥
তেষামিতি। শৈলোপমৈঃ পর্বতপ্রমাণৈঃ, কায়ৈঃ শরীরৈঃ ॥৫০॥

সাধারণ হস্তিগণ সম্মুখবর্ত্তী রথপ্রভৃতিকে মর্দ্দন করিয়া আবার আসিতে থাকিল ॥৪৫॥

গজারোহীরা বাণ ও তোমরদ্বারা আঘাত করিলে, বিপক্ষ গজারোহীরা অস্ত্র ও অঙ্কুশ ত্যাগ করিয়া গজপৃষ্ঠ হইতে ভূতলে পড়িতে লাগিল ॥৪৬॥

আরোহিশূন্য হস্তিগণ গর্জন করিতে করিতে ইতস্ততঃ যাইয়া এবং পরস্পর বিপক্ষমধ্যে প্রবেশ করিয়া বিচ্ছিন্ন মেঘের ন্যায় পতিত হইতে থাকিল ॥৪৭॥

কতকগুলি মহাহস্তী আহত, পৃষ্ঠোপরি পতিত ও পতিতাস্ত্র আরোহীদিগকে বহন করতঃ একাকীর ন্যায় নানাদিকে দৌড়াইতে লাগিল ॥৪৮॥

তখন তোমর, ঋষ্টি ও পরশুদ্বারা তাড়িত ও তাড্যমান হইয়া কতকগুলি হস্তী আর্ত্তনাদ করিয়া সমরাঙ্গনে পতিত হইতে থাকিল ॥৪৯॥

সেই হস্তিগণের পর্ব্বতপ্রমাণ শরীর সকল নানাদিকে পতিত হইতে থাকিয়া আঘাত করায় তৎক্ষণাৎ সমরভূমি কাঁপিতে লাগিল ও শব্দ করিতে থাকিল ॥৫০॥

গজস্থাশ্চ মহামাত্রা নির্ভিন্নহৃদয়া রণে।
রথিভিঃ পাতিতা ভল্লৈর্বিকীর্ণাঙ্কুশতোমরাঃ ॥৫২॥
ক্রৌঞ্চবদ্বিনদন্তোঽন্যে নারাচাভিহতা গজাঃ।
পরান্ স্বাংশ্চাপি মৃদ্নন্তঃ পরিপেতুর্দিশো দশ ॥৫৩॥
গজাশ্বরথযোধানাং শরীরৌঘসমাবৃতা।
বভূব পৃথিবী রাজন্! মাংসশোণিতকর্দ্দমা ॥৫৪॥
প্রমথ্য চ বিষাণাগ্রৈঃ সমুৎক্ষিপ্তাশ্চ বারণৈঃ।
সচক্রাশ্চ বিচক্রাশ্চ রথৈরেব মহারথাঃ ॥৫৫॥
রথাশ্চ রথিভির্হীনা নির্মনুষ্যাশ্চ বাজিনঃ।
হতারোহাশ্চ মাতঙ্গা দিশো জগ্মুর্ভয়াতুরাঃ ॥৫৬॥
জঘানাত্র পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা।
ইত্যাসীত্তুমুলং যুদ্ধং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫৭॥

সাদিভৈরিতি। সাদিভৈরাহত্য নিপাতিতৈঃ। বিকীর্ণৈর্ভূবি বিক্ষিপ্তৈঃ ॥৫১॥
গজস্থা ইতি। মহামাত্রা গজারোহিণঃ। পাতিতা ভূতলে ॥৫২॥
ক্রৌঞ্চেতি। ক্রৌঞ্চবৎ ক্রৌঞ্চপক্ষিবৎ। মৃদ্নন্তো মর্দ্দয়ন্তঃ, পরিপেতুর্জগ্মুঃ ॥৫৩॥
গজেতি। মাংসৈঃ শোণিতৈশ্চ কর্দ্দমো যস্যাং সা ॥৫৪॥
প্রেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ, সমুৎক্ষিপ্তাঃ শুণ্ডাভিরুত্তোলিতাঃ। রথৈঃ সহ ॥৫৫॥
রথা ইতি। হতারোহা নিহতারোহিণঃ ॥৫৬॥
জঘানেতি। ন প্রাজ্ঞায়ত রজোভিরাবরণাৎ কোলাহলাতিরেকাচ্চ ॥৫৭॥

বিক্ষিপ্ত পর্ব্বতসমূহের ন্যায় আরোহী ও পতাকাযুক্ত এবং সকল দিকে নিপতিত হস্তিগণদ্বারা সেই সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৫১॥

রথীরা ভল্লদ্বারা হৃদয় বিদীর্ণ করিলে, গজস্থিত যোদ্ধারা অঙ্কুশ ও তোমর ত্যাগ করিয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৫২॥

নারাচদ্বারা আহত অন্য হস্তী সকল ক্রৌঞ্চপক্ষীর ন্যায় শব্দ করিতে থাকিয়া স্বপক্ষ ও বিপক্ষদিগকে মর্দ্দন করতঃ দশ দিকে দৌড়াইতে লাগিল ॥৫৩॥

রাজা! ক্রমে সমরভূমিটা-হস্তী, অশ্ব ও রথযোধীদিগের শরীরসমূহে আবৃত এবং রক্ত ও মাংসের কর্দ্দমযুক্ত হইয়া উঠিল ॥৫৪॥

হস্তী সকল দন্তদ্বারা আঘাত করিয়া শুণ্ডদ্বারা—চক্রযুক্ত ও চক্রবিহীন রথের সহিতই মহারথগণকে উত্তোলন করিতে থাকিল ॥৫৫॥

রথিবিহীন রথ, মনুষ্যশূন্য অশ্ব ও আরোহিরহিত হস্তী সকল ভয়ার্ত্ত হইয়া নানাদিকে দৌড়াইতে লাগিল ॥৫৬॥

আগুল্‌ফেভ্যোঽবসীদন্তে নরা লোহিতকর্দ্দমৈঃ।
দীপ্যমানৈঃ পরিক্ষিপ্তা দাবৈরিব মহাদ্রুমাঃ ॥৫৮॥
শোণিতৈঃ সিচ্যমানানি বস্ত্রাণি কবচানি চ।
ছত্রাণি চ পতাকাশ্চ সর্ব্বং রক্তমদৃশ্যত ॥৫৯॥
হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ নরৌঘাশ্চ নিপাতিতাঃ।
সংকৃত্তাঃ পুনরাবৃত্য বহুধা রথনেমিভিঃ ॥৬০॥
স গজৌঘমহাবেগঃ পরাসুনরশৈবলঃ।
রথৌঘতুমুলাবর্ত্তঃ প্রবভৌ সৈন্যসাগরঃ ॥৬১॥
তং বাহনমহানৌভির্যোধা জয়ধনৈষিণঃ।
অবগাহ্যাথ মজ্জন্তো নৈব মোহং প্রচক্রিরে ॥৬২॥

আগুল্‌ফেভ্য ইতি। অবসীদন্তে গমনক্লিষ্টা ভবন্তি স্ম। লোহিতকর্দ্দমৈ রক্তপঙ্কৈঃ। দীপ্যমানৈরুজ্জ্বলৈঃ, পরিক্ষিপ্তাঃ পরিবেষ্টিতাঃ, দাবৈর্বনবহ্নিভিঃ ॥৫৮॥

শোণিতৈরিতি। রক্তং রক্তবর্ণং রক্তসিক্তত্বাদেবেতি ভাবঃ ॥৫৯॥

হয়ৌঘা ইতি। সংকৃত্তাঃ সম্যক্ ছিন্নাঃ, আবৃত্য আগত্য ॥৬০॥

স ইতি। গজৌঘ এব মহান্ বেগো যস্য সঃ, পরাসবো মৃতা নরা এব শৈবলা যস্য সঃ, রথৌঘ এব তুমুলো মহান্ আবর্ত্তো জলভ্রমির্যস্য স চ, স সৈন্যসাগরঃ প্রবভৌ ॥৬১॥

এই যুদ্ধে পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বধ করিতে থাকিল। এইভাবে তুমুল যুদ্ধ চলিতে লাগিল; কিন্তু কিছুই জানা গেল না ॥৫৭॥

বনমধ্যে মহাবৃক্ষ সকল যেমন বনাগ্নিতে পরিবেষ্টিত হয়, সেইরূপ মানুষেরা উজ্জ্বল রক্তকর্দ্দমে পরিবেষ্টিত ও গুল্‌ফপর্য্যন্ত রক্তে মগ্ন হওয়ায় চলিতে পারিল না ॥৫৮॥

বস্ত্র, কবচ, ছত্র ও পতাকা রক্তে সিক্ত হইয়া যাওয়ায় সে সমস্তই রক্তবর্ণ দেখা যাইতে লাগিল ॥৫৯॥

অশ্ব, রথ ও মনুষ্যসমূহ ভূতলে নিপাতিত হইয়া ছিল। সুতরাং রথচক্রগুলি সেগুলির উপরে বার বার আসিয়া আসিয়া সেগুলিকে বহুভাবে ছিন্ন করিতে থাকিল ॥৬০॥

তৎকালে সেই উভয়পক্ষের সৈন্যই সমুদ্ররূপে প্রকাশ পাইতে লাগিল। কেন না, হস্তিসমূহ ছিল তাহার মহাবেগ, মৃত মানুষ ছিল শেওলা এবং রথসমূহ ছিল আবর্ত্ত (ঘোলা) ॥৬১॥

---

(৬০)···সংকৃত্তাঃ পুনরাবৃত্য···নি।

CENTRAL LIBRARY

শরবর্ষাভিবৃষ্টেষু যোধেষ্বঙ্কিতলক্ষ্মসু।
ন তেষ্বচিত্ততাং লেভে কশ্চিদাহতলক্ষণঃ ॥৬৩॥
বর্ত্তমানে তথা যুদ্ধে ঘোররূপে ভয়ঙ্করে।
মোহয়িত্বা পরান্ দ্রোণো যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সঙ্কুলযুদ্ধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ঊনবিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।
ততো যুধিষ্ঠিরো দ্রোণং দৃষ্ট্বান্তিকমুপাগতম্।
মহতা শরবর্ষেণ প্রত্যগৃহ্লাদভীতবৎ ॥১॥

তমিতি। গজাদীনি বাহনান্যেব মহানাবস্তাভিঃ। জয়ধনৈষিণ ইত্যনেন যোধেষু বণিগ্রূপত্বং ব্যজ্যতে। মোহং নৈব প্রচক্রিরে প্রাপুঃ, জয়ধন এবৌৎসুক্যাতিরেকাৎ ॥৬২॥

শরেতি। অঙ্কিতানি জ্ঞাতানি লক্ষ্মাণি চিহ্নানি যেষাং তেষু। অচিত্ততাং মোহম্। আহতং নাশিতং লক্ষণং স্বচিহ্নং যস্য সঃ। অঙ্কিতলক্ষ্মত্বাদেব ভ্রমাভাব ইতি ভাবঃ ॥৬৩॥

বর্ত্তমান ইতি। ঘোররূপে মহতি। উপাদ্রবৎ গ্রহীতুমভ্যধাবৎ ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

ততঃ ইতি। অভীতবদিত্যনেনান্তর্ভয়ং সূচিতম্ ॥১॥

জয়রূপ-ধনাভিলাষী যোধরূপ বণিক্‌সমূহ বাহনরূপ মহানৌকাদ্বারা সেই সৈন্যরূপ সাগর অবগাহনপূর্ব্বক মগ্ন হইয়াও মোহ প্রাপ্ত হয় নাই ॥৬২॥

যোদ্ধারা বাণবর্ষণে আবৃত হইলেও তাহাদের চিহ্ন সকল লক্ষ্য হইতেছিল। সুতরাং নিজের চিহ্ন নষ্ট হইলেও কোন যোদ্ধাই তাহাদের উপরে ভ্রান্ত হয় নাই ॥৬৩॥

সেই মহাভয়ঙ্কর যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, দ্রোণ বিপক্ষগণকে মোহিত করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন' ॥৬৪॥

* '...ঊনবিংশোঽধ্যায়ঃ' ব, '...বিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (১) ততো যুধিষ্ঠিরং দ্রোণঃ...পি।

ততো হলহলাশব্দ আসীদ্‌যৌধিষ্ঠিরে বলে।
জিঘৃক্ষতি মহাসিংহে গজানামিব যূথপম্ ॥২॥
দৃষ্ট্বা দ্রোণং ততঃ শূরঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
যুধিষ্ঠিরমভিপ্রেপ্সুরাচার্য্যং সমুপাদ্রবৎ ॥৩॥
তত আচার্য্যপাঞ্চাল্যৌ যুযুধাতে মহাবলৌ।
বিক্ষোভয়ন্তৌ তৎ সৈন্যমিন্দ্রবৈরোচনাবিব ॥৪॥
ততো দ্রোণং মহেষ্বাসঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
অবিধ্যন্নিশিতাগ্রেণ পরমাস্ত্রং নিদর্শয়ন্ ॥৫॥
অথাস্য সারথেঃ পঞ্চ শরান্ সর্পবিষোপমান্।
অমুঞ্চদন্তকপ্রখ্যান্ সংমুমোহাস্য সারথিঃ ॥৬॥

তত ইতি। হলহলেত্যাশঙ্কাসূচকমব্যয়ম্। জিঘৃক্ষতি গ্রহীতুমিচ্ছতি ॥২॥
দৃষ্ট্বেতি। অভিপ্রেপ্সুঃ রক্ষিতুমিচ্ছুঃ, সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩॥
তত ইতি। পাঞ্চাল্যঃ সত্যজিৎ। বৈরোচনো বিরোচনপুত্রো বলিঃ ॥৪॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। নিশিতাগ্রেণ শরেণ ॥৫॥
অথেতি। অস্য দ্রোণস্য। অন্তকপ্রখ্যান্ যমতুল্যান্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর দ্রোণ নিকটে আসিয়াছেন দেখিয়া যুধিষ্ঠির নির্ভয়ের ন্যায় বিশাল শরবর্ষণদ্বারা তাঁহাকে গ্রহণ করিলেন ॥১॥

তৎপরে মহাসিংহ হস্তিযূথপতিকে ধরিবার ইচ্ছা করিলে হস্তিগণের মধ্যে যেমন আশঙ্কাসূচক শব্দ হইতে থাকে, সেইরূপ দ্রোণ যুধিষ্ঠিরকে ধরিবার ইচ্ছা করিলে যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে আশঙ্কাসূচক কোলাহল হইতে লাগিল ॥২॥

তদনন্তর বীর ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ দ্রোণকে দেখিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩॥

তাহার পর ইন্দ্র ও বলির ন্যায় মহাবল দ্রোণ ও সত্যজিৎ সেই সৈন্যগণকে বিক্ষুব্ধ করতঃ যুদ্ধ করিতে লাগিলেন ॥৪॥

ক্রমে মহাধনুর্দ্ধর ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ উত্তমাস্ত্রনিক্ষেপের যোগ্যতা দেখাইতে থাকিয়া একটা সুধার বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥৫॥

পরে তিনি সর্পবিষের ন্যায় দুঃসহ এবং যমের ন্যায় ভীষণ পাঁচটা বাণ দ্রোণের সারথির উপরে নিক্ষেপ করিলেন; তাহাতে দ্রোণের সারথি মূর্চ্ছিত হইয়া পড়িল ॥৬॥

---

(৬) তথাস্য সারথেঃ··· পি।

অথাস্য সহসাবিধ্যদ্ধয়ান্ দশভিরাশুগৈঃ।
দশভির্দশভিঃ ক্রুদ্ধ উভৌ চ পার্ষ্ণিসারথী ॥৭॥
মণ্ডলন্তু সমাবৃত্য বিচরন্ পৃতনামুখে।
ধ্বজং চিচ্ছেদ চ ক্রুদ্ধো দ্রোণস্যামিত্রকর্ষণঃ ॥৮॥
দ্রোণস্তু তৎ সমালোক্য চরিতং তস্য সংযুগে।
মনসা চিন্তয়ামাস প্রাপ্তকালমরিন্দমঃ ॥৯॥
ততঃ সত্যজিতং তীক্ষ্ণৈর্দশভির্মর্ম্মভেদিভিঃ।
অবিধ্যচ্ছীঘ্রমাচার্য্যশ্ছিত্ত্বাস্য সশরং ধনুঃ ॥১০॥
স শীঘ্রতরমাদায় ধনুরন্যৎ প্রতাপবান্।
দ্রোণমভ্যহনদ্রাজংস্ত্রিংশতা কঙ্কপত্রিভিঃ ॥১১॥
দৃষ্ট্বা সত্যজিতা দ্রোণং গ্রস্যমানমিবাহবে।
বৃকঃ শরশতৈস্তীক্ষ্ণৈঃ পাঞ্চাল্যো দ্রোণমার্দ্দয়ৎ ॥১২॥

অথেতি হয়ান্ অশ্বান্, আশুগৈর্বাণৈঃ। পার্ষ্ণিসারথী পশ্চাদ্বর্ত্তিনৌ সূতৌ ॥৭॥
মণ্ডলমিতি। মণ্ডলং গোলাকারেণ ভ্রমণং যথা স্যাত্তথা। পৃতনায়াঃ সেনায়া মুখে ॥৮॥
দ্রোণ ইতি। প্রাপ্তকালং কালোচিতং প্রাক্ সত্যজিতো জয়মেবেত্যর্থঃ ॥৯॥
তত ইতি। তীক্ষ্ণৈঃ শরৈরিতি শেষঃ। অস্য সত্যজিতঃ ॥১০॥
স ইতি। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। কঙ্কপত্রিভির্ব্বাণৈঃ ॥১১॥
দৃষ্ট্বেতি। বৃকো নাম কশ্চিদ্বীরঃ, পাঞ্চাল্যঃ পাঞ্চালদেশীয়ঃ ॥১২॥

তৎপরে আবার ক্রুদ্ধ সত্যজিৎ তৎক্ষণাৎ দশটা বাণদ্বারা দ্রোণের অশ্বগুলিকে এবং দশ দশটা বাণদ্বারা দ্রোণের পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে বিদ্ধ করিলেন ॥৭॥

শত্রুহন্তা সত্যজিৎ ক্রুদ্ধ হইয়া মণ্ডলাকারে ফিরিয়া সৈন্যসম্মুখে বিচরণ করিতে থাকিয়া দ্রোণের ধ্বজ ছেদন করিলেন ॥৮॥

কিন্তু শত্রুবিজয়ী দ্রোণ যুদ্ধে সত্যজিতের সেই কার্য্য দেখিয়া মনে মনে তৎকালোচিত কর্ত্তব্য বিষয়ের চিন্তা করিলেন ॥৯॥

তাহার পর দ্রোণ সত্বর সত্যজিতের ধনু ও বাণ ছেদন করিয়া দশটা মর্ম্মভেদী তীক্ষ্ণ বাণদ্বারা সত্যজিৎকে বিদ্ধ করিলেন ॥১০॥

রাজা! তখন প্রতাপশালী সত্যজিৎ অতিসত্বর অন্য ধনু লইয়া ত্রিশটা কঙ্কপক্ষযুক্ত বাণদ্বারা দ্রোণকে আঘাত করিলেন ॥১১॥

(৯) দ্রোণস্তু তৎ সমালক্ষ্য···পি।

সংছাদ্যমানং সমরে দ্রোণং দৃষ্ট্বা মহারথম্।
চুক্রুশুঃ পাণ্ডবা রাজন্! বস্ত্রাণি দুধুবুশ্চ হ ॥১৩॥
বৃকস্তু পরমক্রুদ্ধো দ্রোণং যষ্ট্যা স্তনান্তরে।
বিব্যাধ বলবান্ রাজন্! তদদ্ভুতমিবাভবৎ ॥১৪॥
দ্রোণস্তু শরবর্ষেণ চ্ছাদ্যমানো মহারথঃ।
বেগং চক্রে মহাবেগঃ ক্রোধাদুদ্ধৃত্য চক্ষুষী ॥১৫॥
ততঃ সত্যজিতশ্চাপং ছিত্ত্বা দ্রোণো বৃকস্য চ।
ষড়্ভিঃ সসূতং সহয়ং শরৈর্দ্রোণোঽবধীদ্বৃকম্ ॥১৬॥
অথান্যদ্ধনুরাদায় সত্যজিদ্বেগবত্তরম্।
সাশ্বং সসূতং বিশিখৈর্দ্রোণং বিব্যাধ সধ্বজম্ ॥১৭॥
স তন্ন মমৃষে দ্রোণঃ পাঞ্চাল্যেনার্দ্দিতো মৃধে।
ততস্তস্য বিনাশায় সত্বরং ব্যসৃজচ্ছরান্ ॥১৮॥

সংছাদ্যেতি। চুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ। দুধুবুঃ কম্পয়ামাসুঃ ॥১৩॥
বৃক ইতি। যষ্ট্যা বাণেন, স্তনয়োরন্তরে বক্ষসি ॥১৪॥
দ্রোণ ইতি। বেগং ত্বরাম্। উদ্ধৃত্য উত্তোল্য ॥১৫॥
তত ইতি। ষড়্ভিঃ শরাণামেকৈকেনৈকৈকমবধীৎ। দ্রোণপদস্য পুনরুক্তির্দোষ এব ॥১৬॥
অথেতি। বেগবত্তরং সুদৃঢ়মিত্যর্থঃ। বিশিখৈর্ব্বাণৈঃ ॥১৭॥
স ইতি। মমৃষে সেহে, পাঞ্চাল্যেন সত্যজিতা ॥১৮॥

সত্যজিৎ যুদ্ধে দ্রোণকে যেন গ্রাস করিয়াছেন দেখিয়া পাঞ্চালদেশীয় বৃক বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বারা দ্রোণকে পীড়ন করিলেন ॥১২॥

রাজা! যুদ্ধে মহারথ দ্রোণকে বাণে আবৃত দেখিয়া পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা আনন্দকোলাহল করিয়া উঠিল এবং বস্ত্র সঞ্চালন করিতে লাগিল ॥১৩॥

রাজা! তৎপরে বলবান্ বৃক অত্যন্তক্রুদ্ধ হইয়া যাটটা বাণদ্বারা দ্রোণের বক্ষস্থল বিদ্ধ করিলেন। সেটা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১৪॥

মহারথ ও মহাবেগশালী দ্রোণ বাণবর্ষণে আবৃত হইয়া ক্রোধে নয়নযুগল উত্তোলন করিয়া ত্বরাপরায়ণ হইলেন ॥১৫॥

তাহার পর দ্রোণ সত্যজিৎ ও বৃকের ধনু ছেদন করিয়া ছয়টা বাণদ্বারা সারথি ও চারিটা অশ্বের সহিত বৃককে বধ করিলেন ॥১৬॥

তৎপরে সত্যজিৎ অন্য একখানা সুদৃঢ় ধনু লইয়া বাণদ্বারা অশ্ব, সারথি ও ধ্বজের সহিত দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১৭॥

হয়ান্ ধ্বজং ধনুর্মুষ্টিমুভৌ চ পার্ষ্ণিসারথী।
অবাকিরত্ততো দ্রোণঃ শরবর্ষৈঃ সহস্রশঃ ॥১৯॥
তথা সংছিদ্যমানেষু কার্ম্মুকেষু পুনঃ পুনঃ।
পাঞ্চাল্যঃ পরমাস্ত্রজ্ঞঃ শোণাশ্বং সমযোধয়ৎ ॥২০॥
স সত্যজিতমালোক্য তথোদীর্ণং মহাহবে।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ শিরস্তস্য মহাত্মনঃ ॥২১॥
তস্মিন্ হতে মহামাত্রে পাঞ্চালানাং মহারথে।
অপায়াজ্জবনৈরশ্বৈর্দ্রোণাত্রস্তো যুধিষ্ঠিরঃ ॥২২॥
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাশ্চেদিকারূষকোশলাঃ।
যুধিষ্ঠিরমভীপ্সন্তো দৃষ্ট্বা দ্রোণমুপাদ্রবন্ ॥২৩॥

হয়ানিতি। অবাকিরং অবকিরন্নচ্ছিনদিত্যর্থঃ ॥১৯॥
তথেতি। শোণা রক্তবর্ণা অশ্বা যস্য তং দ্রোণম্, সমযোধয়ৎ সম্প্রাহরৎ ॥২০॥
স ইতি। উদীর্ণং বিক্রমিণম্। অর্দ্ধচন্দ্রেণ তদাখ্যেন বাণেন ॥২১॥
তস্মিন্নিতি। মহামাত্রে প্রধানে। অপায়াৎ সমরাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥২২॥
পাঞ্চালা ইতি। এতে দেশবাচিনঃ শব্দাস্তদ্দেশীয়যোদ্ধৃষু লক্ষ্যন্তে ॥২৩॥

সত্যজিৎ যুদ্ধে সেইরূপ পীড়ন করিলে, দ্রোণ তাহা সহ্য করিলেন না। সুতরাং তিনি সত্যজিৎকে বিনাশ করিবার জন্য সত্বর বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৮॥

তদনন্তর দ্রোণ সহস্র সহস্র বাণ বর্ষণ করিয়া সত্যজিতের অশ্ব, ধ্বজ, ধনুর মুষ্টিদেশ এবং পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে সংহার করিলেন ॥১৯॥

দ্রোণ সেইভাবে বার বার ধনু ছেদন করিলে, উত্তমাস্ত্রজ্ঞ সত্যজিৎ দ্রোণকে গুরুতর প্রহার করিতে থাকিলেন ॥২০॥

তখন দ্রোণ সত্যজিৎকে মহাযুদ্ধে সেইরূপ বিক্রম প্রকাশ করিতে দেখিয়া একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সেই মহাত্মার মস্তক চ্ছেদন করিলেন ॥২১॥

পাঞ্চালদেশীয় সেই প্রধান মহারথ সত্যজিৎ নিহত হইলে, যুধিষ্ঠির দ্রোণ হইতে ভীত হইয়া বেগবান্ অশ্বগণের গুণে সমরাঙ্গন হইতে সত্বর অপসৃত হইলেন ॥২২॥

পাঞ্চাল, কেকয়, মৎস্য, চেদি, কারূষ ও কোশলদেশীয় যোদ্ধারা দ্রোণকে দেখিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণের দিকে ধাবিত হইল ॥২৩॥

CENTRAL LIBRARY

ততো যুধিষ্ঠিরং প্রেপ্সুরাচার্য্যঃ শত্রুপূগহা।
ব্যধমত্তান্যনীকানি তূলরাশিমিবানলঃ ॥২৪॥
মৎস্যান্ জিত্বাঽজয়চ্চেদীন্ করূষান্ কেকয়ানপি।
পাঞ্চালান্ সৃঞ্জয়ান্ পাণ্ডূন্ ভারদ্বাজঃ পুনঃ পুনঃ ॥২৫॥
তং দহন্তমনীকানি ক্রুদ্ধমগ্নিং যথা বনম্।
দৃষ্ট্বা রুক্মরথং বীরং সমকম্পন্ত সৃঞ্জয়াঃ ॥২৬॥
উত্তমং হ্যাদদানস্য ধনুরস্যাশুকারিণঃ।
জ্যাঘোষো নিঘ্নতোঽমিত্রান্ দিক্ষু সর্বাসু শুশ্রুবে ॥২৭॥
নাগানশ্বান্ পদাতীংশ্চ রথিনো গজসাদিনঃ।
রৌদ্রা হস্তবতা মুক্তাঃ প্রমথ্নন্তি স্ম সায়কাঃ ॥২৮॥

তত ইতি। প্রেপ্সুর্গ্রহীতুমিচ্ছুঃ, শত্রুপূগহা শত্রুসমূহহন্তা। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৪॥
মৎস্যানিতি। পাণ্ডূন্ পাণ্ডবসৈন্যান্, ভারদ্বাজো দ্রোণঃ ॥২৫॥
তমিতি। অনীকানি পাণ্ডবসৈন্যানি। রুক্মরথং স্বর্ণময়রথং দ্রোণম্ ॥২৬॥
উত্তমমিতি। আদদানস্য গৃহ্ণতঃ, আশুকারিণঃ শীঘ্রাস্ত্রক্ষেপিণঃ ॥২৭॥
নাগানিতি। নাগান্ গজান্। হস্তবতা প্রশস্তহস্তশালিনা দ্রোণেন ॥২৮॥

তাহার পর অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ যুধিষ্ঠিরকে ধরিবার জন্য যত্নবান্ ও শত্রুসমূহহন্তা দ্রোণ সেই সৈন্যগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥২৪॥

দ্রোণ মৎস্যদেশীয় যোদ্ধাদিগকে জয় করিয়া চেদি, করূষ, কেকয়, পাঞ্চাল, সৃঞ্জয় এবং পাণ্ডবপক্ষের অপর সৈন্যগণকেও বার বার জয় করিলেন ॥২৫॥

অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইরূপ স্বর্ণময়রথারোহী ও মহাবীর দ্রোণ ক্রুদ্ধ হইয়া পাণ্ডবসৈন্য দগ্ধ করিতেছেন দেখিয়া সৃঞ্জয়েরা কাঁপিতে লাগিল ॥২৬॥

উত্তম ধনু আকর্ষণ, সত্বর অস্ত্রক্ষেপ ও শত্রুসংহার করিবার সময়ে সকল দিকেই দ্রোণের ধনুষ্টঙ্কার শুনা যাইতে থাকিল ॥২৭॥

(২৪)···তূলরাশিমিবানলঃ—পি। ইতঃ পরং বিরাটাত্মজশতানীকবধবোধকাশ্চত্বারঃ শ্লোকাঃ কেষুচিৎ পুস্তকেষু বিন্যস্তাঃ। তচ্চান্যায্যম্, ভীষ্মপর্ব্বণি ১১৩ অধ্যায়ে ভীষ্মেণৈব তদ্বধস্য মুনিনাভিধানাৎ ভীষ্মস্য প্রতিজ্ঞানুসারেণ তথৈব সম্ভবাচ্চ। তে চ শ্লোকা যথা—
নির্দ্দহন্তমনীকানি তানি তানি পুনঃ পুনঃ। দ্রোণং মৎস্যাদবরজঃ শতানীকোঽভ্যবর্ত্তত ॥
সূর্য্যরশ্মিপ্রতীকাশৈঃ কঙ্কারপরিমার্জ্জিতৈঃ। ষড়্ভিঃ সম্বৃতং সহয়ং দ্রোণং বিদ্ধানদদ্ভৃশম্ ॥
ক্রূরায় কর্ম্মণে যুক্তশ্চিকীর্ষুঃ কর্ম্ম দুষ্করম্। অবাকিরচ্ছরশতৈর্ভারদ্বাজং মহারথম্ ॥
তস্য নানদতো দ্রোণঃ শিরঃ কায়াৎ সকুণ্ডলম্। ক্ষুরেণাপাহরৎ তূর্ণং ততো মৎস্যাঃ প্রদুদ্রুবুঃ ॥

(২৭) উভাভ্যাং সন্দধানস্য···নি।

CENTRAL LIBRARY

নানদ্যমানঃ পর্জন্যো মিশ্রবাতো হিমাত্যয়ে।
অশ্মবর্ষমিবাবর্ষৎ পরেষাং ভয়মাদধৎ ॥২৯॥
সর্বা দিশঃ সমচরৎ সৈন্যং বিক্ষোভয়ন্নিব।
বলী শূরো মহেষ্বাসো মিত্রাণামভয়ঙ্করঃ ॥৩০॥
তস্য বিদ্যুদিবাভ্রেষু চাপং হেমপরিষ্কৃতম্।
দিক্ষু সর্বাসু পশ্যামো দ্রোণস্যামিততেজসঃ ॥৩১॥
শোভমানাং ধ্বজে চাস্য বেদীমদ্রাক্ষ ভারত!।
হিমবচ্ছিখরাকারাং চরতঃ সংযুগে ভৃশম্ ॥৩২॥
দ্রোণস্তু পাণ্ডবানীকে চকার কদনং মহৎ।
যথা দৈত্যগণে বিষ্ণুঃ সুরাসুরনমস্কৃতঃ ॥৩৩॥

নানদ্যেতি। হিমাত্যয়ে শীতকালাবসানে বসন্তকালে, নানদ্যমানঃ পুনঃ পুনর্নদন্ গর্জন্, মিশ্রো মিলিতো বাতো যত্র সঃ, পর্জন্যো মেঘঃ, অশ্মবর্ষং শিলাবৃষ্টিমিব, দ্রোণঃ পরেষাং ভয়ম্, আদধৎ জনয়ন্, বাণবর্ষম্ অবর্ষৎ অকরোৎ ॥২৯॥

সর্বা ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো দ্রোণঃ ॥৩০॥

তস্যেতি। অভ্রেষু মেঘেষু, হেমপরিষ্কৃতং স্বর্ণখচিততয়া শোভিতম্ ॥৩১॥

শোভেতি। বেদীং ব্রাহ্মণত্বাদ্যজ্ঞবেদীচিহ্নম্। হিমবচ্ছিখরাকারাং হিমাদ্রিশৃঙ্গতুল্যাম্ ॥৩২॥

দ্রোণ ইতি। কদনমুৎপীড়নম্ ॥৩৩॥

লঘুহস্ত-দ্রোণ-নিক্ষিপ্ত ভয়ঙ্কর বাণ সকল যাইয়া হস্তী, অশ্ব, পদাতি, রথী ও গজারোহীদিগকে আলোড়ন করিতে লাগিল ॥২৮॥

বসন্তকালে বায়ুসম্মিলিত এবং অনবরতগর্জনকারী মেঘ যেমন শিলাবৃষ্টি করে, সেইরূপ দ্রোণ শত্রুপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া বাণবৃষ্টি করিতে লাগিলেন ॥২৯॥

বলবান্, বীর, মহাধনুর্দ্ধর ও মিত্রগণের অভয়দাতা দ্রোণ বিপক্ষসৈন্যকে আলোড়ন করতই যেন সকল দিকে বিচরণ করিতে থাকিলেন ॥৩০॥

মেঘের উপরে বিদ্যুতের ন্যায় অমিততেজা দ্রোণের হস্তে তাঁহার স্বর্ণখচিত ধনুখানাকে আমরা সকল দিকে দেখিতে লাগিলাম ॥৩১॥

ভরতনন্দন! দ্রোণ যখন অনবরত সমরাঙ্গনে বিচরণ করিতেছিলেন, তখন আমরা তাঁহার ধ্বজে হিমালয়ের শৃঙ্গতুল্য সুন্দর বেদী দেখিতেছিলাম ॥৩২॥

পূর্বকালে সুরাসুরনমস্কৃত বিষ্ণু যেমন দৈত্যসৈন্যগণের গুরুতর উৎপীড়ন করিয়াছিলেন, দ্রোণও তেমন পাণ্ডবসৈন্যগণের গুরুতর উৎপীড়ন করিতে লাগিলেন ॥৩৩॥

স শূরঃ সত্যবাক্ প্রাজ্ঞো বলবান্ সত্যবিক্রমঃ।
মহানুভাবঃ কল্পান্তে রৌদ্রাং ভীরুবিভীষণাম্ ॥৩৪॥
কবচোর্ম্মিধ্বজাবর্ত্তাং মর্ত্ত্যকূলাপহারিণীম্।
গজবাজিমহাগ্রাহামসিমীনাং দুরাসদাম্ ॥৩৫॥
বীরাস্থিশর্করাং রৌদ্রাং ভেরীমুরজকচ্ছপাম্।
চর্ম্মবর্ম্মপ্লবাং ঘোরাং কেশশৈবলশাদ্বলাম্ ॥৩৬॥
শরৌঘিণীং ধনুঃস্রোতাং বাহুপন্নগসঙ্কুলাম্।
রণভূমিবহাং তীব্রাং কুরুসৃঞ্জয়বাহিনীম্ ॥৩৭॥
মনুষ্যশীর্ষপাষাণাং শক্তিমীনাং গদোড়ুপাম্।
উষ্ণীষফেনবসনাং বিকীর্ণান্ত্রসরীসৃপাম্ ॥৩ ॥
বীরাপহারিণীমুগ্রাং মাংসশোণিতকর্দ্দমাম্।
হস্তিগ্রাহাং কেতুবৃক্ষাং ক্ষত্রিয়াণাং নিমজ্জনীম্ ॥৩৯॥

অথাষ্টভিঃ শ্লোকৈঃ কুলকেন রক্তনদীং বর্ণয়ন্নাহ স ইতি। ঈদৃশো দ্রোণো নদীং প্রাবর্ত্তয়দিতি পরেণান্বয়ঃ। মহানুভাবঃ প্রভাবো যস্য সঃ, কল্পান্তে প্রলয়কাল ইব। কবচান্যেব ঊর্ম্ময়স্তরঙ্গা যস্যাঃ সা চাসৌ ধ্বজা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাঃ সা চেতি তাম্, মর্ত্ত্যা মৃতদেহা এব কূলানি তীরাণি তানি ভঙ্ক্ত্বা অপহরতীতি তাম্। গজবাজিন এব মহাগ্রাহা বৃহজ্জলজন্তবো যস্যাং তাম্, অসয়ঃ কৃপাণা এব মীনা যস্যাস্তাম্, দুরাসদাং দুর্গমাম্। বীরাণামস্থীন্যেব শর্করাঃ ক্ষুদ্রপাষাণা যস্যাং তাম্, ভেরীমুরজা বাদ্যযন্ত্রাণ্যেব কচ্ছপা যস্যাং তাম্। চর্ম্মাণি বর্ম্মাণি চ প্লবাঃ ক্ষুদ্রনৌকা যস্যাং তাম্, কেশা এব শৈবলাস্তৈঃ শাদ্বলাং স্থানবিশেষে হরিদ্বর্ণাম্। শরা এব ওঘা বেগা অস্যাঃ সন্তীতি তাম্, ধনূংষ্যেব স্রোতাংসি যস্যাস্তাম্। স্রোতঃশব্দস্য সলোপ আর্ষঃ। বাহব এব পন্নগাঃ সর্পাস্তৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। রণভূমৌ বহতীতি তাম্, কুরূন্ সৃঞ্জয়াংশ্চ বহতি নয়তীতি তাম্। মনুষ্যাণাং শীর্ষাণি মস্তকান্যেব পাষাণা যস্যাস্তাম্, শক্তয়ঃ অস্ত্রবিশেষা এব মীনা যস্যাস্তাম্, গদা এব উড়ুপানি ক্ষুদ্রনৌকা যস্যাস্তাম্। উষ্ণীষবসনান্যেব ফেনা যস্যাস্তাম্। ফেনপদস্য মধ্যবর্ত্তিত্বমার্ষম্। বিকীর্ণানি অস্ত্রাণি নাড়ীবিশেষা

বীর, সত্যবাদী, প্রাজ্ঞ, বলবান্, যথার্থবিক্রমশালী ও মহাপ্রভাবসম্পন্ন দ্রোণ প্রলয়কালের ন্যায় একটা ভয়ঙ্কর রক্তের নদী প্রবর্ত্তিত করিয়া ফেলিলেন। কবচ ছিল সেই নদীটার তরঙ্গ, ধ্বজ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ও অশ্ব ছিল বৃহৎ জলজন্তু, তরবারি ছিল মৎস্য, বীরগণের অস্থি ছিল কাঁকর, ভেরী ও মৃদঙ্গ ছিল কচ্ছপ, চর্ম্ম ও বর্ম্ম ছিল ক্ষুদ্র নৌকা, বাণ ছিল বেগ, ধনু ছিল স্রোত, মনুষ্যগণের মস্তক ছিল পাষাণ, শক্তি ছিল মৎস্য, গদা ছিল ক্ষুদ্র নৌকা, উষ্ণীষ ও বস্ত্র ছিল ফেন, বিক্ষিপ্ত নাড়ী ছিল সর্প, রক্ত ও মাংস ছিল কর্দ্দম, হস্তী ছিল

CENTRAL LIBRARY

ক্রূরাং শরীরসংঘট্টাং সাদিনক্রাং দুরত্যয়াম্ ।
দ্রোণঃ প্রাবর্ত্তয়ত্তত্র নদীমন্তকগামিনীম্ ॥৪০॥
ক্রব্যাদগণসংজুষ্টাং শ্বশৃগালগণাযুতাম্ ।
নিষেবিতাং মহারৌদ্রৈঃ পিশিতাশৈঃ সমন্ততঃ ॥৪১॥ (কুলকম্)
তং দহন্তমনীকানি রথোদারং কৃতান্তবৎ ।
সর্বতোঽভ্যদ্রবন্ দ্রোণং কুন্তীপুত্রপুরোগমাঃ ॥৪২॥
তে দ্রোণং সহিতাঃ শূরাঃ সর্বতঃ প্রত্যবারয়ন্ ।
গভস্তিভিরিবাদিত্যং তপন্তং ভুবনং যথা ॥৪৩॥
তং তু শূরং মহেষ্বাসং তাবকা হ্যন্যতায়ুধাঃ ।
রাজানো রাজপুত্রাশ্চ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪৪॥

এব সরীসৃপাঃ সর্পা যত্র তাম্। বীরানপহরতীতি তাম্, মাংসশোণিতান্ত্রেব কর্দ্দমা যস্যাস্তাম্। হস্তিন এব গ্রাহা জলজন্তবো যত্র তাম্, কেতবো ধ্বজা এব বৃক্ষা যত্র তাম্, ক্ষত্রিয়াণাং নিমজ্জনীং নিমজ্জনকারিণীম্। শরীরাণ্যেব সংঘট্টা সোপানানি যস্যাং তাম্, সাদিনো হস্ত্যশ্বারোহিণ এব নক্রাঃ কুম্ভীরা যস্যাং তাম্। অন্তকগামিনীং যমলোকপ্রাপিণীম্। ক্রব্যাদগণৈর্বৃকাদিমাংসভোজিসমূহৈঃ সংজুষ্টাং সম্যক্ সেবিতাম্, শুনাং কুক্কুরাণাং শৃগালানাঞ্চ গণেন আযুতাং সঙ্কীর্ণাম্। সমন্ততো মহারৌদ্রৈঃ পিশিতাশৈর্মাংসভোজিভিঃ পক্ষিভির্নিষেবিতাঞ্চ। অত্র পুনরুক্ত্যাদয়ো দোষা আর্ষত্বাৎ সোঢ়ব্যাঃ ॥৩৪—৪১॥

তমিতি। রথোদারং মহারথম্। কুন্তীপুত্রপুরোগমা যুধিষ্ঠিরাদয়ঃ ॥৪২॥

ত ইতি। গভস্তিভিঃ কিরণৈঃ। প্রথমার্থে তৃতীয়েয়ম্। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৪৩॥

তমিতি। পর্য্যবারয়ন্ সাহায্যবিধানায় ॥৪৪॥

জলজন্তু, ধ্বজ ছিল বৃক্ষ, শরীর ছিল ঘাট এবং গজারোহী ও অশ্বারোহীরা ছিল কুম্ভীর। আর সেই নদীটা ভীরু লোকের ভয় জন্মাইতেছিল এবং দুর্গমা, কেশরূপ শৈবলে (সেওলাতে) হরিদ্বর্ণা, রণস্থলবাহিনী, কুরু ও সৃঞ্জয়গণাকর্ষিণী, বীরাপহরণকারিণী, ক্ষত্রিয়গণের নিমগ্নতাবিধায়িনী, যমলোকপ্রেরিণী, বিশেষতঃ মাংসভোজী বৃক, কুকুর, শৃগাল ও মহাভীষণ পক্ষিগণে সকল দিকে ব্যাপ্ত ছিল ॥৩৪—৪১॥

মহারথ দ্রোণ যমের ন্যায় সৈন্য সংহার করিতে লাগিলে, যুধিষ্ঠিরপ্রভৃতি যোদ্ধারা সকল দিক্ হইতে তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

কিরণসমূহ যেমন জগৎসন্তাপকারী সূর্য্যকে পরিবেষ্টন করে, সেইরূপ সেই বীরেরা সম্মিলিত হইয়া সকল দিকে দ্রোণকে বেষ্টন করিলেন ॥৪৩॥

(৪৩)···সর্ব্বতঃ পর্য্যবারয়ন্···পি। (৪৪)···তাবকাস্ত্বন্যতায়ুধাঃ···বা ব রা নি।

শিখণ্ডী তু ততো দ্রোণং পঞ্চভির্নতপর্ব্বভিঃ।
ক্ষত্রবর্ম্মা চ বিংশত্যা বসুদানশ্চ পঞ্চভিঃ ॥৪৫॥
উত্তমৌজাস্ত্রিভির্ব্বাণৈঃ ক্ষত্রদেবশ্চ সপ্তভিঃ।
সাত্যকিশ্চ শতেনাজৌ যুধামন্যুস্তথাষ্টভিঃ ॥৪৬॥
যুধিষ্ঠিরো দ্বাদশভির্দ্রোণং বিব্যাধ সায়কৈঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ দশভিশ্চেকিতানস্ত্রিভিঃ শরৈঃ ॥৪৭॥ (বিশেষকম্)
ততো দ্রোণঃ সত্যসন্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অভ্যতীত্য রথানীকং দৃঢ়সেনমপাতয়ৎ ॥৪৮॥
ততো রাজানমাসাদ্য প্রহরন্তমভীতবৎ।
অবিধ্যন্নবভিঃ ক্ষেমং স হতঃ প্রাপতদ্রথাৎ ॥৪৯॥
স মধ্যং প্রাপ্য সৈন্যানাং সর্ব্বাঃ প্রবিচরন্ দিশঃ।
ত্রাতা হ্যভবদন্যেষাং ন ত্রাতব্যঃ কথঞ্চন ॥৫০॥

শিখণ্ডীতি। নতানি কিঞ্চিদ্বক্রাণি পর্ব্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈর্ব্বাণৈঃ। শতেন বাণানাম্। বিব্যাধ তাড়য়ামাস, সায়কৈর্ব্বাণৈঃ ॥৪৫—৪৭॥

তত ইতি। সত্যসন্ধো যথার্থপ্রতিজ্ঞঃ, প্রভিন্নো মদস্রাবী। দৃঢ়সেনং নাম ॥৪৮॥

তত ইতি। ক্ষেমং নাম রাজানমিতি সম্বন্ধঃ। নবভির্ব্বাণৈঃ ॥৪৯॥

স ইতি। স দ্রোণঃ। ত্রাতা রক্ষকঃ। ত্রাতব্যো রক্ষিতব্যঃ, আত্মনৈব সুরক্ষিতত্বাৎ ॥৫০॥

আবার আপনার পক্ষের রাজারা এবং রাজপুত্রেরাও অস্ত্র উত্তোলন করিয়া সেই মহাবীর ও মহাধনুর্দ্ধর দ্রোণকে সকল দিকে বেষ্টন করিলেন ॥৪৪॥

তাহার পর শিখণ্ডী নতপর্ব পাঁচটা, ক্ষত্রবর্ম্মা কুড়িটা, বসুদান পাঁচটা, উত্তমৌজা তিনটা, ক্ষত্রদেব সাতটা, সাত্যকি শতটা, যুধামন্যু আটটা, যুধিষ্ঠির বারটা, ধৃষ্টদ্যুম্ন দশটা এবং চেকিতান তিনটা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥৪৫—৪৭॥

তদনন্তর সত্যপ্রতিজ্ঞ দ্রোণ মদস্রাবী হস্তীর ন্যায় বিপক্ষ রথী সৈন্যকে অতিক্রম করিয়া যাইয়া দৃঢ়সেনকে নিপাতিত করিলেন ॥৪৮॥

তৎপরে, ক্ষেমরাজা নির্ভয়ের ন্যায় প্রহার করিতেছিলেন, সেই সময়ে দ্রোণ তাঁহার সম্মুখে যাইয়া তাঁহাকে নয়টা বাণদ্বারা বিদ্ধ করিলেন; তখন তিনি নিহত হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৪৯॥

ক্রমে দ্রোণ বিপক্ষসৈন্যের মধ্যে উপস্থিত হইয়া সকল দিকে বিচরণ করিতে থাকিয়া অন্যের রক্ষক হইতে লাগিলেন বটে, কিন্তু নিজে কোন প্রকারেই অন্যের রক্ষণীয় হইতে থাকিলেন না ॥৫০॥

শিখণ্ডিনং দ্বাদশভির্বিংশত্যা চোত্তমৌজসম্ ।
বসুদানঞ্চ ভল্লেন প্রৈষয়দ্যমসাদনম্ ॥৫১॥
অশীত্যা ক্ষত্রবর্ম্মাণং ষড়্বিংশত্যা সুদক্ষিণম্ ।
ক্ষত্রদেবন্তু ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৫২॥
যুধামন্যুং চতুঃষষ্ট্যা ত্রিংশতা চৈব সাত্যকিম্ ।
বিদ্ধা রুক্মরথস্তূর্ণং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৫৩॥
ততো যুধিষ্ঠিরঃ ক্ষিপ্রং গুরুতো রাজসত্তমঃ ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ পাঞ্চাল্যো দ্রোণমভ্যয়াৎ ॥৫৪॥
তং দ্রোণঃ সধনুষ্কন্তু সাশ্বসূতারমাক্ষিণোৎ ।
স হতঃ প্রাপতদ্ভূমৌ রথাজ্জ্যোতিরিবাম্বরাৎ ॥৫৫॥
তস্মিন্ হতে রাজপুত্রে পাঞ্চালানাং যশস্করে ।
হত দ্রোণং হত দ্রোণমিত্যাসীন্নিস্বনো মহান্ ॥৫৬॥

শিখণ্ডিনমিতি। দ্বাদশভির্বিংশত্যা চ বাণৈর্বিদ্ধেতি শেষঃ ॥৫১॥

অশীত্যেতি। পূর্ব্ববদেব বিদ্ধেতি শেষঃ। রথনীড়াদিত্যনেন ক্ষত্রদেবস্য পক্ষিতুল্যত্বং সূচিতম্ ॥৫২॥

যুধেতি। রুক্মরথঃ স্বর্ণময়রথো দ্রোণঃ। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৫৩॥

তত ইতি। গুরুতো গুরোর্দ্রোণাৎ। অপায়াৎ অপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥৫৪॥

তমিতি। অশ্বৈর্যুক্তা সারথিনা চ সহেতি তম্, আক্ষিণোদ্বাণৈর্ব্যদারয়ৎ ॥৫৫॥

পরে তিনি বারটা বাণদ্বারা শিখণ্ডীকে এবং কুড়িটাদ্বারা উত্তমৌজাকে বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা বসুদানকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৫১॥

আবার আশীটা বাণদ্বারা ক্ষত্রবর্ম্মাকে এবং ছাব্বিশটাদ্বারা সুদক্ষিণকে তাড়ন করিয়া একটা ভল্লদ্বারা ক্ষত্রদেবকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৫২॥

তৎপরে দ্রোণ চৌষট্টিটা বাণদ্বারা যুধামন্যুকে এবং ত্রিশটাদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া সত্বর যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৫৩॥

তদনন্তর রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির সত্বর বেগযুক্ত ঘোটক চালিত রথে দ্রোণের নিকট হইতে অপসৃত হইলেন; আর পাঞ্চালরাজপুত্র দ্রোণের দিকে চলিলেন ॥৫৪॥

তখন দ্রোণ বাণদ্বারা ধনু, অশ্ব ও সারথির সহিত পাঞ্চালরাজপুত্রকে বিদীর্ণ করিলেন; তাহাতে সেই রাজপুত্র নিহত হইয়া আকাশ হইতে জ্যোতিষ্ক পদার্থের ন্যায় রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥৫৫॥

তাংস্তথা ভৃশসংরব্ধান্ পাঞ্চালান্ মৎস্যকেকয়ান্।
সৃঞ্জয়ান্ পাণ্ডবাংশ্চৈব দ্রোণো ব্যক্ষোভয়দ্বলী ॥৫৭॥
সাত্যকিং চেকিতানঞ্চ ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
বার্দ্ধক্ষেমিং চৈত্রসেনিং সেনাবিন্দুং সুবর্চ্চসম্ ॥৫৮॥
এতাংশ্চান্যাংশ্চ সুবহূন্ নানাজনপদেশ্বরান্।
সর্ব্বান্ দ্রোণোঽজয়দ্যুদ্ধে কুরুভিঃ পরিবারিতঃ ॥৫৯॥ (যুগ্মকম্)
তাবকাশ্চ মহারাজ! জয়ং লব্ধ্বা মহাহবে।
পাণ্ডবেয়ান্ রণে জঘ্নুর্দ্রবমাণান্ সমন্ততঃ ॥৬০॥
তে দানবা ইবেন্দ্রেণ বধ্যমানা মহাত্মনা।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাঃ সমকম্পন্ত ভারত! ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে দ্রোণবিক্রমে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তস্মিন্নিতি। হত সংহরত যূয়ম্। নিস্বনঃ কোলাহলঃ ॥৫৬॥
তানিতি। ভৃশসংরব্ধান্ অতীবক্রুদ্ধান্। ব্যক্ষোভয়ৎ আলোড়য়ৎ ॥৫৭॥
সাত্যকিমিতি। সুবর্চ্চসং নাম। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৫৮—৫৯॥
তাবকা ইতি। তাবকাস্ত্বৎপক্ষীয়যোদ্ধারঃ। দ্রবমাণান্ পলায়মানান্ ॥৬০॥
ত ইতি। মহাত্মনা দ্রোণেন। সমকম্পন্ত প্রাণভয়েন ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

পাঞ্চালগণের যশস্কর সেই রাজপুত্র নিহত হইলে, 'দ্রোণকে বধ কর, দ্রোণকে বধ কর' এইরূপ বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫৬॥

বলবান্ দ্রোণ—অত্যন্তক্রুদ্ধ সেই পাঞ্চাল, মৎস্য, কেকয়, সৃঞ্জয় ও অন্যান্য পাণ্ডবযোদ্ধৃগণকে আলোড়ন করিতে লাগিলেন ॥৫৭॥

ক্রমে দ্রোণাচার্য্য কৌরবসৈন্যগণে পরিবেষ্টিত হইয়া সাত্যকি, চেকিতান, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, বার্দ্ধক্ষেমি, চৈত্রসেনি, সেনাবিন্দু ও সুবর্চ্চা ইহাদিগকে এবং অন্যান্য বহুতর নানাদেশীয় রাজাকে যুদ্ধে জয় করিলেন ॥৫৮—৫৯॥

মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা মহাযুদ্ধে জয় লাভ করিয়া সকল দিকে পলায়মান পাণ্ডবসৈন্যগণকে বধ করিতে লাগিলেন ॥৬০॥

---

(৬১) মাৎস্যাঃ · নি। * '···বিংশোঽধ্যায়ঃ' ব, '···একবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

বিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভারদ্বাজেন ভগ্নেষু পাণ্ডবেষু মহামৃধে।
পাঞ্চালেষু চ সর্ব্বেষু কশ্চিদন্যোঽভ্যবর্ত্তত ॥১॥
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা ক্ষত্রিয়াণাং যশস্করীম্।
অসেবিতাং কাপুরুষৈঃ সেবিতাং পুরুষর্ষভৈঃ ॥২॥ (যুগ্মকম্)
স হি বীরোন্নতঃ শূরো যো ভগ্নেষু নিবর্ত্ততে।
অহো নাসীৎ পুমান্ কশ্চিদ্দৃষ্ট্বা দ্রোণং ব্যবস্থিতম্ ॥৩॥
জৃম্ভমাণমিব ব্যাঘ্রং প্রভিন্নমিব কুঞ্জরম্।
ত্যজন্তমাহবে প্রাণান্ সন্নদ্ধং চিত্রযোধিনম্ ॥৪॥
মহেষ্বাসং নরব্যাঘ্রং দ্বিষতাং ভয়বর্দ্ধনম্।
কৃতজ্ঞং সত্যনিরতং দুর্য্যোধনহিতৈষিণম্ ॥৫॥

ভারেতি। অভ্যবর্ত্তত অভিমুখোঽভবৎ কিমিতি কাকুঃ। আর্য্যাং সাধ্বীম্ ॥১—২॥
স ইতি। সৈন্যেষু ভগ্নেষু সংসু, যো নিবর্ত্ততে নিবৃত্যাভিমুখীভবতি, স হি, বীরেষু উন্নতঃ শ্রেষ্ঠঃ শূরো বীরঃ। তথা চ দ্রোণং যুদ্ধায় ব্যবস্থিতং দৃষ্ট্বা তাদৃশঃ কশ্চিৎ পুমান্, পাণ্ডববলেষু তদানীং নাসীদহো কিমিতি কাকুঃ ॥৩॥

ভরতনন্দন! ইন্দ্র যেমন দানবগণকে বধ করিতেন, সেইরূপ মহাত্মা দ্রোণ বধ করিতে থাকিলে, পাঞ্চাল, কেকয় ও মৎস্যদেশীয় সৈন্যেরা কাঁপিতে লাগিল' ॥৬১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! দ্রোণাচার্য্য সমস্ত পাণ্ডবগণকে এবং সমগ্র পাঞ্চালদিগকে পরাভূত করিলে, ক্ষত্রিয়গণের যশের হেতু, পুরুষশ্রেষ্ঠগণের অবলম্বিত এবং কাপুরুষদিগের অনাশ্রিত যুদ্ধবিষয়ে উত্তম বুদ্ধি করিয়া পাণ্ডব-পক্ষের অন্য কোন লোক দ্রোণের অভিমুখবর্ত্তী হইয়াছিল কি? ॥১—২॥

সৈন্য ভগ্ন হইলে যিনি ফিরিয়া দাঁড়ান, তিনিই বীরগণের মধ্যে শ্রেষ্ঠ বীর। সুতরাং দ্রোণকে যুদ্ধের জন্য অবস্থিত দেখিয়া তাদৃশ কোন পুরুষ তখন পাণ্ডব-পক্ষে ছিল না কি? ॥৩॥

(১)…কৈকেয়েষু মহামৃধে…পি। (৫)…দ্বিষতামঘবর্দ্ধনম্…পি,…দ্বিষতাং শোকবর্দ্ধনম্…বা

CENTRAL LIBRARY

ভারদ্বাজং তথানীকে দৃষ্ট্বা শূরমবস্থিতম্।
কে শূরাঃ সন্ন্যবর্ত্তন্ত তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৬॥ (বিশেষকম্)

সঞ্জয় উবাচ।

তান্ দৃষ্ট্বা চলিতান্ সংখ্যে প্রণুন্নান্ দ্রোণসায়কৈঃ।
পাঞ্চালান্ পাণ্ডবান্ মৎস্যান্ সৃঞ্জয়াংশ্চেদিকেকয়ান্ ॥৭॥
দ্রোণচাপবিমুক্তেন শরৌঘেণাশুহারিণা।
সিন্ধোরিব মহৌঘেন হ্রিয়মাণান্ যথা প্লবান্ ॥৮॥
কৌরবাঃ সিংহনাদেন নানাবাদ্যস্বনেন চ।
রথদ্বিপনরাংশ্চৈব সর্ব্বতঃ সমবারয়ন্ ॥৯॥ (বিশেষকম্)
তান্ পশ্যন্ সৈন্যমধ্যস্থো রাজা স্বজনসংবৃতঃ।
দুর্য্যোধনোঽব্রবীৎ কর্ণং প্রহৃষ্টঃ প্রহসন্নিব ॥১০॥

জৃম্ভেতি। জৃম্ভমাণং গাত্রমায়চ্ছমানম্, প্রভিন্নং মদস্রাবিণম্। ত্যজন্তং ত্যাগায়োদ্যচ্ছন্তম্, সন্নদ্ধং যুদ্ধায় সজ্জিতম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। অনীকে সৈন্যে ॥৪—৬॥

তানিতি। পরত্র হ্রিয়মাণানিত্যুক্তেঃ চলিতান্ বিচলিতান্ কম্পিতানিত্যর্থঃ। প্রণুন্নান্ বিদীর্ণান্। আশুহারিণা দ্রুতং হরণকারিণা। হ্রিয়মাণান্ অন্যত্র নীয়মানান্, প্লবান্ ক্ষুদ্রনৌকাঃ। রথদ্বিপনরান্ পাণ্ডবপক্ষীয়ান্ রথিহস্তিপদাতীন্ ॥৭—৯॥

সঞ্জয়! গাত্রজৃম্ভণকারী ব্যাঘ্রের ন্যায় এবং মদস্রাবী হস্তীর তুল্য, যুদ্ধে প্রাণত্যাগে উদ্যত, যুদ্ধসজ্জায় সজ্জিত, বিচিত্রযুদ্ধকারী, মহাধনুর্দ্ধর, নরশ্রেষ্ঠ, শত্রুগণের ভয়বর্দ্ধক, কৃতজ্ঞ, সত্যপরায়ণ, দুর্য্যোধনের হিতৈষী ও মহাবীর দ্রোণকে সেইভাবে কৌরবসৈন্যমধ্যে অবস্থিত দেখিয়া পাণ্ডবপক্ষের কোন্ বীরেরা ফিরিয়া দাঁড়াইয়াছিলেন, তাহা তুমি আমার নিকট বল' ॥৪—৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পাঞ্চাল, পাণ্ডব, মৎস্য, সৃঞ্জয়, চেদি ও কেকয় সৈন্যেরা দ্রোণের বাণে বিদীর্ণ হইয়া যুদ্ধে বিচলিত হইয়াছে এবং সমুদ্রের মহাবেগ যেমন ক্ষুদ্র নৌকাসমূহকে হরণ করে, তেমন শীঘ্রহরণকারী দ্রোণ-কার্ম্মুকনিক্ষিপ্ত বাণসমূহ উহাদিগকে হরণ করিয়া লইয়া চলিয়াছে, ইহা দেখিয়া কৌরবেরা সিংহনাদ ও নানাবাদ্যধ্বনি সহকারে সকল দিক্ হইতে পাণ্ডবপক্ষের রথী, হস্তী ও পদাতিদিগকে বারণ করিতে লাগিলেন ॥৭—৯॥

এই সময়ে সৈন্যমধ্যবর্ত্তী ও স্বজনপরিবেষ্টিত রাজা দুর্য্যোধন তাহাদিগকে দর্শন করতঃ আনন্দিত হইয়া হাসিতে হাসিতেই যেন কর্ণকে বলিলেন—॥১০॥

---

(৭)···পাঞ্চালান্ কেকয়ান্ মৎস্যান্ সৃঞ্জয়াংশ্চেদিকোশলান্—পি। (১০) ইতঃ পরং 'দুর্য্যোধন উবাচ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

পশ্য রাধেয় ! পাঞ্চালান্ প্রণুন্নান্ দ্রোণসায়কৈঃ ।
সিংহেনেব মৃগান্ বন্যাংস্ত্রাসিতান্ দৃঢ়ধন্বনা ॥১১॥
নৈতে জাতু পুনর্যুদ্ধমীহেয়ুরিতি মে মতিঃ ।
যথা তু ভগ্না দ্রোণেন বাতেনেব মহাদ্রুমাঃ ॥১২॥
অর্দ্যমানাঃ শরৈরেতে রুক্মপুঙ্খৈর্মহাত্মনা ।
পথা নৈকেন গচ্ছন্তি ঘূর্ণমানাস্ততস্ততঃ ॥১৩॥
সন্নিরুদ্ধাশ্চ কৌরব্যৈর্দ্রোণেন চ মহাত্মনা ।
এতেঽন্যে মণ্ডলীভূতাঃ পাবকেনেব কুঞ্জরাঃ ॥১৪॥
ভ্রমরৈরিব চাবিষ্টা দ্রোণস্য নিশিতৈঃ শরৈঃ ।
অন্যোন্যং সমলীয়ন্ত পলায়নপরায়ণাঃ ॥১৫॥
এষ ভীমো মহাক্রোধী হীনঃ পাণ্ডবসৃঞ্জয়ৈঃ ।
মদীয়ৈরাবৃতো যোধৈঃ কর্ণ ! নন্দয়তীব মাম্ ॥১৬॥

তানিতি। তান্ ভগ্নান্ বিপক্ষান্। প্রহৃষ্টো জয়লাভেনানন্দিতচিত্তঃ ॥১০॥
পঞ্চেতি। প্রণুন্নান্ বিদীর্ণান্। দৃঢ়ধন্বনা দ্রোণেন ॥১১॥
নেতি। জাতু কদাচিৎ। ঈহেয়ুঃ কর্ত্তুং চেষ্টেরন্ ॥১২॥
অর্দ্যেতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, মহাত্মনা দ্রোণেন। নৈকেনানেকেন ॥১৩॥
সমিতি। সন্নিরুদ্ধাঃ স্বেচ্ছয়া গন্তুং বাধিতাঃ। পাবকেন বহ্নিনা ॥১৪॥
ভ্রমরৈরিতি। আবিষ্টাঃ প্রবিষ্টাঃ। সমলীয়ন্ত লুক্কায়িতা অভবন্ ॥১৫॥

'কর্ণ ! দেখ, পাঞ্চালেরা দ্রোণের বাণে বিদীর্ণ হইয়াছে এবং সিংহ যেমন বন্য পশুগণকে বিত্রস্ত করে, তেমন দৃঢ়ধন্বা দ্রোণও উহাদিগকে বিত্রস্ত করিয়াছেন ॥১১॥

সুতরাং আমার ধারণা এই যে, ইহারা পুনরায় কখনও যুদ্ধ করিবার চেষ্টা করিবে না। যে হেতু বায়ু যেমন বিশাল বৃক্ষসমূহকে ভগ্ন করে, দ্রোণও তেমনই উহাদিগকে ভগ্ন করিয়াছেন ॥১২॥

মহাত্মা দ্রোণ স্বর্ণপুঙ্খ বাণসমূহদ্বারা পীড়ন করিতে থাকায় ইহারা ইতস্ততঃ ঘুরিতে থাকিয়া অনেক পথে দৌড়াইতেছে ॥১৩॥

কৌরবেরা ও মহাত্মা দ্রোণ অবরুদ্ধ করায় এই পাঞ্চালেরা এবং মৎস্যপ্রভৃতি অন্য সৈন্যেরাও অগ্নিবেষ্টিত হস্তিগণের ন্যায় মণ্ডলীভূত হইয়াছে ॥১৪॥

ভ্রমরগণের ন্যায় দ্রোণের নিশিত বাণসমূহ যাইয়া প্রবেশ করিতে থাকায় উহারা পলায়নে প্রবৃত্ত হইয়া পরস্পরের ভিতরে লুক্কায়িত হইয়াছে ॥১৫॥

(১৬)···দৃঢ়ক্রোধী···পি।

CENTRAL LIBRARY

ব্যক্তং দ্রোণময়ং লোকমদ্য পশ্যতি দুর্মতিঃ।
নিরাশো জীবিতান্নূনমদ্য রাজ্যাচ্চ পাণ্ডবঃ ॥১৭॥

কর্ণ উবাচ।

নৈষ জাতু মহাবাহুর্জীবন্নাহবমুৎসৃজেৎ।
ন চেমান্ পুরুষব্যাঘ্র! সিংহনাদান্ সহিষ্যতি ॥১৮॥
ন চাপি পাণ্ডবা যুদ্ধে ভজ্যেরন্নিতি মে মতিঃ।
শূরাশ্চ বলবন্তশ্চ কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ ॥১৯॥
বিষাগ্নিদ্যূতসংক্লেশান্ বনবাসঞ্চ পাণ্ডবাঃ।
স্মরমাণা ন হাস্যন্তি সংগ্রামমিতি মে মতিঃ ॥২০॥
নিবৃত্তো হি মহাবাহুরমিতৌজা বৃকোদরঃ।
বরান্ বরান্ হি কৌন্তেয়ো রথোদারান্ হনিষ্যতি ॥২১॥

এষ ইতি। হীনো দূরবর্ত্তিত্বাৎ। নন্দয়তি হর্ষয়তি ॥১৬॥
ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম্। নির্গতা আশা যস্য সঃ। পাণ্ডবো ভীমঃ ॥১৭॥
নেতি। জাতু কদাচিৎ। আহবং সমরাঙ্গনম্। সহিষ্যতি সহিষ্যতে ॥১৮॥
নেতি। ভজ্যেরন্ ভগ্নাঃ পলায়নেন স্বপক্ষবিশ্লিষ্টা ভবেয়ুঃ ॥১৯॥
কুত ইত্যাহ বিষেতি। স্মরমাণাঃ স্মরন্তঃ, হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥২০॥
নিবৃত্ত ইতি। বরান্ বরান্ প্রধানান্ প্রধানান্, রথোদারান্ মহারথান্ ॥২১॥

কর্ণ! পাণ্ডব ও সৃঞ্জয়গণশূন্য এই মহাক্রোধী ভীমটা আমার যোদ্ধৃগণে বেষ্টিত হইয়া আমাকে যেন আনন্দিত করিতেছে ॥১৬॥

এই দুর্মতি পাণ্ডবটা নিশ্চয়ই আজ জগৎটাকে দ্রোণময় দেখিতেছে এবং নিশ্চয়ই আজ জীবনে ও রাজ্যে নিরাশ হইতেছে' ॥১৭॥

কর্ণ বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! এই মহাবাহু ভীমসেন জীবিত থাকিয়া কখনও সমরাঙ্গন পরিত্যাগ করিবেন না, কিংবা এই সিংহনাদগুলিও সহ্য করিবেন না ॥১৮॥

এবং বীর, বলবান্, অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ পাণ্ডবেরা যুদ্ধে কখনও ভঙ্গ দিবেন না, ইহাই আমার ধারণা ॥১৯॥

আর বিষ, অগ্নি ও দ্যূতের ক্লেশ এবং বনবাসের কষ্ট স্মরণ করিয়া কখনও পাণ্ডবেরা যুদ্ধ ছাড়িবেন না, ইহাও আমার ধারণা ॥২০॥

মহাবাহু ও অমিততেজা কুন্তীনন্দন ভীমসেন ফিরিয়া নিশ্চয়ই প্রধান প্রধান মহারথকে বিনাশ করিবেন ॥২১॥

CENTRAL LIBRARY

অসিনা ধনুষা শক্ত্যা হয়ৈর্নাগৈর্নরৈ রথৈঃ।
আয়সেন চ দণ্ডেন ব্রাতান্ ব্রাতান্ হনিষ্যতি ॥২২॥
তমেনমনুবর্ত্তন্তে সাত্যকিপ্রমুখা রথাঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাঃ পাণ্ডবাশ্চ বিশেষতঃ ॥২৩॥
শূরাশ্চ বলবন্তশ্চ বিক্রান্তাশ্চ মহারথাঃ।
বিশেষতশ্চ ভীমেন সংরম্ভেণাভিচোদিতাঃ ॥২৪॥
তে দ্রোণমভিবর্ত্তন্তে সর্ব্বতঃ কুরুপুঙ্গবাঃ।
বৃকোদরং পরীপ্সন্তঃ সূর্য্যমভ্রগণা ইব ॥২৫॥
একায়নগতা হ্যেতে পীড়য়েয়ুর্যতব্রতম্।
অরক্ষ্যমাণং শলভা যথা দীপং মুমূর্ষবঃ ॥২৬॥
অসংশয়ং কৃতাস্ত্রাশ্চ পর্য্যাপ্তাশ্চাপি বারণে।
অতিভারমহং মন্যে ভারদ্বাজে সমাহিতম্ ॥২৭॥

অসিনেতি। আয়সেন লৌহময়েন, দণ্ডেন গদয়া, ব্রাতান্ সৈন্যসমূহান্ ॥২২॥
তমিতি। অনুবর্ত্তন্তে অনুগমিষ্যন্তি। ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা ॥২৩॥
শূরা ইতি। সংরম্ভেণ ক্রোধেন, অভিচোদিতাঃ সর্বত্র প্রেরিতাঃ ॥২৪॥
ত ইতি। পরীপ্সন্তঃ প্রাপ্তুমিচ্ছন্তঃ, অভ্রগণা মেঘসমূহাঃ ॥২৫॥
একেতি। একময়নং মতং গতাঃ প্রাপ্তাঃ। যতব্রতং দ্রোণম্ ॥২৬॥
অসংশয়মিতি। পর্য্যাপ্তাঃ সমর্থাঃ। ভারদ্বাজে দ্রোণে, সমাহিতং ন্যস্তম্ ॥২৭॥

তরবারি, ধনু, শক্তি, অশ্ব, হস্তী, পদাতি, রথ ও লৌহময় গদাদ্বারা দলে দলে সৈন্য সংহার করিবেন ॥২২॥

তখন সাত্যকিপ্রভৃতি রথীরা এবং বিশেষতঃ পাঞ্চাল, কেকয়, মৎস্য ও পাণ্ডবেরা ইঁহার অনুসরণ করিবেন ॥২৩॥

তা'রপর উঁহারা বীর, বলবান্, বিক্রমী ও মহারথ। বিশেষতঃ তখন উঁহারা ক্রোধে ভীমকর্ত্তৃক প্রেরিত হইবেন ॥২৪॥

আবার মেঘসমূহ যেমন সূর্য্যের সকল দিকে থাকে, সেইরূপ কৌরব-শ্রেষ্ঠেরাও ভীমকে আক্রমণ করিবার ইচ্ছা করিয়া দ্রোণের সকল দিকে থাকিবেন ॥২৫॥

মুমূর্ষু পতঙ্গসমূহ যেমন অরক্ষিত দীপকে পীড়ন করে, সেইরূপ ইঁহারাও একমতাবলম্বী হইয়া অরক্ষিত দ্রোণকে পীড়ন করিবেন ॥২৬॥

(২৩)···মাৎস্যাঃ···নি। (২৪)···বিনিঘ্নন্তশ্চ ভীমেন সংরব্ধেনাভিচোদিতাঃ—বা নি,··· সংরব্ধেনাভিচোদিতাঃ—ব। (২৫)···কুরুসত্তমাঃ···পি।

তে শীঘ্রমনুগচ্ছামো যত্র দ্রোণো ব্যবস্থিতঃ।
কোকা ইব মহানাগং মা বৈ হন্যুর্যতব্রতম্ ॥২৮॥

সঞ্জয় উবাচ।

রাধেয়স্য বচঃ শ্রুত্বা রাজা দুর্য্যোধনস্ততঃ।
ভ্রাতৃভিঃ সহিতো রাজন্! প্রায়াদ্দ্রোণরথং প্রতি ॥২৯॥
তত্রারাবো মহানাসীদেকং দ্রোণং জিঘাংসতাম্।
পাণ্ডবানাং নিবৃত্তানাং নানাবর্ণৈর্হয়োত্তমৈঃ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে দ্রোণযুদ্ধে বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ত ইতি। কোকাঃ ক্ষুদ্রব্যাঘ্রাঃ, মহানাগং মহাহস্তিনম্। যতব্রতং দ্রোণম্ ॥২৮॥
রাধেয়স্যেতি। প্রায়াৎ, দ্রোণং রক্ষিতুং প্রাতিষ্ঠত ॥২৯॥
তত্রেতি। আরাবঃ কোলাহলঃ। জিঘাংসতাং হন্তুমিচ্ছতাম্ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে বিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তা'র পর ইঁহারা অস্ত্রে সুশিক্ষিত বলিয়া কৌরবদিগকে বারণ করিতে সমর্থও হইবেন। সুতরাং আমি মনে করি—দ্রোণের উপরে গুরুতর ভার ন্যস্ত করা হইয়াছে ॥২৭॥

অতএব দ্রোণ যেখানে রহিয়াছেন, আমরা সত্বর সেইখানে যাইব। কারণ, ক্ষুদ্র ব্যাঘ্রগণ যেমন মহাহস্তীকে বধ করে, সেইরূপ উহারা দ্রোণকে বধ না করে' ॥২৮॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর নরপতি দুর্য্যোধন কর্ণের উক্তি শুনিয়া ভ্রাতাদের সহিত মিলিত হইয়া দ্রোণের রথের দিকে প্রস্থান করিলেন ॥২৯॥

তখন এক দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া পাণ্ডবেরা নানাবর্ণ-ঘোটক-চালিত রথে প্রত্যাবৃত্ত হইলে, গুরুতর কোলাহল হইতে লাগিল' ॥৩০॥

———•••———

* '...একবিংশোঽধ্যায়ঃ' ব, 'দ্বাবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

একবিংশোঽধ্যায়ঃ।

———(:০:)———

ধৃতরাষ্ট্র উবাচ।

সর্ব্বেষামেব মে ব্রূহি রথচিহ্নানি সঞ্জয়!।
যে দ্রোণমভ্যবর্ত্তন্ত ক্রুদ্ধা ভীমপুরোগমাঃ ॥১॥

সঞ্জয় উবাচ।

ঋক্ষবর্ণৈর্হয়ৈর্দৃষ্ট্বা ব্যায়চ্ছন্তং বৃকোদরম্।
রজতাশ্বস্ততঃ শূরঃ শৈনেয়ঃ সংন্যবর্ত্তত ॥২॥
সারঙ্গাশ্বো যুধামন্যুঃ স্বয়ং প্রত্বরয়ন্ হয়ান্।
পর্য্যবর্ত্তত দুর্দ্ধর্ষঃ ক্রুদ্ধো দ্রোণরথং প্রতি ॥৩॥
পারাবতসবর্ণৈস্তু হেমভাণ্ডৈর্মহাজবৈঃ।
পাঞ্চালরাজস্য সুতো ধৃষ্টদ্যুম্নো ন্যবর্ত্তত ॥৪॥
পিতরন্তু পরিপ্রেপ্সুঃ ক্ষত্রধর্ম্মা যতব্রতঃ।
সিদ্ধিং চাস্য পরাং কাঙ্ক্ষন্ শোণাশ্বঃ সংন্যবর্ত্তত ॥৫॥

সর্ব্বেষামিতি। রথানাং চিহ্নানি অশ্বধ্বজবর্ণাদীনি ॥১॥
ঋক্ষেতি। ঋক্ষবর্ণৈর্ভল্লুকবৎ কৃষ্ণবর্ণৈঃ। ব্যায়চ্ছন্তং যুদ্ধব্যায়ামোদ্যতম্ ॥২॥
সারঙ্গেতি। সারঙ্গা হরিণবিশেষা ইব শ্বেতনীলারুণবর্ণা অশ্বা যস্য সঃ ॥৩॥
পারেতি। পারাবতসবর্ণৈঃ কপোতবৎ শ্বেতনীলবর্ণৈঃ, হেমভাণ্ডৈঃ স্বর্ণভূষণৈঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ভীমপ্রভৃতি যে যোদ্ধারা দ্রোণের অভিমুখে আবার চলিলেন, তাঁহাদের সকলেরই রথচিহ্ন সকল আমার নিকট বল' ॥১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভীমসেন ভল্লুকের ন্যায় কৃষ্ণবর্ণ-ঘোটক-চালিত রথে যুদ্ধরূপ ব্যায়াম করিতে উদ্যত হইয়াছেন দেখিয়া রজতের ন্যায় শুভ্রাশ্ব সাত্যকিও ফিরিলেন ॥২॥

সারঙ্গের ন্যায় শ্বেতনীলারুণবর্ণ অশ্বগণকে সত্বর চালাইতে থাকিয়া দুর্দ্ধর্ষ ও ক্রুদ্ধ যুধামন্যু দ্রোণের রথের দিকে চলিলেন ॥৩॥

কপোতের ন্যায় হরিদ্বর্ণ, স্বর্ণভূষণে ভূষিত ও মহাবেগশালী অশ্বগণদ্বারা পরিচালিত রথে আরোহণ করিয়া পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন ফিরিলেন ॥৪॥

---

(২) ঋক্ষবর্ণৈঃ···পি, কৃষ্ণবর্ণৈঃ···বা। (৪) ··ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত—পি।

পদ্মপত্রনিভানশ্বান্ মল্লিকাক্ষান্ স্বলঙ্কৃতান্।
শৈখণ্ডিঃ ক্ষত্রদেবস্তু স্বয়ং প্রত্বরয়ন্ যযৌ ॥৬॥
দর্শনীয়াস্তু কাম্বোজাঃ শুকপত্রপরিচ্ছদাঃ।
বহন্তো নকুলং শীঘ্রং তাবকানভিদুদ্রুবুঃ ॥৭॥
কৃষ্ণাস্তু মেঘসঙ্কাশা অবহন্নুত্তমৌজসম্।
দুর্দ্ধর্ষায়াভিসন্ধায় ক্রুদ্ধং যুদ্ধায় ভারত! ॥৮॥
তথা তিত্তিরিকল্মাষা হয়া বাতসমা জবে।
অবহংস্তুমুলে যুদ্ধে সহদেবমুদায়ুধম্ ॥৯॥
দন্তবর্ণাস্তু রাজানং কালবালা যুধিষ্ঠিরম্।
ভীমবেগা নরব্যাঘ্রমবহন্ বাতরংহসঃ ॥১০॥

পিতরমিতি। পিতরং ধৃষ্টদ্যুম্নম্, পরিপ্রেপ্সুঃ রক্ষিতুমিচ্ছুঃ। শোণাশ্বো রক্তাশ্বঃ ॥৫॥
পদ্মেতি। পদ্মপত্রনিভান্ শ্বেতারুণান্, মল্লিকাক্ষান্ মল্লিকাপুষ্পবচ্ছ্বেতনেত্রান্। অয়ং ক্ষত্রদেবস্তু পূর্বহতাদন্যঃ। অতএব হি শৈখণ্ডিঃ শিখণ্ডিনঃ পুত্র ইত্যুক্তম্ ॥৬॥
দর্শেতি। দর্শনীয়াঃ সুন্দরাঃ, শুকপত্রবৎ শুকপক্ষিপক্ষবৎ হরিদ্বর্ণাঃ পরিচ্ছদা যেষাং তে ॥৭॥
কৃষ্ণা ইতি। উত্তমৌজসং নাম রাজানম্। অভিসন্ধায় উদ্দিশ্য ॥৮॥
তথেতি। তিত্তিরিকল্মাষাঃ তিত্তিরিপক্ষিবন্নানাবর্ণাঃ। জবে বেগে ॥৯॥
দন্তেতি। দন্তবর্ণা গজদন্তা ইব শুভ্রবর্ণাঃ, কালাঃ কৃষ্ণা বালা গ্রীবালোমানি যেষাং তে ॥১০॥

রক্তাশ্ব ও ব্রতধারী ক্ষত্রধর্ম্মা, পিতা ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিবার ইচ্ছা ও তাঁহার পরম সিদ্ধি কামনা করিয়া প্রতিনিবৃত্ত হইলেন ॥৫॥

শিখণ্ডীর পুত্র ক্ষত্রদেব পদ্মপত্রের ন্যায় শ্বেতারুণবর্ণ, মল্লিকাপুষ্পের ন্যায় শুভ্রনয়ন ও সুন্দরভাবে অলঙ্কৃত অশ্বগণকে নিজেই দ্রুত চালাইতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৬॥

সুদৃশ্য ও শুকপক্ষীর পক্ষের ন্যায় হরিদ্বর্ণ পরিচ্ছদযুক্ত কাম্বোজদেশীয় অশ্বগণ নকুলের রথ বহন করিতে থাকিয়া আপনার পক্ষের দিকে দ্রুত আসিতে লাগিল ॥৭॥

ভরতনন্দন! মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ অশ্বগণ ক্রুদ্ধ উত্তমৌজাকে দুর্দ্ধর্ষ যুদ্ধের উদ্দেশে বহন করিয়া লইয়া চলিল ॥৮॥

তিত্তিরিপক্ষীর ন্যায় নানাবর্ণ এবং বেগে বায়ুর তুল্য অশ্বগণ উত্তোলিতাস্ত্র সহদেবকে তুমুল যুদ্ধে লইয়া যাইতে লাগিল ॥৯॥

গজদন্তের ন্যায় শুভ্রবর্ণ, কৃষ্ণবর্ণগ্রীবালোমযুক্ত এবং বায়ুর তুল্য ভয়ঙ্করবেগশালী অশ্বগণ নরশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠিরকে বহন করিতে থাকিল ॥১০॥

হেমোত্তমপ্রতিচ্ছন্নৈর্হয়ৈর্বাতসমৈর্জবে।
অভ্যদ্রবন্ত সৈন্যানি সর্বাণ্যেব যুধিষ্ঠিরম্ ॥১১॥
রাজ্ঞস্ত্বনন্তরো রাজা পাঞ্চাল্যো দ্রুপদোঽভবৎ।
জাতরূপময়চ্ছত্রঃ সর্বৈস্তৈরভিরক্ষিতঃ ॥১২॥
ললামৈর্হরিভির্যুক্তঃ সর্বশব্দক্ষমৈর্যুধি।
রাজ্ঞাং মধ্যে মহেষ্বাসঃ শান্তভীরভ্যবর্ত্তত।
তং বিরাটোঽন্বয়াচ্ছীঘ্রং সহ সর্বৈর্মহারথৈঃ ॥১৩॥
কেকয়াশ্চ শিখণ্ডী চ ধৃষ্টকেতুস্তথৈব চ।
স্বৈঃ স্বৈঃ সৈন্যৈঃ পরিবৃতা মৎস্যরাজানমন্বয়ুঃ ॥১৪॥
তন্তু পাটলিপুষ্পাণাং সমবর্ণা হয়োত্তমাঃ।
বহমানা ব্যরাজন্ত মৎস্যস্যামিত্রঘাতিনঃ ॥১৫॥
হরিদ্রাসমবর্ণাস্তু জবনা হেমমালিনঃ।
পুত্রং বিরাটরাজস্য সত্বরং সমুদাবহন্ ॥১৬॥

হেমেতি। হেমভিঃ স্বর্ণৈঃ উত্তমপ্রতিচ্ছন্নৈরতীবভূষিতৈঃ। অভি লক্ষ্যীকৃত্য ॥১১॥
রাজ্ঞ ইতি। জাতরূপময়ং স্বর্ণময়ং ছত্রং যস্য সঃ। তৈঃ সৈন্যৈশ্চ ॥১২॥
ললামৈরিতি। ললামৈরুত্তমৈঃ, হরিভিরশ্বৈঃ। শান্তভীর্নির্ভয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
কেকয়া ইতি। মৎস্যরাজানমিতি "গণকৃতমনিত্যম্" ইতি ন্যায়াদদন্তত্বাভাবঃ ॥১৪॥
তমিতি। তং মৎস্যরাজমেব। মৎস্যস্য মৎস্যরাজস্য ॥১৫॥

সুন্দর স্বর্ণভূষণে ভূষিত এবং বেগে বায়ুর তুল্য অশ্বগণে আরোহণ করিয়া সমস্ত সৈন্য যুধিষ্ঠিরের সকল দিকে চলিতে লাগিল ॥১১॥

পাঞ্চালরাজ দ্রুপদ স্বর্ণময় ছত্রে আবৃত এবং সমস্ত সৈন্যে রক্ষিত হইয়া যুধিষ্ঠিরের পশ্চাতে চলিলেন ॥১২॥

যুদ্ধে যাহারা সর্বপ্রকার শব্দ সহ্য করিতে পারিত এবং অশ্বগণের মধ্যে উত্তম ছিল, সেই অশ্বসঞ্চালিত রথে আরোহণ করিয়া মহাধনুর্দ্ধর ও নির্ভয়চিত্ত দ্রুপদরাজা অন্যান্য রাজাদের মধ্যে রহিলেন এবং সমস্ত মহারথের সহিত মিলিত হইয়া বিরাটরাজা দ্রুপদরাজার পিছনে যাইতে লাগিলেন ॥১৩॥

কেকয়গণ, শিখণ্ডী ও ধৃষ্টকেতু আপন আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া বিরাটরাজার পিছনে চলিলেন ॥১৪॥

শত্রুহন্তা বিরাটের অশ্বগুলি পাটলিপুষ্পের ন্যায় শ্বেতরক্তবর্ণ ছিল, তাহারা বিরাটকে বহন করিতে থাকিয়া শোভা পাইতে থাকিল ॥১৫॥

(১২)···জাতরূপময়ৈশ্ছত্রৈঃ···পি বা,·· জাতরূপময়শ্ছন্নঃ···ব। (১৫)···অমিত্রকর্ষিণঃ—পি।

CENTRAL LIBRARY

ইন্দ্রগোপকবর্ণৈস্তু ভ্রাতরঃ পঞ্চ কেকয়াঃ।
জাতরূপসমাভাসাঃ সর্বে লোহিতকধ্বজাঃ ॥১৭॥
তে হেমমালিনঃ শূরাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ।
বর্ষন্ত ইব জীমূতাঃ প্রত্যদৃশ্যন্ত দংশিতাঃ ॥১৮॥
আমপাত্রনিকাশাস্তু পাঞ্চাল্যমমিতৌজসম্।
দত্তাস্তুম্বুরুণা দিব্যাঃ শিখণ্ডিনমুদাবহন্ ॥১৯॥
তথা দ্বাদশসাহস্রাঃ পাঞ্চালানাং মহারথাঃ।
তেষান্তু ষট্ সহস্রাণি যে শিখণ্ডিনমন্বয়ুঃ ॥২০॥
মাননীয় রাজা! যুদ্ধনিপুণ ও বাহুবলসমন্বিত ভীমসেন অচিরকালমধ্যেই দুর্য্যোধনের সেই হস্তিসৈন্য বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥৫॥

বিধমেদভ্রজালানি যথা বায়ুঃ সমুদ্ধতঃ।
ব্যধমত্তান্যনীকানি তথৈব পবনাত্মজঃ ॥৭॥
স তেষু বিসৃজন্ বাণান্ ভীমো নাগেষ্বশোভত।
ভুবনেষ্বিব সর্ব্বেষু গভস্তীনুদিতো রবিঃ ॥৮॥
তে ভীমবাণাভিহতাঃ সংস্যূতা বিবভুর্গজাঃ।
গভস্তিভিরিবার্কস্য বোম্নি নানা বলাহকাঃ ॥৯॥
তথা গজানাং কদনং কুর্বাণমনিলাত্মজম্।
ক্রুদ্ধো দুর্য্যোধনোঽভ্যেত্য প্রত্যবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ ॥১০॥
ততঃ ক্ষণেন ক্ষিতিপং ক্ষতজপ্রতিমেক্ষণঃ।
ক্ষয়ং নিনীষুর্নিশিতৈর্ভীমো বিব্যাধ পত্রিভিঃ ॥১১॥

ত ইতি। সর্বতো মুখনাসিকাদিস্থানেভ্যঃ, মদং মদজলম্ ॥৬॥
বিধমেদিতি। বিধমেদপসারয়েৎ, অভ্রজালানি মেঘসমূহান্। ব্যধমদ্ব্যপাসারয়ৎ ॥৭॥
স ইতি। নাগেষু হস্তিষু। গভস্তীন্ কিরণান্ ॥৮॥
ত ইতি। সংস্যূতা বাণগ্রথিতাঙ্গাঃ। নানা অনেকে, বলাহকা মেঘাঃ ॥৯॥
তথেতি। কদনং পীড়নম্, অনিলাত্মজং ভীমসেনম্ ॥১০॥

পর্ব্বতপ্রমাণ ও সর্ব্বস্থান হইতে মদস্রাবী সেই হস্তিগণ ভীমসেনের নারাচে বিমুখ ও মদবিহীন হইয়া পড়িল ॥৬॥

ক্রমে প্রবল বায়ু যেমন মেঘসমূহকে অপসারিত করে, সেইরূপ ভীমসেনও সেই হস্তিসৈন্যগণকে অপসারিত করিলেন ॥৭॥

এবং উদিত সূর্য্য যেমন সমস্ত জগতে কিরণ নিক্ষেপ করিয়া শোভা পান, সেইরূপ ভীমসেনও সেই হস্তিগণের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৮॥

আবার আকাশে যেমন মেঘসমূহ সূর্য্যকিরণে গ্রথিত হইয়া প্রকাশ পায়, সেইরূপ সেই হস্তিগণও ভীমের বাণে আহত ও গ্রথিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৯॥

ভীমসেন সেইভাবে হস্তিগণের পীড়ন করিতে লাগিলে, দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সম্মুখে যাইয়া সুধার বাণদ্বারা তাঁহাকে প্রতিবিদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

তাহার পর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া ক্ষণকালমধ্যেই দুর্য্যোধনকে বিনাশ করিবার ইচ্ছা করিয়া নিশিত শরসমূহদ্বারা তাঁহাকে তাড়ন করিতে থাকিলেন ॥১১॥

স শরাচিতসর্বাঙ্গঃ ক্রুদ্ধো বিব্যাধ পাণ্ডবম্ ।
নারাচৈরর্করশ্ম্যাভৈর্ভীমসেনং স্ময়ন্নিব ॥১২॥
তস্য নাগং মণিময়ং রত্নচিত্রধ্বজে স্থিতম্ ।
ভল্লাভ্যাং কার্ম্মুকঞ্চৈব ক্ষিপ্রং চিচ্ছেদ পাণ্ডবঃ ॥১৩॥
দুর্য্যোধনং পীড্যমানং দৃষ্ট্বা ভীমেন মারিষ ! ।
চুক্ষোভয়িষুরভ্যাগাদঙ্গো মাতঙ্গমাস্থিতঃ ॥১৪॥
তমাপতন্তং নাগেন্দ্রমম্বুদপ্রতিমস্বনম্ ।
কুম্ভান্তরে ভীমসেনো নারাচেনার্দ্দয়দ্ভৃশম্ ॥১৫॥
তস্য কায়ং বিনির্ভিদ্য মমজ্জ ধরণীতলে ।
ততঃ পপাত দ্বিরদো বজ্রাহত ইবাচলঃ ॥১৬॥

তত ইতি। ক্ষিতিপং দুর্য্যোধনম্, ক্ষতজপ্রতিমেক্ষণঃ ক্রোধেন রক্ততুল্যনয়নঃ ॥১১॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্বাণ্যঙ্গানি যস্য সঃ। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১২॥
তস্যেতি। নাগং হস্তিমূর্ত্তিম্। পাণ্ডবো ভীমঃ ॥১৩॥
দুর্য্যোধনমিতি। চুক্ষোভয়িষুর্ভীমং ক্ষোভয়িতুমিচ্ছুঃ, অঙ্গো নাম বীরঃ ॥১৪॥
তমিতি। নাগেন্দ্রং হস্তিশ্রেষ্ঠম্, অম্বুদপ্রতিমস্বনং মেঘগর্জ্জনতুল্যগর্জ্জনম্ ॥১৫॥
তস্যেতি। মমজ্জ স নারাচ ইতি শেষঃ। দ্বিরদো হস্তী ॥১৬॥

ভীমের বাণে সমস্ত অঙ্গ ব্যাপ্ত হইয়া গেলে, দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়াও যেন মৃদু হাস্য করিতে থাকিয়া সূর্য্যকিরণতুল্য নারাচসমূহদ্বারা ভীমকে বিদ্ধ করিতে লাগিলেন ॥১২॥

তখন ভীমসেন দুইটা ভল্লদ্বারা সত্বরই দুর্য্যোধনের রত্নবিচিত্রধ্বজস্থিত মণিময় হস্তীটাকে এবং তাঁহার ধনুখানাকে ছেদন করিলেন ॥১৩॥

মাননীয় রাজা ! ভীমসেন দুর্য্যোধনকে পীড়ন করিতেছেন দেখিয়া অঙ্গ একটা হস্তীর উপরে আরোহণ করিয়া ভীমকে আক্রমণ করিবার জন্য আসিতে লাগিলেন ॥১৪॥

তাঁহার সেই বিশাল হাতীটা মেঘের ন্যায় গর্জন করিতে করিতে আসিতে লাগিলে, ভীমসেন একটা নারাচদ্বারা তাহার কুম্ভের উপরে গুরুতর আঘাত করিলেন ॥১৫॥

তখন সেই নারাচটা যাইয়া সেই হাতীটার দেহ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল। তৎপরে বজ্রাহত পর্ব্বতের ন্যায় হাতীটা পতিত হইল ॥১৬॥

(১৩)···রত্নচিত্রং ধ্বজে স্থিতম্···পি বা ব রা। (১৫)···নারাচৈরর্দ্দয়দ্ভৃশম্—বা ব রা নি। (১৬)···ন্যমজ্জদ্ধরণীতলে···বা ব রা নি।

CENTRAL LIBRARY

তস্যাবর্জিতনাগস্য ম্লেচ্ছস্যাধঃ পতিষ্যতঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন ক্ষিপ্রকারী বৃকোদরঃ ॥১৭॥
তস্মিন্ নিপতিতে বীরে সংপ্রাদ্রাবত সা চমূঃ।
সংভ্রান্তাশ্বদ্বিপরথা পদাতীনবমৃদ্নতী ॥১৮॥
তেষ্বনীকেষু ভগ্নেষু প্রদ্রবৎসু সমন্ততঃ।
প্রাগ্জ্যোতিষস্ততো ভীমং কুঞ্জরেণ সমাদ্রবৎ ॥১৯॥
যেন নাগেন মঘবানজয়দ্দৈত্যদানবান্।
তদন্বয়েন নাগেন ভীমসেনমুপাদ্রবৎ ॥২০॥
স নাগপ্রবরো ভীমং সহসা সমুপাদ্রবৎ।
শ্রবণাভ্যামথো দ্বাভ্যাং সংহতেন করেণ চ।
ব্যাবৃত্তনয়নঃ ক্রুদ্ধঃ প্রমথ্নন্নিব পাণ্ডবম্ ॥২১॥

তস্যেতি। আবর্জিতঃ পতিতো নাগো হস্তী যস্য তস্য, ম্লেচ্ছস্য অঙ্গস্য ॥১৭॥
তস্মিন্নিতি। সংপ্রাদ্রাবত পলায়ত। সংভ্রান্তা বিচলিতা অশ্বদ্বিপরথা যস্যাঃ সা ॥১৮॥
তেষ্বিতি। প্রাগ্জ্যোতিষস্তদধিপতির্ভগদত্তঃ, কুঞ্জরেণ নিজগজেন ॥১৯॥
যেনেতি। মঘবান্ ইন্দ্রঃ। তদন্বয়েন তদ্বংশজাতেন ॥২০॥

হাতীটা পতিত হইলে, তাহার আরোহী ম্লেচ্ছ অঙ্গও নীচে পতিত হইতেছিলেন, সেই অবস্থায় ক্ষিপ্রকারী ভীমসেন একটা ভল্লদ্বারা তাঁহার মস্তক ছেদন করিলেন ॥১৭॥

সেই বীর নিপতিত হইলে, তাঁহার সৈন্যগণ পলায়ন করিতে থাকিল; তাহাতে হস্তী, অশ্ব ও রথ সকল পদাতিগণকে মর্দ্দন করিতে করিতে চলিল ॥১৮॥

সেই সৈন্যগণ ভগ্ন হইয়া সকল দিকে পলায়ন করিতে লাগিলে, তখন ভগদত্ত নিজ হস্তীতে আরোহণ করিয়া ভীমের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

ইন্দ্র যে হস্তীদ্বারা দৈত্য ও দানবগণকে জয় করিয়াছিলেন, সেই হস্তীর বংশধর হস্তীতে আরোহণ করিয়াই ভগদত্ত ভীমের দিকে ধাবিত হইয়াছিলেন ॥২০॥

(২১) ইতঃ পরং সপ্ত শ্লোকা অধিকাঃ বা ব রা নি, ভীমস্য রথবিনাশে তদ্রথস্যৈব যুধিষ্ঠিরাদিনা পরত্র পরিবেষ্টনাসম্ভবাৎ। তে চ যথা—
বৃকোদররথং সাশ্বমবিশেষমচূর্ণয়ৎ। পদ্ভ্যাং ভীমোঽপ্যথো ধাবংস্তস্য গাত্রেষ্বীলয়ত ॥
জানন্নঞ্জলিকাবেধং নাপাক্রামত পাণ্ডবঃ। গাত্রাভ্যন্তরগো ভূত্বা করেণাতাড়য়ন্মুহুঃ ॥
কালয়ামাস তন্নাগং বধকাঙ্ক্ষিণমব্যয়ম্। কুলালচক্রবন্নাগস্তদা তূর্ণমথাভ্রমৎ ॥

CENTRAL LIBRARY

ততঃ সর্বস্য সৈন্যস্য নাদঃ সমভবন্মহান্।
অহো ধিঙ্‌নিহতো ভীমঃ কুঞ্জরেণেতি মারিষ ! ॥২২॥
তেন নাগেন সংত্রস্তা পাণ্ডবানামনীকিনী।
সহসাভ্যদ্রবদ্রাজন্ ! যত্র তস্থৌ বৃকোদরঃ ॥২৩॥
ততো যুধিষ্ঠিরো রাজা হতং মত্বা বৃকোদরম্।
ভগদত্তং সপাঞ্চাল্যঃ সর্ব্বতঃ সমবারয়ৎ ॥২৪॥
তং রথং রথিনাং শ্রেষ্ঠাঃ পরিবার্য্য পরন্তপাঃ।
অবাকিরন্ শরৈস্তীক্ষ্ণৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৫॥

স ইতি। শ্রবণাভ্যাং কর্ণাভ্যাম্, সংহতেন সঙ্কুচিতেন, করেণ শুণ্ডয়া। ব্যাবৃত্তনয়নো ঘূর্ণিতনেত্রঃ। পাণ্ডবং ভীমম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। সৈন্যস্য পাণ্ডবপক্ষীয়স্য। ধিগিত্যাত্মনিন্দায়াম্ ॥২২॥

তেনেতি। অনীকিনী সেনা। অভ্যদ্রবৎ ভীমং রক্ষিতুমভ্যধাবৎ ॥২৩॥

তত ইতি। মত্বা সম্ভাব্য। সপাঞ্চাল্যঃ পাঞ্চালসৈন্যসহিতঃ ॥২৪॥

তমিতি। রথং ভীমস্য। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২৫॥

সেই বিশাল হস্তী ক্রুদ্ধ ও ঘূর্ণিতনয়ন হইয়া দুই কর্ণ ও সঙ্কুচিত শুণ্ডদ্বারা পাণ্ডুনন্দন ভীমসেনকে মর্দ্দন করিবে বলিয়াই যেন তাঁহার দিকে দ্রুত ধাবিত হইল ॥২১॥

মাননীয় রাজা ! তাহার পর সমস্ত পাণ্ডবসৈন্যমধ্যে এইরূপ কোলাহল উঠিল যে, 'হায় ! ভগদত্তের হাতীটা ভীমকে মারিয়া ফেলিল' ॥২২॥

রাজা ! তখন পাণ্ডবসৈন্য সেই হাতীর ভয়ে ভীত হইয়া—যেখানে ভীম ছিলেন, সেইখানে তৎক্ষণাৎ গমন করিল ॥২৩॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির 'ভীম নিহত হইবেন' মনে করিয়া পাঞ্চালসৈন্যের সহিত মিলিত হইয়া যাইয়া সকল দিক্ হইতে ভগদত্তকে বারণ করিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে শত্রুসন্তাপক রথিশ্রেষ্ঠেরা ভীমের সেই রথখানাকে পরিবেষ্টন করিয়া শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণদ্বারা ভগদত্তকে আঘাত করিতে থাকিলেন ॥২৫॥

নাগায়ুতবলঃ শ্রীমান্ কালয়ানো বৃকোদরম্। ভীমোঽপি নিষ্ক্রম্য ততঃ সুপ্রতীকাগ্রতোঽভবৎ ॥
ভীমং করেণাবনম্য জানুভ্যামভ্যতাড়য়ৎ। গ্রীবায়াং বেষ্টয়িত্বৈনং স গজো হস্তমৈহত ॥
করবেষ্টং ভীমসেনো ভ্রমং দত্ত্বা ব্যমোচয়ৎ। পুনর্গাত্রাণি নাগস্য প্রবিবেশ বৃকোদরঃ ॥
যাবৎ প্রতিগজায়াতং স্ববলম্বমবৈক্ষত। ভীমোঽপি নাগগাত্রেভ্যো বিনিষ্ক্রম্য যযৌ জবাৎ ॥

CENTRAL LIBRARY

স বিঘাতং পৃষৎকানামঙ্কুশেন সমাচরন্।
গজেন পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমৎ পর্ব্বতেশ্বরঃ ॥২৬॥
তদদ্ভুতমপশ্যাম ভগদত্তস্য সংযুগে।
তথা বৃদ্ধস্য চরিতং কুঞ্জরেণ বিশাংপতে! ॥২৭॥
ততো রাজা দশার্ণানাং প্রাগ্জ্যোতিষমুপাদ্রবৎ।
তির্য্যগ্‌ঘাতেন নাগেন সমদেনাশুগামিনা ॥২৮॥
তয়োর্যুদ্ধং সমভবন্নাগয়োর্ভীমরূপয়োঃ।
সপক্ষয়োঃ পর্বতয়োর্যথা সদ্রুময়োঃ পুরা ॥২৯॥
প্রাগ্জ্যোতিষপতের্নাগঃ সন্নিবৃত্যাপসৃত্য চ।
পার্শ্বে দশার্ণাধিপতের্ভিত্ত্বা নাগমপাতয়ৎ ॥৩০॥
তোমরৈঃ সূর্য্যরশ্ম্যাভৈর্ভগদত্তোঽথ সপ্তভিঃ।
জঘান দ্বিরদস্থং তং শক্রং প্রচলিতাসনম্ ॥৩১॥

স ইতি। বিঘাতং নিবারণম্, পৃষৎকানাং পাণ্ডববাণানাম্, সমাচরন্ কুর্বন্ ॥২৬॥
তদিতি। চরিতং কার্য্যম্, কুঞ্জরেণ নিজহস্তিনা ॥২৭॥
তত ইতি। তির্য্যগ্‌ঘাতেন একপার্শ্বে গতেন, সমদেন মদস্রাবিণা ॥২৮॥
তয়োরিতি। সপক্ষয়োঃ পতত্রযুক্তয়োঃ। সদ্রুময়োরিত্যনেন নাগয়োঃ সঙ্ঘজত্বং সূচিতম্ ॥২৯॥
প্রাগিতি। অপসৃত্য কিঞ্চিৎ পশ্চাদ্গত্বা। ভিত্ত্বা দন্তাভ্যাং বিদার্য্য ॥৩০॥

তখন পর্বতাধিপতি ভগদত্ত অঙ্কুশদ্বারা সেই বাণগুলিকে বারণ করিতে থাকিয়া নিজহস্তীদ্বারা পাণ্ডবসৈন্য ও পাঞ্চালসৈন্যগণকে বিনাশ করিতে লাগিলেন ॥২৬॥

নরনাথ! তখন আমরা বৃদ্ধ ভগদত্তের যুদ্ধে হস্তিসঞ্চালনে অদ্ভুত ক্ষমতা দেখিতে থাকিলাম ॥২৭॥

তাহার পর দশার্ণদেশের রাজা পার্শ্ববর্ত্তী, মদস্রাবী ও দ্রুতগামী একটা হস্তীতে আরোহণ করিয়া ভগদত্তের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

পূর্বকালে পক্ষযুক্ত ও বৃক্ষসমন্বিত দুইটা পর্ব্বতের যেমন যুদ্ধ হইত, সেইরূপ তখন ভয়ঙ্করমূর্ত্তি সেই হাতী দুইটার যুদ্ধ হইতে লাগিল ॥২৯॥

ক্রমে ভগদত্তের হাতীটা একটু ফিরিয়া কিছু পিছনে সরিয়া দন্তযুগলদ্বারা দশার্ণরাজের হাতীটার পার্শ্ব বিদারণ করিয়া সেটাকে নিপাতিত করিল ॥৩০॥

(২৬)···অঙ্কুশেন সমাহরন্···নি।

ব্যবচ্ছিদ্য তু রাজানং ভগদত্তং যুধিষ্ঠিরঃ।
রথানীকেন মহতা সর্ব্বতঃ পর্য্যবারয়ৎ ॥৩২॥
স কুঞ্জরস্থো রথিভিঃ শুশুভে সর্ব্বতো বৃতঃ।
পর্ব্বতে বনমধ্যস্থো জ্বলন্নিব হুতাশনঃ ॥৩৩॥
মণ্ডলং সর্ব্বতঃ শ্লিষ্টং রথিনামুগ্রধন্বিনাম্।
কিরতাং শরবর্ষাণি স নাগঃ পর্য্যবর্ত্তত ॥৩৪॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা পরিগৃহ্য মহাগজম্।
প্রেষয়ামাস সহসা যুযুধানরথং প্রতি ॥৩৫॥
শিনেঃ পৌত্রস্য তু রথং পরিগৃহ্য মহাদ্বিপঃ।
অভিচিক্ষেপ বেগেন যুযুধানস্ত্বপাক্রমৎ ॥৩৬॥
বৃহতঃ সৈন্ধবানশ্বান্ সমুত্থাপ্যাথ সারথিঃ।
তস্থৌ সাত্যকিমাসাদ্য সংপ্লুতস্তং রথং প্রতি ॥৩৭॥

তোমরৈরিতি। দ্বিরদস্থং হস্তিস্থিতম্। প্রচলিতাসনং নাগপতনাদেব ॥৩১॥
ব্যবেতি। ব্যবচ্ছিদ্য স্বপক্ষাৎ পৃথক্‌কৃত্য। পর্য্যবারয়ৎ পর্য্যবেষ্টত ॥৩২॥
স ইতি। স ভগদত্তঃ। বৃতো বেষ্টিতঃ ॥৩৩॥
মণ্ডলমিতি। শ্লিষ্টং যুক্তম্, মণ্ডলং যথা স্যাত্তথা। পর্য্যবর্ত্তত পর্য্যভ্রমৎ ॥৩৪॥
তত ইতি। পরিগৃহ্য আহত্য। যুযুধানস্য সাত্যকে রথম্ ॥৩৫॥
শিনেরিতি। শিনেঃ পৌত্রস্য সাত্যকেঃ। অপাক্রমৎ অবতীর্য্যাপাসরৎ ॥৩৬॥

তখন দশার্ণরাজের আসন স্থানচ্যুত হইল; পরে ভগদত্ত সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল সাতটা তোমরদ্বারা হস্তিস্থিত সেই দশার্ণরাজকে বধ করিলেন ॥৩১॥

তদনন্তর যুধিষ্ঠির ভগদত্তকে তাঁহার স্বপক্ষ হইতে বিচ্ছিন্ন করিয়া বিশাল রথিসৈন্যদ্বারা তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৩২॥

সেই সময়ে পর্ব্বতে বনমধ্যবর্ত্তী প্রজ্বলিত অগ্নির ন্যায় হস্তিস্থিত ভগদত্ত রথিগণে পরিবেষ্টিত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৩॥

ক্রমে ভগদত্তের সেই হাতীটা ভয়ঙ্কর ধনুর্দ্ধর ও বাণবর্ষণকারী সেই রথিগণের মধ্যে উপযুক্ত মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিল ॥৩৪॥

তাহার পর ভগদত্তরাজা তৎক্ষণাৎ সাত্যকির রথের দিকে সেই বিশাল হাতীটাকে চালাইয়া দিলেন ॥৩৫॥

তখন সেই হাতীটা যাইয়া সাত্যকির রথখানা ধরিয়া বেগে নিক্ষেপ করিল; কিন্তু সাত্যকি সেই রথ হইতে লাফাইয়া পড়িয়া সরিয়া গেলেন ॥৩৬॥

স তু লব্ধ্বান্তরং নাগস্ত্বরিতো রথমণ্ডলাৎ।
নিশ্চক্রাম ততঃ সর্ব্বান্ পরিচিক্ষেপ পার্থিবান্ ॥৩৮॥
তে ত্বাশুগামিনা তেন ত্রাস্যমানা নরর্ষভাঃ।
তমেকং দ্বিরদং সংখ্যে মেনিরে শতশো দ্বিপান্ ॥৩৯॥
তে গজস্থেন কাল্যন্তে ভগদত্তেন পার্থিবাঃ।
ঐরাবতস্থেন যথা দেবরাজেন দানবাঃ ॥৪০॥
তেষাং প্রদ্রবতাং ভীমঃ পাঞ্চালানামিতস্ততঃ।
গজবাজিকৃতঃ শব্দঃ সুমহান্ সমজায়ত ॥৪১॥
ভগদত্তেন সমরে কাল্যমানেষু পাণ্ডুষু।
প্রাগ্জ্যোতিষমভিক্রুদ্ধঃ পুনর্ভীমঃ সমভ্যয়াৎ ॥৪২॥

বৃহত ইতি। সৈন্ধবান্ সিন্ধুদেশীয়ান্। সংপ্লুত উৎপত্যারূঢ়ঃ ॥৩৭॥
স ইতি। অন্তরমবকাশম্। রথমণ্ডলাৎ পরিবেষ্টকরথসমূহাৎ ॥৩৮॥
ত ইতি। আশুগামিনা দ্রুতং বিচরতা। দ্বিরদং গজম্, সংখ্যে রণাঙ্গনে ॥৩৯॥
ত ইতি। কাল্যন্তে আমর্দ্দ্যন্তে স্ম ॥৪০॥
তেষামিতি। প্রদ্রবতাং পলায়মানানাম্, ভীমো ভয়ানকঃ ॥৪১॥
ভগেতি। কাল্যমানেষু অর্দ্দ্যমানেষু, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৪২॥

তৎপরে সাত্যকির সারথি সিন্ধুদেশীয় বিশাল ঘোড়াগুলিকে তুলিয়া সাত্যকির নিকটে যাইয়া দাঁড়াইল; তখন সাত্যকি আবার লাফ দিয়া সেই রথে উঠিলেন ॥৩৭॥

ওদিকে ভগদত্তের হাতীটা অবকাশ পাইয়া রথমণ্ডল হইতে নির্গত হইল এবং (শুঁড় দিয়া ধরিয়া ধরিয়া) সমস্ত রাজাকে নিক্ষেপ করিতে লাগিল ॥৩৮॥

তখন সেই নরশ্রেষ্ঠেরা সেই দ্রুতগামী হাতীর ভয়ে ভীত হইয়া সমরাঙ্গনে সেই একটা হাতীকেই শত শত হাতী মনে করিতে লাগিলেন ॥৩৯॥

ক্রমে ঐরাবতারূঢ় দেবরাজ যেমন দানবগণকে বিদলিত করিতেন, সেইরূপ গজারূঢ় ভগদত্ত রাজগণকে বিদলিত করিতে থাকিলেন ॥৪০॥

তখন পাঞ্চালসৈন্যেরা ইতস্ততঃ পলায়ন করিতে লাগিলে, তাহাদের হস্তী ও অশ্বগণকৃত ভয়ঙ্কর মহাকোলাহল হইতে লাগিল ॥৪১॥

ভগদত্ত যুদ্ধে পাণ্ডবসৈন্য সংহার করিতে থাকিলে, ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া পুনরায় ভগদত্তের প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

(৩৮)···নিষ্পতন্ সততং সর্বান্···নি। (৪০)···ভগদত্তেন পাণ্ডবাঃ···পি বা ব রা।

তস্যাভিদ্রবতো বাহান্ হস্তমুক্তেন বারিণা।
সিক্ত্বা ব্যত্রাসয়ন্নাগস্তে পার্থমহরংস্ততঃ ॥৪৩॥
ততস্তমভ্যয়াত্তূর্ণং রুচিপর্ব্বাঙ্কতীসুতঃ।
সমুক্ষন্ শরবর্ষেণ রথস্থোঽন্তকসন্নিভঃ ॥৪৪॥
ততঃ স রুচিপর্ব্বাণং শরেণানতপর্ব্বণা।
সুপর্ব্বা পর্ব্বতপতির্নিন্যে বৈবস্বতক্ষয়ম্ ॥৪৫॥
তস্মিন্ নিপতিতে বীরে সৌভদ্রো দ্রৌপদীসুতাঃ।
চেকিতানো ধৃষ্টকেতুর্যুযুৎসুশ্চার্দ্দয়ন্ দ্বিপম্ ॥৪৬॥
ত এনং শরধারাভির্ধারাভিরিব তোয়দাঃ।
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ ॥৪৭॥
ততঃ পাঞ্চ্যঙ্কুশাঙ্গুষ্ঠৈঃ কৃতিনা চোদিতো দ্বিপঃ।
প্রসারিতকরঃ প্রায়াৎ স্তব্ধকর্ণেক্ষণো দ্রুতম্ ॥৪৮॥

তস্যেতি। বাহান্ অশ্বান্, হস্তমুক্তেন শুণ্ডাতো নিঃসারিতেন। পার্থং ভীমম্ ॥৪৩॥
তত ইতি। আঙ্কতী নাম কাচিৎ স্ত্রী তস্যাঃ সুতঃ। সমুক্ষন্ সংসিঞ্চন্ ॥৪৪॥
তত ইতি। সুপর্ব্বা সুন্দরাঙ্গসন্ধিঃ, পর্বতপতির্ভগদত্তঃ, বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৪৫॥
তস্মিন্নিতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। যুযুৎসুর্ধার্ত্তরাষ্ট্রঃ, দ্বিপং ভগদত্তগজম্ ॥৪৬॥
ত ইতি। ধারাভির্জলস্য। বিনদন্তঃ কুর্ব্বন্তঃ, জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ ॥৪৭॥

ভীমসেন আসিতে লাগিলে, ভগদত্তের হাতীটা শুণ্ডনিঃসারিত জলদ্বারা ভীমসেনের ঘোড়াগুলিকে বিত্রস্ত করিল। তখন সেই ঘোড়াগুলি ভীমসেনকে সমরাঙ্গন হইতে অপহরণ করিল ॥৪৩॥

তাহার পর আঙ্কতীর পুত্র ও যমের তুল্য রথারোহী রুচিপর্ব্বা বাণবর্ষণ করিতে করিতে ভগদত্তের দিকে দ্রুত আগমন করিতে লাগিলেন ॥৪৪॥

তখন সুন্দরাঙ্গ ভগদত্ত একটা নতপর্ব্ব বাণদ্বারা রুচিপর্ব্বাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৫॥

সেই বীর রুচিপর্ব্বা নিপতিত হইলে, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ, চেকিতান, ধৃষ্টকেতু ও যুযুৎসু ভগদত্তের হাতীটাকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৬॥

তখন মেঘ যেমন বারিধারা বর্ষণ করে, সেইরূপ তাঁহারা ভগদত্তের হাতীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া ভয়ঙ্কর গর্জন করিতে থাকিয়া তাহার উপরে বাণধারা বর্ষণ করিতে লাগিলেন ॥৪৭॥

(৪৩) ··সিক্ত্বা ব্যত্রাবয়ন্নাগঃ···পি। (৪৪) ··রুচিপর্বা কৃতী সুতঃ···বা ব রা নি।

সোঽধিষ্ঠায় পদা বাহান্ যুযুৎসোঃ সূতমারুজৎ।
যুযুৎসুস্তু রথাদ্রাজন্! অপাক্রামদ্ত্বরান্বিতঃ ॥৪৯॥
ততঃ পাণ্ডবযোধাস্তে নাগরাজং শরৈর্দ্রুতম্।
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ।
পুত্রস্তু তব সংভ্রান্তঃ সৌভদ্রস্যাপ্লুতো রথম্ ॥৫০॥
স কুঞ্জরস্থো বিসৃজন্নিষূনরিষু পাণ্ডুষু।
বভৌ রশ্মীনিবাদিত্যো ভুবনেষু সমুৎসৃজন্ ॥৫১॥
তমার্জ্জুনির্দ্বাদশভির্যুযুৎসুর্দশভিঃ শরৈঃ।
ত্রিভিস্ত্রিভির্দ্রৌপদেয়া ধৃষ্টকেতুশ্চ বিব্যধুঃ ॥৫২॥

তত ইতি। পার্ষ্ণিগুল্ফাধোদেশঃ। কৃতিনা ভগদত্তেন। প্রসারিতকরো বিস্তারিত-শুণ্ডঃ ॥৪৮॥

স ইতি। সূতং সারথিম্, আরুজৎ শুণ্ডয়া মেরুদণ্ডে ভগ্নবান্ ॥৪৯॥

তত ইতি। পুত্রো যুযুৎসুঃ, সংভ্রান্তো ব্যস্তঃ, আপ্লুত উৎপত্যারূঢ়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

স ইতি। স ভগদত্তঃ। ইষূন্ বাণান্, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৫১॥

তমিতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৫২॥

তৎপরে যুদ্ধনিপুণ ভগদত্ত গুল্ফ, অঙ্কুশ ও অঙ্গুষ্ঠদ্বারা তাড়ন করিয়া প্রেরণ করিলে, ভগদত্তের হাতীটা শুঁড় প্রসারিত করিয়া এবং স্তব্ধকর্ণ ও স্থিরনয়ন হইয়া ধাবিত হইল ॥৪৮॥

রাজা! সেই হাতীটা চরণদ্বারা যুযুৎসুর ঘোড়াগুলির উপরে উঠিয়া শুঁড় দিয়া সারথির মেরুদণ্ড ভাঙ্গিয়া ফেলিল; কিন্তু যুযুৎসু সত্বর রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৪৯॥

তাহার পর সেই পাণ্ডবযোদ্ধারা হাতীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া ভয়ঙ্কর গর্জন করিতে থাকিয়া সত্বর তাহার উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন। কিন্তু আপনার-পুত্র যুযুৎসু ব্যস্ত হইয়া যাইয়া লাফ দিয়া অভিমন্যুর রথে উঠিলেন ॥৫০॥

ওদিকে ভগদত্ত হাতীর উপরে থাকিয়া পাণ্ডবসৈন্যের উপরে বাণবর্ষণ করতঃ, জগতে কিরণবর্ষণকারী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫১॥

তখন অভিমন্যু বারটা, যুযুৎসু দশটা এবং দ্রৌপদীর পুত্রগণ ও ধৃষ্টকেতু প্রত্যেকে তিন তিনটা বাণদ্বারা সেই হাতীটাকে পীড়ন করিলেন ॥৫২॥

সোঽতিযত্নার্পিতৈর্বাণৈরাচিতো দ্বিরদো বভৌ ।
সংস্যূত ইব সূর্য্যস্য রশ্মিভির্জলদো মহান্ ॥৫৩॥
নিয়ন্তুঃ শিল্পযত্নাভ্যাং প্রেরিতোঽরিশরার্দ্দিতঃ ।
পরিচিক্ষেপ তান্ নাগঃ স রিপূন্ সব্যদক্ষিণান্ ॥৫৪॥
গোপাল ইব দণ্ডেন যথা পশুগণান্ বনে ।
সংকালয়তি তাং সেনাং ভগদত্তস্তথা মুহুঃ ॥৫৫॥
ক্ষিপ্রং শ্যেনাভিপন্নানাং বায়সানামিব স্বনঃ ।
বভূব পাণ্ডবেয়ানাং ভৃশং বিদ্রবতাং স্বনঃ ॥৫৬॥
স নাগরাজঃ প্রবরাঙ্কুশাহতঃ পুরা সপক্ষোঽদ্রিবরো যথা নৃপ ! ।
ভয়ং তদা রিপুষু সমাদধদ্ভৃশং বণিগ্জনানাং ক্ষুভিতো যথার্ণবঃ ॥৫৭॥
ততো ধ্বনির্দ্বিরদরথাশ্বপার্থিবৈর্ভয়াদ্দ্রবদ্ভির্জনিতোঽতিভৈরবঃ ।
ক্ষিতিং বিয়দ্দ্যাং বিদিশো দিশস্তথা সমাবৃণোৎ পার্থিব ! সংযুগে ততঃ ॥৫৮॥

স ইতি। অতিযত্নেন অর্পিতৈঃ ক্ষিপ্তৈঃ, আচিতো ব্যাপ্তদেহঃ। সংস্যূতো গ্রথিতঃ ॥৫৩॥
নিয়ন্তুরিতি। নিয়ন্তুশ্চালয়িতুঃ, শিল্পং চালননৈপুণ্যং যত্নশ্চ তাভ্যাম্ ॥৫৪॥
গোপাল ইতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। সংকালয়তি তাড়য়তি, তাং পাণ্ডবীম্ ॥৫৫॥
ক্ষিপ্রমিতি। শ্যেনেন অভিপন্নানামাক্রান্তানাম্। বিদ্রবতাং পলায়মানানাম্ ॥৫৬॥
স ইতি। পুরা ইন্দ্রেণ পক্ষচ্ছেদনাৎ পূর্বম্। সমাদধৎ সঞ্জনয়ন্নাসীদিতি শেষঃ ॥৫৭॥

তৎকালে সেই হাতীটা অতিযত্ননিক্ষিপ্ত বাণে ব্যাপ্তদেহ হইয়া সূর্য্যকিরণ-গ্রথিত বিশাল মেঘের ন্যায় প্রকাশ পাইতে থাকিল ॥৫৩॥

ক্রমে শত্রুশরপীড়িত সেই গজরাজ চালকের যত্ন ও নৈপুণ্যে সঞ্চালিত হইয়া সেই শত্রুগণকে বামে ও দক্ষিণে নিক্ষেপ করিতে লাগিল ॥৫৪॥

এবং পশুপালক যেমন দণ্ডদ্বারা বনে পশুগণকে তাড়ন করে, সেইরূপ ভগদত্ত অনবরত পাণ্ডবসৈন্যকে তাড়ন করিতে লাগিলেন ॥৫৫॥

হঠাৎ শ্যেনপক্ষী আসিয়া আক্রমণ করিলে, কাকগণের যেমন আকুল শব্দ হইতে থাকে, সেইরূপ পলায়মান পাণ্ডবসৈন্যগণের অত্যন্ত আকুল শব্দ হইতে লাগিল ॥৫৬॥

রাজা ! পূর্ব্বকালে পক্ষযুক্ত পর্বতপ্রবর যেমন সাধারণের ভয় উৎপাদন করিত এবং উদ্বেলিত সমুদ্র যেমন বণিক্‌সমূহের ভয় জন্মাইয়া থাকে, সেইরূপ তখন অঙ্কুশতাড়িত সেই বিশাল হস্তী শত্রুপক্ষের গুরুতর ভয় জন্মাইতে লাগিল ॥৫৭॥

(৫৩)···ইধুনরিষু পার্থিবঃ···বা ব রা নি। (৫৫)···আবেষ্টয়ত তাং সেনাম্···পি বা ব রা।

CENTRAL LIBRARY

স তেন নাগপ্রবরেণ পার্থিবো ভৃশং জগাহে দ্বিষতামনীকিনীম্।
পুরা সুগুপ্তাং বিবুধৈরিবাহবে বিরোচনো দেববরূথিনীমিব ॥৫৯॥
ভৃশং ববৌ জ্বলনসখো বিয়দ্রজঃ সমাবৃণোন্মুহুরপি চৈব সৈনিকান্।
তমেকনাগং গণশো যথা গজান্ সমন্ততো দ্রুতমথ মেনিরে জনাঃ ॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ভগদত্তযুদ্ধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

যন্মাং পার্থস্য সংগ্রামে কর্ম্মাণি পরিপৃচ্ছসি।
তচ্ছৃণুষ্ব মহাবাহো! পার্থো যদকরোদ্রণে ॥১॥

তত ইতি। দ্রবদ্ভিঃ পলায়মানৈঃ। বিয়ৎ আকাশম্, দ্যাং স্বর্গম্। ততস্তস্মিন্ ॥৫৮॥
স ইতি। পার্থিবো ভগদত্তঃ, জগাহে আলোড়য়ামাস। সুগুপ্তাং সুরক্ষিতাম্ ॥৫৯॥
ভৃশমিতি। জ্বলনস্য বহ্নেঃ সখা ইতি জ্বলনসখো বায়ুঃ, রজো ধূলিঃ ॥৬০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! তাহার পর সেই যুদ্ধে হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণ ভয়ে পলায়ন করিতে থাকিয়া যে ভয়ঙ্কর কোলাহল করিতে থাকিল, সেই কোলাহল-শব্দ যাইয়া ভূমণ্ডল, আকাশমণ্ডল, স্বর্গ, দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিতে লাগিল ॥৫৮॥

পূর্ব্বকালে বিরোচন যেমন যুদ্ধে দেবরক্ষিত দেবসৈন্যগণকে আলোড়ন করিয়াছিলেন, সেইরূপ ভগদত্তরাজা তখন সেই বিশাল হস্তীদ্বারা শত্রুসৈন্য-গণকে গুরুতর আলোড়ন করিতে থাকিলেন ॥৫৯॥

ক্রমে প্রবল বায়ু বহিত হইতে লাগিলে, ধূলি উঠিয়া আকাশ ও সৈন্য-দিগকে অনবরত আবৃত করিতে থাকিল এবং তত্রত্য লোকেরা সেই একটা হাতীকেই সকল দিকে ভূরি ভূরি হাতী বলিয়া মনে করিতে লাগিল' ॥৬০॥

---

* '...পঞ্চবিংশোঽধ্যায়ঃ' ব, '...ষড়্বিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

রজো দৃষ্ট্বা সমুদ্ভূতং শ্রুত্বা চ গজনিস্বনম্ ।
ভগদত্তে বিকুর্ব্বাণে কৌন্তেয়ঃ কৃষ্ণমব্রবীৎ ॥২॥
যথা প্রাগ্‌জ্যোতিষো রাজা গজেন মধুসূদন ! ।
ত্বরমাণোঽভিনিষ্ক্রান্তো ধ্রুবং তস্যৈব নিস্বনঃ ॥৩॥
ইন্দ্রাদনবরঃ সংখ্যে গজযানবিশারদঃ ।
প্রথমো গজযোধানাং পৃথিব্যামিতি মে মতিঃ ॥৪॥
স চাপি দ্বিরদশ্রেষ্ঠঃ সদাঽপ্রতিগজো যুধি ।
সর্ব্বশস্ত্রাতিগঃ সংখ্যে কৃতকর্ম্মা জিতক্লমঃ ॥৫॥
সহঃ শস্ত্রনিপাতানামগ্নিস্পর্শস্য চানঘ ! ।
স পাণ্ডববলং সর্ব্বমদ্যৈকো নাশয়িষ্যতি ॥৬॥

যদিতি। "কিমর্জ্জুনশ্চাপ্যকরোৎ" ইতি পূর্ব্বাধ্যায়োক্ত্যা পরিপৃচ্ছসীত্যর্থঃ ॥১॥
রজ ইতি। রজো ধূলিম্। বিকুর্ব্বাণে বিবিধানি কার্য্যাণি কুর্বাণে ॥২॥
যথেতি। অভিনিষ্ক্রান্তঃ শিবিরাৎ ॥৩॥
ইন্দ্রাদিতি। অনবরঃ অন্যূনঃ। গজযোধানাং মধ্যে প্রথমো গজযানবিশারদঃ ॥৪॥
স ইতি। অপ্রতিগজঃ প্রতিপক্ষগজরহিতঃ। কৃতকর্ম্মা সর্ব্বযুদ্ধে কৃতজয়ঃ ॥৫॥
সহ ইতি। সহত ইতি সহঃ পচাদিত্বাদচ্, বর্ম্মাবৃতদেহত্বাৎ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহাবাহু রাজা ! আপনি যুদ্ধে অর্জ্জুনের কার্য্যের বিষয় যে আমার নিকট জিজ্ঞাসা করিয়াছেন এবং যুদ্ধে অর্জ্জুন যাহা করিয়াছেন, তাহা শ্রবণ করুন ॥১॥

ভগদত্ত যুদ্ধে নানাবিধ কার্য্য করিতে লাগিলে, আকাশে ধূলি উঠিয়াছে দেখিয়া এবং হাতীর শব্দ শুনিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—॥২॥

'কৃষ্ণ ! ভগদত্তরাজা হস্তীতে আরোহণ করিয়া সত্বর যে শিবির হইতে নির্গত হইয়াছেন, নিশ্চয়ই তাহার এই শব্দ হইতেছে ॥৩॥

ভগদত্ত যুদ্ধে ইন্দ্র অপেক্ষা ন্যূন নহেন এবং ইনি পৃথিবীতে সমস্ত গজযোধীর মধ্যে প্রথম গজযানবিশারদ ইহাই আমার ধারণা ॥৪॥

আবার সেই হস্তিশ্রেষ্ঠেরও প্রতিযোদ্ধা হস্তী নাই এবং সেই হস্তিশ্রেষ্ঠ যুদ্ধে সমস্ত অস্ত্রের অতিক্রমকারী, যুদ্ধবিজয়ী ও শ্রমসহিষ্ণু ॥৫॥

নিষ্পাপ কৃষ্ণ ! আর সেই হস্তী সমস্ত শস্ত্রাঘাত এবং অগ্নিস্পর্শও সহ্য করিতে পারে। সুতরাং সেই এক হস্তীই আজ সমগ্র পাণ্ডবসৈন্য বিনাশ করিবে ॥৬॥

(৪)···প্রথমো বা দ্বিতীয়ো বা··· পি বা ব রা।

CENTRAL LIBRARY

ন চাবাভ্যামৃতেঽন্যোঽস্তি শক্তস্তং প্রতিবাধিতুম্।
ত্বরমাণস্ততো যাহি যতঃ প্রাগ্‌জ্যোতিষাধিপঃ ॥৭॥
দৃপ্তং সংখ্যে দ্বিপবলাদ্বয়সা চাপি বিস্মিতম্।
অদ্যৈনং প্রেষয়িষ্যামি বলহন্তুঃ প্রিয়াতিথিম্ ॥৮॥
বচনাদথ কৃষ্ণস্তু প্রযযৌ সব্যসাচিনঃ।
দীর্য্যতে ভগদত্তেন যত্র পাণ্ডববাহিনী ॥৯॥
তং প্রযান্তং ততঃ পশ্চাদাহ্বয়ন্তো মহারথাঃ।
সংশপ্তকাঃ সমারোহন্ সহস্রাণি চতুর্দ্দশ ॥১০॥
দশৈব তু সহস্রাণি ত্রিগর্ত্তানাং মহারথাঃ।
চত্বারি চ সহস্রাণি বাসুদেবস্য চানুগাঃ ॥১১॥
দীর্য্যমাণাং চমূং দৃষ্ট্বা ভগদত্তেন মারিষ!।
আহূয়মাণস্য চ তৈরভবদ্‌হৃদয়ং দ্বিধা ॥১২॥

নেতি। আবাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্, ঋতে বিনা। ততস্তত্র, যতো যত্র ॥৭॥
দৃপ্তমিতি। বিশিষ্টং স্মিতমহঙ্কারো যস্য তম্, বহুযুদ্ধজয়াৎ। বলহন্তুরিন্দ্রস্য ॥৮॥
বচনাদিতি। সব্যসাচিনঃ অর্জ্জুনস্য বচনাদিতি সম্বন্ধঃ ॥৯॥
তমিতি। সমারোহন্ হস্ত্যশ্বরথানিতি শেষঃ ॥১০॥
দশেতি। বাসুদেবস্য চানুগা নারায়ণাখ্যা অনুচরাঃ, সমারোহন্নিত্যনুবৃত্তিঃ ॥১১॥

আমরা দুই জন ব্যতীত অন্য কোন লোকই ভগদত্তকে নিবারণ করিতে সমর্থ হইবে না। অতএব কৃষ্ণ! ভগদত্ত যেখানে আছেন, তুমি সত্বর সেই-খানে যাও ॥৭॥

হস্তীর গুণে যুদ্ধে দর্পিত এবং বয়সের গুণেও গর্বিত এই ভগদত্তকে আজ আমি ইন্দ্রের প্রিয় অতিথি করিয়া পাঠাইব ॥৮॥

তাহার পর ভগদত্ত যেখানে পাণ্ডবসৈন্য বিদারণ করিতেছিলেন, অর্জ্জুনের বাক্য অনুসারে কৃষ্ণ সেইখানে চলিলেন ॥৯॥

তিনি চলিলে, চতুর্দ্দশ সহস্র সংশপ্তক মহারথ পিছনের দিক্ হইতে অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিতে থাকিয়া আপন আপন বাহনে আরোহণ করিলেন ॥১০॥

আর দশ সহস্র ত্রিগর্ত্তদেশীয় মহারথ এবং চারি সহস্র নারায়ণসৈন্যও স্ব স্ব বাহনে আরোহণ করিলেন ॥১১॥

(৭)…প্রতিবারিতুম্ পি। (৮) শক্তং সংখ্যে দ্বিপবলাৎ…ব। (১২) দার্য্যমাণাম্… পি বা ব।

CENTRAL LIBRARY

কিন্নু শ্রেয়স্করং কর্ম্ম ভবেদদ্যেতি চিন্তয়ে।
ইহ বা বিনিবর্ত্তেয়ং গচ্ছেয়ং বা যুধিষ্ঠিরম্ ॥১৩॥
তস্য বুদ্ধ্যা বিচার্য্যৈবমর্জ্জুনস্য কুরূদ্বহ!।
অভবদ্ভূয়সী বুদ্ধিঃ সংশপ্তকবধে স্থিরা ॥১৪॥
স সন্নিবৃত্তঃ সহসা কপিপ্রবরকেতনঃ।
একো রথসহস্রাণি নিহন্তুং বাসবী রণে ॥১৫॥
সা হি দুর্য্যোধনস্যাসীন্মতিঃ কর্ণস্য চোভয়োঃ।
অর্জ্জুনস্য বধোপায়ে যা বৈ দ্বৈধমকল্পয়ৎ ॥১৬॥
স তু দোলায়মানোঽভূদ্দ্বৈধীভাবেন পাণ্ডবঃ।
বধেন তু রথাগ্র্যাণামকরোত্তাং মৃষা তদা ॥১৭॥

দীর্য্যেতি। হৃদয়মর্জ্জুনস্য, দ্বিধা সংশপ্তকান্ ভগদত্তং বা গচ্ছামীতি দ্বিবিষয়কম্ ॥১২॥
তদেবাহ কিমিতি। ইহ সংশপ্তকযুদ্ধে। ভগদত্তাদ্যুধিষ্ঠিরং রক্ষিতুমিত্যর্থঃ ॥১৩॥
তস্যেতি। এবং বিচার্য্য, স্থিতস্যেত্যধ্যাহারান্নৈককর্ত্তৃকত্বহানিঃ। স্থিরা সংশপ্তকৈরাহূতত্বাৎ "আহূতো ন নিবর্ত্তেয়ম্" ইতি পূর্ব্বপ্রতিজ্ঞাবশাদিতি ভাবঃ ॥১৪॥
স ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবির্জ্জুনঃ। রেফপরত্বাদ্দীর্ঘঃ ॥১৫॥
সেতি। সা তাদৃশী। দ্বৈধমর্জ্জুনমনসঃ। তৎ কৌশলঞ্চ তয়োরেবেত্যাশয়ঃ ॥১৬॥
স ইতি। বধেন বধস্থিরীকরণেন, রথাগ্র্যাণাং সংশপ্তকানাম্, তাং তয়োর্মতিম্ ॥১৭॥

মাননীয় রাজা! ভগদত্ত পাণ্ডবসৈন্য বিদারণ করিতেছেন দেখিয়া এবং সংশপ্তকপ্রভৃতিরা যুদ্ধে আহ্বান করিতেছেন বলিয়া অর্জ্জুনের মন সংশয়াপন্ন হইল ॥১২॥

'আমার পক্ষে এখন কোন কার্য্য মঙ্গলকর হইবে ইহাই চিন্তা করিতেছি—আমি এখন কি সংশপ্তকযুদ্ধে ফিরিব, না—যুধিষ্ঠিরের দিকে যাইব' ॥১৩॥

কৌরবশ্রেষ্ঠ! মনে মনে এইরূপ বিবেচনা করিবার পরে, সংশপ্তকবধ-বিষয়েই অর্জ্জুনের বুদ্ধি অধিক পরিমাণে স্থির হইল ॥১৪॥

তখন কপিধ্বজ এক অর্জ্জুনই যুদ্ধে সহস্র সহস্র রথীকে বধ করিবার জন্য তৎক্ষণাৎ ফিরিলেন ॥১৫॥

অর্জ্জুনকে বধ করিবার উপায়াবিষ্কারবিষয়ে দুর্য্যোধন ও কর্ণ এই দুই জনই সেইরূপ বুদ্ধি (কৌশল) করিয়াছিলেন, যাহাতে অর্জ্জুনের উক্তরূপ দ্বৈধীভাব হইয়াছিল ॥১৬॥

(১৩) ...অদ্যেতি চিন্তয়ন্...বা, অদ্যেতি চিন্তয়া...ব,...অদ্যেত্যচিন্তয়ৎ...নি। (১৭) তন্তু সংবর্ত্তয়ামাস দ্বৈধীভাবেন...পি বা ব রা,...নরাগ্র্যাণাম্...পি।

ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
অসৃজন্নর্জ্জুনে রাজন্! সংশপ্তকমহারথাঃ ॥১৮॥
নৈব কুন্তীসুতঃ পার্থো নৈব কৃষ্ণো জনার্দ্দনঃ।
ন হয়া ন রথো রাজন্! দৃশ্যন্তে স্ম শরৈশ্চিতাঃ ॥১৯॥
যদা মোহমনুপ্রাপ্তঃ সস্বেদশ্চ জনার্দ্দনঃ।
ততস্তান্ প্রায়শঃ পার্থো ব্রহ্মাস্ত্রেণ নিজঘ্নিবান্ ॥২০॥
শতশঃ পাণয়শ্ছিন্নাঃ সেষুজ্যাতলকার্ম্মুকাঃ।
কেতবো বাজিনঃ সূতা রথিনশ্চাপতন্ ক্ষিতৌ ॥২১॥
দ্রুমাচলাগ্রাম্বুধরৈঃ সমকায়াঃ সুকল্পিতাঃ।
হতারোহাঃ ক্ষিতৌ পেতুর্দ্বিপাঃ পার্থশরাহতাঃ ॥২২॥

তত ইতি। নতপর্ব্বণামীষদ্বক্রোপান্তানাম্ ॥১৮॥

নেতি। পার্থোঽর্জ্জুনঃ। চিতা ব্যাপ্তাঃ ॥১৯॥

যদেতি। সস্বেদো ঘর্ম্মাক্তদেহঃ। প্রায়শো বহুলান্ ॥২০॥

উক্তনিহননমেব বিবৃণোতি ষড়্ভিঃ। শতশ ইতি। পাণয়ো হস্তাঃ, ইষুভির্বাণৈঃ জ্যাভির্ধনুর্গুণৈঃ তলৈর্হস্তাবরণৈঃ কার্ম্মুকৈশ্চ সহেতি তে ॥২১॥

দ্রুমেতি। দ্রুমাণাং বৃক্ষানাম্ অচলানাং পর্বতানাঞ্চ অগ্রেষু যে অম্বুধরা মেঘাস্তৈঃ। আকাশবর্ত্তিনামম্বুধরাণামাকৃতিপরিমাণস্য কর্ত্তুমশক্যত্বা তৎসমকায়ত্বং দুর্বোধমিতি দ্রুমাচলাগ্রেত্যুক্তম্। সুকল্পিতাঃ সুসজ্জিতাঃ। দ্বিপাঃ সংশপ্তকগজাঃ ॥২২॥

কেন না, অর্জ্জুন উক্তরূপ দ্বৈধীভাববশতই প্রথমে দোলায়মান হইয়াছিলেন; কিন্তু পরে তিনি সংশপ্তকরথিশ্রেষ্ঠদিগকে বধ করা স্থির করায় তাঁহাদের সে বুদ্ধিটাকে নিষ্ফল করিয়া দিয়াছিলেন ॥১৭॥

রাজা! তাহার পর সংশপ্তক মহারথেরা অর্জ্জুনের উপরে শতসহস্র নতপর্ব বাণ নিক্ষেপ করিলেন ॥১৮॥

রাজা! তখন বাণে ব্যাপ্ত হইয়া যাওয়ায় কুন্তীনন্দন অর্জ্জুন, জনার্দ্দন কৃষ্ণ, তাঁহাদের অশ্বগণ বা রথ ইহার কিছুই দেখা গেল না ॥১৯॥

যখন কৃষ্ণ প্রায় মোহপ্রাপ্ত ও ঘর্ম্মাক্ত হইয়া পড়িলেন, তখন অর্জ্জুন ব্রহ্মাস্ত্রদ্বারা প্রায় সংশপ্তকদিগকে বধ করিলেন ॥২০॥

বাণ, গুণ, হস্তাবরণ ও ধনুর সহিত শত শত হস্ত, ধ্বজ, অশ্ব, সারথি ও রথীরা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥২১॥

আরোহীরা নিহত হইলে, বৃক্ষ ও পর্ব্বতের অগ্রবর্ত্তী মেঘের ন্যায় বিশাল-

---

(২০)…বজ্রাস্ত্রেণ নিজঘ্নিবান্—পি। (২২)…সমরূপাঃ…পি ব।

বিপ্রবিদ্ধকুথাবন্ধাশ্ছিন্নভাণ্ডাঃ পরাসবঃ।
সারোহাস্তুরগাঃ পেতুর্মথিতাঃ পার্থমার্গণৈঃ ॥২৩॥
সষ্টি প্রাসাসিনখরাঃ সমুদ্গরপরশ্বধাঃ।
বিচ্ছিন্না বাহবঃ পেতুর্নৃণাং ভল্লৈঃ কিরীটিনা ॥২৪॥
বালাদিত্যাম্বুজেন্দূনাং তুল্যরূপাণি মারিষ!।
সংছিন্নান্যর্জ্জুনশরৈঃ শিরাংস্যুর্বীং প্রপেদিরে ॥২৫॥
জজ্বালালঙ্কৃতা সেনা পত্রিভিঃ প্রাণিভোজনৈঃ।
নানারূপৈস্তদাঽমিত্রান্ ক্রুদ্ধে নিঘ্নতি ফাল্গুনে ॥২৬॥
ক্ষোভয়ন্তং তদা সেনাং দ্বিরদং নলিনীমিব।
ধনঞ্জয়ং ভূতগণাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥২৭॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধাশ্ছিত্বা পাতিতাঃ কুথাবন্ধাঃ পৃষ্ঠাস্তরণানি যেষাং তে, ছিন্নানি ভাণ্ডানি ভূষণানি যেষাং তে, পরাসবো মৃতাঃ ॥২৩॥

সষ্টীতি। ঋষ্টিপ্রভৃতীনি তদানীন্তনাস্ত্রাণি ॥২৪॥

বালেতি। বালাদিত্যো নবোদিতসূর্য্যঃ অম্বুজং পদ্মম্ ইন্দুশ্চন্দ্রশ্চ তেষাম্ ॥২৫॥

জজ্বালেতি। পত্রিভিরগ্নিময়ৈর্বাণৈঃ। অমিত্রান্ শত্রূন্। ফাল্গুনে অর্জ্জুনে ॥২৬॥

ক্ষোভেতি। তদা ভূতগণা আকাশস্থদেবাদিপ্রাণিসমূহাঃ, নলিনীং পদ্মসরসীম্, ক্ষোভয়ন্তমালোড়য়ন্তম্, দ্বিরদং গজমিব, সেনাং ক্ষোভয়ন্তং ধনঞ্জয়ম্, সাধু সাধু ইতি অপূজয়ন্ প্রাশংসন্ ॥২৭॥

শরীর ও সুসজ্জিত হস্তী সকল অর্জ্জুনের বাণে আহত হইয়া ভূতলগত হইতে লাগিল ॥২২॥

অর্জ্জুনের বাণে পৃষ্ঠের আস্তরণ নিপতিত এবং অলঙ্কার ছিন্ন হইয়া গেলে, মৃত ও মথিত অশ্বগণ আরোহীদের সহিত পড়িতে থাকিল ॥২৩॥

ঋষ্টি, প্রাস, অসি, নখর, মুদ্গর ও পরশুর সহিত পদাতিগণের বাহু সকল অর্জ্জুনের বাণে ছিন্ন হইয়া পতিত হইতে লাগিল ॥২৪॥

মাননীয় রাজা! নবোদিত সূর্য্য, পদ্ম ও চন্দ্রের তুল্য মুখ সকল অর্জ্জুনের বাণে ছিন্ন হইয়া ভূতলগত হইতে থাকিল ॥২৫॥

ক্রুদ্ধ অর্জ্জুন তখন প্রাণিগণের প্রাণনাশক, নানারূপ অগ্নিময় বাণদ্বারা শত্রুগণকে সংহার করিতে লাগিলে, অলঙ্কৃত সৈন্যেরা জ্বলিতে লাগিল ॥২৬॥

হস্তী যেমন পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ অর্জ্জুন তখন সংশপ্তক-

(২৩) বিপ্রবিদ্ধমুখা নাগাঃ ··সারোহাস্তু রণে পেতুঃ···বা নি। (২৬) জজ্বালালঙ্কৃতৈঃ···ব।

দৃষ্ট্বা তৎ কর্ম্ম পার্থস্য বাসবস্যেব মাধবঃ।
বিস্ময়ং পরমং গত্বা প্রাঞ্জলিস্তমুবাচ হ ॥২৮॥
কর্ম্মৈতৎ পার্থ! শক্রেণ যমেন ধনদেন চ।
দুষ্করং সমরে যত্তে কৃতমদ্যেতি মে মতিঃ ॥২৯॥
যুগপচ্চৈব সংগ্রামে শতশোঽথ সহস্রশঃ।
পতিতা এব মে দৃষ্টাঃ সংশপ্তকমহারথাঃ ॥৩০॥
ততঃ সংশপ্তকান্ হত্বা ভূয়িষ্ঠং যে ব্যবস্থিতাঃ।
ভগদত্তায় যাহীতি কৃষ্ণং পার্থোঽভ্যচোদয়ৎ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সংশপ্তকবিনাশে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———০::০———

দৃষ্ট্বেতি। বাসবস্য ইন্দ্রস্য, মাধবঃ কৃষ্ণঃ। তং পার্থম্ ॥২৮॥
কর্ম্মেতি। ধনদেন কুবেরেণ। তে ত্বয়া ॥২৯॥
যুগপদিতি। পতিতা ব্রহ্মাস্ত্রপ্রভাবাৎ, মে ময়া ॥৩০॥
তত ইতি। ভূয়িষ্ঠং যথা স্যাত্তথা। অভ্যচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সৈন্য আলোড়ন করিতে লাগিলে, তত্রত্য প্রাণীরা সকলে 'সাধু সাধু' বলিয়া তাঁহাকে প্রশংসা করিতে লাগিল ॥২৭॥

কৃষ্ণ তখন ইন্দ্রের ন্যায় অর্জ্জুনের সেই কার্য্য দেখিয়া অত্যন্তবিস্ময়াপন্ন হইয়া কৃতাঞ্জলিপুটে তাঁহাকে বলিলেন—॥২৮॥

'অর্জ্জুন! তুমি আজ যুদ্ধে যে কার্য্য করিলে, এ কার্য্য করা ইন্দ্র, যম ও কুবেরের পক্ষেও দুষ্কর ইহাই আমার ধারণা ॥২৯॥

শত শত ও সহস্র সহস্র সংশপ্তকমহারথ একদাই যুদ্ধে নিপতিত হইয়াছেন, আমি দেখিয়াছি' ॥৩০॥

যে সংশপ্তকেরা যুদ্ধের জন্য অবস্থান করিতেছিল, তাহাদের অধিক-সংখ্যককেই বধ করিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'এখন ভগদত্তের দিকে যাও' ॥৩১॥

———:০:———

(৩১) সংশপ্তকাংস্ততো হত্বা ভূয়িষ্ঠাঃ···পার্থোঽভ্যনোদয়ৎ—বা নি। * '···ষড়্-বিংশোঽধ্যায়ঃ' ব, '···সপ্তবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ।

———(:০:)———

সঞ্জয় উবাচ।

যিযাসতস্ততঃ কৃষ্ণঃ পার্থস্যাশ্বান্ মহাজবান্।
সংপ্রেষীদ্ধেমসংছন্নান্ দ্রোণানীকায় পাণ্ডবান্ ॥১॥
তং প্রয়ান্তং কুরুশ্রেষ্ঠং স্বাংস্ত্রাতুং দ্রোণতাপিতান্।
সুশর্ম্মা ভ্রাতৃভিঃ সার্দ্ধং যুদ্ধার্থী পৃষ্ঠতোঽন্বয়াৎ ॥২॥
ততঃ শ্বেতহয়ঃ কৃষ্ণমব্রবীদজিতঞ্জয়ঃ।
এষ মাং ভ্রাতৃভিঃ সার্দ্ধং সুশর্ম্মাহ্বয়তেঽচ্যুত! ॥৩॥
দীর্য্যতে চোত্তরেণৈতৎ সৈন্যং নঃ শত্রুসূদন!।
দ্বৈধীভূতং মনো মেঽদ্য কৃতং সংশপ্তকৈরিদম্ ॥৪॥
কিং নু সংশপ্তকান্ হন্মি স্বান্ রক্ষাম্যহিতার্দ্দিতান্।
ইতি মে ত্বং মতং বেত্থ তত্র কিং সুকৃতং ভবেৎ ॥৫॥

যিযেতি। যিযাসতো ভগদত্তং প্রতি যাতুমিচ্ছতঃ। হেমসংছন্নান্ স্বর্ণালঙ্কারাবৃতান্ ॥১॥
তমিতি। স্বান্ পক্ষীয়যোধান্। অন্বয়াৎ অগচ্ছৎ ॥২॥
তত ইতি। শ্বেতহয়োঽর্জ্জুনঃ। দেবৈরপাজিতান্ নিবাতকবচাদীন্ জয়তীতি সঃ ॥৩॥
দীর্য্যত ইতি। দীর্য্যতে ভগদত্তেন দ্রোণেন চেতি শেষঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর অর্জ্জুন ভগদত্তের দিকে যাইবার ইচ্ছা করিলে, কৃষ্ণ মহাবেগশালী, স্বর্ণালঙ্কারে আবৃত ও শ্বেতবর্ণ অশ্বগুলিকে সেই দিকে চালাইয়া দিলেন ॥১॥

কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুন দ্রোণপীড়িত স্বপক্ষীয় যোদ্ধাদিগকে রক্ষা করিবার জন্য প্রস্থান করিলে, যুদ্ধার্থী সুশর্ম্মা ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তাঁহার পিছনে পিছনে চলিলেন ॥২॥

তখন অজিতবিজয়ী অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! ভ্রাতাদের সহিত এই সুশর্ম্মা আমাকে যুদ্ধে আহ্বান করিতেছেন ॥৩॥

অথ চ শত্রুদমন! উত্তরদিকে আমাদের এই সৈন্য বিচ্ছিন্ন হইতেছে। সুতরাং সংশপ্তকেরা আজ আমার মনটাকে দ্বৈধীভাবাপন্ন করিল ॥৪॥

(১)···মনোজবান্···বা ব রা নি, দ্রোণানীকায় সম্বরান্—বা, দ্রোণানীকায় সংস্বরন্—নি। (২)···স্বান্ ভ্রাতৃন্···পি বা ব রা। (৪) দীর্য্যতে চোত্তরেণৈব তৎ সৈন্যং মধুসূদন!···বা ব রা নি।

CENTRAL LIBRARY

এবমুক্তস্তু দাশার্হঃ স্যন্দনং প্রত্যবর্ত্তয়ৎ।
যেন ত্রিগর্ত্তাধিপতিঃ পাণ্ডবং সমুপাহ্বয়ৎ ॥৬॥
ততোঽর্জ্জুনঃ সুশর্ম্মাণং বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
ধ্বজং ধনুশ্চাস্য তথা ক্ষুরাভ্যাং সমকৃন্তত ॥৭॥
ত্রিগর্ত্তাধিপতেশ্চাপি ভ্রাতরং ষড়্ভিরাশুগৈঃ।
সাশ্বং সসূতং ত্বরিতঃ পার্থঃ প্রৈষীদ্যমক্ষয়ম্ ॥৮॥
ততো ভুজগসঙ্কাশাং সুশর্ম্মা শক্তিমায়সীম্।
চিক্ষেপার্জ্জুনমুদ্দিশ্য বাসুদেবায় তোমরম্ ॥৯॥
শক্তিং ত্রিভিঃ শরৈশ্ছিত্ত্বা তোমরং ত্রিভিরর্জ্জুনঃ।
সুশর্ম্মাণং শরব্রাতৈর্মোহয়িত্বা ন্যবর্ত্তয়ৎ ॥১০॥

কিমিতি। অহিতার্দ্দিতান্ শত্রুপীড়িতান্। মতং সংশয়মিত্যর্থঃ, বেত্থ জানাসি ॥৫॥
এবমিতি। দাশার্হস্তদ্বংশীয়ঃ কৃষ্ণঃ, স্যন্দনং রথম্। কার্য্যেণৈবোত্তরং দত্তম্ ॥৬॥
তত ইতি। আশুগৈর্বাণৈঃ। ক্ষুরাভ্যাং তদ্বৎ ক্ষুরধারাভ্যাং বাণাভ্যাম্ ॥৭॥
ত্রিগর্ত্তেতি। যমক্ষয়ং যমালয়ম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৮॥
তত ইতি। ভুজগসঙ্কাশাং সর্পতুল্যদীর্ঘাম্। আয়সীং লৌহময়ীম্ ॥৯॥
শক্তিমিতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, মোহয়িত্বা সর্বদিগাবরণেন ॥১০॥

আমি এখন কি সংশপ্তক সংহার করি? না—শত্রুপীড়িত স্বপক্ষরক্ষা করি? এইরূপ আমার সংশয়িতাবস্থা তুমি জান। সুতরাং এখন কি করিলে ভাল করা হয়, তাহা বল' ॥৫॥

অর্জুন এইরূপ বলিলে, সুশর্ম্মা যে দিকে থাকিয়া অর্জুনকে আহ্বান করিয়াছিলেন, কৃষ্ণ সেই দিকে রথ ফিরাইলেন ॥৬॥

তাহার পর অর্জুন সাতটা বাণদ্বারা সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া দুইটা ক্ষুরপ্র-দ্বারা তাঁহার ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন ॥৭॥

এবং তিনি ত্বরান্বিত হইয়া ছয়টা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত সুশর্ম্মার ভ্রাতাকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৮॥

তদনন্তর সুশর্ম্মা অর্জুনের উপরে একটা সর্পতুল্য দীর্ঘ ও লৌহময়ী শক্তি এবং কৃষ্ণের উপরে একটা তোমর নিক্ষেপ করিলেন ॥৯॥

তখন অর্জুন তিনটা বাণে শক্তিটাকে এবং তিনটা বাণে তোমরটাকে ছেদন-পূর্ব্বক বাণসমূহদ্বারা সুশর্ম্মাকে মোহিত করিয়া প্রতিনিবৃত্ত করিলেন ॥১০॥

(৯)···চিক্ষেপার্জ্জুনমাদেশ্য···বা ব নি।

CENTRAL LIBRARY

তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্ ।
রাজংস্তাবকসৈন্যানাং নোগ্রং কশ্চিদবারয়ৎ ॥১১॥
ততো ধনঞ্জয়ো বাণৈঃ সর্বানেব মহারথান্ ।
আয়াদ্বিনিঘ্নন্ কৌরব্যান্ দহন্ কক্ষমিবানলঃ ॥১২॥
তস্য বেগমসহ্যং তং কুন্তীপুত্রস্য ধীমতঃ ।
নাশক্নুবংস্তে সংসোঢ়ুং স্পর্শমগ্নেরিব প্রজাঃ ॥১৩॥
সংবেষ্টয়ন্ননীকানি শরবর্ষেণ পাণ্ডবঃ ।
সুপর্ণ ইব নাগেন্দ্রং প্রায়াৎ প্রাগ্জ্যোতিষং প্রতি ॥১৪॥
যত্তদানাময়জ্জিষ্ণুর্ভরতানামপাপিনাম্ ।
ধনুঃ ক্ষেমকরং সংখ্যে দ্বিষতামশ্রুবর্দ্ধনম্ ॥১৫॥
তদেব তব পুত্রস্য রাজন্ ! দুর্দ্যূতদেবিনঃ ।
কৃতে ক্ষত্রবিনাশায় ধনুরায়চ্ছদর্জ্জুনঃ ॥১৬॥ (যুগ্মকম্)

তমিতি। বাসবমিন্দ্রম্, ভূরিবর্ষং প্রচুরবারিবর্ষিণম্, শরৌঘিণমর্জ্জুনম্ ॥১১॥
তত ইতি। আয়াদ্ভগদত্তবলং প্রত্যাগচ্ছৎ। কক্ষং তৃণরাশিম্ ॥১২॥
তস্যেতি। প্রজাঃ কৌরবপক্ষীয়া জনাঃ "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যমরঃ ॥১৩॥
সমিতি। সুপর্ণো গরুড়ঃ, নাগেন্দ্রং সর্পশ্রেষ্ঠম্ ॥১৪॥
যদিতি। তদা রাজসূয়াৎ পূর্বম্, জিষ্ণুরর্জ্জুনঃ। আয়চ্ছদ্বিস্তৃতবান্ ॥১৫—১৬॥

রাজা ! ক্রমে প্রচুরবারিবর্ষণকারী ইন্দ্রের ন্যায় বাণসমূহবর্ষণকারী ও উগ্রমূর্ত্তি অর্জুন আসিতে লাগিলে, আপনার পক্ষের কেহই তাঁহাকে বারণ করিতে পারিল না ॥১১॥

তাহার পর অর্জুন বাণদ্বারা কৌরবপক্ষীয় সমস্ত মহারথকে তাড়ন করতঃ তৃণদহনকারী অগ্নির ন্যায় আসিতে লাগিলেন ॥১২॥

তখন মানুষ যেমন অগ্নির স্পর্শ সহ্য করিতে পারে না, সেইরূপ সেই কৌরব-যোদ্ধারা বুদ্ধিমান্ অর্জুনের সেই অসহ্য বেগ সহ্য করিতে পারিলেন না ॥১৩॥

পরে গরুড় যেমন বৃহৎ সর্পের প্রতি ধাবিত হন, সেইরূপ অর্জুন বাণবর্ষণ-দ্বারা কৌরবসৈন্য বেষ্টন করিয়া ভগদত্তের প্রতি ধাবিত হইলেন ॥১৪॥

ক্রমে বিজয়ী অর্জুন পুণ্যবান্ ভরতবংশীয়গণের মঙ্গলজনক এবং যুদ্ধে শত্রু-পক্ষের অশ্রুবর্দ্ধক যে ধনু তখন (রাজসূয়যজ্ঞের পূর্ব্বে) একবার অবনত করিয়াছিলেন, দুষ্টদ্যূতক্রীড়াকারী আপনার পুত্রের দোষে ক্ষত্রিয়বিনাশের জন্য সেই ধনুখানাকেই আবার সেই সময়ে বিস্তৃত করিলেন ॥১৫—১৬॥

তথা বিক্ষোভ্যমাণা সা পার্থেন তব বাহিনী।
ব্যশীর্য্যত মহারাজ! নৌরিবাসাদ্য পর্ব্বতম্ ॥১৭॥
ততো দশ সহস্রাণি ন্যবর্ত্তন্ত ধনুষ্মতাম্।
মতিং কৃত্বা রণে ক্রূরাং বীরা জয়পরাজয়ে ॥১৮॥
ব্যপেতহৃদয়ত্রাসা আবক্রন্তং মহারথাঃ।
আর্চ্ছৎ পার্থো গুরুং ভারং সর্বভারসহো যুধি ॥১৯॥
যথা নলবনং ক্রুদ্ধঃ প্রভিন্নঃ ষষ্টিহায়নঃ।
মৃদ্নীয়াত্তদ্বদায়ন্তঃ পার্থোঽমৃদ্নাচ্চমূং তব ॥২০॥
তস্মিন্ প্রমথিতে সৈন্যে ভগদত্তো নরাধিপঃ।
তেন নাগেন সহসা ধনঞ্জয়মুপাদ্রবৎ ॥২১॥
তং রথেন নরব্যাঘ্রঃ প্রত্যগৃহ্ণাদ্ধনঞ্জয়ঃ।
স সন্নিপাতস্তুমুলো বভূব রথনাগয়োঃ ॥২২॥

তথেতি। পর্বতমাসাদ্য পর্ব্বতে সংঘর্ষং প্রাপ্য ॥১৭॥
তত ইতি। ধনুষ্মতাং ধনুর্দ্ধরাণাম্। ক্রূরাং দৃঢ়াম্ ॥১৮॥
ব্যপেতেতি। ব্যপেতহৃদয়ত্রাসা নির্ভয়াঃ। আর্চ্ছৎ অগৃহ্ণাৎ ॥১৯॥
যথেতি। প্রভিন্নো মদস্রাবী, ষষ্টিহায়নস্তদৈব তস্য যৌবনাৎ। আয়ন্তো যত্নবান্ ॥২০॥
তস্মিন্নিতি। তেন স্বকীয়েন, নাগেন হস্তিনা ॥২১॥
তমিতি। সন্নিপাতঃ সংঘর্ষো যুদ্ধমিতি যাবৎ ॥২২॥

মহারাজ! অর্জ্জুন সেইভাবে আপনার সৈন্য আলোড়ন করিতে লাগিলে, পর্ব্বতসংঘর্ষে নৌকার ন্যায় তাহা ক্রমশঃ বিশীর্ণ হইতে লাগিল ॥১৭॥

তাহার পর বীর দশ হাজার ধনুর্দ্ধর যুদ্ধে জয়-পরাজয়বিষয়ে দৃঢ় বুদ্ধি করিয়া প্রতিনিবৃত্ত হইলেন ॥১৮॥

সেই মহারথেরা নির্ভয়চিত্তে অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন। তখন সমস্ত-ভারসহিষ্ণু অর্জ্জুনও যুদ্ধে সেই গুরুতর ভার গ্রহণ করিলেন ॥১৯॥

ক্রমে মদস্রাবী, ষষ্টিবর্ষবয়স্ক ও ক্রুদ্ধ হস্তী যেমন নলবন মর্দ্দন করে, সেইরূপ অর্জ্জুন সযত্নে আপনার সৈন্য মর্দ্দন করিতে লাগিলেন ॥২০॥

অর্জ্জুন সেই সৈন্য আলোড়ন করিতে লাগিলে, ভগদত্তরাজা নিজের সেই হস্তীতে আরোহণ করিয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২১॥

পরে রথারোহী নরশ্রেষ্ঠ অর্জুন তাঁহাকে গ্রহণ করিলেন। তখন রথ ও হস্তীর তুমুল সংঘর্ষ হইতে লাগিল ॥২২॥

(১৯) ব্যপেতহৃদয়ত্রাস আপদ্ধর্ম্মাতিগো রথঃ··· পি ব। (২২)··· বভূব নরনাগয়োঃ—নি।

CENTRAL LIBRARY

কল্পিতাভ্যাং যথাশাস্ত্রং রথেন চ গজেন চ।
সংগ্রামে চেরতুর্বীরৌ ভগদত্তধনঞ্জয়ৌ ॥২৩॥
ততো জীমূতসঙ্কাশান্নাগাদিন্দ্র ইব প্রভুঃ।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ ভগদত্তো ধনঞ্জয়ম্ ॥২৪॥
স চাপি শরবর্ষং তচ্ছরবর্ষেণ বাসবিঃ।
অপ্রাপ্তমেব চিচ্ছেদ ভগদত্তস্য বীর্য্যবান্ ॥২৫॥
ততঃ প্রাগ্জ্যোতিষো রাজা শরবর্ষে নিবারিতে।
সংরক্তনয়নো রোষাৎ পার্থং পুনরবাকিরৎ ॥২৬॥
স তথা শরবর্ষেণ পার্থং সমভিহত্য বৈ।
চোদয়ামাস তং নাগং বধায়াচ্যুতপার্থয়োঃ ॥২৭॥
তমাপতন্তং দ্বিরদং দৃষ্ট্বা ক্রুদ্ধমিবান্তকম্।
চক্রেঽপসব্যং ত্বরিতঃ স্যন্দনেন জনার্দ্দনঃ ॥২৮॥

কল্পিতাভ্যামিতি। কল্পিতাভ্যাং সজ্জিতাভ্যাম্। অত্রাসত্তিক্রমেণান্বয়ঃ ॥২৩॥
তত ইতি। জীমূতসঙ্কাশান্মেঘতুল্যাৎ, নাগাদ্গজাৎ, প্রভুঃ রাজা ॥২৪॥
স ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। অপ্রাপ্তমনাগতমেব ॥২৫॥
তত ইতি। নিবারিতে পার্থেন। অবাকিরৎ শরবর্ষেণৈবাবৃণোৎ ॥২৬॥
স ইতি। চোদয়ামাস প্রেরয়ামাস, নাগং হস্তিনম্ ॥২৭॥
তমিতি। দ্বিরদং হস্তিনম্। অপসব্যং বামবর্ত্তিনম্, স্যন্দনেন রথেন ॥২৮॥

ক্রমে বীর ভগদত্ত ও অর্জুন শাস্ত্র অনুসারে সজ্জিত হস্তী ও রথে সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিলেন ॥২৩॥

তাহার পর ইন্দ্রের ন্যায় ভগদত্তরাজা মেঘতুল্য সেই হস্তীর পৃষ্ঠ হইতেই অর্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৪॥

ভগদত্তের সেই বাণসমূহ না আসিতেই, বলবান্ অর্জুন বাণবর্ষণ করিয়া সেগুলিকে ছেদন করিলেন ॥২৫॥

অর্জুন বাণবর্ষণ নিবারণ করিলে, ভগদত্তরাজা ক্রোধে আরক্তনয়ন হইয়া পুনরায় বাণবর্ষণ করিয়া অর্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৬॥

ক্রমে ভগদত্ত বাণবর্ষণদ্বারা সেইভাবে অর্জুনকে তাড়ন করিয়া কৃষ্ণ ও অর্জুনকে বধ করিবার জন্য সেই হাতীটাকে চালাইয়া দিলেন ॥২৭॥

(২৬) ততঃ প্রাগ্জ্যোতিষো রাজা শরবর্ষং নিবার্য্য তৎ। শরৈর্জয়ে মহাবাহুঃ পার্থং কৃষ্ণঞ্চ মারিষ! ॥—পি বা ব। (২৭) ততঃ স শরজালেন মহতাভ্যবকীর্য্য তৌ·· পি বা ব।

তং প্রাপ্তমপি নেয়েষ পরাবৃত্তং মহাদ্বিপম্।
সারোহং মৃত্যুসাৎ কর্ত্তুং স্মরন্ ধর্ম্মং ধনঞ্জয়ঃ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ভগদত্তযুদ্ধে ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:-০-:———

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

———:*:———

ধৃতরাষ্ট্র উবাচ।
তথা ক্রুদ্ধঃ কিমকরোদ্ভগদত্তস্য পাণ্ডবঃ।
প্রাগ্জ্যোতিষো বা পার্থস্য তন্মে শংস যথাতথম্ ॥১॥

সঞ্জয় উবাচ।
প্রাগ্জ্যোতিষেণ সংসক্তাবুভৌ দাশার্হপাণ্ডবৌ।
মৃত্যোর্দংষ্ট্রান্তিকং প্রাপ্তৌ সর্বভূতানি মেনিরে ॥২॥

তমিতি। ধর্ম্মম্ "সমাভাষ্য প্রহর্ত্তব্যম্" ইতি পূর্ব্বকৃতপ্রতিজ্ঞানিয়মম্ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তথেতি। সঞ্জয়োক্তিপ্রতিবন্ধাভাবেঽপি ধৃতরাষ্ট্রস্যাবেগাতিরেকাৎ পুনরাদেশঃ ॥১॥

ক্রুদ্ধ যমের ন্যায় সেই হাতীটাকে আসিতে দেখিয়া কৃষ্ণ সত্বর রথখানাকে চালাইয়া তাহাকে বামদিগ্‌বর্ত্তী করিলেন ॥২৮॥

সেই মহাহস্তীটা ফিরিয়া উপস্থিত হইলেও, অর্জ্জুন পূর্ব্বপ্রতিজ্ঞা স্মরণ করিয়া আরোহীর সহিত তাহাকে বধ করিবার ইচ্ছা করিলেন না' ॥২৯॥

———***———

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন সেইরূপ ক্রুদ্ধ হইয়া ভগদত্তের কি করিল, ভগদত্তই বা অর্জ্জুনের কি করিলেন, তাহা আমার নিকট যথাযথভাবে বল' ॥১॥

(২৯) ইতঃ পরম্ 'স তু নাগো দ্বিপরথান্ হয়াংশ্চামুষ্য মারিষ!। প্রাহিণোদ্যমলোকায় ততঃ ক্রুদ্ধো ধনঞ্জয়ঃ॥' অয়ং শ্লোকোঽধিকঃ—পি বা ব। * '...সপ্তবিংশোঽধ্যায়ঃ' ব, '...অষ্টাবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

তথা তু শরবর্ষাণি পাতয়ত্যনিশং প্রভো ! ।
গজস্কন্ধান্মহারাজ ! কৃষ্ণয়োঃ স্যন্দনস্থয়োঃ ॥৩॥
অথ কার্ষ্ণায়সৈর্বাণৈঃ পূর্ণকার্ম্মুকনিঃসৃতৈঃ ।
অবিধ্যদ্দেবকীপুত্রং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৪॥
অগ্নিস্পর্শসমাস্তীক্ষ্ণা ভগদত্তেন চোদিতাঃ ।
নির্ভিদ্য দেবকীপুত্রং ক্ষিতিং জগ্মুঃ সুবাসসঃ ॥৫॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা পরিবারং নিহত্য চ ।
লালয়ন্নিব রাজানং ভগদত্তমযোধয়ৎ ॥৬॥
সোঽর্করশ্মিনিভাংস্তীক্ষ্ণাংস্তোমরান্ বৈ চতুর্দ্দশ ।
প্রৈষয়ৎ সব্যসাচী তু ত্রিধৈকৈকমথাচ্ছিনৎ ॥৭॥

প্রাগিতি। সংসক্তৌ মিলিতৌ, দাশার্হপাণ্ডবৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥২॥
তথেতি। পাতয়তীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৩॥
অথেতি। কার্ষ্ণায়সৈর্লৌহসারময়ৈঃ। শিলায়াং শিতৈর্ঘর্ষণেন সুধারীকৃতৈঃ ॥৪॥
অগ্নীতি। চোদিতাঃ ক্ষিপ্তাঃ। শোভনানি বাসাংসি কঙ্কপক্ষা যেষু তে ॥৫॥
তস্যেতি। পরিবারং পরিজনম্। লালয়ন্নিব অদৃঢ়প্রহারাদিত্যাশয়ঃ ॥৬॥
স ইতি। অর্করশ্মিনিভান্ নির্ম্মলান্। সব্যসাচী অর্জ্জুনঃ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনই ভগদত্তের সহিত মিলিত হইয়া যেন মৃত্যুর দন্তের নিকটে গিয়াছেন বলিয়া সকলে মনে করিতে লাগিল ॥২॥

প্রভু ! মহারাজ ! ভগদত্ত গজস্কন্ধ হইতে রথস্থিত কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে অনবরত বাণবর্ষণ করিতে থাকিলেন ॥৩॥

তাহার পর তিনি—স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত, লৌহসার-(ইস্পাত) নির্ম্মিত ও পূর্ণাকৃষ্ট কার্ম্মুকনির্গত বাণসমূহদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিলেন ॥৪॥

ভগদত্তনিক্ষিপ্ত, অগ্নিসমস্পর্শ, সুন্দরকঙ্কপক্ষযুক্ত তীক্ষ্ণ বাণ সকল যাইয়া কৃষ্ণের দেহ ভেদ করিয়া ভূমিতে প্রবেশ করিতে লাগিল ॥৫॥

তখন অর্জ্জুন ভগদত্তের ধনু ছেদন ও পরিজন বিনাশ করিয়া লালন করিতে থাকিয়াই যেন ভগদত্তরাজাকে প্রহার করিতে লাগিলেন ॥৬॥

ক্রমে ভগদত্ত সূর্য্যরশ্মির ন্যায় নির্ম্মল ও তীক্ষ্ণ চৌদ্দটা তোমর নিক্ষেপ করিলেন ; কিন্তু অর্জ্জুন তাহার এক একটাকে তিন তিন খণ্ডে ছেদন করিলেন ॥৭॥

(৩)···ভগদত্তো গজস্কন্ধাৎ···পি ব। (৭)···অপ্রেষয়ৎ সব্যসাচী···বা নি।

ততো নাগস্য তদ্বর্ম্ম ব্যধমৎ পাকশাসনিঃ।
শরজালেন মহতা তদ্ব্যশীর্য্যত ভূতলে ॥৮॥
বিশীর্ণবর্ম্মা স গজঃ শরৈঃ সুভৃশমর্দ্দিতঃ।
বভৌ ধারানিপাতাক্তো ব্যভ্রঃ পর্ব্বতরাড়িব ॥৯॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষঃ শক্তিং হেমদণ্ডাময়স্ময়ীম্।
ব্যসৃজদ্বাসুদেবায় দ্বিধা তামর্জ্জুনোঽচ্ছিনৎ ॥১০॥
ততশ্ছত্রং ধ্বজঞ্চৈব চ্ছিত্ত্বা রাজ্ঞোঽর্জ্জুনঃ শরৈঃ।
বিব্যাধ দশভিস্তূর্ণমুৎস্ময়ন্ পর্ব্বতেশ্বরম্ ॥১১॥
সোঽতিবিদ্ধোঽর্জ্জুনশরৈঃ সুপুঙ্খৈঃ কঙ্কপত্রিভিঃ।
ভগদত্তস্ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবস্য জনাধিপঃ ॥১২॥
ব্যসৃজত্তোমরান্ মূর্দ্ধ্নি শ্বেতাশ্বস্যোন্ননাদ চ।
তৈরর্জ্জুনস্য সমরে কিরীটং পরিবর্ত্তিতম্ ॥১৩॥ (যুগ্মকম্)

তত ইতি। নাগস্য ভগদত্তগজস্য, বাধমৎ অচ্ছিনৎ। ব্যশীর্য্যত ন্যপতৎ ॥৮॥
বিশীর্ণেতি। ধারানিপাতাক্তো বারিধারাপতনেন সিক্তঃ, ব্যভ্রো বিগতমেঘঃ ॥৯॥
তত ইতি। অয়স্ময়ীং লৌহময়ীম্ ॥১০॥
তত ইতি। উৎস্ময়ন্ উৎকর্ষেণ স্ময়মান ঈষদ্ধসন্ ॥১১॥
স ইতি। কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তৈঃ। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য ॥১২—১৩॥

তাহার পর অর্জ্জুন বিশাল শরজালদ্বারা সেই হাতীটার বর্ম্মটাকে কাটিয়া ফেলিলেন; তখন সে বর্ম্মটা ভূতলে পড়িয়া গেল ॥৮॥

পরে বর্ম্মবিহীন সেই হাতীটা অর্জ্জুনের বাণে অত্যন্তপীড়িত হইতে থাকিয়া জলধারানিষিক্ত মেঘবিহীন পর্বতশ্রেষ্ঠের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৯॥

তদনন্তর ভগদত্ত কৃষ্ণের উপরে একটা স্বর্ণদণ্ড ও লৌহময় শক্তি নিক্ষেপ করিলেন; তখন অর্জ্জুন সেটাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

তৎপরে অর্জ্জুন ঈষৎ হাস্য করিয়া ভগদত্তের ছত্র ও ধ্বজ ছেদন করিয়া দশটা বাণদ্বারা সত্বর তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১১॥

তাহার পর ভগদত্তরাজা অর্জ্জুনের সেই সুপুঙ্খ ও কঙ্কপক্ষযুক্ত বাণে অত্যন্ত-বিদ্ধ ও ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের মস্তকে বহুতর তোমর নিক্ষেপ করিলেন ও সিংহনাদ করিয়া উঠিলেন। ক্রমে সেই তোমরগুলি যাইয়া অর্জ্জুনের কিরীটটাকে পরিবর্ত্তিত করিল (উল্টাইয়া ফেলিল) ॥১২—১৩॥

পরিবৃত্তং কিরীটং তদ্‌যময়ন্নেব পাণ্ডবঃ।
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোক ইতি রাজানমব্রবীৎ ॥১৪॥
এবমুক্তস্তু সংক্রুদ্ধঃ শরবর্ষেণ পাণ্ডবম্।
অভ্যবর্ষৎ স গোবিন্দং ধনুরাদায় ভাস্বরম্ ॥১৫॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা তূণীরান্ সন্নিকৃত্য চ।
ত্বরমাণো দ্বিসপ্তত্যা সর্ব্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥১৬॥
বিদ্ধস্ততোঽতিব্যথিতো বৈষ্ণবাস্ত্রমুদীরয়ন্।
অভিমন্ত্র্যাঙ্কুশং ক্রুদ্ধো ব্যসৃজৎ পাণ্ডবোরসি ॥১৭॥
বিসৃষ্টং ভগদত্তেন তদস্ত্রং সর্ব্বঘাতি বৈ।
উরসা প্রতিজগ্রাহ পার্থং সংছাদ্য কেশবঃ ॥১৮॥
বৈজয়ন্ত্যভবন্মালা তদস্ত্রং কেশবোরসি।
ততোঽর্জ্জুনঃ ক্লান্তমনাঃ কেশবং প্রত্যভাষত ॥১৯॥

পরীতি। যময়ন্ যথাস্থানং বহন্। সুদৃষ্টঃ ক্রিয়তাম্, নাতঃ পরং দৃশ্যেতেতি ভাবঃ ॥১৪॥
এবমিতি। সংক্রুদ্ধো ভগদত্তঃ। পাণ্ডবমর্জ্জুনম্। ভাস্বরমুজ্জ্বলম্ ॥১৫॥
তস্যেতি। সন্নিকৃত্য সম্যক্ ছিত্ত্বা। দ্বিসপ্তত্যা বাণৈঃ ॥১৬॥
বিদ্ধ ইতি। উদীরয়ন্ নিক্ষিপন্। অভিমন্ত্র্য মন্ত্রেণাঙ্কুশ এব বৈষ্ণবাস্ত্রমারোপ্য ॥১৭॥
বিসৃষ্টমিতি। উরসা বক্ষসা। সংছাদ্য পৃষ্ঠেনাবৃত্য ॥১৮॥

অর্জ্জুন সেই কিরীটটাকে যথাস্থানে সন্নিবেশিত করিতে করিতে ভগদত্তকে বলিলেন—'আপনি জগৎটাকে ভাল করিয়া দেখিয়া নিন্' ॥১৪॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ভগদত্ত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উজ্জ্বল একখানা ধনু লইয়া অর্জ্জুন ও কৃষ্ণের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

তখন অর্জ্জুন ত্বরান্বিত হইয়া ভগদত্তের ধনু ও তূণীর ছেদন করিয়া দ্বিসপ্ততি বাণদ্বারা তাঁহার সমস্ত মর্ম্মস্থানে পীড়ন করিলেন ॥১৬॥

তৎপরে ভগদত্ত অত্যন্ত বিদ্ধ, ব্যথিত ও ক্রুদ্ধ হইয়া বৈষ্ণবাস্ত্র নিক্ষেপ করিবেন বলিয়া মন্ত্রপাঠপূর্ব্বক অঙ্কুশে বৈষ্ণবাস্ত্র আরোপ করিয়া তাহা অর্জ্জুনের বক্ষে নিক্ষেপ করিলেন ॥১৭॥

ভগদত্ত সর্ব্বসংহারক সেই বৈষ্ণবাস্ত্র নিক্ষেপ করিলে, কৃষ্ণ পৃষ্ঠদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া নিজবক্ষে সেই অস্ত্র গ্রহণ করিলেন ॥১৮॥

(১৪)…যময়ন্নেব ফাল্গুনঃ…পি। (১৯) অস্য পূর্ব্বার্দ্ধাৎ পরমিদং শ্লোকদ্বয়মধিকম্—বা ব নি। তদ্‌যথা—
পদ্মকোশবিচিত্রাভ্যা সর্ব্বত্র কুসুমোৎকটা। জলনার্কেন্দুবর্ণাভা পাবকোজ্জ্বলপল্লবা ॥
তয়া পদ্মপলাশিন্যা বাতকম্পিতপত্রয়া। শুশুভেঽভ্যধিকং সৌবিরতসীপুষ্পসন্নিভঃ ॥

অযুধ্যমানস্তুরগান্ সংযন্তাস্মি তবানঘ ! ।
ইত্যুক্ত্বা পুণ্ডরীকাক্ষ ! প্রতিজ্ঞাং স্বাং ন রক্ষসি ॥২০॥
যদ্যহং ব্যসনী বা স্যামশক্তো বা নিবারণে।
ততস্ত্বয়ৈবং কার্য্যং স্যান্ন তু কার্য্যং ময়ি স্থিতে ॥২১॥
সবাণঃ সধনুশ্চাহং সসুরাসুরমানুষান্।
শক্তো লোকানিমান্ জেতুং তচ্চাপি বিদিতং তব ॥২২॥
ততোঽর্জ্জুনং বাসুদেবঃ প্রত্যুবাচার্থবদ্বচঃ।
শৃণু গুহ্যমিদং পার্থ ! পুরাবৃত্তং যথানঘ ! ॥২৩॥
চতুর্মূর্ত্তিরহং শশ্বল্লোকত্রাণার্থমুদ্যতঃ।
আত্মানং প্রবিভজ্যেহ লোকানাং হিতমাদধে ॥২৪॥

বৈজয়ন্তীতি। বৈজয়ন্তী স্বর্গীয়া তদাখ্যা বা। ক্লান্তমনা দুঃখিতচিত্তঃ ॥১৯॥
অযুধ্যেতি। সংযন্তাস্মি চালয়িষ্যামি। ন রক্ষসি, ইদানীং তদবিকরণাৎ ॥২০॥
যদীতি। ব্যসনী অন্যবিষয়াসক্তচিত্তঃ। কার্য্যং কর্ত্তব্যম্। ময়ি সতর্কে সমর্থে চ ॥২১॥
সবাণ ইতি। অতস্তবেদৃশকরণং নোচিতং জাতম্, মম ন্যূনতাপ্রকাশাদিতি ভাবঃ ॥২২॥
তত ইতি। অর্থবৎ যুক্তিযুক্তম্। গুহ্যং গুপ্তম্ ॥২৩॥
চতুরিতি। শশ্বৎ সর্বদা। আদধে জনয়ামি ॥২৪॥

তখন সেই বৈষ্ণবাস্ত্র যাইয়া কৃষ্ণের বক্ষে বৈজয়ন্তী মালা হইল। তৎপরে অর্জ্জুন ক্ষুণ্ণচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—॥১৯॥

'নিষ্পাপ পুণ্ডরীকাক্ষ ! তুমি যুদ্ধের পূর্ব্বে বলিয়াছিলে—'আমি যুদ্ধ করিব না, কেবল তোমার অশ্বগণকে সঞ্চালন করিব'। কিন্তু এখন নিজের সেই প্রতিজ্ঞা রক্ষা করিলে না !' ॥২০॥

কৃষ্ণ ! আমার মন যদি অন্য বিষয়ে থাকিত, কিংবা আমি যদি এই অস্ত্র নিবারণ করিতে অসমর্থ হইতাম, তাহা হইলেই তোমার এইরূপ করা উচিত হইত, কিন্তু আমি সতর্ক ও সমর্থ থাকিতে তোমার এরূপ করা উচিত হয় নাই ॥২১॥

আমি ধনুর্বাণসমন্বিত হইয়া দেবতা, অসুর ও মানুষযুক্ত এই ত্রিভুবন জয় করিতেও সমর্থ হই ; তাহাও তোমার জানা আছে' ॥২২॥

তাহার পর কৃষ্ণ অর্জ্জুনকে এই যুক্তিযুক্ত কথা বলিলেন—'নিষ্পাপ অর্জ্জুন ! পূর্ব্বে যাহা ঘটিয়াছিল, সেই গুপ্ত বৃত্তান্ত এই শ্রবণ কর—॥২৩॥

আমার চারিটী মূর্ত্তি, তাহা দ্বারা আমি লোকরক্ষার জন্য প্রস্তুত থাকি।

(২১)···অশক্তো বা বিধারণে···পি।

CENTRAL LIBRARY

একা মূর্ত্তিস্তপশ্চর্য্যাং কুরুতে মে ভুবি স্থিতা।
অপরা পশ্যতি জগৎ কুর্ব্বাণং সাধ্বসাধুনী ॥২৫॥
অপরা কুরুতে কর্ম্ম মানুষং লোকমাশ্রিতা।
শেতে চতুর্থী ত্বপরা নিদ্রাং বর্ষসহস্রিকাম্ ॥২৬॥
যাসৌ বর্ষসহস্রান্তে মূর্ত্তিরুত্তিষ্ঠতে মম।
বরার্হেভ্যো বরান্ শ্রেষ্ঠাংস্তস্মিন্ কালে দদাতি সা ॥২৭॥
তন্তু কালমনুপ্রাপ্তং বিদিত্বা পৃথিবী তদা।
অযাচত বরং যন্মাং নরকার্থায় তচ্ছৃণু ॥২৮॥
দেবানাং দানবানাঞ্চ অবধ্যস্তনয়োঽস্তু মে।
উপেতো বৈষ্ণবাস্ত্রেণ তন্মে ত্বং দাতুমর্হসি ॥২৯॥
এবং বরমহং শ্রুত্বা জগত্যাস্তনয়ে তদা।
অমোঘমস্ত্রং প্রায়চ্ছং বৈষ্ণবং পরমং পুরা ॥৩০॥

একেতি। একা নারায়ণরূপা। ভুবি বদরিকাশ্রমভূমৌ। অপরা পরব্রহ্মরূপা ॥২৫॥
অপরেতি। অপরা মৎস্যকূর্ম্মাদ্যবতাররূপা। অপরা জলশায়িন্যনন্তরূপা ॥২৬॥
যেতি। যাসৌ জলশায়িনী। উত্তিষ্ঠতে নিদ্রাতো জাগর্ত্তি ॥২৭॥
তমিতি। অনুপ্রাপ্তমুপস্থিতম্। নরকো নাম পৃথিব্যা এব পুত্রস্তদর্থায় ॥২৮॥
দেবানামিতি। তনয়ো নরকঃ। তদ্বৈষ্ণবাস্ত্রম্ ॥২৯॥

আমি আমার একই মূর্ত্তিকে চারিভাগে বিভক্ত করিয়া লোকের হিতসাধন করি ॥২৪॥

আমার একটী মূর্ত্তি (নারায়ণরূপা) বদরিকাশ্রমে থাকিয়া তপস্যা করে, দ্বিতীয়া মূর্ত্তি (পরব্রহ্মরূপা) জগতের ভাল-মন্দ কার্য্য দর্শন করে ॥২৫॥

তৃতীয়া মূর্ত্তি (মৎস্য-কূর্ম্মাদি অবতাররূপা) মনুষ্যলোকে থাকিয়া কার্য্য করে এবং চতুর্থী মূর্ত্তি (জলশায়িনী অনন্তরূপা) সহস্রবৎসরব্যাপিনী নিদ্রা অবলম্বন করিয়া সমুদ্রে শয়িত থাকে ॥২৬॥

ঐ যে চতুর্থী মূর্ত্তি সহস্র বৎসরের পরে গাত্রোত্থান করে, সেই মূর্ত্তিই সেই সময়ে বরদানযোগ্য লোকদিগকে উত্তম উত্তম বর দিয়া থাকে ॥২৭॥

সেই সময় উপস্থিত হইয়াছে জানিয়া পৃথিবী তখন নিজপুত্র নরকের জন্য আমার নিকট যে বর চাহিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥২৮॥

'ভগবন্! আমার পুত্র নরক বৈষ্ণবাস্ত্রসম্পন্ন হইয়া দেবগণ ও দানবগণের অবধ্য হউক; আপনি আমাকে সেই অস্ত্র দান করুন' ॥২৯॥

(২৬)···বর্ষসহস্রিকীম্···বা ব নি। (২৮)···প্রাযাচত বরম্···পি।

অবোচঞ্চৈতদস্ত্রং বৈ হ্যমোঘং ভবতু ক্ষমে ! ।
নরকস্যাভিরক্ষার্থং নৈনং কশ্চিদ্বধিষ্যতি ॥৩১॥
অনেনাস্ত্রেণ তে গুপ্তঃ সুতঃ পরবলার্দ্দনঃ ।
ভবিষ্যতি দুরাধর্ষঃ সর্ব্বলোকেষু সর্ব্বদা ॥৩২॥
তথেত্যুক্ত্বা গতা দেবী কৃতকামা মনস্বিনী ।
স চাপ্যাসীদ্দুরাধর্ষো নরকঃ শত্রুতাপনঃ ॥৩৩॥
তস্মাৎ প্রাগ্জ্যোতিষং প্রাপ্তং তদস্ত্রং পার্থ ! মামকম্ ।
নাস্যাবধ্যোঽস্তি লোকেষু সেন্দ্ররুদ্রেষু মারিষ ! ॥৩৪॥
তন্ময়া ত্বৎকৃতেনৈতদন্যথা ব্যপনায়িতম্ ।
বিমুক্তং পরমাস্ত্রেণ জহি পার্থ ! মহাসুরম্ ॥৩৫॥

এবমিতি। জগত্যাঃ পৃথিব্যাঃ, তনয়ে নরকে। প্রায়চ্ছং প্রদত্তবান্ ॥৩০॥
অবোচমিতি। হে ক্ষমে! পৃথিবি!। এনং নরকম্, বধিষ্যতি হন্তুং শক্ষ্যতি ॥৩১॥
অনেনেতি। গুপ্তো রক্ষিতঃ। পরবলার্দ্দনঃ শত্রুসৈন্যপীড়কো ভবিষ্যতি ॥৩২॥
তথেতি। দেবী পৃথিবী, কৃতকামা সম্পাদিতাভীষ্টা ॥৩৩॥
তস্মাদিতি। তস্মাৎ নরকাৎ। হে মারিষ! আর্য্য! মহাবীরত্বান্মাননীয়! ॥৩৪॥

আমি তখন পৃথিবীর পুত্র নরকের বিষয়ে এইরূপ বর শ্রবণ করিয়া উত্তম ও অব্যর্থ বৈষ্ণবাস্ত্র পৃথিবীকে দান করিয়াছিলাম ॥৩০॥

এবং বলিয়াছিলাম যে, 'পৃথিবি! তোমার পুত্র নরককে সর্ব্বতোভাবে রক্ষা করিবার জন্য আমার এই বৈষ্ণবাস্ত্র তাহার হউক; উহাকে কেহ বধ করিতে পারিবে না ॥৩১॥

তোমার পুত্র আমার এই অস্ত্রদ্বারা রক্ষিত হইয়া সমস্ত লোকে সর্ব্বদাই শত্রুসৈন্যপীড়ক ও দুর্দ্ধর্ষ হইবে' ॥৩২॥

'তাহাই হউক' এই কথা বলিয়া মনস্বিনী পৃথিবীদেবী অভীষ্টলাভ করিয়া চলিয়া গেলেন; তাঁহার পুত্র সেই নরকও শত্রুপীড়ক ও দুর্দ্ধর্ষ হইল ॥৩৩॥

মাননীয় অর্জ্জুন! ভগদত্তরাজা সেই নরকাসুরের নিকট হইতে আমার সেই বৈষ্ণবাস্ত্র লাভ করিয়াছিলেন। ইন্দ্রলোক ও রুদ্রলোকপ্রভৃতি সমস্ত লোকেই এই অস্ত্রের অবধ্য কেহ নাই ॥৩৪॥

অতএব আমি তোমাকে রক্ষা করিবার জন্যই সেই বৈষ্ণবাস্ত্রকে অন্যরূপে পরিণত করিলাম। সুতরাং অর্জ্জুন! ভগদত্ত এখন পরমাস্ত্রবিহীন হইয়াছেন, এই সময়ে ঐ মহাসুরকে বধ কর ॥৩৫॥

---

(৩৫)···অন্যথৈবোপনির্ম্মিতম্···বিমুক্তম্···নি।

CENTRAL LIBRARY

বৈরিণং জহি দুর্দ্ধর্ষং ভগদত্তং সুরদ্বিষম্ ।
যথাহং জঘ্নিবান্ পূর্ব্বং হিতার্থং নরকং তথা ॥৩৬॥
এবমুক্তস্তদা পার্থঃ কেশবেন মহাত্মনা ।
ভগদত্তং শিতৈর্বাণৈঃ সহসা সমবাকিরৎ ॥৩৭॥
ততঃ পার্থো মহাবাহুরসংভ্রান্তো মহামনাঃ ।
কুম্ভয়োরন্তরে নাগং নারাচেন সমার্পয়ৎ ॥৩৮॥
স সমাসাদ্য তং নাগং বাণো বজ্র ইবাচলম্ ।
অভ্যগাৎ সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥৩৯॥
স তু বিষ্টভ্য গাত্রাণি দন্তাভ্যামবনীং যযৌ ।
নদন্নার্ত্তস্বরং প্রাণানুৎসসর্জ্জ মহাদ্বিপঃ ॥৪০॥

তদিতি। ত্বংকৃতেন ত্বন্নিমিত্তেন তব রক্ষার্থমিত্যর্থঃ, ব্যাপনায়িতং পরিণমিতম্ ॥৩৫॥
বৈরিণমিতি। সুরদ্বিষং দেবদ্বেষিণম্। অতএব মহাসুরমিত্যুক্তম্ ॥৩৬॥
এবমিতি। শিতৈঃ শিলাশাণিতৈঃ। সমবাকিরৎ সমাবৃণোৎ ॥৩৭॥
তত ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ। অন্তরে মধ্যে। সমার্পয়দপীড়য়ৎ ॥৩৮॥
স ইতি। অচলং পর্বতম্। বল্মীকম্ উয়ীমৃত্তিকাম্ ॥৩৯॥
স ইতি। বিষ্টভ্য বিস্তার্য্য। যযৌ পস্পর্শ। আর্ত্তস্বরং যথা স্যাত্তথা ॥৪০॥

আমি যেমন পূর্ব্বে জগতের হিতের জন্য নরকাসুরকে বধ করিয়াছিলাম, তুমিও এখন সেইরূপ শত্রু, দুর্দ্ধর্ষ ও দেবদ্বেষী ভগদত্তকে বধ কর' ॥৩৬॥

মহাত্মা কৃষ্ণ এইরূপ বলিলে, তখন অর্জুন নিশিত শরসমূহদ্বারা ভগদত্তকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহার পর মহাবাহু ও মহামনা অর্জুন অবিচলিতচিত্তে একটা নারাচদ্বারা ভগদত্তহস্তীর কুম্ভদ্বয়ের মধ্যদেশে আঘাত করিলেন ॥৩৮॥

তখন বজ্র যেমন পর্ব্বতের মধ্যে এবং সাপ যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নারাচটা যাইয়া পুঙ্খদেশের সহিতই হাতীটার দেহের ভিতরে প্রবেশ করিল ॥৩৯॥

(৩৬) বৈরিণং যুধি দুর্দ্ধর্ষম্···পি ব। (৩৭)···ততঃ পার্থঃ পি। (৩৯) ইতঃ পরম্ 'স করী ভগদত্তেন প্রের্য্যমাণো মুহুর্মুহুঃ। ন করোতি বচস্তস্য দরিদ্রস্যেব যোষিতা ॥' শ্লোকোঽয়মধিকঃ—বা ব নি। (৪০)···নদন্নার্ত্তস্বনম্···নি। ইতঃ পরম্—
'ততো গাণ্ডীবধন্বানমভ্যভাষত কেশবঃ। অয়ং মহত্তরঃ পার্থ! পলিতেন সমাবৃতঃ ॥
বলীসংছন্ননয়নঃ শূরঃ পরমদুর্জ্জয়ঃ। অক্ষোরুন্মীলনার্থায় বদ্ধপট্টো হ্যসৌ নৃপঃ ॥
দেববাক্যাৎ প্রচিচ্ছেদ শরেণ ভৃশমর্জ্জুনঃ। ছিন্নমাত্রেঽংশুকে তস্মিন্ রুদ্ধনেত্রো বভূব সঃ।
তমোময়ং জগন্মেনে ভগদত্তঃ প্রতাপবান্ ॥' ইতি সার্দ্ধশ্লোকত্রয়মধিকম্—বা ব নি।

ততশ্চন্দ্রার্দ্ধবিম্বেন বাণেনানতপর্ব্বণা।
বিভেদ হৃদয়ং রাজ্ঞো ভগদত্তস্য পাণ্ডবঃ ॥৪১॥
স ভিন্নহৃদয়ো রাজা ভগদত্তঃ কিরীটিনা।
শরাসনং শরাংশ্চৈব গতাসুঃ প্রমুমোচ হ ॥৪২॥
শিরসস্তস্য বিভ্রষ্টং পপাত চ বরাংশুকম্।
নালতাড়নবিভ্রষ্টং পলাশং নলিনাদিব ॥৪৩॥
স হেমমালী তপনীয়ভাণ্ডাৎ পপাত নাগাদ্‌গিরিসন্নিকাশাৎ।
সুপুষ্পিতো মারুতবেগভগ্নো মহীধরাগ্রাদিব কর্ণিকারঃ ॥৪৪॥
নিহত্য তং নরপতিমিন্দ্রবিক্রমং সখায়মিন্দ্রস্য তদৈন্দ্রিরাহবে।
ততোঽপরাংস্তব জয়কাঙ্ক্ষিণো নরান্ বভঞ্জ বায়ুর্ব্বলবান্ দ্রুমানিব ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে ভগদত্তবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ততঃ ইতি। চন্দ্রার্দ্ধস্য বিম্বমিব বিম্বং ফলকং যস্য তেন ॥৪১॥
স ইতি। শরাসনং ধনুঃ। গতা অসবঃ প্রাণা যস্য সঃ ॥৪২॥
শিরস ইতি। বরাংশুকম্ উত্তমবসনকৃতোষ্ণীষঃ। পলাশং পত্রম্, নলিনাৎ পদ্মাৎ ॥৪৩॥
স ইতি। হেমমালী স্বর্ণমালাধারী, স ভগদত্তোঽপি, মহীধরস্য পর্ব্বতস্য অগ্রাৎ, মারুতস্য বায়োর্বেগেন ভগ্নঃ, সুপুষ্পিতঃ, কর্ণিকারো বৃক্ষ ইব, গিরিসন্নিকাশাৎ পর্ব্বততুল্যাৎ, তপনীয়ানি স্বর্ণময়ানি ভাণ্ডানি ভূষণানি যস্য তস্মাৎ, নাগাৎ গজাৎ, পপাত ॥৪৪॥

ক্রমে সেই মহাহস্তী দেহ বিস্তৃত করিয়া দন্তযুগলদ্বারা ভূতল স্পর্শ করিল এবং আর্ত্তনাদ করিতে করিতে প্রাণত্যাগ করিল ॥৪০॥

তদনন্তর অর্জুন একটা নতপর্ব অর্দ্ধচন্দ্র বাণদ্বারা ভগদত্তরাজার হৃদয় বিদীর্ণ করিলেন ॥৪১॥

অর্জুন ভগদত্তরাজার হৃদয় বিদীর্ণ করিলে তাঁহার প্রাণ চলিয়া গেল, তখন তিনি ধনু ও বাণ পরিত্যাগ করিলেন ॥৪২॥

এবং নাল (দণ্ড) সঞ্চালন করিলে পদ্ম হইতে যেমন তাহার পত্র স্খলিত হইয়া পতিত হয়, সেইরূপ ভগদত্তের উত্তমবস্ত্রনির্ম্মিত উষ্ণীষটা তাঁহার মস্তক হইতে স্খলিত হইয়া পতিত হইল ॥৪৩॥

ক্রমে বায়ুবেগে ভগ্ন সুন্দর পুষ্পসমন্বিত কর্ণিকারবৃক্ষ যেমন পর্বতাগ্র হইতে পতিত হয়, স্বর্ণমালাধারী ভগদত্তও তেমন স্বর্ণভূষণে ভূষিত পর্ব্বতপ্রমাণ হস্তী হইতে পতিত হইলেন ॥৪৪॥

* '...অষ্টাবিংশোঽধ্যায়ঃ' ব, '...একোনত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

প্রিয়মিন্দ্রস্য সততং সখায়মমিতৌজসম্।
হত্বা প্রাগ্‌জ্যোতিষং পার্থঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥১॥
ততো গান্ধাররাজস্য সুতৌ পরপুরঞ্জয়ৌ।
আর্দ্দেতামর্জ্জুনং সংখ্যে ভ্রাতরৌ বৃষকাচলৌ ॥২॥
তৌ সমেত্যার্জ্জুনং বীরৌ পুরঃ পশ্চাচ্চ ধন্বিনৌ।
অবিধ্যেতাং মহাবেগৈর্নিশিতৈরাশুগৈর্ভৃশম্ ॥৩॥
বৃষকস্য হয়ান্ সূতং ধনুশ্ছত্রং রথং ধ্বজম্।
তিলশো ব্যধমৎ পার্থঃ সৌবলস্য শিতৈঃ শরৈঃ ॥৪॥

নিহতেতি। ইন্দ্রস্য বিক্রম ইব বিক্রমো যস্য তম্। ঐন্দ্রিরিন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ ॥৪৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥

প্রিয়মিতি। অর্জ্জুনঃ খলু পিতৃপ্রিয়ত্বেন জানন্নপি বীরধর্ম্মত্বাদ্ভগদত্তং জঘানেত্যাশয়ঃ ॥১॥
তত ইতি। পরপুরঞ্জয়ৌ শত্রুনগরজয়িনৌ। এতেন মহাবীরাবিতি সূচিতম্ ॥২॥
তাবিতি। পুরঃ অগ্রতঃ। নিশিতৈঃ শিলাশানিতৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥৩॥

রাজা! অর্জ্জুন তখন যুদ্ধে ইন্দ্রের তুল্য বিক্রমশালী ও ইন্দ্রের সখা ভগদত্ত-রাজাকে বধ করিয়া, তাহার পর বলবান্ বায়ু যেমন বৃক্ষ ভগ্ন করে, সেইরূপ আপনার জয়াভিলাষী অপর বীরগণকে ভগ্ন (পরাভূত) করিতে লাগিলেন ॥৪৫॥

সঞ্জয় বলিলেন—'সর্বদা ইন্দ্রের প্রিয়সখা এবং অমিততেজা ভগদত্তকে বধ করিয়া অর্জ্জুন কৌরবসৈন্যের দক্ষিণদিকে যাইয়া উপস্থিত হইলেন ॥১॥

তাহার পর গান্ধাররাজের পুত্র শত্রুনগরবিজয়ী বৃষক ও অচলনামে দুই ভ্রাতা যুদ্ধে অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিলেন ॥২॥

বীর ও ধনুর্দ্ধর সেই দুই ভ্রাতা সম্মুখে ও পশ্চাতে যাইয়া মহাবেগশালী ও সুধার বাণসমূহদ্বারা অর্জ্জুনকে অত্যন্ত বিদ্ধ করিতে থাকিলেন ॥৩॥

(২) আর্চ্ছেতামর্জ্জুনং সংখ্যে ··পি,···অর্দ্দেতামর্জ্জুনম্···বা নি।

CENTRAL LIBRARY

ততোঽর্জ্জুনঃ শরব্রাতৈর্নানাপ্রহরণৈরপি।
গান্ধারানাকুলাংশ্চক্রে সৌবলপ্রমুখান্ পুনঃ ॥৫॥
ততঃ পঞ্চশতান্ বীরান্ গান্ধারানুদ্যতায়ুধান্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ক্রুদ্ধো বাণৈর্ধনঞ্জয়ঃ ॥৬॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবতীর্য্য মহাভুজঃ।
আরুরোহ রথং ভ্রাতুরন্যচ্চ ধনুরাদদে ॥৭॥
তাবেকরথমারূঢ়ৌ ভ্রাতরৌ বৃষকাচলৌ।
শরবর্ষেণ বীভৎসুমবিধ্যেতাং মুহুর্মুহুঃ ॥৮॥
শ্যালৌ তব মহাত্মানৌ রাজানৌ বৃষকাচলৌ।
ভৃশং নিজঘ্নতুঃ পার্থমিন্দ্রং বৃত্রবলাবিব ॥৯॥

বৃষকস্যেতি। সূতং সারথিম্। ব্যধমৎ বানাশয়ৎ, সৌবলস্য সুবলপুত্রস্য ॥৪॥
তত ইতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, প্রহরণৈরস্ত্রৈঃ ॥৫॥
তত ইতি। উদ্যতায়ুধান্ উত্তোলিতাস্ত্রানেব। প্রাহিণোৎ প্রৈরয়ৎ ॥৬॥
হতেতি। মহাভুজো বৃষকঃ। আদদে জগ্রাহ ॥৭॥
তাবিতি। বীভৎসুমর্জ্জুনম্, অবিধ্যেতাম্ অতাড়য়তাম্ ॥৮॥
শ্যালাবিতি। তব ধৃতরাষ্ট্রস্য। নিজঘ্নতুরাজঘ্নতুঃ। বৃত্রো বলশ্চ নামাসুরৌ ॥৯॥

তখন অর্জ্জুন নিশিত শরসমূহদ্বারা সুবলনন্দন বৃষকের অশ্ব, সারথি, ধনু, ছত্র, রথ ও ধ্বজকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিলেন ॥৪॥

তৎপরে আবার অর্জ্জুন বাণসমূহ ও নানাবিধ অস্ত্রদ্বারা বৃষকপ্রভৃতি গান্ধার-দেশীয় বীরগণকে আকুল করিয়া তুলিলেন ॥৫॥

তদনন্তর অর্জুন ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা গান্ধারদেশীয় উত্তোলিতাস্ত্র পঞ্চশত বীরকে যমলোকে প্রেরণ করিলেন ॥৬॥

ওদিকে মহাবাহু বৃষক হতাশ্ব রথ হইতে সত্বর অবতীর্ণ হইয়া যাইয়া ভ্রাতা অচলের রথে আরোহণ করিলেন এবং অন্য ধনু লইলেন ॥৭॥

তখন একরথারূঢ় বৃষক ও অচল দুই ভ্রাতা বাণবর্ষণদ্বারা মুহুর্মুহুঃ অর্জুনকে তাড়ন করিতে লাগিলেন ॥৮॥

মহারাজ! পূর্ব্বে বৃত্রাসুর ও বলাসুর যেমন ইন্দ্রকে আঘাত করিয়াছিল, সেইরূপ আপনার শ্যালক, মহাত্মা ও ক্ষত্রিয় বৃষক এবং অচল অর্জুনকে গুরুতর আঘাত করিতে থাকিলেন ॥৯॥

---

(৯)…ভৃশং বিজঘ্নতুঃ…নি।

লব্ধলক্ষৌ তু গান্ধারাবহতাং পাণ্ডবং পুনঃ।
নৈদাঘবার্ষিকৌ মাসৌ লোকং ঘর্ম্মাংশুভির্যথা ॥১০॥
তৌ রথস্থৌ নরব্যাঘ্রৌ রাজানৌ বৃষকাচলৌ।
সংশ্লিষ্টাঙ্গৌ স্থিতৌ রাজন্! জঘানৈকেষুণার্জ্জুনঃ ॥১১॥
তৌ রথাৎ সিংহসঙ্কাশৌ লোহিতাক্ষৌ মহাভুজৌ।
গতাসূ পেততুর্বীরৌ সোদর্য্যাবেকলক্ষণৌ ॥১২॥
তয়োর্ভূমিং গতৌ দেহৌ রথাদ্বন্ধুজনপ্রিয়ৌ।
যশো দশ দিশঃ পুণ্যং গময়িত্বা ব্যবস্থিতৌ ॥১৩॥
দৃষ্ট্বা বিনিহতৌ সংখ্যে মাতুলাবপলায়িনৌ।
ভৃশং মুমুচুরশ্রূণি পুত্রাস্তব বিশাংপতে! ॥১৪॥
নিহতৌ ভ্রাতরৌ দৃষ্ট্বা মায়াশতবিশারদঃ।
কৃষ্ণৌ সম্মোহয়ন্ মায়াং বিদধে শকুনিস্ততঃ ॥১৫॥

লব্ধেতি। লব্ধং লক্ষম্ অর্জ্জুনরূপং শরব্যং যাভ্যাং তৌ। অহতাম্ আহতবন্তৌ। নৈদাঘবার্ষিকৌ আষাঢ়শ্রাবণৌ। বৃষ্টিসম্বন্ধাত্তয়োরুক্তিঃ। ঘর্ম্মাংশুভিঃ সূর্য্যস্যোষ্ণকিরণৈঃ ॥১০॥
তাবিতি। সংশ্লিষ্টাঙ্গৌ তদানীং পুরঃ পশ্চাদ্বর্ত্তিভাবেন পরস্পরসংযুক্তগাত্রৌ ॥১১॥
তাবিতি। সিংহসঙ্কাশৌ বিক্রমে। গতাসূ নির্গতপ্রাণৌ। একলক্ষণাবেকাকৃতী ॥১২॥
তয়োরিতি। যশঃ মহাবীরেণার্জ্জুনেন সহ যুদ্ধকরণজনিতাং প্রশংসাম্ ॥১৩॥
দৃষ্ট্বেতি। অপলায়িনাবিত্যনেন তয়োস্তেজস্বিত্বং সূচিতম্ ॥১৪॥

আষাঢ় ও শ্রাবণমাস যেমন (বৃষ্টিসহকারে) সূর্য্যের উষ্ণকিরণদ্বারা লোককে সন্তপ্ত করে, সেইরূপ বৃষক ও অচল অর্জুনকে লক্ষ্য পাইয়া (বাণবর্ষণসহকারে) অন্যান্য অস্ত্রের আঘাতদ্বারা বার বার তাঁহাকে সন্তপ্ত করিতে লাগিলেন ॥১০॥

রাজা! ক্রমে নরশ্রেষ্ঠ ও ক্ষত্রিয় বৃষক এবং অচল একরথে থাকিয়া যখন সমসূত্রপাতে পরস্পর সংশ্লিষ্টদেহ হইলেন, তখন অর্জুন একটা বাণদ্বারাই তাঁহাদের দুই জনকে বধ করিলেন ॥১১॥

তখন সিংহের তুল্য বিক্রমশালী, রক্তনয়ন, মহাবাহু, বীর ও একাকৃতি সেই দুই সহোদর প্রাণশূন্য হইয়া রথ হইতে পতিত হইলেন ॥১২॥

বন্ধুজনের প্রিয় তাঁহাদের দেহ দুইটী দশ দিকে যশ প্রচার করিয়া ভূতলে পতিত হইয়া ক্রমে নিস্পন্দ হইয়া রহিল ॥১৩॥

নরনাথ! তখন আপনার পুত্রেরা অপলায়ী মাতুল দুই জনকে যুদ্ধে নিহত দেখিয়া অত্যন্ত অশ্রু মোচন করিলেন ॥১৪॥

(১০)···ঘর্ম্মাম্বুভির্যথা—বা ব। (১২)···রাজন্! সংপেততুঃ···বা নি।

লগুড়ায়োগুড়াশ্মানঃ শতঘ্ন্যশ্চ সশক্তয়ঃ।
গদাপরিঘনিস্ত্রিংশশূলমুদ্গরপট্টিশাঃ ॥১৬॥
সকম্পনষ্টির্নখরা মুষলানি পরশ্বধাঃ।
ক্ষুরাঃ ক্ষুরপ্রনালীকা বৎসদন্তাস্থিসন্ধয়ঃ ॥১৭॥
চক্রাণি বিশিখাঃ প্রাসা বিবিধান্যায়ুধানি চ।
প্রপেতুঃ শতশো দিগ্ভ্যঃ প্রদিগ্ভ্যশ্চার্জ্জুনং প্রতি ॥১৮॥ (বিশেষকম্)
খরোষ্ট্রমহিষাঃ সিংহা ব্যাঘ্রাঃ সৃমরচিত্রকাঃ।
ঋক্ষাঃ শালাবৃকা গৃধ্রাঃ কপয়শ্চ সরীসৃপাঃ ॥১৯॥
বিবিধানি চ রক্ষাংসি ক্ষুধিতান্যর্জ্জুনং প্রতি।
সংক্রুদ্ধান্যভ্যধাবন্ত বিবিধানি বয়াংসি চ ॥২০॥ (যুগ্মকম্)
ততো দিব্যাস্ত্রবিচ্ছূরঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
বিসৃজন্নিষুজালানি সহসা তান্যতাড়য়ৎ ॥২১॥

নিহতাবিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। বিদধে আবিশ্চকার ॥১৫॥

লগুড়েতি। অয়োগুড়া লৌহগুলিকাঃ, অশ্মানঃ পাষাণাঃ, শতঘ্নীপ্রভৃতীনি তদানীন্তনাস্ত্রাণি। অস্থীনি সন্ধিষু মুখসংযোগেষু যেষাং তে। বিশিখা বাণাঃ ॥১৬—১৮॥

খরেতি। খরা গর্দ্দভাঃ। সৃমরা গবয়াঃ, চিত্রকা মৃগবিশেষাঃ। ঋক্ষা ভল্লূকাঃ, শালাবৃকাঃ শৃগালাঃ। সরীসৃপাঃ সর্পাঃ। রক্ষাংসি রাক্ষসাঃ। বয়াংসি পক্ষিণঃ ॥১৯—২০॥

তত ইতি। ইষুজালানি বাণসমূহান্। অতাড়য়ৎ তাড়নেনাপাসারয়ৎ ॥২১॥

তাহার পর বহুবিধমায়াবিশারদ শকুনি ভ্রাতৃদ্বয়কে নিহত দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুনকে সম্মোহিত করিবার জন্য মায়া আবিষ্কার করিলেন ॥১৫॥

তখন লগুড়, লৌহগুলি, প্রস্তর, শতঘ্নী, শক্তি, গদা, পরিঘ, অসি, শূল, মুদ্গর, পট্টিশ, কম্পন, ঋষ্টি, নখর, মুষল, পরশু, ক্ষুর, ক্ষুরপ্র, নালীক, বৎসদন্ত, অস্থিসন্ধি, চক্র, বাণ, প্রাস এবং অন্য নানাবিধ শত শত অস্ত্র দিক্ ও বিদিক্ হইতে অর্জ্জুনের উপরে পড়িতে লাগিল ॥১৬—১৮॥

এবং গর্দ্দভ, উষ্ট্র, মহিষ, সিংহ, ব্যাঘ্র, গবয়, চিত্রক, ভল্লুক, শৃগাল, গৃধ্র, বানর, সর্প, নানাবিধ রাক্ষস ও বিবিধ পক্ষী ক্ষুধিত ও ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইল ॥১৯—২০॥

তাহার পর দিব্যাস্ত্রবিৎ ও বীর কুন্তীনন্দন অর্জ্জুন বাণসমূহ নিক্ষেপ করিয়া সত্বর সেগুলিকে বিতাড়িত করিলেন ॥২১॥

---

(১৬)··· শতঘ্ন্যঃ শতশক্তয়ঃ··· শূলপট্টিশমুদ্গরাঃ—পি। (২০)···সংক্রুদ্ধান্যভ্যবর্ত্তন্ত··· পি।

CENTRAL LIBRARY

তে হন্যমানাঃ শূরেণ প্রবরৈঃ সায়কৈর্দৃঢ়ৈঃ।
বিরুবন্তো মহারাবান্ বিনেশুঃ সর্বতো হতাঃ ॥২২॥
ততস্তমঃ প্রাদুরভূদর্জ্জুনস্য রথং প্রতি।
তস্মাচ্চ তমসো বাচঃ ক্রূরাঃ পার্থমভৎর্সয়ন্ ॥২৩॥
তত্তমো ভৈরবং ঘোরং ভয়কর্ত্তৃ মহাহবে।
উত্তমাস্ত্রেণ মহতা জ্যোতিষেণার্জ্জুনোঽবধীৎ ॥২৪॥
হতে তস্মিন্ জলৌঘাস্তু প্রাদুরাসন্ ভয়ানকাঃ।
অম্ভসস্তস্য নাশার্থমাদিত্যাস্ত্রমথার্জ্জুনঃ।
প্রাযুঙ্ক্তাম্ভস্ততস্তেন প্রায়শোঽস্ত্রেণ শোষিতম্ ॥২৫॥
এবং বহুবিধা মায়াঃ সৌবলস্য কৃতাঃ কৃতাঃ।
জঘান তরসা রাজন্! প্রহসন্নর্জ্জুনস্তদা ॥২৬॥

ত ইতি। শূরেণ অর্জ্জুনেন। বিরুবন্তঃ কুর্বন্তঃ। হতাস্তাড়িতাঃ ॥২২॥
তত ইতি। তমঃ অন্ধকারঃ। ক্রূরা নিষ্ঠুরাঃ ॥২৩॥
তদিতি। ভৈরবং গাঢ়ম্, ঘোরং মহৎ। জ্যোতিষেণ তেজোময়েন ॥২৪॥
হত ইতি। অম্ভসো জলস্য। প্রাযুঙ্ক্ত আবিষ্কৃতবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥
এবমিতি। সৌবলস্য শকুনেঃ। তরসা বেগেন ॥২৬॥

মহাবীর অর্জ্জুন উত্তম ও দৃঢ় বাণসমূহদ্বারা আঘাত করিতে লাগিলে, সেই প্রাণীগুলি সর্বপ্রকারে তাড়িত হইয়া বিশাল রব করিতে থাকিয়া বিনষ্ট হইল ॥২২॥

তদনন্তর অর্জ্জুনের রথের নিকটে অন্ধকার আবির্ভূত হইল এবং সেই অন্ধকার হইতে নিষ্ঠুর বাক্য সকল অর্জ্জুনকে তিরস্কার করিতে লাগিল ॥২৩॥

তখন অর্জ্জুন তেজোময় উত্তম মহাস্ত্রদ্বারা মহাযুদ্ধমধ্যে সেই ভয়ঙ্কর ও গাঢ় গুরুতর অন্ধকার বিনষ্ট করিলেন ॥২৪॥

সেই অন্ধকার বিনষ্ট হইলে, ভয়ানক জলপ্রবাহ প্রাদুর্ভূত হইল। তৎপরে অর্জ্জুন সেই জলপ্রবাহ নষ্ট করিবার জন্য আদিত্যাস্ত্র প্রয়োগ করিলেন; তখন সেই অস্ত্র সেই জলপ্রবাহকে প্রায় শোষণ করিল ॥২৫॥

রাজা! শকুনি এইভাবে যেমন যেমন বহুবিধ মায়া প্রকাশ করিতে লাগিলেন, তেমন তেমনই অর্জ্জুন হাস্য করতঃ তাহা সত্বর সত্বর নষ্ট করিতে থাকিলেন ॥২৬॥

---

(২২)···বিরুবন্তো মহারাবান্···পি। (২৬)··· জঘানাস্ত্রবলেনাস্তু···বা ব রা নি।

তদা হতাসু মায়াসু ত্রস্তোঽর্জ্জুনশরাহতঃ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ শকুনিঃ প্রাকৃতো যথা ॥২৭॥
ততোঽর্জ্জুনোঽস্ত্রবিচ্ছৈঘ্র্যং দর্শয়ন্নাত্মনোঽরিষু।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ কৌরবাণামনীকিনীম্ ॥২৮॥
সা হন্যমানা পার্থেন তব পুত্রস্য বাহিনী।
দ্বৈধীভূতা মহারাজ! গঙ্গেবাসাদ্য পর্বতম্ ॥২৯॥
দ্রোণমেবান্বপদ্যন্ত কেচিত্তত্র নরর্ষভাঃ।
কেচিদ্দুর্য্যোধনং রাজন্! অর্দ্দ্যমানাঃ কিরীটিনা ॥৩০॥
নাপশ্যামস্ততস্ত্বেনং সৈন্যে বৈ রজসা বৃতে।
গাণ্ডীবস্য চ নির্ঘোষঃ শ্রুতো দক্ষিণতো ময়া ॥৩১॥
শঙ্খদুন্দুভিনির্ঘোষং বাদিত্রাণাঞ্চ নিস্বনম্।
গাণ্ডীবস্য তু নির্ঘোষো ব্যতিক্রম্যাস্পৃশদ্দিবম্ ॥৩২॥

তদেতি। অপায়াৎ রণাঙ্গনাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ। প্রাকৃতো নীচলোকঃ ॥২৭॥
তত ইতি। শৈঘ্র্যং শীঘ্রতাং দ্রুতাস্ত্রক্ষেপনৈপুণ্যমিত্যর্থঃ। অনীকিনীং সেনাম্ ॥২৮॥
সেতি। দ্বৈধীভূতা ভাগদ্বয়েন বিভক্তা। আসাদ্য পথি প্রাপ্য ॥২৯॥
দ্রোণমিতি। অন্বপদ্যন্ত আশ্রয়ন্, তত্র ভাগদ্বয়ে ॥৩০॥
নেতি। এনমর্জ্জুনম্। রজসা ধূলিজালেন ॥৩১॥
শঙ্খেতি। ব্যতিক্রম্য অভিভূয়, দিবং গগনম্ ॥৩২॥

তখন সমস্ত মায়া বিনষ্ট হইলে, শকুনি অর্জ্জুনের বাণে আহত ও ভীত হইয়া নীচলোকের ন্যায় বেগবান্ অশ্বের গুণে সত্বর অপসৃত হইলেন ॥২৭॥

তাহার পর অস্ত্রজ্ঞ অর্জ্জুন শত্রুপক্ষকে নিজের লঘুহস্ততা দেখাইতে থাকিয়া কৌরববাহিনীর উপরে বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

মহারাজ! অর্জ্জুন বধ করিতে লাগিলে, গঙ্গার প্রবাহ যেমন পথে পর্ব্বত পাইয়া দুই ভাগে বিভক্ত হয়, সেইরূপ আপনার পুত্রের সৈন্যও দুইভাগে বিভক্ত হইয়া গেল ॥২৯॥

রাজা! তাহার একভাগের কতক যোদ্ধা যাইয়া দ্রোণকেই আশ্রয় করিল এবং অর্জ্জুনের পীড়নে অপর ভাগ যাইয়া দুর্য্যোধনের শরণাপন্ন হইল ॥৩০॥

তাহার পর ধূলিজাল উঠিয়া সৈন্যগণকে আবৃত করিলে, আমরা কিন্তু অর্জ্জুনকে দেখিতে পাইলাম না, অথচ দক্ষিণদিকে গাণ্ডীবের শব্দ শুনিতে লাগিলাম ॥৩১॥

(২৭) অথাহতাসু···পি।

CENTRAL LIBRARY

ততঃ পুনর্দক্ষিণতঃ সংগ্রামশ্চিত্রযোধিনাম্ ।
সুযুদ্ধঞ্চার্জ্জুনস্যাসীদহন্তু দ্রোণমন্বগাম্ ॥৩৩॥
যৌধিষ্ঠিরাণ্যনীকানি প্রহরন্তি ততস্ততঃ ।
নানাবিধান্যনীকানি পুত্রাণাং তব ভারত ! ।
অর্জ্জুনো ব্যধমৎ কালে দিবীবাভ্রাণি মারুতঃ ॥৩৪॥
তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্ ।
মহেষ্বাসা নরব্যাঘ্রা নোগ্রং কেচিদবারয়ন্ ॥৩৫॥
তে হন্যমানাঃ পার্থেন ত্বদীয়া ব্যথিতা ভৃশম্ ।
স্বানেব বহবো জঘ্নুর্বিদ্রবন্তস্ততস্ততঃ ॥৩৬॥
তেঽর্জ্জুনেন শরা মুক্তাঃ কঙ্কপত্রাস্তনুচ্ছিদঃ ।
শলভা ইব সংপেতুঃ সংবৃণ্বানা দিশো দশ ॥৩৭॥

তত ইতি। সংগ্রামঃ অর্জ্জুনস্য চ সুযুদ্ধমাসীৎ। অন্বগাম্ অন্বগচ্ছম্ ॥৩৩॥
যৌধীতি। অনীকানি কর্ত্তৃণি। ব্যধমৎ ব্যনাশয়ৎ। অভ্রাণি মেঘান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥
তমিতি। ভূরিবর্ষং বাসবমিন্দ্রমিব শরৌঘিণং তমর্জ্জুনমায়ান্তমিত্যন্বয়ঃ ॥৩৫॥
ত ইতি। স্বান্ স্বপক্ষীয়ানেব। বিদ্রবন্তঃ পলায়মানাঃ ॥৩৬॥
ত ইতি। কঙ্কপত্রাঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তাঃ, তনুচ্ছিদো লক্ষ্যদেহচ্ছেদিনঃ ॥৩৭॥

শঙ্খ ও দুন্দুভির ধ্বনি এবং অন্যান্য বাদ্যের শব্দ নীচে ফেলিয়া গাণ্ডীবের শব্দ যাইয়া আকাশস্পর্শ করিতে থাকিল ॥৩২॥

তাহার পর আবার দক্ষিণদিকে বিচিত্রযুদ্ধকারীদের যুদ্ধ এবং অর্জ্জুনের সুন্দর যুদ্ধ হইতে থাকিল ; আমি কিন্তু দ্রোণের পিছনে চলিয়া গেলাম ॥৩৩॥

ভরতনন্দন ! ওদিকে যুধিষ্ঠিরের সৈন্যেরা নানাস্থানে আপনার পুত্রদের নানাবিধ সৈন্যকে প্রহার করিতে লাগিল এবং বায়ু যেমন আকাশে মেঘ বিনষ্ট করে, সেইরূপ অর্জ্জুনও তাহাদিগকে বিনষ্ট করিতে লাগিলেন ॥৩৪॥

প্রচুরবর্ষণকারী ইন্দ্রের ন্যায় বাণসমূহবর্ষণকারী উগ্রমূর্ত্তি অর্জ্জুন আসিতে লাগিলে, আপনার পক্ষের কোন মহাধনুর্দ্ধর নরশ্রেষ্ঠই তাঁহাকে বারণ করিতে পারিলেন না ॥৩৫॥

অর্জ্জুন বধ করিতে লাগিলে, আপনার পক্ষের বহু যোদ্ধা অত্যন্ত ব্যথিত হইয়া ইতস্ততঃ পলায়ন করিতে থাকিয়া স্বপক্ষগণকেই বধ করিতে লাগিল ॥৩৬॥

(৩৩)···দ্রোণমন্বয়াম্—বা ব,···দ্রোণমন্বিয়াম্—নি। (৩৫)··· ভূরিবর্ষশরৌঘিণম্··· পি,··· মহেষ্বাসং নরব্যাঘ্রং নোগ্রং কশ্চিদবারয়ৎ—বা ব রা নি।

তুরঙ্গং রথিনং নাগং পদাতিমপি মারিষ!।
বিনির্ভিদ্য ক্ষিতিং জগ্মুর্বল্মীকমিব পন্নগাঃ ॥৩৮॥
ন চ দ্বিতীয়ং ব্যসৃজৎ কুঞ্জরাশ্বনরেষু সঃ।
পৃথগেকশরারুগ্না নিপেতুস্তে গতাসবঃ ॥৩৯॥
হতৈর্মনুষ্যৈর্দ্বিরদৈশ্চ সর্বতঃ শরাভিসৃষ্টৈশ্চ হয়ৈর্নিপাতিতৈঃ।
তদা শ্বগোমায়ুবলাভিনাদিতং বিচিত্রমায়োধশিরো বভূব তৎ ॥৪০॥
পিতা সুতং ত্যজতি সুহৃদ্বরং সুহৃত্তথৈব পুত্রঃ পিতরং শরাতুরঃ।
স্বরক্ষণে কৃতমতয়স্তদা জনাস্ত্যজন্তি বাহানপি পার্থপীড়িতাঃ ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
সংশপ্তকবধে অর্জ্জুনপরাক্রমে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তুরঙ্গমিতি। নাগং হস্তিনম্। জগ্মুস্তে শরা ইত্যনুবৃত্তিঃ, বল্মীকমুদ্মৃত্তিকাম্ ॥৩৮॥
নেতি। দ্বিতীয়ং শরম্। একেন একৈকেনৈব শরেণ আরুগ্নাঃ পীড়িতাঃ ॥৩৯॥
হতৈরিতি। দ্বিরদৈর্গজৈঃ, শরৈরভিসৃষ্টা লগ্নদেহাস্তৈঃ। শ্বানঃ কুক্কুরাঃ গোমায়বঃ শৃগালাঃ বলাঃ কাকাশ্চ তৈরভিনাদিতম্, আয়োধশিরো রণাঙ্গনোপরিদেশঃ ॥৪০॥
পিতেতি। কৃতমতয়ঃ কৃতেচ্ছাঃ। বহন্তীতি বাহা রথাদীনি যানানি তান্ ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

অর্জ্জুননিক্ষিপ্ত, কঙ্কপক্ষিপক্ষযুক্ত ও দেহচ্ছেদী সেই বাণগুলি যাইয়া দশ দিক্ আবৃত করিতে থাকিয়া পতঙ্গের ন্যায় পতিত হইতে থাকিল ॥৩৭॥

মাননীয় রাজা! সাপ যেমন উয়ীর মাটির ভিতরে প্রবেশ করে, সেইরূপ অর্জ্জুনের বাণগুলি যাইয়া হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে ভেদ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিতে লাগিল ॥৩৮॥

অর্জ্জুন বিপক্ষের হস্তী, অশ্ব ও মানুষের উপরে দ্বিতীয় বাণ নিক্ষেপ করেন নাই, তাঁহার এক এক বাণেই পীড়িত ও প্রাণবিহীন হইয়া তাহারা পৃথক্ পৃথক্ ভাবে পতিত হইতে থাকিল ॥৩৯॥

নিহত ও শরসংলগ্নদেহ মানুষ, হস্তী ও অশ্বগণ সকল দিকে নিপাতিত হওয়ায় সেই সমরাঙ্গন বিচিত্র রূপ ধারণ করিল এবং কুকুর, শৃগাল ও কাকগণ আসিয়া রব করিতে লাগিল ॥৪০॥

* একোনত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

উনত্রিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তেষ্বনীকেষু ভগ্নেষু পাণ্ডুপুত্রেণ সঞ্জয়!।
চলিতানাং দ্রুতানাঞ্চ কথমাসীন্মনো হি বঃ ॥১॥
অনীকানাং প্রভগ্নানামবস্থানমপশ্যতাম্।
দুষ্করং প্রতিসন্ধানং তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২॥

সঞ্জয় উবাচ।

তথাপি তব পুত্রস্য প্রিয়কামা বিশাংপতে!।
যশঃ প্রবীরা লোকেষু রক্ষন্তো দ্রোণমন্বয়ুঃ ॥৩॥

তেষ্বিতি। পাণ্ডুপুত্রেণার্জ্জুনেন। চলিতানাং গচ্ছতাম্, দ্রুতানাং পলায়মানানাম্, কথং কীদৃশম্ ॥১॥

অনীকানামিতি। অবস্থানমাশ্রয়ম্। প্রতিসন্ধানং পুনঃ সংযোজনম্ ॥২॥

তথেতি। তথাপি অনীকেষু ভগ্নেষ্বপি। প্রবীরাঃ প্রধানবীরাঃ। অন্বয়ুরন্বগচ্ছন্ ॥৩॥

শরপীড়িত হইয়া পিতা পুত্রকে, বন্ধু বন্ধুকে এবং পুত্র পিতাকে ত্যাগ করিতে থাকিল এবং অর্জ্জুনকর্ত্তৃক তাড়িত হইয়া লোকেরা আত্মরক্ষার ইচ্ছা করিয়া যান-বাহনও ত্যাগ করিতে লাগিল' ॥৪১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন সেই সৈন্যগণকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলে, অনেকে অন্যদিকে যাইতেছিল এবং বহুলোক পলায়ন করিতেছিল; তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥১॥

ভগ্ন সৈন্যেরা আশ্রয় দেখিতে না পাইলে, তাহাদিগকে আবার সম্মিলিত করা দুষ্কর। সে যাহা হউক, সঞ্জয়! সেই বিবরণগুলি আমার নিকট বল' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! সৈন্যেরা ভগ্ন হইলেও আপনার পুত্রের প্রিয়-কামী প্রধান বীরেরা জগতে যশ অক্ষুণ্ণ রাখিবার জন্য দ্রোণের অনুসরণ করিলেন ॥৩॥

সমুদ্যতেষু শস্ত্রেষু সংপ্রাপ্তে চ যুধিষ্ঠিরে।
অকুর্বন্নার্য্যকর্ম্মাণি ভৈরবে সত্যভীতবৎ॥৪॥
অন্তরং ভীমসেনস্য প্রাপতন্নমিতৌজসঃ।
সাত্যকেশ্চৈব বীরস্য ধৃষ্টদ্যুম্নস্য বা বিভো! ॥৫॥
দ্রোণং দ্রোণমিতি ক্রূরাঃ পাঞ্চালাঃ সমচোদয়ন্।
মা দ্রোণমিতি পুত্রাস্তে কুরূন্ সর্ব্বানচোদয়ন্ ॥৬॥
দ্রোণং দ্রোণমিতি হ্যেকে মা দ্রোণমিতি চাপরে।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ দ্রোণদ্যূতমবর্ত্তত ॥৭॥
যং যং প্রমথতে দ্রোণঃ পাঞ্চালানাং রথব্রজম্।
তত্র তত্র তু পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত ॥৮॥

সমিতি। আর্য্যকর্ম্মাণি বিপক্ষধারবাদীনি সজ্জনকার্য্যাণি, ভীরূণামিদমিতি ভৈরবং ভয়ং তস্মিন্ অভীতবৎ ॥৪॥

অন্তরমিতি। অন্তরং রন্ধ্রম্, প্রাপতন্ আক্রামন্ কৌরববীরা ইতি শেষঃ ॥৫॥

দ্রোণমিতি। দ্রোণং হতেতি শেষঃ। সমচোদয়ন্ সৈন্যান্ প্রৈরয়ন্। মা দ্রোণং হন্তুমর্হথ ॥৬॥

দ্রোণমিতি। একে পাণ্ডবীয়া অব্রুবন্। মা দ্রোণং হন্তুমর্হথ, অপরে কৌরবীয়াঃ ॥৭॥

যমিতি। প্রমথতে অর্দ্দয়তি স্ম। রথানাং ব্রজং সমূহম্ ॥৮॥

বিপক্ষেরা অস্ত্র উত্তোলন করিলে এবং যুধিষ্ঠিরও উপস্থিত হইলে, ভয়ের সম্ভাবনা থাকিলেও নির্ভয়ের ন্যায় থাকিয়া সেই প্রধান বীরেরা সজ্জনকার্য্যই করিতে লাগিলেন ॥৪॥

রাজা! অমিততেজা ভীমসেনের, বীর সাত্যকির, কিংবা ধৃষ্টদ্যুম্নের রন্ধ্র (ফাঁক্) পাইয়া সেই কৌরববীরেরা আক্রমণ করিতে থাকিলেন ॥৫॥

'দ্রোণকে বধ কর' 'দ্রোণকে বধ কর' এই কথা বলিয়া ক্রূর পাঞ্চালেরা সৈন্যদিগকে প্রেরণ করিতে লাগিলেন; আবার 'দ্রোণকে বধ করিতে পারিবে না' এইরূপ বলিয়া আপনার পুত্রেরা সমস্ত কৌরবসৈন্যকে পাঠাইতে থাকিলেন ॥৬॥

একপক্ষ বলিতে লাগিল—'দ্রোণকে বধ কর' 'দ্রোণকে বধ কর' অপর পক্ষ কহিতে থাকিল—'দ্রোণকে বধ করিতে পারিবে না'। সুতরাং দ্রোণকে লইয়া যেন তৎকালে কৌরব ও পাণ্ডবগণের দ্যূতক্রীড়া চলিতে লাগিল ॥৭॥

(৪) সমুদ্যতেষু চাস্ত্রেষু···বা বভা নি।

CENTRAL LIBRARY

তেষাং ভাগ্যবিপর্য্যাসৈঃ সংগ্রামে ভৈরবে সতি।
বীরাঃ সমাসদন্ বীরান্ কুর্ব্বন্তো ভৈরবং রবম্ ॥৯॥
অকম্পনীয়াঃ শত্রূণাং বভূবুস্তত্র পাণ্ডবাঃ।
অকম্পয়ন্নীকানি স্মরন্তঃ ক্লেশমাত্মনঃ ॥১০॥
তে ত্বমর্ষবশং প্রাপ্তা হ্রীমন্তঃ সত্ত্বচোদিতাঃ।
ত্যক্ত্বা প্রাণান্ ন্যবর্ত্তন্ত ঘ্নন্তো দ্রোণং মহাহবে ॥১১॥
অয়সামিব সম্পাতঃ শিলানামিব চাভবৎ।
দীব্যতাং তুমুলে যুদ্ধে প্রাণৈরমিততেজসাম্ ॥১২॥
ন তু স্মরন্তি সংগ্রামমপি বৃদ্ধাস্তথাবিধম্।
দৃষ্টপূর্ব্বং মহারাজ! শ্রুতপূর্ব্বমথাপি বা ॥১৩॥

তেষামিতি। ভাগ্যবিপর্য্যাসৈঃ, বিনাশাদেবেতি ভাবঃ। সমাসদন্ অভ্যগচ্ছন্ ॥৯॥
অকম্পেতি। অকম্পয়ন্ পাণ্ডবা ইত্যনুবৃত্তিঃ, অনীকানি কৌরবসৈন্যানি ॥১০॥
ত ইতি। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ, সত্ত্বচোদিতা অধ্যবসায়প্রেরিতাঃ ॥১১॥
অয়সামিতি। অয়সাং লৌহানাম্, সম্পাতঃ সংঘর্ষঃ। দীব্যতাং ক্রীড়তাম্ ॥১২॥
নেতি। ন তু স্মরন্তি, অভূতপূর্ব্বত্বাদিত্যাশয়ঃ ॥১৩॥

দ্রোণ পাঞ্চালদেশীয় যে যে রথীর দলকে মর্দ্দন করিতে লাগিলেন, সেই সেই স্থানেই পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন যাইতে থাকিলেন ॥৮॥

তাঁহাদের ভাগ্যবিপর্য্যয়নিবন্ধন যুদ্ধটা ক্রমশঃ ভীষণ হইয়া উঠিলে, বীরগণ ভয়ঙ্কর গর্জ্জন করিতে করিতে অপর বীরগণের দিকে ধাবিত হইতে লাগিলেন ॥৯॥

তখন কৌরবেরা পাণ্ডবগণকে কম্পিত করিতে পারিলেন না; কিন্তু পাণ্ডবেরা আপনাদের কষ্ট স্মরণ করিয়া কৌরবগণকে কম্পিত করিয়া তুলিলেন ॥১০॥

লজ্জাশীল পাণ্ডবেরা ক্রুদ্ধ ও অধ্যবসায়প্রেরিত হইয়া মহাযুদ্ধে প্রাণত্যাগের পর্য্যন্ত উদ্যম করিয়া দ্রোণের উপরে আঘাত করিতে থাকিয়া ফিরিতে লাগিলেন ॥১১॥

অমিততেজা বীরেরা সেই তুমুল যুদ্ধে প্রাণদ্বারাই যেন খেলা করিতে থাকিলেন। তখন লৌহ ও প্রস্তরের সংঘর্ষের ন্যায় তাহাদের সংঘর্ষ হইতে লাগিল ॥১২॥

(৯) তথা ভাগবিপর্য্যাসে···পি বা ব রা,···বীরানগচ্ছন্ ভীরবঃ পরান্—পি ব। (১৩) নাস্মরন্তি···যে পূর্বদেবৈর্দেবানামপশ্যন্ যুদ্ধমদ্ভুতম্—নি।

CENTRAL LIBRARY

আকম্পিতেব পৃথিবী তস্মিন্ বীরাবসাদনে।
নিবর্ত্ততা বলৌঘেন মহতা ভারপীড়িতা ॥১৪॥
ঘূর্ণতোঽপি বলৌঘস্য দিবং স্তব্ধ্বেব নিস্বনঃ।
অজাতশত্রোস্তৎ সৈন্যমাবিবেশ সুভৈরবঃ ॥১৫॥
সমাসাদ্য তু পাণ্ডূনামনীকানি সহস্রশঃ।
দ্রোণেন চরতা সংখ্যে প্রভগ্নানি শিতৈঃ শরৈঃ ॥১৬॥
তেষু প্রমথ্যমানেষু দ্রোণেনাদ্ভুতকর্ম্মণা।
পর্য্যবারয়দাসাদ্য দ্রোণং সেনাপতিঃ স্বয়ম্ ॥১৭॥
তদদ্ভুতমভূদ্যুদ্ধং দ্রোণপাঞ্চাল্যয়োস্তদা।
নৈব তস্যোপমা কাচিদিতি মে নিশ্চিতা মতিঃ ॥১৮॥
ততো নীলোঽনলপ্রখ্যো দদাহ কুরুবাহিনীম্।
শরস্ফুলিঙ্গশ্চাপার্চ্চির্দহন্ কক্ষমিবানলঃ ॥১৯॥

আকম্পিতেতি। বীরাণামবসাদনে সংক্ষয়ে। নিবর্ত্ততা নিবর্ত্তমানেন ॥১৪॥
ঘূর্ণত ইতি। দিবং গগনম্, স্তব্ধ্বা ব্যাপ্য। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য ॥১৫॥
সমিতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্, অনীকানি সৈন্যানি ॥১৬॥
তেষ্বিতি। পর্য্যবারয়ৎ স্তবারয়ৎ, সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ ॥১৭॥
তদিতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্রো ধৃষ্টদ্যুম্ন এব ॥১৮॥
তত ইতি। শরা এব স্ফুলিঙ্গা যস্য সঃ, চাপ এবার্চ্চিঃ শিখা যস্য সঃ, কক্ষং তৃণম্ ॥১৯॥

মহারাজ! বৃদ্ধেরাও সেরূপ যুদ্ধ কখনও দেখেন নাই বা শোনেন নাই বলিয়া স্মরণ করিতে পারেন না ॥১৩॥

সেই বীরবিনাশের সময়ে বিশাল সৈন্যসমূহ ফিরিয়া আসিতে থাকায় তাহাদের ভারে পীড়িত হইয়া পৃথিবী যেন কাঁপিতে লাগিল ॥১৪॥

সেই সৈন্যসমূহ ঘুরিতে লাগিলেও তাহাদের অতিভয়ঙ্কর কোলাহল আকাশ ব্যাপ্ত করিয়াই যেন যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে প্রবেশ করিতে থাকিল ॥১৫॥

সমরাঙ্গনচারী দ্রোণ উপস্থিত হইয়া নিশিত শরসমূহদ্বারা সহস্র সহস্র পাণ্ডবসৈন্যদলকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥১৬॥

অদ্ভুতকর্ম্মা দ্রোণ সেই সৈন্যগণকে আলোড়ন করিতে লাগিলে, স্বয়ং ধৃষ্টদ্যুম্ন উপস্থিত হইয়া তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৭॥

তখন দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল; সেই যুদ্ধের কোন উপমা নাই, এইরূপই আমার নিশ্চিত ধারণা ॥১৮॥

(১৪) প্রাকম্পতেব···বা নি, প্রাকম্পিতেব···ব।

CENTRAL LIBRARY

তং দহন্তমনীকানি দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
পূর্ব্বাভিভাষী সুশ্লক্ষ্ণং স্ময়মানোঽভ্যভাষত ॥২০॥
নীল! কিং বহুভির্দগ্ধৈস্তব যোধৈঃ শরার্চ্চিষা।
ময়ৈকেন হি যুধ্যস্ব ক্রুদ্ধঃ প্রহর চাশু মাম্ ॥২১॥
তং পদ্মনিকরাকারং পদ্মপত্রনিভেক্ষণম্।
ব্যাকোশপদ্মাভমুখো নীলো বিব্যাধ সায়কৈঃ ॥২২॥
তেনাতিবিদ্ধঃ সহসা দ্রৌণির্ভল্লৈঃ শিতৈস্ত্রিভিঃ।
ধনুর্ধ্বজঞ্চ চ্ছত্রঞ্চ দ্বিষতঃ সংন্যকৃন্তত ॥২৩॥
স প্লুতঃ স্যন্দনাত্তস্মান্নীলশ্চর্ম্মবরাসিভৃৎ।
দ্রৌণায়নেঃ শিরঃ কায়াদ্ধর্ত্তুমৈচ্ছৎ পতত্রিবৎ ॥২৪॥

তমিতি। সুশ্লক্ষ্ণং সুকোমলং যথা স্যাত্তথা, স্ময়মান ঈষদ্ধসন্ ॥২০॥
নীলেতি। যোধৈঃ কৌরবসৈন্যৈঃ। ময়া সহ ॥২১॥
তমিতি। ব্যাকোশং প্রস্ফুটিতং যৎ পদ্মং তদাভং মুখং যস্য সঃ ॥২২॥
তেনেতি। দ্রৌণিরশ্বত্থামা। দ্বিষতো নীলস্য, সংন্যকৃন্তত সমচ্ছিনৎ ॥২৩॥
স ইতি। প্লুতো লম্ফনেন পতিতঃ, স্যন্দনাৎ রথাৎ। দ্রৌণায়নেরশ্বত্থাম্নঃ। পতত্রিবৎ পতত্রী পক্ষী শ্যেনো যথা প্লুতঃ সন্নামিষং হর্ত্তুমিচ্ছতি তদ্বদিতি ভাবঃ ॥২৪॥

তাহার পর শর যাহার স্ফুলিঙ্গ এবং ধনু যাহার শিখা ছিল সেই অগ্নিতুল্য নীলরাজা তৃণদহনকারী অগ্নির ন্যায় কুরুবাহিনী দগ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

নীলরাজা কৌরবসৈন্য দগ্ধ করিতে লাগিলে, প্রতাপশালী ও প্রথমে সুকোমলভাষী অশ্বত্থামা মৃদু হাস্য করিয়া তাঁহাকে বলিলেন—॥২০॥

'নীলরাজা! বাণের তেজে বহুতর সৈন্য দগ্ধ করায় আপনার কি ফল হইতেছে? আপনি এক আমার সহিত যুদ্ধ করুন, ক্রুদ্ধ হইয়া সত্বর আমাকে প্রহার করুন' ॥২১॥

তখন প্রস্ফুটিতপদ্মতুল্যবদন নীলরাজা বাণসমূহদ্বারা পদ্মবর্ণ ও পদ্মলোচন অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥২২॥

নীলরাজা অত্যন্ত বিদ্ধ করিলে, অশ্বত্থামা তৎক্ষণাৎ সুধার তিনটা ভল্লদ্বারা তাঁহার ধনু, ধ্বজ ও ছত্র ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

তখন নীলরাজা চর্ম্ম ও উত্তম তরবারি ধারণ করিয়া সেই রথ হইতে লাফাইয়া পড়িয়া শ্যেনপক্ষীর ন্যায় অশ্বত্থামার দেহ হইতে মস্তকটা হরণ করিবার ইচ্ছা করিলেন ॥২৪॥

(২৩) তেনাভিবিদ্ধঃ···পি, তেনাপি বিদ্ধঃ···বা নি।

CENTRAL LIBRARY

তস্যোগ্রতাসেঃ সুনসং শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
ভল্লেনাপাহরদ্দ্রৌণিঃ স্ময়মান ইবানঘ! ॥২৫॥
সম্পূর্ণচন্দ্রাভমুখঃ পদ্মপত্রনিভেক্ষণঃ।
প্রাংশুরুৎপলপত্রাভো নিহতো ন্যপতদ্ভুবি ॥২৬॥
ততঃ প্রবিব্যথে সেনা পাণ্ডবী ভৃশমাকুলা।
আচার্য্যপুত্রেণ হতে নীলে জ্বলিততেজসি ॥২৭॥
অচিন্তয়ংশ্চ তে সর্ব্বে পাণ্ডবানাং মহারথাঃ।
কথং নো বাসবিস্ত্রায়াচ্ছত্রুভ্য ইতি মারিষ! ॥২৮॥
দক্ষিণেন তু সেনায়াঃ কুরুতে কদনং বলী।
সংশপ্তকাবশেষস্য নারায়ণবলস্য চ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে নীলরাজবধে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তস্যেতি। শোভনা নাসা যত্র তৎ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥২৫॥
সম্পূর্ণেতি। প্রাংশুরুন্নতদেহঃ, উৎপলপত্রাভঃ শ্যামবর্ণো নীলঃ ॥২৬॥
তত ইতি। প্রবিব্যথে প্রধানাশ্রয়নাশাদিত্যাশয়ঃ ॥২৭॥
অচিন্তয়ন্নিতি। নঃ অস্মান্, বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ ॥২৮॥
অথ তদানীং বাসবিঃ কেত্যাহ দক্ষিণেনেতি। কদনং বিনাশম্, বলী অর্জ্জুনঃ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

নিষ্পাপ রাজা! সেই সময়ে অশ্বত্থামা মৃদু হাস্য করতই যেন একটা ভল্ল-দ্বারা উদ্যততরবারি নীলরাজার দেহ হইতে সুন্দরনাসিকা ও কুণ্ডলযুক্ত মস্তকটাকে ছেদন করিলেন ॥২৫॥

তখন পূর্ণচন্দ্রতুল্যবদন, পদ্মপত্রতুল্যনয়ন, উৎপলপত্রতুল্য শ্যামবর্ণ ও উন্নত-দেহ নীলরাজা নিহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥২৬॥

তৎপরে অশ্বত্থামা উজ্জ্বলতেজা নীলরাজাকে বধ করিলে, পাণ্ডবসৈন্যেরা অত্যন্ত আকুল হইয়া দুঃখ অনুভব করিতে লাগিল ॥২৭॥

এবং মাননীয় রাজা! পাণ্ডবপক্ষের সেই মহারথেরা সকলে ভাবিতে লাগিলেন যে, 'অর্জ্জুন কি করিয়া আমাদিগকে শত্রুপক্ষ হইতে রক্ষা করিবেন' ॥২৮॥

(২৮) ন্যপতৎ ক্ষিতৌ—পি। (২৯) কদনং মহৎ—পি। * '...ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...একত্রিংশোঽধ্যায়ঃ' বা'বা নি।

CENTRAL LIBRARY

ত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

প্রতিঘাতন্তু সৈন্যস্য নামৃষ্যত বৃকোদরঃ।
সোঽভ্যাহনদ্‌গুরুং ষষ্ট্যা কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ ॥১॥
তস্য দ্রোণঃ শিতৈর্ব্বাণৈস্তীক্ষ্ণধারৈরজিহ্মগৈঃ।
জীবিতান্তমভিপ্রেপ্সুর্মর্ম্মাণ্যাশু জঘান হ।
আনন্তর্য্যমভিপ্রেপ্সুঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥২॥
কর্ণো দ্বাদশভির্ব্বাণৈরশ্বত্থামা চ সপ্তভিঃ।
ষড়্‌ভির্দুর্য্যোধনো রাজা তত এনমবাকিরৎ ॥৩॥

প্রতীতি। নামৃষ্যত নাসহত। অভ্যাহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। গুরুং দ্রোণম্ ॥১॥

তস্যেতি। অভিপ্রেপ্সুঃ কর্ত্তুমিচ্ছুঃ। আনন্তর্য্যং প্রহারস্য পরম্পরবর্ত্তিত্বম্ অবিরত-প্রহারমিত্যর্থঃ, অভিপ্রেপ্সুর্দ্রোণ এব পুনঃ ষড়্‌বিংশত্যা শরৈঃ, সমার্পয়ৎ অপীড়য়ৎ। ষট্‌-পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

কর্ণ ইতি। এনং বৃকোদরম্, অবাকিরৎ অতাড়য়ৎ ॥৩॥

অথচ বলবান্ অর্জ্জুন তখন সৈন্যের দক্ষিণদিকে থাকিয়া অবশিষ্ট সংশপ্তক-সৈন্য ও নারায়ণসৈন্য বিনাশ করিতেছিলেন' ॥২৯॥

সঞ্জয় বলিলেন—'ভীমসেন স্বকীয়সৈন্যবিনাশ সহ্য করিলেন না; তিনি ষাটটা বাণদ্বারা দ্রোণকে এবং দশটাদ্বারা কর্ণকে আঘাত করিলেন ॥১॥

তখন দ্রোণ ভীমসেনের জীবনবিনাশ করিবার ইচ্ছা করিয়া সত্বর নিশিত, তীক্ষ্ণধার ও সরলগামী বহুতর বাণদ্বারা তাঁহার মর্ম্মদেশে আঘাত করিলেন এবং পর পর প্রহার করিবার ইচ্ছায় পুনরায় ছাব্বিশটা বাণদ্বারা প্রহার করিলেন ॥২॥

তৎপরে কর্ণ বারটা, অশ্বত্থামা সাতটা এবং রাজা দুর্য্যোধন ছয়টা বাণদ্বারা ভীমসেনকে পীড়ন করিলেন ॥৩॥

১)··· সোঽহনদ্বাহ্লিকং ষষ্ট্যা··· পি বা। (৩)··· তত এনমথাকিরৎ—বা নি।

CENTRAL LIBRARY

ভীমসেনোঽপি তান্ সর্ব্বান্ প্রত্যবিধ্যন্মহাবলঃ।
দ্রোণং পঞ্চাশতেষূণাং কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ ॥৪॥
দুর্য্যোধনং দ্বাদশভির্দ্রৌণিঞ্চাষ্টাভিরাশুগৈঃ।
আরাবং তুমুলং কুর্ব্বন্নভ্যবর্ত্তত তান্ রণে ॥৫॥ (যুগ্মকম্)
তস্মিন্ সংত্যজতি প্রাণান্ মৃত্যুসাধারণীকৃতে।
অজাতশত্রুস্তান্ যোধান্ ভীমং ত্রাতেত্যচোদয়ৎ ॥৬॥
তে যযুর্ভীমসেনস্য সমীপমমিতৌজসঃ।
যুযুধানপ্রভৃতয়ো মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৭॥
তে সমেত্য সুসংরব্ধাঃ সহিতাঃ পুরুষর্ষভাঃ।
মহেষ্বাসবরৈর্গুপ্তং দ্রোণানীকং বিভিৎসবঃ।
সমাপেতুর্মহাবীর্য্যা ভীমপ্রভৃতয়ো রথাঃ ॥৮॥

ভীমেতি। ইষূণাং বাণানাম্। আরাবং গর্জনম্ ॥৪—৫॥

তস্মিন্নিতি। সংত্যজতি সম্যক্ ত্যাগোদ্যমং কুর্বতি। অতএব মৃত্যুনা সাধারণীকৃতে অন্যসৈন্যসমানীকৃতে সৈন্যান্তরবৎ সম্ভাবিতমৃত্যাবিত্যর্থঃ। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ। ত্রাত রক্ষত যূয়ম্ ॥৬॥

ত ইতি। যুযুধানপ্রভৃতয়ঃ সাত্যকিপ্রমুখাঃ, মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ ॥৭॥

ত ইতি। সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ। গুপ্তং রক্ষিতম্। ষট্পাদঃ শ্লোকোঽয়ম্ ॥৮॥

তখন মহাবল ভীমসেনও পঞ্চাশটা বাণদ্বারা দ্রোণকে, দশটাদ্বারা কর্ণকে, বারটাদ্বারা দুর্য্যোধনকে এবং আটটাদ্বারা অশ্বত্থামাকে এইভাবে তাঁহাদের সকলকে প্রতিবিদ্ধ করিলেন; আর তুমুল গর্জন করিতে করিতে তাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥৪—৫॥

ভীমসেন প্রাণত্যাগের উদ্যম করিলে এবং মৃত্যুও তাঁহাকে অন্য সৈন্যের ন্যায় গ্রাস করিতে উদ্যত হইলে, 'আপনারা ভীমকে রক্ষা করুন' এই কথা বলিয়া যুধিষ্ঠির নিকটবর্ত্তী যোদ্ধাদিগকে প্রেরণ করিলেন ॥৬॥

সাত্যকিপ্রভৃতি বীরগণ এবং পাণ্ডুনন্দন নকুল ও সহদেব ইঁহারা যাইয়া অমিততেজা ভীমসেনের নিকট উপস্থিত হইলেন ॥৭॥

অত্যন্তক্রুদ্ধ সেই পুরুষশ্রেষ্ঠেরা সম্মিলিতভাবে উপস্থিত হইয়া মহাধনুর্দ্ধর-গণরক্ষিত দ্রোণসৈন্যকে বিদীর্ণ করিবার ইচ্ছা করিলেন এবং মহাবল ভীমসেন-প্রভৃতি রথীরাও দ্রোণসৈন্যের উপরে পতিত হইলেন ॥৮॥

(৬)…ভীমং ত্রাহীত্যচোদয়ৎ—পি। (৮)…মহেষ্বাসবরৈর্গুপ্তাঃ…বা নি।

CENTRAL LIBRARY

তান্ প্রত্যগৃহ্লাদব্যগ্রো দ্রোণোঽপি রথিনাং বরঃ।
মহারথানতিবলান্ বীরান্ সমরযোধিনঃ ॥৯॥
বাহ্যং মৃত্যুভয়ং কৃত্বা তাবকাঃ পাণ্ডবান্ যযুঃ।
সাদিনঃ সাদিনোঽভ্যঘ্নংস্তথৈব রথিনো রথান্ ॥১০॥
অসিশক্ত্যৃষ্টিসংঘাতৈর্যুদ্ধমাসীৎ পরশ্বধৈঃ।
প্রকৃষ্টমসিযুদ্ধঞ্চ বভূব কটুকোদয়ম্।
কুঞ্জরাণাঞ্চ সম্পাতে যুদ্ধমাসীৎ সুদারুণম্ ॥১১॥
অপতৎ কুঞ্জরাদন্যো হয়াদন্যস্ত্ববাক্‌শিরাঃ।
নরো বাণবিনির্ভিন্নো রথাদন্যশ্চ মারিষ! ॥১২॥
তত্রান্যস্য চ সংমর্দ্দে পতিতস্য বিবর্ম্মণঃ।
শিরঃ প্রধ্বংসয়ামাস বক্ষস্যাক্রম্য কুঞ্জরঃ ॥১৩॥

তানিতি। সমরযোধিন এব ন তু কাপুরুষবদ্‌গোপনযোধিন ইতি ভাবঃ ॥৯॥

বাহ্যমিতি। বাহ্যং বহির্ভূতং দূরীভূতমিতি যাবৎ। সাদিনো গজাশ্বারোহিণঃ ॥১০॥

অসীতি। প্রকৃষ্টং শিক্ষাকৌশলেন প্রবৃত্তেঃ। কটুকোদয়ং ঘোরম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

অপতদিতি। বাণবিনির্ভিন্ন ইতি সর্বত্র সম্বধ্যতে ॥১২॥

তত্রেতি। সংমর্দ্দে যুদ্ধসংঘর্ষে, বিবর্ম্মণো বিগতকবচস্য ॥১৩॥

তখন রথিশ্রেষ্ঠ দ্রোণও মহাবল, মহাবীর ও সমরযোধী সেই মহারথগণকে গ্রহণ করিলেন ॥৯॥

ক্রমে আপনার পক্ষের যোদ্ধারাও মৃত্যুভয় পরিত্যাগ করিয়া পাণ্ডবগণের দিকে গমন করিলেন। পরে গজাশ্বারোহীরা গজাশ্বারোহিগণকে এবং রথীরা রথীদিগকে আঘাত করিতে লাগিলেন ॥১০॥

বিভিন্ন স্থানে অসি, শক্তি, ঋষ্টি ও পরশুর আঘাতে যুদ্ধ হইতে লাগিল, অতিভীষণ প্রকৃষ্ট তরবারিযুদ্ধ চলিতে থাকিল এবং হস্তিগণের সংঘর্ষে অতি-দারুণ যুদ্ধ লাগিয়া গেল ॥১১॥

মাননীয় রাজা! ক্রমে বাণবিদীর্ণ হইয়া কোন লোক হস্তী হইতে, কেহ অধোমুখ হইয়া অশ্ব হইতে এবং কোন বীর রথ হইতে পতিত হইতে লাগি-লেন ॥১২॥

সেই যুদ্ধসংঘর্ষে অপর কোন সৈন্য বর্ম্মহীন হইয়া ভূতলে পতিত হইল; তখন একটা হাতী আসিয়া তাহার বক্ষ আক্রমণ করিয়া মাথাটা চূর্ণ করিল ॥১৩॥

(১০)…তাবকান্ পাণ্ডবা যযুঃ…বা নি। (১১) আসীচ্ছক্ত্যৃষ্টিসম্পাতঃ…বা।

অপরাংশ্চাপরেঽমৃদ্নন্ বারণাঃ পতিতান্ নরান্।
বিষাণৈশ্চাবনিং গত্বা ব্যভিন্দন্ রথিনো বহূন্ ॥১৪॥
নরান্ত্রৈঃ কেচিদপরে বিষাণালগ্নসংশ্রয়ৈঃ।
বভ্রমুঃ সমরে নাগা মৃদ্নন্তঃ শতশো নরান্ ॥১৫॥
কার্ষ্ণায়সতনুত্রাণান্ নরাশ্বরথকুঞ্জরান্।
পতিতান্ পোথয়াঞ্চক্রুর্দ্বিপাঃ স্থূলনলানিব ॥১৬॥
গৃধ্রপত্রাধিবাসাংসি শয়নানি নরাধিপাঃ।
হ্রীমন্তঃ কালসম্পর্কাৎ সুদুঃখান্যধ্যশেরত ॥১৭॥
হন্তি স্মাত্র পিতা পুত্রং রথেনাভ্যেত্য সংযুগে।
পুত্রশ্চ পিতরং মোহান্নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥১৮॥

অপরানিতি। বারণা গজাঃ। বিষাণৈর্দন্তৈঃ। গত্বা স্পৃষ্ট্বা, রথিনঃ পতিতান্ ॥১৪॥

নরেতি। নরাণামন্ত্রৈঃ শিরাভিঃ। বিষাণেষু দন্তেষু আলগ্নাঃ সংশ্রয়া একাংশা যেষাং তৈঃ। নাগা হস্তিনঃ। নরান্ ভূপতিতানেব ॥১৫॥

কার্ষ্ণেতি। কৃষ্ণায়ো লৌহসারস্তস্তেমানীতি কার্ষ্ণায়সানি তনুত্রাণানি যেষাং তান্ ॥১৬॥

গৃধ্রেতি। হ্রীমন্তঃ অকার্য্যে পলায়নাদৌ লজ্জাবন্তো নরাধিপাঃ, কালসম্পর্কাৎ প্রহারাতিশয়প্রাপ্ত্যা মৃত্যুসময়োপস্থিতের্হেতোঃ, গৃধ্রাণাং সংঘর্ষেণ ভূপতিতানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা এবাধিবাসাংসি আস্তরণবস্ত্রাণি যেষু তানি, অতএব সুদুঃখানি অতীবদুঃখজনকানি, শয়নানি ভূতলশয্যাঃ, অধ্যশেরত অবালম্বন্ত। অধিপূর্ব্বত্বাদধিকরণস্য কর্ম্মত্বম্ ॥১৭॥

হন্তীতি। মোহাৎ ভ্রমাৎ, নির্ম্মর্য্যাদং বিশৃঙ্খলং যুদ্ধমিতি শেষঃ ॥১৮॥

অন্য হস্তিগণ ভূতলপতিত অপর মনুষ্যদিগকে মর্দ্দন করিতে লাগিল এবং দন্তদ্বারা ভূতলস্পর্শ করিয়া বহুতর পতিত রথীকেও বিদীর্ণ করিতে থাকিল ॥১৪॥

অপর কতকগুলি হাতী দন্তসংলগ্ন মনুষ্যনাড়ী লইয়া শত শত মানুষকে মর্দ্দন করিতে থাকিয়া সমরাঙ্গনে ভ্রমণ করিতে লাগিল ॥১৫॥

বহুতর হাতী—লৌহসার-(ইস্পাত-) নির্ম্মিতবর্ম্মধারী ভূতলপতিত হস্তী, অশ্ব, রথী ও পদাতিগণকে নিষ্পেষণ করিতে থাকিল ॥১৬॥

যে সকল রাজা লজ্জাবশতঃ পলায়ন করেন নাই, তাঁহারা অত্যন্ত আঘাত পাইয়া আসন্নমৃত্যু হইয়া গৃধ্রপক্ষীর পক্ষরূপ আস্তরণযুক্ত অত্যন্তদুঃখজনক ভূমিশয্যায় শয়ন করিতে লাগিলেন ॥১৭॥

---

(১৪)···ব্যমৃদ্নন্ রথিনো বহূন্—পি। (১৭)···অভিশেরতে···পি,···অনুশেরতে···বা নি।

CENTRAL LIBRARY

অক্ষো ভগ্নো ধ্বজশ্ছিন্নশ্ছত্রমুর্ব্যাং নিপাতিতম্ ।
যুগার্দ্ধং ছিন্নমাদায় প্রদুদ্রাব তথা হয়ঃ ॥১৯॥
সাসির্বাহুর্নিপতিতঃ শিরশ্ছিন্নং সকুণ্ডলম্ ।
গজেনাক্ষিপ্য বলিনা রথঃ সঞ্চূর্ণিতঃ ক্ষিতৌ ॥২০॥
রথিনা তাড়িতো নাগো নারাচেনাপতৎ ক্ষিতৌ ।
সারোহশ্চাপতদ্বাজী গজেনাভ্যাহতো ভৃশম্ ॥২১॥
নির্ম্মর্য্যাদং মহদ্যুদ্ধমবর্ত্তত সুদারুণম্ ।
হা তাত ! হা পুত্র ! সখে ! ক্বাসি তিষ্ঠ ক্ব ধাবসি ॥২২॥
প্রহরাহর জহ্যেনং স্মিতক্ষ্বেড়িতগর্জিতৈঃ ।
ইত্যেবমুচ্চৈরত্যর্থং শ্রূয়ন্তে বিবিধা গিরঃ ॥২৩॥ (যুগ্মকম্)

অক্ষ ইতি। অক্ষশ্চক্রম্। উর্ব্যাং ভূতলে। যুগং রথীষদারুবিশেষস্তস্যার্দ্ধম্ ॥১৯॥
সাসিরিতি। সাসিরসিযুক্তঃ। আক্ষিপ্য আকৃষ্য ॥২০॥
রথিনেতি। নাগো হস্তী। সারোহ আরোহিসহিতঃ, বাজী অশ্বঃ ॥২১॥
নিরিতি। নির্ম্মর্য্যাদং শৃঙ্খলারহিতম্। আহর আনয়। স্মিতং মৃদুহাস্যম্, ক্ষ্বেড়িতং সিংহনাদঃ গর্জিতং গর্জনঞ্চ তত্রচ্ছব্দৈঃ সহেত্যর্থঃ। শ্রূয়ন্তে স্ম তত্রত্যৈঃ ॥২২—২৩॥

সেই যুদ্ধে রথে আসিয়া ভ্রমবশতঃ পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বধ করিতে থাকিল। সুতরাং সে যুদ্ধ বিশৃঙ্খলভাবেই চলিতে লাগিল ॥১৮॥

রথের চক্র ভগ্ন, ধ্বজ ছিন্ন এবং ছত্র ভূপতিত হইতে থাকিল ; আর তাহার ঘোড়াগুলি যুগকাঠের ছিন্ন অর্দ্ধ লইয়া দৌড়াইতে লাগিল ॥১৯॥

তরবারিযুক্ত বাহু নিপতিত হইতে লাগিল, কুণ্ডলযুক্ত মস্তক ছিন্ন হইতে থাকিল এবং কোন কোন বলবান্ হস্তী আকর্ষণ করিয়া কোন কোন রথকে চূর্ণ করিতে লাগিল ॥২০॥

কোন রথী নারাচদ্বারা আঘাত করিলে, কোন হাতী ভূতলে পড়িয়া গেল এবং কোন হাতী গুরুতর আঘাত করিলে, কোন অশ্ব আরোহীর সহিত পতিত হইল ॥২১॥

এইরূপ বিশৃঙ্খলভাবে অতিদারুণ মহাযুদ্ধ হইতে লাগিল। 'হা তাত ! হা পুত্র ! হা সখা ! কোথায় আছ ? দাঁড়াও, কোথায় দৌড়াইয়া যাইতেছ, ইহাকে প্রহার কর, ধরিয়া আন, বধ কর' এইরূপ অত্যুচ্চ নানাবিধ বাক্য এবং মন্দহাস্য, সিংহনাদ ও গর্জন শুনা যাইতে থাকিল ॥২২—২৩॥

(১৯)···রথো ভগ্নঃ···বা নি।

নরস্যাশ্বস্য নাগস্য সমসজ্জত শোণিতম্।
উপাশাম্যদ্রজো ভৌমং ভীরূন্ কশ্মলমাবিশৎ ॥২৪॥
চক্রেণ চক্রমাসাদ্য বীরো বীরস্য সংযুগে।
অতীতেষুপথে কালে জহার গদয়া শিরঃ ॥২৫॥
আসীৎ কেশপরামর্শো মুষ্টিযুদ্ধঞ্চ দারুণম্।
নখৈর্দন্তৈশ্চ শূরাণামদ্বীপে দ্বীপমিচ্ছতাম্ ॥২৬॥
তত্রাচ্ছিদ্যত শূরস্য সখড়্গো বাহুরুদ্যতঃ।
সধনুশ্চাপরস্যাপি সশরঃ সাঙ্কুশস্তথা ॥২৭॥
আক্রোশদন্যমন্যোঽত্র তথান্যো বিমুখোঽদ্রবৎ।
অন্যঃ প্রাপ্তস্য চান্যস্য শিরঃ কায়াদপাহরৎ ॥২৮॥
শব্দমভ্যদ্রবচ্চান্যঃ শব্দাদন্যোঽত্রসদ্ভৃশম্।
স্বানন্যোঽথ পরানন্যো জঘান নিশিতৈঃ শরৈঃ ॥২৯॥

নরস্যেতি। সমসজ্জত সংযুক্তমভবৎ। উপাশাম্যৎ তেন শোণিতেনৈব। কশ্মলং মোহঃ ॥২৪॥

চক্রেণেতি। চক্রদ্বয়মপি রথশ্চ। অতীতঃ সান্নিধ্যাদ্গত ইষুপথো বাণক্ষেপস্থানং যত্র তত্র ॥২৫॥

আসীদিতি। কেশপরামর্শঃ কেশাকর্ষণম্। অদ্বীপে আশ্রয়শূন্যে স্থানে, দ্বীপমাশ্রয়ম্ ॥২৬॥

তত্রেতি। অচ্ছিদ্যত অন্যেন শূরেণ। অপরস্যাপি বাহুরিত্যনুবৃত্তিঃ ॥২৭॥

আক্রোশদিতি। আক্রোশদযুদ্ধায়াহ্বয়ৎ। অদ্রবৎ পলায়ত। প্রাপ্তস্যাগতস্য ॥২৮॥

মানুষ, ঘোড়া ও হাতীর রক্ত মিশিয়া গেল, তাহাতে ভূতলের ধূলি নিবৃত্তি পাইল এবং ভীরুগণের মোহ উপস্থিত হইল ॥২৪॥

সমরাঙ্গনে নিজের রথচক্র অপরের রথচক্রে লাগিয়া যাওয়ায় বাণক্ষেপের স্থান না থাকায় কোন বীর গদাদ্বারা অপর বীরের মস্তক চূর্ণ করিলেন ॥২৫॥

বীরেরা আশ্রয়শূন্যস্থানে আশ্রয়লাভের ইচ্ছা করিতে লাগিলে, তাঁহাদের মধ্যে পরস্পর কেশাকর্ষণ, দারুণ মুষ্টিযুদ্ধ, নখযুদ্ধ ও দন্তযুদ্ধ হইতে লাগিল ॥২৬॥

তখন কোন বীর কোন বীরের তরবারিযুক্ত উত্তোলিত বাহু ছেদন করিলেন এবং অপর বীর অপর বীরের ধনু, বাণ বা অঙ্কুশযুক্ত বাহু কাটিয়া ফেলিলেন ॥২৭॥

অন্য যোদ্ধা অন্য যোদ্ধাকে ডাকিল, অপর যোদ্ধা বিমুখ হইয়া পলায়ন করিল এবং অন্য যোদ্ধা উপস্থিত যোদ্ধার দেহ হইতে মস্তক হরণ করিল ॥২৮॥

(২৫)···অতীতবাক্পথে···পি,···অতীতেঽস্বপথে···বা ব। (২৯) সশব্দমদ্রবচ্চান্যঃ··· বা ব রা নি।

CENTRAL LIBRARY

গিরিশৃঙ্গোপমশ্চাত্র নারাচেন নিপাতিতঃ।
মাতঙ্গো ন্যপতদ্‌ভূমৌ নদীরোধ ইবোষ্ণগে ॥৩০॥
তথৈব রথিনং নাগঃ ক্ষরন্ গিরিরিবারুজন্।
অভ্যতিষ্ঠৎ পদা ভূমৌ সহাশ্বং সহসারথিম্ ॥৩১॥
শূরান্ প্রহরতো দৃষ্ট্বা কৃতাস্ত্রান্ রুধিরোক্ষিতান্।
বহূনপ্যাবিশন্মোহো ভীরূন্ হৃদয়দুর্বলান্ ॥৩২॥
সর্বমাবিগ্নমভবন্ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
সৈন্যেন রজসা ধ্বস্তং নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥৩৩॥
ততঃ সেনাপতিঃ শীঘ্রময়ং কাল ইতি ব্রুবন্।
নিত্যাভিত্বরিতানেব ত্বরয়ামাস পাণ্ডবান্ ॥৩৪॥
কুর্বন্তঃ শাসনং তস্য পাণ্ডবা বাহুশালিনঃ।
সরো হংসা ইবাপেতুর্ম্মন্তো দ্রোণরথং প্রতি ॥৩৫॥

শব্দমিতি। অভ্যদ্রবং অভ্যধাবং। অত্রসং ভীতবান্। স্বান্ স্বপক্ষীয়ান্ ॥২৯॥
গিরীতি। নদ্যা রোধস্তীরম্, উষ্ণং গ্রীষ্মং গচ্ছতি অতিক্রামতীতি তস্মিন্ বর্ষাকালে ॥৩০॥
তথেতি। ক্ষরন্ মদং নিঃসারয়ন্। আরুজন্ রথং ভঞ্জন্। অভ্যতিষ্ঠদারোহৎ ॥৩১॥
শূরানিতি। হৃদয়ে দুর্বলা হৃদয়দুর্বলাস্তান্ দুর্বলহৃদয়ান্ ॥৩২॥
সর্ব্বমিতি। আবিগ্নমস্থিরম্। সৈন্যেন সৈন্যোত্থাপিতেন ধ্বস্তং নষ্টং তিরোহিতম্ ॥৩৩॥
তত ইতি। সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ, অয়ং কালো দ্রোণবধস্যেত্যাশয়ঃ ॥৩৪॥

কোন সৈন্য অন্য সৈন্যের শব্দ লক্ষ্য করিয়া ধাবিত হইল, কোন সৈন্য অপর সৈন্যের শব্দ শুনিয়া অত্যন্ত ভীত হইল, অন্য সৈন্য স্বপক্ষকে বধ করিল এবং অপর সৈন্য সুধার বাণদ্বারা বিপক্ষকে সংহার করিতে লাগিল ॥২৯॥

পর্ব্বতশৃঙ্গপ্রমাণ কোন হস্তী নারাচদ্বারা আহত হইয়া বর্ষাকালে নদীতীরের ন্যায় ভূতলে পতিত হইল ॥৩০॥

মদস্রাবী ও পর্বতপ্রমাণ কোন হস্তী ভূতলে থাকিয়া বিপক্ষের রথখানাকে ভাঙ্গিয়া চরণদ্বারা তাহার অশ্ব ও সারথির সহিত রথীকে নিষ্পেষণ করিল ॥৩১॥

অপর কৃতাস্ত্রদিগকে প্রহার করায় বীরগণকে রক্তসিক্ত অবস্থায় দেখিয়া দুর্ব্বলচিত্ত বহুতর ভীরুর মোহ উপস্থিত হইল ॥৩২॥

সমস্ত অস্থির হইল, সৈন্যগণের ধূলিজালে সমরাঙ্গন আবৃত হইয়া পড়িল, কিছুই জানা গেল না এবং বিশৃঙ্খলভাবে যুদ্ধ চলিতে লাগিল ॥৩৩॥

তাহার পর 'এই সময়' এই কথা দ্রুত বলিয়া ধৃষ্টদ্যুম্ন সর্ব্বদা ত্বরান্বিত পাণ্ডবগণকে আরও ত্বরান্বিত করিলেন ॥৩৪॥

CENTRAL LIBRARY

গৃহ্লীতাদ্রবতান্যোন্যং বিভীতা বিনিকৃন্তত।
ইত্যাসীত্তুমুলঃ শব্দো দুর্দ্ধর্ষস্য রথং প্রতি ॥৩৬॥
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণী রাজা জয়দ্রথঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ শল্যশ্চৈতান্ ন্যবারয়ন্ ॥৩৭॥
তে স্বার্য্যধর্ম্মসংরব্ধা দুর্নিবারা দুরাসদাঃ।
শরার্ত্তা ন জহুর্দ্রোণং পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥৩৮॥
ততো দ্রোণোঽতিসংক্রুদ্ধো বিসৃজন্ শতশঃ শরান্।
চেদিপাঞ্চালপাণ্ডূনামকরোৎ কদনং মহৎ ॥৩৯॥
তস্য জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুবে দিক্ষু মারিষ!।
বজ্রসংহ্রাদসঙ্কাশস্ত্রাসয়ন্ মানবান্ বহূন্ ॥৪০॥

কুর্ব্বন্ত ইতি। শাসনমাদেশম্। ঘ্নন্তঃ প্রহরন্তঃ ॥৩৫॥

গৃহ্লীতেতি। আদ্রবত অভিধাবত, বিগতং ভীতং ভয়ং যেষাং তে নির্ভয়াঃ, বিনিকৃন্তত ছিন্ত। দুর্দ্ধর্ষস্য দ্রোণস্য ॥৩৬॥

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, এতান্ পাণ্ডবান্ ॥৩৭॥

ত ইতি। আর্য্যধর্ম্মেণ সজ্জননিয়মেনৈব সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥৩৮॥

তত ইতি। কদনং পীড়নম্ ॥৩৯॥

তস্যেতি। জ্যাতলয়োর্ধনুর্গুণহস্তাবাপয়োর্নির্ঘোষঃ। সংহ্রাদঃ শব্দঃ ॥৪০॥

তখন মহাবাহু পাণ্ডবগণ তাঁহার আদেশ পালন করতঃ—হংসগণ যেমন সরোবরে পতিত হয়, সেইরূপ প্রহার করিতে করিতে দ্রোণরথের প্রতি পতিত হইলেন ॥৩৫॥

ক্রমে 'ধর, পরস্পর ধাবিত হও এবং নির্ভয়ে ছেদন কর' এইরূপ তুমুল শব্দ দুর্দ্ধর্ষ দ্রোণের রথের দিকে হইতে লাগিল ॥৩৬॥

তদনন্তর দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, দুর্য্যোধন, জয়দ্রথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং শল্য পাণ্ডবগণকে নিবারণ করিতে থাকিলেন ॥৩৭॥

তখন সজ্জননিয়মানুসারে উৎসাহী, দুর্নিবার ও দুর্দ্ধর্ষ পাঞ্চালেরা পাণ্ডবগণের সহিত বাণে পীড়িত হইয়াও দ্রোণকে পরিত্যাগ করিলেন না ॥৩৮॥

তৎপরে দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শত শত বাণ নিক্ষেপ করিতে থাকিয়া চেদি, পাঞ্চাল ও পাণ্ডবগণকে অত্যন্ত পীড়ন করিতে লাগিলেন ॥৩৯॥

মাননীয় রাজা! তখন বজ্রনির্ঘোষতুল্য এবং বহুলোকের ভয়জনক দ্রোণের ধনুষ্টঙ্কার সকল দিকে শুনা যাইতে লাগিল ॥৪০॥

(৩৭)···শল্যশ্চৈতানবারয়ন্—পি।

CENTRAL LIBRARY

এতস্মিন্নন্তরে জিষ্ণুর্জিত্বা সংশপ্তকান্ বহূন্।
অভ্যয়াত্তত্র যত্রাসৌ দ্রোণঃ পাণ্ডূন্ প্রমর্দ্দতি ॥৪১॥
তান্ শরৌঘমহাবর্ত্তান্ শোণিতোদান্ মহাহ্রদান্।
তীর্ণঃ সংশপ্তকান্ হত্বা প্রত্যদৃশ্যত ফাল্গুনঃ ॥৪২॥
তস্য কীর্ত্তিমতো লক্ষ্ম সূর্য্যপ্রতিমতেজসঃ।
দীপ্যমানমপশ্যাম তেজসা বানরধ্বজম্ ॥৪৩॥
সংশপ্তকসমুদ্রং তমুচ্ছোষ্যাস্ত্রগভস্তিভিঃ।
স পাণ্ডবযুগান্তার্কঃ কুরূনপ্যভ্যতীতপৎ ॥৪৪॥
প্রদদাহ কুরূন্ সর্ব্বানর্জ্জুনঃ শস্ত্রতেজসা।
যুগান্তে সর্ব্বভূতানি ধূমকেতুরিবোত্থিতঃ ॥৪৫॥
তেন বাণসহস্রৌঘৈর্গজাশ্বরথযোধিনঃ।
তাড্যমানাঃ ক্ষিতিং জগ্মুর্মুক্তকেশাঃ শরার্দ্দিতাঃ ॥৪৬॥

এতস্মিন্নিতি। অন্তরে অবসরে, জিষ্ণুরর্জ্জুনঃ। অভ্যয়াদাগচ্ছৎ ॥৪১॥

তানিতি। শরৌঘা এব মহাবর্ত্তা বিশালজলভ্রময়ো যেষাং তান্, শোণিতানি রক্তান্যেব উদকানি জলানি যেষাং তান্, সংশপ্তকানেব মহাহ্রদান্ তীর্ণঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৪২॥

তস্যেতি। লক্ষ্ম চিহ্নম্, বানরধ্বজমপশ্যামেতি সম্বন্ধঃ ॥৪৩॥

সমিতি। অস্ত্রগভস্তিভিঃ অস্ত্রকিরণৈঃ। অভ্যতীতপৎ সর্ব্বতোভাবেন তাপিতবান্ ॥৪৪॥

প্রেতি। ধূমকেতুস্তন্মদ্যং তেজঃ ॥৪৫॥

তেনেতি। তেন অর্জ্জুনেন। মুক্তকেশাঃ সমরসংঘর্ষাৎ স্খলিতকুন্তলাঃ ॥৪৬॥

এই সময়ে অর্জ্জুন বহু সংশপ্তককে জয় করিয়া—যেখানে ঐ দ্রোণ পাণ্ডবগণকে মর্দ্দন করিতেছিলেন, সেইখানে আগমন করিলেন ॥৪১॥

বাণসমূহ যাহার বিশাল আবর্ত্ত (ঘোলা) এবং রক্ত যাহার জল ছিল, সেই সংশপ্তকরূপ মহাহ্রদ উত্তীর্ণ হইয়া অর্জ্জুন উপস্থিত হইলে, ক্রমশঃ সকলে তাঁহাকে দেখিতে লাগিল ॥৪২॥

কীর্ত্তিমান্ ও সূর্য্যের তুল্য তেজস্বী অর্জ্জুনের চিহ্নস্বরূপ এবং তেজে উজ্জ্বল বানরধ্বজটা আমরা দেখিতে লাগিলাম ॥৪৩॥

অর্জ্জুনরূপ সেই প্রলয়সূর্য্য অস্ত্ররূপ কিরণদ্বারা সেই সংশপ্তকরূপ সমুদ্রকে শুষ্ক করিয়া কৌরবগণকেও সন্তপ্ত করিতে লাগিলেন ॥৪৪॥

ক্রমে প্রলয়কালে উত্থিত ধূমকেতু যেমন সমস্ত ভূত দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুন অস্ত্রের তেজে সমস্ত কৌরবকে দগ্ধ করিতে থাকিলেন ॥৪৫॥

(৪২) তান্ শরৌঘান্ মহাবর্ত্তান্··· নি।

CENTRAL LIBRARY

কেচিদার্ত্তস্বনং চক্রুর্বিনেশুরপরে পুনঃ।
পার্থবাণহতাঃ কেচিন্নিপেতুর্বিগতাসবঃ ॥৪৭॥
তেষামুৎপতিতান্ কাংশ্চিৎ পতিতাংশ্চ পরাঙ্মুখান্।
ন জঘানার্জ্জুনো যোধান্ যোধব্রতমনুস্মরন্ ॥৪৮॥
তে বিকীর্ণরথাশ্বেভাঃ প্রায়শশ্চ পরাঙ্মুখাঃ।
কুরবঃ কর্ণ কর্ণেতি হাহেতি চ বিচুক্রুশুঃ ॥৪৯॥
তমাধিরথিরাক্রন্দং বিজ্ঞায় শরণৈষিণাম্।
মা ভৈষ্টেতি প্রতিশ্রুত্য যযাবভিমুখোঽর্জ্জুনম্ ॥৫০॥
স ভারতরথশ্রেষ্ঠঃ সর্ব্বভারতহর্ষণঃ।
প্রাদুশ্চক্রে তদাগ্নেয়মস্ত্রমস্ত্রবিদাং বরঃ ॥৫১॥

কেচিদিতি। বিনেশুঃ পলায়াঞ্চক্রিরে। বিগতাসবো নির্গতপ্রাণাঃ ॥৪৭॥
তেষামিতি। উৎপতিতান্ আঘাতেন পতনাৎ পরমুখিতান্। যোধব্রতং যোদ্ধৃনিয়মম্ ॥৪৮॥
ত ইতি। বিকীর্ণা আঘাতেনেতস্ততো বিক্ষিপ্তা রথা অশ্বা ইভা গজাশ্চ যেষাং তে ॥৪৯॥
তমিতি। অধিরথস্যাপত্যমিত্যাধিরথিঃ কর্ণঃ, আক্রন্দমাহ্বানম্, বিজ্ঞায় শ্রুত্বা ॥৫০॥
স ইতি। স কর্ণঃ। অত্র ভারতপদং কুরুপক্ষপরম্ ॥৫১॥

তৎকালে অর্জ্জুনের সহস্র সহস্র বাণে তাড়িত হইয়া কৌরবপক্ষের হস্তী, অশ্ব ও রথযোধীরা মুক্তকেশে ভূতলে পতিত হইতে লাগিল ॥৪৬॥

কতকগুলি আর্ত্তনাদ করিতে থাকিল, অনেকে পলায়ন করিতে লাগিল, আবার কতকগুলি অর্জ্জুনের বাণে নিহত ও প্রাণবিহীন হইয়া ভূতলে পতিত হইল ॥৪৭॥

তাহাদের মধ্যে কতকগুলি যোদ্ধা পতনের পরে উত্থিত, কতকগুলি পতিত এবং কতকগুলি পরাঙ্মুখ হইলে, অর্জ্জুন যোদ্ধাদের নিয়ম স্মরণ করিয়া তাহাদিগকে বধ করিলেন না ॥৪৮॥

অর্জ্জুনের প্রহারে অনেকের হস্তী, অশ্ব ও রথ ইতস্ততঃ বিক্ষিপ্ত হইলে এবং প্রায় যোদ্ধাই পরাঙ্মুখ হইয়া পড়িলে, কৌরবেরা 'কর্ণ! কর্ণ! হা হা' বলিয়া কোলাহল করিতে লাগিলেন ॥৪৯॥

তখন কর্ণ শরণার্থিগণের সেই আহ্বান শুনিয়া 'ভয় করিও না' বলিয়া আশ্বস্ত করিয়া অর্জ্জুনের অভিমুখে গমন করিলেন ॥৫০॥

কৌরবপক্ষের মধ্যে রথিশ্রেষ্ঠ, সমস্ত কৌরবের হর্ষজনক ও অস্ত্রজ্ঞপ্রধান কর্ণ তখন আগ্নেয় অস্ত্র আবিষ্কার করিলেন ॥৫১॥

(৪৭) কেচিদার্ত্তস্বরং চক্রুঃ…পি ব। (৪৯) তে বিকীর্ণরথাশ্চিত্রাঃ…বা নি।

CENTRAL LIBRARY

তস্য দীপ্তশরৌঘস্য দীপ্তচাপধরস্য চ।
শরৌঘান্ শরজালেন বিদধার ধনঞ্জয়ঃ ॥৫২॥
তথৈবাধিরথিস্তস্য বাণান্ জ্বলিততেজসঃ।
অস্ত্রমস্ত্রেণ সংবার্য্য প্রাণদদ্বিসৃজন্ শরান্ ॥৫৩॥
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
বিব্যধুঃ কর্ণমাসাদ্য ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥৫৪॥
অর্জ্জুনাস্ত্রন্তু রাধেয়ঃ সংবার্য্য শরবৃষ্টিভিঃ।
তেষাং ত্রয়াণাং চাপানি চিচ্ছেদ বিশিখৈস্ত্রিভিঃ ॥৫৫॥
তে নিকৃত্তায়ুধাঃ শূরা নির্বিষা ভুজগা ইব।
রথশক্তীঃ সমুৎক্ষিপ্য ভৃশং সিংহা ইবানদন্ ॥৫৬॥
তা ভুজাগ্রৈর্মহাবেগা বিসৃষ্টা ভুজগোপমাঃ।
দীপ্যমানা মহাশক্ত্যো জগ্মুরাধিরথিং প্রতি ॥৫৭॥

তস্যেতি। বিদধার বিনাশয়ামাস, "ধৃঞ্ অবধ্বংসনে" ইত্যস্য প্রয়োগঃ ॥৫২॥
তথেতি। আধিরথিঃ কর্ণঃ, তস্য অর্জ্জুনস্য। অপরমস্ত্রঞ্চ ॥৫৩॥
ধৃষ্টেতি। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥৫৪॥
অর্জ্জুনেতি। রাধেয়ঃ কর্ণঃ। ত্রয়াণাং ভীমসাত্যকিধৃষ্টদ্যুম্নানাম্ ॥৫৫॥
ত ইতি। নিকৃত্তায়ুধাঃ ছিন্নকার্ম্মুকাঃ ॥৫৬॥
তা ইতি। ভুজাগ্রৈর্ভীমাদীনাং হস্তৈঃ, বিসৃষ্টা নিক্ষিপ্তাঃ। আধিরথিং কর্ণম্ ॥৫৭॥

সেই সময়ে অর্জুন বাণসমূহদ্বারা, উজ্জ্বলবাণসমূহধারী ও উজ্জ্বলধনুর্দ্ধর কর্ণের বাণসমূহ নিবারণ করিলেন ॥৫২॥

কর্ণও সেইরূপই অস্ত্রদ্বারা উজ্জ্বলতেজা অর্জুনের বাণ সকল ও অন্যান্য অস্ত্র নিবারণ করিয়া বাণক্ষেপ করতঃ গর্জন করিতে লাগিলেন ॥৫৩॥

ক্রমে ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন ও মহারথ সাত্যকি কর্ণের নিকটে যাইয়া তিন তিনটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৫৪॥

কর্ণ শরবর্ষণ করিয়া অর্জুনের অস্ত্র নিবারণপূর্বক তিনটা বাণদ্বারা ভীমসেন, সাত্যকি ও ধৃষ্টদ্যুম্নের তিনখানা ধনু ছেদন করিলেন ॥৫৫॥

ধনু ছিন্ন হইলে সেই বীরেরা তিন জন বিষবিহীন সর্পের ন্যায় (ক্রুদ্ধ হইয়া) তিনটা শক্তি নিক্ষেপ করিয়া সিংহের তুল্য গুরুতর গর্জন করিলেন ॥৫৬॥

(৫২)···বিদুধাব ধনঞ্জয়ঃ—নি,···বিব্যাধৈব ধনঞ্জয়ঃ—বা। (৫৭)···মহাবেগান্নিসৃষ্টাঃ··· বা,···নিসৃষ্টাঃ···নি।

তা নিকৃত্য শিতৈর্ভল্লৈস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
ননাদ বলবান্ কর্ণঃ পার্থায় বিসৃজন্ শরান্ ॥৫৮॥
অর্জ্জুনশ্চাপি রাধেয়ং বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
কর্ণাদবরজং বাণৈর্জঘান নিশিতৈস্ত্রিভিঃ ॥৫৯॥
ততঃ শত্রুঞ্জয়ং হত্বা পার্থঃ ষড়্ভিরজিহ্মগৈঃ।
জহার সদ্যো ভল্লেন বিপাঠস্য শিরো রথাৎ ॥৬০॥
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণামেকেনৈব কিরীটিনা।
প্রমুখে সূতপুত্রস্য সোদর্য্যা নিহতাস্ত্রয়ঃ ॥৬১॥
ততো ভীমঃ সমুৎপত্য স্বরথাদ্বৈনতেয়বৎ।
বরাসিনা কর্ণপক্ষান্ জঘান দশ পঞ্চ চ ॥৬২॥

তা ইতি। নিকৃত্য ছিত্বা, শিতৈঃ শিলাশাণিতৈঃ। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৫৮॥
অর্জ্জুন ইতি। আশুগৈর্বাণৈঃ। অবরজম্ অনুক্তনামানমেকমনুজম্ ॥৫৯॥
তত ইতি। শত্রুঞ্জয়ং নাম কর্ণস্যাপরমনুজম্। বিপাঠস্যাপি কর্ণানুজস্য ॥৬০॥
পশ্যতামিতি। প্রমুখে সম্মুখে, সূতপুত্রস্য কর্ণস্য। এতেনার্জ্জুনস্য লঘুহস্ততা দর্শিতা ॥৬১॥
তত ইতি। সমুৎপত্যাবতীর্য্য। বৈনতেয়বৎ গরুড় ইব। বরাসিনা উত্তমখড়্গেন ॥৬২॥

তাঁহাদের হস্তনিক্ষিপ্ত, মহাবেগযুক্ত, সর্পতুল্য ও উজ্জ্বল সেই বিশাল শক্তি তিনটা কর্ণের দিকে যাইতে লাগিল ॥৫৭॥

তখন বলবান্ কর্ণ শিলাশাণিত ও সরলগামী তিন তিনটা ভল্লদ্বারা সেই শক্তি তিনটাকে ছেদন করিয়া এবং অর্জুনের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া গর্জন করিতে লাগিলেন ॥৫৮॥

অর্জুনও সাতটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া সুধার তিনটা বাণদ্বারা কর্ণের কনিষ্ঠভ্রাতাকে বধ করিলেন ॥৫৯॥

তাহার পর অর্জুন ছয়টা বাণদ্বারা (কর্ণের অপর কনিষ্ঠভ্রাতা) শত্রুঞ্জয়কে বধ করিয়া তৎক্ষণাৎ একটা ভল্লদ্বারা (কর্ণের অন্য কনিষ্ঠভ্রাতা) বিপাঠের মস্তক ছেদন করিলেন ॥৬০॥

এইভাবে এক অর্জুনই ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষে এবং কর্ণের সম্মুখে তাঁহার তিন ভ্রাতাকে বধ করিলেন ॥৬১॥

তাহার পর ভীমসেন আপন রথ হইতে গরুড়ের ন্যায় লাফাইয়া পড়িয়া উত্তম তরবারিদ্বারা কর্ণপক্ষীয় পনর জন যোদ্ধাকে বধ করিলেন ॥৬২॥

(৫৯)…নিশিতৈঃ শরৈঃ—পি বা রা নি। (৬০)…বিপাটস্য…নি।

CENTRAL LIBRARY

পুনঃ স্বরথমাস্থায় ধনুরাদায় চাপরম্ ।
বিব্যাধ দশভিঃ কর্ণং সূতমশ্বাংশ্চ পঞ্চভিঃ ॥৬৩॥
ধৃষ্টদ্যুম্নোঽপ্যসিবরং চর্ম্ম চাদায় ভাস্বরম্ ।
জঘান চন্দ্রবর্ম্মাণং বৃহৎক্ষত্রঞ্চ নৈষধম্ ॥৬৪॥
ততঃ স্বরথমাস্থায় পাঞ্চাল্যোঽন্যচ্চ কার্ম্মুকম্ ।
আদায় কর্ণং বিব্যাধ ত্রিসপ্তত্যা নদন্ রণে ॥৬৫॥
শৈনেয়োঽপ্যন্যদাদায় ধনুরিন্দ্রসমদ্যুতিঃ ।
সূতপুত্রং চতুঃষষ্ট্যা বিদ্ধা সিংহ ইবানদৎ ॥৬৬॥
ভল্লাভ্যাং সাধু মুক্তাভ্যাং ছিত্ত্বা কর্ণস্য কার্ম্মুকম্ ।
পুনঃ কর্ণং ত্রিভির্বাণৈর্ব্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৬৭॥
ততো দুর্য্যোধনো দ্রোণো রাজা চৈব জয়দ্রথঃ ।
নিমজ্জমানং রাধেয়মুজ্জহ্রুঃ সাত্যকার্ণবাৎ ॥৬৮॥

পুনরিতি। একেন সূতং চতুর্ভিশ্চ চতুরোঽশ্বানিতি পঞ্চভির্বাণৈঃ ॥৬৩॥
ধৃষ্টেতি। ভাস্বরং স্বর্ণাদিখচিতত্বাদুজ্জ্বলম্। নৈষধং নিষধদেশীয়ম্ ॥৬৪॥
তত ইতি। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ। ত্রিসপ্তত্যা শরৈঃ ॥৬৫॥
শৈনেয় ইতি। শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। সূতপুত্রং কর্ণম্ ॥৬৬॥
ভল্লাভ্যামিতি। সাধু সম্যক্। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ ॥৬৭॥
তত ইতি। রাধেয়ং কর্ণম্, উজ্জহ্রুঃ উদ্ধৃতবন্তঃ, সাত্যকঃ সাত্যকিরেবার্ণবস্তস্মাৎ ॥৬৮॥

আবার তিনি নিজের রথে উঠিয়া অন্য ধনু লইয়া দশটা বাণদ্বারা কর্ণকে, একটাদ্বারা সারথিকে এবং চারিটাদ্বারা চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৬৩॥

ধৃষ্টদ্যুম্নও উত্তম তরবারি এবং উজ্জ্বল চর্ম্ম লইয়া চন্দ্রবর্ম্মাকে এবং নিষধ-দেশীয় বৃহৎক্ষত্রকে বধ করিলেন ॥৬৪॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন আপন রথে আরোহণ করিয়া অন্য ধনু লইয়া যুদ্ধে গর্জ্জন করতঃ ত্রিসপ্ততি বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥৬৫॥

ইন্দ্রের তুল্য তেজস্বী সাত্যকিও অন্য ধনু লইয়া চৌষট্টিটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া সিংহের ন্যায় গর্জ্জন করিয়া উঠিলেন ॥৬৬॥

তৎপরে তিনি সুষ্ঠুভাবে নিক্ষিপ্ত দুইটা ভল্লদ্বারা কর্ণের ধনু ছেদন করিয়া পুনরায় তিনটা বাণদ্বারা কর্ণের বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥৬৭॥

তাহার পর দুর্য্যোধন, দ্রোণ ও সিন্ধুরাজ জয়দ্রথ ইহারা নিমগ্নপ্রায় কর্ণকে সাত্যকিসমুদ্র হইতে উদ্ধার করিলেন ॥৬৮॥

(৬৩) পুনস্ত রথমাস্থায়…বা ব রা নি। (৬৬)…ইন্দুসমদ্যুতিঃ…বা ব রা নি।

পত্ত্যশ্বরথমাতঙ্গাস্ত্বদীয়াঃ শতশোঽপরে।
কর্ণমেবাভ্যধাবন্ত ত্রাসয়ানাঃ প্রহারিণঃ ॥৬৯॥
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সৌভদ্রোঽর্জ্জুন এব চ।
নকুলঃ সহদেবশ্চ সাত্যকিং জুগুপূ রণে ॥৭০॥
এবমেষ মহারৌদ্রঃ ক্ষয়ার্থং সর্ব্বধন্বিনাম্।
তাবকানাং পরেষাঞ্চ ত্যক্ত্বা প্রাণানভূদ্রণঃ ॥৭১॥
পদাতিরথনাগাশ্বা গজাশ্বরথপত্তিভিঃ।
রথিনো নাগপত্ত্যশ্বৈরথপত্তী রথদ্বিপৈঃ ॥৭২॥
অশ্বৈ রথা গজৈর্নাগা রথিনো রথিভিঃ সহ।
সংসক্তাঃ সমদৃশ্যন্ত পত্তয়শ্চাপি পত্তিভিঃ ॥৭৩॥ (যুগ্মকম্)
এবং সুকলিলং যুদ্ধমাসীৎ ক্রব্যাদহর্ষণম্।
মহদ্ভিস্তৈরভীতানাং যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৭৪॥

পত্তীতি। পত্তয়ঃ পদাতয়ঃ। অভ্যধাবন্ত কর্ণস্যৈব সাহায্যকরণায় ॥৬৯॥
ধৃষ্টেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। জুগুপুঃ ররক্ষুঃ ॥৭০॥
এবমিতি। মহারৌদ্রঃ অতীবভয়ঙ্করঃ। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা ॥৭১॥
পদাতীতি। নাগো হস্তী। পত্তিঃ পদাতিঃ। সংসক্তা যুদ্ধায় মিলিতাঃ ॥৭২—৭৩॥

মহারাজ! আপনার পক্ষের প্রহারনিপুণ অন্য শত শত হস্তী, অশ্ব, রথ ও পদাতি বিপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া সাহায্য করিবার জন্য কর্ণের দিকেই ধাবিত হইল ॥৬৯॥

আবার ওদিকে ধৃষ্টদ্যুম্ন, ভীম, অভিমন্যু, অর্জুন, নকুল ও সহদেব যুদ্ধে সাত্যকিকে রক্ষা করিতে লাগিলেন ॥৭০॥

রাজা! এইভাবে পরস্পর বিনাশ করিবার জন্য প্রাণত্যাগের পর্য্যন্ত উদ্যম করিয়া আপনার পক্ষের ও বিপক্ষের সমস্ত ধনুর্দ্ধরগণের অতিভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥৭১॥

ক্রমে দেখা গেল—গজারোহী, অশ্বারোহী, রথী ও পদাতিদের সহিত পদাতি, রথী, গজারোহী ও অশ্বারোহীরা যুদ্ধে মিলিত হইয়াছে; গজারোহী, অশ্বারোহী ও পদাতিদের সঙ্গে রথীরা সংসক্ত হইয়াছে; রথী ও গজারোহীদের সহিত রথী ও পদাতিরা সংযুক্ত হইয়াছে; আবার রথীরা অশ্বারোহীদের সঙ্গে, গজারোহীরা গজারোহীদের সহিত, রথীরা রথীদের সঙ্গে এবং পদাতিরা পদাতিদের সহিত মিলিত হইয়াছে ॥৭২—৭৩॥

(৭৩)···সংযুক্তাঃ সমদৃশ্যন্ত···বা ব রা নি।

ততো হতা নররথবাজিকুঞ্জরৈরনেকশো দ্বিপরথপত্তিবাজিনঃ।
গজৈর্গজা রথিভিরুদায়ুধা রথা হয়ৈর্হয়াঃ পত্তিগণৈশ্চ পত্তয়ঃ ॥৭৫॥
রথৈর্দ্বিপা দ্বিরদবরৈর্মহাহয়া হয়ৈর্নরা বররথিভিশ্চ বাজিনঃ।
নিরস্তজিহ্বাদশনেক্ষণাঃ ক্ষিতৌ ক্ষয়ং গতাঃ প্রমথিতবর্ম্মভূষণাঃ ॥৭৬॥
তথা পরৈর্ব্বহুকরণৈর্ব্বরায়ুধৈর্হতা গতাঃ প্রতিভয়দর্শনাঃ ক্ষিতিম্।
বিপোথিতা হয়গজপাদতাড়িতা ভৃশাকুলা রথমুখনেমিভিঃ ক্ষতাঃ ॥৭৭॥
প্রমোদনে শ্বাপদপক্ষিরক্ষসাং জনক্ষয়ে বর্ত্ততি তত্র দারুণে।
মহাবলাস্তে কুপিতাঃ পরস্পরং নিসূদয়ন্তঃ প্রবিচেরুরোজসা ॥৭৮॥

এবমিতি। সুকলিলম্ অতীবগহনম্। ক্রব্যাদহর্ষণং মাংসভোজিজন্তুহর্ষজনকম্ ॥৭৪॥

তত ইতি। উদায়ুধা উত্তোলিতাস্ত্রাঃ। অত্র রুচিরাবংশস্থবিলয়োর্মেলনাদুপজাতির্বৃত্তম্ ॥৭৫॥

রথৈরিতি। দ্বিরদবরৈর্মহাগজৈঃ। নিরস্তানি বিপক্ষাস্ত্রাঘাতেন নষ্টানি জিহ্বা রসনাঃ দশনা দন্তাঃ ঈক্ষণানি চক্ষুংষি চ যেষাং তে, ক্ষিতৌ পতিত্বেতি শেষঃ ॥৭৬॥

তথেতি। বহূনি করণানি ক্রিয়া যুদ্ধব্যাপারা যেষাং তৈঃ। প্রতিভয়দর্শনা ভয়ঙ্করাকৃতয়ঃ। রথমুখানাং রথশ্রেষ্ঠানাং নেমিভিশ্চক্রপ্রান্তৈঃ ক্ষতা বিদারিতাঃ ॥৭৭॥

প্রেতি। প্রমোদনে আনন্দজনকে। বর্ত্ততি বর্ত্তমানে। নিসূদয়ন্তো মর্দ্দয়ন্তঃ ॥৭৮॥

এইভাবে সেই মহাযোদ্ধাদের সহিত নির্ভয়চিত্ত স্বপক্ষীয়দের অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল এবং সে যুদ্ধ মাংসভোজী প্রাণিগণের আনন্দ ও যমরাজ্যের বৃদ্ধি করিতে থাকিল ॥৭৪॥

তাহার পর পদাতি, রথী, অশ্বারোহী ও গজারোহীরা বিপক্ষের অনেক হস্তী, অশ্ব, রথ ও পদাতি সংহার করিল এবং গজারোহীরা গজারোহীদিগকে, রথীরা উদ্যতাস্ত্র রথিগণকে, অশ্বারোহীরা অশ্বারোহীদিগকে ও পদাতিরা পদাতিগণকে বিনাশ করিল ॥৭৫॥

রথীরা হস্তিগণের, মহাহস্তিগণ বিশাল অশ্বগণের, অশ্বেরা পদাতিদিগের এবং মহারথীরা অশ্বগণের জিহ্বা, দন্ত ও নয়ন নষ্ট করিয়া ফেলিলে, আর বর্ম্ম ও অলঙ্কার চূর্ণ করিলে, সেই হস্তিপ্রভৃতি ভূতলে পতিত হইয়া প্রাণ ত্যাগ করিতে লাগিল ॥৭৬॥

উত্তমাস্ত্রধারী ও বহুবিধযুদ্ধকারী বিপক্ষেরা বধ করিলে, ভয়ঙ্করাকৃতি কতকগুলি লোক ভূতলে পড়িয়া গেল, কেহ কেহ অশ্ব ও হস্তীর চরণতাড়িত হইয়া নিষ্পেষিত হইল এবং অনেকে রথচক্রের আঘাতে বিদীর্ণ হইয়া অত্যন্ত আকুল হইয়া পড়িল ॥৭৭॥

---

(৭৭)···রথমুখনেমিভিঃ কৃতাঃ—পি।

ততো বলে ভৃশলুলিতে পরস্পরং নিরীক্ষমাণে রুধিরৌঘসংপ্লুতে।
দিবাকরেঽস্তং গিরিমাস্থিতে শনৈরুভে প্রয়াতে শিবিরায় ভারত! ॥৭৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে দ্বিতীয়দিবসযুদ্ধাবহারে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

(৩। অভিমন্যুবধপর্ব।)

একত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

পূর্ব্বমস্মাসু ভগ্নেষু ফাল্গুনেনামিতৌজসা।
দ্রোণে চ মোঘসঙ্কল্পে রক্ষিতে চ যুধিষ্ঠিরে ॥১॥
সর্ব্বে বিধ্বস্তকবচাস্তাবকা যুধি নির্জ্জিতাঃ।
রজস্বলা ভৃশোদ্বিগ্না বীক্ষমাণা দিশো দশ ॥২॥

তত ইতি। বলে উভয়সৈন্য এব, ভৃশলুলিতে অতীবশ্রান্তে। প্রয়াতে প্রস্থিতে ॥৭৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

পূর্ব্বমিতি। ভগ্নেষু পরাজিতেষু, ফাল্গুনেনার্জ্জুনেন। মোঘসঙ্কল্পে যুধিষ্ঠিরগ্রহণাসামর্থ্যাৎ

হিংস্রজন্তু, পক্ষী ও রাক্ষসদিগের আনন্দজনক সেই দারুণ লোকক্ষয় চলিতে লাগিলে, উভয়পক্ষের মহাবল যোদ্ধারা ক্রুদ্ধ হইয়া পরস্পর প্রহার করিতে থাকিয়া মহাবিক্রমে বিচরণ করিতে লাগিলেন ॥৭৮॥

ভরতনন্দন! তাহার পর সূর্য্য ধীরে ধীরে অস্তাচলে আরোহণ করিতে লাগিলে, অত্যন্তপরিশ্রান্ত ও রক্তাক্তদেহ উভয়পক্ষের সৈন্যই পরস্পর নিরীক্ষণ করিতে থাকিয়া শিবিরের দিকে প্রস্থান করিল' ॥৭৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অমিততেজা অর্জ্জুন পূর্ব্বেই আমাদিগকে পরাজিত করিলে এবং অর্জ্জুনভিন্ন অন্য পাণ্ডবযোদ্ধারাই যুধিষ্ঠিরকে রক্ষা করায়

* '...একত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...দ্বাত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

অবহারং ততঃ কৃত্বা ভারদ্বাজস্য সম্মতে।
লক্কলক্ষৈঃ শরৈর্ভিন্না ভৃশাবহসিতা রণে ॥৩॥
শ্লাঘমানেষু ভূতেষু ফাল্গুনস্যামিতান্ গুণান্।
কেশবস্য চ সৌহার্দ্দে কীর্ত্ত্যমানেঽর্জ্জুনং প্রতি ॥৪॥
অভিশস্তা ইবাভূবন্ ধ্যানমূকত্বমাস্থিতাঃ।
ততঃ প্রভাতসময়ে দ্রোণং দুর্য্যোধনোঽব্রবীৎ ॥৫॥
প্রণয়াদভিমানাচ্চ দ্বিষদ্বৃদ্ধ্যা চ দুর্ম্মনাঃ।
শৃণ্বতাং সর্ব্বযোধানাং সংরব্ধো বাক্যকোবিদঃ ॥৬॥ (কুলকম্)
নূনং বয়ং বধ্যপক্ষে ভবতো দ্বিজসত্তম!।
তথাহি নাগ্রহীঃ প্রাপ্তং সমীপেঽদ্য যুধিষ্ঠিরম্ ॥৭॥
ইচ্ছতস্তে ন মুচ্যেত চক্ষুঃপ্রাপ্তো রণে রিপুঃ।
জিঘৃক্ষতো রক্ষ্যমাণঃ সামরৈরপি পাণ্ডবৈঃ ॥৮॥

ব্যর্থমনোরথে, রক্ষিতে অর্জ্জুনেতরপাণ্ডবযোধৈরেব। রজস্বলা ধূলিব্যাপ্তদেহাঃ। অবহারং যুদ্ধবিরামম্। লক্কানি লক্ষাণি শরব্যাণি যৈস্তৈঃ, ভিন্না বিদীর্ণদেহাঃ। শ্লাঘমানেষু প্রশংসংসু, ভূতেষু লোকেষু। অভিশস্তা অভিশপ্তাঃ, ধ্যানেন চিন্তয়া মূকত্বং নীরবত্বম্, আস্থিতাঃ প্রাপ্তাঃ। দ্বিষদ্বৃদ্ধ্যা জয়লাভাৎ পাণ্ডবাভ্যুদয়েন। সংরব্ধঃ ক্রুদ্ধঃ ॥১—৬॥

নূনমিতি। নূনং নিশ্চিতমেব। তথাহি তৎকারণং জানীহি ॥৭॥

ইচ্ছত ইতি। ইচ্ছতো জয়মিতি শেষঃ। চক্ষুঃপ্রাপ্তো দৃষ্টিবিষয়ং গতঃ। জিঘৃক্ষতো রিপুমেব গ্রহীতুমিচ্ছতঃ, তে তব সকাশাৎ। সামরৈরপি দেবগণেন সহ মিলিতৈরপি ॥৮॥

দ্রোণের সঙ্কল্প ব্যর্থ হইলে, আর সমস্ত লোক অর্জ্জুনের অসংখ্য গুণের প্রশংসা করিতে লাগিলে এবং অর্জ্জুনের প্রতি কৃষ্ণের সৌহার্দ্দের বিষয় বর্ণনা করিতে থাকিলে, যুদ্ধে পরাজিত, কবচশূন্য, ধূলিধূসরাঙ্গ, অত্যন্ত উদ্বিগ্ন, দশ দিকে দৃষ্টি-পাতকারী, লক্ষ্যপাতী বাণসমূহে বিদীর্ণদেহ এবং যুদ্ধে শত্রুপক্ষকর্ত্তৃক উপহসিত আপনার পক্ষের যোদ্ধারা সকলে দ্রোণের সম্মতিক্রমে যুদ্ধবন্ধ করিয়া যেন অভিশপ্তের ন্যায় হইলেন এবং চিন্তায় নীরব হইয়া রহিলেন। তাহার পর প্রাতঃকালে—শত্রুগণের অভ্যুদয়ে দুঃখিতচিত্ত ও ক্রুদ্ধ বাক্যনিপুণ দুর্য্যোধন সমস্ত যোদ্ধার সমক্ষে প্রণয় ও অভিমানবশতঃ দ্রোণকে বলিলেন—॥১—৬॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ! নিশ্চয়ই আমরা আপনার বধ্যপক্ষের মধ্যে গণ্য। যে হেতু আজ আপনি যুধিষ্ঠিরকে নিকটে পাইয়াও ধরেন নাই ॥৭॥

(৩)···লক্কলক্ষৈঃ পরৈর্হীনাঃ···পি ব। (৬) শ্লোকাৎ পরম্ 'দুর্য্যোধন উবাচ' পি।

CENTRAL LIBRARY

বরং দত্ত্বা মম প্রীতঃ পশ্চাদ্বিকৃতবানসি।
আশাভঙ্গং ন কুর্ব্বন্তি ভক্তস্যার্য্যাঃ কথঞ্চন ॥৯॥
ততো হ্রীতস্তথোক্তঃ সন্ ভারদ্বাজোঽব্রবীন্নৃপম্।
নার্হসে মাং তথা জ্ঞাতুং ঘটমানং তব প্রিয়ে ॥১০॥
সসুরাসুরগন্ধর্ব্বাঃ সযক্ষোরগরাক্ষসাঃ।
নালং লোকা রণে জেতুং পাল্যমানং কিরীটিনা ॥১১॥
বিশ্বসৃগ্‌যত্র গোবিন্দঃ পৃতনানীস্তথার্জ্জুনঃ।
তত্র কোঽস্য বলং ক্রামেদন্যত্র ত্র্যম্বকাৎ প্রভো! ॥১২॥
সত্যং ব্রবীম্যহং রাজন্! নৈতজ্জাত্বন্যথা ভবেৎ।
অদ্যৈষাং প্রবরং কঞ্চিৎ পাতয়িষ্যে মহারথম্ ॥১৩॥

বরমিতি। বিকৃতবান্ বিপরীতং কৃতবান্। আর্য্যাঃ সজ্জনাঃ ॥৯॥
তত ইতি। হ্রীতো যুধিষ্ঠিরগ্রহণাসামর্থ্যাল্লজ্জিতঃ। ঘটমানং চেষ্টমানম্ ॥১০॥
সেতি। অলং সমর্থা ন ভবন্তি, লোকাস্ত্রিভুবনবাসিনো জনাঃ ॥১১॥
বিশ্বেতি। পৃতনানীঃ সেনাচালকঃ। বলং শক্তিম্, ক্রামেৎ অতিক্রামেৎ, ত্র্যম্বকাচ্ছিবাৎ ॥১২॥

আপনি জয় লাভের ইচ্ছা করিয়া যদি যুদ্ধে কোন শত্রুকে ধরিবার ইচ্ছা করেন, তবে পাণ্ডবেরা দেবগণের সহিত মিলিত হইয়া রক্ষা করিতে থাকিলেও, আপনার দৃষ্টিবিষয়প্রাপ্ত সে শত্রু মুক্তিলাভ করিতে পারে না ॥৮॥

আপনি সন্তুষ্ট হইয়া আমাকে বরদান করিয়া পরে বিপরীত কার্য্য করিয়াছেন। দেখুন—সজ্জনেরা কোন প্রকারেই ভক্তের আশাভঙ্গ করেন না' ॥৯॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, দ্রোণ লজ্জিত হইয়া তাঁহাকে বলিলেন—'বৎস! আমি সর্বদাই তোমার প্রিয়কার্য্য করিবার চেষ্টা করিতেছি; সুতরাং তুমি সেরূপ বুঝিতে পার না ॥১০॥

দেখ, অর্জুন রক্ষা করিতে থাকিলে, দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও পন্নগদিগের সহিত মিলিত হইয়া সমগ্র ত্রিভুবনও যুদ্ধে কোন লোককে জয় করিতে পারে না ॥১১॥

সুতরাং বিশ্ববিধাতা স্বয়ং কৃষ্ণ যে পক্ষে রহিয়াছেন এবং অর্জুন যে পক্ষের সেনাপরিচালক, এক মহাদেব ব্যতীত অন্য কোন্ ব্যক্তি সেই পক্ষের যুধিষ্ঠিরের শক্তি অতিক্রম করিতে পারে? ॥১২॥

(৯) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (১০) ততোঽপ্রীতস্তথোক্তঃ সন্…নি। (১২)… তত্র কস্য…প্রভোঃ—বা ব রা নি। (১৩) সত্যং তাত! ব্রবীম্যহং · নি।

CENTRAL LIBRARY

তঞ্চ ব্যূহং বিধাস্যামি যোঽভেদ্যস্ত্রিদশৈরপি।
যোগেন কেনচিদ্রাজন্! অর্জ্জুনস্ত্বপনীয়তাম্ ॥১৪॥
নহ্যজ্ঞাতমসাধ্যং বা তস্য সংখ্যেঽস্তি কিঞ্চন।
তেন হ্যুপাত্তং সকলমস্ত্রজ্ঞানমিতস্ততঃ ॥১৫॥
দ্রোণেন ব্যাহৃতে ত্বেবং সংশপ্তকগণাঃ পুনঃ।
আহ্বয়ন্নর্জ্জুনং সংখ্যে দক্ষিণামভিতো দিশম্ ॥১৬॥
ততোঽর্জ্জুনস্যাথ পরৈঃ সার্দ্ধং সমভবদ্রণঃ।
তাদৃশো যাদৃশো নান্যঃ শ্রুতো দৃষ্টোঽপি বা ক্বচিৎ ॥১৭॥
তত্র দ্রোণেন বিহিতো ব্যূহো রাজন্! ব্যরোচত।
শরন্মধ্যন্দিনে সূর্য্যঃ প্রতপন্নিব দুর্দ্দৃশঃ ॥১৮॥

সত্যমিতি। জাতু কদাচিৎ। এষাং পাণ্ডবানাম্ ॥১৩॥
তমিতি। তং তাদৃশম্। যোগেন উপায়েন। অপনীয়তাং স্থানান্তরে অপসার্য্যতাম্ ॥১৪॥
নহীতি। সংখ্যে যুদ্ধবিষয়ে। উপাত্তং গৃহীতম্। ইতো মর্ত্ত্যলোকাৎ, ততঃ স্বর্গলোকাৎ ॥১৫॥
দ্রোণেনেতি। ব্যাহৃতে উক্তে। দক্ষিণাং দিশমিতি অভিতঃশব্দযোগে দ্বিতীয়া ॥১৬॥
তত ইতি। পরৈঃ সংশপ্তকনারায়ণসৈন্যৈঃ, তেষামবশেষস্য পূর্ব্বমুক্তত্বাৎ ॥১৭॥
তত্রেতি। দুঃখেন দৃশ্যত ইতি দুর্দ্দৃশো দুর্দ্দর্শঃ, আর্ষত্বাদ্গুণাভাবঃ ॥১৮॥

(সে যাহা হউক,) রাজা! আমি আজ সত্য বলিতেছি, কখনও একথা মিথ্যা হইবে না। আমি আজ পাণ্ডবপক্ষের কোন প্রধান মহারথকে নিপাতিত করিব ॥১৩॥

রাজা! দেবতারাও যাহা ভেদ করিতে পারেন না, আমি আজ সেই-প্রকার এক ব্যূহ রচনা করিব। তোমরা কোন উপায়ে অর্জ্জুনকে অন্যদিকে লইয়া যাও ॥১৪॥

কারণ, যুদ্ধবিষয়ে অর্জ্জুনের অজ্ঞাত বা অসাধ্য কিছুই নাই। কেন না, তিনি মর্ত্ত্যলোক এবং স্বর্গলোক হইতে সর্বপ্রকার অস্ত্রজ্ঞানই লাভ করিয়াছেন' ॥১৫॥

দ্রোণাচার্য্য এইরূপ বলিলে, সংশপ্তকেরা দক্ষিণদিকে যাইয়া যুদ্ধ করিবার জন্য পুনরায় অর্জ্জুনকে আহ্বান করিল ॥১৬॥

তাহার পর সংশপ্তকপ্রভৃতির সহিত অর্জ্জুনের যেরূপ যুদ্ধ হইল, সেরূপ অন্য যুদ্ধ আমরা কখন দেখিও নাই বা শুনিও নাই ॥১৭॥

(১৪) চক্রব্যূহং বিধাস্যামি···নি। (১৫)···সকলং সর্বজ্ঞানম্···বা নি। (১৬)··· আহ্বয়ন্নোঽর্জ্জুনম্···পি ব। (১৮)··· চরন্মধ্যন্দিনে···বা নি।

তঞ্চাভিমন্যুর্ব্বচনাৎ পিতুর্জ্যেষ্ঠস্য ভারত !।
বিভেদ দুর্ভিদং সংখ্যে চক্রব্যূহমনেকধা ॥১৯॥
স কৃত্বা দুষ্করং কর্ম্ম হত্বা বীরান্ সহস্রশঃ।
ষট্স্থ বীরেষু সংসক্তো দৌঃশাসনিবশং.গতঃ ॥২০॥
বয়ং পরমসংহৃষ্টাঃ পাণ্ডবাঃ শোককর্ষিতাঃ।
সৌভদ্রে নিহতে রাজন্নবহারং স্ম কুর্ম্মহে ॥২১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

পুত্রং পুরুষসিংহস্য সঞ্জয়াপ্রাপ্তযৌবনম্।
রণে বিনিহতং শ্রুত্বা ভৃশং মে দীর্য্যতে মনঃ ॥২২॥
দারুণঃ ক্ষত্রধর্ম্মোঽয়ং বিহিতো ধর্ম্মকর্ত্তৃভিঃ।
যত্র রাজ্যেপ্সবঃ শূরা বালে শস্ত্রমপাতয়ন্ ॥২৩॥

তমিতি। জ্যেষ্ঠস্য পিতুর্যুধিষ্ঠিরস্য। অন্যৈর্দুষ্করা ভিদা ভেদো যস্য তম্ ॥১৯॥
স ইতি। সংসক্তো যুদ্ধে মিলিতঃ, দৌঃশাসনির্দুঃশাসনপুত্রঃ ॥২০॥
বয়মিতি। সৌভদ্রে অভিমন্যৌ। অবহারং তদ্দিনযুদ্ধনিবৃত্তিম্ ॥২১॥
পুত্রমিতি। পুরুষসিংহস্য অর্জ্জুনস্য। এতেনোদ্বেগোঽপি সূচ্যতে ॥২২॥

তৎকালে এদিকে দ্রোণ যে ব্যূহ রচনা করিয়াছিলেন, শরৎকালের মধ্যাহ্ন-সময়ে জগৎসন্তাপকারী সূর্য্যের ন্যায় সেই ব্যূহের প্রতি দৃষ্টিপাত করাও দুষ্কর হইয়াছিল ॥১৮॥

কিন্তু ভরতনন্দন! অভিমন্যু যুধিষ্ঠিরের আদেশে দুর্ভেদ্য সেই চক্রব্যূহকে অনেক ভাবে ভেদ করিলেন ॥১৯॥

তৎপরে তিনি দুষ্কর কার্য্য করিয়া সহস্র সহস্র বীর সংহারপূর্ব্বক ছয় জন বীরের সহিত মিলিত হইয়া পরে দুঃশাসনপুত্রের হাতে নিহত হইলেন ॥২০॥

রাজা! অভিমন্যু নিহত হইলে, আমরা পরমানন্দিত এবং পাণ্ডবেরা অত্যন্তশোকার্ত্ত হইয়া (সে দিনের মত) যুদ্ধ সমাপ্ত করিলাম' ॥২১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পুরুষসিংহ অর্জ্জুনের পুত্র এবং অপ্রাপ্তযৌবন অভিমন্যুকে যুদ্ধে নিহত শুনিয়া আমার হৃদয় অত্যন্ত বিদীর্ণ হইতেছে ॥২২॥

ধর্ম্মব্যবস্থাপকেরা এই ক্ষত্রিয়ধর্ম্মকে দারুণ করিয়া বিহিত করিয়াছেন। কারণ, যে ধর্ম্ম অনুসারে রাজ্যাভিলাষী বীরেরা বালকের উপরেও অস্ত্রক্ষেপ করিয়াছেন ॥২৩॥

(২১) অবহারমকুর্ম্মহি—বা ব রা নি। ইতঃ পরং বহুষু পুস্তকেষু বহব এব পাঠভেদা লক্ষ্যন্তে। (২৩)…বালে শস্ত্রাণ্যপাতয়ন্…পি।

CENTRAL LIBRARY

বালমত্যন্তসুখিনং বিচরন্তমভীতবৎ।
কৃতাস্ত্রা বহবো জঘ্নুর্ব্রূহি গাবল্গনে! কথম্ ॥২৪॥
বিভিৎসতা রথানীকং সৌভদ্রেণামিতৌজসা।
বিক্রীড়িতং যথা সংখ্যে তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২৫॥

সঞ্জয় উবাচ।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র! সৌভদ্রস্য নিপাতনম্।
তত্তে কার্ৎস্ন্যেন বক্ষ্যামি শৃণু রাজন্! সমাহিতঃ ॥২৬॥
বিক্রীড়িতং কুমারেণ যথানীকং বিভিৎসতা।
আরুগ্নাশ্চ যথা বীরা দুরাবারাসহিষ্ণবঃ ॥২৭॥
দাবাগ্ন্যভিপরীতানাং ভূরিগুল্মতৃণদ্রুমে।
বনৌকসামিবারণ্যে ত্বদীয়ানামভূদ্ভয়ম্ ॥২৮॥

দারুণ ইতি। ধর্ম্মকর্ত্তৃভির্জাতিধর্ম্মব্যবস্থাপকৈর্মন্বাদিভিঃ। যত্র যেন ॥২৩॥
বালমিতি। হে গাবল্গনে! গবল্গনপুত্র! সঞ্জয়! ॥২৪॥
বিভিৎসতেতি। বিভিৎসতা ভেত্তুমিচ্ছতা। বিক্রীড়িতং বিক্রীড়িতবদেব বিচরিতম্ ॥২৫॥
যদিতি। কার্ৎস্ন্যেন সাকল্যেন। সমাহিতঃ কৃতমনোযোগঃ ॥২৬॥
বীতি। আরুগ্না ভগ্নাঃ। দুরাবারা দুর্নিবারাশ্চ তে অসহিষ্ণবশ্চেতি তে ॥২৭॥

(সে যাহা হউক,) সঞ্জয়! বালক ও অত্যন্তসুখী অভিমন্যু নির্ভয়ের ন্যায় বিচরণ করিতেছিল, এই অবস্থায় শিক্ষিতাস্ত্র বহু বীর তাহাকে কি করিয়া বধ করিলেন? ॥২৪॥

সঞ্জয়! অমিততেজা অভিমন্যু রথিসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া যে ভাবে যুদ্ধে বিচরণ করিয়াছিল, তাহা আমার নিকট বল' ॥২৫॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! আপনি যে আমার নিকটে অভিমন্যুবধের কথা জিজ্ঞাসা করিলেন, তাহা আমি সমস্তই বলিব; আপনি মনোযোগ দিয়া শুনুন ॥২৬॥

কুমার অভিমন্যু কৌরবসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া যেভাবে বিচরণ করিয়াছিলেন এবং যে ভাবে দুর্নিবারও অসহিষ্ণু বীরগণকে পরাভূত করিয়াছিলেন, (তাহাও বলিব) ॥২৭॥

(২৭)…দুশ্চরাশ্চাসহিষ্ণবঃ—পি,…দুঃসাধ্যাশ্চাপি বিপ্লবে—বা নি। (২৮) ইতঃ পরম্ '…দ্বাত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি। তৎপরঞ্চ অপ্রাসঙ্গিকা দশ শ্লোকাঃ পি বা ব। তে চ যথা—

সঞ্জয় উবাচ।

সমরেঽত্যুগ্রকর্ম্মাণঃ কর্ম্মভির্ব্যঞ্জিতশ্রমাঃ। সকৃষ্ণাঃ পাণ্ডবাঃ পঞ্চ দেবৈরপি দুরাসদাঃ॥

CENTRAL LIBRARY

ধৃতরাষ্ট্র উবাচ।

অভিমন্যুমহং সূত! সৌভদ্রমপরাজিতম্।
শ্রোতুমিচ্ছামি কার্ৎস্ন্যেন কথমায়োধনে হতঃ ॥২৯॥

সঞ্জয় উবাচ।

স্থিরো ভব মহারাজ! শোকং ধারয় দুর্দ্ধরম্।
মহান্তং বন্ধুনাশং তে কথয়িষ্যামি তচ্ছৃণু ॥৩০॥
চক্রব্যূহো মহারাজ! আচার্য্যেণাভিকল্পিতঃ।
তত্র শক্রোপমাঃ সর্ব্বে রাজানো বিনিবেশিতাঃ ॥৩১॥

দাবেতি। দাবাগ্নিনা অভিপরীতানাং পরিবেষ্টিতানাম্। বনৌকসাং বনবাসিনাম্ ॥২৮॥
অভীতি। হে সূত! সূতবংশীয় সঞ্জয়!। আয়োধনে যুদ্ধে ॥২৯॥
স্থির ইতি। ধারয় সংবৃণু ॥৩০॥
চক্রেতি। আচার্য্যেণ দ্রোণেন, অভিকল্পিতো রচিতঃ। তত্র চক্রব্যূহে ॥৩১॥

প্রচুর গুল্ম, তৃণ ও বৃক্ষপূর্ণ বনে দাবাগ্নিপরিবেষ্টিত বনবাসীদিগের যেরূপ ভয় হয়, আপনার পক্ষের বীরগণেরও সেইরূপ ভয় হইয়াছিল' ॥২৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অপরাজিত সুভদ্রানন্দন অভিমন্যুর বধবৃত্তান্ত আমি সমস্তই শুনিতে ইচ্ছা করি; সে কিপ্রকারে যুদ্ধে নিহত হইল' ॥২৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! স্থির হউন, দুর্দ্ধর শোক সম্বরণ করুন। গুরুতর বন্ধুনাশ আপনার নিকট বলিব, তাহা শ্রবণ করুন ॥৩০॥

মহারাজ! সে দিন দ্রোণাচার্য্য চক্রব্যূহ নির্ম্মাণ করিলেন এবং তাহাতে ইন্দ্রতুল্য সকল রাজাকে স্থাপন করিলেন ॥৩১॥

সত্ত্বকর্ম্মাধবৈর্বুদ্ধ্যা কীর্ত্ত্যা চ যশসা শ্রিয়া। নৈব ভূতো ন ভবিতা কৃষ্ণতুল্যগুণঃ পুমান্॥
সত্যধর্ম্মরতো দান্তো বিপ্রপূজাদিভির্গুণৈঃ। সদৈব ত্রিদিবং প্রাপ্তো রাজা কিল যুধিষ্ঠিরঃ॥
যুগান্তে চান্তকো রাজন্ জামদগ্ন্যশ্চ বীর্য্যবান্। রথস্থো ভীমসেনশ্চ কথ্যন্তে সদৃশাস্ত্রয়ঃ॥
প্রতিজ্ঞাকর্ম্মদক্ষস্য রণে গাণ্ডীবধন্বনঃ। উপমাং নাধিগচ্ছামি পার্থস্য সদৃশীং ক্ষিতৌ॥
গুরুবাৎসল্যমত্যন্তং নৈভৃত্যং বিনয়ো দমঃ। নকুলেঽপ্রাতিরূপ্যঞ্চ শৌর্য্যঞ্চ নিয়তানি ষট্॥
শ্রুতগাম্ভীর্য্যমাধুর্য্যসত্ত্বরূপপরাক্রমৈঃ। সদৃশো দেবয়োর্ব্বীরঃ সহদেবঃ কিলাশ্বিনোঃ॥
যে চ কৃষ্ণে গুণাঃ স্ফীতাঃ পাণ্ডবেষু চ যে গুণাঃ। অভিমন্যৌ কিলৈকস্থা দৃশ্যন্তে গুণসঞ্চয়াঃ॥
যুধিষ্ঠিরস্য ধৈর্য্যেণ কৃষ্ণস্য চরিতেন চ। কর্ম্মভির্ভীমসেনস্য সদৃশো ভীমকর্ম্মণঃ॥
ধনঞ্জয়স্য রূপেণ বিক্রমেণ শ্রুতেন চ। বিনয়াৎ সহদেবস্য সদৃশো নকুলস্য চ॥

(২৯)···কথমায়োধনে হতম্—পি। (৩০) স্থিরীভব···পি। (৩১) পদ্মব্যূহো মহারাজ! ·· তত্র পদ্মোপমাঃ সর্ব্বে···নি।

CENTRAL LIBRARY

অবস্থানেষু বিন্যস্তাঃ কুমারাঃ সূর্য্যবর্চ্চসঃ।
সংঘাতো রাজপুত্রাণাং সর্বেষামভবত্তদা ॥৩২॥
কৃতাভিসময়াঃ সর্ব্বে স্বর্ণবিকৃতধ্বজাঃ।
রক্তাম্বরধরাঃ সর্বে সর্ব্বে রক্তবিভূষণাঃ ॥৩৩॥
সর্ব্বে রক্তপতাকাশ্চ সর্বে বৈ হেমমালিনঃ।
চন্দনাগুরুদিগ্ধাঙ্গাঃ স্রগ্বিণঃ সূক্ষ্মবাসসঃ ॥৩৪॥
সহিতাঃ পর্য্যধাবন্ত কাঙ্ক্ষিং প্রতি যুযুৎসবঃ।
তেষাং দশ সহস্রাণি বভূবুর্দৃঢ়ধন্বিনাম্।
পৌত্রং তব পুরস্কৃত্য লক্ষ্মণং প্রিয়দর্শনম্ ॥৩৫॥ (বিশেষকম্)
অন্যোন্যসমদুঃখাস্তে অন্যোন্যসমসাহসাঃ।
অন্যোন্যং স্পর্দ্ধমানাশ্চ অন্যোন্যস্য হিতে রতাঃ ॥৩৬॥
দুর্য্যোধনস্তু রাজেন্দ্র! সৈন্যমধ্যে ব্যবস্থিতঃ।
কর্ণদুঃশাসনকৃপৈর্বৃতো রাজা মহারথৈঃ ॥৩৭॥

অবেতি। অবস্থানেষু যথাযোগ্যস্থানেষু। সংঘাতঃ সম্মেলনম্ ॥৩২॥

কৃতেতি। কৃতাভিসময়াঃ সর্বেণ ভাবেন কৃতশপথাঃ, স্বর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণখচিতধ্বজাঃ। চন্দনাগুরুভির্দিগ্ধাঙ্গা লিপ্তগাত্রাঃ, স্রগ্বিণঃ পুষ্পমালাবন্তঃ। কাঙ্ক্ষিমভিমন্যুম্। পৌত্রং দুর্য্যোধনপুত্রত্বাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩—৩৫॥

অন্যোন্যেতি। সর্ব্বত্র আসন্নিতি শেষঃ ॥৩৬॥

এবং সূর্য্যের তুল্য তেজস্বী রাজকুমারদিগকে যথাস্থানে সন্নিবেশিত করিলেন। তখন সমস্ত রাজপুত্রের একটী সমবায় হইল ॥৩২॥

তাঁহারা সকলেই যুদ্ধের সমস্ত বিষয়ে শপথ করিলেন; সকলের ধ্বজই স্বর্ণখচিত ছিল, সকলের পরিধানেই রক্ত বস্ত্র, সকলেরই রক্ত ভূষণ, সকলেরই রক্ত পতাকা, সকলের কণ্ঠেই স্বর্ণমালা, সকলের অঙ্গই চন্দন ও অগুরুদ্বারা লিপ্ত, সকলের গলদেশেই পুষ্পমালা এবং সকলের পরিধানেই সূক্ষ্ম বস্ত্র ছিল। তাঁহারা সম্মিলিত হইয়া আপনার পৌত্র প্রিয়দর্শন লক্ষ্মণকে অগ্রবর্ত্তী করিয়া যুদ্ধ করিবার ইচ্ছায় সকল দিক্ হইতে অভিমন্যুর প্রতি ধাবিত হইলেন। তৎকালে দৃঢ়ধনুর্দ্ধর সেই রাজপুত্রেরা সংখ্যায় দশ সহস্র হইয়াছিলেন ॥৩৩—৩৫॥

তাঁহাদের পরস্পর সমান দুঃখ, সমান সাহস ও সমান স্পর্দ্ধা ছিল এবং তাঁহারা পরস্পর হিতে নিরত ছিলেন ॥৩৬॥

রাজশ্রেষ্ঠ! সেই সৈন্যের মধ্যস্থানে রাজা দুর্য্যোধন অবস্থান করিতে

(৩৫)···তেষাং শতসহস্রাণি···পি।

দেবরাজোপমঃ শ্রীমান্ শ্বেতচ্ছত্রাভিসংবৃতঃ।
চামরব্যজনক্ষেপৈরুদয়ন্নিব ভাস্করঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
প্রমুখে তস্য সৈন্যস্য দ্রোণোঽবাস্থিত নায়কঃ।
সিন্ধুরাজস্তথাতিষ্ঠচ্ছ্রীমান্ মেরুরিবাচলঃ ॥৩৯॥
সিন্ধুরাজস্য পার্শ্বস্থা অশ্বত্থামপুরোগমাঃ।
সুতাস্তব মহারাজ! ত্রিংশত্ত্রিদশসন্নিভাঃ ॥৪০॥
গান্ধাররাজঃ কিতবঃ শল্যো ভূরিশ্রবাস্তথা।
পার্শ্বতঃ সিন্ধুরাজস্য ব্যরাজন্ত মহারথাঃ ॥৪১॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে সংক্ষেপতোঽভিমন্যুবধবর্ণনে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

দুর্য্যোধন ইতি। বৃতঃ পরিবেষ্টিতঃ। চামরব্যজনক্ষেপৈর্যুক্তঃ ॥৩৭—৩৮॥
প্রেতি। প্রমুখে অগ্রে। নায়কঃ সেনাপতিঃ। সিন্ধুরাজো জয়দ্রথঃ ॥৩৯॥
সিন্ধুরাজস্যেতি। ত্রিদশসন্নিভা দেবতুল্যপরাক্রমাঃ ॥৪০॥
গান্ধারেতি। কিতবো ধূর্ত্তঃ। পার্শ্বতঃ পার্শ্বে ॥৪১॥
তত ইতি। নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিজনকম্। মৃত্যোরভাবে যুদ্ধান্ন নিবৃত্তিরিত্যাশয়ঃ ॥৪২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

লাগিলেন; মহারথ কর্ণ, দুঃশাসন ও কৃপ তাঁহাকে পরিবেষ্টন করিয়া রহিলেন; তাঁহার মস্তকের উপরে একটা শ্বেতচ্ছত্র ধারণ করিল এবং দুই পার্শ্বে চামর-ব্যজন করিতে লাগিল। তখন তিনি দেবরাজের ন্যায় এবং উদয়মান সূর্য্যের তুল্য শোভা পাইতে লাগিলেন ॥৩৭—৩৮॥

সেই সৈন্যের সম্মুখদেশে সেনাপতি দ্রোণ থাকিলেন এবং বীরশোভায় শোভিত সিন্ধুরাজ জয়দ্রথ সুমেরুপর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৩৯॥

মহারাজ! সিন্ধুরাজের পার্শ্বে অশ্বত্থামা এবং দেবতার তুল্য পরাক্রমশালী আপনার ত্রিশ জন পুত্র থাকিলেন ॥৪০॥

আর ধূর্ত্ত শকুনি, শল্য ও ভূরিশ্রবা এই মহারথেরা জয়দ্রথের অপর পার্শ্বে শোভা পাইতে লাগিলেন ॥৪১॥

---

(৩৯)···দ্রোণাবস্থিতনায়কঃ···পি,···দ্রোণোঽবস্থিত নায়কঃ···বা ব নি। * '···ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '···চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তদনীকমনাধৃষ্যং ভারদ্বাজেন রক্ষিতম্।
পার্থাঃ সমভ্যবর্ত্তন্ত ভীমসেনপুরোগমাঃ ॥১॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
কুন্তিভোজশ্চ বিক্রান্তো দ্রুপদশ্চ মহারথঃ ॥২॥
আর্জ্জুনিঃ ক্ষত্রধর্ম্মা চ বৃহৎক্ষত্রশ্চ বীর্য্যবান্।
চেদিপো ধৃষ্টকেতুশ্চ মাদ্রীপুত্রৌ ঘটোৎকচঃ ॥৩॥
যুধামন্যুশ্চ বিক্রান্তঃ শিখণ্ডী চাপরাজিতঃ।
উত্তমৌজাশ্চ দুর্দ্ধর্ষো বিরাটশ্চ মহারথঃ ॥৪॥
দ্রৌপদেয়াশ্চ সংরব্ধাঃ শৈশুপালিশ্চ বীর্য্যবান্।
কেকয়াশ্চ মহাবীর্য্যাঃ সৃঞ্জয়াশ্চ সহস্রশঃ ॥৫॥
এতে চান্যে চ সগণাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ।
সমভ্যধাবন্ সহসা ভারদ্বাজং যুযুৎসবঃ ॥৬॥ (কুলকম্)

তদিতি। অনীকং কৌরবসৈন্যম্, অনাধৃষ্যম্ অনভিভবনীয়ম্। পার্থাঃ পাণ্ডবাঃ ॥১॥
সাত্যকিরিতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। আর্জ্জুনিরভিমন্যুঃ। চেদিপশ্চেদিরাজঃ। দুর্দ্ধর্ষো মহাবীরঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, সংরব্ধাঃ সোৎসাহাঃ, শৈশুপালিঃ ধৃষ্টকেতুভিন্নঃ শিশুপালপুত্রঃ। সগণাঃ পরিজনসহিতাঃ, কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ ॥২-৬॥

তাহার পর 'মৃত্যুই আমাদিগকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিতে পারিবে' এই-রূপ সঙ্কল্প করিয়া আপনার পক্ষ ও বিপক্ষ তুমুল ও লোমহর্ষণ যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৪২॥

সঞ্জয় বলিলেন—'ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরা দ্রোণরক্ষিত দুর্দ্ধর্ষ সেই কৌরবসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥১॥

আর সাত্যকি, চেকিতান, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, বিক্রমশালী কুন্তিভোজ, মহারথ দ্রুপদ, অভিমন্যু, ক্ষত্রধর্ম্মা, বলবান্ বৃহৎক্ষত্র, চেদিরাজ ধৃষ্টকেতু, নকুল,

(৩)···ক্ষত্রবর্ম্মা চ···পি।

CENTRAL LIBRARY

সমীপে বর্ত্তমানাংস্তান্ ভারদ্বাজোঽতিবীর্য্যবান্।
অসংভ্রান্তঃ শরৌঘেণ মহতা সমবারয়ৎ ॥৭॥
মহৌঘঃ সলিলস্যেব গিরিমাসাদ্য দুর্ভিদম্।
দ্রোণং তে নাভ্যবর্ত্তন্ত বেলামিব জলাশয়াঃ ॥৮॥
পীড্যমানাঃ শরৈ রাজন্! দ্রোণচাপবিনিঃসৃতৈঃ।
ন শেকুঃ প্রমুখে স্থাতুং ভারদ্বাজস্য পাণ্ডবাঃ ॥৯॥
তদদ্ভুতমপশ্যাম দ্রোণস্য ভুজয়োর্বলম্।
যদেনং নাভ্যবর্ত্তন্ত পাঞ্চালাঃ সৃঞ্জয়ৈঃ সহ ॥১০॥
তমায়ান্তমতিক্রুদ্ধং দ্রোণং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
বহুধা চিন্তয়ামাস দ্রোণস্য প্রতিবারণম্ ॥১১॥

সমীপ ইতি। অসংভ্রান্তঃ প্রবলবিপক্ষদর্শনেঽপি অবিচলিতচিত্তঃ ॥৭॥

মহৌঘ ইতি। দুষ্করা ভিদা বিদারণং যস্য তম্। নাভ্যবর্ত্তন্ত নাতিক্রামন্, বেলাং তীরম্ ॥৮॥

পীড্যেতি। প্রমুখে সম্মুখে, ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৯॥

তদিতি। দ্রোণাভিমুখ্যেন যদনবস্থানং তদেবাদ্ভুতমিতি ভাবঃ ॥১০॥

তমিতি। কেনোপায়েন প্রতিবারণং ভবেদিতি বিষয়ং বহুধা চিন্তয়ামাস ॥১১॥

সহদেব, ঘটোৎকচ, বিক্রমশালী যুধামন্যু, অপরাজিত শিখণ্ডী, দুর্দ্ধর্ষ উত্তমৌজা, মহারথ বিরাট, উৎসাহসম্পন্ন দ্রৌপদীর পুত্রগণ, বলবান্ শিশুপালপুত্র, মহাবীর কেকয়গণ এবং সহস্র সহস্র সৃঞ্জয়, ইঁহারা এবং অন্যও বহুতর যুদ্ধদুর্দ্ধর্ষ ও অস্ত্রে সুশিক্ষিত বীর অনুচরগণের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া সত্বর দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২—৬॥

তখন অত্যন্ত বলবান্ দ্রোণ অবিচলিত থাকিয়া বিশাল শরজালদ্বারা নিকটবর্ত্তী সেই পাণ্ডবপক্ষীয় বীরগণকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

জলের মহাস্রোত যেমন দুর্ভেদ্য পর্বতের নিকটে যাইয়া তাহা ভেদ করিতে পারে না এবং নদীপ্রভৃতি যেমন তীর অতিক্রম করিতে সমর্থ হয় না, সেইরূপ পাণ্ডবেরা দ্রোণকে অতিক্রম করিতে পারিলেন না ॥৮॥

রাজা দ্রোণের ধনু হইতে নির্গত বাণসমূহ পীড়ন করিতে লাগিলে, পাণ্ডবেরা দ্রোণের সম্মুখেই থাকিতে পারিলেন না ॥৯॥

তখন আমরা দ্রোণের অদ্ভুত বাহুবল দেখিলাম; যে হেতু সৃঞ্জয়গণের সহিত পাঞ্চালেরা দ্রোণের সম্মুখে থাকিতেই সমর্থ হইল না ॥১০॥

(১১)···অভিক্রুদ্ধম্···বা ব রা নি।

অশক্যন্তু তমন্যেন দ্রোণং মত্বা যুধিষ্ঠিরঃ।
অবিষহ্যং গুরুং ভারং সৌভদ্রে সমবাসৃজৎ ॥১২॥
বাসুদেবাদনবরং ফাল্গুনাচ্চামিতৌজসম্।
অব্রবীৎ পরবীরঘ্নমভিমন্যুমিদং বচঃ ॥১৩॥
এত্য নো নার্জ্জুনো গর্হেদ্‌যথা তাত! তথা কুরু।
চক্রব্যূহস্য ন বয়ং বিদ্মো ভেদং কথঞ্চন ॥১৪॥
ত্বং বার্জ্জুনো বা কৃষ্ণো বা ভিন্দ্যাৎ প্রদ্যুম্ন এব বা।
চক্রব্যূহং মহাবাহো! পঞ্চমো নোপপদ্যতে ॥১৫॥
অভিমন্যো! বরং তাত! যাচতাং দাতুমর্হসি।
পিতৄণাং মাতুলানাঞ্চ সৈন্যানাঞ্চৈব সর্ব্বশঃ ॥১৬॥
ধনঞ্জয়ো হি নস্তাত! গর্হয়েদেত্য সংযুগাৎ।
ক্ষিপ্রমস্ত্রং সমাদায় দ্রোণানীকং বিশাতয় ॥১৭॥

অশক্যমিতি। অশক্যং বারয়িতুমিতি শেষঃ। সমবাসৃজৎ সমর্পয়ৎ ॥১২॥
বাস্বিতি। অনবরমন্যূনম্, ফাল্গুনাদর্জ্জুনাৎ। অব্রবীদ্‌যুধিষ্ঠির এব ॥১৩॥
এত্যেতি। নঃ অস্মান্। বিদ্মো জানীমঃ ॥১৪॥
ত্বমিতি। প্রদ্যুম্নঃ কৃষ্ণস্যৈব পুত্রঃ। নোপপদ্যতে অসত্ত্বান্ন সম্ভবতি ॥১৫॥
অভীতি। যাচতাং যাচমানানাম্। পিতৄণামস্মাকম্, মাতুলানাং সাত্যকিপ্রভৃতীনাম্ ॥১৬॥

অত্যন্তক্রুদ্ধ দ্রোণকে আসিতে দেখিয়া যুধিষ্ঠির তাঁহার নিবারণের বিষয়ে বহুপ্রকার চিন্তা করিলেন ॥১১॥

ক্রমে অন্য কেহই দ্রোণকে নিবারণ করিতে সমর্থ হইবে না এইরূপ মনে করিয়া যুধিষ্ঠির অভিমন্যুর উপরে অসহ্য গুরুতর ভার অর্পণ করিলেন ॥১২॥

কৃষ্ণ ও অর্জ্জুন অপেক্ষা অন্যূন, অমিততেজা ও বিপক্ষবীরহন্তা অভিমন্যুকে তিনি এই কথা বলিলেন—॥১৩॥

'বৎস! অর্জ্জুন আসিয়া যাহাতে আমাদের নিন্দা না করেন, তুমি সেইরূপ কার্য্য কর। আমরা কোন প্রকারেই চক্রব্যূহের ভেদ জানি না ॥১৪॥

মহাবাহু! তুমি, বা অর্জ্জুন, কিংবা কৃষ্ণ, অথবা প্রদ্যুম্ন, তোমরা এই চারি জনই চক্রব্যূহ ভেদ করিতে পার; কিন্তু পঞ্চম কেহ পারে না ॥১৫॥

অতএব বৎস অভিমন্যু! তোমার পিতৃগণ, মাতুলগণ ও সমস্ত সৈন্য তোমার নিকট বর প্রার্থনা করিতেছেন, তুমি তাহা দান কর ॥১৬॥

(১৩) শ্লোকাৎ পরম্ 'যুধিষ্ঠির উবাচ' নি। (১৪)···পদ্মব্যূহস্য ন বয়ম্···নি,···বিদ্ম ভেদম্···পি। (১৫) ত্বঞ্চার্জ্জুনো বা···পি,···দ্রোণানীকং মহাবাহো!···নি।

অভিমন্যুরুবাচ।

দ্রোণস্য দৃঢ়মত্যুগ্রমনীকপ্রবরং যুধি।
পিতৃণাং জয়মাকাঙ্ক্ষন্নবগাহেঽবিলম্বিতম্ ॥১৮॥
উপদিষ্টো হি মে পিত্রা যোগোঽনীকবিশাতনে।
নোৎসহে তু বিনির্গন্তুমহং কস্যাঞ্চিদাপদি ॥১৯॥

যুধিষ্ঠির উবাচ।

ভিন্ধ্যনীকং যুধাং শ্রেষ্ঠ! দ্বারং সংজনয়স্ব নঃ।
বয়ং ত্বাঽনুগমিষ্যামো যেন ত্বং তাত! যাস্যসি ॥২০॥
ধনঞ্জয়সমং যুদ্ধে ত্বাং বয়ং তাত! সংযুগে।
প্রণিধায়ানুযাস্যামো রক্ষন্তঃ সর্ব্বতোমুখাঃ ॥২১॥

ধনঞ্জয় ইতি। নঃ অস্মান্। দ্রোণানীকং চক্রব্যূহস্থম্, বিশাতয় ভিন্ধি ॥১৭॥

দ্রোণস্যেতি। পিতৃণাং ভবতাম্। অবগাহে প্রবিশামি, অবিলম্বিতং দ্রুতমেব ॥১৮॥

তত্রানুপপত্তিমাহ উপেতি। পিত্রা অর্জ্জুনেন, যোগ উপায়ঃ, অনীকবিশাতনে চক্রব্যূহস্থ-সৈন্যভেদনে। কিন্তু তত্র কস্যাঞ্চিদাপদি ভাবিন্যাম্, বিনির্গন্তুং নোৎসহে ন শক্নোমি, পিত্রা তদুপায়স্যানুপদিষ্টত্বাদিত্যাশয়ঃ ॥১৯॥

ভিন্ধীতি। যেন পথা ত্বং যাস্যসি, বয়মপি তেন পথৈব ত্বা ত্বামনুগমিষ্যামঃ ॥২০॥

ধনঞ্জয়েতি। যুদ্ধে ধনঞ্জয়সমং ত্বাম্, সংযুগে প্রণিধায় অগ্রতঃ সংস্থাপ্য ॥২১॥

বৎস! অর্জ্জুন যুদ্ধ হইতে আসিয়া আমাদিগকে নিন্দা করিবেন। অতএব তুমি সত্বর অস্ত্র ধারণ করিয়া দ্রোণের চক্রব্যূহ ভেদ কর' ॥১৭॥

অভিমন্যু বলিলেন—'আমি পিতৃগণের জয়কামনা করিয়া সত্বরই যুদ্ধে দ্রোণের অতিভীষণ ও দৃঢ় প্রধানসৈন্যমধ্যে প্রবেশ করিতেছি ॥১৮॥

কিন্তু আমার পিতা আমার নিকট কেবল চক্রব্যূহভেদের উপায় বলিয়াছিলেন। সুতরাং সেখানে কোন বিপদ উপস্থিত হইলে আমি নির্গত হইতে সমর্থ হইব না' ॥১৯॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস যোদ্ধৃশ্রেষ্ঠ! তুমি ব্যূহ ভেদ কর এবং দ্বার প্রস্তুত করিয়া দাও; তা'র পর তুমি যে পথে যাইবে, আমরা সেই পথে তোমার পিছনে পিছনে যাইব ॥২০॥

বৎস! তুমি যুদ্ধে অর্জ্জুনের তুল্য। তথাপি আমরা তোমাকে যুদ্ধে সম্মুখে রাখিয়া রক্ষা করিতে থাকিয়া সকল দিক্ দেখিতে দেখিতে তোমার অনুসরণ করিব' ॥২১॥

ভীম উবাচ।

অহং ত্বাঽনুগমিষ্যামি ধৃষ্টদ্যুম্নোঽথ সাত্যকিঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাস্তথা সর্ব্বে প্রভদ্রকাঃ ॥২২॥
সকৃদ্ভিন্নং ত্বয়া ব্যূহং তত্র তত্র পুনঃ পুনঃ।
বয়ং প্রধ্বংসয়িষ্যামো নিঘ্নমানা বরান্ বরান্ ॥২৩॥

অভিমন্যুরুবাচ।

অহমেতৎ প্রবেক্ষ্যামি দ্রোণানীকং দুরাসদম্।
পতঙ্গ ইব স ক্রুদ্ধো জ্বলিতং জাতবেদসম্ ॥২৪॥
তৎ কর্ম্মাদ্য করিষ্যামি হিতং যদ্বংশয়োর্দ্বয়োঃ।
মাতুলস্য চ যৎপ্রীতিং করিষ্যতি পিতুশ্চ মে ॥২৫॥
শিশুনৈকেন সংগ্রামে কাল্যমানানি সংঘশঃ।
দ্রক্ষ্যন্তি সর্ব্বভূতানি দ্বিষৎসৈন্যানি বৈ ময়া ॥২৬॥

অহমিতি। ত্বা ত্বাম্। অনুগমিষ্যতি অনুগমিষ্যন্তীতি যথাসম্ভবমন্বয়ঃ ॥২২॥
সকৃদিতি। ভিন্নং কৃতদ্বারম্, ব্যূহং চক্রব্যূহম্। নিঘ্নমানা ইত্যার্ষঃ প্রয়োগঃ ॥২৩॥
অহমিতি। জাতবেদসং বহ্নিম্। এতেনাত্মনো মৃত্যুরবশ্যম্ভাবীতি সূচিতম্ ॥২৪॥
তদিতি। দ্বয়োর্মাতাপিতৃসম্বন্ধিনোঃ। মাতুলস্য কৃষ্ণস্য, পিতুরর্জ্জুনস্য ॥২৫॥

ভীম বলিলেন—'বৎস! আমি তোমার অনুসরণ করিব এবং ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকি যাইবেন; আর পাঞ্চালগণ, কেকয়গণ, মৎস্যগণ ও সমস্ত প্রভদ্রক যোদ্ধা তোমার পিছনে পিছনে গমন করিবেন ॥২২॥

তুমি একবার চক্রব্যূহ ভেদ করিয়া দিলে, আমরা প্রধান প্রধান শত্রু সংহার করিতে থাকিয়া সেই সেই স্থানে বার বার ঐ ব্যূহ বিধ্বস্ত করিব' ॥২৩॥

অভিমন্যু বলিলেন—'পতঙ্গ (ফড়িং) যেমন প্রজ্বলিত অগ্নির মধ্যে প্রবেশ করে, আমিও সেইরূপ অত্যন্তক্রুদ্ধ হইয়া এই দুর্দ্ধর্ষ দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিব ॥২৪॥

যে কার্য্য মাতৃবংশ ও পিতৃবংশ দুই বংশেরই হিতজনক হইবে এবং যে কার্য্য আমার মাতুল কৃষ্ণের ও পিতা ধনঞ্জয়ের প্রীতিসম্পাদন করিবে, আমি আজ সেই কার্য্য করিব ॥২৫॥

(২২)···কেকয়া মাৎস্যাঃ···নি। (২৫)···করিষ্যামি পিতুশ্চ মে—পি। (২৬) শ্লোকাৎ পরমিদং শ্লোকদ্বয়মধিকং বা ব রা নি। তদ্যথা—
নাহং পার্থেন জাতঃ স্যাং ন চ জাতঃ সুভদ্রয়া। যদি মে সংযুগে কশ্চিজ্জীবিতেনাদ্য মুচ্যতে ॥
যদি বৈকরথেনাহং সমগ্রং ক্ষত্রমণ্ডলম্। ন করোম্যষ্টধা যুদ্ধে ন ভবাম্যর্জ্জুনাত্মজঃ ॥

যুধিষ্ঠির উবাচ।

এবং তে ভাষমাণস্য বলং সৌভদ্র! বর্দ্ধতাম্।
যৎ সমুৎসহসে ভেত্তুং দ্রোণানীকং দুরাসদম্ ॥২৭॥
রক্ষিতং পুরুষব্যাঘ্রৈর্মহেষ্বাসৈর্মহাবলৈঃ।
সাধ্যরুদ্রমরুৎকল্পৈর্বসুয়াদিত্যবিক্রমৈঃ ॥২৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

তস্য তদ্বচনং শ্রুত্বা স যন্তারমচোদয়ৎ।
সুমিত্রাশ্বান্ রণে ক্ষিপ্রং দ্রোণানীকায় চোদয় ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপ্রতিজ্ঞায়াং দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

শিশুনেতি। কাল্যমানানি হন্যমানানি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥২৬॥

এবমিতি। সমুৎসহসে সম্যগুৎসাহং প্রকাশয়সি, দ্রোণস্য অনীকং চক্রব্যূহস্থং সৈন্যম্। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ কর্ণাদিভিঃ। মরুৎ পবনঃ ॥২৭—২৮॥

তস্যেতি। তস্য যুধিষ্ঠিরস্য। সঃ অভিমন্যুঃ, যন্তারং সারথিম্, অচোদয়ৎ প্রৈরয়ৎ। হে সুমিত্র! তদাখ্য! সারথে!। চোদয় প্রেরয় ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

আমি—বালক এবং একাকী হইয়াও যুদ্ধে দলে দলে শত্রুসৈন্য সংহার করিব; তাহা তত্রত্য লোকেরা দেখিতে পাইবে ॥২৬॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস সুভদ্রানন্দন! সাধ্য, রুদ্র ও বায়ুর সমান এবং বসু, অগ্নি ও সূর্য্যের তুল্য বিক্রমশালী, আর মহাবল ও মহাধনুর্দ্ধর পুরুষশ্রেষ্ঠগণ যাহা রক্ষা করিতেছেন, সেই দুর্দ্ধর্ষ দ্রোণসৈন্য ভেদ করিবার জন্য তুমি যখন উৎসাহ প্রকাশ করিতেছ এবং এইরূপ বলিতেছ, তখন তোমার শক্তি বৃদ্ধি লাভ করুক' ॥২৭—২৮॥

সঞ্জয় বলিলেন—'যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু সারথিকে আদেশ করিলেন—'সুমিত্র! তুমি সমরাঙ্গনে দ্রোণসৈন্যের দিকে সত্বর অশ্বগণকে সঞ্চালন কর' ॥২৯॥

———•::•———

* '...চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সৌভদ্রস্তদ্বচঃ শ্রুত্বা ধর্ম্মরাজস্য ধীমতঃ।
অচোদয়ত যন্তারং দ্রোণানীকায় ভারত! ॥১॥
তেন সঞ্চোদ্যমানস্তু যাহি যাহীতি সারথিঃ।
প্রত্যুবাচ ততো রাজন্নভিমন্যুমিদং বচঃ ॥২॥
অতিভারোঽয়মায়ুষ্মন্নাহিতস্ত্বয়ি পাণ্ডবৈঃ।
সম্প্রধার্য্য ক্ষমং বুদ্ধ্যা ততস্ত্বং যোদ্ধুমর্হসি ॥৩॥
আচার্য্যো হি কৃতী দ্রোণঃ পরমাস্ত্রে কৃতশ্রমঃ।
অত্যন্তসুখসংবৃদ্ধস্ত্বঞ্চাযুদ্ধবিশারদঃ ॥৪॥
ততোঽভিমন্যুঃ প্রহসন্ সারথিং বাক্যমব্রবীৎ।
সারথে! কো ন্বয়ং দ্রোণঃ সমগ্রং ক্ষত্রমেব বা ॥৫॥

উক্তমপ্যর্থং স্বতোক্তিপ্রসক্তয়ে পুনরাহ সৌভদ্র ইতি। ধীমতো যোগ্যজননিয়োগাৎ ॥১॥
তেনেতি। সঞ্চোদ্যমানঃ প্রেষ্যমাণঃ ॥২॥
অতীতি। আহিতঃ স্থাপিতঃ। সম্প্রধার্য্য নিশ্চিত্য, ক্ষমমুচিতম্ ॥৩॥
আচার্য্য ইতি। অযুদ্ধবিশারদঃ, বালত্বেন তাদৃশশ্রমাসহিষ্ণুত্বাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু তাঁহার সারথিকে দ্রোণসৈন্যের দিকে প্রেরণ করিলেন ॥১॥

রাজা! 'যাও যাও' বলিয়া অভিমন্যু আদেশ করিতে লাগিলে, সারথি অভিমন্যুকে এই কথা বলিল—॥২॥

'আয়ুষ্মন্! পাণ্ডবেরা আপনার উপরে এটা গুরুতর ভার ন্যস্ত করিয়াছেন। তথাপি আপনি আপন বুদ্ধিতে উচিত বিষয় স্থির করিয়া যুদ্ধ করিতে পারেন ॥৩॥

কারণ, দ্রোণাচার্য্য যুদ্ধে সুনিপুণ, বিশেষতঃ তিনি উত্তম উত্তম অস্ত্রশিক্ষায় পরিশ্রম করিয়াছেন; আর আপনি অত্যন্তসুখে বৃদ্ধি লাভ করিয়াছেন, তা'র পর আবার বালক বলিয়া যুদ্ধেও সেরূপ নিপুণ নহেন' ॥৪॥

(১) সৌভদ্রস্ত বচঃ শ্রুত্বা…পি ব। (৩)…সম্প্রধার্য্য ক্ষণং বুদ্ধ্যা…নি। (৪)…ত্বঞ্চ যুদ্ধবিশারদঃ—পি ব,…ত্বঞ্চ বালঃ স বলবান্ সংগ্রামাণামকোবিদঃ—নি।

CENTRAL LIBRARY

ঐরাবতগতং শক্রং সহামরগণৈরহম্।
যোধয়েয়ং রণমুখে ন মে ক্ষত্রেঽস্ত বিস্ময়ঃ ॥৬॥
ন মমৈতদ্দ্বিষৎসৈন্যং কলামর্হতি ষোড়শীম্।
অপি বিশ্বজিতং বিষ্ণুং মাতুলং প্রাপ্য সূতজ!।
পিতরঞ্চার্জ্জুনং যুদ্ধে ন ভীর্মামুপযাস্যতি ॥৭॥
ততোঽভিমন্যুস্তাং বাচং কদর্থীকৃত্য সারথেঃ।
যাহীত্যেবাব্রবীদেনং দ্রোণানীকায় মা চিরম্ ॥৮॥
ততঃ সঞ্চোদয়ামাস হয়ানাশু ত্রিহায়নান্।
নাতিহৃষ্টমনাঃ সূতো হেমভাণ্ডপরিচ্ছদান্ ॥৯॥
তে প্রেষিতাঃ সুমিত্রেণ দ্রোণানীকায় বাজিনঃ।
দ্রোণমভ্যদ্রবন্ রাজন্! মহাবেগপরাক্রমাঃ ॥১০॥

ত্তত ইতি। ক্ষত্রং ক্ষত্রিয়বৃন্দম্। মৎসমক্ষে কোঽপি কিমপি চ নেত্যর্থঃ ॥৫॥
ঐরেতি। যোধয়েয়ং যোদ্ধুং শক্নুয়াম্। স্ময়বিপরীতো বিস্ময়ো বিষাদঃ ॥৬॥
নেতি। ষোড়শীং কলাং ষোড়শভাগৈকভাগম্। বিষ্ণুং কৃষ্ণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
তত ইতি। কদর্থীকৃত্য কুৎসিতার্থীকৃত্য অবজ্ঞায়েত্যর্থঃ। মা চিরং ন বিলম্বস্ব ॥৮॥
তত ইতি। ততো নাতিহৃষ্টমনাঃ সূতঃ সারথিঃ, ত্রিহায়নান্ ত্রিবর্ষবয়স্কান্ তত এব যূন ইত্যর্থঃ, হেমভাণ্ডপরিচ্ছদান্ স্বর্ণালঙ্কারাবৃতান্ হয়ান্, আশু সঞ্চোদয়ামাস ॥৯॥
ত ইতি। সুমিত্রেণ তদাখ্যেন সারথিনা। মহান্তৌ বেগপরাক্রমৌ যেষাং তে ॥১০॥

তাহার পর অভিমন্যু হাস্য করিয়া সারথিকে এই কথা বলিলেন—'সারথি! আমার সমক্ষে এ দ্রোণ কে? সমস্ত ক্ষত্রিয়মণ্ডলই বা কে? ॥৫॥

আমি দেবগণের সহিত সম্মিলিত ঐরাবতগজারূঢ় ইন্দ্রের সহিতও যুদ্ধ করিতে পারি। সুতরাং ক্ষত্রিয়গণের বিষয়ে আমার কোন বিষাদ নাই ॥৬॥

অতএব এই শত্রুসৈন্য আমার ষোড়শভাগের একভাগেরও তুল্য নহে। তা'র পর, সারথিনন্দন! বিশ্ববিজয়ী মাতুল কৃষ্ণকে কিংবা পিতা অর্জুনকে যুদ্ধে বিপক্ষরূপে দেখিতে পাইলেও ত আমার ভয় হয় না' ॥৭॥

তাহার পর অভিমন্যু সারথির সেই কথা অগ্রাহ্য করিয়া তাহাকে বলিলেন—'দ্রোণসৈন্যের দিকে যাও, বিলম্ব করিও না' ॥৮॥

তদনন্তর সারথি অনতিহৃষ্টচিত্তে স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত এবং ত্রিবর্ষবয়স্ক অশ্বগণকে দ্রুত সঞ্চালন করিল ॥৯॥

(৮) অভিমন্যুশ্চ তাং বাচম্…বা নি। (৯) ততঃ সংনোদয়ামাস…বা নি। (১০)… মহাবেগা মহাবলাঃ—নি,…মহাবেগপরাক্রমম্—বা।

CENTRAL LIBRARY

তমুদীক্ষ্য তথায়ান্তং সর্ব্বে দ্রোণপুরোগমাঃ।
অভ্যবর্ত্তন্ত কৌরব্যাঃ পাণ্ডবাশ্চ তমন্বয়ুঃ ॥১১॥
স কর্ণিকারপ্রবরোচ্ছ্রিতধ্বজঃ সুবর্ণবর্ম্মার্জ্জুনিরর্জ্জুনাবরঃ।
যুযুৎসয়া দ্রোণমুখান্ মহারথান্ সমাসদৎ সিংহশিশুর্যথা দ্বিপান্ ॥১২॥
তে বিংশতিপদে যত্তাঃ সম্প্রহারং প্রচক্রিরে।
আসীদ্গাঙ্গ ইবাবর্ত্তো মুহূর্ত্তমুদধাবিব ॥১৩॥
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
সংগ্রামস্তুমুলো রাজন্! প্রাবর্ত্তত সুদারুণঃ ॥১৪॥

তমিতি। উদীক্ষ্য দৃষ্ট্বা। অন্বয়ুঃ পশ্চাদগচ্ছন্ ॥১১॥

স ইতি। কর্ণিকারপ্রবরঃ তদাখ্যবৃক্ষশ্রেষ্ঠ এব উচ্ছ্রিত উত্তোলিতো ধ্বজো যস্য সঃ, সুবর্ণবর্ম্মা স্বর্ণনির্ম্মিতকবচঃ, আর্জ্জুনিরভিমন্যুঃ, অর্জ্জুনাদবর ঈষন্ন্যূনঃ ॥১২॥

ত ইতি। অভিমন্যৌ বিংশতিপদে গত এবেত্যর্থঃ, তে কৌরবাঃ, যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ, তস্মিন্ সম্প্রহারং প্রচক্রিরে। তদা চ গঙ্গায়া অয়মিতি গাঙ্গঃ, আবর্ত্তো জলভ্রমিরিব, উদধৌ আবর্ত্ত ইব চ তেষামুভয়েষাং মুহূর্ত্তমাবর্ত্তো ভ্রমণমাসীৎ ॥১৩॥

রাজা! সারথি সুমিত্র অশ্বগুলিকে দ্রোণসৈন্যের দিকে চালাইয়া দিলে, মহাবেগশালী ও অত্যন্তপরাক্রমযুক্ত অশ্বগণ দ্রোণের দিকে ধাবিত হইল ॥১০॥

তখন অভিমন্যুকে সেইভাবে আসিতে দেখিয়া দ্রোণপ্রভৃতি কৌরবেরা সকলে তাঁহার অভিমুখবর্ত্তী হইয়া রহিলেন; আর পাণ্ডবেরা তাঁহার পিছনে যাইতে লাগিলেন ॥১১॥

তৎকালে অভিমন্যুর রথে উত্তম কর্ণিকারবৃক্ষের একটা ধ্বজ উত্তোলিত ছিল এবং তাঁহার গাত্রে একটী স্বর্ণময় বর্ম্ম নিবদ্ধ রহিয়াছিল; এই অবস্থায় অর্জ্জুনের তুল্য যোদ্ধা অর্জ্জুননন্দন অভিমন্যু—সিংহশিশু যেমন হস্তিগণের প্রতি ধাবিত হয়, সেইরূপ যুদ্ধ করিবার ইচ্ছায় দ্রোণপ্রভৃতি মহারথগণের প্রতি ধাবিত হইলেন ॥১২॥

অভিমন্যু বিংশতি পদ অগ্রসর হইবামাত্রই কৌরবগণ যত্নবান্ হইয়া প্রহার আরম্ভ করিয়া দিলেন। তখন গঙ্গার ও সমুদ্রের আবর্ত্তের (ঘোলার) ন্যায় উভয় সৈন্যের সংঘর্ষ উপস্থিত হইল ॥১৩॥

রাজা! ক্রমে বীরগণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া পরস্পর সংহার করিতে থাকিলে, তুমুল ও অতিভীষণ যুদ্ধ চলিতে লাগিল ॥১৪॥

(১২)···অর্জ্জুনাদ্বরঃ· ·নি।

প্রবর্ত্তমানে সংগ্রামে তস্মিন্নতিভয়ঙ্করে।
দ্রোণস্য মিষতো ব্যূহং ভিত্ত্বা প্রাবিশদার্জ্জুনিঃ ॥১৫॥
তং প্রবিষ্টং বিনিঘ্নন্তং শত্রুসংঘান্ মহাবলম্।
হস্ত্যশ্বরথপত্ত্যোঘাঃ পরিবব্রুরুদায়ুধাঃ ॥১৬॥
নানাবাদিত্রনিনদৈঃ ক্ষ্বেড়িতোঽক্রুষ্টগর্জ্জিতৈঃ।
হুঙ্কারৈঃ সিংহনাদৈশ্চ তিষ্ঠ তিষ্ঠেতি নিস্বনৈঃ ॥১৭॥
ঘোরৈর্হুলহুলাশব্দৈর্মা গাস্তিষ্ঠেহি মামিতি।
অসাবহমমুত্রেতি প্রবদন্তো মুহুর্মুহুঃ ॥১৮॥
বৃংহিতৈঃ শিঞ্জিতৈর্হাসৈঃ ক্ষুরনেমিস্বনৈরপি।
সন্নাদয়ন্তো বসুধামভিদুদ্রুবুরার্জ্জুনিম্ ॥১৯॥ (বিশেষকম্)

শূরাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥

প্রেতি। মিষতঃ পশ্যতঃ পশ্যন্তং দ্রোণমনাদৃত্যেত্যর্থঃ। অনাদরে ষষ্ঠী ॥১৫॥

তমিতি। পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥১৬॥

নানেতি। ক্ষ্বেড়িতম্ অস্পষ্টমুখধ্বনিঃ, আক্রুষ্টম্ আহ্বানশব্দঃ, গর্জ্জিতং স্পষ্টং গর্জ্জনঞ্চ তৈঃ। মা গা ন গচ্ছ, এহি আগচ্ছ। অমুত্র অস্মিন্ স্থানে তিষ্ঠামীতি শেষঃ। বৃংহিতৈর্গজগর্জ্জিতৈঃ, শিঞ্জিতৈরস্ত্রাণামব্যক্তশব্দৈঃ, ক্ষুরাণামশ্বপদস্থিতানাং নেমীনাং চক্রপ্রান্তানাঞ্চ স্বনৈঃ শব্দৈঃ। অভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ, আর্জ্জুনিমভিমন্যুম্ ॥১৭—১৯॥

অতিভীষণ সেই যুদ্ধ চলিতে লাগিলে, অভিমন্যু দ্রোণের সমক্ষেই ব্যূহ ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিলেন ॥১৫॥

মহাবল অভিমন্যু প্রবেশ করিয়াই শত্রুসমূহ সংহার করিতে লাগিলে, গজারোহী, অশ্বারোহী, রথী ও পদাতিরা অস্ত্র উত্তোলন করিয়া তাঁহাকে পরিবেষ্টন করিল ॥১৬॥

আর নানাবিধ বাদ্যধ্বনি, অস্পষ্ট কণ্ঠস্বর, গর্জ্জন, হুঙ্কার ও সিংহনাদ এবং 'থাক থাক' ইত্যাকার শব্দ, ভয়ঙ্কর হুলহুলাশব্দ, 'যাইও না' 'দাঁড়াও' 'আমার দিকে আইস' এবং 'এই আমি এইখানে রহিয়াছি' ইত্যাকার বাক্য মুহুর্মুহুঃ বলিতে থাকিয়া, বিশেষতঃ হস্তীর বৃংহিতধ্বনি, অস্ত্রের অব্যক্ত শব্দ, হাস্যরব, অশ্বক্ষুরের শব্দ ও চক্রপ্রান্তের শব্দে সমরভূমি নিনাদিত করিয়া বীরগণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১৭—১৯॥

---

(১৫)···ভিত্ত্বা ব্যচরদার্জ্জুনিঃ—নি। (১৬)··শত্রুমধ্যে মহাবলম্···পি ব। (১৮)··· অসাবহমমিত্রেতি·· বা নি। (১৯)···করনেমিস্বনৈরপি···নি···।

তেষামাপততাং বীরঃ শীঘ্রযোধী মহাবলঃ।
ক্ষিপ্রাস্ত্রো ন্যবধীদ্‌ব্রাতান্! মর্ম্মজ্ঞো মর্ম্মভেদিভিঃ ॥২০॥
তে হন্যমানা বিবশা নানালিঙ্গৈঃ শিতৈঃ শরৈঃ।
অভিপেতুঃ সুবহুশঃ শলভা ইব পাবকম্ ॥২১॥
ততস্তেষাং শরীরৈশ্চ শরীরাবয়বৈশ্চ সঃ।
আতস্তার ক্ষিতিং ক্ষিপ্রং কুশৈর্বেদীমিবাধ্বরে ॥২২॥
বদ্ধগোধাঙ্গুলিত্রাণান্ সশরাসনসায়কান্।
সাসিচর্ম্মাঙ্কুশাভীষূন্ সতোমরপরশ্বধান্ ॥২৩॥
সগদায়োগুড়প্রাসান্ সর্ষ্টিতোমরপট্টিশান্।
সভিন্দিপালপরিঘান্ সশক্তিবরকম্পনান্ ॥২৪॥
সপ্রতোদমহাশঙ্খান্ সকুন্তান্ সকচগ্রহান্।
সমুদ্গরক্ষেপণীয়ান্ সপাশপরিঘোপলান্ ॥২৫॥
সকেয়ূরাঙ্গদান্ বাহূন্ হস্তগন্ধানুলেপনান্।
সংচিচ্ছেদার্জ্জুনির্বৃত্তাংস্ত্বদীয়ানাং সহস্রশঃ ॥২৬॥ (কলাপকম্)

তেষামিতি। বীরোঽভিমন্যুঃ। ব্রাতান্ সমূহান্, মর্ম্মভেদিভিঃ শরৈঃ ॥২০॥
ত ইতি। নানা বহুবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ। অভিপেতুরুপাজগ্মুঃ ॥২১॥
তত ইতি। আতস্তার আচ্ছাদয়ামাস। বেদীং পরিষ্কৃতাং ভূমিম্ ॥২২॥
বদ্ধেতি। বদ্ধানি ধৃতানি গোধা হস্তাবাপা অঙ্গুলিত্রাণানি চ যেষু তান্। শরাসনৈর্ধনুভিঃ সায়কৈর্বাণৈশ্চ সহেতি তান্। এবমন্যত্র। অভীষবঃ প্রগ্রহা অশ্বমুখরজ্জবঃ, "অভীষুঃ প্রগ্রহে

তাঁহারা আসিতে লাগিলে, বীর, শীঘ্রযোধী, মহাবল, দ্রুতাস্ত্রক্ষেপী ও মর্ম্মজ্ঞ অভিমন্যু মর্ম্মভেদী বাণদ্বারা তাঁহাদিগকে বধ করিতে লাগিলেন ॥২০॥

অভিমন্যু নানাবিধচিহ্নযুক্ত ও সুধার বাণসমূহদ্বারা বধ করিতে লাগিলেও, পরাধীন সেই বহুতর বীর—পতঙ্গ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ অভিমন্যুর দিকে ধাবিত হইতে লাগিলেন ॥২১॥

তাহার পর যাজ্ঞিকেরা যেমন কুশদ্বারা যজ্ঞের বেদি আবৃত করেন, সেইরূপ অভিমন্যু তাঁহাদের শরীর ও শরীরের অঙ্গ-প্রত্যঙ্গদ্বারা সত্বর সমরভূমি আবৃত করিয়া ফেলিলেন ॥২২॥

মহারাজ! ক্রমে হস্তাবাপ (চর্ম্মনির্ম্মিত হস্তাবরণ), অঙ্গুলিত্র (অঙ্গুলিরক্ষক চর্ম্মাবরণ), ধনু, বাণ, তরবারি, চর্ম্ম (ঢাল), অঙ্কুশ, অশ্বমুখরজ্জু, তোমর, পরশু,

(২০)…শীঘ্রপূর্ব্বমথো দৃঢ়ম্…পি ব,…ন্যবধীদ্রাজন্!…নি। (২২)…সংতস্তার…নি। (২৩)…সাসিচর্ম্মাঙ্কুশান্ সেষূন্…পি।

তৈঃ স্ফুরদ্ভির্মহারাজ! শুশুভে ভূঃ সুলোহিতৈঃ।
পঞ্চাস্যৈঃ পন্নগৈশ্ছিন্নৈর্গরুড়েনেব মারিষ! ॥২৭॥
সুনাসাননকেশান্তৈরব্রণৈশ্চারুকুণ্ডলৈঃ।
সন্দষ্টৌষ্ঠপুটৈঃ ক্রোধাৎ ক্ষরদ্ভিঃ শোণিতং বহু ॥২৮॥
চারুস্রঙ্মুকুটোষ্ণীষৈর্মণিরত্নবিভূষিতৈঃ।
বিনালনলিনাকারৈর্দিবাকরশশিপ্রভৈঃ ॥২৯॥
হিতপ্রিয়ংবদৈঃ কালে বহুভিঃ পুণ্যগন্ধিভিঃ।
দ্বিষচ্ছিরোভিঃ পৃথিবীমবতস্তার ফাল্গুনিঃ ॥৩০॥ (বিশেষকম্)

রশ্মৌ" ইত্যমরঃ। তোমরাদীনি তদানীন্তনাস্ত্রাণি। ক্ষুদ্রবিশালভেদেন তোমরভেদাদপৌনরুক্ত্যম্। অয়োগুড়ানি লৌহগুলিকাঃ। প্রতোদা অশ্বাদিতাড়নদণ্ডাঃ। কচগ্রহোঽপ্যস্ত্রবিশেষঃ। বৃত্তান্ গোলাকারান্ ॥২৩—২৬॥

তৈরিতি। পঞ্চ আস্যানি মুখানি যেষাং তৈঃ। এতেন পঞ্চাঙ্গুলিযুক্তা বাহব ইতি সূচ্যতে ॥২৭॥

স্বিতি। শোভনা নাসা আননানি কেশান্তাশ্চ যেষাং তৈঃ, অব্রণৈরক্ষতৈঃ। সন্দষ্টানি দন্তৈঃ কৃতদংশানি ওষ্ঠপুটানি যেষাং তৈঃ। চারবঃ সুন্দরাঃ স্রজো মালা মুকুটানি উষ্ণীষাশ্চ যেষু তৈঃ। বিনালানি দণ্ডশূন্যানি যানি নলিনানি পদ্মানি তদাকারৈঃ। কালে যথাসময়ং হিতং প্রিয়ঞ্চ বদন্তীতি তৈঃ। পৃথিবীং যুদ্ধভূমিম্, অবতস্তার আচ্ছাদয়ামাস, ফাল্গুনিরভিমন্যুঃ ॥২৮—৩০॥

গদা, লৌহগুলিকা, ঋষ্টি, তোমর, পট্টিশ, ভিন্দিপাল, পরিঘ, শক্তি, কম্পন, চাবুক, মহাশঙ্খ, কুন্ত, কচগ্রহ, মুদ্গর, ক্ষেপণীয়, পাশ, পরিঘতুল্য প্রস্তর, কেয়ূর ও অঙ্গদযুক্ত, মনোহরচন্দনলিপ্ত এবং গোলাকার আপনার পক্ষীয় যোদ্ধাদের সহস্র সহস্র বাহু অভিমন্যু ছেদন করিতে লাগিলেন ॥২৩—২৬॥

মাননীয় মহারাজ! গরুড় চঞ্চুদ্বারা মধ্যে ছিন্ন করিলে, পঞ্চমুখ সর্পের ন্যায় স্পন্দমান, পঞ্চাঙ্গুলীযুক্ত ও রক্তে রক্তবর্ণ সেই সকল বাহুদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২৭॥

অভিমন্যু শত্রুগণের বহুতর মস্তকদ্বারাও সমরভূমি আবৃত করিয়া ফেলিলেন। সে মস্তকগুলির নাসিকা, মুখ ও কেশপ্রান্ত সুন্দর ছিল, সেগুলিতে কোন ক্ষতচিহ্ন ছিল না, সুন্দর কুণ্ডল ছিল, ক্রোধে দন্তদ্বারা ওষ্ঠপুট দংশন করিতেছিল, সেগুলি হইতে প্রচুর রক্ত নির্গত হইতেছিল, মনোহর মালা, মুকুট, উষ্ণীষ, মণি ও রত্নদ্বারা সেগুলি শোভিত ছিল, নালশূন্য পদ্ম, চন্দ্র ও সূর্য্যের

(২৯) সচারুমুকুটোষ্ণীষৈঃ···বা নি। (৩০)···স বৈ তস্তার ফাল্গুনিঃ—বা ব রা নি।

গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্।
বীষামুখান্ বিত্রিবেণূন্ ন্যস্তদণ্ডকবন্ধুরান্ ॥৩১॥
বিজঙ্ঘাকূবরাংস্তত্র বিনেমীংশ্চ ব্যরানপি।
বিচক্রোপস্করোপস্থান্ ভগ্নোপকরণানপি ॥৩২॥
প্রপাতিতোপস্তরণান্ হতযোধান্ সহস্রশঃ।
শরৈর্বিশকলীকুর্বন্ দিক্ষু সর্বাস্বদৃশ্যত ॥৩৩॥ (বিশেষকম্)
পুনর্দ্বিপান্ বরারোহান্ বৈজয়ন্ত্যঙ্কুশধ্বজান্।
তূণান্ বর্ম্মাণ্যথো কক্ষ্যা গ্রৈবেয়াংশ্চ সকম্বলান্ ॥৩৪॥
ঘণ্টাঃ শুণ্ডা বিষাণাগ্রান্ ক্ষুরমাল্যপদানুগান্।
শরৈর্নিশিতধারাগ্রৈঃ শাত্রবাণামশাতয়ৎ ॥৩৫॥ (যুগ্মকম্)

গন্ধর্বেতি। কল্পিতান্ সজ্জিতান্। ছেদনেন বিগতানি ঈষামুখানি ঊর্দ্ধদারুপরিভাগা যেষাং তান্, বিগতাস্ত্রয়ো বেণবো বংশবৎ সরলকাষ্ঠানি যেষাং তান্, ন্যস্তাশ্ছিত্বা পাতিতা দণ্ডাঃ স্তম্ভা যেষাং তে অতএব বন্ধুরা উন্নতাবনতাস্তান্। বিগতা জঙ্ঘাকূবরাঃ তির্য্যগ্দারুবিশেষা যেষাং তান্, বিগতা নেমযশ্চক্রপ্রান্তা যেষাং তান্। বিগতা অরাঃ চক্রান্তর্গততির্য্যগ্দারূণি যেষাং তান্। বিগতাঃ চক্রাণি উপস্করাঃ সংযোজনকাষ্ঠানি উপস্থা নিম্নকাষ্ঠানি চ যেষাং তান্, ভগ্নানি উপকরণানি ধনুস্তূণাদিধারকাণি শিক্যাদীনি যেষাং তান্। প্রপাতিতানি উপস্তরণানি আস্তরণবস্ত্রাণি যেভ্যস্তান্। বিশকলীকুর্বন্ খণ্ডখণ্ডীকুর্বন্, অদৃশ্যত কাঞ্চনিরিত্যনুবৃত্তিঃ ॥৩১—৩৩॥

পুনরিতি। দ্বিপান্ গজান্, বরা উত্তমা আরোহা আরোহিণো যেষাং তান্, বৈজয়ন্ত্যস্তেষাং দ্বিপানামেব পতাকাশ্চ অঙ্কুশাশ্চ ধ্বজাশ্চ তান্। কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জুঃ, গ্রৈবেয়ান্ গ্রীবালঙ্কারান্। বিষাণাগ্রান্ দন্তাগ্রদেশান্, ক্ষুরাশ্চ মাল্যানি চ পদানুগা অনুচরাশ্চ তান্। অশাতয়ৎ অভিমন্যুরচ্ছিনৎ ॥৩৪—৩৫॥

ন্যায় বিরাজিত ছিল, সেগুলি যথাসময়ে হিত ও প্রিয় বাক্য বলিত এবং সেগুলি হইতে পবিত্র সৌরভ বাহির হইতেছিল ॥২৮—৩০॥

আর অভিমন্যু বাণদ্বারা গন্ধর্বনগরতুল্য ও যথাবিধানে সুসজ্জিত বহুতর রথকে খণ্ড খণ্ড করিতে থাকিয়া সকল দিকে দৃষ্টিগোচর হইতে লাগিলেন। সে রথগুলির ঈষামুখ (খাড়াকাঠের উপর), ত্রিবেণু (তেরচা তিনখানা কাঠ), ও স্তম্ভ না থাকায় সে রথগুলি উঁচুনীচু হইয়া গিয়াছিল এবং সেগুলির মধ্যের কাঠ, চক্রপ্রান্ত, চক্রের ভিতরের কাঠ, চক্র, সংযোগস্থানের কাঠ, নীচের কাঠ, সমস্ত উপকরণ ও আস্তরণবস্ত্র ছিল না, যোদ্ধারাও নিহত হইয়াছিল ॥৩১—৩৩॥

অভিমন্যু সুধার বাণসমূহদ্বারা পুনরায় আরোহিগণের সহিত বিপক্ষহস্তি-

(৩৫)···ছত্রমালাঃ পদানুগান্···বা নি।

বানায়ুজান্ পার্বতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
স্থিরবালবিকর্ণাক্ষান্ জবনান্ সাধুবাহিনঃ ॥৩৬॥
আরূঢ়ান্ শিক্ষিতৈর্যোধৈঃ শক্তৃষ্টিপ্রাসযোধিভিঃ।
বিধ্বস্তচামরমুখান্ বিপ্রবিদ্ধপ্রকীর্ণকান্ ॥৩৭॥
নিরস্তজিহ্বানয়নান্ নিষ্কীর্ণান্ত্রযকৃদ্ঘনান্।
হতারোহাংশ্চিত্রঘণ্টান্ ক্রব্যাদগণমোদকান্।
নিকৃত্তচর্ম্মকবচান্ শকৃন্মূত্রাসৃগাপ্লুতান্ ॥৩৮॥
নিপাতয়ন্নশ্ববরাংস্তাবকান্ স ব্যরোচত।
একো বিষ্ণুরিবাচিন্ত্যং কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥৩৯॥ (কলাপকম্)

বানেতি। বনায়ুপ্রভৃতয়ো দেশাঃ তত্রত্যান্। স্থিরাণি বালধয়ো লাঙ্গূলানি কর্ণৌ অক্ষিণী চক্ষুষী চ যেষাং তান্, জবনান্ বেগবতঃ, সাধুবাহিন আরোহিণাং সুষ্ঠুবহনকারিণঃ। বিধ্বস্তানি চামরাণি মুখানি চ যেষাং তান্, বিপ্রবিদ্ধানি পাতিতানি প্রকীর্ণকানি চামরাণি যেষাং তান্। ব্যক্তিভেদেন বহুবিধোক্তিঃ। নিরস্তানি ছিন্না নিক্ষিপ্তানি জিহ্বানয়নানি যেষাং তান্, নিষ্কীর্ণৈশ্ছিন্না নিষ্কাশিতৈঃ অন্ত্রৈর্নাড়ীবিশেষৈর্যকৃদ্ভিশ্চ ঘনান্ নিরন্তরগাত্রান্। ক্রব্যাদগণমোদকান্ মাংসভোজিপ্রাণিগণানন্দজনকান্। নিকৃত্তানি ছিন্নানি চর্ম্মাণি কবচানি চ যেষাং তান্, শকৃদ্বিষ্ঠাভিঃ মূত্রৈঃ অসৃগ্ভিঃ রক্তৈশ্চ আপ্লুতান্ ব্যাপ্তদেহান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। সঃ অভিমন্যুঃ ॥৩৬—৩৯॥

গণকে নিপাতিত করিতে লাগিলেন এবং সেগুলির পতাকা, অঙ্কুশ, ধ্বজ, তূণ, বর্ম্ম, মধ্যবন্ধনরজ্জু, গ্রীবালঙ্কার, কম্বল, ঘণ্টা, শুণ্ড, দন্তাগ্র, ক্ষুর, মালা ও অনুচরদিগকে ছেদন করিতে থাকিলেন ॥৩৪—৩৫॥

তা'র পর শক্তি, ঋষ্টি ও প্রাসযোধী শিক্ষিত যোদ্ধারা যে অশ্বগুলির উপরে আরোহণ করিয়া ছিলেন, যে অশ্বগণ আরোহিগণকে সুন্দরভাবে বহন করিত ও অত্যন্ত বেগবান্ ছিল এবং যেগুলির ঘণ্টা সকল বিচিত্র ছিল, আপনার পক্ষের সেই সকল বনায়ু, কাম্বোজ ও বাহ্লিকদেশীয় এবং পার্ব্বতীয় উত্তম উত্তম অশ্বকে, আর সেগুলির আরোহিগণকে নিপাতিত করিয়া এক অভিমন্যু বিষ্ণুর ন্যায় অচিন্তনীয় অতিদুষ্কর কার্য্য করিয়া শোভা পাইতে লাগিলেন। তৎকালে কতকগুলি অশ্বের লাঙ্গূল, কর্ণ ও নয়ন স্থির ছিল, কতকগুলির চামর ও মুখ বিনষ্ট হইয়াছিল, কতকগুলির চামর পড়িয়া গিয়াছিল, কতকগুলির জিহ্বা ও নয়ন বিক্ষিপ্ত হইয়াছিল, কতকগুলির নাড়ী ও যকৃৎ বাহির হইয়া দেহকে ব্যাপ্ত করিয়াছিল, কতকগুলির গাত্রের চর্ম্ম ও কবচ ছিন্ন হইয়াছিল,

(৩৬) বনায়ুজান্···নি। (৩৯) নিকৃত্তবর্ম্মকবচান্···

CENTRAL LIBRARY

তথা বিমথিতং তেন চতুরঙ্গবলং মহৎ।
যথাঽসুরবলং ঘোরং ত্র্যম্বকেন মহৌজসা ॥৪০॥
কৃত্বা কর্ম্ম রণেঽসহ্যং পরৈরার্জ্জুনিরাহবে।
অভিনচ্চ পদাত্যোঘাংস্ত্বদীয়ানেব ভারত! ॥৪১॥
এবমেকেন তাং সেনাং সৌভদ্রেণ শিতৈঃ শরৈঃ।
ভৃশং বিপ্রহতাং দৃষ্ট্বা শক্রেণেবাসুরীং চমূম্ ॥৪২॥
ত্বদীয়াস্তব পুত্রাশ্চ বীক্ষমাণা দিশো দশ।
সংশুষ্কাস্যাশ্চলন্নেত্রাঃ প্রস্বিন্না রোমহর্ষিণঃ ॥৪৩॥
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে।
গোত্রনামভিরন্যোন্যং ক্রন্দন্তো জীবিতৈষিণঃ ॥৪৪॥
হতান্ পুত্রান্ পিতৄন্ ভ্রাতৄন্ বন্ধূন্ সম্বন্ধিনস্তথা।
প্রাতিষ্ঠন্ত সমুৎসৃজ্য ত্বরয়ন্তো হয়দ্বিপান্ ॥৪৫॥ (কলাপকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তথেতি। চত্বারি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি অঙ্গানি যস্য তৎ। ত্র্যম্বকেন শিবেন ॥৪০॥
কৃত্বেতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। পদাত্যোঘান্ পদাতিসমূহান্ ॥৪১॥
এবমিতি। বিশেষেণ প্রকর্ষেণ চ হতাম্। সংশুষ্কাস্যাঃ সম্যক্শুষ্কমুখাঃ, প্রস্বিন্না ঘর্ম্মাক্তাঃ। ক্রন্দন্ত আহ্বয়ন্তঃ। সমুৎসৃজ্য বিহায় ॥৪২—৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

কতকগুলির গাত্র—বিষ্ঠা, মূত্র ও রক্তে আপ্লুত হইয়া গিয়াছিল এবং এই সমস্ত অশ্বই মাংসভোজী প্রাণিগণের আনন্দ জন্মাইতেছিল ॥৩৬—৩৯॥

পূর্ব্বকালে মহাতেজা মহাদেব যেমন ভয়ঙ্কর অসুরসৈন্য আলোড়ন করিয়াছিলেন, সেইরূপ অভিমন্যু চতুরঙ্গ বিশাল কৌরবসৈন্য আলোড়ন করিলেন ॥৪০॥

ভরতনন্দন! অভিমন্যু যুদ্ধে বিপক্ষের অসহ্য কার্য্য করিয়া আবার যুদ্ধেই আপনার পদাতিসমূহকেও বিশ্লিষ্ট করিলেন ॥৪১॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরসৈন্য বিনাশ করিয়াছিলেন, সেইরূপ এক

(৪০)…ত্র্যংশং তব বলং মহৎ…পি ব,…ত্র্যঙ্গং তব বলং মহৎ…বা। (৪১)…ত্বদীয়ানেব সর্বশঃ—বা ব রা নি। (৪২)…স্কন্দেনেবাসুরীং চমূম্—বা ব রা নি। (৪৫)…ত্বরমাণা হয়দ্বিপান্—পি। * '…পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তাং প্রভগ্নাং চমূং দৃষ্ট্বা সৌভদ্রেণামিতৌজসা।
দুর্য্যোধনো ভৃশং ক্রুদ্ধঃ স্বয়ং সৌভদ্রমভ্যগাৎ ॥১॥
ততো রাজানমাবৃত্তং সৌভদ্রং প্রতি সংযুগে।
দৃষ্ট্বা দ্রোণোঽব্রবীদ্‌যোধান্ পরীপ্সধ্বং নরাধিপম্ ॥২॥
পুরাভিমন্যুর্লক্ষ্যং নঃ পশ্যতাং হন্তি বীর্য্যবান্।
তমাদ্রবত মা ভৈষ্ট ক্ষিপ্রং রক্ষত কৌরবম্ ॥৩॥

তামিতি। প্রভগ্নাং প্রকর্ষেণ পরাভূতাম্। সৌভদ্রেণ সুভদ্রাপুত্রেণাভিমন্যুনা ॥১॥
তত ইতি। আবৃত্তং পরিবৃত্তম্। পরীপ্সধ্বং রক্ষত, নরাধিপং দুর্য্যোধনম্ ॥২॥
পুরেতি। পুরা পরবর্ত্তিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ ॥৩॥

অভিমন্যুই সুধার বাণসমূহদ্বারা কৌরবসৈন্যকে বিনাশ করিয়াছেন দেখিয়া আপনার পুত্রেরা ও অন্যান্য যোদ্ধারা দশ দিকে দৃষ্টিপাত করিতে থাকিয়া, শুষ্কমুখ, অস্থিরনয়ন, ঘর্ম্মাক্তদেহ, রোমাঞ্চিতশরীর, শত্রুজয়ে নিরুৎসাহ, জীবনার্থী ও পলায়নাভিলাষী হইয়া গোত্র ও নাম লইয়া পরস্পর আহ্বান করতঃ, নিহত পুত্র, পিতা, ভ্রাতা, বন্ধু ও সম্বন্ধীদিগকে পরিত্যাগ করিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সত্বর চালাইতে থাকিয়া সমরাঙ্গন হইতে প্রস্থান করিতে লাগিলেন ॥৪২—৪৫॥

সঞ্জয় বলিলেন—'অমিততেজা অভিমন্যু সেই কৌরবসৈন্যকে পরাভূত করিয়াছেন দেখিয়া দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া নিজেই অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১॥

তদনন্তর দুর্য্যোধনকে যুদ্ধে অভিমন্যুর দিকে ফিরিতে দেখিয়া দ্রোণ কৌরবযোদ্ধাদিগকে বলিলেন—'আপনারা রাজাকে রক্ষা করুন ॥২॥

বলবান্ অভিমন্যু আমাদের সমক্ষেই উঁহার লক্ষ্য দুর্য্যোধনকে পরে বধ করিতে পারেন। অতএব আপনারা দুর্য্যোধনের দিকে যান, ভয় করিবেন না, সত্বর দুর্য্যোধনকে রক্ষা করুন' ॥৩॥

(২)···পর্য্যাপ্তাংস্তান্ নরাধিপান্—ব। (৩)···তমাব্রহ্মত···পি।

CENTRAL LIBRARY

ততঃ কৃতাস্ত্রা বলিনঃ সুহৃদো জিতকাশিনঃ।
ত্রাস্যমানা ভয়াদ্বীরং পরিবব্রুস্তবাত্মজম্ ॥৪॥
দ্রোণো দ্রৌণিঃ কৃপঃ কর্ণঃ কৃতবর্ম্মা চ সৌবলঃ।
বৃহদ্বলো মদ্ররাজো ভূরির্ভূরিশ্রবাঃ শলঃ ॥৫॥
পৌরবো বৃষসেনশ্চ বিসৃজন্তঃ শিতান্ শরান্।
সৌভদ্রং শরবর্ষেণ মহতা সমবাকিরন্ ॥৬॥ (যুগ্মকম্)
সম্মোহয়িত্বা তমথ দুর্য্যোধনমমোচয়ন্।
আস্যাদ্গ্রাসমিবাক্ষিপ্তং মমৃষে নার্জ্জুনাত্মজঃ ॥৭॥
তান্ শরৌঘেণ মহতা সাশ্বসূতান্ মহারথান্।
বিমুখীকৃত্য সৌভদ্রঃ সিংহনাদমথানদৎ ॥৮॥
তস্য নাদং ততঃ শ্রুত্বা সিংহস্যেবামিষৈষিণঃ।
নামৃষ্যন্ত সুসংরব্ধাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ ॥৯॥

তত ইতি। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে। ত্রাস্যমানা অভিমন্যুনৈব ॥৪॥
দ্রোণ ইতি। দ্রৌণিরশ্বত্থামা। সৌবলঃ শকুনিঃ। সমবাকিরন্ আবৃণ্বন্ ॥৫—৬॥
সমিতি। আস্যান্মুখাৎ, আক্ষিপ্তমাকৃষ্য নীতম্, মমৃষে সেহে ॥৭॥
তানিতি। অশ্বৈঃ সূতৈঃ সারথিভিশ্চ সহেতি তান্। অনদৎ অকরোৎ ॥৮॥
তস্যেতি। আমিষৈষিণো মাংসাভিলাষিণঃ। নামৃষ্যন্ত নাসহন্ত, সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ ॥৯॥

রাজা! তাহার পর অস্ত্রে সুশিক্ষিত, বলবান্, হিতৈষী, বিজয়শোভী, অথ চ অভিমন্যুর ভয়ে ভীত যোদ্ধারা আপনার বীর পুত্র দুর্য্যোধনকে যাইয়া পরিবেষ্টন করিলেন ॥৪॥

দ্রোণ, অশ্বত্থামা, কৃপ, কর্ণ, কৃতবর্ম্মা, শকুনি, বৃহদ্বল, শল্য, ভূরি, ভূরিশ্রবা, শল, পৌরব ও বৃষসেন ইহারা সুধার বাণবর্ষণ করিতে থাকিয়া সেই বিশাল বাণবর্ষণদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫—৬॥

তদনন্তর তাঁহারা অভিমন্যুকে মোহিত করিয়া মুখ হইতে আকৃষ্ট গ্রাসের ন্যায় দুর্য্যোধনকে মুক্ত করিলেন। কিন্তু অভিমন্যু তাহা সহ্য করিলেন না ॥৭॥

সুতরাং অভিমন্যু বিশাল শরজালদ্বারা অশ্ব ও সারথিদিগের সহিত সেই মহারথগণকে বিমুখ করিয়া সিংহনাদ করিলেন ॥৮॥

তাহার পর মাংসাভিলাষী সিংহের ন্যায় অভিমন্যুর সেই গর্জ্জন শুনিয়া দ্রোণপ্রভৃতি রথীরা অত্যন্তক্রুদ্ধ হইয়া আর সহ্য করিলেন না ॥৯॥

(৪) ততঃ কৃতজ্ঞা বলিনঃ···বা ব,··কৃতজ্ঞানবলোৎসেধাঃ···নি।

ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ ! ।
ব্যসৃজন্নিষুজালানি নানালিঙ্গানি সংঘশঃ ॥১০॥
তান্যন্তরীক্ষে চিচ্ছেদ পৌত্রস্তব শিতৈঃ শরৈঃ।
তাংশ্চৈব প্রতিবিব্যাধ তদদ্ভুতমিবাভবৎ ॥১১॥
ততস্তে কোপিতাস্তেন শরৈরাশীবিষোপমৈঃ।
পরিবব্রুর্জিঘাংসন্তঃ সৌভদ্রমপলায়িনম্ ॥১২॥
সমুদ্রমিব পর্য্যস্তং ত্বদীয়ং তং বলার্ণবম্।
দধারৈকোঽর্জ্জুনির্ব্বাণৈর্ব্বেলেব ভরতর্ষভ ! ॥১৩॥
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
অভিমন্যোঃ পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥১৪॥

ত ইতি। কোষ্ঠকীকৃত্য মধ্যবর্ত্তীকৃত্য, রথানাং বংশেন সমূহেন। নানালিঙ্গানি বহুচিহ্নানি ॥১০॥

তানীতি। তব পৌত্রোঽভিমন্যুঃ। অভিমন্যোরতিলঘুহস্তত্বমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥১১॥

তত ইতি। তেন তব পৌত্রেণ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥১২॥

সমুদ্রমিতি। পর্য্যস্তম্ উদ্বেলিতম্। বেলা তীরম্। একোঽর্জ্জুনিরিতি সন্ধিরার্ষঃ ॥১৩॥

শূরাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥

মাননীয় রাজা ! তাঁহারা রথসমূহদ্বারা অভিমন্যুকে পরিবেষ্টন করিয়া দলে দলে নানাচিহ্নযুক্ত বাণসমূহ অভিমন্যুর প্রতি নিক্ষেপ করিলেন ॥১০॥

তখন অভিমন্যু সুধার বাণসমূহদ্বারা সেই বাণগুলিকে আকাশেই ছেদন করিলেন এবং তাঁহাদিগকেও প্রতিবিদ্ধ করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১১॥

তদনন্তর অভিমন্যু সর্পতুল্য বাণসমূহদ্বারা আঘাত করিলে, তাঁহারা ক্রুদ্ধ হইয়া অপলায়ী অভিমন্যুকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ ! তীরের ন্যায় এক অভিমন্যুই বাণদ্বারা উদ্বেলিত সমুদ্রতুল্য আপনার সেই সৈন্যসমুদ্রকে ধারণ করিলেন ॥১৩॥

তৎকালে পরস্পর প্রহারকারী যুধ্যমান বিপক্ষ বীরগণ বা অভিমন্যুর মধ্যে কেহই পরাঙ্মুখ হইলেন না ॥১৪॥

(১১)…পৌত্রস্তে নিশিতৈঃ শরৈঃ…বা. নি। (১২) কোপিতাস্তেন শূরেণ…নি,… সৌভদ্রমপরাজিতম্—বা নি। (১৩)…বেলেবোদ্বৃত্তমর্ণবম্—নি।

তস্মিংস্তু ঘোরে সংগ্রামে বর্ত্তমানে ভয়ঙ্করে।
দুঃসহো নবভির্ব্বাণৈরভিমন্যুমবিধ্যত ॥১৫॥
দুঃশাসনো দ্বাদশভিঃ কৃপঃ শারদ্বতস্ত্রিভিঃ।
দ্রোণস্তু সপ্তদশভিঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥১৬॥
বিবিংশতিস্তু সপ্তত্যা কৃতবর্ম্মা চ সপ্তভিঃ।
বৃহদ্বলস্তথাষ্টাভিরশ্বত্থামা চ সপ্তভিঃ ॥১৭॥
ভূরিশ্রবাস্ত্রিভির্ব্বাণৈর্মদ্রেশঃ ষড়্‌ভিরাশুগৈঃ।
দ্বাভ্যাং শরাভ্যাং শকুনিস্ত্রিভির্দুর্য্যোধনো নৃপঃ ॥১৮॥ (কলাপকম্)
স তু তান্ প্রতিবিব্যাধ ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
নৃত্যন্নিব মহারাজ! চাপহস্তঃ প্রতাপবান্ ॥১৯॥
ততোঽভিমন্যুঃ সংক্রুদ্ধস্তাড্যমানস্তবাত্মজৈঃ।
বিদর্শয়ন্ বৈ সুমহচ্ছিক্ষোরসকৃতং বলম্ ॥২০॥
গরুড়ানিলরংহোভির্যন্তৃর্ব্বাক্যকরৈর্হয়ৈঃ।
দান্তৈরশ্মকদায়াদং ত্বরমাণমবারয়ৎ।
বিব্যাধ চৈনং দশভির্ব্বাণৈস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২১॥ (যুগ্মকম্)

তস্মিন্নিতি। ঘোরে মহতি। দুঃসহো নাম ধার্ত্তরাষ্ট্রঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পস্তদুপমৈঃ। সপ্তত্যা শরৈঃ। এবং সর্বত্রানুবৃত্তিঃ। মদ্রেশঃ শল্যঃ ॥১৫—১৮॥

স ইতি। সোঽভিমন্যুঃ। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥১৯॥

তত ইতি। শিক্ষা গুরোরাদানম্ ঔরসং দেহস্বভাবস্তাভ্যাং কৃতম্। গরুড়ানিলয়োরিব রংহো বেগো যেষাং তৈঃ, যন্তুঃ সারথেঃ। দান্তৈঃ শিক্ষিতৈঃ, অশ্মকদায়াদম্ অশ্মকদেশরাজপুত্রম্, ত্বরমাণং সত্বরমাগচ্ছন্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০—২১॥

সেই ভয়ঙ্কর মহাসংগ্রাম চলিতে লাগিলে, আপনার পুত্র দুঃসহ নয়টা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন এবং দুঃশাসন বারটা, শরদ্বানের পুত্র কৃপ তিনটা, দ্রোণ তীক্ষ্ণবিষ-সর্পতুল্য সতরটা, বিবিংশতি সত্তরটা, কৃতবর্ম্মা সাতটা, বৃহদ্বল আটটা, অশ্বত্থামা সাতটা, ভূরিশ্রবা তিনটা, শল্য ছয়টা, শকুনি দুইটা ও রাজা দুর্য্যোধন তিনটা বাণদ্বারা অভিমন্যুকে তাড়ন করিলেন ॥১৫—১৮॥

মহারাজ! ওদিকে চাপহস্ত ও প্রতাপশালী অভিমন্যু নৃত্য করতই যেন তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥১৯॥

তাহার পর অশ্মকদেশের রাজপুত্র—গরুড় ও বায়ুর ন্যায় বেগবান্, সারথির

(২০)···ত্রাস্তমানস্তবাত্মজৈঃ···শিক্ষাভ্যাসকৃতং বলম্—বা ব রা নি।

তস্যাভিমন্যুর্দশভির্ব্বাণৈঃ সূতং হয়ং ধ্বজম্।
বাহূ ধনুঃ শিরশ্চোর্ব্ব্যাং স্ময়মানোঽভ্যপাতয়ৎ ॥২২॥
ততস্তস্মিন্ হতে বীরে সৌভদ্রেণাশ্মকেশ্বরে।
সঞ্চচাল বলং সর্বং পলায়নপরায়ণম্ ॥২৩॥
ততঃ কর্ণঃ কৃপো দ্রোণো দ্রৌণির্গান্ধাররাট্ শলঃ।
শল্যো ভূরিশ্রবাঃ ক্রাথঃ সোমদত্তো বিবিংশতিঃ ॥২৪॥
বৃষসেনঃ সুষেণশ্চ কুণ্ডভেদী প্রতর্দ্দনঃ।
বৃন্দারকো ললিথশ্চ প্রবাহুর্দীর্ঘলোচনঃ।
দুর্য্যোধনশ্চ সংক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥২৫॥ (যুগ্মকম্)
সোঽতিবিদ্ধো মহেষ্বাসৈরভিমন্যুরজিহ্মগৈঃ।
শরমাদত্ত কর্ণায় বর্ম্মকায়াবভেদিনম্ ॥২৬॥

তস্যেতি। হয়াশ্চত্বার ইতি পাত্যানামপি দশসংখ্যাপূর্ত্তিঃ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥২২॥
তত ইতি। পলায়নমেব পরম্ অয়নং গতির্যস্য তৎ পলায়নোৎসুকমিত্যর্থঃ ॥২৩॥
তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। অবাকিরন্ অভিমন্যুমাবৃণ্বন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪-২৫॥
স ইতি। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ কর্ত্তৃভিঃ, অজিহ্মগৈর্বাণৈঃ করণৈঃ ॥২৬॥

বাক্যানুসারী ও সুশিক্ষিত অশ্বগণের গুণে বেগে আসিতে লাগিলে, আপনার পুত্রগণের তাড়নে অত্যন্তক্রুদ্ধ অভিমন্যু শিক্ষা ও দেহের মহাবল প্রদর্শন করতঃ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন এবং দশটা বাণদ্বারা উঁহাকে বিদ্ধ করিলেন, আর 'থাক' এই কথা বলিলেন ॥২০—২১॥

তৎপরে অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ দশটা বাণদ্বারা অশ্মকরাজপুত্রের সারথি, চারিটা অশ্ব, ধ্বজ, বাহুযুগল, ধনু ও মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥২২॥

অভিমন্যু—বীর অশ্মকরাজপুত্রকে বধ করিলে, সমগ্র কৌরবসৈন্যই পলায়নোৎসুখ হইয়া বিচলিত হইল ॥২৩॥

তদনন্তর কর্ণ, কৃপ, দ্রোণ, অশ্বত্থামা, শকুনি, শল, শল্য ভূরিশ্রবা, ক্রাথ, সোমদত্ত, বিবিংশতি, বৃষসেন, সুষেণ, কুণ্ডভেদী, প্রতর্দ্দন, বৃন্দারক, ললিথ, প্রবাহু, দীর্ঘলোচন ও দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণবর্ষণ করিয়া অভিমন্যুকে আবৃত করিলেন ॥২৪—২৫॥

(২২)···দশভির্হয়ান্ সূতং ধ্বজং শরৈঃ···নি।

তস্য ভিত্ত্বা তনুত্রাণং দেহং নির্ভিদ্য চাশুগঃ।
প্রাবিশদ্ধরণীং বেগাদ্বল্মীকমিব পন্নগঃ ॥২৭॥
স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলন্নিব।
সঞ্চচাল রণে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাঽচলঃ ॥২৮॥
তথান্যৈর্নিশিতৈর্বাণৈঃ সুষেণং দীর্ঘলোচনম্।
কুণ্ডভেদিঞ্চ সংক্রুদ্ধস্ত্রিভিস্ত্রীনবধীদ্বলী ॥২৯॥
কর্ণস্তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
অশ্বত্থামা চ বিংশত্যা কৃতবর্ম্মা চ সপ্তভিঃ ॥৩০॥
স শরাচিতসর্ব্বাঙ্গঃ ক্রুদ্ধঃ শক্রাত্মজাত্মজঃ।
বিচরন্ দদৃশে সৈন্যে পাশহস্ত ইবান্তকঃ ॥৩১॥
শল্যঞ্চ শরবর্ষেণ সমীপস্থমবাকিরৎ।
উদক্রোশন্মহাবাহুস্তব সৈন্যানি ভীষয়ন্ ॥৩২॥

তস্যেতি। তনুত্রাণং বর্ম্ম। বল্মীকম্ উয়ীমৃত্তিকাম্ ॥২৭॥
স ইতি। বিহ্বলন্ আকুলীভবন্। অচলঃ পর্ব্বতঃ ॥২৮॥
তথেতি। দ্বিবিধোক্তিদর্শনাৎ কুণ্ডভেদিশব্দো নান্ত ইকারান্তশ্চ মন্তব্যঃ ॥২৯॥
কর্ণ ইতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। বিংশত্যা সপ্তভিশ্চ নারাচৈরেব ॥৩০॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য সঃ, শক্রাত্মজোঽর্জ্জুনস্তস্যাত্মজঃ ॥৩১॥

তখন অভিমন্যু মহাধনুর্দ্ধরগণের বাণে অত্যন্তবিদ্ধ হইয়া কর্ণের উদ্দেশে একটা বর্ম্ম ও দেহভেদী বাণ গ্রহণ করিলেন ॥২৬॥

সেই বাণটা যাইয়া কর্ণের বর্ম্ম ও দেহ ভেদ করিয়া—সাপ যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ বেগে ভূতলে প্রবেশ করিল ॥২৭॥

কর্ণ সেই গুরুতর প্রহারে ব্যথিত ও বিহ্বলের ন্যায় হইয়া ভূমিকম্পে পর্ব্বতের ন্যায় সমরাঙ্গনে কম্পিত হইলেন ॥২৮॥

এবং অত্যন্তক্রুদ্ধ ও বলবান্ অভিমন্যু তিনটা সুধার বাণদ্বারা সুষেণ, দীর্ঘলোচন ও কুণ্ডভেদি এই তিন জনকে বধ করিলেন ॥২৯॥

তখন কর্ণ পঁচিশটা, অশ্বত্থামা কুড়িটা ও কৃতবর্ম্মা সাতটা নারাচদ্বারা অভিমন্যুকে তাড়ন করিলেন ॥৩০॥

বাণব্যাপ্তসর্ব্বাঙ্গ ও ক্রুদ্ধ অভিমন্যু বিপক্ষসৈন্যমধ্যে বিচরণ করিবার সময়ে পাশহস্ত যমের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩১॥

(২৭) তস্য ছিত্ত্বা…ধরণীং রাজন্!…পি,…ধরণীং রাজন্!…ব। (৩১) স শরার্দ্দিত-সর্ব্বাঙ্গঃ…পি।

ততঃ স বিদ্ধোঽস্ত্রবিদা মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ।
শল্যো রাজন্! রথোপস্থে নিষসাদ মুমোহ চ ॥৩৩॥
তং হি দৃষ্ট্বা তথা বিদ্ধং সৌভদ্রেণ যশস্বিনা।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ভারদ্বাজস্য পশ্যতঃ ॥৩৪॥
সংপ্রেক্ষ্য তং মহাবাহুং রুক্মপুঙ্খৈঃ সমাবৃতম্।
ত্বদীয়াঃ প্রপলায়ন্তে মৃগাঃ সিংহার্দ্দিতা ইব ॥৩৫॥
স তু রণযশসাভিপূজ্যমানঃ পিতৃ-সুর-চারণ-যক্ষ-সিদ্ধ-সংঘৈঃ।
অবনিতলগতৈশ্চ ভূতসংঘৈরতিবিবভৌ হুতভুগ্‌যথাজ্যসিক্তঃ ॥৩৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

শল্যমিতি। উদক্রোশৎ আগচ্ছেত্যুচ্চৈরাহূতবান্, মহাবাহুরভিমন্যুঃ ॥৩২॥
তত ইতি। স শল্যঃ। রথস্য উপস্থে উপরিদেশে, নিষসাদ উপবিবেশ ॥৩৩॥
তমিতি। তং শল্যম্। সংপ্রাদ্রবৎ অপাসরৎ, ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৩৪॥
সমিতি। তং শল্যম্। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ শরৈঃ ॥৩৫॥
স ইতি। অভিপূজ্যমানঃ সর্ব্বতঃ প্রশস্যমানঃ। অবনীত্যনেন পিত্রাদীনাং গগনগতত্ব-মাক্ষিপ্যতে। ভূতসংঘৈস্তত্রত্যৈর্লোকৈঃ। হুতভুক্ অগ্নিঃ, আজ্যসিক্তো দত্তঘৃতঃ ॥৩৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

এবং মহাবাহু অভিমন্যু বাণবর্ষণদ্বারা নিকটবর্ত্তী শল্যকে আবৃত করিয়া ফেলিলেন, আর আপনার সৈন্যগণের ভয় উৎপাদন করতঃ উচ্চস্বরে বীরগণকে আহ্বান করিতে থাকিলেন ॥৩২॥

রাজা! তাহার পর শল্য—অস্ত্রজ্ঞ অভিমন্যুকর্ত্তৃক মর্ম্মভেদী বাণসমূহদ্বারা বিদ্ধ হইয়া রথের উপরে উপবেশন করিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥৩৩॥

যশস্বী অভিমন্যু বিদ্ধ করায় শল্য মূর্চ্ছিত হইয়াছেন দেখিয়া সমস্ত কৌরব-সৈন্য দ্রোণের সমক্ষেই পলায়ন করিতে লাগিল ॥৩৪॥

আর মহাবাহু শল্যকে অভিমন্যুর স্বর্ণপুঙ্খ বাণে সমাবৃত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারাও সিংহপীড়িত হরিণগণের ন্যায় পলায়ন করিতে থাকিলেন ॥৩৫॥

ক্রমে আকাশবর্ত্তী পিতৃগণ, দেবগণ, চারণগণ, যক্ষগণ ও সিদ্ধগণ এবং ভূতলবর্ত্তী তত্রত্য লোকেরাও অভিমন্যুর যুদ্ধনৈপুণ্য দেখিয়া সর্বতোভাবে তাঁহার

(৩৫) অবৈক্ষন্ত মহাবাহুম্…ত্বদীয়াঃ প্রপলায়ন্তঃ …পি। * '…ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রমথমানং তং মহেষ্বাসানজিহ্মগৈঃ।
আর্জ্জুনিং মামকাঃ সংখ্যে কে ত্বেনং সমবারয়ন্ ॥১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! কুমারস্য রণে বিক্রীড়িতং মহৎ।
বিভিৎসতো রথানীকং ভারদ্বাজেন রক্ষিতম্ ॥২॥
মদ্রেশং সাদিতং দৃষ্ট্বা সৌভদ্রেণাশুগৈ রণে।
শল্যাদবরজঃ ক্রুদ্ধঃ কিরন্ বাণান্ সমভ্যয়াৎ ॥৩॥
স বিদ্ধা দশভির্ব্বাণৈঃ সাশ্বযন্তারমার্জ্জুনিম্।
উদক্রোশন্মহাশব্দং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৪॥

তথেতি। প্রমথমানমালোড়য়ন্তম্, মহেষ্বাসান্ শল্যাদীন্ মহাধনুর্দ্ধরান্ ॥১॥
শৃণ্বিতি। বিক্রীড়িতং বিশেষক্রীড়াবদানন্দপ্রযুক্তং যুদ্ধম্। বিভিৎসতো ভেত্তুমিচ্ছতঃ ॥২॥
মদ্রেশমিতি। সাদিতমবসন্নীকৃতম্। অবরজঃ কনিষ্ঠো ভ্রাতা ॥৩॥

প্রশংসা করিতে লাগিলেন। তৎকালে অভিমন্যু ঘৃতসিক্ত অগ্নির ন্যায় অত্যন্ত শোভা পাইতে থাকিলেন ॥৩৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অভিমন্যু বাণদ্বারা সেইভাবে মহাধনুর্দ্ধরগণকে আলোড়ন করিতে লাগিলে, আমার পক্ষের কোন্ বীরেরা উহাকে যুদ্ধে বারণ করিলেন?' ॥১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! কুমার অভিমন্যু দ্রোণরক্ষিত রথিসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া সমরাঙ্গনে যে বিশাল ও বিশেষ ক্রীড়া করিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥২॥

অভিমন্যু বাণদ্বারা যুদ্ধে শল্যকে অবসন্ন করিয়া ফেলিয়াছেন দেখিয়া শল্যের কনিষ্ঠভ্রাতা ক্রুদ্ধ হইয়া বাণক্ষেপ করিতে করিতে অভিমন্যুর দিকে আসিতে লাগিলেন ॥৩॥

(১)···মহেষ্বাসমজিহ্মগৈঃ···পি।

CENTRAL LIBRARY

তস্যার্জ্জুনিঃ শিরোগ্রীবং পাণিপাদং ধনুর্হয়ান্।
ছত্রং ধ্বজং নিয়ন্তারং ত্রিবেণুঞ্চাপ্যুপস্করম্ ॥৫॥
চক্রং যুগঞ্চ তূণীরং হনুকর্ষঞ্চ সায়কৈঃ।
পতাকাং চক্রগোপ্তারৌ সর্ব্বোপকরণানি চ ॥৬॥
লঘুহস্তঃ প্রচিচ্ছেদ দদৃশে তং ন কশ্চন।
স পপাত ক্ষিতৌ ক্ষীণঃ প্রবিদ্ধাভরণাম্বরঃ ॥৭॥
বায়ুনেব মহাচৈত্যঃ সমূলং চিত্রবেদিকঃ।
অনুগাস্তস্য বিত্রস্তাঃ প্রাদ্রবন্ সর্ব্বতো দিশঃ ॥ ॥ (কলাপকম্)
আর্জ্জুনেঃ কর্ম্ম তদ্দৃষ্ট্বা সংপ্রণেদুঃ সমন্ততঃ।
নাদেন সর্ব্বভূতানি সাধু সাধ্বিতি ভারত! ॥৯॥

স ইতি। অশ্বৈর্যন্তা সারথিনা চ সহেতি তম্। উদক্রোশচ্চুচ্চৈরাহূতবান্ ॥৪॥

তস্যেতি। নিয়ন্তারং সারথিম্, ত্রিবেণুং রথদারুবিশেষম্, উপস্করং শিক্যাদিশস্ত্রস্থাপনাধারম্। যুগং রথস্থতির্য্যককাষ্ঠম্, অনুকর্ষং রথনিম্নগতকাষ্ঠবিশেষম্। চক্রগোপ্তারৌ চক্রদ্বয়রক্ষকৌ। সর্বোপকরণানি হস্তাবাপাদীনি। দদৃশে যোদ্ধৃভাবেন দদর্শ তং শল্যাগ্রজম্। প্রবিদ্ধাভরণাম্বরঃ পতিতালঙ্কারবস্ত্রঃ। মহাচৈত্য আয়তনগতবিশালবৃক্ষঃ, চিত্রা বেদির্মূলোচ্চভূমির্যস্য সঃ ॥৫—৮॥

আর্জ্জুনেরিতি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে জনাঃ, সাধু সাধ্বিতি নাদেন সম্প্রণেদুঃ ॥৯॥

তিনি দশটা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত অভিমন্যুকে বিদ্ধ করিয়া বিশাল শব্দে তাঁহাকে আহ্বান করিলেন এবং 'থাক্ থাক্' এই কথা বলিলেন ॥৪॥

তখন লঘুহস্ত অভিমন্যু বাণদ্বারা তাঁহার মস্তক, গ্রীবা, হস্ত, পদ, ধনু, অশ্ব, ছত্র, ধ্বজ, সারথি, ত্রিবেণু (রথের কাষ্ঠবিশেষ), উপস্কর (অস্ত্র রাখিবার আধার), চক্র, যুগ (রথের তেরচা কাঠ), তূণ, রথের নীচের কাঠ, পতাকা, চক্ররক্ষকদ্বয় ও সমস্ত উপকরণ ছেদন করিলেন; তখন কোন লোকই আর তাঁহাকে যোদ্ধৃভাবে দেখিতে পাইল না, তাঁহার অলঙ্কার ও বস্ত্র পড়িয়া গেল। ক্রমে প্রবলবায়ুবেগে বিচিত্রবেদিস্থিত বিশাল আয়তনবৃক্ষ যেমন মূলের সহিত পতিত হয়, সেইরূপ শল্যের ভ্রাতা ক্ষীণ অবস্থায় রথ হইতে ভূতলে পতিত হইলেন। তখন তাঁহার অনুচরেরা অত্যন্তভীত হইয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥৫—৮॥

---

(৫)···ত্রিবেণুং তুল্যমেব চ—পি বা ব রা। (৭) ব্যধমন্নাঘবাত্তচ্চ দদৃশেঽস্য ন কশ্চন ···পি। (৮) বায়ুনেব মহাশৈলঃ সংভগ্নোঽমিততেজসা···পি বা ব রা।

CENTRAL LIBRARY

শল্যভ্রাতর্য্যথারুগ্‌ণে বহুশস্তস্য সৈনিকাঃ।
কুলাধিবাসনামানি শ্রাবয়ন্তোঽর্জ্জুনাত্মজম্ ॥১০॥
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
রথৈরশ্বৈর্গজৈশ্চান্যে পদ্ভিশ্চান্যে বলোৎকটাঃ ॥১১॥
বাণশব্দেন মহতা রথনেমিস্বনেন চ।
হুঙ্কারৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টৈঃ সিংহনাদৈঃ সগর্জিতৈঃ ॥১২॥
জ্যাতলত্রস্বনৈরন্যে গর্জন্তোঽর্জ্জুননন্দনম্।
ব্রুবন্তশ্চ ন নো জীবন্মোক্ষ্যসে জীবিতাদিতি ॥১৩॥ (কলাপকম্)
তাংস্তথা ব্রুবতো দৃষ্ট্বা সৌভদ্রঃ প্রহসন্নিব।
যো যোঽস্মৈ প্রাহরৎ পূর্ব্বং তং তং বিব্যাধ পত্রিভিঃ ॥১৪॥

শল্যেতি। আরুগ্‌ণে সম্যগ্‌ভগ্নে নিহত ইত্যর্থঃ। কুলং বংশঃ অধিবাসো নিবাসঃ নাম চ তানি। বলেন উৎকটা উদ্ধতাঃ। ক্ষ্বেড়িতানি অস্পষ্টাঃ শব্দাঃ, উৎক্রুষ্টানি উচ্চৈরাহ্বানানি তৈঃ। জ্যা ধনুর্গুণাঃ তলত্রাণি হস্তাবাপাশ্চ তেষাং স্বনৈঃ। নঃ অস্মাকং সমীপাৎ জীবন্ ন মোক্ষ্যসে, অপি তু জীবিতাজ্জীবনাদেব মোক্ষ্যসে ইতি ব্রুবন্তশ্চাভ্যধাবন্ত ॥১০—১৩॥

তানিতি। পত্রাণি পক্ষিপক্ষা এষাং সন্তীতি তৈঃ পত্রিভির্বাণৈঃ ॥১৪॥

ভরতনন্দন! অভিমন্যুর সেই কার্য্য দেখিয়া সকল দিকের সমস্ত লোক 'সাধু সাধু' এইরূপ শব্দে কোলাহল করিয়া উঠিল ॥৯॥

ওদিকে শল্যের ভ্রাতা নিহত হইলে, তাঁহার বহুতর সৈন্য অত্যন্তক্রুদ্ধ হইয়া নানাবিধ অস্ত্র ধারণ করিয়া আপনাদের বংশ, বাসস্থান ও নাম অভিমন্যুকে শুনাইতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইল। বিশাল বাণশব্দ ও রথচক্রের শব্দ এবং হুঙ্কার, অস্পষ্ট কণ্ঠধ্বনি, উচ্চ আহ্বান, সিংহনাদ, গর্জন, ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের শব্দ করিতে থাকিয়া 'তুমি জীবিত অবস্থায় আমাদের নিকট হইতে মুক্ত হইতে পারিবে না, কিন্তু জীবন হইতেই মুক্ত হইবে' এই কথা অভিমন্যুকে বলিতে থাকিয়া সেই বলমত্ত সৈন্যেরা কেহ কেহ রথে, কেহ কেহ অশ্বে, কেহ কেহ হস্তীতে এবং কেহ কেহ চরণে অভিমন্যুর দিকে ধাবিত হইয়াছিল ॥১০—১৩॥

তাহাদিগকে সেইরূপ বলিতে দেখিয়া অভিমন্যু যেন হাস্য করিতে থাকিয়া—যে যে উহাকে প্রথমে প্রহার করিতে লাগিল, তাহাকে তাহাকেই বাণদ্বারা বিদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

(১৪)…যো যঃ স্যাৎ প্রহরন্ পূর্বম্…পি,…যো যঃ সম্প্রাহরৎ পূর্বম্…ব।

সন্দর্শয়িষ্যন্নস্ত্রাণি বিচিত্রাণি লঘূনি চ।
আর্জ্জুনিঃ সমরে শূরো মৃদুপূর্ব্বমযুধ্যত ॥১৫॥
বাসুদেবাদুপাত্তং যদস্ত্রং যচ্চ ধনঞ্জয়াৎ।
অদর্শয়ত তৎ কার্ষ্ণিঃ কৃষ্ণাভ্যামবিশেষবৎ ॥১৬॥
দূরমস্য গুরুং ভারং সাধ্বসঞ্চ পুনঃ পুনঃ।
সংদধদ্বিসৃজংশ্চেষূন্ নির্বিশেষমদৃশ্যত ॥১৭॥
চাপমণ্ডলমেবাস্য বিস্ফুরদ্দিক্ষ্বদৃশ্যত।
সুদীপ্তস্য শরৎকালে সবিতুর্মণ্ডলং যথা ॥১৮॥
জ্যাশব্দঃ শুশ্রুবে তস্য তলশব্দশ্চ দারুণঃ।
মহাশনিমুচঃ কালে পয়োদস্যেব নিস্বনঃ ॥১৯॥
হ্রীমানমর্ষী সৌভদ্রো মানকৃৎ প্রিয়দর্শনঃ।
সংমিমানয়িষুর্বীরানিষ্বস্ত্রৈশ্চাপ্যযুধ্যত ॥২০॥

সমিতি। লঘূনি দ্রুতক্ষিপ্তানি। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্ ॥১৫॥
বাস্বিতি। উপাত্তং প্রাপ্তম্। কার্ষ্ণিরভিমন্যুঃ, কৃষ্ণাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্ ॥১৬॥
দূরমিতি। অস্য নিক্ষিপ্য বিহায়েত্যর্থঃ। সাধ্বসং ভয়ম্। ইষূন্ বাণান্ ॥১৭॥
চাপেতি। বিস্ফুরৎ উজ্জ্বলং। সুদীপ্তস্য অত্যুজ্জ্বলস্য, সবিতুঃ সূর্য্যস্য ॥১৮॥
জ্যেতি। মহাশনিমুচো মহাবজ্রপাতিনঃ, পয়োদস্য মেঘস্য ॥১৯॥

মহাবীর অভিমন্যু যুদ্ধে বিচিত্র ও দ্রুতক্ষিপ্ত অস্ত্র সকল দেখাইবেন বলিয়াই কোমলভাবে যুদ্ধ করিতে থাকিলেন ॥১৫॥

অভিমন্যু কৃষ্ণের নিকট হইতে যে অস্ত্র বা অর্জ্জুনের নিকট হইতে যে সকল অস্ত্র লাভ করিয়াছিলেন, সে সকল অস্ত্র তাঁহাদের তুল্যই দেখাইতে লাগিলেন ॥১৬॥

অভিমন্যু গুরুতর কর্ত্তব্যভার এবং ভয় পরিত্যাগ করিয়া বার বার সমানভাবে বাণসন্ধান ও বাণক্ষেপ করিতে থাকিলেন দেখা গেল ॥১৭॥

শরৎকালে উজ্জ্বল সূর্য্যমণ্ডলের ন্যায় সকল দিকে অভিমন্যুর উজ্জ্বল চাপমণ্ডলই দেখা যাইতে লাগিল ॥১৮॥

বর্ষাকালে মহাবজ্রপাতী মেঘের শব্দের ন্যায় অভিমন্যুর জ্যাশব্দ ও দারুণ তলশব্দ শুনা যাইতে থাকিল ॥১৯॥

অকার্য্যকরণে লজ্জাশীল, ক্রোধী, গুরুজনের সম্মানকারী ও প্রিয়দর্শন অভিমন্যু বীরগণের সম্মান করিবার ইচ্ছা করিয়া বাণ ও অন্যান্য অস্ত্রদ্বারা যুদ্ধ করিতে লাগিলেন ॥২০॥

মৃদুর্ভূত্বা মহারাজ ! দারুণঃ সমপদ্যত ।
বর্ষাভ্যতীতো ভগবান্ শরদীব দিবাকরঃ ॥২১॥
শরান্ বিচিত্রান্ বৃহতো রুক্মপুঙ্খান্ শিলাশিতান্ ।
মুমোচ শতশঃ ক্রুদ্ধো গভস্তীনিব ভাস্করঃ ॥২২॥
ক্ষুরপ্রৈর্বৎসদন্তৈশ্চ বিপাঠৈশ্চ মহাযশাঃ ।
নারাচৈরর্দ্ধচন্দ্রাভৈর্ভল্লৈরঞ্জলিকৈরপি ॥২৩॥
অবাকিরদ্রথানীকং ভারদ্বাজস্য পশ্যতঃ ।
ততস্তৎ সৈন্যমভবদ্বিমুখং শরপীড়িতম্ ॥২৪॥ (যুগ্মকম্)

ধৃতরাষ্ট্র উবাচ ।

দ্বৈধীভবতি মে চিত্তং হ্রিয়া তুষ্ট্যা চ সঞ্জয় ! ।
মম পুত্রস্য যৎ সৈন্যং সৌভদ্রঃ সমবারয়ৎ ॥২৫॥

হ্রীমানিতি । হ্রীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্ । সংমিমানয়িষুঃ সম্মানয়িতুমিচ্ছুঃ ॥২০॥
মৃদুরিতি । দিবাকরস্যাপি বর্ষাসু মৃদুত্বাৎ শরদি চ দারুণত্বাদুপমাসিদ্ধিঃ ॥২১॥
শরানিতি । শিলাসু শিতান্ ঘর্ষণেন সুধারীকৃতান্ । গভস্তীন্ কিরণান্ ॥২২॥
ক্ষুরপ্রৈরিতি । ক্ষুরপ্রাদয়স্তদানীন্তনাঃ শরবিশেষাঃ । অবাকিরদভিমন্যুঃ ॥২৩—২৪॥
দ্বৈধীতি । বালকেন মদীয়দুর্দ্ধর্ষসৈন্যবারণাৎ হ্রীঃ পৌত্রেণ বারণাচ্চ তুষ্টিরিতি ভাবঃ ॥২৫॥

মহারাজ ! ভগবান্ সূর্য্য যেমন বর্ষাকালে কোমল হইয়া শরৎকালে তীক্ষ্ণ হন, সেইরূপ অভিমন্যুও কোমল হইয়া তীক্ষ্ণ হইলেন ॥২১॥

সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ করেন, সেইরূপ ক্রুদ্ধ অভিমন্যুও বিচিত্র, বিশাল, স্বর্ণপুঙ্খ এবং শিলাশাণিত শত শত বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥২২॥

মহাযশা অভিমন্যু ক্রমে দ্রোণের সমক্ষেই ক্ষুরপ্র, বৎসদন্ত, বিপাঠ, নারাচ, অর্দ্ধচন্দ্রতুল্য ভল্ল ও অঞ্জলিকদ্বারা রথিসৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন। তাহাতে সেই সৈন্য শরপীড়িত হইয়া বিমুখ হইল' ॥২৩—২৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! অভিমন্যু যে আমার পুত্রের সৈন্য বারণ করিতে পারিল, ইহা শুনিয়া আমার মন লজ্জায় ও আনন্দে দ্বিবিধ হইয়া পড়িয়াছে ॥২৫॥

---

(২২)···বিচিত্রান্ সুবহূন্···বা ব রা নি । (২৩)···নারাচৈরর্দ্ধনারাচৈঃ···পি । (২৪) ইতঃ পরম্ '···সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' ব, '···অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি । (২৫)···মচ্চিত্তম্··· পি বা,···শুচা তুষ্ট্যা চ···নি,···ভিয়া তুষ্ট্যা চ···বা ।

বিস্তরেণৈব মে শংস সর্ব্বং গাবল্গনে! পুনঃ।
বিক্রীড়িতং কুমারস্য স্কন্দস্যেবাসুরৈঃ সহ ॥২৬॥

সঞ্জয় উবাচ।

হন্ত তে সম্প্রবক্ষ্যামি বিমর্দ্দমতিদারুণম্।
একস্য চ বহূনাঞ্চ যথাসীত্তুমুলো রণঃ ॥২৭॥
অভিমন্যুঃ কৃতোৎসাহঃ কৃতোৎসাহানরিন্দমান্।
রথস্থো রথিনঃ সর্ব্বাংস্তাবকানভ্যবর্ষত ॥২৮॥
দ্রোণং কর্ণং কৃপং শল্যং দ্রৌণিং ভোজং বৃহদ্বলম্।
দুর্য্যোধনং সৌমদত্তিং শকুনিঞ্চ মহাবলম্ ॥২৯॥
নানা নৃপান্ নৃপসুতান্ সৈন্যানি বিবিধানি চ।
অলাতচক্রবৎ সর্ব্বাংশ্চরন্ বাণৈঃ সমার্পয়ৎ ॥৩০॥ (যুগ্মকম্)
নিঘ্নন্নমিত্রান্ সৌভদ্রঃ পরমাস্ত্রৈঃ প্রতাপবান্।
অদর্শয়ত তেজস্বী দিক্ষু সর্ব্বাসু ভারত! ॥৩১॥

বিস্তরেণেতি। হে গাবল্গনে! গবল্গনপুত্র! সঞ্জয়!। স্কন্দস্য কার্ত্তিকেয়স্য ॥২৬॥
হন্তেতি। হন্তশব্দো হর্ষে। হর্ষশ্চাভিমন্যুবিক্রমস্মরণাৎ। বিমর্দ্দং সংঘর্ষম্ ॥২৭॥
অভীতি। অভ্যবর্ষত শরৈরিতি শেষঃ ॥২৮॥
দ্রোণমিতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্। অলাতচক্রবৎ ঘূর্ণমানাগ্নিযুক্তকাষ্ঠবৎ ॥২৯—৩০॥
নিঘ্নন্নিতি। অমিত্রান্ শত্রূন্। অদর্শয়ত নিজবীরত্বমিতি শেষঃ ॥৩১॥

সে যাহা হউক; সঞ্জয়! অসুরগণের সহিত কার্ত্তিকের যুদ্ধক্রীড়ার ন্যায় কুমার অভিমন্যুর সমস্ত যুদ্ধক্রীড়ার বিষয় পুনরায় তুমি আমার নিকট বিস্তরক্রমে বল' ॥২৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আমি আপনার নিকট অতিদারুণ সংঘর্ষের বিষয় বলিব; যেভাবে একের ও বহুর তুমুল যুদ্ধ হইয়াছিল ॥২৭॥

উৎসাহী ও রথারোহী অভিমন্যু—আপনার পক্ষের উৎসাহী ও শত্রুদমনকারী সমস্ত রথীর উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

তিনি সমরাঙ্গনে অগ্নিসংযুক্ত কাষ্ঠের ন্যায় বিচরণ করিতে থাকিয়া বাণদ্বারা দ্রোণ, কর্ণ, কৃপ, শল্য, অশ্বত্থামা, ভোজ, বৃহদ্বল, দুর্য্যোধন, ভূরিশ্রবা, শকুনি, নানাদেশীয় রাজা, রাজপুত্র ও নানাবিধ সৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥২৯—৩০॥

(২৮)…অভ্যবর্ত্তত—পি,…অভ্যবর্ষয়ৎ—নি।

তদ্দৃষ্ট্বা চরিতং তস্য সৌভদ্রস্যামিতৌজসঃ।
সমকম্পন্ত সৈন্যানি ত্বদীয়ানি সহস্রশঃ ॥৩২॥
অথাব্রবীন্মহাপ্রাজ্ঞো ভারদ্বাজঃ প্রতাপবান্।
হর্ষেণোৎফুল্লনয়নঃ কৃপমাভাষ্য সত্বরম্ ॥৩৩॥
ঘট্টয়ন্নিব মর্ম্মাণি পুত্রস্য তব ভারত!।
অভিমন্যুং রণে দৃষ্ট্বা তদা রণবিশারদম্ ॥৩৪॥ (যুগ্মকম্)
এষ গচ্ছতি সৌভদ্রঃ পার্থানামগ্রতো যুবা।
নন্দয়ন্ সুহৃদঃ সর্ব্বান্ রাজানঞ্চ যুধিষ্ঠিরম্ ॥৩৫॥
নকুলং সহদেবঞ্চ ভীমসেনঞ্চ পাণ্ডবম্।
বন্ধূন্ সম্বন্ধিনশ্চান্যান্ মধ্যস্থান্ সুহৃদস্তথা ॥৩৬॥ (যুগ্মকম্)
নাস্য যুদ্ধে সমং মন্যে কঞ্চিদন্যং ধনুর্দ্ধরম্।
ইচ্ছন্ হন্যাদিমাং সেনাং কিমর্থমপি নেচ্ছতি ॥৩৭॥

তদিতি। অভিমন্যোঃ শিক্ষাশৌর্য্যাতিরেকাদেবায়ং বিপক্ষসৈন্যকম্প ইতি ভাবঃ ॥৩২॥
অথেতি। হর্ষেণ প্রিয়শিষ্যপুত্রবীরত্বদর্শনানন্দেন। ঘট্টয়ন্ সঞ্চালয়ন্ ॥৩৩—৩৪॥
এষ ইতি। গচ্ছতি কৌরবান্ বিজিত্যেতি শেষঃ। মধ্যস্থান্ নিরপেক্ষান্ ॥৩৫—৩৬॥
নেতি। কিমর্থমপি কিমপি নিমিত্তমাশ্রিত্যেত্যর্থঃ ॥৩৭॥

ভরতনন্দন! প্রতাপশালী ও তেজস্বী অভিমন্যু উত্তম উত্তম অস্ত্রদ্বারা শত্রুগণকে বিনাশ করিতে থাকিয়া সকল দিকেই নিজের বীরত্ব দেখাইতে লাগিলেন ॥৩১॥

অমিততেজা অভিমন্যুর সেই চরিত্র দেখিয়া আপনার পক্ষের সহস্র সহস্র সৈন্য কাঁপিতে লাগিল ॥৩২॥

ভরতনন্দন! তাহার পর মহাপ্রাজ্ঞ ও প্রতাপশালী দ্রোণ সমরাঙ্গনে যুদ্ধবিশারদ অভিমন্যুকে দেখিয়া আনন্দে উৎফুল্লনয়ন হইয়া দুর্য্যোধনের হৃদয় উদ্বেলিত করিয়া ত্বরার সহিত কৃপাচার্য্যকে সম্বোধনপূর্ব্বক বলিলেন—॥৩৩—৩৪॥

'এই যুবা অভিমন্যু (কৌরবসৈন্যগণকে জয় করিয়া) সমস্ত সুহৃৎ, রাজা যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, বন্ধু, সম্বন্ধী, নিরপেক্ষ লোক ও আত্মীয়গণকে আনন্দিত করতঃ পাণ্ডবগণের নিকটে যাইতেছেন ॥৩৫—৩৬॥

যুদ্ধে ইহার তুল্য অন্য ধনুর্দ্ধর আমি কাঁহাকেও মনে করি না। কারণ,

(৩২)···ত্বদীয়ানি পুনঃ পুনঃ—পি। (৩৫) পার্থানাং প্রথিতো যুবা···নি।

দ্রোণস্য প্রীতিসংযুক্তং শ্রুত্বা বাক্যং তবাত্মজঃ।
আর্জ্জুনিং প্রতি সংক্রুদ্ধো দ্রোণং দৃষ্ট্বা স্ময়ন্নিব ॥৩৮॥
অথ দুর্য্যোধনঃ কর্ণমব্রবীদ্বাহ্লিকং কৃপম্।
দুঃশাসনং মদ্ররাজং তাংস্তাংশ্চান্যান্ মহারথান্ ॥৩৯॥
সর্ব্বমূর্দ্ধাভিষিক্তানামাচার্য্যো ব্রহ্মবিত্তমঃ।
অর্জ্জুনস্য সুতং মূঢ়ং নায়ং হন্তুমিহেচ্ছতি ॥৪০॥
ন হ্যস্য সমরে মুচ্যেদন্তকোঽপ্যাততায়িনঃ।
কিমঙ্গ! পুনরেবান্যো মর্ত্ত্যঃ সত্যং ব্রবীমি বঃ ॥৪১॥
অর্জ্জুনস্য সুতং ত্বেষ শিষ্যত্বাদভিরক্ষতি।
শিষ্যাঃ পুত্রাশ্চ দয়িতাস্তদপত্যঞ্চ ধর্ম্মিণাম্ ॥৪২॥

দ্রোণস্যেতি। তবাত্মজো দুর্য্যোধনঃ। সংক্রুদ্ধোঽভবৎ। স্ময়ন্ বিস্ময়াপন্নঃ ॥৩৮॥
অথেতি। অন্যান্ সোমদত্তাদীন্ ॥৩৯॥
সর্ব্বেতি। সর্ব্বমূর্দ্ধাভিষিক্তানাং সমস্তক্ষত্রিয়াণাম্, ব্রহ্মবিত্তমো বেদজ্ঞশ্রেষ্ঠঃ ॥৪০॥
নেতি। অস্য দ্রোণস্য। আততায়িনঃ শস্ত্রপাণেঃ। অঙ্গেতি সম্বোধনে ॥৪১॥
অর্জ্জুনস্যেতি। শিষ্যত্বাৎ শিষ্যপুত্রত্বাৎ। ধর্ম্মিণাং ধার্ম্মিকানামিতি সোল্লুণ্ঠনোক্তিঃ ॥৪২॥

ইনি ইচ্ছা করিলে এই কৌরবসৈন্য সমস্তই সংহার করিতে পারেন; কিন্তু কোন কারণবশতঃ তাহা ইচ্ছা করেন না' ॥৩৭॥

দ্রোণের প্রীতিযুক্ত বাক্য শুনিয়া দুর্য্যোধন তাঁহার দিকে চাহিয়া যেন বিস্ময়াপন্ন হইয়া অভিমন্যুর প্রতি ক্রুদ্ধ হইলেন ॥৩৮॥

তাহার পর তিনি কর্ণ, বাহ্লিক, কৃপ, দুঃশাসন, শল্য এবং অন্যান্য মহারথগণকে বলিলেন—॥৩৯॥

'সকল ক্ষত্রিয়ের গুরু এবং বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ মূর্খ অর্জ্জুনের পুত্রটাকে বধ করিতে ইচ্ছা করেন না ॥৪০॥

নতুবা বীরগণ! অস্ত্রধারী দ্রোণের যুদ্ধে যমও মুক্ত হইতে পারেন না; তাহাতে অন্য মানুষের কথা আর কি বলিব। ইহা আপনাদের নিকট সত্য বলিতেছি ॥৪১॥

ইনি (দ্রোণ), শিষ্যের পুত্র বলিয়া অর্জ্জুনের পুত্রকে রক্ষা করিতেছেন। কারণ, ধার্ম্মিকদের নিকটে শিষ্য ও পুত্র প্রিয় এবং তাহাদের সন্তানও প্রিয় ॥৪২॥

(৩৯)…বাহ্লিকং নৃপম্…বা ব,…বাহ্লিকং নৃপঃ…নি,…তাংস্তথান্যান্…বা ব রা নি।
(৪১) নহ্যস্য সমরে যুধ্যেৎ…বা নি।

CENTRAL LIBRARY

সংরক্ষ্যমাণো দ্রোণেন মন্যতে বীর্য্যমাত্মনঃ।
আত্মসম্ভাবিতো মূঢ়স্তং প্রমথ্নীত মা চিরম্ ॥৪৩॥
এবমুক্তাস্তু তে রাজ্ঞা সাত্বতীপুত্রমভ্যয়ুঃ।
সংরব্ধাস্তে জিঘাংসন্তো ভারদ্বাজস্য পশ্যতঃ ॥৪৪॥
দুঃশাসনস্তু তচ্ছ্রুত্বা দুর্য্যোধনবচস্তদা।
অব্রবীৎ কুরুশার্দ্দূল! দুর্য্যোধনমিদং বচঃ ॥৪৫॥
অহমেনং হনিষ্যামি মহারাজ! ব্রবীমি তে।
মিষতাং পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ পশ্যতাম্ ॥৪৬॥
গ্রসিষ্যাম্যদ্য সৌভদ্রং যথা রাহুর্দিবাকরম্।
উৎক্রুশ্য চাব্রবীদ্বাক্যং কুরুরাজমিদং পুনঃ ॥৪৭॥
শ্রুত্বা কৃষ্ণৌ ময়া গ্রস্তং সৌভদ্রমতিমানিনৌ।
গমিষ্যতঃ প্রেতলোকং জীবলোকান্ন সংশয়ঃ ॥৪৮॥

সমিতি। আত্মনৈব সম্ভাবিতো বীরত্বেন সম্মতঃ অভিমন্যুঃ ॥৪৩॥
এবমিতি। সাত্বতী সাত্বতবংশীয়া সুভদ্রা তস্যাঃ পুত্রম্। সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥৪৪॥
দুঃশাসন ইতি। কুরুশার্দ্দূলেতি সঞ্জয়স্য ধৃতরাষ্ট্রসম্বোধনম্ ॥৪৫॥
অহমিতি। মিষতাং পশ্যতাম্। উভয়ত্রাপ্যনাদরে ষষ্ঠী ॥৪৬॥
গ্রসিষ্যামীতি। উৎক্রুশ্য উচ্চৈরাহূয়, অব্রবীৎ দুঃশাসন এব ॥৪৭॥

দ্রোণ রক্ষা করিতেছেন বলিয়া অভিমন্যু আপনাকে আপনি বীর মনে করিতেছে। সুতরাং নিজেকে নিজে বীর মনে করায় ওটা মূর্খ। সে যাহা হউক, বীরগণ! আপনারা উহাকে বধ করুন, বিলম্ব করিবেন না' ॥৪৩॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, সেই বীরগণ উৎসাহী ও হননাভিলাষী হইয়া দ্রোণের সমক্ষেই অভিমন্যুর দিকে চলিলেন ॥৪৪॥

কৌরবশ্রেষ্ঠ! তখন দুঃশাসন দুর্য্যোধনের সেই কথা শুনিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৫॥

'মহারাজ! আমি বলিতেছি—পাণ্ডবগণ ও পাঞ্চালগণের সমক্ষে আমিই উহাকে বধ করিব ॥৪৬॥

রাহু যেমন সূর্য্যকে গ্রাস করে, সেইরূপ আমি আজ উহাকে গ্রাস করিব'। দুঃশাসন পুনরায় উচ্চস্বরে সম্বোধন করিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৭॥

'আমি অভিমন্যুকে গ্রাস করিয়াছি শুনিয়া অত্যন্ত অভিমানী কৃষ্ণ ও অর্জ্জুন নিশ্চয়ই জীবলোক হইতে প্রেতলোকে যাইবে ॥৪৮॥

তৌ চ শ্রুত্বা মৃতৌ ব্যক্তং পাণ্ডোঃ ক্ষেত্রোদ্ভবাঃ সুতাঃ।
একাহ্না সসুহৃদ্বর্গাঃ ক্লৈব্যাদ্ধাস্যন্তি জীবিতম্ ॥৪৯॥
তস্মাদস্মিন্ হতে শত্রৌ হতাঃ সর্বেঽহিতাস্তব।
শিবেন ধ্যায় মাং রাজন্! এষ হন্মি রিপুং তব ॥৫০॥
এবমুক্ত্বা নদন্ রাজন্! পুত্রো দুঃশাসনস্তব।
সৌভদ্রমভ্যয়াৎ ক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥৫১॥
তমতিক্রুদ্ধমায়ান্তং তব পুত্রমরিন্দমঃ।
অভিমন্যুঃ শরৈস্তীক্ষ্ণৈঃ ষড়্বিংশত্যা সমার্পয়ৎ ॥৫২॥
দুঃশাসনস্তু সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অযোধয়ত সৌভদ্রমভিমন্যুশ্চ তং রণে ॥৫৩॥

শ্রুত্বেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, গ্রস্তং পরাজিত্যায়ত্তীকৃতং নিহতমিত্যর্থঃ ॥৪৮॥
তাবিতি। ব্যক্তং ধ্রুবম্। ক্ষেত্রোদ্ভবাঃ পত্ন্যাং পরৈরুৎপন্নাঃ। হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥৪৯॥
তস্মাদিতি। অহিতাঃ শত্রবঃ। শিবেন মঙ্গলেন, মম মঙ্গলং চিন্তয়েত্যর্থঃ ॥৫০॥
এবমিতি। নদন্ সিংহনাদং কুর্বন্। অভ্যয়াৎ অভ্যধাবৎ ॥৫১॥
তমিতি। সমার্পয়ৎ অতাড়য়ৎ ॥৫২॥
দুঃশাসন ইতি। প্রভিন্নো মদস্রাবী। তমযোধয়তেতি সম্বন্ধঃ ॥৫৩॥

আবার তাহারা মরিয়াছে শুনিয়া নিশ্চয়ই পাণ্ডুর ক্ষেত্রজ পুত্রগুলি দুর্বলতা-বশতঃ একদিনেই বন্ধুবর্গের সহিত জীবন ত্যাগ করিবে ॥৪৯॥

অতএব রাজা! এই শত্রুটা নিহত হইলে আপনার সমস্ত শত্রুই নিহত হইবে। সুতরাং আপনি আমার মঙ্গল চিন্তা করুন; আমি এই আপনার শত্রু সংহার করিতেছি' ॥৫০॥

রাজা! আপনার পুত্র দুঃশাসন এইরূপ বলিয়া ক্রুদ্ধ হইয়া সিংহনাদ ও শরবর্ষণ করিতে করিতে অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৫১॥

আপনার পুত্র দুঃশাসন অত্যন্তক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে, শত্রুদমনকারী অভিমন্যু ছাব্বিশটা তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৫২॥

তখন দুঃশাসন অত্যন্তক্রুদ্ধ হইয়া মদস্রাবী হস্তীর ন্যায় অভিমন্যুকে প্রহার করিতে লাগিলেন; আবার অভিমন্যুও যুদ্ধে তাঁহাকে প্রহার করিতে থাকিলেন ॥৫৩॥

(৫০)···শিবেন মাং ধ্যাহি রাজন্!···বা ব য়া নি। (৫১)···শরবর্ষৈরবাকিরৎ—পি ব।
(৫২)···অরিন্দম!···পি।

তৌ মণ্ডলানি চিত্রাণি রথাভ্যাং সব্যদক্ষিণম্ ।
চরমাণাবযুধ্যেতাং রথশিক্ষাবিশারদৌ ॥৫৪॥
অথ পণবমৃদঙ্গদুন্দুভীনাং ক্রকচমহানকঝর্ঝরাণাম্ ।
নিনদমতিভৃশং নরাঃ প্রচক্রুর্লবণজলোদ্ভবসিংহনাদমিশ্রম্ ॥৫৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে দুঃশাসনযুদ্ধে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ।

———:*:———

সঞ্জয় উবাচ ।

শরবিক্ষতগাত্রস্তু প্রত্যমিত্রমবস্থিতম্ ।
অভিমন্যুঃ স্ময়ন্ ধীমান্ দুঃশাসনমথাব্রবীৎ ॥১॥
দিষ্ট্যা পশ্যামি সংগ্রামে মানিনং শূরমাগতম্ ।
নিষ্ঠুরং ত্যক্তধর্ম্মাণমাক্রোশনপরায়ণম্ ॥২॥

তাবিতি । মণ্ডলানি গোলাকারভ্রমণানি । চরমাণৌ কুর্বন্তৌ ॥৫৪॥
অথেতি । পণবাদীনি তদানীন্তনানি বাদ্যানি । লবণজলোদ্ভবঃ শঙ্খস্তস্মাদ ইত্যর্থঃ ॥৫৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

শরেতি । প্রত্যবস্থিতমমিত্রং শত্রুম্ । স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১॥

ক্রমে রথশিক্ষাবিশারদ দুঃশাসন ও অভিমন্যু আপন আপন রথদ্বারা বামে ও দক্ষিণে মণ্ডলাকারে বিচিত্র ভ্রমণ করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৪॥

তখন বাদ্যকারেরা শঙ্খধ্বনি ও সিংহনাদের সহিত পণব, মৃদঙ্গ, দুন্দুভি, ক্রকচ, মহানক ও ঝর্ঝরের গুরুতর ধ্বনি করিতে থাকিল' ॥৫৫॥

———•::•———

সঞ্জয় কহিলেন—'তাহার পর বুদ্ধিমান্ অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ সম্মুখে অবস্থিত বাণবিক্ষতদেহ শত্রু দুঃশাসনকে বলিলেন—॥১॥

* '... অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' ব, '... একোনচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি ।

যৎ সভায়াং ত্বয়া রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য শৃণ্বতঃ।
কোপিতঃ পরুষৈর্বাক্যৈর্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৩॥
জয়োন্মত্তেন মূঢ়েন বহ্বনর্থং প্রভাষতা।
তত্ত্বয়েদমনুপ্রাপ্তং তস্য কোপান্মহাত্মনঃ ॥৪॥ (যুগ্মকম্)
পরবিত্তাপহারস্য ক্রোধস্যাপ্রশমস্য চ।
লোভস্য জ্ঞাননাশস্য দ্রোহস্যাত্যাহিতস্য চ ॥৫॥
পিতৄণাং মম রাজ্যস্য হরণস্যোগ্রধন্বিনাম্।
তত্ত্বয়েদমনুপ্রাপ্তং প্রকোপাদ্বৈ মহাত্মনাম্ ॥৬॥ (যুগ্মকম্)
স তস্যোগ্রমধর্ম্মস্য ফলং প্রাপ্নুহি দুর্ম্মতে!।
শাসিতাস্ম্যদ্য তে বাণৈঃ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥৭॥
অদ্যাহমনৃণস্তস্য কোপস্য ভবিতা রণে।
অমর্ষিতায়াঃ কৃষ্ণায়াঃ কাঙ্ক্ষিতস্য চ মে পিতুঃ ॥৮॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। আক্রোশনপরায়ণং পরেষু গালিদানিরতম্ ॥২॥
যদিতি। পরুষৈর্নিষ্ঠুরৈঃ। ইদং যুদ্ধে মৎসান্নিধ্যম্ ॥৩—৪॥
পরেতি। অপ্রশমস্য পরবিত্তাপহারাদাবপি শান্তিরাহিত্যস্য। অত্যাহিতস্য জীবানপেক্ষিকর্ম্মণো দ্রৌপদীবস্ত্রহরণস্য। অত্রাপি ইদং যুদ্ধে মৎসান্নিধ্যম্ ॥৫—৬॥
স ইতি। স ত্বম্। শাসিতা দময়িতা, অস্মি অহম্ ॥৭॥

'আমি আজ ভাগ্যবশতঃ যুদ্ধে আগত অভিমানী, নিষ্ঠুর, ধর্ম্মত্যাগী এবং অন্যকে গালিদানে নিরত বীরকে দেখিতে পাইয়াছি ॥২॥

তুমি মূর্খ। সুতরাং অক্ষক্রীড়ায় জয়লাভে উন্মত্ত হইয়া বহুতর অনর্থজনক বাক্য বলিতে থাকিয়া সভামধ্যে রাজা ধৃতরাষ্ট্রের সমক্ষে নিষ্ঠুর উক্তিদ্বারা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের যে ক্রোধ উৎপাদন করিয়াছিলে, সেই মহাত্মার সেই ক্রোধের ফলেই তুমি আজ আমার নিকটে আসিয়াছ ॥৩—৪॥

আর পরবিত্তাপহরণ, ক্রোধ, শান্তিহীনতা, লোভ, জ্ঞানলোপ, দ্রোহ, অত্যাহিত এবং আমার ভয়ঙ্কর ধনুর্দ্ধর পিতৃগণের রাজ্যহরণ এই সকলের ফলরূপে সেই মহাত্মাদের কোপে তুমি এই আমার নিকটে আসিয়াছ ॥৫—৬॥

অতএব দুর্ম্মতি! তুমি এখন সেই অধর্ম্মের ভয়ঙ্কর ফল ভোগ কর। আমি আজ সমস্ত সৈন্যের সমক্ষে বাণদ্বারা তোমার শাসন করিব ॥৭॥

(৪)…জয়োন্মত্তেন ভীমশ্চ বহ্ববদ্ধং প্রভাষিতঃ। অক্ষকূটং সমাশ্রিত্য সৌবলস্যাত্মনো বলম্—বা ব নি। (৭) সম্প্রশ্চোগ্রমধর্ম্মস্য…পি ব।

CENTRAL LIBRARY

অদ্য কৌরব্য ! ভীমস্য ভবিতাস্ম্যনৃণো যুধি ।
ন হি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎসৃজসে রণম্ ॥৯॥
এবমুক্ত্বা মহাবাহুর্ব্বাণং দুঃশাসনান্তকম্ ।
সন্দধে পরবীরঘ্নঃ কালাগ্ন্যনিলবর্চ্চসম্ ॥১০॥
তস্যোরস্তূর্ণমাসাদ্য জত্রুদেশে বিভিদ্য তম্ ।
জগাম সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥১১॥
অথৈনং পঞ্চবিংশত্যা পুনরেব সমার্পয়ৎ ।
শরৈরগ্নিসমস্পর্শৈরাকর্ণসমচোদিতৈঃ ॥১২॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ ।
দুঃশাসনো মহারাজ ! কশ্মলঞ্চাবিশন্মহৎ ॥১৩॥

অদ্যেতি। অমর্ষিতায়াঃ সভায়াং প্রবেশনাদিনা কোপিতায়াঃ, কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ ॥৮॥
অদ্যেতি। অনৃণঃ, ত্বদ্বধেনেতি ভাবঃ। এবং সর্ব্বত্র ॥৯॥
এবমিতি। পরবীরঘ্নোঽভিমন্যুঃ, কালাগ্ন্যনিলবর্চ্চসং তত্তদ্বন্মহাশক্তিকম্ ॥১০॥
তস্যেতি। উরো বক্ষঃসমীপম্, জত্রুদেশে স্কন্ধসন্ধৌ। বল্মীকমুষীমৃত্তিকাম্ ॥১১॥
অথেতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। আকর্ণং সমং তুল্যঞ্চ চোদিতৈঃ প্রেরিতৈঃ ॥১২॥
স ইতি। রথস্য উপস্থে উপরিভাগে। কশ্মলং মোহম্ ॥১৩॥

আজ আমি যুদ্ধে তাঁহাদের সেই ক্রোধের, কোপিতা দ্রৌপদীর এবং পিতৃদেবের আকাঙ্ক্ষিত বিষয়ের নিকট অনৃণী হইব ॥৮॥

আর কৌরব ! আজ আমি যুদ্ধে ভীমসেনের নিকটেও অনৃণী হইব। কারণ, তুমি যদি সমরাঙ্গন পরিত্যাগ না কর, তবে জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্ত হইতে পারিবে না' ॥৯॥

এইরূপ বলিয়া মহাবাহু ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু কাল, অগ্নি ও বায়ুর তুল্য মহাশক্তিশালী দুঃশাসননাশক একটা বাণ সন্ধান করিলেন ॥১০॥

সেই বাণটা দুঃশাসনের বক্ষের নিকটে সত্বর যাইয়া তাঁহার স্কন্ধসন্ধিস্থান ভেদ করিয়া—সর্প যেমন উয়ীমৃত্তিকার ভিতরে গমন করে, সেইরূপ পুঙ্খের সহিত গমন করিল ॥১১॥

তাহার পর আবার অভিমন্যু অগ্নিসমস্পর্শ এবং আকর্ণাকৃষ্ট কার্ম্মুকদ্বারা সমানভাবে নিক্ষিপ্ত পঁচিশটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥১২॥

মহারাজ ! তখন দুঃশাসন দৃঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপরে বসিয়া পড়িলেন এবং গুরুতর মূর্চ্ছা প্রাপ্ত হইলেন ॥১৩॥

সারথিস্ত্বরমাণস্তু দুঃশাসনমচেতনম্।
রণমধ্যাদপোবাহ সৌভদ্রশরপীড়িতম্ ॥১৪॥
পাণ্ডবা দ্রৌপদেয়াশ্চ বিরাটশ্চ সমীক্ষ্য তম্।
পাঞ্চালাঃ কেকয়াশ্চৈব সিংহনাদমথানদন্ ॥১৫॥
বাদিত্রাণি চ সর্বাণি নানালিঙ্গানি সর্ব্বশঃ।
প্রাবাদয়ন্ত সংহৃষ্টাঃ পাণ্ডূনাং তত্র সৈনিকাঃ ॥১৬॥
অপশ্যন্ স্ময়মানাশ্চ সৌভদ্রস্য বিচেষ্টিতম্।
অত্যন্তবৈরিণং দৃপ্তং দৃষ্ট্বা শত্রুং পরাজিতম্ ॥১৭॥
ধর্ম্মমারুতশক্রাণামশ্বিনোঃ প্রতিমাস্তথা।
ধারয়ন্তো ধ্বজাগ্রেষু দ্রৌপদেয়া মহারথাঃ ॥১৮॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
কৈকেয়া ধৃষ্টকেতুশ্চ মৎস্যপাঞ্চালসৃঞ্জয়াঃ ॥১৯॥
পাণ্ডবাশ্চ মুদা যুক্তা যুধিষ্ঠিরপুরোগমাঃ।
অভ্যদ্রবন্ত ত্বরিতা দ্রোণানীকং বিভিৎসবঃ ॥২০॥ (বিশেষকম্)

সারথিরিতি। অপোবাহ অন্যত্রাপসারয়ামাস ॥১৪॥
পাণ্ডবা ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পঞ্চ পুত্রাঃ, সমীক্ষ্য দূরাৎ। অনদন্ অকুর্বন্ ॥১৫॥
বাদিত্রাণীতি। নানালিঙ্গানি বহুবিধচিহ্নানি। সৈনিকাঃ সৈনিকান্তর্গতবাদ্যকারাঃ ॥১৬॥
অপশ্যন্নিতি। স্ময়মানা মৃদু হসন্তঃ। বিচেষ্টিতং কার্য্যম্। দৃপ্তং গর্বিতম্ ॥১৭॥
ধর্ম্মেতি। প্রতিমা বিগ্রহান্। ধারয়ন্তঃ স্থাপয়ন্তঃ। কৈকেয়াঃ পঞ্চ। মুদা অভিমন্যু-জয়দর্শনাদানন্দেন। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। বিভিৎসবো ভেত্তুমিচ্ছবঃ ॥১৮—২০॥

সেই সময়ে তাঁহার সারথি ত্বরান্বিত হইয়া অভিমন্যুর বাণে পীড়িত ও অচেতন দুঃশাসনকে সমরমধ্য হইতে অপসৃত করিল ॥১৪॥

পাণ্ডবগণ, দ্রৌপদীর পুত্রগণ, বিরাট, পাঞ্চালগণ ও কেকয়গণ দূর হইতে অভিমন্যুকে দেখিয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৫॥

এবং তখন পাণ্ডবসেনার বাদ্যকারেরা আনন্দিত হইয়া সমস্ত স্থানে নানাবিধ-চিহ্নযুক্ত সমস্ত বাদ্য বাজাইতে লাগিল ॥১৬॥

আর অত্যন্তবিদ্বেষী ও গর্বিত দুঃশাসনকে পরাজিত দেখিয়া মৃদু হাস্য করিতে থাকিয়া অভিমন্যুর কার্য্য দেখিতে থাকিল ॥১৭॥

তাহার পর ধ্বজের উপরিভাগে ধর্ম্ম, বায়ু, ইন্দ্র ও অশ্বিনীকুমারদ্বয়ের

(১৪)…ত্বরমাণস্তম্…পি। (১৭)…দৃষ্ট্বা শত্রুং পরাঙ্মুখম্—পি। (১৯)…মৎস্যাঃ পাঞ্চালসৃঞ্জয়াঃ…বা, মাৎস্যাঃ পাঞ্চালসৃঞ্জয়াঃ—নি।

CENTRAL LIBRARY

ততোঽভবন্মহাযুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ।
জয়মাকাঙ্ক্ষমাণানাং শূরাণামনিবর্ত্তিনাম্ ॥২১॥
তথা প্রবর্ত্তমানে বৈ সংগ্রামেঽতিভয়ঙ্করে।
দুর্য্যোধনো মহারাজ! রাধেয়মিদমব্রবীৎ ॥২২॥
পশ্য দুঃশাসনং বীরমভিমন্যুবশং গতম্।
প্রতপন্তমিবাদিত্যং নিঘ্নন্তং শাত্রবান্ রণে ॥২৩॥
অথ চৈতে সুসংরব্ধাঃ সিংহা ইব বলোৎকটাঃ।
সৌভদ্রমুদ্যতাস্ত্রাতুমভ্যধাবন্ত পাণ্ডবাঃ ॥২৪॥
ততঃ কর্ণঃ শরৈস্তীক্ষ্ণৈরভিমন্যুং দুরাসদম্।
অভ্যবর্ষত সংক্রুদ্ধঃ পুত্রস্য হিতকৃত্তব ॥২৫॥

তত ইতি। অনিবর্ত্তিনাং বিপৎপাতসম্ভাবনায়ামপীতি ভাবঃ ॥২১॥
তথেতি। রাধেয়ং রাধায়াস্তদাখ্যায়া অধিরথপত্ন্যাঃ পুত্রং কর্ণম্ ॥২২॥
পশ্যেতি। আদিত্যমিব শাত্রবান্ প্রতপন্তং নিঘ্নন্তঞ্চেতি সম্বন্ধঃ ॥২৩॥
অথেতি। সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ, বলেন উৎকটা মত্তাঃ ॥২৪॥
তত ইতি। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥২৫॥

প্রতিমূর্ত্তি স্থাপনকারী মহারথ দ্রৌপদীপুত্রগণ, সাত্যকি, চেকিতান, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, ধৃষ্টকেতু, কেকয়গণ, মৎস্য, পাঞ্চাল ও সৃঞ্জয়গণ এবং যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা আনন্দিত হইয়া দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া সত্বর ধাবিত হইলেন ॥১৮—২০॥

রাজা! তদনন্তর বিপক্ষগণের সহিত আপনার পক্ষের জয়াভিলাষী ও অনিবর্ত্তী বীরগণের মহাযুদ্ধ হইতে লাগিল ॥২১॥

মহারাজ! অতিভয়ঙ্কর যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, দুর্য্যোধন কর্ণকে এই কথা বলিলেন—॥২২॥

'কর্ণ! দেখ—বীর দুঃশাসন যুদ্ধে সূর্য্যের ন্যায় শত্রুগণকে সন্তপ্ত ও নিহত করিতেছিলেন, সেই অবস্থাতেই তিনি অভিমন্যুর বশীভূত হইয়াছেন ॥২৩॥

আবার অত্যন্ত উৎসাহী এবং সিংহের ন্যায় বলমত্ত এই পাণ্ডবেরাও অভিমন্যুকে রক্ষা করিবার জন্য উদ্যত হইয়া তোমাদের অভিমুখে ধাবিত হইয়াছে' ॥২৪॥

রাজা! তাহার পর আপনার পুত্রের হিতকারী কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া দুর্দ্ধর্ষ অভিমন্যুর উপরে তীক্ষ্ণ বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২৫॥

তস্য চানুচরাংস্তীক্ষ্ণৈর্বিব্যাধ পরমেষুভিঃ।
অবজ্ঞাপূর্ব্বকং শূরঃ সৌভদ্রস্য রণাজিরে ॥২৬॥
অভিমন্যুস্তু রাধেয়ং ত্রিসপ্তত্যা শিলীমুখৈঃ।
অবিধ্যত্বরিতো রাজন্! দ্রোণং প্রেপ্সুর্মহামনাঃ ॥২৭॥
তং তথা নাশকৎ কশ্চিদ্‌দ্রোণাদ্বারয়িতুং রথী।
আরুজন্তং রথশ্রেষ্ঠান্ বজ্রহস্তাত্মজাত্মজম্ ॥২৮॥
ততঃ কর্ণো জয়প্রেপ্সুর্মানী সর্বধনুষ্মতাম্।
সৌভদ্রং শতশোঽবিধ্যদুত্তমাস্ত্রাণি দর্শয়ন্ ॥২৯॥
সোঽস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো রামশিষ্যঃ প্রতাপবান্।
সমরে শত্রুদুর্দ্ধর্ষমভিমন্যুমপীড়য়ৎ ॥৩০॥
স তথা পীড্যমানস্তু রাধেয়েনাস্ত্রবৃষ্টিভিঃ।
সমরেঽমরসঙ্কাশঃ সৌভদ্রো ন ব্যসীদত ॥৩১॥

তস্যেতি। অবজ্ঞাপূর্বকং দুর্বলবোধাৎ, শূরঃ কর্ণঃ ॥২৬॥
অভীতি। শিলীমুখৈর্বাণৈঃ প্রেপ্সুর্যুদ্ধায় প্রাপ্তুমিচ্ছুঃ ॥২৭॥
তমিতি। আরুজন্তং ভঞ্জন্তম্। বজ্রহস্ত ইন্দ্রস্তদাত্মজোঽর্জ্জুনস্তদাত্মজমভিমন্যুম্ ॥২৮॥
তত ইতি। উত্তমাস্ত্রাণি দর্শয়ন্ আবিষ্কুর্বন্ বীরত্বপ্রদর্শনায় ॥২৯॥
স ইতি। স কর্ণঃ। রামস্য জামদগ্ন্যস্য শিষ্যঃ ॥৩০॥
স ইতি। অমরসঙ্কাশো দেবতুল্যপ্রভাবঃ। ন ব্যসীদত নাবসন্নোঽভবৎ ॥৩১॥

এবং বীর কর্ণ তীক্ষ্ণ ও উত্তম বাণসমূহদ্বারা সমরাঙ্গনে অবজ্ঞাপূর্ব্বক অভিমন্যুর অনুচরগণকেও বিদ্ধ করিতে থাকিলেন ॥২৬॥

রাজা! তখন মহামনা অভিমন্যুও দ্রোণের নিকট যাইবার ইচ্ছা করিয়া সত্বর ত্রিসপ্ততি বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥২৭॥

রথী অভিমন্যু সেইভাবে রথিশ্রেষ্ঠগণকে পরাভূত করিতে লাগিলে, কোন ব্যক্তিই তাঁহাকে দ্রোণের নিকটে যাইবার সময়ে বারণ করিতে পারিল না ॥২৮॥

তদনন্তর জয়াভিলাষী ও সমস্ত ধনুর্দ্ধরের মধ্যে অভিমানী কর্ণ উত্তম উত্তম অস্ত্র দেখাইতে থাকিয়া শত শত বার অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥২৯॥

এবং পরশুরামের শিষ্য, অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও প্রতাপশালী কর্ণ যুদ্ধে নানাবিধ অস্ত্রদ্বারা শত্রুদুর্দ্ধর্ষ অভিমন্যুকে পীড়ন করিতে লাগিলেন ॥৩০॥

দেবতুল্যপ্রভাবশালী অভিমন্যু কর্ণের অস্ত্রবর্ষণে সেইরূপ পীড়িত হইতে থাকিয়াও যুদ্ধে অবসন্ন হইলেন না ॥৩১॥

(২৮)…আরুজন্তং রথব্রাতান্…বা নি। (৩১)…সৌভদ্রো ন বাশীর্য্যত—বা নি।

CENTRAL LIBRARY

ততঃ শিলাশিতৈস্তীক্ষ্ণৈর্ভল্লৈরানতপর্ব্বভিঃ।
ছিত্ত্বা ধনূংষি শূরাণামার্জ্জুনিঃ কর্ণমার্দ্দয়ৎ ॥৩২॥
ধনুর্মণ্ডলনির্ম্মুক্তৈঃ শরৈরাশীবিষোপমৈঃ।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব ॥৩৩॥ (যুগ্মকম্)
কর্ণোঽপি চাস্য চিক্ষেপ বাণান্ সন্নতপর্ব্বণঃ।
অসংভ্রান্তশ্চ তান্ সর্বানগৃহ্ণাৎ ফাল্গুনাত্মজঃ ॥৩৪॥
ততো মুহূর্ত্তাৎ কর্ণস্য বাণেনৈকেন বীর্য্যবান্।
সধ্বজং কার্ম্মুকং বীরশ্ছিত্ত্বা ভূমৌ ন্যপাতয়ৎ ॥৩৫॥
ততঃ কৃচ্ছ্রগতং কর্ণং দৃষ্ট্বা কর্ণাদনন্তরঃ।
সৌভদ্রমভ্যয়াত্তূর্ণং দৃঢ়মুদ্যম্য কার্ম্মুকম্ ॥৩৬॥
তত উচ্চুক্রুশুঃ পার্থাস্তেষাঞ্চানুচরা জনাঃ।
বাদিত্রাণি চ সংজঘ্নুঃ সৌভদ্রঞ্চাপি তুষ্টুবুঃ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে দুঃশাসনকর্ণপরাজয়ে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ততঃ ইতি। আর্দ্দয়দপীড়য়ৎ। যন্তা সারথিঃ। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥৩২—৩৩॥
কর্ণ ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ। ফাল্গুনাত্মজোঽর্জ্জুনপুত্রঃ ॥৩৪॥
তত ইতি। একেনেতি বীপ্সাবগন্তব্যা। বীরঃ অভিমন্যুরেব ॥৩৫॥
তত ইতি। কৃচ্ছ্রগতং বিপদাপন্নম্। অনন্তরঃ পশ্চাজ্জাতঃ কনিষ্ঠভ্রাতা ॥৩৬॥

তাহার পর অভিমন্যু শিলাশাণিত, তীক্ষ্ণ ও নতপর্ব্ব ভল্লসমূহদ্বারা কর্ণ-সহচর বীরগণের ধনুগুলি ছেদন করিয়া ঈষৎ হাস্য করতই যেন মণ্ডলীকৃত কার্ম্মুকনিক্ষিপ্ত সর্পতুল্য বাণসমূহদ্বারা ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণের সহিত কর্ণকে পীড়ন করিলেন ॥৩২—৩৩॥

কর্ণও অভিমন্যুর উপরে নতপর্ব বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন; আবার অভিমন্যুও অবিচলিত চিত্তে সেই বাণ সকল গ্রহণ করিতে থাকিলেন ॥৩৪॥

ক্রমে বলবান্ ও বীর অভিমন্যু এক এক বাণে কর্ণের ধ্বজ ও ধনু ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৩৫॥

তখন কর্ণ বিপদাপন্ন হইয়াছেন দেখিয়া কর্ণের কনিষ্ঠ ভ্রাতা সত্বর দৃঢ় ধনু উদ্যত করিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

(৩৫)…ভূমাবপাতয়ৎ—বা ব নি। (৩৬) ততঃ কৃচ্ছ্রং গতং কর্ণম্…পি। * '…একোনচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '…চত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সোঽভিগর্জ্জন্ ধনুষ্পাণির্জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
তয়োর্মহাত্মনোস্তূর্ণং রথান্তরমবাপতৎ ॥১॥
সোঽবিধ্যদ্দশভির্ব্বাণৈরভিমন্যুং দুরাসদম্।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব ॥২॥
পিতৃপৈতামহং কর্ম্ম কুর্ব্বাণমতিমানুষম্।
দৃষ্ট্বার্দ্দিতং শরৈঃ কাঙ্ক্ষিং ত্বদীয়া হৃষিতাভবন্ ॥৩॥

তত ইতি। উচ্চুক্রুশুঃ উচ্চৈরানন্দকোলাহলং চক্রুঃ, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

স ইতি। তয়োঃ কর্ণাভিমন্যোঃ। রথয়োরন্তরং মধ্যম্, অবাপতদগচ্ছৎ ॥১॥

স ইতি। ছত্রেণ ধ্বজেন যন্ত্রা সারথিনা চ সহ তম্। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥২॥

পিত্রিতি। কর্ম্ম যুদ্ধম্। কাঙ্ক্ষিমভিমন্যুম্। হৃষিতাভবন্নিতি সন্ধিরার্ষঃ ॥৩॥

সেই সময়ে পাণ্ডবগণ ও তাঁহাদের অনুচরগণ উচ্চস্বরে আনন্দকোলাহল করিয়া উঠিলেন, বাদ্যকারেরা বাদ্য বাজাইতে লাগিল এবং অন্য সকলে অভিমন্যুর প্রশংসা করিতে থাকিল' ॥৩৭॥

সঞ্জয় বলিলেন—'কর্ণের সেই ভ্রাতা ধনু ধারণ করিয়া বার বার গর্জন ও ধনুর গুণ আকর্ষণ করতঃ কর্ণ ও অভিমন্যুর রথদ্বয়ের মধ্যস্থানে যাইয়া উপস্থিত হইলেন ॥১॥

তৎপরে তিনি ঈষৎ হাস্য করতই যেন দশটা বাণদ্বারা ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণের সহিত দুর্দ্ধর্ষ অভিমন্যুকে সত্বর বিদ্ধ করিলেন ॥২॥

পিতা যে কার্য্য করিতেছেন এবং পিতামহপ্রভৃতি যে কার্য্য করিয়া গিয়াছেন, সেই অলৌকিক কার্য্য করিতে প্রবৃত্ত অভিমন্যুকে শরপীড়িত দেখিয়া আপনার পক্ষের লোকেরা আনন্দিত হইল ॥৩॥

(১) সোঽভ্যগচ্ছদ্ধনুষ্পাণিঃ···রথোঽন্তরমবাপতৎ—নি।

CENTRAL LIBRARY

তস্যাভিমন্যুরায়ম্য স্ময়ন্নেকেন পত্রিণা।
শিরঃ প্রচ্যাবয়ামাস তদ্রথাৎ প্রাপতদ্ভুবি ॥৪॥
কর্ণিকারমিবাধূতং বাতেন পতিতং নগাৎ।
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা রাজন্! কর্ণো ব্যথাং যযৌ ॥৫॥
বিমুখীকৃত্য কর্ণন্তু সৌভদ্রঃ কঙ্কপত্রিভিঃ।
অন্যানপি মহেষ্বাসাংস্তূর্ণমেবাভিদুদ্রুবে ॥৬॥
ততস্তদ্বিততং সৈন্যং হস্ত্যশ্বরথপত্তিমৎ।
ক্রুদ্ধোঽভিমন্যুরভিনত্তিগ্মতেজা মহারথঃ ॥৭॥
কর্ণস্তু বহুভির্ব্বাণৈরর্দ্দ্যমানোঽভিমন্যুনা।
অপায়াজ্জবনৈরশ্বৈস্ততোঽনীকমভজ্যত ॥৮॥
শলভৈরিব চাকাশে ধারাভিরিব চাবৃতে।
অভিমন্যোঃ শরৈ রাজন্! ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৯॥

তস্যেতি। আয়ম্য ধনুরাকৃষ্য। প্রচ্যাবয়ামাস দেহাৎ পৃথক্ চকার ॥৪॥
কর্ণীতি। কর্ণিকারং বৃক্ষম্, আধূতং কম্পিতম্। নগাৎ পর্বতাৎ ॥৫॥
বিমুখীতি। কঙ্কপত্রিভির্বাণৈঃ। অভিদুদ্রুবে অভিদধাব ॥৬॥
তত ইতি। বিততং বিস্তৃতম্। পত্তিঃ পদাতিঃ ॥৭॥
কর্ণ ইতি। অপায়াৎ সমরাঙ্গনাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ। অনীকং সৈন্যম্ ॥৮॥

ক্রমে অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ ধনু আকর্ষণ করিয়া একটা বাণদ্বারা কর্ণের ভ্রাতার মস্তক ছেদন করিলেন; তখন তাহা ভূতলে পতিত হইল ॥৪॥

রাজা! বায়ুসঞ্চালিত কর্ণিকারবৃক্ষ যেমন পর্ব্বত হইতে পতিত হয়, সেইরূপ ভ্রাতা নিহত ও রথ হইতে পতিত হইয়াছেন দেখিয়া কর্ণ দারুণ ব্যথিত হইলেন ॥৫॥

অভিমন্যু বাণদ্বারা ক্রমে কর্ণকেও পরাঙ্মুখ করিয়া অন্যান্য মহাধনুর্দ্ধরগণের দিকে সত্বর ধাবিত হইলেন ॥৬॥

তাহার পর মহাতেজা ও মহারথ অভিমন্যু ক্রুদ্ধ হইয়া হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত সেই বিস্তৃত কৌরবসৈন্যকে ছিন্ন-ভিন্ন করিয়া তুলিলেন ॥৭॥

অভিমন্যু বহুতর বাণদ্বারা পীড়ন করিতে লাগিলে, কর্ণ বেগবান্ অশ্বগণের গুণে সত্বর সমরাঙ্গন হইতে অপসৃত হইলেন। তাহার পর কৌরবসৈন্য বিচ্ছিন্ন হইতে লাগিল ॥৮॥

(৫)···বাতেনাপতিতং নগাৎ···বা ব নি। (৮)···ততোঽনীকমভিষ্যত···পি,···ততোঽনীকমভিদ্রবৎ···নি। (৯) শলভৈরিব চাকাশং ধারাভিরিব পর্ব্বতঃ।···শরৈশ্ছন্নম্···নি।

CENTRAL LIBRARY

তাবকানান্তু যোধানাং বধ্যতাং নিশিতৈঃ শরৈঃ।
অন্যত্র সৈন্ধবাদ্রাজন্! ন স্ম কশ্চিদতিষ্ঠত ॥১০॥
সৌভদ্রস্তু ততঃ শঙ্খং প্রধ্মাপ্য পুরুষর্ষভঃ।
শীঘ্রমভ্যপতৎ সেনাং ভারতীং ভরতর্ষভ! ॥১১॥
স কক্ষেঽগ্নিরিবোৎসৃষ্টো নির্দ্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জ্জুনিঃ পর্য্যবর্ত্তত ॥১২॥
রথনাগাশ্বমনুজানর্দ্দয়ন্ নিশিতৈঃ শরৈঃ।
স প্রবিশ্যাকরোদ্ভূমিং কবন্ধগণসঙ্কুলাম্ ॥১৩॥
সৌভদ্রচাপপ্রভবৈর্নিকৃত্তাঃ পরমেষুভিঃ।
স্বানেবাভিমুখান্ ঘ্নন্তঃ প্রাদ্রবন্ জীবিতার্থিনঃ ॥১৪॥

শলভৈরিতি। শলভৈঃ পতঙ্গৈঃ, ধারাভির্মেঘবৃষ্টিস্রবৈঃ ॥৯॥
তাবকানামিতি। বধ্যতাং বধ্যমানানাম্। অন্যত্র অন্যঃ, সৈন্ধবাজ্জয়দ্রথাৎ ॥১০॥
সৌভদ্র ইতি। প্রধ্মাপ্য বাদয়িত্বা। ভারতীং কৌরবীম্ ॥১১॥
স ইতি। কক্ষে তৃণরাশৌ, উৎসৃষ্টঃ অর্পিতঃ, তরসা বেগেন ॥১২॥
রথেতি। নাগা হস্তিনঃ। সঃ অভিমন্যুঃ। কবন্ধঃ শিরঃশূন্যদেহঃ ॥১৩॥
সৌভদ্রেতি। সৌভদ্রচাপপ্রভবৈরভিমন্যুকার্ম্মুকনির্গতৈঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥১৪॥

রাজা! পতঙ্গ ও জলধারার ন্যায় অভিমন্যুর বাণে আকাশ আবৃত হইলে, কিছুই দেখা গেল না ॥৯॥

রাজা! আপনার পক্ষের যোদ্ধারা অভিমন্যুর তীক্ষ্ণবাণে নিহত হইতে থাকিলে, এক জয়দ্রথভিন্ন অপর কেহই রণস্থলে রহিল না ॥১০॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু শঙ্খধ্বনি করিয়া সত্বর কৌরবসৈন্যের উপরে আপতিত হইলেন ॥১১॥

তৃণরাশিতে প্রদত্ত অগ্নির ন্যায় অভিমন্যু বেগে শত্রুগণকে দগ্ধ করিতে থাকিয়া কৌরবসৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলেন ॥১২॥

ক্রমে তিনি তাহাতে প্রবেশ করিয়া নিশিত শরসমূহদ্বারা হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে পীড়ন করিতে থাকিয়া সমরভূমিকে কবন্ধগণে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥১৩॥

অভিমন্যুর কার্ম্মুকনির্গত উত্তম বাণসমূহ যাইয়া ছেদন করিতে লাগিলে, বিপক্ষেরা আপন পক্ষের লোকদিগকেই আঘাত করতঃ জীবনরক্ষার্থী হইয়া পলায়ন করিতে লাগিল ॥১৪॥

(১১)···প্রধ্মায়···নি।

তে ঘোরা রৌদ্রকর্ম্মাণো বিপাঠা বহবঃ শিতাঃ।
নিঘ্নন্তো রথনাগাশ্বান্ জগ্মুরাশু বসুন্ধরাম্ ॥১৫॥
সায়ুধাঃ সাঙ্গুলিত্রাণাঃ সগদাঃ সাঙ্গদা রণে।
দৃশ্যন্তে বাহবশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥১৬॥
শরাশ্চাপানি খড়্গাশ্চ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ভূমাবাসন্ সহস্রশঃ ॥১৭॥
সোপস্করৈরধিষ্ঠানৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্ব্বহুধা পতিতৈর্যুগৈঃ ॥১৮॥
শক্তিচাপাসিভিশ্চৈব পতিতৈশ্চ মহাধ্বজৈঃ।
চর্ম্মচাপশরৈশ্চৈব ব্যবকীর্ণৈঃ সমন্ততঃ ॥১৯॥
নিহতৈঃ ক্ষত্রিয়ৈরশ্বৈর্ব্বারণৈশ্চ বিশাংপতে!।
অগম্যরূপা পৃথিবী ক্ষণেনাসীৎ সুদারুণা ॥২০॥ (বিশেষকম্)

ত ইতি। বিপাঠা বাণবিশেষাঃ। জগ্মুঃ প্রবিবিশুঃ, বসুন্ধরাং রণভূমিম্ ॥১৫॥
সায়ুধা ইতি। অঙ্গুলিত্রাণৈশ্চর্ম্মনির্ম্মিতৈরঙ্গুলিত্রৈঃ সহেতি তে ॥১৬॥
শরা ইতি। স্রজো মালা এষাং সন্তীতি স্রগ্বীণি। মত্বর্থীয়ো বিণ্ ॥১৭॥
সোপেতি। উপস্করাদীনি রথাঙ্গানি প্রাগ্বিবৃতানি। সগুণনির্গুণভেদাচ্চাপস্য দ্বিরুক্তিঃ। ব্যবকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ। বারণৈর্হস্তিভিঃ। অগম্যরূপা ব্যাপ্তত্বাৎ, পৃথিবী সমরভূমিঃ ॥১৮—২০॥

অভিমন্যুনিক্ষিপ্ত ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়ঙ্করকার্য্যকারী বহুতর সুধার বিপাঠ (বাণবিশেষ) হস্তী, অশ্ব ও রথ বিনাশ করতঃ সত্বর সমরভূমিতে প্রবেশ করিতে লাগিল ॥১৫॥

অস্ত্র, অঙ্গুলিত্র, গদা ও অঙ্গদযুক্ত এবং অন্যান্য স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ছিন্ন বাহু সকল দেখা যাইতে থাকিল ॥১৬॥

সহস্র সহস্র বাণ, ধনু, তরবারি, শরীর এবং কুণ্ডল ও মালাযুক্ত মস্তক ভূতলে পতিত হইতে লাগিল ॥১৭॥

নরনাথ! নিপতিত উপকরণ, আধারকাষ্ঠ, স্তম্ভদণ্ড, ভগ্ন চক্রের কাষ্ঠ, চক্র, বহুতর তির্য্যক্ দারু (তেরচা কাঠ), শক্তি, গুণযুক্ত ধনু, তরবারি, বিশাল, ধ্বজ, ইতস্ততঃ বিক্ষিপ্ত চর্ম্ম (ঢাল), গুণশূন্য ধনু ও বাণ এবং নিহত ক্ষত্রিয়, অশ্ব ও হস্তিদ্বারা সমরভূমি ক্ষণকালমধ্যে অগম্য ও অতিভয়ঙ্কর হইয়া পড়িল ॥১৮—২০॥

(২০)···অগম্যকল্পা পৃথিবী···পি।

বধ্যতাং রাজপুত্রাণাং ক্রন্দতামিতরেতরম্।
প্রাদুরাসীন্মহাশব্দো ভীরূণাং ভয়বর্দ্ধনঃ ॥২১॥
স শব্দো ভরতশ্রেষ্ঠ! দিশঃ সর্বা ব্যনাদয়ৎ।
সৌভদ্রশ্চাদ্রবৎ সেনাং ঘ্নন্ নরাশ্বরথদ্বিপান্ ॥২২॥
কক্ষমগ্নিরিবোৎসৃষ্টো নির্দ্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জ্জুনিঃ প্রত্যদৃশ্যত ॥২৩॥
বিচরন্তং দিশঃ সর্ব্বাঃ প্রদিশশ্চাপি ভারত!।
তং তদা নানুপশ্যামঃ সৈন্যেন রজসাবৃতম্ ॥২৪॥
আদদানং গজাশ্বানাং নৃণাঞ্চায়ূংষি ভারত!।
ক্ষণেন ভূয়ঃ পশ্যামঃ সূর্য্যং মধ্যন্দিনে যথা।
অভিমন্যুং মহারাজ! প্রতপন্তং দ্বিষদ্গণান্ ॥২৫॥

বধ্যতামিতি। বধ্যতাম্ অভিমন্যুনা বধ্যমানানাম্, ক্রন্দতামাহ্বয়তাম্ ॥২১॥
স ইতি। অদ্রবৎ অভ্যধাবৎ, সেনাং কৌরবীয়াম্, ঘ্নন্ বিনাশয়ন্ ॥২২॥
কক্ষমিতি। কক্ষং তৃণরাশিম্। তরসা বেগেন। আর্জ্জুনিরভিমন্যুঃ ॥২৩॥
বিচরন্তমিতি। প্রদিশো বিদিশঃ। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন ॥২৪॥

বধ্যমান রাজপুত্রগণ পরস্পর আহ্বান করিতে থাকিলে, ভীরুজনের ভয়-বর্দ্ধক মহাশব্দ হইতে থাকিল ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! সেই শব্দ সমস্ত দিক্ নিনাদিত করিল এবং অভিমন্যুও পদাতি, অশ্ব, রথ ও হস্তিগণকে বিনাশ করিতে করিতে বিপক্ষসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২২॥

প্রদত্ত অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অভিমন্যু বেগে শত্রুগণকে দগ্ধ করিতে লাগিলেন; সেই অবস্থায় তাঁহাকে কৌরবসৈন্যমধ্যে দেখা গেল ॥২৩॥

ভরতনন্দন! অভিমন্যু তখন সমস্ত দিক্ ও বিদিক্ বিচরণ করিতেছিলেন; তথাপি সৈন্যগণের ধূলিজালে আবৃত থাকায় তাঁহাকে আমরা দেখিতেছিলাম না ॥২৪॥

ভরতনন্দন মহারাজ! ক্ষণকালমধ্যে আবার আমরা দেখিলাম—অভিমন্যু হস্তী, অশ্ব ও মনুষ্যগণের আয়ু হরণ করিতেছেন এবং মধ্যাহ্নকালের সূর্য্যের ন্যায় শত্রুগণকে সন্তপ্ত করিতেছেন ॥২৫॥

(২২)…বরাশ্বরথদ্বিপান্—নি। (২৪)…সৈন্যে চ রজসা বৃতে—নি।

স বাসবসমঃ সংখ্যে বাসবস্যাত্মজাত্মজঃ।
অভিমন্যুর্মহারাজ! সৈন্যমধ্যে ব্যরোচত ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

———:*:———

ধৃতরাষ্ট্র উবাচ।

বালমত্যন্তসুখিনং স্ববাহুবলদর্পিতম্।
যুদ্ধে সুকুশলং বীরং কুলপুত্রং তনুত্যজম্ ॥১॥
গাহমানমনীকানি সদশ্বৈশ্চ ত্রিহায়নৈঃ।
অপি যৌধিষ্ঠিরাৎ সৈন্যাৎ কশ্চিদন্বপতদ্বলী ॥২॥ (যুগ্মকম্)

আদদানমিতি। আদদানং সংহরন্তমিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥
স ইতি। বাসবসম ইন্দ্রতুল্যঃ, বাসবস্য ইন্দ্রস্য আত্মজোঽর্জ্জুনস্তদাত্মজঃ ॥২৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

বালমিতি। কুলপুত্রং সদ্বংশজাতম্, তনুত্যজং দেহত্যাগায়োদ্যতম্। অপিঃ প্রশ্নে ॥১—২॥

মহারাজ! ক্রমে ইন্দ্রের পুত্রের পুত্র অভিমন্যু রণস্থলে বিপক্ষসৈন্যের মধ্যে ইন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন' ॥২৬॥

———০::০———

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বালক, অত্যন্তসুখী, আপন বাহুবলে দর্পিত, যুদ্ধে বিশেষনিপুণ, বীর, সদ্বংশজাত ও দেহত্যাগে উদ্যত অভিমন্যু যখন ত্রিবর্ষ-বয়স্ক উত্তম অশ্বগণের গুণে কৌরবসৈন্য আলোড়ন করিতেছিল, তখন যুধিষ্ঠিরের সৈন্যমধ্য হইতে কোন বলবান্ যোদ্ধা তাহার অনুসরণ করিয়াছিলেন কি?' ॥১—২॥

* '…চত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '…একচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (১)…যুদ্ধেষু কুশলম্…পি বা,…যুদ্ধেষ্বকুশলম্…নি।

সঞ্জয় উবাচ।

যুধিষ্ঠিরো ভীমসেনঃ শিখণ্ডী সাত্যকির্যমৌ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ দ্রুপদশ্চ সকেকয়ঃ ॥৩॥
ধৃষ্টকেতুশ্চ সংরব্ধো মৎস্যাশ্চান্বপতন্ রণে।
তেনৈব তু পথা যান্তঃ পিতরো মাতুলৈঃ সহ ॥৪॥
অভ্যদ্রবন্ পরীপ্সন্তো ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ শূরাংস্ত্বদীয়া বিমুখাভবন্ ॥৫॥ (বিশেষকম্)
ততস্তদ্বিমুখং দৃষ্ট্বা তব সূনোর্মহদ্বলম্।
জামাতা তব তেজস্বী তিস্তম্ভয়িষুরাদ্রবৎ ॥৬॥
সৈন্ধবস্য মহারাজ! পুত্রো রাজা জয়দ্রথঃ।
স পুত্রগৃদ্ধিনঃ পার্থান্ সহসৈন্যানবারয়ৎ ॥৭॥

যুধীতি। যমৌ নকুলসহদেবৌ। সংরব্ধ উৎসাহী। তেনৈব অভিমন্যুনা কৃতেনৈব। পিতরো যুধিষ্ঠিরাদয়ঃ, মাতুলৈঃ শিখণ্ডিপ্রভৃতিভিঃ। অভ্যদ্রবন্ অভ্যধাবন্, পরীপ্সন্তঃ অভিমন্যুং প্রাপ্তুমিচ্ছন্তঃ, ব্যূঢ়ানীকাঃ সজ্জীকৃতসৈন্যাঃ। বিমুখাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩—৫॥

তত ইতি। জামাতা জয়দ্রথঃ। তিস্তম্ভয়িষুঃ স্তম্ভয়িতুং বারয়িতুমিচ্ছুঃ ॥৬॥

সৈন্ধবস্যেতি। সিন্ধুরাজস্য বৃদ্ধক্ষত্রস্য। পুত্রগৃদ্ধিনঃ পুত্রবৎসলান্ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, শিখণ্ডী, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, দ্রুপদ, কেকয়গণ, উৎসাহী ধৃষ্টকেতু এবং মৎস্যদেশীয় অন্যান্য যোদ্ধারা অভিমন্যুর অনুসরণ করিয়াছিলেন। শিখণ্ডিপ্রভৃতি মাতুলগণের সহিত যুধিষ্ঠিরাদি পিতৃগণ ও অন্যান্য যোদ্ধারা অভিমন্যুর নিকটে যাইবার ইচ্ছায় সৈন্য সজ্জিত করিয়া প্রহারার্থী হইয়া অভিমন্যুকৃত পথেই যাইতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন। সেই বীরগণকে দ্রুত আসিতে দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা বিমুখ হইলেন ॥৩—৫॥

তখন আপনার পুত্রের বিশাল সৈন্যকে বিমুখ দেখিয়া আপনার তেজস্বী জামাতা জয়দ্রথ তাঁহাদিগকে বারণ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন ॥৬॥

মহারাজ! সিন্ধুরাজের পুত্র রাজা জয়দ্রথ ক্রমে সৈন্যগণের সহিত পুত্রবৎসল পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

(৪)···মাৎস্যাশ্চাম্বপতন্ রণে—নি, মৎস্যাশ্চাভ্যপতন্ রণে—বা ব। (৬) ততস্তে বিমুখম্···পি,···সংস্তম্ভয়িষুরাদ্রবৎ—বা নি,···বিষ্টম্ভয়িষুরাদ্রবৎ—ব।

CENTRAL LIBRARY

উগ্রধন্বা মহেষ্বাসো দিব্যমস্ত্রমুদীরয়ন্ ।
বার্দ্ধক্ষত্রিরুপাসেধৎ প্রবণাদিব কুঞ্জরঃ ॥৮॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

অতিভারমহং মন্যে সৈন্ধবে সঞ্জয়াহিতম্ ।
যদেকঃ পাণ্ডবান্ ক্রুদ্ধান্ পুত্রপ্রেপ্সূনবারয়ৎ ॥৯॥
অত্যদ্ভুতমহং মন্যে বলং শৌর্য্যঞ্চ সৈন্ধবে ।
তস্য প্রব্রূহি মে বীর্য্যং কর্ম্ম চাগ্র্যং মহাত্মনঃ ॥১০॥
কিং জপ্তং হুতমিষ্টং বা কিং সুতপ্তমথো তপঃ ।
সিন্ধুরাজেন যেনৈকঃ ক্রুদ্ধান্ পার্থানবারয়ৎ ॥১১॥

সঞ্জয় উবাচ ।

দ্রৌপদীহরণে যত্তদ্ভীমসেনেন নির্জ্জিতঃ ।
মানাৎ স তপ্তবান্ রাজা বরার্থী সুমহত্তপঃ ॥১২॥

উগ্রেতি । বার্দ্ধক্ষত্রিঃ বৃদ্ধক্ষত্রপুত্রো জয়দ্রথঃ, উপাসেধৎ পাণ্ডবাদীন্ ন্যবারয়ৎ, প্রবণাৎ ক্রমনিম্নদেশাৎ, "প্রবণং ক্রমনিম্নোর্ব্যাং প্রস্থে না তু চতুষ্পথে" ইত্যমরঃ ॥৮॥

অতীতি । সৈন্ধবে জয়দ্রথে, আহিতং সেনাপতিনা দুর্য্যোধনেন বা স্থাপিতম্ ॥৯॥

অতীতি । বলং শক্তিম্, শৌর্য্যমুৎসাহম্ । বীর্য্যং শিক্ষাদাক্ষ্যম্, অগ্র্যং প্রধানম্ ॥১০॥

কিমিতি । ইষ্টং যজ্ঞঃ কৃতঃ, সুতপ্তং সুষ্ঠু কৃতম্ । যেন হেতুনা ॥১১॥

দ্রৌপদীতি । তপ্তবান্ কৃতবান্, রাজা জয়দ্রথঃ ॥১২॥

হস্তী যেমন ক্রমনিম্নস্থান হইতে শত্রুকে নিবারণ করে, সেইরূপ ভীষণধন্বা ও মহাধনুর্দ্ধর জয়দ্রথ অলৌকিক অস্ত্র সকল নিক্ষেপ করিতে থাকিয়া পাণ্ডব-পক্ষকে নিবারণ করিতে লাগিলেন' ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! আমি মনে করি—জয়দ্রথের উপরে গুরুতর ভার ন্যস্ত করা হইয়াছিল । যে হেতু তিনি একাকী—পুত্রের নিকট গমনার্থী ও ক্রুদ্ধ পাণ্ডবপক্ষকে বারণ করিতেছিলেন ॥৯॥

আমি আরও মনে করি—জয়দ্রথের শক্তি ও উৎসাহ অত্যন্ত অদ্ভুতই বটে । সে যাহা হউক, সেই মহাত্মার শক্তি ও প্রধান কার্য্যগুলি তুমি আমার নিকট বল ॥১০॥

জয়দ্রথ কি জপ, কি হোম, কি যজ্ঞ, অথবা কোন্ তপস্যা করিয়াছিলেন, যাহার বলে তিনি একাকী ক্রুদ্ধ পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন' ॥১১॥

সঞ্জয় বলিলেন—'দ্রৌপদীহরণের সময়ে ভীম সেই যে জয়দ্রথকে জয়

---

(৮)···বার্দ্ধক্ষেত্রিঃ···পি ব । (১১)···কিং দত্তং হুতমিষ্টং বা সুতপ্তমথবা তপঃ···পি ব ।

CENTRAL LIBRARY

ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রিয়েভ্যঃ সন্নিবর্ত্ত্য সঃ।
ক্ষুৎপিপাসাতপসহঃ কৃশো ধমনিসন্ততঃ ॥১৩॥
দেবমারাধয়ৎ সর্ব্বং গৃণন্ ব্রহ্ম সনাতনম্।
ভক্তানুকম্পী ভগবাংস্তস্য চক্রে ততো দয়াম্ ॥১৪॥ (যুগ্মকম্)
স্বপ্নান্তেঽপ্যথ চৈবাহ হরঃ সিন্ধুপতেঃ সুতম্।
বরং বৃণীষ্ব প্রীতোঽস্মি জয়দ্রথ! কিমিচ্ছসি ॥১৫॥
এবমুক্তস্তু সর্ব্বেণ সিন্ধুরাজো জয়দ্রথঃ।
উবাচ প্রণতো রুদ্রং প্রাঞ্জলির্নিয়তাত্মবান্ ॥১৬॥
পাণ্ডবেয়ানহং সংখ্যে ভীমবীর্য্যপরাক্রমান্।
বারয়েয়ং রথেনৈকঃ সমস্তানিতি ভারত! ॥১৭॥
এবমুক্তস্তু দেবেশো জয়দ্রথমথাব্রবীৎ।
দদানি তে বরং সৌম্য! বিনা পার্থং ধনঞ্জয়ম্ ॥১৮॥

ইন্দ্রিয়াণীতি। ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিবিষয়েভ্যঃ। ধমনিভির্নাড়ীভিঃ সন্ততো ব্যাপ্তদেহঃ। সর্বং শিবম্, গৃণন্ স্তবন্, ব্রহ্ম পরমাত্মস্বরূপম্, সনাতনং নিত্যম্। ভগবান্ শিবঃ ॥১৩—১৪॥

স্বপ্নেতি। স্বপ্নস্য অন্তে মধ্যে, হরঃ স শিবঃ। সুতং জয়দ্রথম্ ॥১৫॥

এবমিতি। সর্বেণ শিবেন। নিয়তাত্মবান্ সংযতচিত্তঃ ॥১৬॥

পাণ্ডবেয়ানিতি। সংখ্যে যুদ্ধে। ইতি বরং প্রার্থয় ইতি শেষঃ ॥১৭॥

করিয়াছিলেন, সেই অভিমানে জয়দ্রথ বরপ্রার্থী হইয়া গুরুতর তপস্যা করিয়াছিলেন ॥১২॥

তিনি প্রিয় শব্দপ্রভৃতি বিষয় হইতে ইন্দ্রিয়গুলিকে নিবৃত্ত রাখিয়া ক্ষুধা, পিপাসা ও আতপ সহ্য করায় কৃশ ও নাড়ীব্যাপ্তদেহ হইয়া সর্ব্বদা সনাতন ব্রহ্মরূপে স্তব করিতে থাকিয়া মহাদেবের আরাধনা করিয়াছিলেন। তাহাতে ভক্তানুকম্পী ভগবান্ মহাদেব তাঁহার উপরে দয়া করিয়াছিলেন ॥১৩—১৪॥

একদিন মহাদেব আসিয়া স্বপ্নের মধ্যে জয়দ্রথকে বলিয়াছিলেন—'জয়দ্রথ! আমি সন্তুষ্ট হইয়াছি, বর গ্রহণ কর, তুমি কি ইচ্ছা কর—(বল)' ॥১৫॥

মহাদেব এইরূপ বলিলে, সিন্ধুরাজ জয়দ্রথ অবনত, কৃতাঞ্জলি ও সংযতচিত্ত হইয়া মহাদেবকে বলিলেন—॥১৬॥

(অর্থাৎ) ভরতনন্দন! তিনি এই বর প্রার্থনা করিলেন যে, 'আমি রথে আরোহণ করিয়া একাকী যুদ্ধে ভয়ঙ্করশক্তি-বিক্রমশালী সমস্ত পাণ্ডবকে যেন বারণ করিতে পারি' ॥১৭॥

CENTRAL LIBRARY

বারয়িষ্যসি সংগ্রামে চতুরঃ পাণ্ডুনন্দনান্।
এবমস্ত্বিতি দেবেশমুক্ত্বাবুধ্যত পার্থিবঃ ॥১৯॥ (যুগ্মকম্)
স তেন বরদানেন দিব্যেনাস্ত্রবলেন চ।
একঃ সংবারয়ামাস পাণ্ডবানামনীকিনীম্ ॥২০॥
তস্য জ্যাতলঘোষেণ ক্ষত্রিয়ান্ ভয়মাবিশৎ।
পরাংস্তু তব সৈন্যস্য হর্ষঃ পরমকোঽভবৎ ॥২১॥
দৃষ্ট্বা তু ক্ষত্রিয়া ভারং সৈন্ধবে সর্ব্বমাহিতম্।
উৎক্রুশ্যাভ্যদ্রবন্ রাজন্! যেন যৌধিষ্ঠিরং বলম্ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে জয়দ্রথপরাক্রমে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

এবমিতি। হে সৌম্য! ভক্ত্যা সুন্দরস্বভাব!। চতুরঃ চতুঃসংখ্যকান্। অবুধ্যত নিদ্রাতো জাগরিতবান্, পার্থিবো জয়দ্রথঃ ॥১৮—১৯॥

স ইতি। স জয়দ্রথঃ। সংবারয়ামাস অভিমন্যুযুদ্ধকালে ॥২০॥

তস্যেতি। জ্যা ধনুর্গুণঃ তলং হস্তাবাপশ্চ তয়োর্ঘোষেণ। পরান্ বিপক্ষান্ ॥২১॥

দৃষ্ট্বেতি। ক্ষত্রিয়াঃ কৌরবীয়াঃ, সৈন্ধবে জয়দ্রথে। উৎক্রুশ্য উচ্চৈরাহূয় ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

জয়দ্রথ এইরূপ বলিলে, মহাদেব তাঁহাকে বলিলেন—'সৌম্য! আমি তোমাকে বর দিতেছি—তুমি যুদ্ধে পৃথানন্দন অর্জ্জুন ব্যতীত অপর চারি জন পাণ্ডবকেই বারণ করিতে পারিবে'। 'এইরূপই হউক' এই কথা মহাদেবকে বলিয়া জয়দ্রথ নিদ্রা হইতে জাগরিত হইলেন ॥১৮—১৯॥

জয়দ্রথ মহাদেবের সেই বরের প্রভাবে এবং অলৌকিক অস্ত্রের বলে একাকীই সে দিন পাণ্ডবসৈন্য বারণ করিতে পারিয়াছিলেন ॥২০॥

মহারাজ! সুতরাং জয়দ্রথের ধনুষ্টঙ্কারে ও তলশব্দে বিপক্ষ সৈন্যগণের ভয় উপস্থিত হইল এবং আপনার সৈন্যগণের অত্যন্ত আনন্দ জন্মিল ॥২১॥

রাজা! আপনার পক্ষের ক্ষত্রিয়েরা জয়দ্রথের উপরে সমস্ত ভার অর্পিত হইয়াছে দেখিয়া উচ্চস্বরে আহ্বান করিয়া—যে দিকে যুধিষ্ঠিরের সৈন্য ছিল, সেই দিকে ধাবিত হইলেন' ॥২২॥

—***—

* '...একচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '...দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র! সিন্ধুরাজস্য বিক্রমম্।
শৃণু তৎ সর্ব্বমাখ্যাস্যে যথা পাণ্ডূনযোধয়ৎ ॥১॥
তমূহুঃ সারথের্ব্বশ্যাঃ সৈন্ধবাঃ সাধুবাহিনঃ।
বিকুর্ব্বাণা বৃহন্তোঽশ্বাঃ শ্বসনোপমরংহসঃ ॥২॥
গন্ধর্ব্বনগরাকারং বিধিবৎ কল্পিতং রথম্।
তস্যাভ্যশোভয়ৎ কেতুর্ব্বারাহো রাজতো মহান্ ॥৩॥
শ্বেতচ্ছত্রপতাকাভিশ্চামরব্যজনেন চ।
স বভৌ রাজলিঙ্গৈস্তৈস্তারাপতিরিবাম্বরে ॥৪॥
মুক্তাবজ্রমণিস্বর্ণৈর্ভূষিতং তদয়স্ময়ম্।
বরূথং বিবভৌ তস্য জ্যোতির্ভিঃ খমিবাবৃতম্ ॥৫॥

যদিতি। পৃচ্ছসি, "তস্য প্রব্রূহি মে বীর্য্যম্" ইত্যাদিনা পূর্ব্বোক্তেনেত্যাশয়ঃ ॥১॥

তমিতি। ঊহুঃ উঢ়বন্তঃ। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ, সাধু সুষ্ঠু বহন্তীতি তে। বিকুর্ব্বাণা বিবিধাং গতিং কুর্ব্বন্তঃ। শ্বসনোপমরংহসো বায়ুতুল্যবেগাঃ ॥২॥

গন্ধর্ব্বেতি। কল্পিতং সজ্জিতম্। বারাহো বরাহচিহ্নিতঃ, রাজতো রৌপ্যময়ঃ ॥৩॥

শ্বেতেতি। রাজ্ঞাং লিঙ্গৈশ্চিহ্নৈঃ, তৈঃ শ্বেতচ্ছত্রাদিভিঃ, তারাপতিশ্চন্দ্রঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! আপনি যে সিন্ধুরাজ জয়দ্রথের বিক্রমের বিষয় আমার নিকট জিজ্ঞাসা করিলেন এবং তিনি যেভাবে পাণ্ডবদের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সে সমস্তই আমি বলিব, আপনি শ্রবণ করুন ॥১॥

সারথির বশীভূত, সিন্ধুদেশীয়, সুষ্ঠুভাবে বহনকারী ও বায়ুর তুল্য বেগবান্ বিশাল চারিটা অশ্ব নানাবিধ গতি অবলম্বন করিয়া সিন্ধুরাজকে বহন করিতে লাগিল ॥২॥

বরাহমূর্ত্তিচিহ্নিত, রজতময় ও বিশাল একটা ধ্বজ তাঁহার গন্ধর্ব্বনগরাকার ও যথাবিধানে সজ্জিত রথখানার শোভা জন্মাইতে থাকিল ॥৩॥

চন্দ্র যেমন আকাশে শোভা পান, সেইরূপ জয়দ্রথও সেই রথে রাজচিহ্ন-স্বরূপ শ্বেতচ্ছত্র, পতাকা ও চামরান্দোলনদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৪॥

(২) তমূহুর্ব্বাজিনো বশ্যাঃ…বা নি।

স বিস্ফার্য্য মহচ্চাপং কিরন্নিষুগণান্ বহূন্।
তং খণ্ডং পূরয়ামাস যদার্জ্জুনিরদারয়ৎ ॥৬॥
স সাত্যকিং ত্রিভির্ব্বাণৈরষ্টভিশ্চ বৃকোদরম্।
ধৃষ্টদ্যুম্নং তথা ষষ্ট্যা বিরাটং দশভিঃ শরৈঃ ॥৭॥
দ্রুপদং পঞ্চভিস্তীক্ষ্ণৈঃ সপ্তভিশ্চ শিখণ্ডিনম্।
কেকয়ান্ পঞ্চবিংশত্যা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥৮॥
যুধিষ্ঠিরন্তু সপ্তত্যা ততঃ শেষানপান্নুদৎ।
ইষুজালেন মহতা তদদ্ভুতমিবাভবৎ ॥৯॥ (বিশেষকম্)
অথাস্য শিতপীতেন ভল্লেনাদিশ্য কার্ম্মুকম্।
চিচ্ছেদ প্রহসন্ রাজা ধর্ম্মপুত্রঃ প্রতাপবান্ ॥১০॥
অক্ষোর্নিমেষমাত্রেণ সোঽন্যদাদায় কার্ম্মুকম্।
বিব্যাধ দশভিঃ পার্থং তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥১১॥

মুক্তেতি। বজ্রং হীরকম্। অয়ময়ং লৌহময়ম্। বরূথমাবরণম্। জ্যোতির্ভির্নক্ষত্রৈঃ ॥৫॥
স ইতি। খণ্ডং চক্রব্যূহস্য শূন্যদেশম্। আর্জ্জুনিরভিমন্যুঃ, অদারয়ৎ বিদার্য্যাকরোৎ ॥৬॥
স ইতি। স জয়দ্রথঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। অপান্নুদদতাড়য়ৎ ॥৭—৯॥
অথেতি। শিতঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতঃ পীতঃ প্রাক্পীতরক্তশ্চ তেন ॥১০॥
অক্ষোরিতি। অক্ষোশ্চক্ষুষোঃ। দশভিঃ শরৈঃ, পার্থং যুধিষ্ঠিরম্ ॥১১॥

নক্ষত্রাবৃত আকাশ যেমন প্রকাশ পায়, সেইরূপ মণি, মুক্তা, স্বর্ণ ও হীরকমণ্ডিত তাঁহার লৌহময় রথাবরণ প্রকাশ পাইতে থাকিল ॥৫॥

এই অবস্থায় জয়দ্রথ বিশাল ধনু বিস্ফারিত করিয়া বহুতর বাণজাল নিক্ষেপ করিতে থাকিয়া—পূর্ব্বে অভিমন্যু বিদারণপূর্ব্বক চক্রব্যূহের যে স্থান শূন্য করিয়াছিলেন, সেই স্থান পূরণ করিলেন ॥৬॥

ক্রমে জয়দ্রথ তিন বাণে সাত্যকিকে, আট বাণে ভীমকে, ষাট বাণে ধৃষ্টদ্যুম্নকে, দশ বাণে বিরাটকে, পাঁচ বাণে দ্রুপদকে, সাত বাণে শিখণ্ডীকে, পঁচিশ বাণে কেকয়দিগকে, তিন তিন বাণে দ্রৌপদীর পুত্রগণকে, সত্তর বাণে যুধিষ্ঠিরকে এবং তৎপরে বিশাল বাণজালে অবশিষ্ট সকলকে তাড়ন করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৭—৯॥

তাহার পর প্রতাপশালী রাজা যুধিষ্ঠির হাস্য করতঃ (এই তোমার ধনু ছেদন করিলাম) এই কথা বলিয়া সুধার ও রক্তপায়ী একটা ভল্লদ্বারা জয়দ্রথের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

(৮)…দশভিশ্চ শিখণ্ডিনম্…পি। (১১)…পার্থাংস্তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ—পি বা।

তস্য তল্লাঘবং জ্ঞাত্বা ভীমো ভল্লৈস্ত্রিভিঃ পুনঃ।
ধনুর্ধ্বজঞ্চ চ্ছত্রঞ্চ ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥১২॥
সোঽন্যদাদায় বলবান্ সজ্যং কৃত্বা চ কার্ম্মুকম্।
ভীমস্যাপাতয়ৎ কেতুং ধনুরশ্বাংশ্চ মারিষ! ॥১৩॥
স হতাশ্বাদবপ্লুত্য ছিন্নধন্বা রথোত্তমাৎ।
সাত্যকেরাপ্লুতো যানং গির্য্যগ্রমিব কেশরী ॥১৪॥
ততস্ত্বদীয়াঃ সংহৃষ্টাঃ সাধু সাধ্বিতি বাদিনঃ।
সিন্ধুরাজস্য তৎ কর্ম্ম প্রেক্ষ্যাশ্রদ্ধেয়মদ্ভুতম্ ॥১৫॥
সংক্রুদ্ধান্ পাণ্ডবানেকো যদ্ধারাস্ত্রতেজসা।
ততস্য কর্ম্ম ভূতানি সর্বাণ্যেবাভ্যপূজয়ন্ ॥১৬॥

তস্যেতি। লাঘবং শরক্ষেপে শীঘ্রতাম্। অপাতয়ৎ ছিত্বেতি শেষঃ ॥১২॥
স ইতি। স জয়দ্রথঃ। সজ্যং সগুণম্ ॥১৩॥
স ইতি। স ভীমঃ। আপ্লুত উৎপ্লুত্যারূঢ়ঃ, যানং রথম্ ॥১৪॥
তত ইতি। ইতি বাদিন আসন্। অশ্রদ্ধেয়ং পূর্ব্বমদর্শনাদবিশ্বাস্যম্ ॥১৫॥

তখন জয়দ্রথ চোখের নিমেষমধ্যে অন্য একখানা ধনু লইয়া দশটা বাণে যুধিষ্ঠিরকে এবং তিন তিনটা বাণে তাঁহাদের অন্য সকলকে বিদ্ধ করিলেন ॥১১॥

জয়দ্রথের সেই লঘুহস্ততা দেখিয়া ভীমসেন পুনরায় তিনটা ভল্লদ্বারা জয়দ্রথের ধনু, ধ্বজ ও ছত্র ছেদন করিয়া সত্বর ভূতলে নিপাতিত করিলেন ॥১২॥

মাননীয় রাজা! তখন জয়দ্রথ অন্য ধনু লইয়া এবং তাহাতে গুণারোপণ করিয়া ভীমের ধ্বজ, ধনু ও অশ্বগণকে নিপাত করিলেন ॥১৩॥

অশ্বগণ নিহত ও ধনু ছিন্ন হইলে, ভীমসেন নিজের উত্তম রথ হইতে লাফাইয়া পড়িয়া—সিংহ যেমন পর্ব্বতাগ্রে লাফাইয়া উঠে, সেইরূপ যাইয়া সাত্যকির রথে লাফাইয়া উঠিলেন ॥১৪॥

মহারাজ! তাহার পর আপনার পক্ষের যোদ্ধারা জয়দ্রথের সেই অবিশ্বাস্য ও অদ্ভুত কার্য্য দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া 'সাধু সাধু' এইরূপ বলিতে লাগিলেন ॥১৫॥

এবং জয়দ্রথ অস্ত্রের বলে যে হেতু একাকী ক্রুদ্ধ পাণ্ডবপক্ষকে বারণ করিতে থাকিলেন, সেই হেতু তত্রত্য সমস্ত লোক তাঁহার কার্য্যের প্রশংসা করিতে লাগিল ॥১৬॥

(১২)…ভীমো ভল্লৈস্ত্রিভিস্ত্রিভিঃ…বা নি।

সৌভদ্রেণ হতৈঃ পূর্ব্বং সোত্তরায়ুধিভির্দ্বিপৈঃ।
পাণ্ডূনাং দর্শিতঃ পন্থাঃ সৈন্ধবেন নিবারিতঃ ॥১৭॥
যতমানাস্তু তে বীরা মৎস্যপাঞ্চালকেকয়াঃ।
পাণ্ডবাশ্চান্বপদ্যন্ত প্রতিশেকুর্ন সৈন্ধবম্ ॥১৮॥
যো যো হি যততে ভেত্তুং দ্রোণানীকং তবাহিতঃ।
তং তমেব বরং প্রাপ্য সৈন্ধবঃ প্রত্যবারয়ৎ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে জয়দ্রথপরাক্রমে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

সমিতি। দধার নিবারয়ামাস। ভূতানি তত্রত্যা জনাঃ, অভ্যপূজয়ন্ প্রাশংসন্ ॥১৬॥

সৌভদ্রেণেতি। উত্তরৈরাঢ্যৈঃ আয়ুধিভিঃ অস্ত্রধারিভিঃ সহেতি তৈঃ ॥১৭॥

যতেতি। যতমানাঃ পরাভবায়। অন্বপদ্যন্ত ব্যূহমুখং প্রাপ্নুবন্, প্রতিশেকুঃ পরাভবিতুম্ ॥১৮॥

য ইতি। অহিতঃ শত্রুঃ। প্রাপ্য শিবাৎ, সৈন্ধবো জয়দ্রথঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———•::•———

অভিমন্যু পূর্ব্বে আরোহিগণের সহিত যে সকল হস্তী নিহত করিয়া গিয়াছিলেন, সেই সকল হস্তীই পাণ্ডবগণকে ব্যূহপ্রবেশের পথ দেখাইয়া দিতেছিল বটে; কিন্তু জয়দ্রথ সে পথ রুদ্ধ করিয়া রাখিলেন ॥১৭॥

ক্রমে মৎস্য, পাঞ্চাল ও কেকয়দেশীয় সেই বীরেরা এবং পাণ্ডবেরা ব্যূহমুখে উপস্থিত হইয়া যত্ন করিয়াও জয়দ্রথকে পরাজয় করিতে পারিলেন না ॥১৮॥

তং তথা পতিতং দৃষ্ট্বা তাবকাঃ পর্য্যবারয়ন্ ॥১৫॥
দাবং দগ্ধ্বা যথা শান্তং পাবকং শিশিরাত্যয়ে।
বিমৃদ্য তরুশৃঙ্গাণি সন্নিবৃত্তমিবানিলম্ ॥১৬॥

দৌরিতি। কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন ইতি সোল্লুণ্ঠনোক্তিঃ, নিতান্তক্লান্তস্য তাড়নাৎ ॥১২॥
গদেতি। ব্যায়ামেন দীর্ঘকালযুদ্ধকরণাৎ পরিশ্রমেণ। বিচেতা অচৈতন্যঃ সন্ ॥১৩॥
এবমিতি। ক্ষোভয়িত্বা স্থিত একোঽভিমন্যুঃ। নলিনীং পদ্মসরসীম্ ॥১৪॥
অশোভতেতি। তাবকাস্ত্বৎপক্ষীয়া বীরাঃ, পর্য্যবারয়ন্ দর্শনায় পর্য্যবেষ্টয়ন্ ॥১৫॥
দাবমিতি। দাবং বনম্, শান্তং নির্ব্বাণম্। বিমৃদ্য বিভজ্য, তরূণাং শৃঙ্গাণি উচ্চশাখাঃ।

ক্রমে শত্রুসন্তাপকারী সেই বীরেরা দুই জন গদার অগ্রদেশদ্বারা পরস্পর আঘাত করিয়া দুইটা ইন্দ্রধ্বজের ন্যায় সমরমধ্যে ভূতলে পতিত হইলেন ॥১১॥

তাহার পর কুরুবংশের কীর্ত্তিবর্দ্ধক দুঃশাসনপুত্র পূর্ব্বে উঠিয়া গদাদ্বারা উত্তিষ্ঠমান অভিমন্যুর মস্তকে আঘাত করিলেন ॥১২॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যু দীর্ঘকাল যুদ্ধ করায় পরিশ্রমে পূর্ব্বেই বিশেষ ক্লান্ত ছিলেন, তাহাতে আবার সেই গুরুতর গদাঘাত পাওয়ায় অচৈতন্য হইয়া ভূতলে পতিত হইলেন ॥১৩॥

রাজা! হস্তী যেমন পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ অভিমন্যু সমগ্র কৌরববাহিনী আলোড়ন করিতেছিলেন; সেই অবস্থায় বহুতর বীর মিলিত হইয়া যুদ্ধে এইভাবে এক অভিমন্যুকে বধ করিলেন ॥১৪॥

তখন ব্যাধনিহত বন্য হস্তীর ন্যায় অভিমন্যু নিহত হইয়া শোভা পাইতে লাগিলেন। ক্রমে তাঁহাকে সেইভাবে পতিত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা যাইয়া পরিবেষ্টন করিলেন ॥১৫॥

ভরতনন্দন! পরে বসন্তকালে অগ্নি যেমন বন দগ্ধ করিয়া নির্ব্বাণ হয়,

(১৬)···বিমৃদ্য নগশৃঙ্গানি···বা নি।

অস্তং গতমিবাদিত্যং তপ্ত্বা ভারত ! বাহিনীম্ ।
উপপ্লুতং যথা সোমং সংশুষ্কমিব সাগরম্ ॥১৭॥
পূর্ণচন্দ্রাভবদনং কাকপক্ষাবৃতাক্ষিকম্ ।
তং ভূমৌ পতিতং দৃষ্ট্বা তাবকাস্তে মহারথাঃ ।
মুদা পরময়া যুক্তাশ্চুক্রুশুঃ সিংহবন্মুহুঃ ॥১৮॥ (বিশেষকম্)
আসীৎ পরমকো হর্ষস্তাবকানাং বিশাংপতে ! ।
ইতরেষান্তু বীরাণাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥১৯॥
অন্তরীক্ষে চ ভূতানি প্রাক্রোশন্ত বিশাংপতে ! ।
দৃষ্ট্বা নিপতিতং বীরং চ্যুতং চন্দ্রমিবাম্বরাৎ ॥২০॥
দ্রোণকর্ণমুখৈঃ ষড়্ভির্ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ ।
একোঽয়ং নিহতঃ শেতে নৈষ ধর্ম্মো মতো হি নঃ ॥২১॥

বাহিনীং জগতীমিব কৌরবসেনাম্। উপপ্লুতং রাহুগ্রস্তম্। কাকপক্ষাভ্যাং কর্ণান্তিকবর্ত্তি-কেশগুচ্ছাভ্যাম্ আবৃতে অক্ষিণী চক্ষুষী যস্য তম্। চুক্রুশুর্নেদুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬—১৮॥

আসীদিতি। উভয়ত্রাপি অভিমন্যুবধেনেতি ভাবঃ ॥১৯॥

অন্তরীক্ষ ইতি। ভূতানি দেবাদয়ঃ প্রাণিনঃ, প্রাক্রোশন্ত বিষাদকোলাহলং চক্রুঃ ॥২০॥

অথ তদানীং যুষ্মাকং কিমপি মন্তব্যমাসীন্ন বেত্যাহ দ্রোণেতি। ধর্ম্মো ন্যায়ঃ ॥২১॥

বায়ু যেমন বৃক্ষের শাখা মর্দ্দন করিয়া নিবৃত্তি পায়, জগৎ সন্তপ্ত করিয়া সূর্য্য যেমন অস্তমিত হন, রাহুগ্রস্ত চন্দ্র যেমন হইয়া থাকেন এবং শুষ্ক সমুদ্র যেমন অবস্থা প্রাপ্ত হয়, সেইরূপ কৌরববাহিনী সন্তপ্ত করিয়া পূর্ণচন্দ্রবদন ও কাকপক্ষ-(জুল্পি) সংবৃতনয়ন অভিমন্যু ভূতলে পতিত রহিলেন ; সেই অবস্থায় তাঁহাকে দেখিয়া আপনার পক্ষের সেই মহারথেরা অত্যন্ত আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥১৬—১৮॥

নরনাথ ! তৎকালে আপনার পক্ষের বীরগণের পরম আনন্দ হইল এবং অপর পক্ষের বীরদিগের নয়নজল পতিত হইতে থাকিল ॥১৯॥

রাজা ! আকাশচ্যুত চন্দ্রের ন্যায় বীর অভিমন্যুকে নিপতিত দেখিয়া আকাশস্থ ব্যক্তিরাও বিষাদকোলাহল করিতে লাগিলেন ॥২০॥

দ্রোণ ও কর্ণপ্রভৃতি দুর্য্যোধনপক্ষীয় ছয় জন মহারথকর্ত্তৃক নিহত হইয়া সেই এক জন যে শয়ন করিয়াছিলেন, ইহা আমাদের ন্যায়সঙ্গত হইয়াছে বলিয়া মনে হয় নাই ॥২১॥

(১৮)···কাকপক্ষাবৃতাক্ষকম্·· পি, কাকপক্ষাবৃতালিকম্···নি ।

CENTRAL LIBRARY

তস্মিন্ বিনিহতে বীরে বহ্বশোভত মেদিনী।
দ্যৌর্যথা পূর্ণচন্দ্রেণ নক্ষত্রগণমালিনী ॥২২॥
রুক্মপুঙ্খৈশ্চ সংপূর্ণা রুধিরৌঘপরিপ্লুতা।
উত্তমাঙ্গৈশ্চ শূরাণাং ভ্রাজমানৈঃ সকুণ্ডলৈঃ ॥২৩॥
বিচিত্রৈশ্চ পরিস্তোমৈঃ পতাকাভিশ্চ সংবৃতা।
চামরৈশ্চ কুথাভিশ্চ প্রবিদ্ধৈশ্চাম্বরোত্তমৈঃ ॥২৪॥
রথাশ্বনরনাগানামলঙ্কারৈশ্চ সুপ্রভৈঃ।
খড়্গৈঃ সুনিশিতৈঃ পীতৈর্নির্মুক্তৈর্ভুজগৈরিব ॥২৫॥
চাপৈশ্চ বিবিধৈশ্ছিন্নৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসকম্পনৈঃ।
বিবিধৈশ্চায়ুধৈশ্চান্যৈঃ সংবৃতা ভূরশোভত ॥২৬॥ (কলাপকম্)
বাজিভিশ্চাপি নির্জীবৈঃ শ্বসদ্ভিঃ শোণিতোক্ষিতৈঃ।
সারোহৈর্বিষমা ভূমিঃ সৌভদ্রেণ নিপাতিতৈঃ ॥২৭॥
সাঙ্কুশৈঃ সমহামাত্রৈঃ সবর্ম্মায়ুধকেতুভিঃ।
পর্ব্বতৈরিব বিধ্বস্তৈর্বিশিখৈর্মথিতৈর্গজৈঃ ॥২৮॥

তস্মিন্নিতি। নক্ষত্রগণমালিনীত্যনেন মেদিন্যাঃ পতিতবীরান্তরবত্ত্বং সূচিতম্ ॥২২॥
রুক্মেতি। রুক্মপুঙ্খৈঃ শরৈঃ। উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ। পরিস্তোমৈঃ অশ্বপৃষ্ঠাস্তরণৈঃ। কুথাভির্গজপৃষ্ঠাস্তরণৈঃ, প্রবিদ্ধৈঃ পতিতৈঃ। পীতৈঃ প্রাক্পীতরক্তৈঃ। ভূঃ সমরভূমিঃ ॥২৩-২৬॥
বাজিভিরিতি। সারোহৈরারোহিসহিতৈঃ, বিষমা উচ্চাবচা অভবৎ ॥২৭॥
সাঙ্কুশৈরিতি। সমহামাত্রৈর্হস্তিপকসহিতৈঃ। বিশিখৈরিতি বিধ্বংসমথনয়োঃ করণম্।

সেই বীর নিহত হইয়া পতিত হইলে, পূর্ণচন্দ্রদ্বারা নক্ষত্রগণযুক্ত আকাশের ন্যায় সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২২॥

রক্তপ্রবাহে সংসিক্তা, স্বর্ণপুঙ্খ বাণ এবং কুণ্ডলযুক্ত ও শোভমান বীরগণের মস্তকে পরিপূর্ণা; বিচিত্র অশ্বপৃষ্ঠের আস্তরণ, গজপৃষ্ঠের আস্তরণ, পতাকা, চামর ও উত্তম উত্তম বস্ত্রে আবৃতা; আর হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের উজ্জ্বল অলঙ্কার সকল, চর্ম্মনির্ম্মুক্ত সর্পের ন্যায় পীতরক্ত ও নিশিত তরবারি, ছিন্ন নানাবিধ ধনু, শক্তি, ঋষ্টি, প্রাস, কম্পন ও অন্য বহুবিধ অস্ত্রে আচ্ছাদিতা সমরভূমি বিশেষ শোভা ধারণ করিল ॥২৩—২৬॥

অভিমন্যু আরোহীদের সহিত যে সকল অশ্বকে নিপাতিত করিয়াছিলেন, প্রাণহীন নিশ্বাসকারী ও রক্তসিক্ত সেই সকল অশ্বে সমরভূমি উচু-নীচু হইয়াছিল ॥২৭॥

CENTRAL LIBRARY

পৃথিব্যামনুকীর্ণৈশ্চ ব্যশ্বসারথিযোধিভিঃ।
হ্রদৈরিব প্রক্ষুভিতৈর্হতনাগৈ রথোত্তমৈঃ ॥২৯॥
পদাতিসংঘৈশ্চ হতৈর্বিবিধায়ুধভূষণৈঃ।
ভীরূণাং ত্রাসজননী ঘোররূপাভবন্মহী ॥৩০॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা পতিতং ভূমৌ চন্দ্রার্কসদৃশদ্যুতিম্।
তাবকানাং পরা প্রীতিঃ পাণ্ডূনাঞ্চাভবদ্ব্যথা ॥৩১॥
অভিমন্যৌ হতে রাজন্! শিশুকেঽপ্রাপ্তযৌবনে।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ধর্ম্মরাজস্য পশ্যতঃ ॥৩২॥
দীর্য্যমাণং বলং দৃষ্ট্বা সৌভদ্রে বিনিপাতিতে।
অজাতশত্রুস্তান্ বীরানিদং বচনমব্রবীৎ ॥৩৩॥
স্বর্গমেষ গতঃ শূরো যো হতো ন পরাঙ্মুখঃ।
সংস্তম্ভয়ত মা ভৈষ্ট বিজেষ্যামো রণে রিপূন্ ॥৩৪॥

অনুকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ। বিগতা অশ্বাঃ সারথয়ো যোধিনশ্চ যেষাং তৈঃ। অতএব হতা নাগাঃ সর্পা যেষাং তৈঃ, প্রক্ষুভিতৈর্হ্রদৈরিব স্থিতৈঃ। মহী সা সমরভূমিঃ ॥২৮—৩০॥
তমিতি। তমভিমন্যুম্। পরা সাতিশয়া, পাণ্ডূনাং পাণ্ডবানাম্ ॥৩১॥
অভীতি। শিশুক ইতি দয়ায়াং কপ্রত্যয়ঃ। সংপ্রাদ্রবৎ পলায়ত ॥৩২॥
দীর্য্যেতি। দীর্য্যমাণং ভয়েন ভজ্যমানম্। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ ॥৩৩॥
স্বর্গমিতি। সংস্তম্ভয়ত মনাংসি স্থিরীকুরুত ॥৩৪॥

পর্ব্বতের ন্যায় হস্তী সকল বাণদ্বারা নিহত ও মথিত হইয়া অঙ্কুশ, হস্তিপক, বর্ম্ম, অস্ত্র ও ধ্বজের সহিত পতিত ছিল; হতসর্প উদ্বেলিত হ্রদসমূহের তুল্য উত্তম উত্তম রথগুলি অশ্ব, সারথি ও যোদ্ধৃশূন্য হইয়া ভূতলে বিক্ষিপ্ত রহিয়াছিল এবং নানাবিধ অস্ত্র ও অলঙ্কারযুক্ত পদাতি সকল নিহত হইয়া শয়িত ছিল; তাহাতে সেই সমরভূমি ভয়ঙ্করমূর্ত্তি ধারণ করিয়া ভীরুগণের ভয় জন্মাইতে লাগিল ॥২৮—৩০॥

চন্দ্র ও সূর্য্যের ন্যায় তেজস্বী অভিমন্যুকে ভূতলে পতিত দেখিয়া কৌরবপক্ষের অত্যন্ত আনন্দ এবং পাণ্ডবপক্ষের গুরুতর বিষাদ জন্মিল ॥৩১॥

রাজা! বালক বা অপ্রাপ্তযৌবন অভিমন্যু নিহত হইলে, যুধিষ্ঠিরের সমক্ষেই তাঁহাদের সমস্ত সৈন্য পলায়ন করিতে লাগিল ॥৩২॥

অভিমন্যু নিহত হইলে, সৈন্যগণ ভগ্ন হইতেছে দেখিয়া যুধিষ্ঠির সেই বীরগণকে এই কথা বলিলেন—॥৩৩॥

(২৯) ··অশ্বসারথিযোধিভিঃ·· নি। (৩৩) ··অজাতশত্রুঃ স্বান্ বীরান্···পি।

CENTRAL LIBRARY

ইত্যেবং স মহাতেজা দুঃখিতেভ্যো মহাদ্যুতিঃ।
ধর্ম্মরাজো যুধাং শ্রেষ্ঠো ব্রুবন্ দুঃখমপানুদৎ ॥৩৫॥
যুদ্ধে হ্যাশীবিষাকারান্ রাজপুত্রান্ রণে বহূন্।
পূর্ব্বং নিহত্য সংগ্রামে পশ্চাদার্জ্জুনিরন্বগাৎ ॥৩৬॥
হত্বা দশ সহস্রাণি কৌশল্যঞ্চ মহারথম্।
কৃষ্ণার্জ্জুনসমঃ কার্ষ্ণিঃ শক্রলোকং গতো ধ্রুবম্ ॥৩৭॥
রথাশ্বনরমাতঙ্গান্ বিনিহত্য সহস্রশঃ।
অবিতৃপ্তঃ স সংগ্রামাদশোচ্যঃ পুণ্যকর্ম্মকৃৎ।
গতঃ পুণ্যকৃতাং লোকান্ শাশ্বতান্ পুণ্যনির্জ্জিতান্ ॥৩৮॥

সঞ্জয় উবাচ।

বয়ন্তু প্রবরং হত্বা তেষাং তৈঃ শরপীড়িতাঃ।
নিবেশায়াভ্যুপায়ামঃ সায়াহ্নে রুধিরোক্ষিতাঃ ॥৩৯॥

ইতীতি। দুঃখমাত্মনঃ শোকম্, অপানুদৎ তৎকালমপাসারয়ৎ ॥৩৫॥
যুদ্ধ ইতি। আশীবিষাকারান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্ ভীষণান্। অন্বগাৎ তানেব ॥৩৬॥
হত্বেতি। কৌশল্যং কোশলরাজং বৃহদ্বলম্। কার্ষ্ণিরভিমন্যুঃ ॥৩৭॥
রথেতি। অবিতৃপ্তঃ অপূর্ণাকাঙ্ক্ষঃ। শাশ্বতান্ চিরস্থায়িনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

'যিনি পরাঙ্মুখ হইয়া নিহত হন নাই, সেই বীর স্বর্গে গমন করিয়াছেন। সুতরাং আপনারা মন স্থির করুন, ভয় করিবেন না, আমরা যুদ্ধে শত্রুগণকে জয় করিব' ॥৩৪॥

মহাতেজা, মহোৎসাহ ও যোদ্ধৃশ্রেষ্ঠ যুধিষ্ঠির দুঃখিত যোদ্ধাদের নিকটে এইরূপ বলিয়া নিজের দুঃখও দূর করিলেন, (পরে আবার বলিলেন—') ॥৩৫॥

'যুদ্ধে তীক্ষ্ণবিষ সর্পের তুল্য ভীষণ এবং যুদ্ধে সমবেত বহুতর রাজপুত্রকে যুদ্ধে প্রথমে বধ করিয়া পরে অভিমন্যু তাঁহাদের অনুসরণ করিয়াছেন ॥৩৬॥

কৃষ্ণ ও অর্জ্জুনের তুল্য যোদ্ধা অভিমন্যু দশ সহস্র সৈন্য ও মহারথ বৃহদ্বলকে বধ করিয়া নিশ্চয়ই ইন্দ্রলোকে গমন করিয়াছেন ॥৩৭॥

পুণ্যকর্ম্মকারী অভিমন্যু সহস্র সহস্র হস্তী, অশ্ব, রথ এবং পদাতি সংহার করিয়াও যুদ্ধে তৃপ্তিলাভ না করিয়া পুণ্যকারিগণের পুণ্যনির্জ্জিত স্থায়ী লোকে গমন করিয়াছেন। সুতরাং তাঁহার জন্য শোক করা উচিত নহে' ॥৩৮॥

(৩৬)···রণে রিপূন্···আর্জ্জুনিরভ্যযাৎ—বা নি। (৩৭)···শক্রসদ্ম গতো ধ্রুবম্—পি ব।
(৩৮) শ্লোকাৎ পরম্ '···একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা নি।

নিরীক্ষমাণাস্তু বয়ং পরে চায়োধনং শনৈঃ।
অপযাতা মহারাজ! গ্লানিং প্রাপ্তা বিচেতসঃ ॥৪০॥
ততো নিশায়া দিবসস্য চাশিবঃ শিবারুতৈঃ সন্ধিরবর্ত্ততাদ্ভুতঃ।
কুশেশয়াপীড়নিভে দিবাকরে বিলম্বমানেঽস্তমুপেত্য পর্ব্বতম্ ॥৪১॥
বরাসিশক্ত্যৃষ্টিবরূথচর্ম্মণাং বিভূষণানাঞ্চ সমাক্ষিপন্ প্রভাঃ।
দিবঞ্চ ভূমিঞ্চ সমানয়ন্নিব প্রিয়াং তনুং ভানুরুপৈতি পাবকম্ ॥৪২॥

বয়মিতি। তেষাং পাণ্ডবানাং পক্ষে, প্রবরমন্যতমং প্রধানং বীরম্। নিবেশায় শিবিরে ॥৩৯॥

নিরিতি। আয়োধনং রণাঙ্গনম্। বিচেতসঃ শোকাদচৈতন্যপ্রায়াঃ ॥৪০॥

তত ইতি। ততঃ, কুশেশয়াপীড়নিভে অস্তপর্বতস্যৈব রক্তপদ্মরচিতশেখরতুল্যে, দিবাকরে সূর্য্যে, অস্তং পর্ব্বতমুপেত্য, বিলম্বমানে তস্মাদপ্যবতরতি সতি, শিবারুতৈঃ শৃগালরবৈঃ অশিবঃ অমঙ্গলসূচকঃ, অদ্ভুতঃ নানাভাবোপগমাদাশ্চর্য্যঃ, নিশায়া দিবসস্য চ সন্ধিঃ সন্ধ্যাকালঃ অবর্ত্তত অভবৎ ॥৪১॥

বরেতি। ভানুঃ সূর্য্যঃ, বরাণি উত্তমানি যানি অসয়ঃ শক্তয়ঃ ঋষ্টয়শ্চাস্ত্রবিশেষাঃ বরূথচর্ম্মাণি রথাবরণীভূতব্যাঘ্রচর্ম্মাণি তেষাম্, বিভূষণানামলঙ্কারাণাঞ্চ, প্রভা দ্যুতীঃ, সমাক্ষিপন্ স্বপ্রভাপ্রাধান্যেন তিরোদধৎ, তথা দিবমাকাশং ভূমিঞ্চ, সমানয়ন্ নিজকিরণানাং সমানপাতেন সমানীকুর্বন্নিব চ, প্রিয়াং তনুং নিজমূর্ত্তিম্, পাবকমগ্নিম্, উপৈতি প্রবিশতি স্ম, "আদিত্যো বা সায়মগ্নিং প্রবিশতি" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥৪২॥

সঞ্জয় বলিলেন—'তখন আমরা বিপক্ষের মধ্যে একজন প্রধান বীরকে বধ করিয়া তাহাদের বাণে পীড়িত ও রুধিরসিক্ত হইয়া সায়াহ্নকালে শিবিরে প্রবেশ করিবার জন্য প্রস্থান করিলাম ॥৩৯॥

মহারাজ! তৎকালে আমরা এবং পরাজয়নিবন্ধন আত্মগ্লানিযুক্ত ও অভিমন্যুর শোকে অচৈতন্যপ্রায় পাণ্ডবেরা সমরাঙ্গন দর্শন করিতে করিতে ধীরে ধীরে গমন করিতে লাগিলাম ॥৪০॥

তাহার পর (অস্তপর্ব্বতেরই মস্তকের) পদ্মমালার তুল্য সূর্য্য অস্তপর্ব্বতে যাইয়া ঝুলিতে লাগিলে, শৃগালের রবে অমঙ্গলসূচক এবং নানাপ্রকারে আশ্চর্য্য রাত্রি ও দিনের সন্ধিসময় উপস্থিত হইল ॥৪১॥

ক্রমে সূর্য্য-উত্তম তরবারি, শক্তি, ঋষ্টি ও রথাবরণচর্ম্মের এবং অলঙ্কারসমূহের প্রভাকে তিরোহিত করিয়া, আর আকাশ ও ভূতলকে যেন সমান করিতে থাকিয়া নিজের প্রিয়মূর্ত্তি অগ্নিতে যাইয়া প্রবেশ করিলেন ॥৪২॥

মহাভ্রকূটাচলশৃঙ্গসন্নিভৈর্গজৈরনেকৈরিব বজ্রপাতিতৈঃ।
সবৈজয়ন্ত্যঙ্কুশবর্ম্মযন্তৃভির্নিপাতিতৈর্নষ্টগতিশ্চিতা ক্ষিতিঃ ॥৪৩॥
হতেশ্বরৈশ্চূর্ণিতচক্রকূবরৈর্হতাশ্বসূতৈর্বিপতাককেতুভিঃ।
মহারথির্ভূঃ শুশুভে বিচূর্ণিতৈঃ পুরৈরিবামিত্রহতৈর্নরাধিপ! ॥৪৪॥
রথাশ্ববৃন্দৈঃ সহসাদিভির্হতৈঃ প্রবিদ্ধভাণ্ডাভরণৈঃ পৃথগ্বিধৈঃ।
নিরস্তজিহ্বাদশনান্ত্রলোচনৈর্ধরা বভৌ ঘোরবিরূপদর্শনা ॥৪৫॥

মহেতি। ক্ষিতিঃ সমরভূমিঃ, মহান্তি বিশালানি যানি অভ্রকূটানি মেঘসমূহাঃ অচলানাং পর্বতানাং শৃঙ্গাণি চ তৎসন্নিভৈঃ, বজ্রপাতিতৈরিব অনেকৈর্গজৈঃ, বীরগণেন নিপাতিতৈঃ, বৈজয়ন্ত্যঃ পতাকাশ্চ অঙ্কুশাশ্চ বর্ম্মাণি চ যন্তারঃ সারথয়শ্চ তৈঃ সহেতি তৈঃ, রথৈরিতি শেষঃ, চিতা ব্যাপ্তা সতী, নষ্টা গতির্গমনং যস্যাং সা তাদৃশী অভবৎ ॥৪৩॥

হতেতি। হে নরাধিপ! ভূঃ সমরভূমিঃ, অমিত্রৈঃ শত্রুভির্হতানি বিধ্বংসিতানীতি তৈঃ পুরৈর্নগরৈরিব স্থিতৈঃ, হতা ঈশ্বরা আরোহিণো যেষাং তৈঃ, চূর্ণিতানি চক্রাণি কূবরাণি যুগন্ধরাখ্যদারূণি চ যেষাং তৈঃ, হতা অশ্বাঃ সূতাঃ সারথয়শ্চ যেষাং তৈঃ, বিগতাঃ পতাকা যেষাং তাদৃশাঃ কেতবো যেষু তৈঃ, বিচূর্ণিতৈশ্চ, মহারথৈঃ, শুশুভে ॥৪৪॥

রথেতি। ধরা রণভূমিঃ, সাদিভিরারোহিভিঃ সহেতি তৈঃ, হতৈঃ প্রবিদ্ধানি পতিতানি ভাণ্ডানি অশ্বালঙ্কারা আভরণানি রথালঙ্কারাশ্চ যেষাং তৈঃ, "ভাণ্ডং পাত্রে মূলধনিগৃধনে ভূষাশ্বভূষয়োঃ" ইতি মেদিনী, পৃথগ্বিধৈর্নানাপ্রকারৈঃ, নিরস্তানি অস্থৈশ্ছিন্না বিক্ষিপ্তানি জিহ্বা দশনা দন্তা অন্ত্রাণি নাড়ীবিশেষা লোচনানি চ যেষাং তৈঃ, রথানামশ্বানাঞ্চ বৃন্দৈঃ, ঘোরং বিরূপং বিকৃতঞ্চ দর্শনং যস্যাঃ সা তাদৃশী সতী বভৌ ॥৪৫॥

ওদিকে মহামেঘ ও পর্ব্বতশৃঙ্গের তুল্য বিশাল এবং বজ্রনিপাতিতের ন্যায় ভূতলপতিত বহুতর হস্তীতে, আর পতাকা, অঙ্কুশ, বর্ম্ম ও সারথির সহিত নিপাতিত অসংখ্য রথে ব্যাপ্ত থাকায় সমরভূমিতে গমনাগমন অসম্ভব হইয়া গেল ॥৪৩॥

রাজা! তখন আরোহী, অশ্ব ও সারথি সকল নিহত, চক্র ও কূবর (তেরচা কাঠ) চূর্ণিত এবং ধ্বজগুলি পতাকাশূন্য অবস্থায় রহিলে, শত্রুবিধ্বস্ত নগরের ন্যায় বিচূর্ণিত বিশাল বিশাল রথদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৪৪॥

আরোহিগণ নিহত, রথসমূহ ভগ্ন ও অশ্ব সকল নিহত হইয়া পতিত ছিল এবং তাহাদের নানাবিধ অলঙ্কার, জিহ্বা, দন্ত, নাড়ী ও নয়ন ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পড়িয়াছিল। তাহাতে সমরভূমির অবস্থা ভয়ঙ্কর ও বিকৃত হইয়াছিল ॥৪৫॥

(৪৩)···দ্বিপৈরনেকৈরিব রুদ্রপাতিতৈঃ···নিপাতিতৈর্নিষ্টনতীব গৌশ্চিতা—পি।

প্রবিদ্ধবর্ম্মাভরণাম্বরায়ুধা বিপন্নহস্ত্যশ্বরথানুগা নরাঃ।
মহার্হশয্যাস্তরণোচিতাস্তদা ক্ষিতাবনাথা ইব শেরতে হতাঃ ॥৪৬॥
অতীব হৃষ্টাঃ শ্বশৃগালবায়সা বকাঃ সুপর্ণাশ্চ বৃকাস্তরক্ষবঃ।
বয়াংস্যসৃক্‌পান্যথ রক্ষসাং গণা পিশাচসংঘাশ্চ সুদারুণা রণে ॥৪৭॥
ত্বচো বিনির্ভিদ্য পিবন্ বসামসৃক্ ত থব মজ্জাঃ পিশিতানি চাশ্নুবন্।
বপাং বিলুম্পন্তি হসন্তি রাক্ষসাঃ প্রকর্ষমাণাঃ কুণপান্যনেকশঃ ॥৪৮॥
শরীরসংঘাতবহা হ্যসৃগ্‌জলা রথোড়ুপা কুঞ্জরশৈলসঙ্কটা।
মনুষ্যশীর্ষোপলমাংসকর্দ্দমা প্রবিদ্ধনানাবিধশস্ত্রমালিনী ॥৪৯॥
ভয়াবহা বৈতরণীব দুস্তরা প্রবর্ত্তিতা যোধবরৈস্তদা নদী।
উবাহ মধ্যেন রণাজিরে ভৃশং ভয়াবহা দীনমৃতপ্রবাহিনী ॥৫০॥ (যুগ্মকম্)

প্রবিদ্ধেতি। মহার্হাণি মহামূল্যানি যানি শয্যাস্তরণানি তেষু উচিতাঃ শয়নে যোগ্যাঃ, নরাঃ সৈন্যাঃ, প্রবিদ্ধানি পতিতানি বর্ম্মাণি আভরণানি অম্বরাণি আয়ুধানি চ যেষাং তে, বিপন্নান্ মৃতান্ ভগ্নাংশ্চ হস্তিনঃ অশ্বান্ রথাংশ্চ অনুগচ্ছন্তি সহাবতিষ্ঠন্ত ইতি তে তাদৃশাঃ, হতাশ্চ সন্তঃ, তদা অনাথা ইব, ক্ষিতৌ সমরভূমৌ শেরতে স্ম ॥৪৬॥

অতীবেতি। শ্বানঃ কুক্কুরাঃ শৃগালাঃ বায়সাঃ কাকাশ্চ তে, বকাঃ, সুপর্ণা গরুড়জাতীয়াঃ পক্ষিণঃ, বৃকাস্তরক্ষবশ্চ ব্যাঘ্রবিশেষাঃ, অথ অসৃক্‌পানি রক্তপায়ীনি, বয়াংসি অপরে পক্ষিণঃ, সুদারুণাঃ, রক্ষসাং রাক্ষসানাং গণাঃ পিশাচসংঘাশ্চ, রণে খাদ্যপেয়লাভাদতীবহৃষ্টা অভবন্ ॥৪৭॥

ত্বচ ইতি। ত্বচশ্চর্ম্মাণি বিনির্ভিদ্য, বসাং ধাতুবিশেষম্, অসৃক্ রক্তঞ্চ পিবন্, তথৈব মজ্জাঃ পিশিতানি মাংসানি চ, অশ্নুবন্ ভক্ষয়ন্, অভবং শ্বশৃগালাদিগণ ইতি শেষঃ। তথা রাক্ষসাঃ, অনেকশঃ কুণপানি শবান্ প্রকর্ষমাণাঃ সন্তঃ, বপাং বসাম্, বিলুম্পন্তি পিবন্তি স্ম, হসন্তি স্ম চ ॥৪৮॥

মহামূল্য শয্যা ও আস্তরণের উপরে শয়ন করিবার যোগ্য লোকেরা তখন মৃত হস্তী ও অশ্বগণের এবং ভগ্ন রথসমূহের নিকটে নিকটে অনাথের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছিলেন; তৎকালে তাঁহাদের বর্ম্ম, অলঙ্কার, বস্ত্র ও অস্ত্র সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত ছিল ॥৪৬॥

কুকুর, শৃগাল, কাক, বক, গরুড়জাতীয় পক্ষী, চিতাবাঘ, কুক্কুরাকৃতি বাঘ, রক্তপায়ী পক্ষী সকল এবং অতিভয়ঙ্কর রাক্ষসগণ ও পিশাচগণ অত্যন্ত আনন্দিত হইয়া সমরভূমিতে বিচরণ করিতেছিল ॥৪৭॥

আর তাহারা চর্ম্ম ভেদ করিয়া বসা ও রক্ত পান করিতেছিল এবং মজ্জা ও মাংস ভক্ষণ করিতেছিল। বিশেষতঃ রাক্ষসেরা বহুতর শব আকর্ষণ করিয়া করিয়া সেগুলির বসা পান করিতেছিল, আর হাসিতেছিল ॥৪৮॥

(৫০) মহাভয়া বৈতরণীব ··জীবমৃতপ্রবাহিনী—পি বা ব।

পিবন্তি চাশ্নন্তি চ যত্র দুর্দ্দৃশাঃ পিশাচসংঘাশ্চ নদন্তি ভৈরবাঃ।
সুনন্দিতাঃ প্রাণভৃতাং ভয়ঙ্করাঃ সমানভক্ষাঃ শ্বশৃগালপক্ষিণঃ ॥৫১॥
তথা তদায়োধনমুগ্রদর্শনং নিশামুখে পিতৃপতিরাষ্ট্রবর্দ্ধনম্।
নিরীক্ষমাণাঃ শনকৈর্জহুর্নরাঃ সমুত্থিতোন্নৃত্যকবন্ধসঙ্কুলম্ ॥৫২॥

যুগ্মকেন রক্তনদীং বর্ণয়তি শরীরেতি। শরীরাণাং সংঘাতং সমূহং বহতীতি সা, অস্থ্নি রক্তান্যেব জলানি যস্যাঃ সা, রথা এব উড়ুপানি প্লবা যস্যাঃ সা, কুঞ্জরা গজা এব শৈলাঃ পর্ব্বতাস্তৈঃ সঙ্কটা ব্যাপ্তা। মনুষ্যাণাং শীর্ষাণি শিরাংস্যেব উপলাঃ পাষাণা যস্যাঃ সা চাসৌ মাংসান্যেব কর্দ্দমা যস্যাঃ সা চেতি সা, প্রবিদ্ধানাং পতিতানাং নানাবিধানাং শস্ত্রাণাং শৈবলরূপাণাং মালা অস্যা অস্তীতি সা, দীনান্ অস্ত্রঘাতাদিনা পতিতাবসন্নান্ মৃতাংশ্চ প্রবহতীতি সা, ভয়াবহা দুস্তরা চ বৈতরণী নদীব, তদা যোধবরৈঃ প্রধানযোদ্ধৃভিঃ প্রবর্ত্তিতা, ভয়াবহা কাচন নদী, রণাজিরে সমরাঙ্গনে মধ্যেন, ভৃশম্, উবাহ বহতি স্ম ॥৪৯—৫০॥

পিবন্তীতি। ভৈরবা ভীষণমূর্ত্তয়ঃ, অতএব প্রাণভৃতামপি ভয়ঙ্করাঃ, দুঃখেন দৃশ্যন্ত ইতি দুর্দ্দৃশাঃ। খল্যপি গুণাভাব আর্ষঃ। সমানো ভক্ষঃ খাদ্যং যেষাং তে, শ্বশৃগালপক্ষিণঃ পিশাচসংঘাশ্চ, সুনন্দিতা অতীবহৃষ্টাঃ সন্তঃ, যত্র রক্তনদ্যাম্, রক্তানি পিবন্তি স্ম চ, মাংসাদীনি অশ্নন্তি ভক্ষয়ন্তি স্ম চ ॥৫১॥

তথেতি। নরা উভয়পক্ষীয়া এব লোকাঃ, নিশামুখে সন্ধ্যায়াম্, তথা উগ্রদর্শনম্, পিতৃপতের্যমস্য রাষ্ট্রবর্দ্ধনম্, সমুত্থিতৈঃ উদ্ধৃতং নৃত্যং যেষাং তৈস্তাদৃশৈশ্চ কবন্ধৈঃ সঙ্কুলং ব্যাপ্তঞ্চ তৎ আয়োধনং সমরভূমিম্, নিরীক্ষমাণাঃ সন্তঃ, শনকৈঃ জহুস্তদেব তত্যজুঃ ॥৫২॥

তৎকালে মহাযোদ্ধারা সমরভূমির মধ্যে বৈতরণীনদীর ন্যায় ভয়ঙ্কর ও দুস্তর একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিয়া দিয়াছিলেন; সেটা মহাবেগে চলিতেছিল, শরীরসমূহ বহন করিতেছিল, পতিত ও মৃত লোকদের দেহগুলি লইয়া চলিয়াছিল এবং হস্তিশরীররূপ পর্ব্বতে ব্যাপ্ত ছিল; আর রক্ত ছিল তাহার জল, রথ ছিল ক্ষুদ্র নৌকা, মনুষ্যের মস্তক ছিল প্রস্তরখণ্ড, মাংস ছিল কর্দ্দম এবং নিপতিত নানাবিধ অস্ত্র ছিল তাহার শৈবলমালা ॥৪৯—৫০॥

খাদ্য যাহাদের সমান, সেই কুকুর, শৃগাল ও পক্ষিগণ এবং ভীষণমূর্ত্তি ও দুর্দৃশ্য পিশাচগণ প্রাণিগণের ভয় জন্মাইতে থাকিয়া ও বিশেষ আনন্দিত হইয়া যে নদীতে রক্তপান ও মাংস ভক্ষণ করিতেছিল ॥৫১॥

সেই সন্ধ্যাকালে উভয়পক্ষের লোকেরাই সেইরূপ উগ্রদর্শন, যমরাজ্যবর্দ্ধক এবং উত্থিত ও নৃত্যকারী কবন্ধগণে পরিব্যাপ্ত সেই সমরভূমি দর্শন করিতে করিতে তাহা পরিত্যাগ করিয়া ধীরে ধীরে যাইতে লাগিল ॥৫২॥

(৫১) পিবন্তি চ শ্নন্তি চ···প্রাণভৃতাং ক্ষয়ঙ্করাঃ···নি। (৫২)···সমুত্থিতানৃত্ত···বা নি।

অপেতবিধ্বস্তমহার্হভূষণং নিপাতিতং শক্রসমং মহারথম্।
রণেঽভিমন্যুং দদৃশুস্তদা জনা ব্যপোঢ়হব্যং সদসীব পাবকম্ ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে অভিমন্যুপতনে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

তস্মিংস্তু নিহতে বীরে সৌভদ্রে রথযূথপে।
বিমুক্তরথসন্নাহাঃ সর্বে নিক্ষিপ্তকার্ম্মুকাঃ ॥১॥
উপোপবিষ্টা রাজানং পরিবার্য্য যুধিষ্ঠিরম্।
তদেব দুঃখং ধ্যায়ন্তঃ সৌভদ্রগতমানসাঃ ॥২॥ (যুগ্মকম্)

অপেতেতি। তদা কিয়ন্তো জনাশ্চ, সদসি যজ্ঞসভায়াম্, ব্যপোঢ়ং নিবৃত্তপ্রক্ষেপং হব্যং ঘৃতাদিকং যস্য তং তাদৃশম্, পাবকমগ্নিমিব, অপেতানি ইতস্ততো বিক্ষিপ্তানি বিধ্বস্তানি চ মহার্হাণি মহামূল্যানি ভূষণানি যস্য তম্, নিপাতিতং শক্রসমম্, মহারথমভিমন্যুং রণে দদৃশুঃ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তস্মিন্নিতি। রথানাং যূথং সমূহং পাতি রক্ষতীতি তস্মিন্। বিমুক্তাস্ত্যক্তা রথাঃ সন্নাহা যুদ্ধসজ্জাশ্চ যৈস্তে। পরিবার্য্য পরিবেষ্ট্য। উপোপবিষ্টা নিকটে নিকটে নিষণ্ণাঃ ॥১—২॥

আবার অনেক লোক সমরে নিপাতিত, ইন্দ্রের তুল্য বীর ও মহারথ অভিমন্যুকে দেখিতে থাকিল। তখন তিনি যজ্ঞসভায় ঘৃতাহুতিশূন্য অগ্নির ন্যায় নিস্তেজ হইয়া রহিয়াছিলেন এবং তাঁহার মহামূল্য অলঙ্কারগুলি ইতস্ততঃ বিক্ষিপ্ত ও বিধ্বস্ত অবস্থায় পড়িয়া ছিল' ॥৫৩॥

———•::•———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! রথসমূহরক্ষক সেই বীর অভিমন্যু নিহত হইলে, পাণ্ডবপক্ষের যোদ্ধারা সকলে রথ, যুদ্ধসজ্জা ও ধনু পরিত্যাগ করিয়া

(৫৩)…শক্রসমং মহাবলম্…বা নি। * '…অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '…পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা রা নি। (১) হতে তস্মিন্ মহাবীর্য্যে…বা নি।

ততো যুধিষ্ঠিরো রাজা বিললাপ সুদুঃখিতঃ।
অভিমন্যৌ হতে বীরে ভ্রাতুঃ পুত্রে মহারথে ॥৩॥
দ্রোণানীকমসংবাধং মম প্রিয়চিকীর্ষয়া।
ভিত্ত্বা ব্যূহং প্রবিষ্টোঽসৌ গোমধ্যমিব কেশরী ॥৪॥
যস্য শূরা মহেষ্বাসাঃ প্রত্যনীকগতা রণে।
প্রভগ্না বিনিবর্ত্তন্তে কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ ॥৫॥
অত্যন্তশত্রুরস্মাকং যেন দুঃশাসনঃ শরৈঃ।
ক্ষিপ্রং হ্যভিমুখঃ সংখ্যে বিসংজ্ঞো বিমুখীকৃতঃ ॥৬॥
স তীর্ত্বা দুস্তরং বীরো দ্রোণানীকমহার্ণবম্।
প্রাপ্য দৌঃশাসনিং কার্ষ্ণিঃ প্রাপ্তো বৈবস্বতক্ষয়ম্ ॥৭॥ (বিশেষকম্)
কথং দ্রক্ষ্যামি কৌন্তেয়ং সৌভদ্রে নিহতেঽর্জ্জুনম্।
সুভদ্রাং বা মহাভাগাং প্রিয়ং পুত্রমপশ্যতীম্ ॥৮॥

তত ইতি। বিললাপ বক্ষ্যমাণপ্রকারেণেত্যাশয়ঃ ॥৩॥

দ্রোণেতি। দ্রোণস্য অনীকং সৈন্যম্, অসংবাধম্ অপ্রতিবন্ধং যথা স্যাত্তথা ॥৪॥

যস্যেতি। শূরাঃ কর্ণাদয়ঃ, প্রত্যনীকগতা বিপক্ষবর্ত্তিনঃ। কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ। সংখ্যে যুদ্ধে, বিসংজ্ঞঃ অচৈতন্যঃ। দৌঃশাসনিং দুঃশাসনপুত্রম্, কার্ষ্ণিরভিমন্যুঃ, বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৫—৭॥

কথমিতি। কথং দ্রক্ষ্যামি, দারুণশোকলজ্জোদয়াদিতি ভাবঃ ॥৮॥

সেই দুঃখই চিন্তা করিতে থাকিয়া রাজা যুধিষ্ঠিরকে পরিবেষ্টনপূর্ব্বক অভিমন্যু-গতচিত্তে নিকটে নিকটে উপবেশন করিলেন ॥১—২॥

তাহার পর ভ্রাতার পুত্র বীর ও মহারথ অভিমন্যু নিহত হওয়ায় অত্যন্ত-দুঃখিত হইয়া রাজা যুধিষ্ঠির বিলাপ করিতে লাগিলেন—॥৩॥

'হায়! সিংহ যেমন গোসমূহমধ্যে প্রবেশ করে, সেইরূপ অভিমন্যু আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় ব্যূহ ভেদ করিয়া অবাধে দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছিলেন ॥৪॥

মহাধনুর্দ্ধর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ বিপক্ষবীরেরা যুদ্ধে যাঁহার নিকটে পরাজিত হইয়া নিবৃত্তি পাইয়াছিলেন এবং আমাদের মহাশত্রু দুঃশাসন যুদ্ধে সম্মুখবর্ত্তী হইলে, যিনি বাণদ্বারা সত্বরই তাঁহাকে বিমুখ ও অচৈতন্য করিয়াছিলেন; সেই বীর অভিমন্যু দুস্তর দ্রোণসৈন্যসাগর উত্তীর্ণ হইয়া দুঃশাসনপুত্রের নিকটে যাইয়া যমালয়ে চলিয়া গিয়াছেন ॥৫—৭॥

CENTRAL LIBRARY

কিংস্বিদ্বয়মপেতার্থমশ্লিষ্টমসমঞ্জসম্ ।
তাবুভৌ প্রতি বক্ষ্যামো হৃষীকেশধনঞ্জয়ৌ ॥৯॥
অহমেব সুভদ্রায়াঃ কেশবার্জ্জুনয়োরপি ।
প্রিয়কামো জয়াকাঙ্ক্ষী কৃতবানিদমপ্রিয়ম্ ॥১০॥
ন লুব্ধো বুধ্যতে দোষান্ লোভান্মোহাৎ প্রবর্ত্ততে ।
মধুলিপ্সুর্হি নাপশ্যং প্রপাতমহমীদৃশম্ ॥১১॥
যো হি ভোজ্যে পুরস্কার্য্যো যানেষু শয়নেষু চ ।
ভূষণেষু চ সোঽস্মাভির্ব্বালো যুধি পুরস্কৃতঃ ॥১২॥
কথং হি বালস্তরুণো যুদ্ধানামবিশারদঃ ।
সদশ্ব ইব সংবাধে বিষমে ক্ষেমমর্হতি ॥১৩॥

কিমিতি। অপেতার্থং নিরর্থকম্, অশ্লিষ্টমযুক্তম্, অসমঞ্জসং সর্বদেশেষসম্ভবম্ ॥৯॥
অহমিতি। অহমেব, ময়ৈবাভিমন্যোঃ প্রেরণাদিত্যাশয়ঃ। প্রিয়কাম আত্মন ইত্যর্থঃ ॥১০॥
নেতি। লুব্ধো লোভী জনঃ। প্রপাতং পর্বতাদ্যুচ্চদেশাৎ পতনম্ ॥১১॥
য ইতি। পুরস্কার্য্যঃ স্নেহাদগ্রবর্ত্তী কর্ত্তব্যঃ। অহো গুরুতরমন্যায্যং কৃতমিতি ভাবঃ ॥১২॥
কথমিতি। বালস্তরুণ উভয়সন্ধিস্থঃ। সংবাধে যুদ্ধসংঘর্ষে ॥১৩॥

অভিমন্যু নিহত হওয়ায় কুন্তীনন্দন অর্জ্জুন বা মহাভাগা সুভদ্রা সেই প্রিয় পুত্রকে দেখিতে পাইবেন না ; সেই অবস্থায় আমি কি করিয়া তাঁহাদের সাক্ষাৎ করিব ॥৮॥

হায় ! আমরা সেই কৃষ্ণ ও অর্জ্জুনের নিকটে কি করিয়া এই অনর্থক, অযুক্তিসিদ্ধ ও অসম্ভব বিষয় বলিব ॥৯॥

আমিই নিজের প্রিয়কার্য্য ও জয়লাভের ইচ্ছা করিয়া সুভদ্রা, কৃষ্ণ ও অর্জ্জুনের এই অপ্রিয় কার্য্য করিয়াছি ॥১০॥

লোভী মানুষ দোষ বুঝিতে পারে না, তাই লোভ ও মোহবশতঃ কার্য্যে প্রবৃত্ত হয়। (তাহার দৃষ্টান্ত—) আমি মধুলাভ করিবার ইচ্ছায় এইরূপ পতন পূর্বে দেখিতে পাই নাই ॥১১॥

ভোজনে, গমনে, শয়নে ও ভূষণে যাহাকে অগ্রবর্ত্তী করা উচিত, সেই বালককে আমরা যুদ্ধে অগ্রবর্ত্তী করিয়াছিলাম ॥১২॥

বাল্য ও যৌবনের মধ্যবর্ত্তী এবং যুদ্ধে অনিপুণ অভিমন্যু উত্তম অশ্বের ন্যায় বিষম যুদ্ধসংঘর্ষমধ্যে কি করিয়া মঙ্গল লাভ করিবে ॥১৩॥

(৯) কিংস্বিদ্বক্ষ্যামাপেতার্থম্…প্রতিবক্ষ্যামঃ…বা নি। (১১)…মোহাল্লোভঃ প্রবর্ত্ততে …প্রপাতমিমমীদৃশম্—পি ব।

CENTRAL LIBRARY

নো চেদ্ধি বয়মপ্যেনং মহীমনুশয়ীমহি।
বীভৎসোঃ কোপদীপ্তস্য দগ্ধাঃ কৃপণচক্ষুষা ॥১৪॥
অলুব্ধো মতিমান্ হ্রীমান্ ক্ষমাবান্ রূপবান্ বলী।
বপুষ্মান্ মানকৃদ্ধীরঃ প্রিয়ঃ সত্যপরাক্রমঃ ॥১৫॥
যস্য শ্লাঘন্তি বিবুধাঃ কর্ম্মাণ্যূর্জ্জিতকর্ম্মণঃ।
নিবাতকবচান্ জঘ্নে কালকেয়াংশ্চ বীর্য্যবান্ ॥১৬॥
মহেন্দ্রশত্রবো যেন হিরণ্যপুরবাসিনঃ।
অক্ষ্ণোর্নিমেষমাত্রেণ পৌলোমাঃ সগণা হতাঃ ॥১৭॥
পরেভ্যোঽপ্যভয়ার্থিভ্যো যো দদাত্যভয়ং বিভুঃ।
তস্যাস্মাভির্ন শকিতস্ত্রাতুমপ্যাত্মজো বলী ॥১৮॥ (কলাপকম্)
ভয়ন্তু সুমহৎ প্রাপ্তং ধার্ত্তরাষ্ট্রান্ মহাবলান্।
পার্থঃ পুত্রবধাৎ ক্রুদ্ধঃ কৌরবান্ সাদয়িষ্যতি ॥১৯॥

নো ইতি। অস্য লক্ষ্যীকৃত্য, মহীমাশ্রিত্য। বীভৎসোরর্জ্জুনস্য, দগ্ধা ভবিষ্যামঃ ॥১৪॥

চতুর্ভিঃ কলাপকেনার্জ্জুনং বর্ণয়ন্ শোচতি অলুব্ধ ইতি। হ্রীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্। শ্লাঘন্তি প্রশংসন্তি, বিবুধা দেবা অপি, উর্জ্জিতকর্ম্মণঃ তেজঃসাধ্যকর্ম্মকারিণঃ। জঘ্নে যো জঘান। সগণাঃ পরিজনসহিতাঃ। তস্যাত্মজোঽপীতি সম্বন্ধঃ, শকিতঃ শক্তঃ ॥১৫—১৮॥

সম্ভাবয়তি ভয়মিতি। ভয়ং কর্ত্তৃ। অত্র হেতুমাহ পার্থ ইতি। সাদয়িষ্যতি উচ্ছেৎস্যতি ॥১৯॥

এখন আমরাও যদি অভিমন্যুকে লক্ষ্য করিয়া ভূতলে শয়ন না করি, তবে ক্রোধোত্তেজিত অর্জ্জুনের শোককাতর নয়নে দগ্ধ হইয়া যাইব ॥১৪॥

যিনি—অলোভী, বুদ্ধিমান্, অকার্য্যকরণে লজ্জাশীল, ক্ষমাবান্, রূপবান্, বলবান্, প্রশস্তমূর্ত্তি, মানী জনের সম্মানকারী, বীর, লোকপ্রিয় ও যথার্থবিক্রমশালী ; দেবতারাও যে শক্তির কার্য্যকারীর কার্য্যের প্রশংসা করিয়া থাকেন, যে বীর্য্যবান্ পুরুষ নিবাতকবচ ও কালকেয় অসুরগণকে বিনাশ করিয়াছিলেন, যিনি চোখের নিমেষমাত্রকালমধ্যে হিরণ্যপুরবাসী ইন্দ্রের শত্রু পৌলোমনামক অসুরগণকে স্বজনগণের সহিত বধ করিয়াছিলেন এবং যে প্রভাবশালী বীর অভয়ার্থী শত্রুগণকেও অভয় দিয়া থাকেন, সেই অর্জ্জুনের বলবান্ পুত্রকেও আমরা রক্ষা করিতে পারিলাম না ! ॥১৫—১৮॥

সে যাহা হউক, মহাবল ধার্ত্তরাষ্ট্রগণের গুরুতর ভয় উপস্থিত হইয়াছে। কারণ, অর্জ্জুন পুত্রবধনিবন্ধন ক্রুদ্ধ হইয়া কৌরবগণের উচ্ছেদ করিবেন ॥১৯॥

(১৯)···কৌরবান্ শোষয়িষ্যতি—বা নি।

ক্ষুদ্রঃ ক্ষুদ্রসহায়শ্চ স্বপক্ষক্ষয়মাতুরঃ।
ব্যক্তং দুর্য্যোধনো দৃষ্ট্বা শোচন্ হাস্যতি জীবিতম্ ॥২০॥
ন মে জয়ঃ প্রীতিকরো ন রাজ্যং ন চামরত্বং ন সুরৈকলোকতা।
ইমং সমীক্ষ্যাপ্রতিবীর্য্যপৌরুষং নিপাতিতং দেববরাত্মজাত্মজম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
অভিমন্যুবধে যুধিষ্ঠিরবিলাপে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অথৈবং বিলপন্তং তং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
কৃষ্ণদ্বৈপায়নস্তত্র আজগাম মহানৃষিঃ ॥১॥

ক্ষুদ্র ইতি। ক্ষুদ্রোঽল্পবুদ্ধিঃ। আতুরঃ স্বজননাশদুঃখার্ত্তঃ। ব্যক্তং ধ্রুবম্ ॥২০॥

নেতি। সুরাণামেকো লোকো যস্য তস্য ভাবঃ সা। সমীক্ষ্য স্থিতস্যেতি শেষঃ। ন বিদ্যেতে প্রতিবীর্য্যপৌরুষৌ সমবলসমপুরুষকারৌ যস্য তম্, দেববর ইন্দ্রস্তদাত্মজোঽর্জ্জুন-স্তদাত্মজম্ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

অথেতি। অত্রালঙ্কারিকো বিসন্ধিদোষ আর্ষত্বাৎ সোঢ়ব্যঃ ॥১॥

ক্ষুদ্র, ক্ষুদ্রসহায় ও স্বজনবধনিবন্ধন দুঃখার্ত্ত দুর্য্যোধন নিজপক্ষের ক্ষয় দেখিয়া নিশ্চয়ই শোক করতঃ জীবন ত্যাগ করিবে ॥২০॥

কিন্তু প্রতিবল ও প্রতিপুরুষকারবিহীন এবং ইন্দ্রের পুত্রের পুত্র এই অভিমন্যুকে নিপাতিত দেখিয়া আমারও জয়, রাজ্য, দেবত্ব বা দেবগণের সহিত একলোকে বাস ইহার কোনটাই প্রীতিকর হইবে না' ॥২১॥

(২০)…স্বপক্ষক্ষয়কারকঃ…বা নি। (২১)…ন সুরৈঃ সলোকতা…বা ব নি। * '…একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা রা নি। (১) অথৈনম্ …বা বর্দ্ধ বঙ্গ নি।

তমর্চ্চিত্বা যথান্যায়মুপবিষ্টং যুধিষ্ঠিরঃ।
অব্রবীচ্ছোকসন্তপ্তো ভ্রাতুঃ পুত্রবধেন সঃ ॥২॥
অধর্ম্মযুক্তৈর্বহুভিঃ পরিবার্য্য মহারথৈঃ।
যুধ্যমানো মহেষ্বাসৈঃ সৌভদ্রো নিহতো রণে ॥৩॥
বালশ্চ বালবুদ্ধিশ্চ সৌভদ্রঃ পরবীরহা।
অনুপায়েন সংগ্রামে যুধ্যমানো বিনাশিতঃ ॥৪॥
ময়া হ্যুক্তঃ স সংগ্রামে দ্বারং সংজনয়স্ব নঃ।
প্রবিষ্টেঽভ্যন্তরে তস্মিন্ সৈন্ধবেন স্ম বারিতাঃ ॥৫॥
ননু নাম সমং যুদ্ধমেষ্টব্যং যুদ্ধজীবিভিঃ।
ইদঞ্চৈবাসমং যুদ্ধমীদৃশং যৎ কৃতং পরৈঃ ॥৬॥

তমিতি। অর্চ্চিত্বেতি ভৌবাদিকস্যার্চ্চেঃ প্রয়োগঃ ॥২॥

অধর্ম্মেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ মহানিষ্বাসো যেষাং তৈঃ ॥৩॥

বাল ইতি। বালবুদ্ধিঃ, অপরিণামদর্শিত্বাৎ। অনুপায়েন রথাদ্যুপায়াভাবেনাপি ॥৪॥

ময়েতি। দ্বারং ব্যূহস্য। সৈন্ধবেন জয়দ্রথেন, বারিতাঃ প্রবিশন্তো বয়ম্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কুন্তীনন্দন যুধিষ্ঠির এইরূপ বিলাপ করিতেছিলেন, সেই সময়ে মহর্ষি বেদব্যাস সেখানে আগমন করিলেন ॥১॥

তখন যুধিষ্ঠির যথানিয়মে তাঁহার অর্চ্চনা করিলে তিনি উপবেশন করিলেন; পরে ভ্রাতার পুত্রের বধনিবন্ধন শোকসন্তপ্ত যুধিষ্ঠির তাঁহাকে বলিতে লাগিলেন—॥২॥

'ভগবন্! অভিমন্যু সমরাঙ্গনে মহাধনুর্দ্ধরগণের সহিত যুদ্ধ করিতেছিলেন, সেই সময়ে বহুতর অধার্ম্মিক মহারথ পরিবেষ্টন করিয়া তাঁহাকে বধ করিয়াছেন ॥৩॥

বালক, বালকবুদ্ধি, অথ চ বিপক্ষবীরহন্তা অভিমন্যু যুদ্ধের উপকরণশূন্য হইয়াও যুদ্ধ করিতেছিলেন; সেই অবস্থায় তাঁহাকে বিনাশ করিয়াছে ॥৪॥

রণক্ষেত্রে আমি তাঁহাকে বলিয়াছিলাম—'বৎস! তুমি আমাদের জন্য চক্রব্যূহের দ্বার করিয়া দাও'। পরে অভিমন্যু চক্রব্যূহের দ্বার করিয়া তাহার ভিতরে প্রবেশ করিলে এবং আমরাও তাঁহার পিছনে পিছনে প্রবেশ করিতে লাগিলে, জয়দ্রথ আসিয়া আমাদিগকে নিবারণ করিয়াছেন ॥৫॥

(২)···পুত্রবধেন চ—বা নি। (৪) বালশ্চাবালবুদ্ধিশ্চ···বা বর্দ্ধ বঙ্গ,···বীরশ্চ পরবীরহা ··নি,···যুধ্যমানো বিশেষতঃ—বা বর্দ্ধ বঙ্গ। (৫) ময়া ত্যক্তঃ···পি, ময়া প্রোক্তঃ···বা বঙ্গ নি,···প্রবিষ্টে চ পরাংস্তস্মিন্···পি। (৬)···প্রকৃতং পরৈঃ—পি।

CENTRAL LIBRARY

তেনাস্মি ভৃশসন্তপ্তঃ শোকবাষ্পসমাকুলঃ।
শমং নৈবাধিগচ্ছামি চিন্তয়ানঃ পুনঃ পুনঃ ॥৭॥

সঞ্জয় উবাচ।

তং তথা বিলপন্তং বৈ শোকবাষ্পসমাকুলম্।
উবাচ ভগবান্ ব্যাসো যুধিষ্ঠিরমিদং বচঃ ॥৮॥

ব্যাস উবাচ।

যুধিষ্ঠির! মহাপ্রাজ্ঞ! সর্বশাস্ত্রবিশারদ!।
ব্যসনেষু ন মুহ্যন্তি ত্বাদৃশা ভরতর্ষভ! ॥৯॥
স্বর্গমেষ গতঃ শূরঃ শত্রূন্ হত্বা বহূন্ রণে।
অবালসদৃশং কর্ম্ম কৃত্বা বৈ পুরুষোত্তমঃ ॥১০॥
অনতিক্রমণীয়ো বৈ বিধিরেষ যুধিষ্ঠির!।
দেবদানবগন্ধর্ব্বান্ মৃত্যুর্হরতি ভারত! ॥১১॥

নন্বিতি। সমং পক্ষয়োঃ সংখ্যয়া শক্ত্যা চ সমানম্। অসমং বহুভিরেকেন সহ করণাৎ ॥৬॥
তেনেতি। শমং শান্তিম্। চিন্তয়ানঃ অভিমন্যোশ্চরিত্রং তদ্বধস্যান্যায্যতাঞ্চ চিন্তয়ন্ ॥৭॥
তমিতি। ভগবান্ পরদুঃখকাতরত্বাদিগুণেন যোগিত্বাদিনা চ মাহাত্ম্যবান্ ॥৮॥
যুধীতি। ব্যসনেষু বিপৎসু, ন মুহ্যন্তি মহাপ্রাজ্ঞত্বাৎ সর্বশাস্ত্রবিশারদত্বাচ্চ ॥৯॥
স্বর্গমিতি। এষোঽভিমন্যুঃ। অবালসদৃশং পূর্ণবয়স্কপুরুষযোগ্যম্ ॥১০॥
অনতীতি। প্রলয়কালে মৃত্যুর্দেবান্ হরতীতি বোধ্যম্। অতো নামরত্বহানিঃ ॥১১॥

ভগবন্! যুদ্ধজীবিগণের সমান যুদ্ধই বাঞ্ছনীয় হইয়া থাকে; কিন্তু বিপক্ষেরা এইরূপ যে যুদ্ধ করিয়াছে, তাহা অত্যন্ত অসমান ॥৬॥

সেই জন্যই আমি বার বার অভিমন্যুর চরিত্র ও তাঁহার বধের অন্যায্যতা স্মরণ করিয়া শোকে গুরুতর সন্তপ্ত ও বাষ্পসমাকুল হইয়া শান্তিই পাইতেছি না' ॥৭॥

সঞ্জয় কহিলেন—'যুধিষ্ঠির শোকে ও বাষ্পে সমাকুল হইয়া সেইরূপ বিলাপ করিতে লাগিলে, ভগবান্ বেদব্যাস তাঁহাকে এই কথা বলিলেন ॥৮॥

বেদব্যাস বলিলেন—'মহাপ্রাজ্ঞ! সর্ব্বশাস্ত্রবিশারদ! ভরতশ্রেষ্ঠ! যুধিষ্ঠির! তোমার তুল্য লোকেরা বিপদে অধীর হন না ॥৯॥

এই বীর ও পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু যুদ্ধে বহুশত্রুবধ এবং অবালকোচিত কার্য্য করিয়া স্বর্গে চলিয়া গিয়াছেন ॥১০॥

ভরতনন্দন যুধিষ্ঠির! বিধাতার এই নিয়ম অলঙ্ঘনীয়। দেখ—দেব, দানব এবং গন্ধর্ব্বগণকেও মৃত্যু হরণ করিয়া থাকে' ॥১১॥

(১০)···অকালসদৃশং কর্ম্ম—বর্দ্ধ।

যুধিষ্ঠির উবাচ।

ইমে বৈ পৃথিবীপালাঃ শেরতে পৃথিবীতলে।
নিহতাঃ পৃতনামধ্যে মৃতসংজ্ঞা মহাবলাঃ ॥১২॥
নাগায়ুতবলাশ্চান্যে বায়ুবেগবলাস্তথা।
ত এতে নিহতাঃ সংখ্যে তুল্যরূপা নরৈর্নরাঃ ॥১৩॥
নৈষাং পশ্যামি হন্তারং প্রাণিনাং সংযুগে ক্বচিৎ।
বিক্রমেণোপসম্পন্নাস্তপোবলসমন্বিতাঃ ॥১৪॥
জেতব্যমিতি চান্যোন্যং যেষাং নিত্যং হৃদি স্থিতম্।
অথ চেমে হতাঃ প্রাজ্ঞাঃ শেরতে বিগতায়ুষঃ ॥১৫॥

ভারতকৌমুদী

ইম ইতি। পৃতনায়াঃ সেনায়া মধ্যে। মৃতসংজ্ঞা ইত্যনেন পরবর্ত্তী প্রশ্নঃ সূচিতঃ ॥১২॥
নাগেতি। নাগায়ুতস্য দশসহস্রহস্তিনাং বলমিব বলং যেষাং তে ॥১৩॥
নেতি। হন্তুরদর্শনে হেতুমাহ বিক্রমেণেতি। উপসম্পন্না যুক্তাঃ ॥১৪॥
জেতব্যমিতি। স্থিতমিষ্টমিতি শেষঃ। যেষামিতি স্থিতেস্ত ইম ইতি সম্বন্ধনীয়ম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ *

"অথৈনং বিলপন্তং ত"মিত্যাদেঃ শীঘ্রং যোদ্ধুমুপাক্রমদিত্যেতস্য গ্রন্থস্য তাৎপর্য্যং শ্বস্তনোঽদ্যতনো বাপি কামরোগাদিরূপধৃক্ স্বদোষঃ পুরুষং হন্তি ন শস্ত্ররিপুমৃত্যব ইতি ॥১—৪॥ দ্বারং সংজনয়স্বেতি ময়া উক্ত ইতি সম্বন্ধঃ। নিবারিতাঃ তমনুপ্রবিষ্টা ইতি শেষঃ ॥৫—১০॥ বিধিঃ স্বকর্ম্ম স এব মৃত্যুঃ ॥১১—১৪॥ অথেতি। গতায়ুষো গতাসব ইতি শব্দেন

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! এই মহাবল রাজারা নিহত হইয়া 'মৃত-' নাম ধারণ করিয়া সৈন্যমধ্যে ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥১২॥

ইহাদের মধ্যে অনেকে দশসহস্র হস্তীর তুল্য বলশালী, আবার বহুতর বায়ুবেগের সমান বলবান্ ছিলেন। অথ চ এই তাঁহারাই সমান সমান হইয়াও অপর মনুষ্যকর্ত্তৃক যুদ্ধে নিহত হইয়াছেন ॥১৩॥

সুতরাং কখনও যুদ্ধে ইহাদের হন্তাকে আমি দেখিতে পাই না। কারণ, ইহারা সকলেই বিক্রম, তপস্যা ও শক্তিসম্পন্ন ছিলেন ॥১৪॥

'জয় করিতে হইবে' এইটুকুই যাঁহাদের হৃদয়ে সর্ব্বদা পরস্পর ইচ্ছা ছিল, এই সেই প্রাজ্ঞ লোকেরাই আয়ুঃশেষ হওয়ায় শয়ন করিয়া রহিয়াছেন ॥১৫॥

(১৩)··তুল্যরূপা নরেশ্বরাঃ—পি। (১৪)···বিক্রমেণোপপন্না হি তেজোবলসমন্বিতাঃ—পি বঙ্গ বর্দ্ধ।

* ইতঃপ্রভৃতি পুনর্নীলকণ্ঠকৃতা ভারতভাবদীপাখ্যা টীকোপলভ্যত ইতি সোপনিবধ্যতে।

মৃতা ইতি চ শব্দোঽয়ং বর্ত্ততে চ ততোঽর্থবৎ।
ইমে মৃতা মহীপালাঃ প্রায়শো ভীমবিক্রমাঃ ॥১৬॥
নিশ্চেষ্টা নিরভীমানাঃ শূরাঃ শত্রুবশং গতাঃ।
রাজপুত্রাশ্চ সংরব্ধা বৈশ্বানরমুখং গতাঃ।
অত্র মে সংশয়ঃ প্রাপ্তঃ কুতঃ সংজ্ঞা মৃতা ইতি ॥১৭॥
কস্য মৃত্যুঃ কুতো মৃত্যুঃ কেন মৃত্যুরিমাঃ প্রজাঃ।
হরত্যমরসঙ্কাশ! তন্মে ব্রূহি পিতামহ! ॥১৮॥

সঞ্জয় উবাচ।

তং তথা পরিপৃচ্ছন্তং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
আশ্বাসনমিদং বাক্যমুবাচ ভগবানৃষিঃ ॥১৯॥

ভারতকৌমুদী

মৃতা ইতি। অর্থবৎ সার্থকং যথা স্যাত্তথা বর্ত্ততে, "মৃঙ্ প্রাণত্যাগে" ইতি ধাত্বর্থবশাৎ ॥১৬॥
নিরিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, বৈশ্বানরমুখং গতা অস্ত্রাগ্নিনা দগ্ধাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥
কস্যেতি। প্রজা জনান্। পিতুঃ পাণ্ডোর্জনকত্বাৎ পিতামহেতি সম্বোধনম্ ॥১৮॥
তমিতি। আশ্বাস্যতে অনেনেতি আশ্বাসনম্। বচেদ্বিকর্ম্মকত্বাৎ কর্ম্মদ্বয়ম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

দেহবিয়োগে পুরুষস্য পারতন্ত্র্যং প্রতীয়তে ॥১৫॥ মৃতা ইতি শব্দেন ধাত্বর্থানুগমাৎ প্রাণত্যাগে পুরুষস্য স্বাতন্ত্র্যং প্রতীয়তে। ততঃ পুরুষং কিমন্যো মারয়তি, উত স্বয়মেব স্বাত্মানং মারয়তীতি প্রশ্নার্থঃ ॥১৬—১৭॥ কস্য মৃত্যুঃ ক ইতি বিশেষঃ। অস্তিমপক্ষে কুতো হেতোঃ

সেই জন্যই 'মৃত' এই শব্দটা সার্থক হইয়াছে। প্রায়ই ভয়ঙ্করবিক্রমশালী রাজারা এই মরিয়াছেন ॥১৬॥

বীরেরা শত্রুদের বশীভূত হইয়া নিশ্চেষ্ট ও নিরভিমান অবস্থায় রহিয়াছেন এবং ক্রুদ্ধ রাজপুত্রেরাও অস্ত্রানলে দগ্ধ হইয়াছেন। এ বিষয়ে আমার সংশয় উপস্থিত হইয়াছে যে, 'মৃত' এই নামটা কোথা হইতে আসিয়াছে ॥১৭॥

কাহার মৃত্যু হয়? কেন মৃত্যু হয়? কি জন্যই বা মৃত্যু এই প্রাণিগণকে হরণ করে? দেবতুল্য পিতামহ! তাহা আপনি আমার নিকট বলুন' ॥১৮॥

সঞ্জয় বলিলেন—'কুন্তীনন্দন যুধিষ্ঠির সেইভাবে বেদব্যাসকে জিজ্ঞাসা করিতে লাগিলে, ভগবান্ বেদব্যাস এই আশ্বাসজনক বাক্য তাঁহাকে বলিলেন ॥১৯॥

---

(১৬)···বর্ত্ততে চ গতার্থবৎ···পি।

CENTRAL LIBRARY

ব্যাস উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
অকম্পনস্য কথিতং নারদেন পুরা নৃপ! ॥২০॥
স চাপি রাজা রাজেন্দ্র! পুত্রব্যসনমুত্তমম্।
অপ্রসহ্যতমং লোকে প্রাপ্তবানিতি মে মতিঃ ॥২১॥
তদহং সম্প্রবক্ষ্যামি মৃত্যোঃ প্রভবমুত্তমম্।
ততস্ত্বং মোক্ষ্যসে দুঃখাৎ স্নেহবন্ধনসংশ্রয়াৎ ॥২২॥
পুরাবৃত্তমিদং তাত! শৃণু কীর্ত্তয়তো মম।
ধন্যমাখ্যানমায়ুষ্যং শোকঘ্নং পুষ্টিবর্দ্ধনম্ ॥২৩॥
পবিত্রমরিসংঘঘ্নং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
যথৈব বেদাধ্যয়নমুপাখ্যানমিদং তথা ॥২৪॥

ভারতকৌমুদী

অত্রেতি। অপিশব্দঃ সম্ভাবনায়াম্। উদাহরন্তি অবসরজ্ঞা বক্তার ইতি শেষঃ। "ইতিহাসঃ পুরাবৃত্তম্" ইত্যমরোক্তিপ্রামাণ্যাদিতিহাসপদেনৈব পুরাতনত্বলাভেঽপি সত্যযুগীয়ত্বাদতিপুরাতনত্বসূচনায় পুরাতনপদম্। অকম্পনস্য তদাখ্যস্য রাজ্ঞঃ সমীপে ॥২০॥

স ইতি। পুত্রব্যসনং পুত্রনাশনিমিত্তং শোকম্, উত্তমং গুরুতরম্ ॥২১॥

তদিতি। "শক্যং শ্বমাংসাদিভিরপি ক্ষুৎপ্রতিহন্তুম্" ইত্যাদিবৎ তদিতি সামান্যত্বান্নপুংসকম্ ॥২২॥

পুরেতি। পুরাবৃত্তং প্রাচীনবৃত্তান্তগ্রথিতম্। ধন্যং পুণ্যজনকম্, আয়ুষ্যমায়ুর্জনকঞ্চ ॥২৩॥

পবিত্রমিতি। অরিসংঘঘ্নং শত্রুসমূহনাশকম্। শুভাদৃষ্টজননদ্বারেত্যাশয়ঃ ॥২৪॥

বেদব্যাস বলিলেন—'রাজা! পূর্ব্বকালে দেবর্ষি নারদ অকম্পনরাজার নিকটে যাহা বলিয়াছিলেন, এ বিষয়ে অবসরজ্ঞ লোকেরা সেই প্রাচীন ইতিহাস উল্লেখ করিয়া থাকেন ॥২০॥

রাজশ্রেষ্ঠ! সেই অকম্পনরাজাও জগতে অত্যন্ত অসহ্য গুরুতর পুত্রশোক পাইয়াছিলেন, ইহাই আমার ধারণা ॥২১॥

রাজা! আমি তোমার নিকটে সেই অদ্ভুত মৃত্যুর উৎপত্তিবৃত্তান্ত বলিব; তাহাতেই তুমি স্নেহনিবন্ধন শোক হইতে মুক্তি লাভ করিবে ॥২২॥

বৎস! পুণ্যজনক, আয়ুষ্কর, শোকনাশক ও পুষ্টিবর্দ্ধক এই প্রাচীন ঘটনার উপাখ্যান আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥২৩॥

(২২)···অতস্ত্বম্···পি। (২৩) সমস্তপাপরাশিঘ্নং শৃণু···নি।

CENTRAL LIBRARY

শ্রবণীয়ং মহারাজ ! প্রাতর্নিত্যং নৃপোত্তমৈঃ ।
পুত্রানায়ুষ্মতো রাজ্যমীহমানৈঃ শ্রিয়ং তথা ॥২৫॥
পুরা কৃতযুগে তাত ! আসীদ্রাজা হ্যকম্পনঃ ।
স শত্রুবশমাপন্নো মধ্যে সংগ্রামমূর্দ্ধনি ॥২৬॥
তস্য পুত্রো হরির্নাম নারায়ণসমো বলে ।
শ্রীমান্ কৃতাস্ত্রো মেধাবী যুধি শক্রোপমো বলী ॥২৭॥
স শত্রুভিঃ পরিবৃতো বহুধা রণমূর্দ্ধনি ।
ব্যস্যন্ বাণসহস্রাণি যোধেষু চ গজেষু চ ॥২৮॥
স কর্ম্ম দুষ্করং কৃত্বা সংগ্রামে শত্রুতাপনঃ ।
শত্রুভির্নিহতঃ সংখ্যে পৃতনায়াং যুধিষ্ঠির ! ॥২৯॥

ভারতকৌমুদী

শ্রবণীয়মিতি। আয়ুষ্মতো দীর্ঘজীবিনঃ, ঈহমানৈর্লব্ধুং চেষ্টমানৈঃ ॥২৫॥
পুরেতি। কৃতযুগে সত্যযুগে। মধ্যে যুদ্ধস্য মধ্যমাবস্থায়াং সমরাঙ্গনমধ্যে বা ॥২৬॥
তস্যেতি। শ্রীমান্ বীরশোভাবান্, কৃতাস্ত্রঃ কৃতসর্বাস্ত্রশিক্ষঃ ॥২৭॥
স ইতি। ব্যস্যন্ বিশেষেণ নিক্ষিপন্, যোধেষু গজেষু চ বিপক্ষীয়েষু, পরিবৃতঃ ॥২৮॥
স ইতি। দুষ্করং বহুশত্রুসংহারক্ষপম্। পৃতনায়াং বিপক্ষসেনামধ্যে ॥২৯॥

বেদাধ্যয়নের ন্যায় এই উপাখ্যানও পবিত্র, শত্রুনাশক এবং সমস্ত মঙ্গলজনক ব্যাপারের মধ্যেও বিশেষ মঙ্গলজনক ॥২৪॥

মহারাজ ! যাঁহারা দীর্ঘজীবী বহু পুত্র, রাজত্ব এবং সম্পৎ লাভ করিবার ইচ্ছা করেন, সেই রাজশ্রেষ্ঠদের প্রত্যহ প্রাতঃকালে ইহা শ্রবণ করা উচিত ॥২৫॥

বৎস ! পূর্ব্বকালে সত্যযুগে 'অকম্পন-'নামে এক রাজা ছিলেন ; তিনি সমরাঙ্গনমধ্যে শত্রুর বশীভূত হইয়াছিলেন ॥২৬॥

বলে নারায়ণের তুল্য, বীরশোভাশালী, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, বুদ্ধিমান্ এবং ইন্দ্রের তুল্য বলবান্ 'হরি-'নামে সেই অকম্পনরাজার এক পুত্র ছিল ॥২৭॥

সেই রাজপুত্র সমরাঙ্গনে বিপক্ষ যোদ্ধাদের ও হস্তিসমূহের উপরে সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিতেছিলেন, এমন সময়ে শত্রুরা আসিয়া তাঁহাকে পরিবেষ্টন করিল ॥২৮॥

যুধিষ্ঠির ! তখন সেই শত্রুতাপন রাজপুত্র যুদ্ধে দুষ্কর কার্য্য করিয়া শত্রু-সৈন্যমধ্যে শত্রুগণকর্ত্তৃক নিহত হইলেন ॥২৯॥

(২৭)···নারায়ণসমো বলী···পি।

CENTRAL LIBRARY

স রাজা প্রেতকৃত্যানি তস্য কৃত্বা শুচান্বিতঃ।
শোচন্নহনি রাত্রৌ চ নালভৎ সুখমাত্মনঃ ॥৩০॥
তস্য শোকং বিদিত্বা তু পুত্রব্যসনসম্ভবম্।
আজগামাথ দেবর্ষির্নারদোঽস্য সমীপতঃ ॥৩১॥
স তু রাজা মহাভাগো দৃষ্ট্বা দেবর্ষিসত্তমম্।
পূজয়িত্বা যথান্যায়ং কথামকথয়ত্তদা ॥৩২॥
তস্য সর্ব্বং সমাচষ্ট যথাবৃত্তং নরেশ্বরঃ।
শত্রুভির্বিজয়ং সংখ্যে পুত্রস্য চ বধং তথা ॥৩৩॥
মম পুত্রো মহাবীর্য্য ইন্দ্রবিষ্ণুসমদ্যুতিঃ।
শত্রুভির্ব্বহুভিঃ সংখ্যে পরাক্রম্য হতো বলী ॥৩৪॥
ক এষ মৃত্যুর্ভগবন্! কিং বীর্য্যবলপৌরুষঃ।
এতদিচ্ছামি তত্ত্বেন শ্রোতুং মতিমতাং বর! ॥৩৫॥

ভারতকৌমুদী

স ইতি। শুচান্বিতঃ কৃত্বেতি সম্বন্ধঃ। সুখং শান্তিম্ ॥৩০॥
তস্যেতি। পুত্রব্যসনসম্ভবং পুত্রনাশজাতম্। অস্য অকম্পনস্য ॥৩১॥
স ইতি। কথাং পুত্রনাশবিষয়কবৃত্তান্তম্ ॥৩২॥
তস্যেতি। তস্য নারদস্যান্তিকে। সংখ্যে যুদ্ধে ॥৩৩॥
মমেতি। পরাক্রম্য স্থিত ইতি শেষঃ। তেন নৈককর্ত্তৃকত্বহানিঃ ॥৩৪॥

পরে অকম্পনরাজা শোকার্ত্ত অবস্থাতেই তাঁহার প্রেতকার্য্য সকল করিয়া দিনে ও রাত্রিতে শোক করিতে থাকিয়া নিজের শান্তিসুখ পাইতে লাগিলেন না ॥৩০॥

ক্রমে অকম্পনরাজার পুত্রনাশনিবন্ধন শোকের বিষয় জানিয়া দেবর্ষি নারদ তাঁহার নিকটে আগমন করিলেন ॥৩১॥

তখন মহাভাগ অকম্পনরাজা দেবর্ষিশ্রেষ্ঠকে দেখিয়া যথানিয়মে তাঁহার পূজা করিয়া পুত্রনাশের বৃত্তান্ত বলিতে লাগিলেন ॥৩২॥

ক্রমে অকম্পনরাজা নারদের নিকটে যুদ্ধে শত্রুগণের জয় ও পুত্রের বধ-প্রভৃতি সমস্ত বৃত্তান্ত যথাযথভাবে বলিলেন ॥৩৩॥

মহাবীর, ইন্দ্র ও বিষ্ণুর সমান তেজস্বী এবং বলবান্ আমার পুত্র যুদ্ধে পরাক্রম প্রকাশ করিয়া বহুশত্রুকর্ত্তৃক নিহত হইয়াছে ॥৩৪॥

(৩১)···অথাজগাম দেবর্ষিঃ···পি।

CENTRAL LIBRARY

তস্য তদ্বচনং শ্রুত্বা নারদো বরদঃ প্রভুঃ।
আখ্যানমিদমাচষ্ট পুত্রশোকাপহং মহৎ ॥৩৬॥

নারদ উবাচ।

শৃণু রাজন্! মহাবাহো! আখ্যানং বহুবিস্তরম্।
যথা বৃত্তং শ্রুতঞ্চৈব ময়াপি বসুধাধিপ! ॥৩৭॥
প্রজাঃ সৃষ্ট্বা তদা ব্রহ্মা আদিসর্গে পিতামহঃ।
অসংহৃতং মহাতেজা দৃষ্ট্বা জগদিদং প্রভুঃ ॥৩৮॥
তস্য চিন্তা সমুৎপন্না সংহারং প্রতি পার্থিব!।
চিন্তয়ন্ নহ্যসৌ বেদ সংহারং বসুধাধিপ! ॥৩৯॥ (যুগ্মকম্)
তস্য রোষান্মহারাজ! খেভ্যোঽগ্নিরুদতিষ্ঠত।
তেন সর্ব্বা দিশো ব্যাপ্তাঃ সান্তর্দেশা দিধক্ষতা ॥৪০॥

ভারতকৌমুদী

ক ইতি। বীর্য্যং শক্তিঃ, বলং প্রভাবঃ, পৌরুষমধিকারঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৩৫॥

তস্যেতি। বরদ ইত্যনেন বরেণাপি রাজ্ঞঃ শোকাপনোদনং কর্ত্তুং শক্ত ইতি সূচিতম্ ॥৩৬॥

শৃণ্বিতি। বহ্বধিকো বিস্তরো যস্য তৎ। বৃত্তং জাতম্ ॥৩৭॥

প্রজা ইতি। প্রজাঃ প্রাণিনঃ। আদিসর্গে প্রথমসৃষ্টিকালে। অসংহৃতং প্রাণিপরিপূর্ণম্। দৃষ্ট্বা স্থিতস্য তস্য। বেদ জানাতি স্ম, সংহারং সংহারোপায়ম্ ॥৩৮—৩৯॥

তস্যেতি। খেভ্যঃ কর্ণাদিরন্ধ্রেভ্যঃ। দিধক্ষতা দগ্ধুমিচ্ছতা। রোষাৎ বেদনাশক্তিজাৎ ॥৪০॥

অতএব জ্ঞানিশ্রেষ্ঠ ভগবন্! এই মৃত্যুটা কে? এবং ইহার শক্তি, প্রভাব ও অধিকারই বা কতটুকু, ইহা আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি' ॥৩৫॥

তাঁহার সেই কথা শুনিয়া তপঃপ্রভাবশালী ও বরদানে সমর্থ নারদ পুত্রশোকনাশক এই উত্তম উপাখ্যান বলিতে লাগিলেন ॥৩৬॥

নারদ বলিলেন—'ধরাধিপতি! এই ঘটনা যেরূপ ঘটিয়াছিল, আমিও সেইরূপই শুনিয়াছিলাম। অতএব মহাবাহু রাজা! আপনি সেই অতিবিস্তৃত উপাখ্যান শ্রবণ করুন ॥৩৭॥

মহাতেজা ও মহাপ্রভাবশালী পিতামহ ব্রহ্মা প্রথম সৃষ্টির সময়ে প্রাণিগণকে সৃষ্টি করিয়া এই জগৎটাকে প্রাণিগণে পরিপূর্ণ দেখিয়া সংহারের বিষয়ে তাঁহার চিন্তা জন্মিল। রাজা! তিনি চিন্তা করিয়াও প্রাণিসংহারের উপায় জানিতে পারিলেন না ॥৩৮—৩৯॥

মহারাজ! তখন ক্রোধবশতঃ তাঁহার কর্ণপ্রভৃতি রন্ধ্র হইতে অগ্নি উত্থিত

ততো দিবং ভুবং খঞ্চ জ্বালামালাসমাকুলম্।
চরাচরং জগৎ সর্ব্বং দদাহ ভগবান্ প্রভুঃ ॥৪১॥
ততো হতানি ভূতানি চরাণি স্থাবরাণি চ।
মহতা ক্রোধবেগেন ত্রাসয়ন্নিব বীর্য্যবান্ ॥৪২॥ (যুগ্মকম্)
ততো হরো জটী স্থাণুর্নিশাচরপতিঃ শিবঃ।
জগাম শরণং দেবং ব্রহ্মাণং পরমেষ্ঠিনম্ ॥৪৩॥
তস্মিন্নাপতিতে স্থাণৌ প্রজানাং হিতকাম্যয়া।
অব্রবীৎ পরমো দেবো জ্বলন্নিব মহামুনিঃ ॥৪৪॥
কিং কুর্ম্মঃ কামং কামার্হ! কামাজ্জাতোঽসি পুত্রক!।
করিষ্যামি প্রিয়ং সর্ব্বং ব্রূহি স্থাণো! যদিচ্ছসি ॥৪৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো ভগবান্ প্রভুর্দাহসমর্থো বীর্য্যবাংশ্চ সোঽগ্নিঃ, মহতা ক্রোধবেগেন ত্রাসয়ন্নিব, দিবং স্বর্গম্, ভুবম্, খমাকাশঞ্চ, কিং বহুনা জ্বালামালয়া শিখাসমূহেন সমাকুলং ব্যাপ্তম্, চরাচরং সর্বং জগৎ, দদাহ। ততঃ চরাণি মনুষ্যাদীনি জঙ্গমানি, স্থাবরাণি পর্বতাদীনি স্থিতিশীলানি চ ভূতানি হতানি ॥৪১—৪২॥

তত ইতি। জটী জটাধারী, স্থাণুঃ স্থিরস্বভাবঃ, নিশাচরাণাং ভূতানাং পতিঃ ॥৪৩॥

তস্মিন্নিতি। আপতিতে আগতে, প্রজানাং ভূতানাম্। দেবো ব্রহ্মা ॥৪৪॥

কিমিতি। কামং তবাভীষ্টম্, কামার্হ! অভীষ্টপ্রাপ্তিযোগ্য! কামাৎ মমৈব সঙ্কল্পাৎ ॥৪৫॥

হইল; সেই অগ্নি জগৎ দগ্ধ করিবার ইচ্ছা করিয়া সমস্ত দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিল ॥৪০॥

তাহার পর মাহাত্ম্যশালী ও দাহদক্ষ প্রবল অগ্নি গুরুতর ক্রোধের বেগে সকলের ভয় উৎপাদন করতই যেন স্বর্গ, মর্ত্ত্য ও আকাশ—এমন কি শিখাসমূহ-ব্যাপ্ত চরাচর সমগ্র জগৎ দগ্ধ করিতে প্রবৃত্ত হইল। তখন স্থাবর ও জঙ্গম ভূত সকল বিনষ্ট হইতে লাগিল ॥৪১—৪২॥

তদনন্তর জটাধারী, স্থিরস্বভাব, ভূতপতি ও মঙ্গলময় মহাদেব আসিয়া দেব-পরমেষ্ঠী ব্রহ্মার শরণাপন্ন হইলেন ॥৪৩॥

সেই মহাদেব জগতের হিতকামনায় আগমন করিলে, পরমদেবতা ও মহামুনি ব্রহ্মা তেজে জ্বলিতে থাকিয়াই যেন বলিলেন—॥৪৪॥

(৪১)··· জ্বালামালাসমন্বিতম্···পি। (৪২)···ত্রসানি স্থাবরাণি চ···পি। (৪৫) শ্লোকাৎ পরম্ 'পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা নি।

CENTRAL LIBRARY

স্থাণুরুবাচ।

প্রজাসর্গনিমিত্তং হি কৃতো যত্নস্ত্বয়া বিভো!।
ত্বয়া সৃষ্টাশ্চ বৃদ্ধাশ্চ ভূতগ্রামাঃ পৃথগ্‌বিধাঃ ॥৪৬॥
তাস্তবেহ পুনঃ ক্রোধাৎ প্রজা দহ্যন্তি সর্ব্বশঃ।
তা দৃষ্ট্বা মম কারুণ্যং প্রসীদ ভগবন্! প্রভো! ॥৪৭॥

ব্রহ্মোবাচ।

নাক্রুধ্যং ন চ মে কাম এতদেবং ভবেদিতি।
পৃথিব্যা হিতকামস্তু ততো মাং মন্যুরাবিশৎ ॥৪৮॥
ইয়ং হি মাং সদা দেবী ভারার্ত্তা সমচূচুদৎ।
সংহারার্থং মহাদেব! ভারেণাভিহতা সতী ॥৪৯॥
ততোঽহং নাধিগচ্ছামি তপ্যে বহুবিধং তদা।
সংহারমপ্রমেয়স্য ততো মাং মন্যুরাবিশৎ ॥৫০॥

ভারতকৌমুদী

প্রজেতি। প্রজাসর্গনিমিত্তং ভূতসৃষ্টিহেতোঃ। বৃদ্ধা উপচয়ং প্রাপ্তাঃ ॥৪৬॥
তা ইতি। দহ্যন্তি অগ্নিনা দহ্যন্তে। কারুণ্যং দয়া অভবদিতি শেষঃ ॥৪৭॥
নেতি। এতজ্জগৎ, এবং দগ্ধং ভবেদিতি মে ন চ কামোঽভিলাষঃ। মন্যুঃ ক্রোধঃ ॥৪৮॥
ইয়মিতি। দেবী পৃথিবী, সমচূচুদৎ প্রেরিতবতী ॥৪৯॥

'অভীষ্টপ্রাপ্তিযোগ্য পুত্র! তুমি আমার সঙ্কল্পেই জন্মিয়াছ; অতএব তোমার কি করিব?। স্থাণু! তুমি যাহা ইচ্ছা কর, তাহা বল; আমি তোমার সমস্ত প্রিয় কার্য্য করিব' ॥৪৫॥

তখন মহাদেব বলিলেন—'প্রভু! আপনিই ভূতসৃষ্টির জন্য যত্ন করিয়াছিলেন, পরে নানাবিধ ভূত সৃষ্টি করিয়াছেন এবং সেগুলি বৃদ্ধিও পাইয়াছে ॥৪৬॥

আবার আপনার ক্রোধেই সে সমস্ত দগ্ধ হইতেছে। সুতরাং তাহা দেখিয়া আমার দয়া জন্মিয়াছে। অতএব প্রভু! ভগবন্! আপনি প্রসন্ন হউন' ॥৪৭॥

ব্রহ্মা বলিলেন—'আমি বিনা কারণে ক্রুদ্ধ হই নাই, কিংবা 'এই জগৎটা দগ্ধ হউক' এরূপ ইচ্ছাও আমার ছিল না। কিন্তু পৃথিবীর হিত কামনাতেই আমার ক্রোধ জন্মিয়াছিল ॥৪৮॥

কারণ, মহাদেব! এই পৃথিবীদেবী ভারার্ত্ত হইয়া প্রাণিগণের সংহারের জন্য সর্ব্বদা আমার নিকট অনুরোধ করিতেন ॥৪৯॥

স্থাণুরুবাচ। *

সংহারার্থং প্রসীদস্ব মা রুষো বসুধাধিপ!।
মা প্রজাঃ স্থাবরাশ্চৈব জঙ্গমাশ্চ ব্যনীনশঃ ॥৫১॥
তব প্রসাদাদ্ভগবন্নিদং বর্ত্তেত্রিধা জগৎ।
অনাগতমতীতঞ্চ যচ্চ সম্প্রতি বর্ত্ততে ॥৫২॥
ভগবন্! ক্রোধসন্দীপ্তঃ ক্রোধাদগ্নিমবাসৃজৎ।
স দহত্যশ্মকূটানি দ্রুমাংশ্চ সরিতস্তথা ॥৫৩॥
পল্বলানি চ সর্ব্বাণি সর্ব্বাংশ্চৈব তৃণোলপান্।
স্থাবরং জঙ্গমঞ্চৈব নিঃশেষং কুরুতে জগৎ ॥৫৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তদা বহুবিধং তপো, ততোঽপি অপ্রমেয়স্য জগতঃ সংহারং তদুপায়ং নাধিগচ্ছামি ॥৫০॥

সংহারেতি। সংহারার্থং সংহারনিবৃত্তয়ে, মা রুষঃ ক্রোধং ন কুরু। মা ব্যনীনশঃ ন বিনাশয় ॥৫১॥

তবেতি। বর্ত্তেৎ বর্ত্তেত। অনাগতং ভবিষ্যৎ ॥৫২॥

ভগবন্নিতি। অবাসৃজৎ ভবান্। সঃ অগ্নিঃ, অশ্মকূটানি পাষাণনিচয়ান্। পল্বলানি ক্ষুদ্রজলাশয়ান্। তৃণানি চ উলপা লতাশ্চ তান্ ॥৫৩—৫৪॥

ভারতভাবদীপঃ

পুমান্ স্বয়ং স্বস্য মৃত্যুর্ভবতীত্যর্থঃ ॥১৮—৩৯॥ খেভ্যঃ শ্রোত্রাদিছিদ্রেভ্যঃ ॥৪০—৪৬॥ কারুণ্যং জাতমিতি শেষঃ ॥৪৭—৪৯॥ অপ্রমেয়স্য স্থানং তস্য ইতি শেষঃ। অহিংসাস্থেতি বার্থঃ ॥৫০॥ সংহারার্থং মা রুষঃ রোষং মা কার্ষীঃ। মহ্যং কিন্তু প্রসীদস্ব ॥৫১॥ তবেতি। অনাগতাদি-প্রকারত্রয়যুক্তং সর্ব্বদৈব জগদস্তু ন ত্বস্য নিরন্বয়োচ্ছেদঃ কার্য্য ইত্যাশয়ঃ ॥৫২—৫৪॥ তব

তখন আমি বহুপ্রকার তপস্যা করি, তাহাতেও আমি অপরিমেয় জগতের সংহারোপায় খুজিয়া পাই না; তৎপরেই আমার ক্রোধ উৎপন্ন হয়' ॥৫০॥

মহাদেব বলিলেন—'জগদীশ্বর! আপনি জগৎসংহার-নিবৃত্তির জন্য প্রসন্ন হউন, ক্রোধ করিবেন না, কিংবা স্থাবর ও জঙ্গম প্রাণিগণকে বিনষ্ট করিবেন না ॥৫১॥

ভগবন্! আপনার অনুগ্রহেই এই জগৎটা তিন ভাবে চলিতেছে; যাহা পূর্ব্বে ছিল, বর্ত্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকিবে ॥৫২॥

ভগবন্! আপনি ক্রোধে উত্তেজিত হইয়া অগ্নিকে সৃষ্টি করিয়াছিলেন;

* রুদ্র উবাচ—বর্দ্ধ বঙ্গ বা নি। (৫৩)···অগ্নিমবাসৃজঃ। সন্দহত্যশ্মসংঘাশ্চ দ্রুমাশ্চ ···বর্দ্ধ বঙ্গ। (৫৪)···সর্ব্বে চৈব তৃণোলপাঃ···বর্দ্ধ বঙ্গ।

CENTRAL LIBRARY

তদেতদ্ভস্মসাদ্ভূতং জগৎ স্থাবরজঙ্গমম্ ।
প্রসীদ ভগবন্ ! স ত্বং রোষো ন স্যাদ্বরো মম ॥৫৫॥
সর্বে হি স্রষ্টা নশ্যন্তি তব দেব ! কথঞ্চন ।
তস্মান্নিবর্ত্ততাং তেজস্ত্বয্যেবেহ প্রলীয়তাম্ ॥৫৬॥
তৎ পশ্য দেব ! সুভৃশং প্রজানাং হিতকাম্যয়া ।
যথেমে প্রাণিনঃ সর্ব্বে নিবর্ত্তেরংস্তথা কুরু ॥৫৭॥
অভাবং নেহ গচ্ছেয়ুরুৎসন্নজননাঃ প্রজাঃ ।
অধিদৈবে নিযুক্তোঽস্মি ত্বয়া লোকেষু লোকহন্ ! ॥৫৮॥
মা বিনশ্যেজ্জগন্নাথ ! জগৎ স্থাবরজঙ্গমম্ ।
প্রসাদাভিমুখং দেবং তস্মাদেবং ব্রবীম্যহম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

তদিতি। তব রোষো যন্ন স্যাৎ স এব মম বরঃ তব রোষোপসংহার এব বরঃ ॥৫৫॥
সর্ব্ব ইতি। কথঞ্চন অনির্বচনীয়প্রকারেণ। তেজঃ অগ্নিঃ ॥৫৬॥
তদিতি। পশ্য প্রসন্নদৃষ্ট্যেত্যাশয়ঃ। নিবর্ত্তেরন্ ধ্বংসাদিতি শেষঃ ॥৫৭॥
অভাবমিতি। উৎসন্নং নিবৃত্তং জননং যাসাং তাঃ। অধিদৈবে দেবাধীশ্বরত্বে রুদ্রত্বে ॥৫৮॥
মেতি। প্রসাদাভিমুখং প্রসন্নীভাবায়োন্মুখম্। স্বয়মেবেতি ভাবঃ ॥৫৯॥

সেই অগ্নি—প্রস্তরসমূহ, বৃক্ষ, নদী, সমস্ত ক্ষুদ্র জলাশয় এবং সমগ্র তৃণ-লতা দগ্ধ করিতেছে ; ক্রমে সমগ্র স্থাবর ও জঙ্গম জগৎ নিঃশেষ করিবে ॥৫৩—৫৪॥

এই সেই স্থাবর-জঙ্গমাত্মক জগৎ ভস্ম হইতে প্রবৃত্ত হইয়াছে। অতএব ভগবন্ ! আপনি প্রসন্ন হউন ; আপনার ক্রোধ না থাকাই আমার বর ॥৫৫॥

দেব ! আপনার সৃষ্ট পদার্থ সমস্তই অনির্বচনীয়ভাবে নষ্ট হইতেছে। অতএব আপনি নিবৃত্ত হউন, আপনার তেজ (অগ্নি) আপনাতেই এখন লীন হউক ॥৫৬॥

অতএব দেব ! আপনি জগতের হিতকামনা করিয়া বিশেষ প্রসন্ন দৃষ্টিতে তাহা দর্শন করুন ; যাহাতে এই সকল প্রাণী ধ্বংস হইতে নিবৃত্তি পায়, তাহা করুন ॥৫৭॥

বর্ত্তমানে প্রাণিগণের জন্ম ত হইতেছেই না, তবে ধ্বংস যেন না হয়। হে লোকনাশক ! আপনি আমাকে জগতে দেবাধীশ্বরপদে নিযুক্ত করিয়াছেন ॥৫৮॥

(৫৫)…ভগবন্ ! সর্ব্ব !…পি,…ভগবন্ ! সর্ব্বম্…বঙ্গ বর্দ্ধ। (৫৬) সর্ব্বে হি নষ্টা নশ্যন্তি…বঙ্গ বর্দ্ধ। (৫৮)…উচ্ছন্নজননাঃ…পি বঙ্গ বর্দ্ধ,…উচ্ছিন্নজননাঃ…বা।

নারদ উবাচ।

শ্রুত্বা হি বচনং দেবঃ প্রজানাং হিতকারণে।
তেজঃ সন্ধারয়ামাস পুনরেবান্তরাত্মনি ॥৬০॥
ততোঽগ্নিমুপসংহৃত্য ভগবান্ লোকসৎকৃতঃ।
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ কল্পয়ামাস বৈ প্রভুঃ ॥৬১॥
উপসংহরতস্তস্য তমগ্নিং রোষজং তদা।
প্রাদুর্বভূব বিশ্বেভ্যো গোভ্যো নারী মহাত্মনঃ ॥৬২॥
কৃষ্ণা রক্তা তথা পিঙ্গা রক্তজিহ্বাস্যলোচনা।
কুণ্ডলাভ্যাঞ্চ রাজেন্দ্র! তপ্তাভ্যাং তপ্তভূষণা ॥৬৩॥
সা নিঃসৃত্য তথা খেভ্যো দক্ষিণাং দিশমাশ্রিতা।
স্ময়মানা চ সাবেক্ষ্য দেবৌ বিশ্বেশ্বরাবুভৌ ॥৬৪॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। দেবো ব্রহ্মা। তেজঃ অগ্নিম্। অন্তরাত্মনি স্বশরীরমধ্যে ॥৬০॥
তত ইতি। প্রবৃত্তম্ উৎপত্তিকারণীভূতম্, নিবৃত্তং ধ্বংসকারণীভূতঞ্চ কর্ম্ম ॥৬১॥
উপেতি। বিশ্বেভ্যঃ সর্ব্বেভ্যঃ, গোভ্য ইন্দ্রিয়রন্ধ্রেভ্যঃ ॥৬২॥
কৃষ্ণেতি। তথা তয়োর্যোগেন, পিঙ্গা পিঙ্গলবর্ণা। তপ্তাভ্যাং তপ্তকাঞ্চনময়াভ্যাম্ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

রোষো ন স্যাদিতি মম মহ্যং বরোঽস্তীতি যোজনা ॥৫৫—৫৭॥ অধীতি। মাং লোকসন্তানে নিযোজ্য কথং লোকান্ নাশয়সীত্যর্থঃ ॥৫৮—৬০॥ প্রবৃত্তং কর্ম্ম সৃষ্টিহেতুং নিবৃত্তং কর্ম্ম মোক্ষ-

জগন্নাথ! স্থাবর-জঙ্গমাত্মক জগৎটা যেন নষ্ট না হয়; সেই জন্য আপনি প্রসন্ন হউন এবং সেই জন্যই আমি আপনাকে এইরূপ বলিতেছি' ॥৫৯॥

নারদ বলিলেন—'মহাদেবের বাক্য শুনিয়া ব্রহ্মা প্রাণিগণের হিতের জন্য পুনরায় আপন শরীরেই সেই তেজ (অগ্নি) ধারণ করিলেন ॥৬০॥

তদনন্তর ভগবান্, প্রভাবশালী ও জগৎপূজিত ব্রহ্মা অগ্নির উপসংহার করিয়া কর্ম্মকে উৎপত্তি ও বিনাশের হেতুরূপে কল্পনা করিলেন ॥৬১॥

মহাত্মা ব্রহ্মা যখন সেই ক্রোধাগ্নি উপসংহার করিলেন, তখন তাঁহার সকল ইন্দ্রিয়রন্ধ্র হইতে একটী স্ত্রী আবির্ভূত হইল ॥৬২॥

রাজশ্রেষ্ঠ! কৃষ্ণ ও রক্তবর্ণের মিশ্রণে তাহার পিঙ্গলবর্ণ এবং জিহ্বা, মুখ ও নয়ন রক্তবর্ণ ছিল; আর দুই কাণে দুইটী তপ্তকাঞ্চনময় কুণ্ডল দুলিতেছিল এবং অন্যান্য অলঙ্কারগুলিও তপ্তকাঞ্চনময় ছিল ॥৬৩॥

(৬১)···কথয়ামাস বৈ প্রভুঃ—পি বা বঙ্গ বর্দ্ধ। (৬৪)···স্ময়মানেব···পি।

CENTRAL LIBRARY

তামাহূয় তদা দেবো লোকাদিনিধনেশ্বরঃ।
মৃত্যো! ইতি মহীপাল! জহি চেমাঃ প্রজা ইতি ॥৬৫॥
ত্বং হি সংহারবুদ্ধ্যাথ প্রাদুর্ভূতা রুষো মম।
তস্মাৎ সংহর সর্বাস্ত্বং প্রজাঃ সজড়পণ্ডিতাঃ।
মম ত্বং হি নিয়োগেন ততঃ শ্রেয়ো হ্যবাপ্স্যসি ॥৬৬॥
এবমুক্তা তু সা তেন মৃত্যুঃ কমললোচনা।
দধ্যৌ চাত্যর্থমবলা প্ররুরোদ চ সুস্বরম্ ॥৬৭॥
পাণিভ্যাং প্রতিজগ্রাহ তান্যশ্রূণি পিতামহঃ।
সর্বভূতহিতার্থায় তাঞ্চাপ্যন্বনয়ত্তদা ॥৬৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে মৃত্যুৎপত্তিকথনে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সেতি। খেভ্য ইন্দ্রিয়রন্ধ্রেভ্যঃ। স্ময়মানা ঈষদ্ধসন্তী, উভৌ ব্রহ্মরুদ্রৌ ॥৬৪॥

তামিতি। লোকানাম্ আদিনিধনয়োঃ সৃষ্টিসংহারয়োঃ ঈশ্বরঃ কর্ত্তা ব্রহ্মা ॥৬৫॥

ত্বমিতি। সংহারবুদ্ধ্যা যুক্তস্য মম, রুষঃ ক্রোধাৎ। প্রজাঃ প্রাণিনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

এবমিতি। দধ্যৌ চিন্তয়ামাস। প্ররুরোদ, দারুণকর্ম্মণি নিয়োগাদিত্যাশয়ঃ ॥৬৭॥

পাণিভ্যামিতি। পিতামহো ব্রহ্মা। তাং মৃত্যুম্, অন্বনয়ৎ স্তুতবান্। স্ত্রীবাচকত্বেঽপি

সেই নারী ব্রহ্মার ইন্দ্রিয়রন্ধ্র হইতে নির্গত হইয়া জগদীশ্বর ব্রহ্মা ও মহাদেবের প্রতি দৃষ্টিপাত করিয়া মৃদু হাস্য করতঃ তাঁহাদের দক্ষিণদিকে যাইয়া দাঁড়াইল ॥৬৪॥

রাজা! তখন জগতের সৃষ্টি ও সংহারের কর্ত্তা ব্রহ্মা তাঁহাকে 'মৃত্যো!' এইরূপে আহ্বান করিয়া বলিলেন—'তুমি এই প্রাণিগণকে সংহার করিতে থাক ॥৬৫॥

তুমি সংহারবুদ্ধিতে আমার ক্রোধ হইতে প্রাদুর্ভূত হইয়াছ। সুতরাং তুমি আমার আদেশে মূর্খ ও পণ্ডিতপ্রভৃতি সমস্ত প্রাণী সংহার করিতে থাক; তাহাতেই তুমি মঙ্গল লাভ করিবে' ॥৬৬॥

ব্রহ্মা এইরূপ বলিলে, সেই পদ্মনয়না স্ত্রীরূপিণী মৃত্যু অত্যন্তচিন্তা ও সুস্বরে রোদন করিতে লাগিলেন ॥৬৭॥

* '...একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

বিনীয় দুঃখমবলা আত্মনৈব প্রজাপতিম্।
উবাচ প্রাঞ্জলির্ভূত্বা লতেবাবর্জিতা পুনঃ ॥১॥

মৃত্যুরুবাচ।

ত্বয়া সৃষ্টা কথং নারী ঈদৃশী বদতাং বর!।
ক্রূরং কর্ম্মাহিতং কুর্য্যাং তদেব কিমু জানতী।
বিভেম্যহমধর্ম্মাদ্ধি প্রসীদ ভগবন্! প্রভো! ॥২॥

ভারতকৌমুদী

মৃত্যুশব্দস্য কদাচিদ্দারাদিশব্দবৎ পুংস্ত্বপি প্রয়োগঃ। যথা—"গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ" ॥৬৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

বিনীয়েতি। বিনীয় অপনীয়, দুঃখং তাদৃশনিয়োগকষ্টম্, অবলা মৃত্যুঃ। আবর্জিতাবনতা ॥১॥

ত্বয়েতি। ঈদৃশী নৃশংসকার্য্যকারিণী। ক্রূরং নিষ্ঠুরম্, অহিতঞ্চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

ভারতভাবদীপঃ

হেতুং কথয়ামাস ॥৬১॥ গোভ্য ইন্দ্রিয়ছিদ্রেভ্যঃ ॥৬২—৬৩॥ দেবৌ ব্রহ্মরুদ্রৌ ॥৬৪॥ দেবো ব্রহ্মা, মরণং মৃৎপ্রাণবিয়োগস্তং মন্যস্ব কৃতীতি মৃত্যুরিত্যর্থঃ ॥৬৫॥ রুষো রোষাৎ ॥৬৬—৬৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৫॥

তখন ব্রহ্মা জগতের হিতের জন্য দুই হাতে সেই অশ্রুজল গ্রহণ করিলেন এবং মৃত্যুর প্রতি অনুনয় করিতে থাকিলেন' ॥৬৮॥

নারদ কহিলেন—'রাজা! তখন সেই নারী নিজেই নিজের মনোদুঃখ দূর করিয়া কৃতাঞ্জলি হইয়া লতার ন্যায় অবনত থাকিয়া পুনরায় ব্রহ্মাকে বলিতে লাগিলেন' ॥১॥

মৃত্যুদেবী বলিলেন—'বাগ্মিশ্রেষ্ঠ! আপনি আমাকে এইরূপ নারী করিয়া

(১)···আত্মন্যেব প্রজাপতিম্···বা বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

প্রিয়ান্ পুত্রান্ বয়স্যাংশ্চ ভ্রাতৄন্ মাতৄঃ পিতৄন্ পতীন্ ।
অপধ্যাস্যন্তি মে দেব ! মৃতেষ্বেভ্যো বিভেম্যহম্ ॥৩॥
কৃপণানাং হি রুদতাং যে পতন্ত্যশ্রুবিন্দবঃ ।
তেভ্যোঽহং ভগবন্ ! ভীতা শরণং ত্বামহং গতা ॥৪॥
যমস্য ভবনং দেব ! ন গচ্ছেয়ং সুরোত্তম ! ।
প্রসাদয়ে ত্বাং বরদ ! মূর্দ্ধ্নোদগ্রনখেন চ ।
এতদিচ্ছাম্যহং কামং ত্বত্তো লোকপিতামহ ! ॥৫॥
ইচ্ছেয়ং ত্বৎপ্রসাদাদ্বৈ তপস্তপ্তুং প্রজেশ্বর ! ।
প্রদিশেমং বরং দেব ! ত্বং মহ্যং ভগবন্ ! প্রভো ! ॥৬॥

ভারতকৌমুদী

প্রিয়ানিতি। এতান্ মারয়ন্ত্যা ইতি শেষঃ। অপধ্যাস্যন্তি অনিষ্টং চিন্তয়িষ্যন্তি তেষাং বন্ধুজনা ইতি শেষঃ। মৃতেষু পুত্রাদিষু, এভ্যঃ পুত্রাদিবন্ধুভ্যঃ ॥৩॥

কৃপণানামিতি। কৃপণানাং পুত্রাদিমরণেন দুঃখকাতরাণাং পিত্রাদীনাম্ ॥৪॥

কিঞ্চ তথাত্বে সম্ভাব্যমানং প্রেতপতিযমভবনগমনং নিষেধতি যমস্যেতি। উদগ্রা উন্নতা ঊর্দ্ধমুখা নখা যস্মিন্ তেন অঞ্জলিপুটেন। কামং স্বাভীষ্টম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

বিনীয় লতেবেতি হৃদেকশরণত্বেদৃষ্টান্তঃ ॥১—২॥ প্রিয়াদীন্ ঘ্নন্তী তৎসম্বন্ধিনঃ অপধ্যাস্যন্তি পরানিষ্টচিন্তনমপধ্যানম্, মৃতেষু মদ্যা মারিতেষু লোকেষু সৎসু। মে মম ॥৩—৪॥ উদগ্রনখেন

সৃষ্টি করিলেন কেন ? আমি সেই নৃশংসব্যাপার জানিয়া কিরূপে সেই নৃশংস ও অহিত কার্য্য করিব। আমি যে অধর্ম্মের ভয় করি। অতএব ভগবন্ ! প্রভু ! আপনি প্রসন্ন হউন ॥২॥

দেব ! প্রাণীদিগের প্রিয় পুত্র, বয়স্য, ভ্রাতা, মাতা, পিতা ও পতিপ্রভৃতিকে সংহার করায় তাহারা মরিলে, তাহাদের বান্ধবেরা যে আমার অনিষ্টচিন্তা করিবে। সুতরাং আমি তাহাদের ভয় করি ॥৩॥

(১২) শূরো বীরঃ কৃতাস্ত্রশ্চ···অভিমন্যুর্গতো বীরঃ পৃতনাভিমুখো হতঃ—পি বা বঙ্গ বর্দ্ধ। (১৩)···যান্ কাংশ্চিৎ···পি বঙ্গ বর্দ্ধ,·····প্রজয়া চ শ্রুতেন চ · নি।

তস্মাৎ স্বর্গগতং পুত্রমর্জ্জুনস্য হতং রণে।
নেহ চানয়িতুং শক্যং কিঞ্চিদপ্রাপ্যমীহিতম্ ॥১৫॥
যাং যোগিনো ধ্যানবিবিক্তদর্শনাঃ প্রযান্তি যাঞ্চোত্তমযাগযাজিনঃ।
তপোভিরিদ্ধৈরনুযান্তি যাং তথা তামক্ষয়াং তে তনয়ো গতো গতিম্ ॥১৬॥
অস্তাৎ পুনর্ভাবগতো বিরাজতে রাজেব বীরো হ্যমৃতাত্মরশ্মিভিঃ।
তামৈন্দবীমাত্মতনুং দ্বিজোচিতাং গতোঽভিমন্যুর্ন স শোকমর্হতি ॥১৭॥
এবং জ্ঞাত্বা স্থিরো ভূত্বা জহ্যরীন্ ধৈর্য্যমাপ্নুহি।
জীবন্ হি পুরুষঃ শোচ্যো ন তু স্বর্গগতোঽনঘ! ॥১৮॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। আনয়িতুম্ আনেতুম্। শক্যমিতি ভাবে যপ্রত্যয়ঃ। ততশ্চ "কাং দিশং গন্তব্যম্" ইত্যাদিবৎ কর্ম্মণঃ পুত্রমিত্যস্য নোক্তা। অতএব ঈহিতং যুষ্মাভিরিষ্টম্ অভিমন্যোর্দর্শনং তস্যান্যদ্যুদ্ধাদিকং কিঞ্চিদ্বা, অপ্রাপ্যং ন লভ্যম্। অতঃ স্থিরতামাপ্নুহীত্যাশয়ঃ ॥১৫॥

যামিতি। ধ্যানেন বিবিক্তং পূতং দর্শনং জ্ঞানং যেষাং তে। ইদ্ধৈরুজ্জ্বলৈঃ ॥১৬॥

অস্তাদিতি। বীরোঽভিমন্যুঃ, অস্তাৎ যুদ্ধে মরণাৎ পরম্, পুনঃ, ভাবং স্বর্গীয়ং জন্ম গতঃ প্রাপ্তঃ। ততশ্চ দ্বিজোচিতাং ক্ষত্রিয়যোগ্যাম্, তাম্, ইন্দোরিয়মিত্যৈন্দবী চন্দ্রজনিতা তাম্, আত্মতনুং চন্দ্রপুত্রশরীরম্, গতঃ প্রাপ্তঃ সন্, রাজা চন্দ্র ইব, অমৃতাঃ সুধাময়া যে আত্মনো রশ্ময়ঃ কিরণাস্তৈর্বিরাজতে। অতএব স শোকং শোচ্যতাং নার্হতি। "রাজা প্রভৌ নৃপে চন্দ্রে যক্ষে ক্ষত্রিয়শক্রয়োঃ" ইতি বিশ্বঃ। "ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ" ইতি স্মৃতিঃ ॥১৭॥

অতএব যুদ্ধে নিহত স্বর্গগত অভিমন্যুকে এই মর্ত্ত্যলোকে পুনরায় আনয়ন করিতে পারা যাইবে না। সুতরাং যুধিষ্ঠির! তোমাদের অভীষ্ট অভিমন্যুর দর্শন, কিংবা তাঁহা দ্বারা অন্য কোন কার্য্যসম্পাদন সম্ভবপর হইবে না ॥১৫॥

ধ্যানদ্বারা লব্ধপবিত্রজ্ঞান যোগীরা, উত্তমযজ্ঞকারীরা এবং উৎকৃষ্টতপস্যাপরায়ণ লোকেরা যে গতি লাভ করিয়া থাকেন, অভিমন্যু সেই অক্ষয় গতি লাভ করিয়াছেন ॥১৬॥

বীর অভিমন্যু যুদ্ধে মৃত্যুর পরেই স্বর্গীয় জন্ম লাভ করিয়াছেন; তিনি ক্ষত্রিয়ের প্রাপ্তিযোগ্য সেই স্বকীয় চন্দ্রপুত্রশরীর লাভ করিয়া এখন অমৃতময় আপন কিরণদ্বারা চন্দ্রের তুল্যই শোভা পাইতেছেন। সুতরাং তাঁহার জন্য শোক করা উচিত নহে ॥১৭॥

(১৫)…কিঞ্চিদপ্রাপ্যমীশিতুম্—পি বঙ্গ বর্দ্ধ। (১৮)…মা শুচো ধৈর্য্যমাপ্নুহি…বা নি,… জীবস্ত এব নঃ শোচ্যা ন তু স্বর্গগতানঘ!—পি বা বঙ্গ বর্দ্ধ।

শোচতো হি মহারাজ ! অঘমেবাভিবর্দ্ধতে ।
তস্মাচ্ছোকং পরিত্যজ্য শ্রেয়সে প্রযতেদ্‌বুধঃ ॥১৯॥
প্রহর্ষং প্রীতিমানন্দং প্রিয়মুৎসিক্তচিত্ততাম্ ।
এতদাহুর্বুধাঃ শৌচমশৌচং শোক উচ্যতে ॥২০॥
এবং বিদ্বন্ সমুত্তিষ্ঠ প্রযতো ভব মা শুচঃ ।
শ্রুতস্তে সম্ভবো মৃত্যোস্তপাংস্যনুপমানি চ ॥২১॥
সর্বভূতসমত্বঞ্চ চঞ্চলাশ্চ বিভূতয়ঃ ।
সৃঞ্জয়স্য শ্রুতঃ পুত্রো মৃতঃ সঞ্জীবিতঃ পুনঃ ॥২২॥

ভারতকৌমুদী

এবমিতি। অরীন্ জহি নাশয়। জীবন্ পুরুষঃ শোচ্যঃ, রোগদৌর্গত্যাদিনা ॥১৮॥

শোচত ইতি। অঘং পাপং পাপজনিতং দুঃখম্। শ্রেয়সে মঙ্গলায় ॥১৯॥

শৌচার্থমপি শোকস্ত্যাজ্য ইত্যাহ প্রেতি। একস্যাপি চিত্তবিস্ফারস্য কারণভেদাদ্ভেদঃ। তথা চ ক্রীড়াদিজন্যশ্চিত্তবিস্ফারঃ প্রহর্ষঃ, পুত্রদর্শনাদিজন্যঃ স প্রীতিঃ, সুরতাদিজন্য আনন্দঃ, সখিদর্শনাদিজন্যঃ প্রিয়ো ভাবঃ, প্রতিবীরাদিপ্রাপ্তিজন্যশ্চিত্তবিস্ফার উৎসিক্তচিত্ততা গর্বিতচিত্ততা। এতৎ সর্বং বুধাঃ শৌচং শুচিভাবমাহুঃ। শোকস্তু অশৌচমুচ্যতে তৈরেব, অশ্রুপ্রভৃতিমলসম্পাদকত্বাদিত্যাশয়ঃ ॥২০॥

এবমিতি। বিদ্বন্ জানন্, প্রযতঃ সংযতচিত্তঃ। তে ত্বয়া, সম্ভব উৎপত্তিঃ ॥২১॥

সর্বেতি। সর্বেষামেব ভূতানাং সমত্বং মৃত্যোর্গ্রাহ্যত্বে তুল্যত্বম্ ॥২২॥

নিষ্পাপ যুধিষ্ঠির ! এইরূপ জানিয়া স্থির হইয়া শত্রুসংহার কর এবং ধৈর্য্যলাভ কর। কারণ, রোগ বা দুর্গতি দেখিয়া জীবিত লোকের জন্যই শোক করা উচিত ; কিন্তু স্বর্গগত লোকের জন্য শোক করা উচিত নহে ॥১৮॥

মহারাজ ! শোক করিতে থাকিলে, দুঃখই বৃদ্ধি পাইতে থাকে। অতএব বুদ্ধিমান্ লোক শোক পরিত্যাগ করিয়া মঙ্গললাভের জন্যই চেষ্টা করিবেন ॥১৯॥

প্রহর্ষ, প্রীতি, আনন্দ, প্রিয় ও গর্বিতচিত্ততা এইগুলিকে পণ্ডিতেরা শৌচ বলেন ; আর তাঁহারাই শোকটাকে অশৌচ বলিয়া থাকেন ॥২০॥

যুধিষ্ঠির ! তুমি এইরূপ জানিয়া গাত্রোত্থান কর, সংযতচিত্ত হও এবং শোক করিও না। তুমি মৃত্যুর উৎপত্তি ও তাঁহার অতুলনীয় তপস্যার বিষয় শুনিলে ॥২১॥

এবং মৃত্যুর নিকটে সর্ব্বভূতই সমান ও ঐশ্বর্য্যও চঞ্চল ইহাও শুনিলে ; আর সৃঞ্জয়রাজার পুত্র মরিয়া আবার জীবিত হইয়াছিল ইহাও শুনিলে ॥২২॥

(২০) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদ উন্নেয়ঃ।

এবং বিদ্বন্ মহারাজ! মা শুচস্ত্বং ব্রজাম্যহম্।
এতাবদুক্ত্বা ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত ॥২৩॥
বাগীশানে ভগবতি ব্যাসে ব্যভ্রনভঃপ্রভে।
গতে মতিমতাং শ্রেষ্ঠে সমাশ্বাস্য যুধিষ্ঠিরম্ ॥২৪॥
পূর্ব্বেষাং পার্থিবেন্দ্রাণাং মহেন্দ্রপ্রতিমৌজসাম্।
ন্যায়াধিগতবিত্তানাং তাং শ্রুত্বা যজ্ঞসম্পদম্ ॥২৫॥
সম্পূজ্য মনসা বিদ্বান্ বিশোকোঽভূদ্যুধিষ্ঠিরঃ।
পুনশ্চাচিন্তয়দ্দীনঃ কিংস্বিদ্বক্ষ্যে ধনঞ্জয়ম্ ॥২৬॥ (বিশেষকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে যুধিষ্ঠিরশোকাপনয়নে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

এবমিতি। বিদ্বন্ জানন্, মা শুচঃ শোকং ন কুরু। ভগবান্ ব্যাসঃ ॥২৩॥

বাগিতি। বাগীশানে বাক্পতৌ। বিগতম্ অভ্রং মেঘো যস্মাত্তত্তাদৃশং যন্নভ আকাশং তস্য প্রভা ইব প্রভা যস্য তস্মিন্ উজ্জ্বলনীলবর্ণে ইত্যর্থঃ। ন্যায়েন অধিগতানি প্রাপ্তানি বিত্তানি ধনানি যৈস্তেষাম্। সম্পূজ্য তানেব পার্থিবান্ তেষাং যজ্ঞসম্পদঞ্চ প্রশস্য ॥২৪—২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

মহারাজ! এইরূপ জানিয়া তুমি শোক করিও না, আমি চলিলাম।' এই পর্য্যন্ত বলিয়া ভগবান্ বেদব্যাস সেইখানেই অন্তর্হিত হইলেন ॥২৩॥

বাক্পতি, মেঘশূন্য আকাশের ন্যায় নীলবর্ণ ও জ্ঞানিশ্রেষ্ঠ ভগবান্ বেদব্যাস যুধিষ্ঠিরকে আশ্বস্ত করিয়া চলিয়া গেলে, বুদ্ধিমান্ যুধিষ্ঠির—ইন্দ্রের তুল্য তেজস্বী ও ন্যায়ানুসারে ধনার্জনকারী সেই প্রাচীন রাজগণের সেই সকল যজ্ঞের বিষয় শুনিয়া এবং মনে মনে তাহার প্রশংসা করিয়া শোকবিহীন হইলেন, আবার কাতর হইয়া চিন্তা করিলেন যে, 'অর্জ্জুন আসিলে তাঁহাকে কি বলিব' ॥২৪—২৬॥

———:০:———

(২৩)…মা শুচঃ সাধু যাম্যহম্…পি,…মা শুচঃ সাধয়াম্যহম্—বঙ্গ বর্দ্ধ নি। * '…একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

(৪। প্রতিজ্ঞাপর্ব্ব।)

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তস্মিন্নহনি নির্ব্বৃত্তে ঘোরে প্রাণভৃতাং ক্ষয়ে।
আদিত্যেঽস্তং গতে শ্রীমান্ সন্ধ্যাকাল উপস্থিতে ॥১॥
ব্যপযাতেষু সৈন্যেষু সায়াহ্নে ভরতর্ষভ!।
হত্বা সংশপ্তকব্রাতান্ দিব্যৈরস্ত্রৈঃ কপিধ্বজঃ ॥২॥
প্রায়াৎ স্বশিবিরং জিষ্ণুর্জৈত্রমাস্থায় তং রথম্।
গচ্ছন্নেব চ গোবিন্দং সাশ্রুকণ্ঠোঽভ্যভাষত ॥৩॥ (বিশেষকম্)
কিন্নু মে হৃদয়ং ত্রস্তং বাক্ চ সজ্জতি কেশব!।
দৃশ্যন্তে চাপ্যনিষ্টানি গাত্রং সীদতি চাচ্যুত! ॥৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নির্ব্বৃত্তে নিষ্পন্নে, ক্ষয়ে বিনাশে। শ্রীমান্ বীরশোভাবান্ জিষ্ণুরিতি পরেণ সম্বধ্যতে। সংশপ্তকানাং ব্রাতান্ সমূহান্। জিষ্ণুরর্জ্জুনঃ, জৈত্রং জয়শীলম্ ॥১—৩॥

কিমিতি। সজ্জতি মুখমধ্য এব লগতি ন স্ফুরতীত্যর্থঃ। সীদতি অবসন্নং ভবতি ॥৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! সেই দিনে ভয়ঙ্কর প্রাণিক্ষয় হইয়া গেলে, সূর্য্য অস্তাচলে গমন করিলে এবং সন্ধ্যাকাল উপস্থিত হইলে, সেই সায়াহ্নকালে উভয়পক্ষের সৈন্যেরাই আপন আপন শিবিরে চলিয়া গেলে, বীরশোভাসম্পন্ন কপিধ্বজ অর্জ্জুন দিব্য অস্ত্রদ্বারা সংশপ্তকগণকে সংহার করিয়া সেই বিজয়ী রথে আরোহণপূর্ব্বক আপন শিবিরের দিকে প্রস্থান করিলেন এবং গমন করিতে করিতে সাশ্রুকণ্ঠে কৃষ্ণকে বলিলেন—॥১—৩॥

'কৃষ্ণ! অচ্যুত! আমার হৃদয় আশঙ্কিত হইতেছে কেন, বাক্য যেন মুখের ভিতরেই লাগিয়া রহিতেছে, বহুতর অনিষ্টলক্ষণও দেখিতেছি এবং শরীরও যেন অবসন্ন হইতেছে! ॥৪॥

(২) ব্যপযাতেষু বাসায় সর্ব্বেষু ভরতর্ষভ!…পি বা নি। (৪)…বাক্ চ মজ্জতি…বর্দ্ধ, …স্পন্দন্তি চাপ্যনিষ্টানি…পি,· স্পন্দন্তে চাপ্যনিষ্টানি…বর্দ্ধ,…স্কন্দনে নাবতিষ্ঠামি গাত্রৈঃ সীদামি চাচ্যুত!—নি।

CENTRAL LIBRARY

অনিষ্টঞ্চৈব মে শ্লিষ্টং হৃদয়ান্নাপসর্পতি।
ভূ-বিয়দ্দিক্ষু চাপ্যুগ্রা উৎপাতাস্ত্রাসয়ন্তি মাম্ ॥৫॥
বহুপ্রকারা দৃশ্যন্তে সর্ব্ব এবাঘশংসিনঃ।
অপি স্বস্তি ভবেদ্রাজ্ঞঃ সামাত্যস্য গুরোর্মম ॥৬॥

বাসুদেব উবাচ।

ব্যক্তং শিবং তব ভ্রাতুঃ সামাত্যস্য ভবিষ্যতি।
মা শুচঃ কিঞ্চিদেবান্যত্তত্রানিষ্টং ভবিষ্যতি ॥৭॥

সঞ্জয় উবাচ।

ততঃ সন্ধ্যামুপাস্যৈব বীরৌ বীরাবসাদনে।
কথয়ন্তৌ রণে বৃত্তং প্রয়াতৌ রথমাস্থিতৌ ॥৮॥
ততঃ স্বশিবিরং প্রাপ্তৌ হতানন্দং হতদ্বিষম্।
বাসুদেবোঽর্জ্জুনৌ চৈব কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥৯॥

ভারতকৌমুদী

অনিষ্টমিতি। অনিষ্টমনিষ্টাশঙ্কা, শ্লিষ্টং দৃঢ়সম্বদ্ধম্। উৎপাতা ভূকম্পাদয়ঃ ॥৫॥

দ্রোণপ্রতিজ্ঞাস্মরণাৎ সম্ভাব্যমানং যুধিষ্ঠিরস্যানিষ্টং সূচয়ন্নাহ বহ্বিতি। বহুপ্রকারা উৎপাতা ইত্যনুবৃত্তিঃ। অঘশংসিনঃ অমঙ্গলসূচকাঃ। স্বস্তি মঙ্গলম্, "স্বস্ত্যাশীঃক্ষেমপুণ্যাদৌ" ইত্যমরঃ, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, গুরোর্জ্যেষ্ঠভ্রাতুঃ ॥৬॥

ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম্, শিবং মঙ্গলম্, ভ্রাতুর্যুধিষ্ঠিরস্য ॥৭॥

তত ইতি। বীরৌ কৃষ্ণার্জ্জুনৌ, বীরা অবসাদ্যন্তে বিনাশ্যন্তে অস্মিন্নিতি তস্মিন্ ॥৮॥

দৃঢ়সংলগ্ন অনিষ্টাশঙ্কা আমার হৃদয় হইতে যাইতেছে না এবং ভূমি, আকাশ ও সকল দিকে ভয়ঙ্কর উৎপাত সকল আমাকে বিত্রস্ত করিয়া তুলিতেছে! ॥৫॥

বহুপ্রকার উৎপাত দেখিতেছি, সে সকলগুলিই আবার অমঙ্গলসূচনা করিতেছে!। অতএব অমাত্যবর্গের সহিত আমার জ্যেষ্ঠভ্রাতা রাজা যুধিষ্ঠিরের মঙ্গল হইবে ত? ॥৬॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! নিশ্চয়ই অমাত্যবর্গের সহিত তোমার ভ্রাতার মঙ্গল হইবে। সুতরাং তুমি উদ্বিগ্ন হইও না; হয় ত সেখানে সামান্য কোন অনিষ্ট হইয়া থাকিবে ॥৭॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন সন্ধ্যোপাসনা করিয়াই রথে আরোহণপূর্ব্বক বীরবিনাশক যুদ্ধের আলোচনা করিতে করিতে গমন করিতে লাগিলেন ॥৮॥

(৯)…হতামিত্রৌ হতদ্বিষৌ…নি।

CENTRAL LIBRARY

ধ্বস্তাকারং সমালক্ষ্য শিবিরং পরবীরহা।
বীভৎসুরব্রবীৎ কৃষ্ণমস্বস্থহৃদয়স্ততঃ ॥১০॥
নদন্তি নাদ্য তূর্য্যাণি মঙ্গল্যানি জনার্দ্দন!।
মিশ্রা দুন্দুভিনির্ঘোষৈঃ শঙ্খাশ্চাড়ম্বরৈঃ সহ।
বীণা বা নাদ্য বাদ্যন্তে শম্যাতালস্বনৈঃ সহ ॥১১॥
মঙ্গল্যানি চ গীতানি গায়ন্তি ন পঠন্তি চ।
স্তুতিযুক্তানি রম্যাণি সর্বানীকেষু বন্দিনঃ ॥১২॥
যোধাশ্চাপি চ মাং দৃষ্ট্বা নিবর্ত্তন্তে হ্যধোমুখাঃ।
কর্ম্মাণি চ যথাপূর্ব্বং কৃত্বা নাভিবদন্তি মাম্ ॥১৩॥
অপি স্বস্তি ভবেদদ্য ভ্রাতৃভ্যো মম মাধব!।
নহি শুধ্যতি মে ভাবো দৃষ্ট্বা স্বজনমাকুলম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। হতা নিবৃত্তা ত্বিষা প্রদীপদীপ্তির্যত্র তৎ। ত্বিষেতি ক্ষুধেতিবৎ টাবন্তঃ ॥৯॥
ধ্বস্তেতি। বীভৎসুরর্জ্জুনঃ। অস্বস্থহৃদয় উদ্বিগ্নচিত্তঃ ॥১০॥
নদন্তীতি। শঙ্খাঃ শঙ্খরবাঃ, আড়ম্বরৈস্তূর্য্যরবৈঃ। শম্যা ঢক্কা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
মঙ্গল্যানীতি। স্তুতিযুক্তানি বাক্যানীতি শেষঃ, সর্বানীকেষু সর্ব্ববিধসৈন্যেষু ॥১২॥
যোধা ইতি। নিবর্ত্তন্তে অপসরন্তি। কর্ম্মাণি অভিবাদনাদীনি ॥১৩॥

তদনন্তর কৃষ্ণ ও অর্জ্জুন যুদ্ধে অতিদুষ্কর কার্য্য করিয়া নিরানন্দ ও আলোক-শূন্য আপন শিবিরে যাইয়া উপস্থিত হইলেন ॥৯॥

তৎপরে বিপক্ষবীরহন্তা অর্জ্জুন শিবিরটাকে বিকৃতরূপ দেখিয়া উদ্বিগ্নচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—॥১০॥

'জনার্দ্দন! আজ মাঙ্গলিক তূর্য্য বাজিতেছে না, দুন্দুভিধ্বনি ও তূর্য্যধ্বনির সহিত শঙ্খধ্বনিও হইতেছে না, কিংবা ঢাক ও করতালশব্দের সহিত বীণাও বাজাইতেছে না! ॥১১॥

স্তুতিপাঠকেরা সর্ব্বসৈন্যমধ্যে মাঙ্গলিক গান গাহিতেছে না এবং স্তুতিযুক্ত মনোহর শ্লোক সকলও পাঠ করিতেছে না! ॥১২॥

যোদ্ধারাও আমাকে দেখিয়া অধোমুখ হইয়া সরিয়া যাইতেছে; কিন্তু পূর্ব্বের ন্যায় অভিবাদন করিয়া আমার নিকট যুদ্ধের বৃত্তান্ত বলিতেছে না! ॥১৩॥

(১০) ধ্বস্তাকারমিবালেখ্যং সংবীক্ষ্য শিবিরং স্বকম্…নি,…অস্বস্থহৃদয়স্ততঃ—পি।

অপি পাঞ্চালরাজস্য বিরাটস্য চ মানদ ! ।
সর্ব্বেষাঞ্চৈব যোধানাং সামগ্র্যং স্যান্মমাচ্যুত ! ॥১৫॥
ন চ মামদ্য সৌভদ্রঃ প্রহৃষ্টো ভ্রাতৃভিঃ সহ ।
রণাদায়ান্তমুচিতং প্রত্যুদ্যাতি হসন্নিব ॥১৬॥
এবং সংকথয়ন্তৌ তৌ প্রবিষ্টৌ শিবিরং স্বকম্ ।
দদৃশাতে ভৃশাস্বস্থান্ পাণ্ডবান্ নষ্টচেতসঃ ॥১৭॥
দৃষ্ট্বা ভ্রাতৄংশ্চ পুত্রাংশ্চ বিমনা বানরধ্বজঃ ।
অপশ্যংশ্চৈব সৌভদ্রমিদং বচনমব্রবীৎ ॥১৮॥
মুখবর্ণোঽপ্রসন্নো বঃ সর্ব্বেষামেব লক্ষ্যতে ।
অভিমন্যুং ন পশ্যামি ন চ মাং প্রতিনন্দথ ॥১৯॥

ভারতকৌমুদী

অপীতি। স্বস্তি মঙ্গলম্। ভ্রাতৃভ্য ইতি "নমঃ স্বস্তি" ইত্যাদিনা চতুর্থী। ভাবো মনঃ ॥১৪॥
অপীতি। হে মানদ ! মান্যানাং সম্মানকারক !। সামগ্র্যং সাকল্যেন জীবনম্ ॥১৫॥
নেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ, ভ্রাতৃভিঃ প্রতিবিন্ধ্যাদিভিঃ। উচিতং ন্যায্যম্ ॥১৬॥
এবমিতি। ভৃশাস্বস্থান্ অতীবাকুলান্, নষ্টচেতসো বিগতচেতনানিব ॥১৭॥
দৃষ্ট্বেতি। বিমনা বিষণ্ণচিত্তঃ, বানরধ্বজঃ অর্জ্জুনঃ ॥১৮॥
মুখেতি। অপ্রসন্নো মলিনঃ, বো যুষ্মাকম্। প্রতিনন্দথ আদ্রিয়ধ্বে যূয়ম্ ॥১৯॥

কৃষ্ণ ! আজ আমার ভ্রাতাদের মঙ্গল হইবে ত ? আত্মীয়গণকে আকুল দেখিয়া আমার মন যে প্রসন্ন হইতেছে না ॥১৪॥

মাননীয়গণের সম্মানকারী কৃষ্ণ ! দ্রুপদ, বিরাট ও অন্যান্য যোদ্ধারা সকলে বাঁচিয়া আছেন ত ? ॥১৫॥

আজ আমি যুদ্ধ হইতে আসিতে লাগিলে, অভিমন্যু অপর ভ্রাতাদের সহিত মিলিত হইয়া অন্যান্য দিনের ন্যায় প্রহৃষ্ট চিত্তে হাসিতে হাসিতেই যেন কর্ত্তব্য প্রত্যুদ্গমন করিতেছে না' ॥১৬॥

কৃষ্ণ ও অর্জ্জুন এইরূপ আলোচনা করিতে করিতে আপন শিবিরে প্রবেশ করিয়া দেখিলেন—অত্যন্ত অসুস্থ পাণ্ডবেরা যেন অচৈতন্য হইয়া রহিয়াছেন ॥১৭॥

তখন অর্জ্জুন—ভ্রাতৃগণ ও অপর পুত্রগণকে দেখিয়া এবং অভিমন্যুকে না দেখিয়া বিষণ্ণচিত্ত হইয়া এই কথা বলিলেন—॥১৮॥

(১৬) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' বা বঙ্গ বর্দ্ধ নি। (১৭)···ভৃশাস্বস্থান্···পি।

CENTRAL LIBRARY

ময়া শ্রুতশ্চ দ্রোণেন চক্রব্যূহো বিনির্ম্মিতঃ।
ন চ বস্তস্য ভেত্তাস্তি বিনা সৌভদ্রমর্ভকম্ ॥২০॥
ন চোপদিষ্টস্তস্যাসীন্ময়ানীকাদ্বিনির্গমঃ।
কচ্চিন্ন বালো যুষ্মাভিঃ পরানীকং প্রবেশিতঃ ॥২১॥
ভিত্ত্বানীকং মহেষ্বাসঃ পরেষাং বহুশো যুধি।
কচ্চিন্ন নিহতঃ শেতে সৌভদ্রঃ পরবীরহা ॥২২॥
লোহিতাক্ষং মহাবাহুং জাতং সিংহমিবাদ্রিষু।
উপেন্দ্রসদৃশং ব্রূত কথমায়োধনে হতঃ ॥২৩॥
সুকুমারং মহেষ্বাসং বাসবস্যাত্মজাত্মজম্।
সদা মম প্রিয়ং ব্রূত কথমায়োধনে হতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অভিমন্যোরদর্শনাৎ কারণান্তরব্যূহসত্ত্বাচ্চ তদ্বিনাশমেবাশঙ্কতে ত্রিভিঃ। ময়েতি। বো যুষ্মাকং মধ্যে কশ্চিদপি। সৌভদ্রমভিমন্যুম্, অর্ভকং বালকম্ ॥২০॥

নেতি। অনীকাদ্বিপক্ষসৈন্যাৎ। বিনির্গম ইত্যনেন প্রবেশ উপদিষ্ট ইতি সূচিতম্ ॥২১॥

ভিত্ত্বেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। পরবীরান্ হন্তীতি পরবীরহা ॥২২॥

অভিমন্যুবিনাশমেব নিশ্চিত্যাহ লোহিতেতি। উপেন্দ্রসদৃশং কৃষ্ণতুল্যম্, আয়োধনে যুদ্ধে ॥২৩॥

সুকুমারমিতি। বাসবস্য ইন্দ্রস্য আত্মজোঽর্জ্জুন এব তস্যাত্মজম্ ॥২৪॥

'আপনাদের সকলেরই মুখবর্ণ মলিন দেখিতেছি, অভিমন্যুকে দেখিতেছি না, আপনারাও আমার অভিনন্দন করিতেছেন না! ॥১৯॥

ওদিকে আমি শুনিয়াছি—দ্রোণ চক্রব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন; অথ চ বালক অভিমন্যু ব্যতীত আপনাদের মধ্যে অপর কেহই তাহা ভেদ করিতে সমর্থ ছিলেন না ॥২০॥

আমি অভিমন্যুকে বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশের প্রণালী শিক্ষা দিয়াছিলাম বটে, কিন্তু তাহা হইতে নির্গমের প্রণালী শিক্ষা দি নাই। সে যাহা হউক, আপনারা সেই বালককে শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করাইয়া দেন নাই ত? ॥২১॥

মহাধনুর্দ্ধর ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু যুদ্ধে বিপক্ষের বহুসৈন্য ভেদ করিয়া যাইয়া নিহত হইয়া শয়ন করে নাই ত? ॥২২॥

পর্ব্বতজাত সিংহের ন্যায় রক্তনয়ন, মহাবাহু ও কৃষ্ণের তুল্য বিক্রমশালী অভিমন্যুর বিষয় আপনারা বলুন—সে কি করিয়া যুদ্ধে নিহত হইল? ॥২৩॥

(২২) ··পরেষাং বহুভির্যুধি···নিহতঃ সংখ্যে···নি।

সুভদ্রায়াঃ প্রিয়ং পুত্রং দ্রৌপদ্যাঃ কেশবস্য চ।
অম্বায়াশ্চ প্রিয়ং নিত্যং কোঽবধীৎ কালচোদিতঃ ॥২৫॥
সদৃশো বৃষ্ণিসিংহস্য কেশবস্য মহাত্মনঃ।
বিক্রমশ্রুতিমাহাত্ম্যৈঃ কথমায়োধনে হতঃ ॥২৬॥
বার্ষ্ণেয়ীদয়িতং শূরং ময়া সততলালিতম্।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥২৭॥
মৃদুকুঞ্চিতকেশান্তং বালং বালমৃগেক্ষণম্।
মত্তদ্বিরদবিক্রান্তং শালপোতমিবোদ্গতম্ ॥২৮॥
স্মিতাভিভাষিণং শান্তং গুরুবাক্যকরং সদা।
বাল্যেঽপ্যবালকর্ম্মাণং প্রিয়বাক্যমমৎসরম্ ॥২৯॥

ভারতকৌমুদী

সুভদ্রায়া ইতি। অম্বায়াঃ কুন্ত্যাঃ। কালচোদিত ইত্যনেনাত্মনা তদ্বধঃ সূচিতঃ ॥২৫॥
সদৃশ ইতি। বিক্রমঃ অতিশক্তিতা শ্রুতিঃ শাস্ত্রজ্ঞানং মাহাত্ম্যমৌদার্য্যঞ্চ তৈঃ, সদৃশঃ ॥২৬॥
বার্ষ্ণেয়ীতি। বার্ষ্ণেয়ী বৃষ্ণিবংশীয়া সুভদ্রা তস্যা দয়িতং প্রিয়ম্। যাস্যামি শোকাৎ ॥২৭॥
অথ পঞ্চভিঃ কুলকেনাভিমন্যোর্গুণান্ বর্ণয়ন্ শোচতি মৃদুতি। বালমৃগস্যেব ঈক্ষণে চক্ষুষী যস্য তম্। শালপোতং নবীনশালবৃক্ষমিব উদ্গতমুন্নতম্। স্মিতেন মন্দহাস্যেন

সুকুমার, মহাধনুর্দ্ধর, ইন্দ্রের পুত্রের পুত্র এবং সর্ব্বদা আমার প্রিয় অভিমন্যুর সংবাদ আপনারা বলুন—সে কি প্রকারে যুদ্ধে নিহত হইল? ॥২৪॥

সুভদ্রার প্রিয়পুত্র এবং দ্রৌপদী, কৃষ্ণ ও মাতৃদেবীর (কুন্তীর) সর্ব্বদা প্রিয় অভিমন্যুকে কোন্ ব্যক্তি কালপ্রেরিত হইয়া বধ করিল? ॥২৫॥

বিক্রম, শাস্ত্রজ্ঞান ও ঔদার্য্যগুণে বৃষ্ণিবংশশ্রেষ্ঠ মহাত্মা কৃষ্ণের তুল্য অভিমন্যু কি প্রকারে যুদ্ধে নিহত হইল? ॥২৬॥

হায়! যে, সুভদ্রার প্রিয় ও বীর ছিল এবং আমি যাহাকে সর্বদা লালন করিতাম, সেই পুত্রকে যদি দেখিতে না পাই, তবে আমিও যমভবনে যাইব ॥২৭॥

যাহার কেশকলাপের প্রান্তভাগ কোমল ও কুঞ্চিত, নয়নযুগল হরিণশাবকের নয়নের ন্যায় চঞ্চল, মত্তহস্তীর তুল্য বিক্রম এবং দেহ নবীন শালবৃক্ষের সমান উন্নত ছিল; যে বালক মৃদু হাস্য করিয়া কথা বলিত, সর্ব্বদা গুরুজনের বাক্য

(২৫)…কালমোহিতঃ—বা নি। (২৬)…বৃষ্ণিবীরস্য…বিক্রমশ্রুতমাহাত্ম্যৈঃ…বা নি। (২৮)…মহাদ্বিরদবিক্রান্তম্…পি। (২৯)…স্মিতাবলোকনকরম্…পি।

CENTRAL LIBRARY

মহোৎসাহং মহাবাহুং দীর্ঘরাজীবলোচনম্।
ভক্তানুকম্পিনং দান্তং ন চ নীচানুসারিণম্ ॥৩০॥
কৃতজ্ঞং জ্ঞানসম্পন্নং কৃতাস্ত্রমনিবর্ত্তিনম্।
যুদ্ধাভিনন্দিনং নিত্যং দ্বিষতাং শোকবর্দ্ধনম্ ॥৩১॥
স্বেষাং প্রিয়হিতে যুক্তং পিতৄণাং জয়গৃদ্ধিনম্।
ন চ পূর্ব্বপ্রহর্ত্তারং সংগ্রামে নষ্টসংভ্রমম্।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥৩২॥ (কুলকম্)
রথেষু গণ্যমানেষু গণিতং তং মহারথম্।
মমাধ্যর্দ্ধগুণং সংখ্যে তরুণং বাহুশালিনম্ ॥৩৩॥
প্রদ্যুম্নস্য প্রিয়ং শিষ্যং কেশবস্য মমৈব চ।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অভিভাষত ইতি তম্। অবালকর্ম্মাণং পূর্ণবয়স্কবৎ কার্য্যকারিণম্, অমৎসরং পরদ্বেষরহিতম্। দীর্ঘে রাজীবে পদ্মে ইব চ লোচনে যস্য তম্। দান্তমিন্দ্রিয়দমনশালিনম্। কৃতাস্ত্রং শিক্ষিত-সর্বাস্ত্রম্, অনিবর্ত্তিনং যুদ্ধাৎ। স্বেষামাত্মীয়ানাম্। জয়গৃদ্ধিনং জয়েচ্ছুম্। নষ্টসম্ভ্রমমব্যস্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮—৩২॥

রথেষ্বিতি। গণ্যমানেষু ভীষ্মেণ। অধি অধিকঃ অর্দ্ধগুণো যস্মিন্ তং যুদ্ধে মদপেক্ষয়া অর্দ্ধগুণাধিকমিত্যর্থঃ। তরুণং যৌবনবয়সি কৃতস্পর্শম্। প্রদ্যুম্নস্য কৃষ্ণপুত্রস্য ॥৩৩—৩৪॥

পালন করিত, বাল্যবয়সেও পূর্ণবয়স্কের ন্যায় কার্য্য করিয়া যাইত, সকলেরই প্রিয়বাক্য বলিত এবং কাহারও প্রতি বিদ্বেষ করিত না; যাহার উৎসাহ প্রবল, বাহুযুগল সবল এবং নয়নযুগল দীর্ঘ ও পদ্মের তুল্য সুন্দর ছিল; যে—ভক্তের প্রতি দয়া করিত, ইন্দ্রিয়গুলিকে দমনে রাখিত, নীচলোকের অনুসরণ করিত না, কৃতজ্ঞ ও বুদ্ধিমান্ ছিল, সমস্ত অস্ত্র শিক্ষা করিয়াছিল, যুদ্ধে পলায়ন করিত না, যুদ্ধ দেখিয়া আনন্দিত হইত, সর্ব্বদা শত্রুপক্ষের শোকবৃদ্ধি করিত, আত্মীয়গণের প্রিয় ও হিতকার্য্যে নিরত থাকিত এবং পিতৃগণের জয় কামনা করিত; আর যে বালক যুদ্ধে প্রথমে প্রহার করিত না এবং ব্যস্তও হইত না, সেই শান্তস্বভাব পুত্র অভিমন্যুকে যদি দেখিতে না পাই, তবে আমি তাহার শোকে যমভবনে গমন করিব ॥২৮—৩২॥

ভীষ্ম রথিপ্রভৃতি গণনা করিবার সময়ে যাহাকে মহারথ বলিয়া গণনা

(৩১)···দ্বিষতামঘবর্দ্ধনম্—পি, দ্বিষতাং ভয়বর্দ্ধনম্—বা নি। (৩২) ন চ পূর্ব্বং প্রহর্ত্তারম্···পি বা নি।

সুনসং সুললাটান্তং স্বক্ষিভ্রূদশনচ্ছদম্।
অপশ্যতস্তদ্বদনং কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৫॥
তন্ত্রীস্বনসুখং রম্যং পুংস্কোকিলসমধ্বনিম্।
অশৃণ্বতঃ স্বরং তস্য কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৬॥
রূপঞ্চাপ্রতিমং তস্য ত্রিদশেষ্বপি দুর্লভম্।
অপশ্যতোঽদ্য বীরস্য কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৭॥
অভিবাদনদক্ষং তং পিতৄণাং বচনে রতম্।
নাদ্যাহং যদি পশ্যামি কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৮॥
সুকুমারঃ সদা বীরো মহার্হশয়নোচিতঃ।
ভূমাবনাথবচ্ছেতে নূনং নাথবতাং বরঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

সুনসমিতি। শোভনা নাসা যত্র তৎ, শোভনেন ললাটেন অন্তং রম্যম্, তথা শোভনা অক্ষিণী ভ্রুবৌ দশনচ্ছদৌ ওষ্ঠৌ চ তে যত্র তৎ। তস্যাভিমন্যোর্বদনম্ ॥৩৫॥

তন্ত্রীতি। তন্ত্রীস্বনবৎ সুখং সুখকরম্, পুমাংশ্চাসৌ কোকিলশ্চেতি তস্য সমো ধ্বনির্যত্র তম্ ॥৩৬॥

রূপমিতি। ত্রিদশেষু দেবেষ্বপি দুর্লভম্, অতএব অপ্রতিমং নিরুপমম্ ॥৩৭॥

অভীতি। পিতৄণামিতি গুরুজনমাত্রপরম্। বচনে আদেশপালনে ॥৩৮॥

করিয়াছিলেন, যে—যুদ্ধে আমা অপেক্ষা অর্দ্ধগুণ অধিক ছিল এবং প্রদ্যুম্ন, কৃষ্ণ ও আমার প্রিয়শিষ্য ছিল, সেই তরুণ ও বাহুশালী পুত্রকে যদি দেখিতে না পাই, তবে আমি তাহার শোকে যমভবনে গমন করিব ॥৩৩—৩৪॥

সুন্দর নাসিকা, সুন্দর ললাট, সুন্দর নয়ন, সুন্দর ভ্রূ ও সুন্দর ওষ্ঠযুক্ত অভিমন্যুর মুখখানি না দেখিতে পাইলে, আমার মনের কি শান্তি হইবে ॥৩৫॥

তন্ত্রীর শব্দের ন্যায় সুখজনক এবং পুরুষজাতীয় কোকিলের স্বরের ন্যায় মনোহর অভিমন্যুর কণ্ঠস্বর শুনিতে না পাইলে, আমার মনের কি শান্তি হইবে ॥৩৬॥

দেবগণের মধ্যেও দুর্লভ সেই বীরের অতুলনীয় রূপ দেখিতে না পাইলে, এখন আমার মনের কি শান্তি হইবে ॥৩৭॥

গুরুজনকে নমস্কার করিতে নিপুণ এবং তাঁহাদের আদেশপালনে নিরত সেই অভিমন্যুকে আজ আমি যদি দেখিতে না পাই, তবে আমার মনের কি শান্তি হইবে ॥৩৮॥

(৩৬)…অশৃণ্বতঃ স্বনং তস্য…বা নি। (৩৭)…ত্রিদশৈশ্চাপি দুর্লভম্…বা নি।

CENTRAL LIBRARY

শয়ানং সমুপাসন্তি যং পুরা পরমস্ত্রিয়ঃ।
তমদ্য বিপ্রবিদ্ধাঙ্গমুপাসন্ত্যশিবাঃ শিবাঃ ॥৪০॥
যঃ পুরা বোধ্যতে সুপ্তঃ সূতমাগধবন্দিভিঃ।
বোধয়ন্ত্যদ্য তং নূনং শ্বাপদা বিকৃতৈঃ স্বরৈঃ ॥৪১॥
ছত্রচ্ছায়াসমুচিতং তস্য তদ্বদনং শুভম্।
নূনমদ্য রজোধ্বস্তং রণরেণুঃ করিষ্যতি ॥৪২॥
হা পুত্রকাবিতৃপ্তস্য সততং পুত্রদর্শনে।
ভাগ্যহীনস্য কালেন যথা ত্বং নীয়সে বলাৎ ॥৪৩॥
সাদ্য সংযমনী নূনং সদা সুকৃতিনাং গতিঃ।
স্বভাভির্ভাসিতা রম্যা ত্বয়াত্যর্থং বিরাজতে ॥৪৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সুকুমার ইতি। মহার্হশয়নোচিতঃ মহামূল্যশয্যায়াং শয়নযোগ্যঃ। নাথঃ সহায়ঃ ॥৩৯॥

শয়ানমিতি। সমুপাসন্তি সমুপাসতে। বিপ্রবিদ্ধাঙ্গং শরস্যূতগাত্রম্, অশিবা অমঙ্গল-সূচিকাঃ, শিবাঃ শৃগালাঃ, উপাসন্তি মাংসভোজনায় সেবন্তে ॥৪০॥

য ইতি। বোধ্যতে জাগর্য্যতে। বোধয়ন্তীব মৃতত্বাৎ। শ্বাপদা হিংস্রজন্তবঃ ॥৪১॥

ছত্রেতি। রজসা পরাগেণেব ধ্বস্তং নষ্টকান্তি, রণরেণুঃ সমরভূমিধূলিঃ ॥৪২॥

হেতি। কালেন যমেন, যথা যেন হেতুনা। যগেত্যুক্তত্বাৎ তথেতি পূরণীয়ম্। তথা তেন হেতুনা, সা প্রসিদ্ধা, সংযমনী নাম যমপুরী। গম্যত ইতি গতিঃ। স্বভাভির্নিজ-দ্যুতিভিঃ ॥৪৩—৪৪॥

হায়! সুকুমারদেহ অথ চ মহাবীর, মহামূল্যশয্যায় শয়ন করিবার যোগ্য এবং সহায়শালী লোকদিগের মধ্যে প্রধান অভিমন্যু আজ নিঃসহায়ের ন্যায় ভূমিতে শয়ন করিয়া রহিয়াছে ॥৩৯॥

পূর্ব্বে শয়িত অবস্থায় উত্তম রমণীরা যাইয়া যাহার সেবা করিত, আজ সে শরবিদ্ধ দেহে শয়ন করিয়া রহিয়াছে এবং অমাঙ্গলিক শৃগালেরা তাহার সেবা করিতেছে ॥৪০॥

পূর্বে নিদ্রিত হইলে, সূত, মাগধ ও বন্দীরা যাহাকে জাগাইত, আজ নিশ্চয়ই হিংস্র জন্তুরা বিকট শব্দে তাহাকে যেন জাগাইতেছে ॥৪১॥

ছত্রদ্বারা ছায়া করিবার যোগ্য অভিমন্যুর সুন্দর মুখখানিকে আজ নিশ্চয়ই সমরাঙ্গনের ধূলিজাল আবৃত করিবে ॥৪২॥

হা পুত্র! আমি ভাগ্যহীন, তাই সর্ব্বদা তোমাকে দেখিয়াও তৃপ্তিলাভ করিতে পারি নাই। এই অবস্থায় আমার নিকট হইতে যম যখন বলপূর্ব্বক

CENTRAL LIBRARY

নূনং বৈবস্বতশ্চ ত্বাং বরুণশ্চ প্রিয়াতিথিম্।
শতক্রতুর্ধনেশশ্চ প্রাপ্তমর্চ্চন্ত্যভীরুকম্ ॥৪৫॥
এবং বিলপ্য বহুধা ভিন্নপোতো বণিগ্‌যথা।
দুঃখেন মহতাবিষ্টো যুধিষ্ঠিরমপৃচ্ছত ॥৪৬॥
কচ্চিৎ স কদনং কৃত্বা পরেষাং কুরুনন্দন!।
স্বর্গতোঽভিমুখঃ সংখ্যে যুধ্যমানো নরর্ষভৈঃ ॥৪৭॥
স নূনং বহুভির্যত্তৈর্যুধ্যমানো নরর্ষভঃ।
অসহায়ঃ সহায়ার্থী মামনুধ্যাতবান্ ধ্রুবম্ ॥৪৮॥
পীড্যমানঃ শরৈস্তীক্ষ্ণৈঃ কর্ণদ্রোণকৃপাদিভিঃ।
নানালিঙ্গৈঃ সুধৌতাগ্রৈর্মম পুত্রোঽল্পচেতনঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

নূনমিতি। বৈবস্বতো যমঃ। শতক্রতুরিন্দ্রঃ, ধনেশঃ কুবেরঃ, প্রাপ্তমাগতম্ ॥৪৫॥
এবমিতি। ভিন্নঃ পাষাণাদিনা বিদীর্ণঃ পোতো জলযানং যস্য সঃ ॥৪৬॥
কচ্চিদিতি। কদনং নিপীড়নম্। সংখ্যে যুদ্ধে ॥৪৭॥
স ইতি। যত্তৈর্জয়ায় যত্নবদ্ভিঃ। অনুধ্যাতবান্ স্মৃতবান্ ॥৪৮॥

তোমাকে নিয়াছেন, তখন নিশ্চয়ই পুণ্যবান্‌দিগের গম্যস্থান, আপন কান্তিদ্বারা উদ্ভাসিত ও মনোহর সেই সংযমনীপুরী (যমের পুরী) আজ তোমাদ্বারা অত্যন্ত শোভা পাইতেছে ॥৪৩—৪৪॥

বৎস! তুমি নির্ভয়চিত্তে যাইয়া উপস্থিত হইয়াছ; অমনি যম, বরুণ, ইন্দ্র ও কুবের তোমাকে প্রিয় অতিথিরূপে পাইয়া তোমার বিশেষ আদর করিতেছেন' ॥৪৫॥

পোত (বৃহৎ জলযান) বিদীর্ণ হইয়া গেলে বণিকের ন্যায় মহাদুঃখিত অর্জ্জুন এইরূপ বহুপ্রকারে বিলাপ করিয়া যুধিষ্ঠিরের নিকট জিজ্ঞাসা করিলেন—॥৪৬॥

'কুরুনন্দন! অভিমন্যু বিপক্ষদিগকে গুরুতর নিপীড়িত করিয়া সমরাঙ্গনে নরশ্রেষ্ঠগণের সহিত যুদ্ধ করিতে থাকিয়া অভিমুখ অবস্থায় স্বর্গে গমন করিয়াছে ত? ॥৪৭॥

হায়! নিশ্চয়ই সেই নরশ্রেষ্ঠ (অভিমন্যু) নিঃসহায় অবস্থায় যত্নবান্ বহু যোদ্ধার সহিত যুদ্ধ করিতে থাকিয়া সহায়ার্থী হইয়া নিশ্চয়ই আমাকে স্মরণ করিয়াছিল ॥৪৮॥

(৪৫)···প্রাপ্তমর্চ্চন্ত্যভীতকম্···বর্দ্ধ। ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (৪৮)···যুধ্যমানো নরর্ষভৈঃ···বা নি।

CENTRAL LIBRARY

ইহ মে স্যাৎ পরিত্রাণং পিতেতি স পুনঃ পুনঃ।
ইতি বিপ্রলপন্ মন্যে নৃশংসৈর্ভুবি পাতিতঃ ॥৫০॥ (যুগ্মকম্)
অথবা মৎপ্রসূতঃ স স্বস্রীয়ো মাধবস্য চ।
সুভদ্রায়াঞ্চ সম্ভূতো নৈবং বক্তুমিহার্হতি ॥৫১॥
বজ্রসারময়ং নূনং হৃদয়ং সুদৃঢ়ং মম।
অপশ্যতো দীর্ঘবাহুং রক্তাক্ষং যন্ন দীর্য্যতে ॥৫২॥
কথং বালে মহেষ্বাসা নৃশংসা মর্ম্মভেদিনঃ।
স্বস্রীয়ে বাসুদেবস্য মম পুত্রেঽক্ষিপন্ শরান্ ॥৫৩॥
যো মাং নিত্যমদীনাত্মা প্রত্যুদ্গম্যাভিনন্দতি।
উপায়ান্তং রিপূন্ হত্বা সোঽদ্য মাং কিং ন পশ্যতি ॥৫৪॥

ভারতকৌমুদী

পীড্যেতি। নানা বহুবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ, সুধৌতাগ্রৈঃ শিলাঘর্ষণেন পরিষ্কৃতাগ্রভাগৈঃ। অল্পা প্রহারাতিরেকেণ অল্পাবশিষ্টা চেতনা যস্য সঃ। পরিত্রাণং পরিত্রাণকর্ত্তা ॥৪৯—৫০॥

অথবেতি। ময়া প্রসূতো জনিতঃ, স্বস্রীয়ো ভাগিনেয়ঃ। ন বক্তুমর্হতি কাতর্য্যাসম্ভবাৎ ॥৫১॥

বজ্রেতি। বজ্রসারময়ং কুলিশস্যাপি কঠিনাংশঘটিতম্। দীর্ঘবাহুমভিমন্যুম্ ॥৫২॥

কথমিতি। তেষাং নির্দ্দয়ত্বং সাহসঞ্চানির্বচনীয়মেবেতি ভাবঃ ॥৫৩॥

আমি মনে করি—কর্ণ, দ্রোণ ও কৃপপ্রভৃতি যোদ্ধারা নানাবিধচিহ্নযুক্ত, পরিষ্কৃতমুখ ও তীক্ষ্ণ বাণসমূহদ্বারা পীড়ন করিতে থাকিলে আমার পুত্রের চৈতন্য অল্পমাত্রই অবশিষ্ট ছিল এবং সেই অবস্থায় সে 'এখন আমার পিতা আসিয়া আমাকে যদি রক্ষা করিতেন' এইভাবে বার বার বিলাপ করিতেছিল; সেই সময়ে নৃশংসেরা তাহাকে নিপাতিত করিয়াছে ॥৪৯—৫০॥

অথবা আমার পুত্র, কৃষ্ণের ভাগিনেয় এবং সুভদ্রার গর্ভজাত অভিমন্যু এরূপ বিলাপ করিতে পারে না ॥৫১॥

হায়! আমার হৃদয় নিশ্চয়ই বজ্রসারঘটিত বলিয়া অত্যন্তদৃঢ়। যে হেতু দীর্ঘবাহু ও রক্তনয়ন অভিমন্যুকে না দেখা অবস্থাতেও বিদীর্ণ হইতেছে না ॥৫২॥

উঃ! একে বালক, তাহাতে আবার কৃষ্ণের ভাগিনেয় এবং আমার পুত্র; এহেন অভিমন্যুর উপরে কি করিয়া মহাধনুর্দ্ধর নৃশংসেরা মর্ম্মভেদী বাণ সকল নিক্ষেপ করিল! ॥৫৩॥

(৫৪) যো মাং নিত্যমনিন্দ্যাত্মা···পি।

নূনং স পতিতঃ শেতে ধরণ্যাং রুধিরোক্ষিতঃ।
শোভয়ন্ মেদিনীং গাত্রৈরাদিত্য ইব পাতিতঃ ॥৫৫॥
সুভদ্রামনুশোচামি যা পুত্রমপলায়িনম্।
রণে বিনিহতং শ্রুত্বা শোকার্ত্তা বৈ বিনঙ্ক্ষ্যতি ॥৫৬॥
সুভদ্রা বক্ষ্যতে কিং মামভিমন্যুমপশ্যতী।
দ্রৌপদী চৈব দুঃখার্ত্তে তে চ বক্ষ্যামি কিং ত্বহম্ ॥৫৭॥
বজ্রসারময়ং নূনং হৃদয়ং যন্ন যাস্যতি।
সহস্রধা বধূং দৃষ্ট্বা রুদতীং শোককর্ষিতাম্ ॥৫৮॥
দৃপ্তানাং ধার্ত্তরাষ্ট্রাণাং সিংহনাদো ময়া শ্রুতঃ।
যুযুৎসুশ্চাপি কৃষ্ণেন শ্রুতো বীরানুপালভন্ ॥৫৯॥

ভারতকৌমুদী

য ইতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ। কিং ন পশ্যতি, যেন নাগচ্ছতীত্যাশয়ঃ ॥৫৪॥
নূনমিতি। রুধিরেণ উক্ষিতঃ সিক্তদেহঃ ॥৫৫॥
সুভদ্রামিতি। বিনঙ্ক্ষ্যতি মরণেনৈবাদর্শনং গমিষ্যতি ॥৫৬॥
সুভদ্রেতি। অপশ্যতী অপশ্যন্তী। দ্রৌপদী চৈব বক্ষ্যত ইতি সম্বন্ধঃ ॥৫৭॥
বজ্রেতি। সহস্রধা বিদীর্ণং সদিতি শেষঃ, বধূং স্নুষামুত্তরাম্ ॥৫৮॥
দৃপ্তানামিতি। যুযুৎসুর্ধার্ত্তরাষ্ট্রো বৈশ্যাপুত্রঃ, শ্রুতঃ সর্ব্বজ্ঞতয়া জ্ঞাতঃ, বীরান্ অভিমন্যু-

হায়! যে—আনন্দিত চিত্তে প্রত্যহ প্রত্যুদ্গমন করিয়া আমাকে অভিনন্দিত করিত, আজ কি সে—শত্রুসংহারের পরে সমাগত আমাকে দেখিতেছে না ॥৫৪॥

ও! নিশ্চয়ই আজ সে—নিপাতিত সূর্য্যের ন্যায় অঙ্গ সকল দ্বারা ভূমির শোভা জন্মাইতে থাকিয়া রক্তসিক্ত অবস্থায় ভূতলে পতিত হইয়া শয়ন করিয়া রহিয়াছে ॥৫৫॥

যিনি, অপলায়ী পুত্রকে যুদ্ধে নিহত শুনিয়া শোকার্ত্ত হইয়া বিনষ্ট হইবেন, আমি সেই সুভদ্রার বিষয়েই শোক করিতেছি ॥৫৬॥

সুভদ্রা ও দ্রৌপদী অভিমন্যুকে না দেখিয়া আমাকে কি বলিবেন, আমিই বা দুঃখার্ত্তা সুভদ্রা ও দ্রৌপদীকে কি বলিব ॥৫৭॥

আমার হৃদয় নিশ্চয়ই বজ্রসারঘটিত। যে হেতু শোকার্ত্তা ও রোদনপরায়ণা বধূ উত্তরাকে দেখিয়াও সহস্রধা বিদীর্ণ হইয়া যাইবে না ॥৫৮॥

(৫৭)···দ্রৌপদ্যাশ্চ দুঃখার্ত্তে··· পি,···দ্রৌপদীঞ্চৈব দুঃখার্ত্তাং কিংবা বক্ষ্যামি তামহম্—নি।

CENTRAL LIBRARY

অশক্নুবন্তো বীভৎসুং বালং হত্বা মহারথাঃ ! ।
কিং নদধ্বমধর্ম্মজ্ঞাঃ ! পাণ্ডবং দৃশ্যতাং বলম্ ॥৬০॥
কিং তয়োর্বিপ্রিয়ং কৃত্বা কেশবার্জ্জুনয়োর্মৃধে ।
সিংহবন্নদথ প্রীতাঃ শোককাল উপস্থিতে ॥৬১॥
আগমিষ্যতি বঃ ক্ষিপ্রং ফলং পাপস্য কর্ম্মণঃ ।
অধর্ম্মো হি কৃতস্তীব্রঃ কথং স্যাদফলশ্চিরম্ ॥৬২॥
ইতি তান্ প্রতি ভাষন্ বৈ বৈশ্যাপুত্রো মহামতিঃ ।
অপায়াচ্ছস্ত্রমুৎসৃজ্য রোষদুঃখসমন্বিতঃ ॥৬৩॥
কিমর্থং নৈবমাখ্যাতং ত্বয়া কৃষ্ণ ! রণে মম ।
অধক্ষ্যং তানহং সর্বাংস্তদা ক্রূরান্ মহারথান্ ॥৬৪॥

ভারতকৌমুদী

হন্তুন্ দ্রোণাদীন্, উপালভন্ নিন্দন্। এতত্তু যুদ্ধাদাগত্য কৃষ্ণেনার্জ্জুনায়োক্তমিতি বোধ্যম্। বক্ষ্যতি চ তৎ ॥৫৯॥

যুযুৎসুকৃতমুপালম্ভমনুবদতি অশক্নুবন্ত ইতি। বীভৎসুং জেতুমিতি শেষঃ, বালমভিমন্যুম্ ॥৬০॥

কিমিতি। শোককালে উপস্থিতে, অর্জ্জুনেন যুষ্মাকং সর্ব্বেষামেব সংহারসম্ভবাৎ ॥৬১॥

আগমিষ্যতীতি। হি যস্মাৎ, কৃতো যুষ্মাভিঃ। অফলঃ ফলস্যাজনকঃ ॥৬২॥

ইতীতি। তান্ কৌরবান্ প্রতি, ভাষন্ ভাষমাণঃ। অপায়াৎ সমরস্থলাদাগচ্ছৎ ॥৬৩॥

যুদ্ধাদাগত্য কৃষ্ণেন যদুক্তং তজ্জ্ঞাপয়তি কিমিতি। অধক্ষ্যং দগ্ধানকরিষ্যম্ ॥৬৪॥

আমি দর্পান্বিত ধার্ত্তরাষ্ট্রগণের সিংহনাদ শুনিয়াছিলাম এবং যুযুৎসু যে কৌরববীরগণকে নিন্দা করিতেছিলেন, তাহা কৃষ্ণ শুনিয়াছিলেন ॥৫৯॥

(অভিমন্যুকে বধ করার পরে যুযুৎসু কর্ণপ্রভৃতিকে বলিতেছিলেন—) 'হে অধর্ম্মজ্ঞ মহারথগণ ! আপনারা অর্জ্জুনকে জয় করিতে না পারিয়া একটী বালককে বধ করিয়া কেন এত সিংহনাদ করিতেছেন, পাণ্ডবদের শক্তি দেখুন ॥৬০॥

আপনারা যুদ্ধে সেই কৃষ্ণ ও অর্জ্জুনের অপ্রিয় কার্য্য করিয়া শোকের সময়ে আনন্দিত হইয়া কেন এত সিংহনাদ করিতেছেন ? ॥৬১॥

সত্বরই আপনাদের পাপকর্ম্মের ফল আসিবে। কারণ, আপনারা গুরুতর অধর্ম্ম করিয়াছেন ; তাহা চিরকাল নিষ্ফল থাকিবে কেন' ॥৬২॥

মহামতি যুযুৎসু ক্রুদ্ধ ও দুঃখিত হইয়া অস্ত্র পরিত্যাগ করিয়া কর্ণপ্রভৃতির প্রতি এইরূপ বলিতে বলিতে চলিয়া আসিয়াছেন ॥৬৩॥

সঞ্জয় উবাচ।

"পুত্রশোকার্দ্দিতং পার্থং ধ্যায়ন্তং সাশ্রুলোচনম্।
নিগৃহ্য বাসুদেবস্তং পুত্রাধিভিরভিপ্লুতম্।
মৈবমিত্যব্রবীৎ কৃষ্ণস্তীব্রশোকসমন্বিতম্ ॥৬৫॥
সর্ব্বেষামেষ বৈ পন্থাঃ শূরাণামনিবর্ত্তিনাম্।
ক্ষত্রিয়াণাং বিশেষেণ যেষাং যুদ্ধেন জীবিকা ॥৬৬॥
এষা বৈ যুধ্যমানানাং শূরাণামনিবর্ত্তিনাম্।
বিহিতা ধর্ম্মশাস্ত্রজ্ঞৈর্গতির্গতিমতাং বর! ॥৬৭॥
ধ্রুবং হি যুদ্ধে মরণং শূরাণাং কুরুনন্দন!।
গতঃ পুণ্যকৃতাল্লোঁকানভিমন্যুর্ন সংশয়ঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

পুত্রেতি। নিগৃহ্য ধৃত্বা। পুত্রাধিভিঃ পুত্রসম্বন্ধিনীভির্মনোব্যথাভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥

সর্ব্বেষামিতি। অনিবর্ত্তিনাং যুদ্ধাদপলায়িনাম্ ॥৬৬॥

এষেতি। গম্যত ইতি গতিরবস্থা ॥৬৭॥

ধ্রুবমিতি। সম্মুখযুদ্ধমৃত্যুনা যৎ পুণ্যং তেন কৃতান্, লোকান্ স্বর্গান্ ॥৬৮॥

কৃষ্ণ! তুমি যুদ্ধস্থলে একথা আমার নিকট বল নাই কেন? তাহা হইলে আমি তখনই সেই নৃশংস সমস্ত মহারথকে দগ্ধ করিয়া ফেলিতাম' ॥৬৪॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন পুত্রশোকে পীড়িত হইয়া সাশ্রুনয়নে চিন্তা করিতেছিলেন, পুত্রের বিষয়ে মনের পীড়ায় আক্রান্ত হইয়াছিলেন এবং তীব্র-শোক অনুভব করিতেছিলেন; তখন কৃষ্ণ তাঁহাকে ধরিয়া বলিলেন—'অর্জ্জুন! এরূপ করিও না ॥৬৫॥

যুদ্ধ হইতে অনিবর্ত্তী সমস্ত বীরেরই এই পথ; বিশেষতঃ ক্ষত্রিয়গণের, যাঁহাদের যুদ্ধদ্বারাই জীবিকানির্ব্বাহ হইয়া থাকে ॥৬৬॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ! ধর্ম্মশাস্ত্রজ্ঞেরা যুদ্ধোপজীবী অথ চ অপলায়ী বীরগণের এই গতিই বিধান করিয়াছেন ॥৬৭॥

কুরুনন্দন! বীরগণের যুদ্ধে মরণই নিশ্চিত। সুতরাং অভিমন্যু আপন পুণ্যসম্পাদিত লোকে গমন করিয়াছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৬৮॥

---

(৬৮)···শূরাণামনিবর্ত্তিনাম্···পি বা বঙ্গ বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

এতচ্চ সর্ববীরাণাং কাঙ্ক্ষিতং ভরতর্ষভ ! ।
সংগ্রামেঽভিমুখো মৃত্যুং প্রাপ্নুয়ামিতি মানদ !"॥৬৯॥
স চ বীরান্ রণে হত্বা রাজপুত্রান্ মহাবলান্ ।
বীরৈরাকাঙ্ক্ষিতং মৃত্যুং সংপ্রাপ্তোঽভিমুখো রণে ॥৭০॥
মা শুচঃ পুরুষব্যাঘ্র ! পূর্বৈরেষ সনাতনঃ ।
ধর্ম্মকৃদ্ভিঃ কৃতো ধর্ম্মঃ ক্ষত্রিয়াণাং রণে ক্ষয়ঃ ॥৭১॥
ইমে তে ভ্রাতরঃ সর্বে দীনা ভরতসত্তম ! ।
ত্বয়ি শোকসমাবিষ্টে নৃপাশ্চ সুহৃদস্তব ॥৭২॥
এতাংস্ত্বং বচসা সান্ত্বা সমাশ্বাসয় মানদ ! ।
বিদিতং বেদিতব্যং তে ন শোকং কর্ত্তুমর্হসি ॥৭৩॥
এবমাশ্বাসিতঃ পার্থঃ কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা ।
ততোঽব্রবীত্তদা ভ্রাতৄন্ সর্ব্বান্ পার্থঃ সগদ্গদম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

এতদিতি। মানং মাননীয়ানাং গৌরবং দদাতীতি সঃ, তৎসম্বোধনম্ ॥৬৯॥
সম্ভাব্যমানমাহ স ইতি। সঃ অভিমন্যুঃ ॥৭০॥
মেতি। মা শুচঃ শোকং মা কার্ষীঃ। ধর্ম্মকৃদ্ভির্মন্বাদিভিঃ ॥৭১॥
ইম ইতি। দীনাঃ শোকেন কাতরাঃ সঞ্জাতা ইতি শেষঃ ॥৭২॥
এতানিতি। সান্ত্বা সান্ত্বনাজনকেন। বেদিতব্যং শোকস্য নিষ্ফলত্বাদিকম্ ॥৭৩॥

মাননীয়গণের সম্মানকারী ভরতশ্রেষ্ঠ! সকল বীরেরই এইরূপ আকাঙ্ক্ষা থাকে যে, 'আমি যেন সম্মুখযুদ্ধে মৃত্যু লাভ করি' ॥৬৯॥

অতএব অভিমন্যু যুদ্ধে বীর ও মহাবল রাজপুত্রগণকে বধ করিয়া বীরগণের আকাঙ্ক্ষিত সম্মুখযুদ্ধে মৃত্যু লাভ করিয়াছে ॥৭০॥

সুতরাং পুরুষশ্রেষ্ঠ! তুমি শোক করিও না। প্রাচীন ধর্ম্মশাস্ত্রকারেরা এই ক্ষত্রিয়গণের যুদ্ধে মৃত্যুরূপ সনাতন ধর্ম্ম নির্দ্দিষ্ট করিয়া গিয়াছেন ॥৭১॥

ভরতশ্রেষ্ঠ! তুমি শোকে কাতর হইয়াছ বলিয়া তোমার এই ভ্রাতারা, রাজারা এবং তোমার বন্ধুরাও কাতর হইয়াছেন ॥৭২॥

অতএব মাননীয়গণের সম্মানকারী অর্জ্জুন! তুমি সান্ত্বনাজনক বাক্যদ্বারা ইহাদিগকে আশ্বস্ত কর। সমস্ত জ্ঞাতব্য বিষয়ই তোমার জানা আছে; অতএব তুমি শোক করিতে পার না' ॥৭৩॥

(৭২)…নৃপাশ্চ সুহৃদশ্চ হ—বঙ্গ বর্দ্ধ।

স দীর্ঘবাহুঃ পৃথুংসো দীর্ঘরাজীবলোচনঃ।
অভিমন্যুর্যথা বৃত্তঃ শ্রোতুমিচ্ছাম্যহং তথা ॥৭৫॥
সনাগস্যন্দনহয়ান্ দ্রক্ষ্যধ্বং নিহতান্ ময়া।
সংগ্রামে সানুবন্ধাংস্তান্ মম পুত্রস্য বৈরিণঃ ॥৭৬॥
কথঞ্চ বঃ কৃতাস্ত্রাণাং সর্ব্বেষাং শস্ত্রপাণিনাম্।
সৌভদ্রো নিধনং গচ্ছেদ্বজ্রিণাপি সমাগতঃ ॥৭৭॥
যদ্যেবমহমজ্ঞাস্যমশক্তান্ রক্ষণে মম।
পুত্রস্য পাণ্ডুপাঞ্চালান্ ময়া গুপ্তো ভবেত্ততঃ ॥৭৮॥
কথঞ্চৈব রথস্থানাং শরবর্ষাণি মুঞ্চতাম্।
নীতোঽভিমন্যুর্নিধনং কদর্থীকৃত্য বঃ পরৈঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

এবমিতি। অদ্ভুতকর্ম্মত্বাদেবাল্পায়াসেনৈবাশ্বাসয়িতুং সমর্থ আসীদিত্যাশয়ঃ ॥৭৩॥
স ইতি। পৃথুংসঃ পীবরস্কন্ধঃ। বৃত্তো মৃতঃ, "বৃত্তং বৃত্তৌ দৃঢ়ে মৃতে" ইতি বিশ্বঃ ॥৭৫॥
সেতি। নাগৈর্গজৈঃ স্যন্দনৈ রথৈঃ হয়ৈরশ্বৈশ্চ সহেতি তান্। সানুবন্ধান্ সানুচরান্ ॥৭৬॥
কথমিতি। শস্ত্রাণি পণন্তে ব্যবহরন্তীতি শস্ত্রপাণিনস্তেষাম্। পণধাতোর্ণিনি রূপম্ ॥৭৭॥
যদীতি। গুপ্তো রক্ষিতঃ, ততস্তদা ॥৭৮॥

অদ্ভুতকর্ম্মা কৃষ্ণ এইভাবে অর্জ্জুনকে আশ্বস্ত করিলেন। তাহার পর অর্জ্জুন তখন গদ্‌গদস্বরে সমস্ত ভ্রাতাকে বলিলেন—॥৭৪॥

'দীর্ঘবাহু, স্থূলস্কন্ধ এবং পদ্মতুল্য-সুন্দর-দীর্ঘনয়ন অভিমন্যু যেভাবে মৃত্যু-মুখে পতিত হইল, তাহা আমি শুনিতে ইচ্ছা করি ॥৭৫॥

হস্তী, অশ্ব, রথ ও অনুচরবর্গের সহিত আমার পুত্রের সেই শত্রুগণকে আমি যুদ্ধে নিহত করিব আপনারা দেখিবেন ॥৭৬॥

সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং চিরকাল অস্ত্রব্যবহারী আপনাদের সকলের সমক্ষে অভিমন্যু ইন্দ্রের সহিত যুদ্ধে সম্মিলিত হইয়াও কি প্রকারে মৃত্যুমুখে পতিত হইতে পারে? ॥৭৭॥

আমি যদি পূর্ব্বে এরূপ জানিতে পারিতাম যে, পাণ্ডব ও পাঞ্চালেরা আমার পুত্রকে রক্ষা করিতে অসমর্থ হইবেন, তবে আমি তাহাকে রক্ষা করিতাম ॥৭৮॥

(৭৬)···প্রেক্ষধ্বং নিহতান্ ময়া···পি,···সংগ্রামে নিহতান্ ময়া। ক্ষিপ্রং দ্রক্ষ্যন্তি তে নূনং মম পুত্রং নিহত্য বৈ—নি। (৭৯) কথঞ্চ বঃ কৃতাস্ত্রাণাম্···বা, কথঞ্চ বৈ···বঙ্গ বর্দ্ধ, কথঞ্চ বো রথস্থানাম্···নি।

CENTRAL LIBRARY

অহো বঃ পৌরুষং নাস্তি ন চ বোঽস্তি পরাক্রমঃ।
যত্রাভিমন্যুঃ সমরে পশ্যতাং বো নিপাতিতঃ ॥৮০॥
আত্মানমেব গর্হেয়ং যদহং বৈ সুদুর্বলান্।
যুষ্মানাজ্ঞায় নির্যাতো ভীরূনকৃতনিশ্চয়ান্ ॥৮১॥
আহোস্বিদ্ভূষণার্থানি বর্ম্মশস্ত্রায়ুধানি বঃ।
বাচশ্চ বক্তুং সংসৎসু মম পুত্রমরক্ষতাম্ ॥৮২॥
এবমুক্ত্বা ততো বাক্যং তিষ্ঠংশ্চাপবরাসিমান্।
ন স্মাশক্যত বীভৎসুঃ কেনচিৎ প্রসমীক্ষিতুম্ ॥৮৩॥
তমন্তকমিব ক্রুদ্ধং নিশ্বসন্তং মুহুর্মুহুঃ।
পুত্রশোকাভিসন্তপ্তমশ্রুপূর্ণমুখং তথা ॥৮৪॥

ভারতকৌমুদী

কথমিতি। কদর্থীকৃত্য বহুভিরেকেন সহ যুদ্ধকরণাদ্যুদ্ধনীতিমবজ্ঞায়, বো যুষ্মাকম্ ॥৭৯॥

অহো ইতি। পৌরুষং পররক্ষণাত্মকঃ পুরুষকারঃ। যত্র যেন হেতুনেত্যর্থঃ ॥৮০॥

আত্মানমিতি। আজ্ঞায় যুধিষ্ঠিররক্ষণায়াদিশ্য। অকৃতনিশ্চয়ান্ অকৃতরক্ষ্যরক্ষান্ ॥৮১॥

আহোস্বিদিতি। সন্নিধৌ হিংসাসাধনং শস্ত্রং কৃপাণাদি, দূরে হিংসাসাধনমায়ুধং বাণাদীতি ভেদঃ। বাচশ্চ কেবলং ভূষণার্থা ইতি সম্বন্ধঃ ॥৮২॥

এবমিতি। চাপবরং গাণ্ডীবম্ অসিশ্চাস্যাস্তীতি সঃ। বীভৎসুরর্জ্জুনঃ ॥৮৩॥

আপনারা রথে আরোহণ করিয়া বাণ বর্ষণ করিতেছিলেন, সেই অবস্থায় আপনাদের সমক্ষে কি প্রকারে শত্রুরা যুদ্ধনীতি লঙ্ঘন করিয়া অভিমন্যুকে নিহত করিল? ॥৭৯॥

কি আশ্চর্য্য! আপনাদের পুরুষকারও নাই, পরাক্রমও নাই। যে হেতু আপনাদের সমক্ষেই শত্রুরা যুদ্ধে অভিমন্যুকে নিপাতিত করিয়াছে ॥৮০॥

আমি নিজেকেই নিন্দা করি, যে হেতু অতিদুর্ব্বল, ভীরু এবং অকৃতনিশ্চয় আপনাদিগকে যুধিষ্ঠিররক্ষার জন্য আদেশ করিয়া নির্গত হইয়াছিলাম ॥৮১॥

অথবা আপনারা আমার পুত্রকে রক্ষা করিতে না পারায় আপনাদের বর্ম্ম, অস্ত্র ও শস্ত্র কেবল ভূষণের জন্য এবং সভাতে বীরের বাক্য বলাও কেবল মুখে বীরত্বপ্রকাশের নিমিত্ত' ॥৮২॥

অর্জ্জুন এইরূপ বাক্য বলিয়া তৎপরে উত্তম ধনু ও তরবারি ধারণ করিয়া দাঁড়াইলে, অপর কোন ব্যক্তিই তাঁহার প্রতি দৃষ্টিপাত করিতে পারিল না ॥৮৩॥

(৮২) আহোস্বিদ্ভূষণার্থায়…বা বঙ্গ বর্দ্ধ নি।

ন ভাষিতুং শক্নুবন্তি প্রষ্টুং বা সুহৃদোঽর্জ্জুনম্।
অন্যত্র বাসুদেবাদ্বা জ্যেষ্ঠাদ্বা পাণ্ডুনন্দনাৎ ॥৮৫॥ (যুগ্মকম্)
সর্ব্বাস্ববস্থাসু হি তাবর্জ্জুনস্য মনোঽনুগৌ।
বহুমানাৎ প্রিয়ত্বাচ্চ তাবেনং বক্তুমর্হতঃ ॥৮৬॥
ততস্তং পুত্রশোকেন ভৃশং পীড়িতমানসম্।
রাজীবলোচনং ক্রুদ্ধং রাজা বচনমব্রবীৎ ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনবিলাপে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

তমিতি। অন্তকং যমম্। অন্যত্র অন্যঃ, জ্যেষ্ঠাৎ পাণ্ডুনন্দনাদ্যুধিষ্ঠিরাৎ ॥৮৪—৮৫॥
সর্ব্বাস্বিতি। তৌ কৃষ্ণযুধিষ্ঠিরৌ। বহুমানাৎ অর্জ্জুনেন তয়োরতিসম্মানকরণাৎ ॥৮৬॥
তত ইতি। রাজীবলোচনং ক্রোধেনারক্তলোচনত্বাৎ, রাজা যুধিষ্ঠিরঃ ॥৮৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তখন অর্জ্জুন পুত্রশোকে অত্যন্ত সন্তপ্ত, অশ্রুপূর্ণবদন ও যমের ন্যায় ক্রুদ্ধ হইয়া মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করিতে লাগিলে, কৃষ্ণ বা যুধিষ্ঠির ব্যতীত অন্য বন্ধুবর্গ তাঁহাকে কোন কথা বলিতে বা জিজ্ঞাসা করিতে পারিলেন না ॥৮৪—৮৫॥

কারণ, কৃষ্ণ ও যুধিষ্ঠির সমস্ত অবস্থাতেই অর্জ্জুনের মনের অনুকূল রহিয়াছেন; বিশেষতঃ অর্জ্জুন তাঁহাদের অত্যন্ত সম্মান করেন এবং তাঁহারাও অর্জ্জুনের সাতিশয় প্রিয়ভাবে চলেন। সুতরাং তাঁহারা অর্জ্জুনকে বলিতে পারেন ॥৮৬॥

তাহার পর পুত্রশোকে অত্যন্ত পীড়িতচিত্ত, ক্রুদ্ধ এবং পদ্মের ন্যায় আরক্ত-নয়ন অর্জ্জুনকে যুধিষ্ঠির এই কথাগুলি বলিলেন' ॥৮৭॥

———:০:———

(৮৫)…দ্রষ্টুং বা… শ্রেষ্ঠাদ্বা পাণ্ডুনন্দনাৎ—পি,… দ্রষ্টুং বা… বা নি। (৮৭) ততস্তু… পি। * '…সপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:-০-:—

যুধিষ্ঠির উবাচ।

ত্বয়ি যাতে মহাবাহো! সংশপ্তকবলং প্রতি।
প্রযত্নমকরোত্তীব্রমাচার্য্যো গ্রহণে মম ॥১॥
ব্যূঢ়ানীকং বয়ং দ্রোণং বারয়ামঃ স্ম সর্ব্বশঃ।
প্রতিব্যূহ্য রথানীকং যতমানং তথা রণে ॥২॥
স বার্য্যমাণো রথিভির্ময়ি চাপি সুরক্ষিতে।
অস্মানভিজগামাশু পীড়য়ন্ নিশিতৈঃ শরৈঃ ॥৩॥
তে পীড্যমানা দ্রোণেন দ্রোণানীকং ন শক্নুমঃ।
প্রতিবীক্ষিতুমপ্যাজৌ ভেত্তুং তৎ কুত এব তু ॥৪॥

ভারতকৌমুদী

ত্বয়ীতি। সংশপ্তকবলং প্রতি সংশপ্তকসৈন্যবিনাশায়। আচার্য্যো দ্রোণঃ ॥১॥
ব্যূঢ়েতি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যেন তম্ ॥২॥
স ইতি। স দ্রোণঃ। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥৩॥
ত ইতি। তে বয়ম্। আজৌ যুদ্ধে। কুত এব তু শক্নুমঃ, কুতোঽপি নেত্যর্থঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাবাহু! তুমি সংশপ্তকসৈন্যের দিকে চলিয়া গেলে, দ্রোণ আমাকে ধরিবার জন্য গুরুতর চেষ্টা করিতে লাগিলেন ॥১॥

দ্রোণ সমরাঙ্গনে আপন সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া সেইরূপ চেষ্টা করিতে লাগিলে, আমরাও পাণ্ডবসৈন্যগণকে প্রতিব্যূহরূপে স্থাপিত করিয়া সর্বপ্রকারে তাঁহাকে বারণ করিতে লাগিলাম ॥২॥

ক্রমে আমাদের পক্ষের রথীরা তাঁহাকে বারণ করিতে থাকিলে এবং আমাকেও সুরক্ষিত করিলে, তিনি নিশিত শরসমূহদ্বারা পীড়ন করিতে করিতে সত্বর আমাদের দিকে আসিতে লাগিলেন ॥৩॥

(২) ব্যূঢ়ানীকং স্বয়ং দ্রোণম্…বা, ব্যূঢ়ানীকং তথা দ্রোণং যতমানং মহামৃধে। প্রতিব্যূহ্য সহানীকাঃ প্রত্যরুণ্ধ বয়ং বলাৎ—নি। (৩)…ময়ি বাপি…পি,…অভিজঘানাশু…পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

বয়ং ত্বপ্রতিমং বীর্য্যে সর্ব্বে সৌভদ্রমাত্মজম্।
উক্তবন্তঃ স্ম তং তাত! ভিন্ধ্যনীকমিতি প্রভো! ॥৫॥
স তথা চোদিতোঽস্মাভিঃ সদশ্ব ইব বীর্য্যবান্।
অসহ্যমপি তং ভারং বোঢ়ুমেকঃ প্রচক্রমে ॥৬॥
স তবাস্ত্রোপদেশেন বীর্য্যেণ চ সমন্বিতঃ।
প্রাবিশত্তদ্বলং বালঃ সুপর্ণ ইব সাগরম্ ॥৭॥
তেঽনুযাতা বয়ং বীরং সাত্বতীপুত্রমাহবে।
প্রবেষ্টুকামাস্তেনৈব যেন স প্রাবিশচ্চমূম্ ॥৮॥
ততঃ সৈন্ধবকো রাজা ক্ষুদ্রস্তাত! জয়দ্রথঃ।
বরদানেন রুদ্রস্য সর্বান্ নঃ সমবারয়ৎ ॥৯॥

ভারতকৌমুদী

বয়মিতি। সৌভদ্রমভিমন্যুম্। ভিন্ধি বিদারয়, অনীকং দ্রোণসৈন্যম্ ॥৫॥
স ইতি। স সৌভদ্রঃ, চোদিতঃ প্রেরিতঃ, সদশ্বঃ সুশিক্ষিতো ঘোটকঃ ॥৬॥
স ইতি। তদ্বলং কৌরবসৈন্যম্, সুপর্ণো গরুড়ঃ ॥৭॥
ত ইতি। সাত্বত্যাঃ সাত্বতবংশীয়ায়াঃ সুভদ্রায়াঃ পুত্রম্। তেনৈব পথা, যেন পথা ॥৮॥
তত ইতি। সৈন্ধবকঃ কুৎসিতঃ সিন্ধুরাজঃ কুৎসায়াং কপ্রত্যয়ঃ ॥৯॥

দ্রোণ আমাদিগকে পীড়ন করিতে লাগিলে, আমরা রণস্থলে দ্রোণসৈন্যের দিকে দৃষ্টিপাতও করিতে পারিলাম না, তাহা ভেদ করিতে আর সমর্থ হইব কিরূপে ॥৪॥

তখন আমরা সকলে বলে অতুলনীয় সেই পুত্র অভিমন্যুকে বলিলাম—'প্রভাবশালী বৎস! তুমি দ্রোণসৈন্য বিদারণ কর' ॥৫॥

আমরা সেইভাবে আদেশ করিলে, সুশিক্ষিত অশ্বের ন্যায় বলবান্ অভিমন্যু একাকী সেই অসহ্য ভারও বহন করিবার উপক্রম করিল ॥৬॥

তৎপরে গরুড় যেমন সমুদ্রে প্রবেশ করেন, সেইরূপ তোমার দত্ত অস্ত্র-শিক্ষায় শিক্ষিত এবং বলবান্ সেই বালক যাইয়া কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিল ॥৭॥

তখন সে—যে পথে যাইয়া প্রবেশ করিয়াছিল, আমরাও সেই পথেই প্রবেশ করিবার ইচ্ছা করিয়া তাহার পিছনে পিছনে চলিলাম ॥৮॥

বৎস! তাহার পর ক্ষুদ্র সিন্ধুরাজ জয়দ্রথ মহাদেবের বরপ্রভাবে আমাদের সকলকেই বারণ করিল ॥৯॥

CENTRAL LIBRARY

ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণিঃ কৌশল্য এব চ।
কৃতবর্ম্মা চ সৌভদ্রং ষড়্রথাঃ পর্য্যবারয়ন্ ॥১০॥
পরিবার্য্য তু তৈঃ সর্ব্বৈর্যুধি বালো মহারথৈঃ।
যতমানঃ পরং শক্ত্যা বহুভির্বিরথীকৃতঃ ॥১১॥
ততো দৌঃশাসনিঃ ক্ষিপ্রং তথা তৈর্বিরথীকৃতম্।
সংশয়ং পরমং প্রাপ্য দিষ্টান্তেনাভ্যযোজয়ৎ ॥১২॥
স তু হত্বা সহস্রাণি নরাশ্বরথদন্তিনাম্।
অষ্টৌ রথসহস্রাণি নব দন্তিশতানি চ।
রাজপুত্রসহস্রে দ্বে বীরাংশ্চালক্ষিতান্ বহূন্ ॥১৩॥
বৃহদ্বলঞ্চ রাজানং স্বর্গেণাজৌ প্রযোজ্য হ।
ততঃ পরমধর্ম্মাত্মা দিষ্টান্তমুপজগ্মিবান্ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা, কৌশল্যঃ কোশলরাজো বৃহদ্বলঃ ॥১০॥
পরীতি। যতমান আত্মনঃ সর্বোপকরণরক্ষায়াং যত্নং কুর্বন্, পরমত্যন্তম্ ॥১১॥
তত ইতি। সংশয়মভিমন্যোঃ প্রহারেণাত্মজীবনে। দিষ্টঃ কাল আয়ুস্তদন্তেন ॥১২॥
স ইতি। অলক্ষিতান্ অস্মাভিরদৃষ্টান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। দিষ্টান্তমায়ুঃ-শেষম্ ॥১৩—১৪॥

তৎপরে দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও কৃতবর্ম্মা এই ছয় জন রথী আসিয়া অভিমন্যুকে পরিবেষ্টন করিলেন ॥১০॥

ক্রমে সেই মহারথেরা সকলে যুদ্ধে পরিবেষ্টন করিলে এবং বালক অভিমন্যু শক্তি অনুসারে আত্মরক্ষায় বিশেষ চেষ্টা করিতে লাগিলে, বহুতর বীর তাহাকে রথবিহীন করিয়া ফেলিলেন ॥১১॥

তদনন্তর দুঃশাসনের পুত্র সত্বর আসিয়া নিজের জীবনে অত্যন্ত সন্দিগ্ধ হইয়া রথবিহীন অভিমন্যুকে সংহার করিল ॥১২॥

হায়! পরমধর্ম্মাত্মা কুমার অভিমন্যু প্রথমে বহুসহস্র হস্তী, অশ্ব, রথী ও পদাতিকে, পরে আবার অষ্ট সহস্র রথী নব শত হস্তী, দুই সহস্র রাজপুত্র এবং অলক্ষিত বহু বীরকে বধ করিয়া, আর রাজা বৃহদ্বলকে স্বর্গে পাঠাইয়া দিয়া, তৎপরে নিজে স্বর্গে গমন করিয়াছে ॥১৩—১৪॥

(১২) তদা দৌঃশাসনিঃ···পি।

এতাবদেব নির্ব্বৃত্তমস্মাকং শোকবর্দ্ধনম্।
স চৈবং পুরুষব্যাঘ্রঃ স্বর্গলোকমবাপ্তবান্ ॥১৫॥
ততোঽর্জ্জুনো বচঃ শ্রুত্বা ধর্ম্মরাজেন ভাষিতম্।
হা পুত্র ইতি নিশ্বস্য ব্যথিতো ন্যপতদ্ভুবি ॥১৬॥
বিষণ্ণবদনাঃ সর্ব্বে পরিগৃহ্য ধনঞ্জয়ম্।
নৈত্রৈরনিমিষৈর্দীনাঃ প্রত্যবৈক্ষন্ পরস্পরম্ ॥১৭॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং বাসবিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কম্পমানো জ্বরেণেব নিশ্বসংশ্চ মুহুর্মুহুঃ ॥১৮॥
পাণিং পাণৌ বিনিষ্পিষ্য শ্বসমানোঽশ্রুনেত্রবান্।
উন্মত্ত ইব বিপ্রেক্ষন্নিদং বচনমব্রবীৎ ॥১৯॥ (যুগ্মকম্)
সত্যং বঃ প্রতিজানামি শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্।
ন চেদ্বধভয়াদ্ভীতো ধার্ত্তরাষ্ট্রান্ প্রহাস্যতি ॥২০॥

ভারতকৌমুদী

এতাবদিতি। নির্ব্বৃত্তং নিষ্পন্নম্। এবং দৌঃশাসনিপ্রহারেণ ॥১৫॥
তত ইতি। ব্যথিতঃ শোকার্ত্তঃ সন্ ॥১৬॥
বিষণ্ণেতি। দীনাঃ শোককাতরাঃ সন্তঃ, প্রত্যবৈক্ষন্ অবালোকয়ন্ত ॥১৭॥
প্রতীতি। বাসবস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। বিপ্রেক্ষন্ বিকৃতং পশ্যন্ ॥১৮—১৯॥

অর্জ্জুন! এই পর্য্যন্তই আমাদের শোকবৃদ্ধিজনক ব্যাপার নিষ্পন্ন হইয়াছে এবং এইভাবেই সেই পুরুষশ্রেষ্ঠ কুমার স্বর্গলাভ করিয়াছে' ॥১৫॥

তাহার পর অর্জ্জুন যুধিষ্ঠিরোক্ত বাক্য সকল শুনিয়া 'হা পুত্র' বলিয়া নিশ্বাস ত্যাগ করিয়া শোকবেদনায় ভূতলে নিপতিত হইলেন ॥১৬॥

তখন সকলেই শোকে কাতর ও বিষণ্ণবদন হইয়া অর্জ্জুনকে ধরিয়া অনিমিষ নয়নে পরস্পর অবলোকন করিতে লাগিলেন ॥১৭॥

তদনন্তর অর্জ্জুন চৈতন্য লাভ করিয়া, ক্রোধে মূর্চ্ছিত হইয়া, জ্বররোগেই যেন কাঁপিতে থাকিয়া, মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করতঃ, হস্তে হস্ত নিষ্পেষণপূর্ব্বক, উন্মত্তের ন্যায় বিকৃত দৃষ্টিপাত সহকারে ও সাশ্রুনেত্রে এই সকল কথা বলিলেন—॥১৮—১৯॥

(১৭)…পরিবার্য্য ধনঞ্জয়ম্…পি। (১৯)…সংপ্রেক্ষন্…বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ 'অর্জ্জুন উবাচ' বা বঙ্গ বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

ন চাস্মান্ শরণং গচ্ছেৎ কৃষ্ণং বা পুরুষোত্তমম্ ।
ভবন্তং বা মহারাজ ! শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্ ॥২১॥
ধার্ত্তরাষ্ট্রপ্রিয়করং ময়ি বিস্মৃতসৌহৃদম্ ।
পাপং বালবধে হেতুং শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্ ॥২২॥
রক্ষমাণাশ্চ তং সংখ্যে যে মাং যোৎস্যন্তি কেচন ।
অপি দ্রোণকৃপৌ রাজন্ ! ছাদয়িষ্যামি তান্ শরৈঃ ॥২৩॥
যদ্যেতদেবং সংগ্রামে ন কুর্য্যাং পুরুষর্ষভাঃ ! ।
মাস্ম পুণ্যকৃতাল্লোঁকান্ প্রাপ্নুয়াং শূরসম্মতান্ ॥২৪॥
যে লোকা মাতৃহন্তৃণাং যে চাপি পিতৃঘাতিনাম্ ।
গুরুদাররতানাং যে পিশুনানাঞ্চ যে তথা ॥২৫॥

ভারতকৌমুদী

সত্যমিতি। বো যুষ্মাকমন্তিকে, শ্বঃ পরদিনে। প্রহাস্যতি প্রহায় যাস্যতি। অগ্নিঃ প্রথমোপস্থিতং কাষ্ঠমিব ধনঞ্জয়প্রতিজ্ঞা প্রথমাপরাধিনং জয়দ্রথমেব বিষয়ীচকার ॥২০

নেতি। "বাস্মদশ্চ" ইতি বৈকল্পিকবহুবচনাৎ অস্মান্ মামিত্যর্থঃ ॥২১॥

ধার্ত্তেতি। বালবধে হেতুম্, তেন পাণ্ডববলানিবারণে তৎপ্রবেশেন তদ্বধাসম্ভবাৎ ॥২২॥

রক্ষেতি। তং জয়দ্রথম্, সংখ্যে যুদ্ধে। দ্রোণকৃপৌ গুরু অপীতি ভাবঃ ॥২৩॥

যদীতি। এতৎ জয়দ্রথহননম্, এবং পরদিবসীয়যুদ্ধ এব ॥২৪॥

'বীরগণ ! আমি আপনাদের নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি, জয়দ্রথ যদি বধের ভয়ে ভীত হইয়া ধার্ত্তরাষ্ট্রগণকে পরিত্যাগ করিয়া না যায়, তবে আমি আগামী কল্যই তাহাকে বধ করিব ॥২০॥

মহারাজ ! জয়দ্রথ যদি আমার, কিংবা পুরুষোত্তম কৃষ্ণের, অথবা আপনার শরণাপন্ন না হয়, তবে আগামী কল্যই তাহাকে বধ করিব ॥২১॥

যে, দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিতেছে ; আমার সৌহার্দ্দ বিস্মৃত হইয়াছে এবং বালকবধের কারণ হইয়া দাঁড়াইয়াছে ; সেই পাপাত্মা জয়দ্রথকে আগামী কল্যই বধ করিব ॥২২॥

রাজা ! সমরাঙ্গনে যে কেহ জয়দ্রথকে রক্ষা করিতে থাকিয়া আমার সহিত যুদ্ধ করিবেন, তাঁহারা যদি দ্রোণ-কৃপও হন, তথাপি আমি বাণদ্বারা তাঁহাদিগকে আবৃত করিব ॥২৩॥

পুরুষশ্রেষ্ঠগণ ! আমি যদি যুদ্ধে ইহা এইরূপই করিতে না পারি, তবে আমি যেন বীরগণের অভিমত পুণ্যসম্পাদিত লোক লাভ না করি ॥২৪॥

(২৩)…অপি দ্রোণকৃপৌ বীরৌ…বঙ্গ বর্দ্ধ।

সাধূনসূয়তাং যে চ যে চাপি পরিবাদিনাম্।
যে চ নিক্ষেপহর্ত্তৃণাং যে চ বিশ্বাসঘাতিনাম্ ॥২৬॥
ভুক্তপূর্ব্বাং স্ত্রিয়ং যে চ নিন্দতামযশস্বিনাম্।
ব্রহ্মঘ্নানাঞ্চ যে লোকা যে চ গোঘাতিনামপি ॥২৭॥
পায়সং বা যবান্নং বা শাকং কৃশরমেব বা।
সংযাবাপূপমাংসানি যে চ লোকা বৃথাশ্নতাম্।
তানস্মৈবাধিগচ্ছেয়ং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥২৮॥ (কলাপকম্)
বেদাধ্যায়িনমত্যর্থং শংসিতং বা দ্বিজোত্তমম্।
অবমন্যমানো যান্ যাতি বৃদ্ধান্ সাধূংস্তথা গুরূন্ ॥২৯॥
স্পৃশতো ব্রাহ্মণান্ গাশ্চ পাদেনাগ্নিঞ্চ যা ভবেৎ।
অপ্সু শ্লেষ্মপুরীষং বা মূত্রং বা মুঞ্চতাং গতিঃ।
তাং গচ্ছেয়ং গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩০॥

ভারতকৌমুদী

য ইতি। লোকা নরকাঃ। পিশুনানাং খলানাম্। সাধূন্ অসূয়তাং সাধূনাং দোষানাবিষ্কুর্বতাম্। পরিবাদিনাং পরাপবাদকারিণাম্। ভুক্তপূর্বায়াঃ স্ত্রিয়া নিন্দায়াং কৃতঘ্নতা স্যাদিত্যাশয়ঃ। শাকমুত্তমম্, কৃশরং তিলমিশ্রিতান্নম্। সংযাবো ঘৃতক্ষীরাদিপক্বগোধূমঃ। অস্য স্বরূপং ভাবপ্রকাশে দ্রষ্টব্যম্। বৃথা পরিজনান্ অতিথীন্ বা বঞ্চয়িত্বা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫—২৮॥

বেদেতি। অত্যর্থং শংসিতম্ অতীবদৃঢ়ব্রতম্, দ্বিজোত্তমং ব্রাহ্মণশ্রেষ্ঠম্। "তানস্মৈবাধিগচ্ছেয়ং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্" ইত্যনুবৃত্তিঃ। যচ্ছব্দস্যোত্তরবাক্যগতত্বান্ন পূর্বাপেক্ষা। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥২৯॥

আমি যদি আগামী কল্য জয়দ্রথকে বধ করিতে না পারি, তবে—মাতৃহত্যাকারী, পিতৃঘাতী, গুরুপত্নীগামী, খল, সাধুলোকের দোষাবিষ্কারকারী, পরের অপবাদবাদী, গচ্ছিতদ্রব্যহারী, বিশ্বাসঘাতী, ভুক্তপূর্বা স্ত্রীর নিন্দাকরণনিবন্ধন অযশস্বী, ব্রহ্মহত্যাকারী এবং গোঘাতী, আর পরিজন বা অতিথিকে বঞ্চনা করিয়া পায়স, যবান্ন, উত্তম শাক, তিলান্ন, সংযাব, পিষ্টক ও মাংসভোজিগণের যে যে নরক হয়, আমি যেন অদ্যই সেই সকল নরকে গমন করি ॥২৫—২৮॥

আমি যদি জয়দ্রথকে (কল্যই) বধ করিতে না পারি, তাহা হইলে বেদপাঠী বা অত্যন্তব্রতপরায়ণ ব্রাহ্মণের, কিংবা বৃদ্ধ, সাধু ও গুরুজনের অবজ্ঞাকারী লোক যে নরকে গমন করে, আমি যেন অদ্যই সেই নরকে যাই ॥২৯॥

CENTRAL LIBRARY

নগ্নস্য স্নায়মানস্য যা চ বন্ধ্যাতিথের্গতিঃ।
উৎকোচিনাং মৃষোক্তীনাং বঞ্চকানাঞ্চ যা গতিঃ।
আত্মাপহারিণাঞ্চৈব যা চ মিথ্যাভিশংসিনাম্ ॥৩১॥
ভৃত্যৈঃ সংবদমানানাং পুত্রদারাশ্রিতৈস্তথা।
অসংবিভজ্য ক্ষুদ্রাণাং যা গতির্মিষ্টমশ্নতাম্।
তাং গচ্ছেয়ং গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩২॥ (যুগ্মকম্)
শীতভীতাশ্চ যে বিপ্রা রণভীতাশ্চ ক্ষত্রিয়াঃ।
গচ্ছেয়ং তদ্গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

স্পৃশত ইতি। অপ্সু স্নানাদৌ ব্যবহার্য্যে জলে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

নগ্নস্যেতি। স্নায়মানস্য স্নাতঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ। বন্ধ্যো নিষ্ফলঃ অভুক্ত্বা গত ইত্যর্থঃ অতিথির্যস্য তস্য গৃহস্থস্য। উৎকোচিনামুৎকোচগ্রাহিণাম্, মৃষোক্তীনাং মিথ্যাবাদিনাম্। আত্মাপহারিণাং কার্পণ্যেনাত্মসুখনাশকানাম্, মিথ্যাভিশংসিনাং মিথ্যাসাক্ষ্যদাতৃণাম্। ষট্পাদঃ শ্লোকঃ। সংবদমানানাং সহচরভাবেন স্বৈরালাপং কুর্বতাম্। পুত্রাদিভিরপি তথা। দারপদমত্র পরদারাভিপ্রায়ম্, স্বদারৈঃ সহ স্বৈরালাপে দোষস্যাযুক্তত্বাৎ। অসংবিভজ্য সম্যগ্বিভজ্য পরিজনেভ্যঃ অদদতাম্। মিষ্টমুত্তমং খাদ্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১—৩২॥

শীতেতি। শীতভীতা মাঘমাসীয়প্রাতঃস্নানাদৌ। তেষাং গতিং স্থানম্ ॥৩৩॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে চরণদ্বারা ব্রাহ্মণ, গরু কিংবা অগ্নির স্পর্শকারী লোকের যে নরক হয়, কিংবা জলে শ্লেষ্মা, বিষ্ঠা ও মূত্র ত্যাগকারীর যে নরক হইয়া থাকে, আমি যেন সেই ভয়ঙ্কর নরকে গমন করি ॥৩০॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে—যে নগ্ন হইয়া স্নান করে, যাহার গৃহ হইতে অতিথি না খাইয়া যায়, যে উৎকোচ গ্রহণ করে (ঘুষ লয়), যে সাধারণভাবে মিথ্যা কথা বলে, যে পরের প্রতারণা করে, যে কৃপণতানিবন্ধন নিজের সুখ নষ্ট করে, যে মিথ্যা সাক্ষ্য দেয়, যে—ভৃত্য, পুত্র, পরস্ত্রী ও আশ্রিত লোকের সহিত ইয়াকির ভাবে কথা বলে, কিংবা যে বণ্টন-পূর্ব্বক পরিজনদিগকে না দিয়া উৎকৃষ্ট বস্তু ভক্ষণ করে, তাহাদের যে যে নরক হয়, আমি যেন সেই সকল ভয়ঙ্কর নরকে গমন করি ॥৩১—৩২॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে—যে সকল ব্রাহ্মণ

(৩২) ভৃত্যৈঃ সংদৃশ্যমানানাম্…পি বঙ্গ বর্দ্ধ নি।

সংশ্রিতঞ্চাপি যস্ত্যক্ত্বা সাধুং তদ্বচনে রতম্।
ন বিভর্ত্তি নৃশংসাত্মা নিন্দতে চোপকারিণম্ ॥৩৪॥
অর্হতে প্রাতিবেশ্যায় শ্রাদ্ধং যো ন দদাতি চ।
অনর্হতে চ যো দদ্যাদ্বৃষলীপতয়ে তথা ॥৩৫॥
মদ্যপো ভিন্নমর্য্যাদঃ কৃতঘ্নো ভ্রাতৃনিন্দকঃ।
তেষাং গতিমিয়াং ক্ষিপ্রং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩৬॥ (বিশেষকম্)
ধর্ম্মাদপেতা যে চান্যে ময়া নাত্রানুকীর্ত্তিতাঃ।
যে চানুকীর্ত্তিতাঃ ক্ষিপ্রং গতিং তেষামবাপ্নুয়াম্ ॥৩৭॥
যদি ব্যুষ্টামিমাং রাত্রিং শ্বো ন হন্যাং জয়দ্রথম্।
ইমাঞ্চাপ্যপরাং ভূয়ঃ প্রতিজ্ঞাং মে নিবোধত ॥৩৮॥

ভারতকৌমুদী

সমিতি। তদ্বচনে রতং তদাদেশকারিণম্। অর্হতে বিদ্যাদিনা পূজনীয়ায়, প্রাতিবেশ্যায় একপল্লীবাসিনে ব্রাহ্মণায়। অনর্হতে মূর্খত্বাদিনা অযোগ্যায় ব্রাহ্মণায়, বৃষলীপতয়ে শূদ্রাভর্ত্রে ব্রাহ্মণায়। মদ্যপঃ সুরাপায়ী, ভিন্নমর্য্যাদঃ গুরূণাং গৌরবাতিক্রমী, কৃতঘ্ন উপকর্ত্তুরপকারী, ভ্রাতুর্নির্দ্দোষস্য নিন্দকঃ। গম্যত ইতি গতির্গন্তব্যস্থানং নরকমিত্যর্থঃ, ইয়াং গচ্ছেয়ম্ ॥৩৪-৩৬॥

ধর্ম্মাদিতি। অপেতা ভ্রষ্টাঃ। গতিং তেষামবাপ্নুয়াং ন চেদ্ধন্যাং জয়দ্রথমিত্যনুবৃত্তিঃ ॥৩৭॥

যদীতি। ব্যুষ্টাং প্রভাতামিমাং রাত্রিমতীত্য, শ্বঃ পরদিনে। নিবোধত শৃণুত ॥৩৮॥

শীতের ভয় করেন, কিংবা যে সকল ক্ষত্রিয় যুদ্ধে ভীত হইয়া থাকেন, তাঁহাদের গম্য ভয়ঙ্কর নরকে যেন আমি গমন করি ॥৩৩॥

যে নৃশংসপ্রকৃতি লোক আশ্রিত, সাধু ও আজ্ঞাবহ ব্যক্তিকে ত্যাগ করিয়া আর ভরণপোষণ করে না এবং উপকারীর নিন্দা করে; যে লোক প্রতিবেশী গুণবান্ ব্রাহ্মণকে শ্রাদ্ধীয় দ্রব্য দান করে না—অথ চ নির্গুণ ব্রাহ্মণকে কিংবা শূদ্রাপতিকে দান করে; আর যে লোক সুরা পান করে, গুরুজনের গৌরব লঙ্ঘন করে, উপকারীর অপকার করে এবং নির্দ্দোষ ভ্রাতার নিন্দা করে; আমি যেন সত্বরই তাহাদের গতি লাভ করি, যদি জয়দ্রথকে বধ করিতে না পারি ॥৩৪—৩৬॥

আমি ধর্ম্মভ্রষ্ট অন্য যাহাদের নাম এখানে করিলাম না, কিংবা যাহাদের নাম করিলাম, সত্বরই যেন তাহাদের গতি লাভ করি, যদি জয়দ্রথকে বধ করিতে না পারি ॥৩৭॥

(৩৫)·· অনর্হেভ্যশ্চ যো দদ্যাৎ···পি বা নি।

CENTRAL LIBRARY

যদ্যস্মিন্নহতে পাপে সূর্য্যোঽস্তমুপযাস্যতি।
ইহৈব সংপ্রবেষ্টাস্মি জ্বলিতং জাতবেদসম্ ॥৩৯॥

অসুরসুরমনুষ্যাঃ পক্ষিণো বোরগা বা পিতৃরজনিচরা বা ব্রহ্মদেবর্ষয়ো বা।
চরমচরমপীদং যৎ পরঞ্চাপি তস্মাত্তদপি মম রিপুং তং রক্ষিতুং নৈব
শক্তাঃ ॥৪০॥

যদি বিশতি রসাতলং তদগ্র্যং বিয়দপি দেবপুরং দিতেঃ পুরং বা।
তদপি শরশতৈরহং প্রভাতে ভৃশমভিপত্য রিপোঃ শিরোঽভিহর্ত্তা ॥৪১॥

এবমুক্ত্বা বিচিক্ষেপ গাণ্ডীবং সব্যদক্ষিণম্।
তস্য শব্দমতিক্রম্য ধনুঃশব্দোঽস্পৃশদ্দিবম্ ॥৪২॥

ভারতকৌমুদী

যদীতি। অস্মিন্ পাপে জয়দ্রথে অহতে। ইহৈব শিবিরে। জাতবেদসমগ্নিম্ ॥৩৯॥

অসুরেতি। উরগাঃ সর্পাঃ, পিতরঃ পিতৃলোকাঃ, রজনিচরা রাক্ষসাঃ। চরং জঙ্গমম্, অচরং স্থাবরম্। তস্মাৎ পরং চরাদচরাচ্চ ভিন্নং স্থিরাসনমুষ্ণাদি। তচ্চ চরং ন স্থিরত্বাৎ, অচরঞ্চ ন গমনযোগ্যত্বাৎ। নৈব শক্তা উক্তাঃ সর্ব্বেঽপি ॥৪০॥

যদীতি। তৎ প্রসিদ্ধম্, অগ্র্যং শ্রেষ্ঠম্, মণিরত্নাদিময়ত্বাৎ, বিয়দাকাশম্, দিতের্দৈত্যস্য। প্রভাতে প্রভাতাবধিপরদিবসে, অভিপত্য বলেনোপেত্য, রিপোর্জয়দ্রথস্য, অভিহর্ত্তা ছেৎস্যামি ॥৪১॥

এই রাত্রি প্রভাত হওয়ার পরে আগামী কল্য যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তবে আমার আর একটা প্রতিজ্ঞার কথা আপনারা পুনরায় শ্রবণ করুন—॥৩৮॥

এই পাপাত্মা জয়দ্রথ নিহত না হওয়া অবস্থায় যদি কল্য সূর্য্য অস্ত যান, তাহা হইলে আমি এই শিবিরেই প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিব ॥৩৯॥

দেবতা, অসুর, মানুষ, পক্ষী, বা সর্প, অথবা পিতৃলোক, রাক্ষস, ব্রহ্মর্ষি ও দেবর্ষিরা, কিংবা স্থাবর ও জঙ্গমাত্মক এই জগৎ, অথবা তাহা ভিন্নও যাহা কিছু আছে, সে সমস্ত একত্র হইয়াও আমার হাত হইতে সেই শত্রুকে রক্ষা করিতে পারিবে না ॥৪০॥

জয়দ্রথ যদি সেই উত্তম পাতালে, আকাশে, দেবপুরে, কিংবা দৈত্যপুরে যাইয়া প্রবেশ করে, তথাপি আমি কল্য বলপূর্ব্বক উপস্থিত হইয়া বাণসমূহ-দ্বারা তাহার মস্তকচ্ছেদন করিব ॥৪১॥

---

(৩৯)···ইহৈব সম্প্রবেষ্টাহম্···পি বা নি। (৪১)···ভৃশমভিপত্য রিপোঃ···বঙ্গ বর্দ্ধ,··· ভৃশমভিমন্যুরিপোঃ···বা নি।

অর্জ্জুনেন প্রতিজ্ঞাতে পাঞ্চজন্যং জনার্দ্দনঃ।
প্রদধ্মৌ তত্র সংক্রুদ্ধো দেবদত্তঞ্চ ফাল্গুনঃ ॥৪৩॥
স পাঞ্চজন্যোঽচ্যুতবক্ত্রবায়ুনা ভৃশং সুপূর্ণোদরনিঃসৃতধ্বনিঃ।
জগৎ সপাতালবিয়দ্দিগীশ্বরং প্রকম্পয়ামাস যুগাত্যয়ে যথা ॥৪৪॥
ততো বাদিত্রঘোষাশ্চ প্রাদুরাসন্ সমন্ততঃ।
সিংহনাদাশ্চ পাণ্ডূনাং প্রতিজ্ঞাতে মহাত্মনা ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনপ্রতিজ্ঞায়াং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। বিচিক্ষেপ আচকর্ষ, সব্যদক্ষিণং বামদক্ষিণৌ পার্শ্বৌ নীত্বেতি শেষঃ ॥৪২॥

অর্জ্জুনেনেতি। প্রদধ্মৌ বাদয়ামাস। পাঞ্চজন্যদেবদত্তৌ শঙ্খৌ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৪৩॥

স ইতি। সুপূর্ণং যদুদরমভ্যন্তরং তস্মান্নিঃসৃতো ধ্বনির্যস্য সঃ। পাতালেন বিয়তা গগনেন দিগ্ভিঃ তাসামীশ্বরৈর্দিক্পালৈশ্চ সহেতি তৎ। যুগাত্যয়ে প্রলয়কালে ॥৪৪॥

তত ইতি। বাদিত্রঘোষা নানাবাদ্যধ্বনয়ঃ। পাণ্ডূনাং পাণ্ডবযোধানাম্ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

অর্জ্জুন এইরূপ বলিয়া বাম ও দক্ষিণ পার্শ্বে নিয়া গাণ্ডীবধনুর টঙ্কার করিলেন; তখন সেই ধনুর শব্দ অর্জ্জুনের কণ্ঠশব্দকে অতিক্রম করিয়া যাইয়া আকাশস্পর্শ করিল ॥৪২॥

অর্জ্জুন ঐরূপ প্রতিজ্ঞা করিলে, অত্যন্তক্রুদ্ধ কৃষ্ণ পাঞ্চজন্যধ্বনি করিলেন এবং অর্জ্জুনও দেবদত্তশঙ্খ বাজাইলেন ॥৪৩॥

তখন কৃষ্ণের মুখবায়ুপূর্ণ পাঞ্চজন্যশঙ্খের ভিতর হইতে ধ্বনি নির্গত হইয়া পাতাল, আকাশ, দিক্ ও দিক্পালগণের সহিত জগৎটাকে প্রলয়কালের ন্যায় কাঁপাইতে লাগিল ॥৪৪॥

এবং মহাত্মা অর্জ্জুন সেইরূপ প্রতিজ্ঞা করিলে, সকল দিকে পাণ্ডবপক্ষ হইতে নানাবিধবাদ্যধ্বনি ও সিংহনাদ উঠিল' ॥৪৫॥

---

(৪৫)···প্রাদুরাসন্ সহস্রশঃ···পি বা নি। * '···একসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা তু তং মহাশব্দং পাণ্ডূনাং জয়গৃদ্ধিনাম্।
চারৈঃ প্রবোধিতে তত্র সমুত্থায় জয়দ্রথঃ ॥১॥
শোকসংমূঢ়হৃদয়ো দুঃখেনাভিপরিপ্লুতঃ।
মজ্জমান ইবাগাধে বিপুলে শোকসাগরে।
জগাম সমিতিং রাজ্ঞাং সৈন্ধবো বিমৃষন্ বহু ॥২॥ (যুগ্মকম্)
স তেষাং নরদেবানাং সকাশে পরিদেবয়ন্।
অভিমন্যোঃ পিতুর্ভীতঃ সব্রীড়ো বাক্যমব্রবীৎ ॥৩॥
যোঽসৌ পাণ্ডোঃ কিল ক্ষেত্রে জাতঃ শক্রেণ কামিনা।
স নিনীষতি দুর্বুদ্ধির্মাং কিলৈকং যমক্ষয়ম্।
তৎ স্বস্তি বোঽস্তু যাস্যামি স্বগৃহং জীবিতেপ্সয়া ॥৪॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। জয়গৃদ্ধিনাং জয়াভিলাষিণাম্। প্রবোধিতে বিজ্ঞাপিতে, তত্রার্জ্জুনপ্রতিজ্ঞানে। দুঃখেন কেবলে স্বস্মিন্নর্জ্জুনক্রোধাপাতাদিতি ভাবঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১—২॥

স ইতি। নরদেবানাং রাজ্ঞাম্। সব্রীড়ঃ পলায়নস্য বক্তব্যত্বাৎ সলজ্জঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'জয়াভিলাষী পাণ্ডবগণের সেই মহাশব্দ শুনিয়া এবং গুপ্তচর আসিয়া সেই প্রতিজ্ঞার বিষয় জানাইলে, সিন্ধুরাজ জয়দ্রথ গাত্রোত্থান করিয়া, আত্মশোকে অধীর ও দুঃখিত হইয়া এবং বিশাল ও অগাধ শোকসাগরে যেন মগ্ন হইতে থাকিয়া নানাপ্রকার বিবেচনা করতঃ রাজসভায় যাইয়া উপস্থিত হইলেন ॥১—২॥

তিনি অভিমন্যুর পিতার ভয়ে ভীত হইয়া রাজাদের নিকটে বিলাপ করিতে থাকিয়া লজ্জার সহিত এই কথা বলিলেন—॥৩॥

(১)…পুত্রগৃদ্ধিনাম্…বা বঙ্গ বর্দ্ধ নি,…চারৈঃ প্রবেদিতে তত্র…বঙ্গ বর্দ্ধ বা, চারৈঃ প্রবেদিতস্ত্বস্তঃ…নি। (২)…দুঃখেনাভিহতো ভৃশম্…বঙ্গ বর্দ্ধ,…দুঃখেনাভ্যাহতো ভৃশম্ …নি।

CENTRAL LIBRARY

অথবাস্ত্রপ্রতিবলাস্ত্রাত মাং ক্ষত্রিয়র্ষভাঃ!।
পার্থেন প্রার্থিতং বীরাস্তে সংদত্ত মমাভয়ম্ ॥৫॥
দ্রোণদুর্য্যোধনকৃপাঃ কর্ণমদ্রেশবাহ্লিকাঃ।
দুঃশাসনাদয়ঃ শক্তাস্ত্রাতুমপ্যন্তকার্দ্দিতম্ ॥৬॥
কিমঙ্গ! পুনরেকেন ফাল্গুনেন জিঘাংসতা।
ন ত্রায়েয়ুর্ভবন্তো মাং সমস্তাঃ পতয়ঃ ক্ষিতেঃ ॥৭॥
প্রহর্ষং পাণ্ডবেয়ানাং শ্রুত্বা মম মহদ্ভয়ম্।
সীদন্তি মম গাত্রাণি মুমূর্ষোরিব পার্থিবাঃ! ॥৮॥

ভারতকৌমুদী

য ইতি। ক্ষেত্রে পত্ন্যাম্। এতেনার্জ্জুনস্য জারজত্বং সূচিতম্। নিনীষতি নেতুমিচ্ছতি। যমক্ষয়ং যমালয়ম্। বহূনামপরাধে একং প্রত্যেব চ দণ্ডোঽয়মে দণ্ডয়িতা দুর্বুদ্ধিরেবেত্যাশয়ঃ। স্বস্তি মঙ্গলম্, বো যুষ্মভ্যম্। জীবিতেপ্সয়া জীবনরক্ষণেচ্ছয়া, অর্জ্জুনপ্রতিজ্ঞায়া ধ্রুবত্বাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

অথবেতি। অস্ত্রেষু প্রতিবলাঃ সমানবলা যূয়ম্। প্রার্থিতং হন্তুমিষ্টং মাম্ ॥৫॥

অভয়দানে সামর্থ্যমাহ দ্রোণেতি। মদ্রেশঃ শল্যঃ। অন্তকার্দ্দিতং যমগৃহীতমপি ॥৬॥

কিমিতি। অঙ্গ সম্বোধনে। ফাল্গুনেনার্জ্জুনেন, জিঘাংসতা হন্তুমিচ্ছতাক্রান্তম্ ॥৭॥

প্রহর্ষমিতি। মহদ্ভয়ং জাতমিতি শেষঃ ॥৮॥

'ঐ যে—পাণ্ডুর পত্নীর গর্ভে কামুক ইন্দ্রকর্ত্তৃক জন্মিয়াছিল, সেই দুর্বুদ্ধিটা একক আমাকেই যমালয়ে পাঠাইবার ইচ্ছা করে। অতএব আপনাদের মঙ্গল হউক, আমি জীবনরক্ষার জন্য আপন ভবনেই চলিয়া যাই ॥৪॥

অথবা ক্ষত্রিয়শ্রেষ্ঠ বীরগণ! আপনারা অস্ত্রে তাহার সমকক্ষ; ওদিকে সে আমাকে বধ করিবার ইচ্ছা করে; এ অবস্থায় আপনারা আমাকে রক্ষা করুন এবং অভয় দান করুন ॥৫॥

দ্রোণ, দুর্য্যোধন, কৃপ, কর্ণ, শল্য, বাহ্লিক ও দুঃশাসনপ্রভৃতি বীরেরা যমগৃহীত লোককেও রক্ষা করিতে পারেন ॥৬॥

তাহাতে জিঘাংসু একমাত্র অর্জ্জুন আমাকে আক্রমণ করিলে আপনারা সমস্ত রাজারা কি রক্ষা করিতে পারিবেন না? ॥৭॥

তথাপি রাজগণ! পাণ্ডবগণের আনন্দকোলাহল শুনিয়া আমার গুরুতর ভয় জন্মিয়াছে এবং মুমূর্ষুর ন্যায় আমার সমস্ত অঙ্গ অবসন্ন হইয়া পড়িয়াছে ॥৮॥

(৭)··· ন ত্রাস্যন্তি ভবন্তো মাম্···নি।

CENTRAL LIBRARY

বধো নূনং প্রতিজ্ঞাতো মম গাণ্ডীবধন্বনা।
তথাহি হৃষ্টাঃ ক্রোশন্তি শোককালে হি পাণ্ডবাঃ ॥৯॥
তন্ন দেবা ন গন্ধর্বা নাসুরোরগরাক্ষসাঃ।
উৎসহন্তেঽন্যথা কর্ত্তুং কুত এব নরাধিপাঃ ॥১০॥
তস্মান্মামনুজানীত ভদ্রং বোঽস্তু নরর্ষভাঃ!।
অদর্শনং গমিষ্যামি ন মাং দ্রক্ষ্যন্তি পাণ্ডবাঃ ॥১১॥
এবং বিলপমানং তং ভয়াদ্ব্যাকুলচেতসম্।
আত্মকার্য্যগরীয়স্ত্বাদ্রাজা দুর্য্যোধনোঽব্রবীৎ ॥১২॥
ন ভেতব্যং নরব্যাঘ্র! কো হি ত্বাং পুরুষর্ষভ!।
মধ্যে ক্ষত্রিয়বীরাণাং তিষ্ঠন্তং প্রার্থয়েদ্যুধি ॥১৩॥
অহং বৈকর্ত্তনঃ কর্ণশ্চিত্রসেনো বিবিংশতিঃ।
ভূরিশ্রবাঃ শলঃ শল্যো বৃষসেনো দুরাসদঃ ॥১৪॥

ভারতকৌমুদী

বধ ইতি। তথাহি তমেবার্থং জানীহি, ক্রোশন্তি হর্ষকোলাহলং কুর্বন্তি ॥৯॥
বিমৃশ্য পুনরপরপক্ষমাহ তদিতি। উৎসহন্তে শক্নুবন্তি ॥১০॥
তস্মাদিতি। অনুজানীত ইতো গমনায়, ভদ্রং মঙ্গলম্ ॥১১॥
এবমিতি। আত্মকার্য্যগরীয়স্ত্বাৎ যুদ্ধে স্বপক্ষপূরণস্যাবশ্যকত্বাদিত্যর্থঃ ॥১২॥
নেতি। প্রার্থয়েৎ হন্তুমিচ্ছেদিতি তাৎপর্য্যম্ ॥১৩॥

নিশ্চয়ই অর্জ্জুন আমার বধের প্রতিজ্ঞা করিয়াছে। তাহার প্রমাণ দেখুন—শোকের সময়ে পাণ্ডবেরা আনন্দিত হইয়া কোলাহল করিতেছে ॥৯॥

অতএব দেব, দানব, গন্ধর্ব্ব, নাগ এবং রাক্ষসেরাও তাহার প্রতিজ্ঞার অন্যথা করিতে পারেন না; রাজারা আর করিবেন কি করিয়া ॥১০॥

সুতরাং নরশ্রেষ্ঠগণ! আপনাদের মঙ্গল হউক, আপনারা আমাকে অনুমতি করুন, আমি অদৃশ্য হইয়া যাই, পাণ্ডবেরা আর আমাকে দেখিতে পাইবে না' ॥১১॥

জয়দ্রথ ভয়ে আকুলচিত্ত হইয়া এইরূপ বলিতে লাগিলে, আপন কার্য্যের গুরুত্বনিবন্ধন রাজা দুর্য্যোধন তাঁহাকে বলিলেন—॥১২॥

'নরশ্রেষ্ঠ! আপনি ভয় করিবেন না; পুরুষপ্রধান! আপনি সমরাঙ্গনে ক্ষত্রিয়বীরগণের মধ্যে থাকিলে, কোন্ ব্যক্তি আপনাকে বধ করিবার ইচ্ছা করিতে পারে? ॥১৩॥

(৯)···যথা হি হৃষ্টাঃ···বর্দ্ধ।

পুরুমিত্রো জয়ো ভোজঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
সত্যব্রতো মহাবাহুর্বিকর্ণো দুর্ম্মুখশ্চ হ ॥১৫॥
দুঃশাসনঃ সুবাহুশ্চ কলিঙ্গশ্চাপ্যুদায়ুধঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ দ্রোণো দ্রৌণিশ্চ সৌবলঃ ॥১৬॥
এতে চান্যে চ বহবো নানাজনপদেশ্বরাঃ।
সসৈন্যাস্ত্বাভিযাস্যন্তি ব্যেতু তে মানসো জ্বরঃ ॥১৭॥ (কলাপকম্)
ত্বঞ্চাপি রথিনাং শ্রেষ্ঠঃ স্বয়ং শূরোঽমিতদ্যুতে!।
স কথং পাণ্ডবেয়েভ্যো ভয়ং পশ্যসি সৈন্ধব! ॥১৮॥
অক্ষৌহিণ্যো দশৈকা চ মদীয়াস্তব রক্ষণে।
যত্তা যোৎস্যন্তি মা ভৈস্ত্বং সৈন্ধব! ব্যেতু তে ভয়ম্ ॥১৯॥

সঞ্জয় উবাচ।

এবমাশ্বাসিতো রাজন্! পুত্রেণ তব সৈন্ধবঃ।
দুর্য্যোধনেন সহিতো দ্রোণং রাত্রাবুপাগমৎ ॥২০॥

ভারতকৌমুদী

অহমিতি। বৈকর্ত্তনঃ বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রঃ। বৃষসেনঃ কর্ণাত্মজঃ। কাম্বোজঃ কম্বোজদেশরাজঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। ত্বা ত্বাম্, অভি সর্বতো বেষ্টয়িত্বা যাস্যন্তি। অতএব তে মানসো জ্বরো ভয়জনিতঃ সন্তাপঃ, ব্যেতু অপগচ্ছতু ॥১৪—১৭॥

ত্বমিতি। পশ্যসি সম্ভাবয়সি, হে সৈন্ধব! সিন্ধুরাজ! ॥১৮॥

অক্ষৌহিণ্য ইতি। দশৈকা চ একাদশ। তব রক্ষণে যত্তা যত্নবন্তঃ সন্তঃ ॥১৯॥

আমি, বৈকর্ত্তন কর্ণ, চিত্রসেন, বিবিংশতি, ভূরিশ্রবা, শল, শল্য, দুর্দ্ধর্ষ বৃষসেন, পুরুমিত্র, জয়, ভোজরাজ, কম্বোজরাজ সুদক্ষিণ, সত্যব্রত, মহাবাহু বিকর্ণ, দুর্ম্মুখ, দুঃশাসন, সুবাহু, উদ্যতাস্ত্র কলিঙ্গরাজ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, দ্রোণ, অশ্বত্থামা এবং শকুনি ইঁহারা, আর অন্যও বহুতর নানাদেশীয় রাজা সৈন্যগণের সহিত মিলিত হইয়া সকল দিকে আপনাকে বেষ্টন করিয়া যুদ্ধে গমন করিবেন। অতএব আপনার মনের সন্তাপ দূরীভূত হউক ॥১৪—১৭॥

তা'র পর অমিততেজা! আপনি নিজেও রথিশ্রেষ্ঠ ও বীর। সুতরাং সিন্ধুরাজ! আপনি পাণ্ডবগণ হইতে ভয় করিতেছেন কেন? ॥১৮॥

বিশেষতঃ আমার এগার অক্ষৌহিণী সৈন্য আপনাকে রক্ষা করিবার জন্য যত্নবান্ হইয়া যুদ্ধ করিবে। অতএব সিন্ধুরাজ! আপনি ভয় করিবেন না, আপনার ভয় দূরীভূত হউক' ॥১৯॥

(১৬)···স সৌবলঃ—পি। (১৯) অক্ষৌহিণ্যো মহাবীর্য্য! মদীয়াঃ···নি।

CENTRAL LIBRARY

উপসংগ্রহণং কৃত্বা দ্রোণায় স বিশাংপতে ! ।
উপোপবিশ্য প্রণতঃ পর্য্যপৃচ্ছদিদং তদা ॥২১॥
নিমিত্তে দূরপাতিত্বে লঘুত্বে দৃঢ়বেধনে ।
মম ব্রবীতু ভগবন্ ! বিশেষং ফাল্গুনস্য চ ॥২২॥
বিদ্যাবিশেষমিচ্ছামি জ্ঞাতুমাচার্য্য ! তত্ত্বতঃ ।
মমার্জ্জুনস্য চ বিভো ! যথাতত্ত্বং প্রচক্ষ্ব মে ॥২৩॥

দ্রোণ উবাচ ।

সমমাচার্য্যকং তাত ! তব চৈবার্জ্জুনস্য চ ।
যোগাদ্দুঃখোষিতত্বাচ্চ তস্মাত্ত্বত্তোঽধিকোঽর্জ্জুনঃ ॥২৪॥

ভারতকৌমুদী

এবমিতি। সৈন্ধবো জয়দ্রথঃ। উপাগমৎ কর্ত্তব্যনির্দ্ধারণার্থম্ ॥২০॥

উপেতি। উপসংগ্রহণমভিবাদনম্। উপোপবিশ্য নিকটে উপবিশ্য ॥২১॥

নিমিত্ত ইতি। হে ভগবন্! ব্রাহ্মণ্যাদ্বীরত্বাচ্চ মাহাত্ম্যবন্! নিমিত্তে সন্ধানে প্রহারস্থাননির্ণয় ইতি যাবৎ, দূরপাতিত্বে বাণানাম্, লঘুত্বে দ্রুতাস্ত্রক্ষেপে, দৃঢ়বেধনে গাঢ়-প্রহারে চ, মম ফাল্গুনস্য অর্জ্জুনস্য চ, বিশেষং ভেদং তারতম্যমিতি যাবৎ, ভবান্ ব্রবীতু ॥২২॥

বিদ্যেতি। বিদ্যায়া অস্ত্রজ্ঞানস্যাপি বিশেষং ভেদম্। তত্ত্বতো যাথার্থ্যেন ॥২৩॥

সমমিতি। আচার্য্যকমাচার্য্যস্য কর্ম্ম শিক্ষাদানম্, সমং সমানম্। যোগাৎ সমস্তদেবাস্ত্র-সম্বন্ধাৎ, দুঃখেন তপঃক্লেশেন উষিতত্বাৎ স্থিতত্বাৎ অধিককষ্টসহিষ্ণুত্বাদিত্যর্থঃ, তস্মাৎ প্রসিদ্ধাৎ ॥২৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা ! আপনার পুত্র দুর্য্যোধন এইরূপ আশ্বস্ত করিলে, জয়দ্রথ তাঁহার সহিত মিলিত হইয়া সেই রাত্রিতে দ্রোণের নিকট গমন করিলেন ॥২০॥

নরনাথ ! তিনি যাইয়া দ্রোণকে অভিবাদন করিয়া অবনতভাবে তাঁহার নিকটে বসিয়া তখন এইরূপ জিজ্ঞাসা করিলেন—॥২১॥

'ভগবন্ ! অস্ত্রসন্ধানে, দূরে অস্ত্রনিক্ষেপে, দ্রুত অস্ত্রক্ষেপে এবং তীব্রপ্রহারে আমার ও অর্জ্জুনের প্রভেদ কি, তাহা আপনি বলুন ॥২২॥

এবং আচার্য্য ! আমার ও অর্জ্জুনের বিদ্যার প্রভেদও আমি যথার্থরূপে জানিতে ইচ্ছা করি। অতএব বীর ! আপনি যথাযথভাবে তাহা আমার নিকট বলুন' ॥২৩॥

দ্রোণ বলিলেন—'বৎস ! আমি তোমাকে ও অর্জ্জুনকে সমানভাবেই শিক্ষা

(২৪)···যোগাদ্দুঃখোচিতত্বাচ্চ· ·পি।

ন তু তে যুধি সন্ত্রাসঃ কার্য্যঃ পার্থাৎ কথঞ্চন।
অহং হি রক্ষিতা তাত! ভয়াত্ত্বাং নাত্র সংশয়ঃ ॥২৫॥
ন হি মদ্বাহুগুপ্তস্য প্রভবন্ত্যমরা অপি।
ব্যূহিষ্যামি চ তং ব্যূহং যং পার্থো ন তরিষ্যতি ॥২৬॥
তস্মাদ্‌যুধ্যস্ব মা ভৈস্ত্বং স্বধর্ম্মমনুপালয়।
পিতৃপৈতামহং মার্গমনুযাহি নরাধিপ! ॥২৭॥
অধীত্য বিধিবদ্বেদানগ্নয়শ্চ হুতাস্ত্বয়া।
ইষ্টঞ্চ বহুভির্যজ্ঞৈর্ন তে মৃত্যুকৃতং ভয়ম্ ॥২৮॥
অবাপ্য মানুষৈর্দেহৈর্মহাভাগ্যং সুদুর্লভম্।
ভুজবীর্য্যার্জ্জিতান্ লোকান্ দিব্যান্ প্রাপ্স্যস্যনুত্তমান্ ॥২৯॥

ভারতকৌমুদী

তর্হি পলায়নমেব মে শ্রেয় ইত্যাহ নেতি। সন্ত্রাসো ভয়ম্, কার্য্যঃ কর্ত্তব্যঃ ॥২৫॥
নেতি। হি যস্মাৎ, মদ্বাহুভ্যাং গুপ্তস্য রক্ষিতস্য, প্রভবন্তি প্রভাবং প্রকটয়িতুমর্হন্তি ॥২৬॥
তস্মাদিতি। স্বধর্ম্মং ক্ষত্রিয়াচারম্। অনুযাহি যুধ্যস্বেত্যর্থঃ ॥২৭॥
মরণেঽপি তে ন ক্ষতিরিত্যাহ অধীত্যেতি। ইষ্টং যজনং কৃতম্ ॥২৮॥

দিয়াছিলাম; কিন্তু সমস্ত দেবাস্ত্রলাভ ও অধিককষ্টসহিষ্ণুতানিবন্ধন অর্জ্জুন তোমা অপেক্ষা প্রধান হইয়া গিয়াছে ॥২৪॥

বৎস! তথাপি তুমি যুদ্ধে কোন প্রকারেই অর্জ্জুন হইতে ভয় করিও না। কারণ, আমি তোমাকে ভয় হইতে রক্ষা করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৫॥

আমার বাহুরক্ষিত লোকের নিকটে দেবতারাও প্রভাব প্রকাশ করিতে পারেন না। তা'র পর আমি সেইরূপ ব্যূহ রচনা করিব, যাহা অর্জ্জুন উত্তীর্ণ হইতে পারিবে না ॥২৬॥

অতএব রাজা! তুমি ভয় করিও না, আপন ধর্ম্ম রক্ষা করিতে থাকিয়া যুদ্ধ কর এবং পিতৃ-পিতামহপথের অনুসরণ কর ॥২৭॥

তা'র পর তুমি যথাবিধানে বেদ অধ্যয়ন করিয়াছ, অগ্নিতে হোম করিয়াছ এবং নানাবিধ যজ্ঞ করিয়াছ। সুতরাং তোমার মৃত্যুর ভয় নাই ॥২৮॥

কেন না, তুমি মনুষ্যদেহে অতিদুর্লভ রাজত্বপ্রভৃতি লাভ করিয়া আপন বাহুবলে অর্জ্জিত স্বর্গীয় সর্বোত্তম স্থান সকল লাভ করিবে ॥২৯॥

(২৭)···অনুযাহি মহারথ!—পি বা নি। (২৮)···অগ্নয়ঃ সুহুতাস্ত্বয়া···পি বা রা নি।
(২৯) দুর্লভং মানুষৈর্মর্ত্ত্যৈর্মহাভাগ্যমবাপ্য তু···পি বা নি।

CENTRAL LIBRARY

কুরবঃ পাণ্ডবাশ্চৈব বৃষ্ণয়োঽন্যে চ মানবাঃ।
অহঞ্চ সহ পুত্রেণ অধ্রুবা ইতি চিন্ত্যতাম্ ॥৩০॥
পর্য্যায়েণ বয়ং সর্ব্বে কালেন বলিনা হতাঃ।
পরলোকং গমিষ্যামঃ স্বৈঃ স্বৈঃ কর্ম্মভিরন্বিতাঃ ॥৩১॥
তপস্তপ্ত্বা তু যান্ লোকান্ প্রাপ্নুবন্তি তপস্বিনঃ।
ক্ষত্রধর্ম্মাশ্রিতাঃ শূরাঃ ক্ষত্রিয়াঃ প্রাপ্নুবন্তি তান্ ॥৩২॥
এবমাশ্বাসিতো রাজন্! ভারদ্বাজেন সৈন্ধবঃ।
অপানুদদ্ভয়ং পার্থাদ্‌যুদ্ধায় চ মনো দধে ॥৩৩॥
ততঃ প্রহর্ষঃ সৈন্যানাং তবাপ্যাসীদ্বিশাংপতে!।
বাদিত্রাণাং ধ্বনিশ্চোগ্রঃ সিংহনাদরবৈঃ সহ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াং জয়দ্রথাশ্বাসনে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নন্থ কথং মে মৃত্যুকৃতং ভয়ং নাস্তীত্যাহ অবাপ্নোতি। মহাভাগাং তন্নিবন্ধনং রাজ্যাদি ॥২৯॥
কুরব ইতি। পুত্রেণ অশ্বত্থাম্না, অধ্রুবা অচিরস্থায়িনঃ ॥৩০॥
পর্য্যায়েণেতি। পর্য্যায়েণ কালক্রমেণ। হতাঃ সন্তঃ ॥৩১॥
তপ ইতি। ক্ষত্রধর্ম্মাশ্রিতা এব ন তু বাণিজ্যাদ্যাশ্রিতাঃ ক্ষত্রিয়াঃ ॥৩২॥
এবমিতি। ভারদ্বাজেন দ্রোণেন, সৈন্ধবো জয়দ্রথঃ। অপানুদৎ অপসারিতবান্ ॥৩৩॥
তত ইতি। ততো বীরস্য জয়দ্রথস্যাপি যুদ্ধসঙ্কল্পাৎ। উগ্রো যুদ্ধসম্বন্ধিত্বাৎ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

তা'র পর কৌরব, পাণ্ডব, বৃষ্ণি, অন্যান্য মানুষ এবং পুত্রের সহিত আমি, আমরা সকলেই অচিরস্থায়ী ইহা চিন্তা কর ॥৩০॥

কালক্রমে আমরা সকলেই প্রবল-কাল-কর্ত্তৃক নিহত হইয়া আপন আপন কর্ম্ম লইয়া পরলোকে গমন করিব ॥৩১॥

বিশেষতঃ তপস্বীরা তপস্যা করিয়া যে সকল লোকে গমন করেন, ক্ষত্রধর্ম্মাশ্রিত বীর ক্ষত্রিয়েরা সেই সকল লোকেই যাইয়া থাকেন' ॥৩২॥

রাজা! দ্রোণ এইভাবে আশ্বস্ত করিলে, জয়দ্রথ অর্জ্জুনের ভয় পরিত্যাগ করিয়া যুদ্ধে মনোনিবেশ করিলেন ॥৩৩॥

(৩৪)···তস্য চাসীদ্বিশাংপতে!—নি। * '···দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

প্রতিজ্ঞাতে তু পার্থেন সিন্ধুরাজবধে তদা।
বাসুদেবো মহাবাহুর্ধনঞ্জয়মভাষত ॥১॥
ভ্রাতৄণাং মতমাজ্ঞায় ত্বয়া বাচা প্রতিশ্রুতম্।
সৈন্ধবং শ্বোঽস্মি হন্তেতি তৎ সাহসমিদং কৃতম্ ॥২॥
অসংমন্ত্র্য ময়া সার্দ্ধমতিভারোঽয়মুদ্যতঃ।
কথং নু সর্বলোকস্য নাবহাস্যা ভবেম হি ॥৩॥
ধার্ত্তরাষ্ট্রস্য শিবিরে ময়া প্রণিহিতাশ্চরাঃ।
ত ইমে শীঘ্রমাগম্য প্রবৃত্তিং বেদয়ন্তি নঃ ॥৪॥

ভারতকৌমুদী

প্রতীতি। মহাবাহুপদস্য ভাষণং প্রত্যনুপকারিত্বাদপুষ্টার্থতাদোষঃ। স চ সোঢ়ব্য আর্ষত্বাৎ ॥১॥

ভ্রাতৄণামিতি। সৈন্ধবং জয়দ্রথম্, শ্বঃ পরদিনে ॥২॥

অসমিতি। উদ্যতো বোঢ়ুমিতি শেষঃ। অপি ত্বশক্তৌ ভবেমৈবেতি ভাবঃ ॥৩॥

নরনাথ! তাহাতে আপনার সৈন্যগণেরও আনন্দ জন্মিল এবং তৎকালে আপনার পক্ষেও সিংহনাদের সহিত ভয়ঙ্কর বাদ্যধ্বনি হইতে লাগিল' ॥৩৪॥

———:*:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন অর্জ্জুন জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিলে, মহাবাহু কৃষ্ণ অর্জ্জুনকে কহিলেন—॥১॥

'অর্জ্জুন! তুমি ভ্রাতাদের মত জানিয়া 'আগামী কল্য জয়দ্রথকে বধ করিব' এইরূপ বলিয়া যে প্রতিজ্ঞা করিয়াছ, তাহা সাহসের কার্য্য করিয়াছ ॥২॥

তুমি আমার সহিত পরামর্শ না করিয়াই এই গুরুতর ভার বহন করিতে উদ্যত হইয়াছ। ইহাতে আমরা সমস্ত লোকের নিকট উপহাস্য হইব না কেন? ॥৩॥

(২)···ত্বয়া চাপি প্রতিশ্রুতম্···পি।

CENTRAL LIBRARY

ত্বয়া বৈ সংপ্রতিজ্ঞাতে সিন্ধুরাজবধে তদা।
সিংহনাদঃ সবাদিত্রঃ সুমহানিহ তৈঃ শ্রুতঃ ॥৫॥
তেন শব্দেন বিত্রস্তা ধার্ত্তরাষ্ট্রাঃ সসৈন্ধবাঃ।
নাকস্মাৎ সিংহনাদোঽয়মিতি মত্বা ব্যবস্থিতাঃ ॥৬॥
সুমহান্ শব্দসংপাতঃ কৌরবাণাং মহাভুজ!।
আসীন্নাগাশ্বপত্তীনাং রথঘোষঃ সুভৈরবঃ ॥৭॥
অভিমন্যোর্বধং শ্রুত্বা ধ্রুবমার্ত্তো ধনঞ্জয়ঃ।
রাত্রৌ নির্যাস্যতি ক্রোধাদিতি মত্বা ব্যবস্থিতাঃ ॥৮॥
তৈর্যতদ্ভিরিয়ং সত্যা শ্রুতা সত্যব্রতস্য তে।
প্রতিজ্ঞা সিন্ধুরাজস্য বধে রাজীবলোচন! ॥৯॥

ভারতকৌমুদী

ধার্ত্তেতি। প্রণিহিতাঃ পূর্ব্বমেব স্থাপিতাঃ। প্রবৃত্তিং তত্রত্যং বৃত্তান্তম্ ॥৪॥
ত্বয়েতি। সবাদিত্রো বাদ্যধ্বনিসহিতঃ। ইহ শিবিরে কৃত ইতি শেষঃ ॥৫॥
তেনেতি। অকস্মাৎ বিনা কারণম্। ব্যবস্থিতা উৎকণ্ঠিতাঃ স্থিতাঃ ॥৬॥
সুমহানিতি। শব্দস্য সম্পাত আবির্ভাবঃ। নাগাশ্বপত্তীনাং হস্ত্যশ্বপদাতীনাম্ ॥৭॥
অভীতি। আর্ত্তঃ শোকেন পীড়িতঃ। নির্যাস্যতি যুদ্ধায় শিবিরাদিতি শেষঃ ॥৮॥

আমি দুর্য্যোধনের শিবিরে কতকগুলি গুপ্তচর রাখিয়াছিলাম; তাহারা সত্বর আসিয়া আমাকে জানাইয়াছে—॥৪॥

তুমি তখন জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিলে, কৌরবেরা এই শিবিরে বাদ্য-ধ্বনির সহিত বিশাল সিংহনাদ শুনিয়াছে ॥৫॥

সেই শব্দে উদ্বিগ্ন হইয়া জয়দ্রথের সহিত ধার্ত্তরাষ্ট্রেরা 'বিনা কারণে এ সিংহনাদ হয় নাই' ইহা ভাবিয়া উৎকণ্ঠিত হইয়া রহিয়াছে ॥৬॥

মহাবাহু! তা'র পর কৌরবপক্ষেও অতিবিশাল কোলাহল এবং হস্তী, অশ্ব, রথ ও পদাতির অতিভয়ঙ্কর শব্দ হইয়াছিল ॥৭॥

কারণ, অর্জ্জুন অভিমন্যুর বধবৃত্তান্ত শুনিয়া শোকার্ত্ত হইয়া নিশ্চয়ই ক্রোধবশতঃ এই রাত্রিতেই যুদ্ধ করিবার জন্য শিবির হইতে নির্গত হইবে ইহা মনে করিয়া কৌরবেরা প্রস্তুত হইয়া রহিয়াছে ॥৮॥

কৌরবেরা যুদ্ধে যত্নবান্ রহিয়াছে; আবার তুমিও সত্যপরায়ণ। সুতরাং পদ্মনয়ন! তোমার এই জয়দ্রথবধের প্রতিজ্ঞা তাহারা সত্য বলিয়াই শুনিয়াছে ॥৯॥

(৫)···সিন্ধুরাজবধে প্রভো···পি বা নি।

ততো বিমনসঃ সর্ব্বে ত্রস্তাঃ ক্ষুদ্রমৃগা ইব।
আসন্ সুযোধনামাত্যাঃ স চ রাজা জয়দ্রথঃ ॥১০॥
অথোত্থায় সহামাত্যৈর্দীনঃ স্বশিবিরাৎ কিল।
আয়াৎ সৌবীরসিন্ধূনামীশ্বরো রাজসংসদম্ ॥১১॥
স মন্ত্রকালে সংমন্ত্র্য সর্ব্বা নৈঃশ্রেয়সীঃ ক্রিয়াঃ।
সুযোধনমিদং বাক্যমব্রবীদ্রাজসংসদি ॥১২॥
মামসৌ পুত্রহন্তেতি শ্বোঽভিযাতা ধনঞ্জয়ঃ।
প্রতিজ্ঞাতো হি সেনায়া মধ্যে তেন বধো মম ॥১৩॥
তাং ন দেবা ন গন্ধর্বা নাসুরোরগরাক্ষসাঃ।
উৎসহন্তেঽন্যথা কর্ত্তুং প্রতিজ্ঞাং সব্যসাচিনঃ ॥১৪॥
তে মাং রক্ষত সংগ্রামে মা বো মূর্দ্ধ্নি ধনঞ্জয়ঃ।
পদং কৃত্বাপ্নুয়াল্লক্ষ্যং তস্মাদত্র বিধীয়তাম্ ॥১৫॥

ভাব কৌমুদী

তৈরিতি। যতন্তির্যুদ্ধায় যতমানৈঃ। হে রাজীবলোচন! পদ্মনয়ন! ॥৯॥
তত ইতি। বিমনসো বিষণ্ণচিত্তাঃ, ত্রস্তাঃ সিংহাদিবার্জ্জুনাদ্ভীতাঃ ॥১০॥
অথেতি। দীনো ভয়কাতরঃ। ঈশ্বরঃ পতির্জয়দ্রথঃ ॥১১॥
স ইতি। নৈঃশ্রেয়সীর্মঙ্গলকারিণীঃ, ক্রিয়া আত্মরক্ষাসম্বন্ধিনো ব্যাপারান্ ॥১২॥
মামিতি। শ্বঃ পরদিনে, অভিযাতা অভ্যাগমিষ্যতি ॥১৩॥
তামিতি। উৎসহন্তে শক্নুবন্তি, অন্যথা নিষ্ফলাম্। সব্যসাচিনোঽর্জ্জুনস্য ॥১৪॥

তাহার পর দুর্য্যোধনের অমাত্যেরা এবং সেই জয়দ্রথরাজা ইহারা সকলেই ক্ষুদ্রমৃগের ন্যায় ভীত ও বিষণ্ণচিত্ত হইয়াছিল ॥১০॥

তৎপরে জয়দ্রথ কাতর হইয়া গাত্রোত্থান করিয়া আপন শিবির হইতে রাজসভায় আসিয়াছিল ॥১১॥

ক্রমে জয়দ্রথ মন্ত্রণার সময়ে সমস্ত মঙ্গলজনক কার্য্যের আলোচনা করিয়া রাজসভায় দুর্য্যোধনকে এই কথা বলিয়াছিল—॥১২॥

'আমি পুত্রহন্তা বলিয়া অর্জ্জুন আগামী কল্য আমাকে আক্রমণ করিতে আসিবে। কারণ, সে—সৈন্যগণের মধ্যে আমার বধের প্রতিজ্ঞা করিয়াছে ॥১৩॥

দেবতা, গন্ধর্ব, অসুর, নাগ, কিংবা রাক্ষসেরাও অর্জ্জুনের সেই প্রতিজ্ঞার অন্যথা করিতে সমর্থ হন না ॥১৪॥

(১১)…দীনঃ শিবিরমাত্মনঃ…ঈশ্বরো ভৃশদুঃখিতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

অথ রক্ষা ন মে সংখ্যে ক্রিয়তে কুরুনন্দন ! ।
অনুজানীহি মাং রাজন্ ! গমিষ্যামি গৃহান্ প্রতি ॥১৬॥
এবমুক্তস্ত্ববাক্‌শীর্ষো বিমনাঃ স সুযোধনঃ ।
শ্রুত্বাভিশপ্তবন্তং ত্বাং ধ্যানমেবান্বপদ্যত ॥১৭॥
তমার্ত্তমভিসংপ্রেক্ষ্য রাজা কিল স সৈন্ধবঃ ।
মৃদু চাত্মহিতঞ্চৈব সাক্ষেপমিদমুক্তবান্ ॥১৮॥
নেহ পশ্যামি ভবতাং তথাবীর্য্যং ধনুর্দ্ধরম্ ।
যোঽর্জ্জুনস্যাস্ত্রমস্ত্রেণ প্রতিহন্যান্মহাহবে ॥১৯॥
বাসুদেবসহায়স্য গাণ্ডীবং ধুন্বতো ধনুঃ ।
কোঽর্জ্জুনস্যাগ্রতস্তিষ্ঠেৎ সাক্ষাদপি শতক্রতুঃ ॥২০॥

ভারতকৌমুদী

ত ইতি। পদং স্থানম্। লক্ষ্যং মাম্। বিধীয়তাং যোগ্য উপায় ইতি শেষঃ ॥১৫॥

অথেতি। সংখ্যে যুদ্ধে, ক্রিয়তে যুষ্মাভিঃ। গৃহান্ স্বভবনানি ॥১৬॥

এবমিতি। অবাক্‌শীর্ষঃ অবনতমস্তকঃ। অভিশপ্তবন্তং, প্রতিজ্ঞাতবন্তম্, ধ্যানং চিন্তাম্, অন্বপদ্যত প্রাপ্তোৎ। ইদন্তু পার্থস্য প্রাধান্যসূচনায়। চরৈস্তন্মুখোক্তমিতি ন পূর্ব্বেণ সহ বিরোধঃ ॥১৭॥

তমিতি। আর্ত্তং ভয়পীড়িতম্। সৈন্ধবো জয়দ্রথঃ। সাক্ষেপং সানুতাপম্ ॥১৮॥

নেতি। ভবতাং মধ্যে, তথা তাদৃগ্‌বীর্য্যং যস্য তম্। মহাহবে মহাযুদ্ধে ॥১৯॥

বাস্বিতি। বাসুদেবঃ কৃষ্ণঃ সহায়ো যস্য তস্য, ধুন্বতঃ সঞ্চালয়তঃ ॥২০॥

অতএব আপনারা যুদ্ধে আমাকে রক্ষা করিবার উপায় করুন। অর্জ্জুন যেন আপনাদের মস্তকের উপরে থাকিয়া লক্ষ্যলাভ না করে। সুতরাং আপনারা এ বিষয়ে উপযুক্ত উপায় স্থির করুন ॥১৫॥

কৌরবনন্দন রাজা ! পক্ষান্তরে আপনারা যদি আমাকে যুদ্ধে রক্ষা করিতে না পারেন, তবে আমাকে অনুমতি করুন, আমি আপন ভবনে চলিয়া যাই' ॥১৬॥

অর্জ্জুন ! জয়দ্রথ এইরূপ বলিলে, তুমি জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিয়াছ শুনিয়া দুর্য্যোধন অধোবদন ও বিষণ্ণচিত্ত হইয়া চিন্তা করিতে লাগিলেন ॥১৭॥

তখন দুর্য্যোধনকে উদ্বেগপীড়িত দেখিয়া সিন্ধুরাজ জয়দ্রথ অনুতাপের সহিত কোমলভাবে এই আপন হিতের কথা বলিল—॥১৮॥

'রাজা ! আপনাদের মধ্যে সেরূপ বলবান্ ধনুর্দ্ধর আমি দেখিতে পাই না, যিনি মহাযুদ্ধে অস্ত্রদ্বারা অর্জ্জুনের অস্ত্র প্রতিহত করিতে পারেন ॥১৯॥

(১৬)…সম্যক্ ক্রিয়তে…পি। (১৮)…সাপেক্ষমিদমুক্তবান্…বা বঙ্গ বর্দ্ধ নি।

মহেশ্বরোঽপি পার্থেন শ্রূয়তে যোধিতঃ পুরা।
পদাতিনা মহাতেজা গিরৌ হিমবতি প্রভুঃ ॥২১॥
দানবানাং সহস্রাণি হিরণ্যপুরবাসিনাম্।
জঘানৈকরথেনৈব দেবরাজপ্রচোদিতঃ ॥২২॥
সমাযুক্তো হি কৌন্তেয়ো বাসুদেবেন ধীমতা।
সামরানপি লোকাংস্ত্রীন্ নিহন্যাদিতি মে মতিঃ ॥২৩॥
সোঽহমিচ্ছাম্যনুজ্ঞাতং রক্ষিতং বা মহাত্মনা।
দ্রোণেন সহপুত্রেণ বীরেণ যদি মন্যসে ॥২৪॥
স রাজ্ঞা স্বয়মাচার্য্যো ভৃশমাক্রন্দিতোঽর্জ্জুন!।
সংবিধানঞ্চ বিহিতং রথাশ্চ কিল সজ্জিতাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

মহেশ্বর ইতি। মহেশ্বরঃ কিরাতরূপী। পদাতিনা পাদচারিণা ॥২১॥

দানবানামিতি। ইন্দ্রেণাবধ্যানাং দানবানাম্। দেবরাজেন প্রচোদিতঃ প্রেরিতঃ ॥২২॥

সমাযুক্ত ইতি। কৌন্তেয়ঃ পার্থঃ। সামরান্ অমরৈঃ সহ। নিহন্যাৎ নিহন্যুঃ শক্নুয়াৎ ॥২৩॥

স ইতি। অনুজ্ঞাতং স্বগৃহগমনায়। পুত্রেণাশ্বত্থাম্না সহেতি সহপুত্রস্তেন ॥২৪॥

স ইতি। রাজ্ঞা দুর্য্যোধনেন। আক্রন্দিত আহূতঃ। সংবিধানং জয়দ্রথরক্ষোপায়ঃ ॥২৫॥

কৃষ্ণসহায় অর্জ্জুন গাণ্ডীবধনু সঞ্চালন করিতে থাকিলে, কোন্ ব্যক্তি তাঁহার সম্মুখে থাকিতে পারে? সাক্ষাৎ ইন্দ্রও পারেন না ॥২০॥

শুনিতে পাই—পূর্ব্বে হিমালয়পর্ব্বতে অর্জ্জুন পাদচারে মহাতেজা কিরাত-রূপী প্রভু মহাদেবের সহিতও যুদ্ধ করিয়াছেন ॥২১॥

অর্জ্জুন দেবরাজপ্রেরিত হইয়া এক রথেই দেবরাজের অবধ্য হিরণ্যপুরবাসী বহুসহস্র দানবকে বধ করিয়াছিলেন ॥২২॥

সুতরাং আমার ধারণা—বুদ্ধিমান্ কৃষ্ণের সহিত মিলিত অর্জ্জুন দেবগণের সহিত ত্রিভুবনও সংহার করিতে পারেন ॥২৩॥

অতএব রাজা! আপনি যদি মনে করেন, তাহা হইলে আমি ইচ্ছা করি—আমাকে স্বগৃহগমনে অনুমতি করা হউক, অথবা অশ্বত্থামার সহিত মহাত্মা ও মহাবীর দ্রোণ আমাকে রক্ষা করুন' ॥২৪॥

অর্জ্জুন! তৎপরে স্বয়ং দুর্য্যোধনই উচ্চস্বরে দ্রোণাচার্য্যকে ডাকিলেন, জয়দ্রথকে রক্ষা করিবার উপায় করিলেন এবং রথীদিগকে সজ্জিত হইবার আদেশ দিলেন ॥২৫॥

CENTRAL LIBRARY

কর্ণো ভূরিশ্রবা দ্রৌণির্বৃষসেনশ্চ দুর্জয়ঃ।
কৃপশ্চ মদ্ররাজশ্চ ষড়েতেঽস্য পুরোগমাঃ ॥২৬॥
শকটঃ পদ্মকশ্চার্দ্ধে ব্যূহো দ্রোণেন কল্পিতঃ।
পদ্মকর্ণিকমধ্যস্থঃ সূচীপার্শ্বে জয়দ্রথঃ ॥২৭॥
স্থাস্যতে রক্ষিতো বীরৈঃ সিন্ধুরাড়্‌যুদ্ধদুর্ম্মদঃ।
ধনুষ্যস্ত্রে চ বীর্য্যে চ বলে চৈব তথৌরসে ॥২৮॥
অবিষহ্যতমা হ্যেতে নিশ্চিতাঃ পার্থ! ষড়্‌রথাঃ।
এতানজিত্বা সগণান্ নৈব প্রাপ্যো জয়দ্রথঃ ॥২৯॥ (বিশেষকম্)
তেষামেকৈকশো বীর্য্যং যন্নাং ত্বমনুচিন্তয়।
সহিতা হি নরব্যাঘ্র! ন শক্যা জেতুমঞ্জসা ॥৩০॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। অস্য জয়দ্রথস্য, পুরোগমা অগ্রবর্ত্তিনঃ কর্ত্তুং সঙ্কল্পিতাঃ ॥২৬॥

শকট ইতি। অর্দ্ধে সম্মুখে শকটঃ শকটাকারঃ, অর্দ্ধে অপরার্দ্ধে চ পদ্মকঃ পদ্মাকারঃ। পদ্মকর্ণিকস্য মধ্যস্থঃ সূচীপার্শ্বে জয়দ্রথঃ, পদ্মস্য মধ্যে কর্ণিকা, তন্মধ্যে সূচী, তৎপার্শ্বে চ জয়দ্রথঃ স্থাস্যত ইত্যর্থঃ। বীর্য্যে মানসিকবলে, ঔরসে কায়িকে বলে চ অবিষহ্যতমা অন্যৈরতীবাসহ্যাঃ, এতে কর্ণাদয়ঃ। সগণান্ অনুচরসহিতান্ ॥২৭—২৯॥

তেষামিতি। অঞ্জসা ঝটিতি, "প্রাগ্‌ঝটিত্যঞ্জসাহ্নায় দ্রাঙ্‌মঙ্‌ক্ষু সপদি দ্রুতে।" ইত্যমরঃ ॥৩০॥

কর্ণ, ভূরিশ্রবা, অশ্বত্থামা, দুর্জয় বৃষসেন, কৃপ ও শল্য এই ছয় জন রথী জয়দ্রথের সম্মুখে থাকিবেন বলিয়া স্থির হইল ॥২৬॥

আর সম্মুখভাগ শকটাকার এবং পশ্চাদ্ভাগ পদ্মাকৃতি একটা ব্যূহ দ্রোণ রচনা করিবেন, সেই পদ্মের কর্ণিকার মধ্যে আবার একটা সূচীব্যূহ হইবে, তাহার একপার্শ্বে যুদ্ধদুর্দ্ধর্ষ সিন্ধুরাজ জয়দ্রথ থাকিবেন এবং তাঁহাকে অন্যান্য বীরেরা রক্ষা করিবেন। অতএব অর্জ্জুন! এই ছয় জন রথী ধনু, অস্ত্র, মানসিক বল ও দৈহিক বলে অন্যের বিশেষ অসহ্য ইহা নিশ্চিত। সুতরাং অনুচরগণের সহিত ইহাদিগকে জয় না করিয়া জয়দ্রথকে পাওয়া যাইবে না ॥২৭—২৯॥

কারণ, নরশ্রেষ্ঠ! সেই ছয় জনের মধ্যে এক এক জনের শক্তির বিষয়ই তুমি চিন্তা কর; তাহাতে সম্মিলিত ছয় জনকে সহর জয় করা যাইবে না ॥৩০॥

(২৭) শকটঃ পদ্মপশ্চার্দ্ধঃ ··কর্ণিকায়াঃ স মধ্যস্থঃ ··পি বঙ্গ বর্দ্ধ,···পদ্মকশ্চার্দ্ধো ব্যূহো দ্রোণেন নির্ম্মিতঃ···নি। (৩০) এষামেকৈকশঃ···পি।

ভূয়স্তু মন্ত্রয়িষ্যামি নীতিমাত্মহিতায় বৈ।
মন্ত্রজ্ঞৈঃ সচিবৈঃ সার্দ্ধং সুহৃদ্ভিঃ কার্য্যসিদ্ধয়ে ॥৩১॥

অর্জ্জুন উবাচ।

ষড়্‌রথান্ ধার্ত্তরাষ্ট্রস্য মন্যসে যান্ বলাধিকান্।
তেষাং বীর্য্যং মমার্দ্ধেন ন তুল্যমিতি লক্ষয়ে ॥৩২॥
অস্ত্রমস্ত্রেণ সর্ব্বেষামেতেষাং মধুসূদন!।
ময়া দ্রক্ষ্যসি নির্ভিন্নং জয়দ্রথবধৈষিণা ॥৩৩॥
দ্রোণস্য মিষতঃ শ্বোঽহং সগণস্য বিলপ্যতঃ।
মূর্দ্ধানং সিন্ধুরাজস্য পাতয়িষ্যামি ভূতলে ॥৩৪॥
যদি বিশ্বে চ সাধ্যাশ্চ বসবশ্চ সহাশ্বিনঃ।
মরুতশ্চ মহেন্দ্রেণ রুদ্রা দেবাস্তথাসুরাঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

ভূয় ইতি। ভূয়ঃ পুনঃ। কার্য্যসিদ্ধয়ে জয়দ্রথবধনিষ্পত্তয়ে ॥৩১॥
ষড়িতি। তেষাং মিলিতানামপীতি ভাবঃ। লক্ষয়ে আলোচয়ামি ॥৩২॥
অস্ত্রমিতি। নির্ভিন্নং প্রতিহতম্ ॥৩৩॥
দ্রোণস্যেতি। মিষতঃ পশ্যতঃ, শ্বঃ পরদিনে, সগণস্য কর্ণাদিসহিতস্য ॥৩৪॥
যদীতি। বিশ্বে বিশ্বেদেবাঃ। অশ্বিভ্যাং সহেতি সহাশ্বিনঃ। মরুতো বায়বঃ। সুপর্ণা

সুতরাং আমি স্বপক্ষের হিত ও কার্য্যসিদ্ধির জন্য মন্ত্রণাভিজ্ঞ ও হিতৈষী মন্ত্রীদের সহিত পুনরায় এই নীতির বিষয় আলোচনা করিব' ॥৩১॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! তুমি দুর্য্যোধনের পক্ষের যে ছয় জন রথীকে অধিক বলবান্ বলিয়া মনে করিতেছ, আমি তাঁহাদের সম্মিলিত ছয় জনের শক্তিকেও আমার শক্তির অর্দ্ধের তুল্য বলিয়া ধারণা করি না ॥৩২॥

মধুসূদন! তুমি দেখিবে—আমি জয়দ্রথবধার্থী হইয়া আপন অস্ত্রদ্বারা ইহাদের সকলের অস্ত্রই নিবারণ করিব ॥৩৩॥

এবং আগামী কল্য কর্ণপ্রভৃতির সহিত দ্রোণের সমক্ষেই বিলাপকারী জয়দ্রথের মস্তক ভূতলে নিপাতিত করিব ॥৩৪॥

কৃষ্ণ! আমি সত্য শপথ ও অস্ত্রস্পর্শ করিয়া বলিতেছি—যদি বিশ্বেদেবগণ,

(৩১) ভূয়শ্চ চিন্তয়িষ্যামঃ···বর্দ্ধ। ইতঃ পরম্ '···ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (৩৪) দ্রোণস্য মিষতশ্চাহম্···পি, দ্রোণস্য মিষতশ্চাহং সগণস্য বিপশ্চিতঃ···নি।

CENTRAL LIBRARY

পিতরশ্চ সগন্ধর্ব্বাঃ সুপর্ণাঃ সাগরাদ্রয়ঃ।
দ্যৌর্বিয়ৎ পৃথিবী চেয়ং দিশশ্চ সদিগীশ্বরাঃ ॥৩৬॥
গ্রাম্যারণ্যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ত্রাতারঃ সিন্ধুরাজস্য ভবন্তি মধুসূদন! ॥৩৭॥
তথাপি বাণৈর্নিহতং শ্বো দ্রষ্টাসি রণে ময়া।
সত্যেন চ শপে কৃষ্ণ! তথৈবায়ুধমালভে ॥৩৮॥ (কলাপকম্)
যস্তু গোপ্তা মহেষ্বাসস্তস্য পাপস্য দুর্মতেঃ।
তমেব প্রথমং দ্রোণমভিযাস্যামি কেশব! ॥৩৯॥
তস্মিন্ যুদ্ধমিদং বদ্ধং মন্যতে স সুযোধনঃ।
তস্মাত্তস্যৈব সেনাগ্রং ভিত্ত্বা যাস্যামি সৈন্ধবম্ ॥৪০॥
দ্রষ্টাসি শ্বো মহেষ্বাসান্ নারাচৈস্তিগ্মতেজনৈঃ।
শৃঙ্গাণীব গিরের্ব্বজ্রৈর্দার্য্যমাণান্ ময়া যুধি ॥৪১॥

ভারতকৌমুদী

গরুড়াঃ। ইদন্তু পক্ষিমাত্রোপলক্ষণম্। সাগরাদ্রয়ঃ সমুদ্রপর্ব্বতাঃ। দ্যৌঃ স্বর্গঃ, বিয়ৎ আকাশম্। গ্রাম্যভূতানি মনুষ্যাদীনি, আরণ্যভূতানি চ মৃগাদীনি, চরাণি জঙ্গমানি। শ্বঃ পরদিনে। শপে শপথং করোমি। আলভে স্পৃশামি ॥৩৫—৩৮॥

য ইতি। গোপ্তা রক্ষিতা, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, তস্য জয়দ্রথস্য ॥৩৯॥

তস্মিন্নিতি। তস্মিন্ দ্রোণে। বদ্ধং জয়ে সম্বদ্ধম্। সৈন্ধবং জয়দ্রথম্ ॥৪০॥

দ্রষ্টাসীতি। শ্বঃ পরদিনে, মহেষ্বাসান্ কর্ণাদীন্, তিগ্মতেজনৈস্তীব্রতেজোভিঃ ॥৪১॥

সাধ্যগণ, বসুগণ, অশ্বিনীকুমারদ্বয়, বায়ুগণ, রুদ্রগণ, ইন্দ্রের সহিত দেবগণ, অসুরগণ, পিতৃগণ, গন্ধর্ব্বগণ, পক্ষিগণ, সমুদ্রগণ, পর্ব্বতগণ, স্বর্গ, আকাশ, এই পৃথিবী, দিক্ সকল, দিক্পালগণ, গ্রাম্য প্রাণিগণ, বন্যপ্রাণিগণ, স্থাবরগণ এবং জঙ্গমগণও জয়দ্রথের রক্ষক হন, তথাপি আগামী কল্য দেখিতে পাইবে যে, আমি যুদ্ধে বাণদ্বারা জয়দ্রথকে নিহত করিয়াছি ॥৩৫—৩৮॥

কেশব! যে মহাধনুর্দ্ধর সেই পাপাত্মা ও দুর্মতির রক্ষক হইবেন, আমি প্রথমেই সেই দ্রোণের অভিমুখে যাইব ॥৩৯॥

সেই দুর্য্যোধন মনে করে—দ্রোণের উপরেই এই যুদ্ধ আবদ্ধ রহিয়াছে। সুতরাং আমি তাঁহার সৈন্যের সম্মুখই ভেদ করিয়া জয়দ্রথের নিকট যাইব ॥৪০॥

(৪০) যস্মিন্ দ্যূতমিদং রব্ধম্…পি, যস্মিন্ দ্যূতমিদং বদ্ধম্…বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

নরনাগাশ্বদেহেভ্যো বিস্রবিষ্যতি শোণিতম্।
পতদ্ভ্যঃ পতিতেভ্যশ্চ বিভিন্নেভ্যঃ শিতৈঃ শরৈঃ ॥৪২॥
গাণ্ডীবপ্রেষিতা বাণা মনোঽনিলসমা জবে।
নৃনাগাশ্বান্ বিদেহাসূন্ কর্ত্তারশ্চ সহস্রশঃ ॥৪৩॥
যমাৎ কুবেরাদ্বরুণাদ্রুদ্রাদিন্দ্রাচ্চ যন্ময়া।
উপাত্তমস্ত্রং ঘোরং বৈ তদ্দ্রষ্টারো নরা যুধি ॥৪৪॥
ব্রাহ্মেণাস্ত্রেণ চাস্ত্রাণি হন্যমানানি সংযুগে।
ময়া দ্রষ্টাসি সর্ব্বেষাং সৈন্ধবস্যাভিরক্ষিণাম্ ॥৪৫॥
শরবেগসমুৎকৃত্তৈ রাজ্ঞাং কেশব! মূর্দ্ধভিঃ।
আস্তীর্য্যমাণাং পৃথিবীং দ্রষ্টাসি শ্বো ময়া যুধি ॥৪৬॥

ভারতকৌমুদী

নরেতি। বিস্রবিষ্যতি নিঃসরিষ্যতি। বিভিন্নেভ্যো বিদীর্ণেভ্যঃ, শিতৈঃ সুধারৈঃ ॥৪২॥

গাণ্ডীবেতি। জবে বেগে। বিগতা দেহা অসবঃ প্রাণাশ্চ যেষাং তান্, কর্ত্তারঃ করিষ্যন্তি ॥৪৩॥

যমাদিতি। উপাত্তং প্রাপ্তম্। দ্রষ্টারো দ্রক্ষ্যন্তি ॥৪৪॥

ব্রাহ্মেণেতি। দ্রষ্টাসি দ্রক্ষ্যসি, সৈন্ধবস্য জয়দ্রথস্য ॥৪৫॥

কৃষ্ণ! তুমি আগামী কল্য দেখিবে—ইন্দ্র যেমন বজ্রদ্বারা পর্বতশৃঙ্গ সকল বিদীর্ণ করিয়াছিলেন, আমিও সেইরূপ তীব্রবেগশালী নারাচসমূহদ্বারা মহা-ধনুর্দ্ধরগণকে বিদীর্ণ করিতেছি ॥৪১॥

আমার সুধার বাণসমূহদ্বারা বিদীর্ণ হইয়া পতনশীল ও পতিত মানুষ, হস্তী ও অশ্বগণের দেহ হইতে রক্ত নির্গত হইবে ॥৪২॥

মন ও বায়ুর তুল্য বেগবান্ আমার গাণ্ডীবনিক্ষিপ্ত বাণ সকল যাইয়া বিপক্ষের সহস্র সহস্র হস্তী, অশ্ব ও মানুষকে দেহবিহীন ও প্রাণশূন্য করিবে ॥৪৩॥

যম, কুবের, বরুণ, রুদ্র ও ইন্দ্রের নিকট আমি যে সকল ভয়ঙ্কর অস্ত্র লাভ করিয়াছি, তাহা আগামী কল্য যুদ্ধে সকল লোক দেখিতে পাইবে ॥৪৪॥

কৃষ্ণ! তুমি দেখিবে—জয়দ্রথের রক্ষক সমস্ত যোদ্ধার অস্ত্রই আমি যুদ্ধে এক ব্রহ্মাস্ত্রদ্বারা প্রতিহত করিব ॥৪৫॥

কেশব! তুমি আগামী কল্য দেখিতে পাইবে—রাজাদের মস্তকগুলি আমার বাণবেগে ছিন্ন হইয়া সমরভূমি আবৃত করিবে ॥৪৬॥

ক্রব্যাদাংস্তর্পয়িষ্যামি দ্রাবয়িষ্যামি শাত্রবান্।
সুহৃদো নন্দয়িষ্যামি পাতয়িষ্যামি সৈন্ধবম্ ॥৪৭॥
বহ্বাগস্কৃৎ কুসম্বন্ধী পাপদেশসমুদ্ভবঃ।
ময়া সৈন্ধবকো রাজা হতঃ স্বান্ শোচয়িষ্যতি ॥৪৮॥
সর্ব্বক্ষীরান্নভোক্তারং পাপাচারং রণাজিরে।
ময়া সরাজকা বাণৈর্ভিন্নং দ্রক্ষ্যন্তি সৈন্ধবম্ ॥৪৯॥
তথা প্রভাতে কর্ত্তাস্মি যথা কৃষ্ণ! সুযোধনঃ।
নান্যং ধনুর্দ্ধরং লোকে মংস্যতে মৎসমং যুধি ॥৫০॥
গাণ্ডীবঞ্চ ধনুর্দিব্যং যোদ্ধা চাহং নরর্ষভ!।
ত্বঞ্চ যন্তা হৃষীকেশ! কিং নু স্যাদজিতং ময়া ॥৫১॥

ভারতকৌমুদী

শরেতি। শরবেগেন সমুৎকৃষ্টৈঃ সম্যক্‌ছিন্নৈঃ। শ্বঃ পরদিনে ॥৪৬॥
ক্রব্যাদানিতি। ক্রব্যাদান্ মাংসভোজিনো জন্তূন্, দ্রাবয়িষ্যামি পীড়য়িষ্যামি ॥৪৭॥
বহ্বিতি। বহ্বাগস্কৃৎ দ্রৌপদীহরণাদিনা প্রচুরাপরাধকারী, কুসম্বন্ধী দুর্জ্জনসংসর্গী ॥৪৮॥
সর্বেতি। সর্বক্ষীরান্নভোক্তারমিত্যনেন চিরসুখিনমিত্যুচ্যতে। সরাজকা লোকাঃ ॥৪৯॥
তথেতি। প্রভাতে প্রভাতকালাবধিপরদিবসে, কর্ত্তাস্মি যুদ্ধং করিষ্যামি ॥৫০॥
গাণ্ডীবমিতি। গাণ্ডীবাদিকং সর্বমসাধারণ্যসূচকম্। দিব্যং স্বর্গীয়ম্। যন্তা সারথিঃ ॥৫১॥

আমি আগামী কল্য মাংসভোজী জন্তুগণকে পরিতৃপ্ত করিব, শত্রুগণকে পীড়িত করিব, বন্ধুজনের আনন্দ জন্মাইব এবং জয়দ্রথকে নিপাতিত করিব ॥৪৭॥

বহু অপরাধকারী, দুর্জ্জনসংসর্গী ও পাপদেশে সমুৎপন্ন জয়দ্রথরাজা আমার হাতে নিহত হইয়া তাহার বন্ধুবর্গকে শোকার্ত্ত করিবে ॥৪৮॥

আগামী কল্য রাজাদের সহিত সমস্ত লোক দেখিবে—সর্ব্বদা ক্ষীরান্ন-ভোজী ও পাপাচারী জয়দ্রথ আমার বাণে বিদীর্ণ হইয়া সমরাঙ্গনে শয়ন করিবে ॥৪৯॥

কৃষ্ণ! আমি আগামী কল্য তেমন যুদ্ধ করিব, যাহাতে দুর্য্যোধন জগতে অপর কোন ধনুর্দ্ধরকে যুদ্ধে আমার তুল্য মনে না করে ॥৫০॥

নরশ্রেষ্ঠ হৃষীকেশ! স্বর্গীয় গাণ্ডীবধনু, আমি যোদ্ধা এবং তুমি সারথি। ইহাতে আমার অবিজিত কি থাকিতে পারে? ॥৫১॥

(৪৭)···প্রমথিষ্যামি সৈন্ধবম্—পি। (৫১)···যোদ্ধা চাহং নরর্ষভঃ···পি।

তব প্রসাদাদ্ভগবন্! কিমিহাস্তি রণে মম।
অবিষহ্যং হৃষীকেশ! কিং জানন্ মাং বিগর্হসি ॥৫২॥
যথা লক্ষ্ম স্থিরং চন্দ্রে সমুদ্রে চ যথা জলম্।
এবমেতাং প্রতিজ্ঞাং বৈ সত্যাং বিদ্ধি জনার্দ্দন! ॥৫৩॥
মাবমংস্থা মমাস্ত্রাণি মাবমংস্থা ধনুর্দৃঢ়ম্।
মাবমংস্থা বলং বাহ্বোর্মাবমংস্থা ধনঞ্জয়ম্ ॥৫৪॥
যথাভিযায় সংগ্রামে ন জীয়েঽহং জয়ামি চ।
তেন সত্যেন সমরে হতং বিদ্ধি জয়দ্রথম্ ॥৫৫॥
ধ্রুবং বৈ ব্রাহ্মণে সত্যং ধ্রুবা সাধুসমুন্নতিঃ।
শ্রীর্ধ্রুবা চাপি দক্ষেষু ধ্রুবো নারায়ণে জয়ঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

তবেতি। অবিষহ্যমশক্যম্। বিগর্হসি "তৎসাহসমিদং কৃতম্" ইত্যাদিনা নিন্দসি ॥৫২॥
যথেতি। লক্ষ্ম শশচিহ্নম্। এতাং জয়দ্রথবধবিষয়াম্ ॥৫৩॥
মেতি। মা অবমংস্থা নাবজানীহি। সর্ব্বত্র দৃষ্টশক্তিকত্বাদিতি ভাবঃ ॥৫৪॥
যথেতি। ন জীয়ে কেনাপি জিতো ন ভবামি। বিদ্ধি জানীহি ॥৫৫॥
ধ্রুবমিতি। মৎপক্ষনারায়ণজয়স্য ধ্রুবত্বান্মম জয়োঽপি ধ্রুব এবেত্যাশয়ঃ ॥৫৬॥

ভগবন্! তোমার অনুগ্রহে এই জগতে যুদ্ধে আমার অশক্য কি আছে? অতএব হৃষীকেশ! তুমি ইহা জানিয়াও আমাকে কেন নিন্দা করিতেছ? ॥৫২॥

জনার্দ্দন! চন্দ্রের চিহ্ন ও সমুদ্রের জল যেমন সত্য, তেমন আমার এই প্রতিজ্ঞাও সত্য বলিয়াই জানিও ॥৫৩॥

কৃষ্ণ! তুমি আমার অস্ত্রগুলিকে অবজ্ঞা করিও না, আমার দৃঢ় ধনুকে অবহেলা করিও না, আমার বাহুবলকে হেয় ধারণা করিও না এবং অর্জ্জুনকেও তুচ্ছ মনে করিও না ॥৫৪॥

আমি যুদ্ধে গেলে কেহ আমাকে জয় করিতে পারে না, আমিই সকলকে জয় করি। সেই সত্য ঘটনা স্মরণ করিয়া যুদ্ধে জয়দ্রথকে নিহত বলিয়াই জানিয়া রাখ ॥৫৫॥

ব্রাহ্মণে সত্য—ধ্রুব, সাধুজনে উন্নতি—ধ্রুব, কার্য্যদক্ষলোকে সম্পৎ—ধ্রুব এবং নারায়ণে জয়—ধ্রুব ॥৫৬॥

(৫২)···কিং নাবাপ্তং রণে মম···বিগর্হসে—বঙ্গ বর্দ্ধ। (৫৫) যথা হি যোদ্ধা সংগ্রামে ন জীয়েয়···বঙ্গ বর্দ্ধ। (৫৬)···ধ্রুবা সাধুষু সন্নতিঃ। শ্রীর্ধ্রুবা চাতিদক্ষেষু···বর্দ্ধ।

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা হৃষীকেশং স্বয়মাত্মানমাত্মনা।
সন্দিদেশার্জ্জুনো নর্দ্দন্ বাসবিঃ কেশবং প্রভুম্ ॥৫৭॥
যথা প্রভাতাং রজনীং কল্পিতঃ স্যাদ্রথো মম।
তথা কার্য্যং ত্বয়া কৃষ্ণ! কার্য্যং হি মহদুদ্যতম্ ॥৫৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং কৃষ্ণার্জ্জুনসংবাদে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তাং নিশাং শোকদুঃখার্ত্তৌ শ্বসন্তাবিব পন্নগৌ।
নিদ্রাং নৈবোপলেভাতে বাসুদেবধনঞ্জয়ৌ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিঃ অর্জ্জুনঃ, নর্দ্দন্ শৌর্য্যেণ গর্জ্জন্, এবমুক্ত্বা, আত্মনা যত্নেন, স্বয়ং স্বরাট্স্বরূপম্, আত্মানং পরমাত্মভূতঞ্চ, হৃষীকেশং মায়ানিয়ন্তারম্, অতএব প্রভুং সর্ব্বাতিশায়িপ্রভাবম্, কেশবং কৃষ্ণম্, সন্দিদেশ আদিদেশ। ঈদৃশং কৃষ্ণং প্রত্যপি অর্জ্জুনস্যাদেশেন ভক্তাধীনো ভগবানিতি সূচিতম্ ॥৫৭॥

যথেতি। রজনীমিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া। কল্পিতঃ সজ্জিতঃ। কার্য্যং কর্ত্তব্যম্। হি যস্মাৎ, জয়দ্রথবধরূপং মহৎ কার্য্যম্, উদ্যতং কর্ত্তুমারব্ধম্ ॥৫৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

সঞ্জয় বলিলেন—'ইন্দ্রনন্দন অর্জ্জুন বীরত্ববশতঃ গর্জ্জন করতঃ এইরূপ বলিয়া যত্ন সহকারে স্বরাট্স্বরূপ, পরমাত্মরূপী, মায়ানিয়ন্তা ও সর্ব্বাধিকপ্রভাবশালী কৃষ্ণকে আদেশ করিলেন—॥৫৭॥

'কৃষ্ণ! রাত্রি প্রভাত হইবামাত্র আমার রথ যাহাতে সজ্জিত হয়, তুমি তাহা করিবে। কারণ, গুরুতর কার্য্য আরম্ভ করা হইয়াছে' ॥৫৮॥

* '...চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (১)... নিশ্বসন্তাবিবোরগৌ...পি বা নি।

CENTRAL LIBRARY

নরনারায়ণৌ ক্রুদ্ধৌ জ্ঞাত্বা দেবাঃ সবাসবাঃ।
ব্যথিতাশ্চিন্তয়ামাসুঃ কিং স্বিদেতদ্ভবিষ্যতি ॥২॥
ববুশ্চ দারুণা বাতা রূক্ষা ঘোরাভিশংসিনঃ।
সকবন্ধস্তথাদিত্যে পরিঘঃ সমদৃশ্যত ॥৩॥
শুষ্কাশন্যশ্চ সংপেতুঃ সনির্ঘাতাঃ সবিদ্যুতঃ।
চচাল চাপি পৃথিবী সশৈলবনকাননা ॥৪॥
চুক্ষুভুশ্চ মহারাজ! সাগরা মকরালয়াঃ।
প্রতিস্রোতঃ প্রবৃত্তাশ্চ তথা গন্তুং সমুদ্রগাঃ ॥৫॥
রথাশ্বনরনাগানাং প্রবৃত্তমধরোত্তরম্।
ক্রব্যাদানাং প্রমোদার্থং যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৬॥

ভারতকৌমুদী

তামিতি। পন্নগৌ সর্পাবিব, শ্বসন্তৌ নিশ্বাসং ত্যজন্তৌ ॥১॥

নরেতি। নরনারায়ণৌ তদবতারৌ অর্জ্জুনকৃষ্ণৌ। সবাসবা ইন্দ্রসহিতাঃ ॥২॥

ববুরিতি। ঘোরাভিশংসিনো ভয়সূচকাঃ। পরিঘঃ পরিঘচিহ্নম্, সমদৃশ্যত দেবৈরেব। অন্যেষান্তু তাদৃশপ্রভাবাভাবেন রাত্রৌ সূর্য্যমণ্ডলদর্শনাসম্ভব ইত্যবধেয়ম্ ॥৩॥

শুষ্কেতি। শুষ্কাশন্যো নির্জলবজ্রাঃ। শৈলৈঃ পর্বতৈঃ বনৈরুদ্যানৈঃ কাননৈররণ্যৈশ্চ সহেতি সা ॥৪॥

চুক্ষুভুরিতি। প্রতিস্রোতো গন্তুং প্রবৃত্তাঃ প্রতিকূলস্রোতোভির্বহন্তি স্ম, সমুদ্রগা নদ্যঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'শোকদুঃখপীড়িত কৃষ্ণ ও অর্জ্জুন দুইটা সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া সেই রাত্রিতে আর নিদ্রা যাইতে পারিলেন না ॥১॥

ওদিকে নরনারায়ণাবতার অর্জ্জুন ও কৃষ্ণ ক্রুদ্ধ হইয়াছেন জানিয়া ইন্দ্র-প্রভৃতি দেবতারা উদ্বিগ্ন হইয়া চিন্তা করিতে লাগিলেন যে, 'এটা কিরূপ ব্যাপার হইবে' ॥২॥

রূক্ষ ও ভয়সূচক দারুণ বায়ু বহিতে লাগিল এবং দেবতারা সূর্য্যমণ্ডলে কবন্ধযুক্ত পরিঘচিহ্ন দেখিতে থাকিলেন ॥৩॥

নির্ঘাত ও বিদ্যুতের সহিত জলশূন্য বজ্র পতিত হইতে থাকিল এবং পর্ব্বত, উদ্যান ও বনের সহিত পৃথিবী কাঁপিতে লাগিল ॥৪॥

মহারাজ! মকরাবাস সমুদ্র সকল উদ্বেলিত হইল এবং নদীগুলি প্রতিকূল স্রোতে চলিতে থাকিল ॥৫॥

(৬) ··যমরাষ্ট্রবিবৃদ্ধয়ে—পি বা নি।

CENTRAL LIBRARY

বাহনানি শকৃন্মূত্রে মুমুচু রুরুদুশ্চ হ।
তান্ দৃষ্ট্বা দারুণান্ সর্বানুৎপাতান্ লোমহর্ষণান্ ॥৭॥
সর্বে তে ব্যথিতাঃ সৈন্যাস্ত্বদীয়া ভরতর্ষভ!।
শ্রুত্বা মহাবলস্যোগ্রাং প্রতিজ্ঞাং সব্যসাচিনঃ ॥৮॥ (যুগ্মকম্)
অথ কৃষ্ণং মহাবাহুরব্রবীৎ পাকশাসনিঃ।
আশ্বাসয় সুভদ্রাং ত্বং ভগিনীং স্নুষয়া সহ ॥৯॥
স্নুষাপ্রেষ্যাবয়স্যাশ্চ বিশোকাঃ কুরু মাধব!।
সাম্না সত্যেন যুক্তেন বচসাশ্বাসয় প্রভো! ॥১০॥
ততোঽর্জ্জুনগৃহং গত্বা বাসুদেবঃ সুদুর্মনাঃ।
ভগিনীং পুত্রশোকার্ত্তামাশ্বাসয়ত দুঃখিতাম্ ॥১১॥

ভারতকৌমুদী

রথেতি। অধরোত্তরং বিপরীতভাবঃ স্বপক্ষেষ্বপি হিংসাপ্রবৃত্তিঃ। ক্রব্যাদানাং মাংসভোজিনাম্ ॥৬॥

বাহনানীতি। শকৃন্মূত্রে বিষ্ঠামূত্রে। ব্যথিতা ভয়েন ॥৭—৮॥

অথেতি। পাকশাসনস্য ইন্দ্রস্যাপত্যমিতি পাকশাসনিরর্জ্জুনঃ। স্নুষয়া বধ্বা উত্তরয়া ॥৯॥

স্নুষেতি। স্নুষায়া উত্তরায়াঃ প্রেষ্যা দাসীঃ বয়স্যাঃ সখীশ্চ। সাম্না সান্ত্বনাকরেণ ॥১০॥

তত ইতি। ভগিনীং সুভদ্রাম্ ॥১১॥

মাংসভোজী জন্তুগণের আমোদের জন্য হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগের বিপরীত হিংসাপ্রবৃত্তি জন্মিতে থাকিল; তাহাতে যমরাজ্যবৃদ্ধির সম্ভাবনা হইল ॥৬॥

হস্তী ও অশ্বপ্রভৃতি বাহনগুলি বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে লাগিল এবং রোদন করিতে থাকিল। ভরতশ্রেষ্ঠ! আপনার সৈন্যেরা সকলেই সেই সমস্ত ভয়ঙ্কর ও লোমহর্ষণ উৎপাত দেখিয়া এবং মহাবল অর্জ্জুনের সেই দারুণ প্রতিজ্ঞা শুনিয়া ভয়ে ব্যথিত হইয়া পড়িল ॥৭—৮॥

তদনন্তর মহাবাহু অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! তুমি যাইয়া আমার পুত্রবধূ উত্তরার সহিত তোমার ভগিনী সুভদ্রাকে আশ্বস্ত কর ॥৯॥

প্রভু মাধব! উত্তরার দাসী ও সখীদিগকে শোকবিহীন কর এবং সত্য ও সান্ত্বনাযুক্ত বাক্যদ্বারা আশ্বস্ত কর' ॥১০॥

(১০) স্নুষাং স্বসারমেবাশু বিশোকে কুরু মাধব!··· পি, স্নুষাং চাস্যা বয়স্যাশ্চ বিশোকাঃ কুরু মাধব!···বা নি।

CENTRAL LIBRARY

বাসুদেব উবাচ।

মা শোকং কুরু বার্ষ্ণেয়ি! কুমারং প্রতি সস্নুষা।
সর্বেষাং প্রাণিনাং ভীরু! নিষ্ঠৈষা কালনির্ম্মিতা ॥১২॥
কুলে জাতস্য বীরস্য ক্ষত্রিয়স্য বিশেষতঃ।
সদৃশং মরণং হ্যেতত্তব পুত্রস্য মা শুচঃ ॥১৩॥
দিষ্ট্যা মহারথো বীরঃ পিতুস্তুল্যপরাক্রমঃ।
ক্ষাত্রেণ বিধিনা প্রাপ্তো বীরাভিলষিতাং গতিম্ ॥১৪॥
জিত্বা সুবহুশঃ শত্রূন্ প্রেষয়িত্বা চ মৃত্যবে।
গতঃ পুণ্যকৃতাং লোকান্ সর্ব্বকামদুহোঽক্ষয়ান্ ॥১৫॥
তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রুতেন প্রজ্ঞয়াপি চ।
সন্তো যাং গতিমিচ্ছন্তি তাং প্রাপ্তস্তব পুত্রকঃ ॥১৬॥

ভারতকৌমুদী

মেতি। স্নুষয়া উত্তরয়া সহেতি সস্নুষা। নিষ্ঠা নাশঃ ॥১২॥
কুল ইতি। সদৃশং যোগ্যম্। মা শুচঃ শোকং মা কার্ষীঃ ॥১৩॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। বীরোঽভিমন্যুঃ, পিতুরর্জ্জুনস্য ॥১৪॥
জিত্বেতি। সর্ব্বান্ কামান্ অভীষ্টান্ পদার্থান্ দুহন্তি দদতীতি তান্ ॥১৫॥
তপসেতি। শ্রুতেন বেদপাঠেন, প্রজ্ঞয়া তত্ত্বজ্ঞানেন চ ॥১৬॥

তাহার পর অতিদুঃখিতচিত্ত কৃষ্ণ অর্জ্জুনের গৃহে গমন করিয়া পুত্রশোকার্ত্তা ও দুঃখিতা সুভদ্রাকে আশ্বস্ত করিতে লাগিলেন ॥১১॥

কৃষ্ণ বলিলেন—'বৃষ্ণিবংশনন্দিনি! উত্তরার সহিত তুমি কুমারের জন্য শোক করিও না; ভীরু! সমস্ত প্রাণীরই কালকৃত এইরূপ বিনাশ হইয়া থাকে ॥১২॥

বিশেষতঃ সদ্বংশজাত বীর ক্ষত্রিয়ের এইরূপ মরণই উপযুক্ত। সুতরাং তোমার পুত্রসম্বন্ধে শোক করিও না ॥১৩॥

মহারথ ও পিতার তুল্য পরাক্রমশালী বীর অভিমন্যু ক্ষত্রিয়নিয়ম অনুসারে বীরাভিলষিত গতিই লাভ করিয়াছে ॥১৪॥

অভিমন্যু বহুতর শত্রু জয় করিয়া এবং তাহাদিগকে যমলোকে পাঠাইয়া পুণ্যবান্ লোকদিগের প্রাপ্য সর্বাভীষ্টপূরক অক্ষয় লোকে গমন করিয়াছে ॥১৫॥

সাধুলোকেরা তপস্যা, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন ও তত্ত্বজ্ঞানদ্বারা যে স্থান লাভ করিবার ইচ্ছা করেন, তোমার পুত্র সেই স্থান লাভ করিয়াছে ॥১৬॥

বীরসূর্বীরপত্নী ত্বং বীরজা বীরবান্ধবা।
মা শুচস্তনয়ং ভদ্রে! গতঃ স পরমাং গতিম্ ॥১৭॥
প্রাপ্স্যতে চাপ্যসৌ পাপঃ সৈন্ধবো বালঘাতকঃ।
অস্যাবলেপস্য ফলং সসুহৃদ্‌গণবান্ধবঃ ॥১৮॥
ব্যুষ্টায়াস্তু বরারোহে! রজন্যাং পাপকর্ম্মকৃৎ।
নহি মোক্ষ্যতি পার্থাৎ স প্রবিষ্টোঽপ্যমরাবতীম্ ॥১৯॥
শ্বঃ শিরঃ শ্রোষ্যতে তস্য সৈন্ধবস্য রণে হৃতম্।
সমন্তপঞ্চকাদ্বাহ্যং বিশোকা ভব মা রুদঃ ॥২০॥
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য গতঃ শূরঃ সতাং গতিম্।
যাং বয়ং প্রাপ্নুয়ামেহ যে চান্যে শস্ত্রজীবিনঃ ॥২১॥

ভারতকৌমুদী

বীরেতি। বীরং সূত ইতি বীরসূঃ, বীরাজ্জায়ত ইতি সা, বীরা বান্ধবা ভ্রাতরো যস্যাঃ সা ॥১৭॥

নন্থ তথাপি শত্রৌ জীবতি কঃ খল্বাশ্বাস ইত্যাহ প্রাপ্স্যত ইতি। অবলেপস্য গর্ব্বস্য ॥১৮॥

অথ কদাসৌ ফলং প্রাপ্স্যত ইত্যাহ ব্যুষ্টায়ামিতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম্ ॥১৯॥

শ্ব ইতি। শ্বঃ পরদিন এব। সমন্তপঞ্চকাৎ তদাখ্যাৎ কুরুক্ষেত্রস্যাংশবিশেষাৎ ॥২০॥

ক্ষত্রেতি। শূরোঽভিমন্যুঃ, গতিং গম্যং লোকম্ ॥২১॥

ভদ্রে! তুমি বীরপ্রসূ, বীরপত্নী, বীরতনয়া এবং বীরবান্ধবা। অতএব পুত্রের জন্য শোক করিও না; সে উত্তম স্থান লাভ করিয়াছে ॥১৭॥

বালঘাতক ও পাপাত্মা ঐ জয়দ্রথও সুহৃৎ এবং বন্ধুগণের সহিত এই গর্ব্বের ফল পাইবে ॥১৮॥

বরারোহে! রাত্রি প্রভাত হইলে সেই পাপকর্ম্মকারী জয়দ্রথ অমরাবতী নগরীতে প্রবেশ করিয়াও অর্জ্জুনের হস্ত হইতে মুক্তিলাভ করিবে না ॥১৯॥

সুভদ্রা! তুমি কল্যই শুনিতে পাইবে যে, যুদ্ধে সেই জয়দ্রথের মস্তক অপহৃত হইয়াছে এবং সেটা যাইয়া সমন্তপঞ্চকের বাহিরে পড়িয়াছে। সুতরাং তুমি শোকবিহীন হও, রোদন করিও না ॥২০॥

আমরা যে গতি লাভ করিব এবং অন্য যে সকল অস্ত্রজীবী আছেন, তাঁহারাও যে গতি লাভ করিবেন, বীর অভিমন্যু ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে সেই সজ্জনের গতি লাভ করিয়াছে ॥২১॥

(১৮)···চাপ্যসৌ ক্ষুদ্রঃ···বর্দ্ধ। (২০) শ্বঃ শিরঃ শ্রোষ্যসে···বর্দ্ধ।

CENTRAL LIBRARY

ব্যূঢ়োরস্কো মহাবাহুরনিবর্ত্তী রথপ্রণুৎ।
গতস্তব বরারোহে! পুত্রঃ স্বর্গং জ্বরং জহি ॥২২॥
অনুযাতশ্চ পিতরং মাতৃপক্ষঞ্চ বীর্য্যবান্।
সহস্রশো রিপূন্ হত্বা হতঃ শূরো মহারথঃ ॥২৩॥
আশ্বাসয় স্নুষাং রাজ্ঞি! মা শুচঃ ক্ষত্রিয়ে! ভৃশম্।
শ্বঃ প্রিয়ং সুমহচ্ছ্রুত্বা বিশোকা ভব নন্দিনি! ॥২৪॥
যৎ পার্থেন প্রতিজ্ঞাতং তত্তথা ন তদন্যথা।
চিকীর্ষিতং হি তে ভর্ত্তুর্ন ভবেজ্জাতু তন্মৃষা ॥২৫॥
যদি চ মনুজপন্নগাঃ পিশাচা রজনিচরাঃ পতগাঃ সুরাসুরাশ্চ।
রণগতমভিপান্তি সিন্ধুরাজং ন স ভবিতা সহ তৈরপি প্রভাতে ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
প্রতিজ্ঞায়াং সুভদ্রাশ্বাসনে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ব্যূঢ়েতি। হে বরারোহে! উত্তমাঙ্গনে! ব্যূঢ়ং দৃঢ়বিশালম্ উরো বক্ষো যস্য সঃ, মহাবাহুঃ, অনিবর্ত্তী রণাদপলায়ী, রথান্ প্রণুদতি প্রহারেরাপসারয়তীতি স তাদৃশশ্চ তব পুত্রঃ অভিমন্যুঃ, স্বর্গং গতঃ। অতএব জ্বরং শোকসন্তাপম্, জহি নাশয় ত্যজ ॥২২॥

অন্বিতি। অনুযাতঃ অনুসৃতঃ শৌর্য্যে অনুকৃতবানিত্যর্থঃ ॥২৩॥

আশ্বাসয়েতি। স্নুষাং পুত্রবধূমুত্তরাম্। শ্বঃ পরদিনে, প্রিয়ং জয়দ্রথহননম্ ॥২৪॥

নন্থ তন্নিশ্চয়ে কো হেতুরিত্যাহ যদিতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। জাতু কদাচিৎ ॥২৫॥

বরারোহে! দৃঢ়-বিশাল-বক্ষা, মহাবাহু, অপলায়নকারী ও বিপক্ষরথবিজয়ী তোমার পুত্র স্বর্গে গমন করিয়াছে। অতএব শোকসন্তাপ পরিত্যাগ কর ॥২২॥

বলবান্, বীর ও মহারথ অভিমন্যু পিতৃপক্ষ ও মাতৃপক্ষের অনুকরণ করিতে থাকিয়া সহস্র সহস্র শত্রু সংহার করিয়া নিহত হইয়াছে ॥২৩॥

রাজ্ঞি! তুমি তোমার পুত্রবধূ উত্তরাকে আশ্বস্ত কর, ক্ষত্রিয়ে! তুমি গুরুতর শোক করিও না, নন্দিনি! তুমি কল্য বিশেষ প্রিয় সংবাদ শুনিবে বলিয়া শোকবিহীন হও ॥২৪॥

অর্জ্জুন যাহা প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা হইবে, তাহার অন্যথা হইবে না। কারণ, তোমার স্বামী যাহা করিবার ইচ্ছা করেন, তাহা কখনও মিথ্যা হয় না ॥২৫॥

(২৫)…ন ভবেজ্জাতু নিষ্ফলম্—পি বা নি। '…পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

এতচ্ছ্রুত্বা বচস্তস্য কেশবস্য মহাত্মনঃ।
সুভদ্রা পুত্রশোকার্ত্তা বিললাপ সুদুঃখিতা ॥১॥
হা পুত্র! মম মন্দায়াঃ কথমেত্যাসি সংযুগে।
নিধনং প্রাপ্তবাংস্তাত! পিতুস্তুল্যপরাক্রমঃ ॥২॥
কথমিন্দীবরশ্যামং সুদংষ্ট্রং চারুলোচনম্।
মুখং তে দৃশ্যতে বৎস! গুণ্ঠিতং রণরেণুনা ॥৩॥

ভারতকৌমুদী

যদীতি। পতগাঃ পক্ষিণঃ। অভিপান্তি সর্ব্বতো রক্ষিষ্যন্তি। ভবিতা স্থাতা জীবিষ্যতীত্যর্থঃ, তৈর্মনুজাদিভিঃ সহ স্থিতোঽপীতি শেষঃ। পুষ্পিতাগ্রা নাম চ্ছন্দঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

এতদিতি। সুদুঃখিতা বিপক্ষাণামন্যায্যাচরণশ্রবণাদপি নিতান্তদুঃখিতা ॥১॥
হেতি। মন্দায়া মন্দভাগ্যায়াঃ, এত্য উদরং প্রাপ্য, সংযুগে যুদ্ধে ॥২॥
কথমিতি। শোভনা দংষ্ট্রা দন্তা যস্য তৎ। রণরেণুনা রণাঙ্গনধূলিজালেন ॥৩॥

যদি দেব, দানব, পক্ষী, রাক্ষস, পিশাচ, নাগ ও মনুষ্যেরা সমরস্থিত জয়দ্রথকে সর্বতোভাবে রক্ষা করেন, তথাপি সে, প্রভাতকালে তাঁহাদের সহিত থাকিয়াও বাঁচিবে না' ॥২৬॥

সঞ্জয় বলিলেন—'মহাত্মা কৃষ্ণের এই সকল কথা শুনিয়া সুভদ্রা পুত্রশোকার্ত্তা ও অত্যন্তদুঃখিতা হইয়া বিলাপ করিতে লাগিলেন—॥১॥

'হা পুত্র! হা বৎস অভিমন্যু! তুমি মন্দভাগ্যা আমার উদরে আসিয়া ক্রমে পিতার তুল্য পরাক্রমশালী হইয়া কেন যুদ্ধে নিধন প্রাপ্ত হইলে ॥২॥

(১)···সুভদ্রা শোকদুঃখার্ত্তা···বর্দ্ধ। (২)···কথমেত্যাসি সংযুগম্···বা নি,···কথং সংযুগমেত্য হি···পিতুস্তুল্যপরাক্রম!—বর্দ্ধ।

CENTRAL LIBRARY

নূনং শূরং নিপতিতং ত্বাং পশ্যন্ত্যনিবর্ত্তিনম্।
সুশিরোগ্রীববাহ্বংসং ব্যূঢ়োরস্কং নতোদরম্ ॥৪॥
চারূপচিতসর্বাঙ্গং স্বক্ষং শস্ত্রক্ষতাচিতম্।
ভূতানি ত্বাভিবীক্ষন্তে নবচন্দ্রমিবোদিতম্ ॥৫॥
শয়নীয়ং পুরাধ্যাস্য স্পর্দ্ধ্যাস্তরণসংবৃতম্।
ভূমাবদ্য কথং শেতে বিপ্রবিদ্ধঃ সুখোচিতঃ ॥৬॥
যোঽন্বাস্যত পুরা বীরো বরস্ত্রীভির্মহাভুজঃ।
কথমন্বাস্যতে সোঽদ্য শিবাভিঃ পতিতো মৃধে ॥৭॥

ভারতকৌমুদী

নূনমিতি। শোভনাঃ শিরঃ গ্রীবা বাহু অংসৌ স্কন্ধৌ চ তে যস্য তম্, ব্যূঢ়ং দৃঢ়বিশালম্ উরো বক্ষো যস্য তম্, নতোদরং কৃশমধ্যম্ ॥৪॥

চারিতি। চারূণি উপচিতানি বৃদ্ধিং প্রাপ্তানি চ সর্ব্বাণি অঙ্গানি যস্য তম্, শোভনানি অক্ষাণি ইন্দ্রিয়াণি যস্য তম্, শস্ত্রৈঃ ক্ষত আচিতো ব্যাপ্তশ্চ তম্। ভূতানি প্রাণিনঃ, ত্বা ত্বাম্ ॥৫॥

শয়েতি। পুরা স্পর্দ্ধিনা দুগ্ধফেনতুল্যেন আস্তরণেন সংবৃতম্, শয়নীয়ং শয্যাম্, অধ্যাস্য অধিষ্ঠায়, অদ্য সুখোচিতঃ সুখভোগে অভ্যস্তোঽপি, অস্ত্রৈর্বিপ্রবিদ্ধঃ, কথং ভূমৌ শেতে ॥৬॥

য ইতি। অন্বাস্যত সেবার্থমাশ্রিতঃ। অন্বাস্যতে ভক্ষণার্থমাশ্রিয়তে, শিবাভিঃ শৃগালৈঃ ॥৭॥

বৎস! নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ, সুন্দরদন্তযুক্ত, মনোহরনয়নসমন্বিত এবং রণভূমির ধূলিজালে আবৃত তোমার মুখখানি কি করিয়া সকলে দেখিতেছে ॥৩॥

বৎস! তুমি বীর ছিলে; যুদ্ধ হইতে পলায়ন করিতে না; তোমার মস্তক, গ্রীবা, বাহুযুগল ও স্কন্ধদ্বয় সুন্দর, বক্ষস্থল দৃঢ় ও বিশাল এবং উদরদেশ কৃশ, এই অবস্থায় তুমি পতিত রহিয়াছ, আর সকলে তোমাকে দেখিতেছে ॥৪॥

আর সমস্ত অঙ্গ মনোহর ও পুষ্ট এবং ইন্দ্রিয়গুলি মনোরম ছিল; এ হেন তুমি অস্ত্রে ক্ষত ও ব্যাপ্তদেহ হইয়া রহিয়াছ; সেই অবস্থায় প্রাণীরা তোমাকে উদিত নূতন চন্দ্রের ন্যায় দর্শন করিতেছে ॥৫॥

বাবা! তুই সুখভোগে অভ্যস্ত ছিলি; তাই পূর্ব্বে দুগ্ধফেনতুল্য আস্তরণে আবৃত শয্যায় শয়ন করিয়া আজ কি প্রকারে বাণবিদ্ধদেহে ভূতলে শয়ন করিয়া রহিয়াছিস্ ॥৬॥

হায়! পূর্ব্বে উত্তম নারীগণ যে মহাবাহু বীরের সেবা করিত, আজ কেন শৃগালেরা যুদ্ধে নিপতিত সেই বীরের সেবা করিতেছে ॥৭॥

CENTRAL LIBRARY

যোঽস্তূয়ত পুরা হৃষ্টৈঃ সূতমাগধবন্দিভিঃ।
সোঽদ্য ক্রব্যাদ্‌গণৈর্ঘোরৈর্বিনদদ্ভিরুপাস্যতে ॥৮॥
পাণ্ডবেষু চ নাথেষু বৃষ্ণিবীরেষু বা বিভো!।
পাঞ্চালেষু চ বীরেষু হতঃ কেনাস্যনাথবৎ ॥৯॥
অতৃপ্তদর্শনা পুত্র! দর্শনস্য তবানঘ!।
মন্দভাগ্যা গমিষ্যামি ব্যক্তমদ্য যমক্ষয়ম্ ॥১০॥
বিশালাক্ষং সুকেশান্তং চারুবাক্যং সুগন্ধি চ।
তব পুত্র! কদা ভূয়ো মুখং দ্রক্ষ্যামি নির্ব্রণম্ ॥১১॥
ধিগ্‌বলং ভীমসেনস্য ধিক্ পার্থস্য ধনুষ্মতাম্।
ধিগ্‌বীর্য্যং বৃষ্ণিবীরাণাং পাঞ্চালানাঞ্চ ধিগ্‌বলম্ ॥১২॥
ধিক্ কেকয়াংস্তথা চেদীন্ মৎস্যাংশ্চৈবাথ সৃঞ্জয়ান্।
যে ত্বাং রণগতং বীরং ন শেকুরভিবীক্ষিতুম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। "সূতাঃ পৌরাণিকাঃ প্রোক্তা মাগধা বংশশংসকাঃ। বন্দিনস্ত্বমলপ্রজ্ঞাঃ প্রস্তাব-সদৃশোক্তয়ঃ॥" ইতি প্রাকঃ। ক্রব্যাদ্‌গণৈর্মাংসভোজিজন্তুসমূহৈঃ। উপাস্যতে ভক্ষণার্থং সেব্যতে ॥৮॥

পাণ্ডবেষ্বিতি। নাথেষু রক্ষকেষু। হে বিভো! শৌর্য্যপ্রভাবশালিন্! ॥৯॥

অতৃপ্তেতি। অতৃপ্তদর্শনা অপূর্ণদর্শনাকাঙ্ক্ষা, দর্শনস্যেতি তৃপ্ত্যর্থযোগাৎ করণে ষষ্ঠী ॥১০॥

বিশালেতি। শোভনাঃ কেশান্তা যস্য তৎ। নির্ব্রণম্ অশস্ত্রক্ষতম্ ॥১১॥

ধিগিতি। পার্থস্য অর্জ্জুনস্য, ধনুষ্মতামন্যেষাম্। অভিবীক্ষিতুং দ্রষ্টুমপি ॥১২—১৩॥

পূর্ব্বে সূত, মাগধ ও বন্দিগণ আনন্দিত হইয়া যাহার স্তব করিত, আজ ভয়ঙ্কর মাংসভোজিজন্তুগণ রব করতঃ তাহার সেবা করিতেছে ॥৮॥

প্রভাবশালী অভিমন্যু! বীর পাণ্ডবগণ, বৃষ্ণিগণ ও পাঞ্চালগণ নাথ (রক্ষক) থাকিতে কেন তুমি অনাথের ন্যায় নিহত হইলে ॥৯॥

নিষ্পাপ পুত্র! তোমার দর্শনে আমার পুত্রদর্শনাকাঙ্ক্ষা তৃপ্ত হয় নাই। সুতরাং মন্দভাগ্যা আমি নিশ্চয়ই আজ যমালয়ে যাইব ॥১০॥

পুত্র! বিশালনয়ন, সুন্দরকেশপ্রান্ত, মনোহরবাক্য ও সৌরভযুক্ত তোমার অক্ষত মুখখানি কবে আবার দেখিব ॥১১॥

ভীম, অর্জ্জুন, অন্যান্য ধনুর্দ্ধরগণ, বৃষ্ণিবীরগণ ও পাঞ্চালবীরগণের বলকে

(৯)…কেনাস্যানাথবদ্ধতঃ—বঙ্গ বর্দ্ধ। (১১)…সুগন্ধি বৈ…বর্দ্ধ।

অদ্য পশ্যামি পৃথিবীং শূন্যামিব হতশ্রিয়ম্।
অভিমন্যুমপশ্যন্তী শোকব্যাকুলচেতনা ॥১৪॥
স্বস্রীয়ং বাসুদেবস্য পুত্রং গাণ্ডীবধন্বনঃ।
কথং ত্বাতিরথং বীরং দ্রক্ষ্যাম্যদ্য নিপাতিতম্ ॥১৫॥
হা বীর! দৃষ্টো নষ্টশ্চ ধনং স্বপ্ন ইবাসি মে।
অহো হ্যনিত্যং মানুষ্যং জলবুদ্বুদচঞ্চলম্ ॥১৬॥
ইমাং তে তরুণীং ভার্য্যাং ত্বদাধিভিরভিপ্লুতাম্।
কথং সন্ধারয়িষ্যামি বিবৎসামিব ধেনুকাম্ ॥১৭॥
অহো হ্যকালে প্রস্থানং কৃতবানসি পুত্রক!।
বিহায় ফলকালে মাং সুগৃদ্ধাং পুত্রদর্শনে ॥১৮॥

ভারতকৌমুদী

অদ্যেতি। হতশ্রিয়ং তিরোহিতসৌন্দর্য্যাম্ ॥১৪॥
স্বস্রীয়মিতি। স্বস্রীয়ং ভাগিনেয়ম্। ত্বা ত্বাম্। দ্রক্ষ্যামি দর্শনসম্ভবেঽপি ॥১৫॥
হেতি। নষ্টস্তিরোহিতঃ। মানুষ্যং মনুষ্যত্বম্ ॥১৬॥
ইমামিতি। ত্বদাধিভিস্ত্বৎসম্বন্ধিনীভির্মনোব্যথাভিঃ। সন্ধারয়িষ্যামি জীবয়িষ্যামি ॥১৭॥
অহো ইতি। ফলকালে সেবাদিফলপ্রদর্শনসময়ে, সুগৃদ্ধাম্ অতীবাভিলাষিণীম্ ॥১৮॥

ধিক্ এবং কেকয়, চেদি, মৎস্য ও সৃঞ্জয়গণকে ধিক্, যাঁহারা যুদ্ধমধ্যে তোমার প্রতি দৃষ্টিপাত করিতেও পারিলেন না ॥১২—১৩॥

আজ আমি অভিমন্যুকে দেখিতে না পাইয়া শোকাকুলচিত্ত হইয়া সমগ্র পৃথিবীটাকেই যেন শূন্য এবং বিশ্রী দেখিতেছি ॥১৪॥

বৎস! কৃষ্ণের ভাগিনেয়, অর্জ্জুনের পুত্র, অতিরথ ও বীর তোমাকে আমি আজ কি করিয়া নিপাতিত অবস্থায় দেখিব ॥১৫॥

হা বীর! তুমি স্বপ্নে ধনের ন্যায় আমার দৃষ্টিগোচর হইয়াই তিরোহিত হইয়া গেলে!। হায়! মনুষ্যত্ব অনিত্য, এমন কি জলবুদ্বুদের ন্যায় চঞ্চল ॥১৬॥

বাবা অভিমন্যু! তোর এই যুবতি ভার্য্যাটী তোর শোকে আকুল হইয়া পড়িয়াছে; এ অবস্থায় বৎসহীন ধেনুর ন্যায় কি করিয়া ইহাকে বাঁচাইব ॥১৭॥

হা পুত্র! তুমি পুত্রদর্শনাভিলাষিণী সুভদ্রাকে ফল দেখাইবার সময়ে পরিত্যাগ করিয়া অকালে প্রস্থান করিলে! ॥১৮॥

(১৪)··· হতশ্রিয়ম্···পি বা নি।

CENTRAL LIBRARY

নূনং গতিঃ কৃতান্তস্য প্রাজ্ঞৈরপি সুদুর্বিদা।
যত্র ত্বং কেশবে নাথে সংগ্রামেঽনাথবদ্ধতঃ ॥১৯॥
যজ্বনাং দানশীলানাং ব্রাহ্মণানাং কৃতাত্মনাম্।
চরিতব্রহ্মচর্য্যাণাং পুণ্যতীর্থাবগাহিনাম্ ॥২০॥
কৃতজ্ঞানাং বদান্যানাং গুরুশুশ্রূষিণামপি।
সহস্রদক্ষিণানাঞ্চ যা গতিস্তামবাপ্নুহি ॥২১॥ (যুগ্মকম্)
যা গতির্যুধ্যমানানাং শূরাণামনিবর্ত্তিনাম্।
হত্বারীন্ নিহতানাঞ্চ সংগ্রামে তাং গতিং ব্রজ ॥২২॥
গোসহস্রপ্রদাতৄণাং ক্রতুদানাঞ্চ যা গতিঃ।
নৈবেশিকঞ্চাভিমতং দদতাং যা গতিঃ শুভা ॥২৩॥
ব্রাহ্মণেভ্যঃ শরণ্যেভ্যো নিধিং নিদধতাঞ্চ যা।
যা চাপি ন্যস্তদণ্ডানাং তাং গতিং ব্রজ পুত্রক! ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নূনমিতি। কৃতান্তস্য দৈবস্য, সুদুর্বিদা অতীবদুর্জ্ঞেয়া। থলি গুণাভাব আর্ষঃ ॥১৯॥
যজ্বনামিতি। যজ্বনাং কৃতযজ্ঞানাম্। বদান্যানামুদারাণাম্ ॥২০—২১॥
যেতি। অনিবর্ত্তিনাম্ অপরাঙ্মুখানাম্ ॥২২॥
গবিতি। ক্রতুদানাং যজ্ঞকারিণাম্। নিবেশো গৃহং তন্নির্ম্মাণোপকরণং নৈবেশিকম্। নিদধতাং তদ্গৃহে স্থাপয়তাম্। ন্যস্তদণ্ডানাং ত্যক্তাভিমানানাম্, "অভিমানে গ্রহে দণ্ডঃ" ইতি হেমচন্দ্রঃ ॥২৩—২৪॥

নিশ্চয়ই দৈবের গতি জ্ঞানিগণেরও অতিদুর্জ্ঞেয়। যে হেতু স্বয়ং কৃষ্ণ নাথ (রক্ষক) থাকিতে, তুমি যুদ্ধে অনাথের ন্যায় নিহত হইয়াছ ॥১৯॥

(সে যাহা হউক,) যজ্ঞকারী, দানশীল, পবিত্রচিত্ত, ব্রহ্মচারী, পুণ্যতীর্থস্নায়ী, কৃতজ্ঞ, উদারচেতা, গুরুপরিচর্য্যানিরত ও সহস্রদক্ষিণাদাতা ব্রাহ্মণগণের যে গতি হয়, তুমি সেই গতি লাভ কর ॥২০—২১॥

বীরেরা যুদ্ধে শত্রুসংহার করিয়া অপরাঙ্মুখভাবে যুদ্ধ করিতে করিতে নিহত হইলে, তাঁহাদের যে গতি হয়, তুমি সেই গতি লাভ কর ॥২২॥

যাঁহারা সহস্র গো দান করেন, কিংবা যজ্ঞানুষ্ঠান করেন, তাঁহাদের যে গতি হয়, অথবা যাঁহারা অভিমত গৃহনির্ম্মাণোপযোগী দ্রব্য দান করেন, তাঁহাদের যেরূপ গতি হইয়া থাকে, কিংবা যাঁহারা শরণার্থী ব্রাহ্মণগণের জন্য নিধি স্থাপন

(১৯)···পুত্র! ত্বং কেশবে নাথে···পি। (২২)···হতারিনিহতানাঞ্চ···পি।

CENTRAL LIBRARY

ব্রহ্মচর্য্যেণ যাং যান্তি মুনয়ঃ সংশিতব্রতাঃ।
একপত্ন্যশ্চ যাং যান্তি তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৫॥
রাজ্ঞাং সুচরিতৈর্যা চ গতির্ভবতি শাশ্বতী।
চতুরাশ্রমিণাং পুণ্যৈঃ পাবিতানাং সুরক্ষিতৈঃ ॥২৬॥
দীনানুকম্পিনাং যা চ সততং সংবিভাগিনাম্।
পৈশুন্যাচ্চ নিবৃত্তানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৭॥ (যুগ্মকম্)
ব্রতিনাং ধর্ম্মশীলানাং গুরুশুশ্রূষিণামপি।
অমোঘাতিথিনাং যা চ তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৮॥
কৃচ্ছ্রেষু যা ধারয়তামাত্মানং ব্যসনেষু চ।
গতিঃ শোকাগ্নিদগ্ধানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৯॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। সংশিতব্রতা দৃঢ়নিয়মাঃ। একৈব পত্নী যেষাং তে একপত্ন্যঃ পুরুষাঃ ॥২৫॥

রাজ্ঞামিতি। সুচরিতৈঃ সদাচরণৈঃ। পাবিতানাং স্বধর্ম্মানুষ্ঠানেন পবিত্রীকৃতানাম্। সংবিভাগিনাং মধুরং বস্তু পরিজনেভ্যঃ সংবিভজ্য দদতাম্। পৈশুন্যাৎ খলভাবাৎ ॥২৬—২৭॥

ব্রতিনামিতি। অমোঘা অব্যর্থাঃ সফলাশা অতিথয়ো যেষাং তেষাম্। দীর্ঘাভাব আর্ষঃ ॥২৮॥

কৃচ্ছ্রেষ্বিতি। ধারয়তাং ধৈর্য্যান্বিতং কুর্বতাম্, ব্যসনেষু বিপৎসু ॥২৯॥

করেন, অথবা যাঁহারা অভিমান ত্যাগ করেন, তাঁহাদের যাদৃশ গতি হয়, পুত্র ! তুমি তাদৃশ গতি লাভ কর ॥২৩—২৪॥

দৃঢ়ব্রতপরায়ণ মুনিরা ব্রহ্মচর্য্যদ্বারা যে গতি লাভ করেন, কিংবা একমাত্র পত্নীশালী পুরুষেরা যে গতি পাইয়া থাকেন, পুত্র ! তুমি সেই গতি লাভ কর ॥২৫॥

সদাচার এবং পবিত্র চতুরাশ্রমীদিগের পুণ্য সুরক্ষিত করায় রাজাদের যে সনাতনী গতি হইয়া থাকে, কিংবা দীনজনের প্রতি দয়াকারীদের, উৎকৃষ্ট দ্রব্য বণ্টনপূর্ব্বক পরিজনদিগকে দানকারিগণের এবং খলতাশূন্য লোকদিগের যেরূপ গতি হয়, পুত্র ! তুমি সেইরূপ গতি লাভ কর ॥২৬—২৭॥

ব্রতপরায়ণ, ধর্ম্মশীল, গুরুশুশ্রূষানিরত এবং অতিথিসৎকারকারী লোকদিগের যেরূপ গতি হইয়া থাকে, পুত্র ! তুমি সেইরূপ গতি লাভ কর ॥২৮॥

কষ্ট, বিপদ্ ও শোকাগ্নিদগ্ধ অবস্থায় ধৈর্য্যশালী লোকদিগের যাদৃশ গতি হইয়া থাকে, পুত্র ! তুমি তাদৃশ গতি লাভ কর ॥২৯॥

CENTRAL LIBRARY

পিতুর্মাতুশ্চ শুশ্রূষাং কল্পয়ন্তীহ যে সদা।
স্বদারনিরতানাঞ্চ যা গতিস্তামবাপ্নুহি ॥৩০॥
ঋতুকালে স্বকাং পত্নীং গচ্ছতাং যা মনস্বিনাম্।
পরস্ত্রীভ্যো নিবৃত্তানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥৩১॥
সাম্না যে সর্বভূতানি পশ্যন্তি গতমৎসরাঃ।
নারুন্তুদানাং ক্ষমিণাং যা গতিস্তামবাপ্নুহি ॥৩২॥
মধুমাংসনিবৃত্তানাং মদাদ্দম্ভাত্তথানৃতাৎ।
পরোপতাপত্যক্তানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥৩৩॥
হ্রীমন্তঃ সর্ব্বশাস্ত্রজ্ঞা জ্ঞানতৃপ্তা জিতেন্দ্রিয়াঃ।
যাং গতিং সাধবো যান্তি তাং গতিং ব্রজ পুত্রক ! ॥৩৪॥
এবং বিলপতীং দীনাং সুভদ্রাং শোককর্ষিতাম্।
অভ্যপদ্যত পাঞ্চালী বৈরাটীসহিতাং তদা ॥৩৫॥

ভারতকৌমুদী

পিতুরিতি। কল্পয়ন্তি কুর্বন্তি। স্বদারনিরতানাং পরদারবিমুখানামিত্যাশয়ঃ ॥৩০॥
ঋত্বিতি। স্বকাং স্বিকাং স্বকীয়াম্। "ঋতুকালাভিগামী স্যাৎ" ইতি স্মৃতেঃ ॥৩১॥
সম্যক্ নিক্ষিপ্ত ও কঙ্কপক্ষযুক্ত অর্জুনের এক একটা বাণে বিদীর্ণ হইয়া দুই জন ও তিন জন করিয়া কতকগুলি লোক ভূতলে পতিত হইল ॥২৪॥

কতকগুলি হস্তী অর্জুনের নারাচে অত্যন্ত বিদ্ধ হইয়া মুখ দিয়া রক্ত বমন করিতে থাকিয়া বৃক্ষসমন্বিত পর্ব্বতসমূহের ন্যায় আরোহীদের সহিত ভূতলে পতিত হইল ॥২৫॥

---

(২৪)···সুমুক্তেন পতত্রিণা···বা নি। (২৫) অপরে মদসংরক্তা মাতঙ্গাঃ পর্ব্বতোপমাঃ···নি।

মৌর্ব্বীং ধনুর্ধ্বজঞ্চৈব যুগনীষাং তথৈব চ।
রথিনাং কুট্টয়ামাস ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২৬॥
ন সন্দধন্ন চাকর্ষন্ ন বিমুঞ্চন্ ন চোদ্বহন্।
মণ্ডলেনৈব ধনুষা নিত্যং পার্থঃ স্ম দৃশ্যতে ॥২৭॥
অতিবিদ্ধাশ্চ নারাচৈর্বমন্তো রুধিরং মুখৈঃ।
মুহূর্ত্তান্ন্যপতন্নন্যে বারণা বসুধাতলে ॥২৮॥
উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
অদৃশ্যন্ত মহারাজ! তস্মিন্ পরমসঙ্কুলে ॥২৯॥
সচাপাঃ সাঙ্গুলিত্রাণাঃ সখড়্গাঃ সাঙ্গদা রণে।
অদৃশ্যন্ত ভুজাশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥৩০॥
সূপস্করৈরধিষ্ঠানৈরীষাদণ্ডকবন্ধুরৈঃ।
চক্রৈর্বিমথিতৈরক্ষৈর্ভগ্নৈশ্চ বহুধা যুগৈঃ ॥৩১॥

ভারতকৌমুদী

মৌর্ব্বীমিতি। মৌর্ব্বীং ধনুর্গুণম্। যুগনীষাঞ্চ রথদারুবিশেষম্। কুট্টয়ামাস চিচ্ছেদ ॥২৬॥
নেতি। সন্দধৎ শরম্, আকর্ষন্ ধনুঃ, বিমুঞ্চন্ শরম্, উদ্বহন্ তূণাচ্ছরমুদ্ধরন্ ॥২৭॥
অতীতি। বারণা হস্তিনঃ ॥২৮॥
উত্থিতানীতি। কবন্ধানি স্পন্দনযুক্তানি মস্তকশূন্যানি শরীরাণি। তস্মিন্ রণে ॥২৯॥
সেতি। সচাপাঃ সধনুষ্কাঃ। সাঙ্গদাঃ সকেয়ূরাঃ ॥৩০॥

অর্জ্জুন নতপর্ব্ব ভল্লসমূহদ্বারা রথিগণের ধনুর গুণ, ধনু, ধ্বজ এবং রথের যুগ ও ঈষাদণ্ড ছেদন করিলেন ॥২৬॥

তূণ হইতে অর্জ্জুনের বাণ উত্তোলন, বাণসন্ধান, ধনু আকর্ষণ ও বাণক্ষেপ ইহার কোনটাই দেখা যাইতে লাগিল না; কিন্তু কেবল মণ্ডলাকার ধনুর সহিতই তাঁহাকে সর্বদা দেখা যাইতে লাগিল ॥২৭॥

অনেক হস্তী অর্জ্জুনের নারাচে অত্যন্ত বিদ্ধ হইয়া মুখদ্বারা রক্ত বমন করিতে থাকিয়া মুহূর্ত্তমধ্যে ভূতলে পতিত হইল ॥২৮॥

মহারাজ! সেই মহাতুমুল যুদ্ধে সকল দিকেই অসংখ্য কবন্ধ উত্থিত হইতে লাগিল দেখা গেল ॥২৯॥

ধনু, অঙ্গুলিত্র ও তরবারিযুক্ত এবং কেয়ূর ও অন্যান্য স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ছিন্ন বাহুসকল রণস্থলে দেখিতে পাওয়া গেল ॥৩০॥

(২৭) নৃত্যন্ পার্থঃ স্ম দৃশ্যতে—বা নি।

চর্ম্মচাপধরৈশ্চৈব ব্যবকীর্ণৈস্ততস্ততঃ।
স্রগ্‌ভিরাভরণৈর্বস্ত্রৈঃ পতিতৈশ্চ মহাধ্বজৈঃ ॥৩২॥
নিহতৈর্বারণৈরশ্বৈঃ ক্ষত্রিয়ৈশ্চ নিপাতিতৈঃ।
অদৃশ্যত মহী তত্র দারুণপ্রতিদর্শনা ॥৩৩॥ (বিশেষকম্)
এবং দুঃশাসনবলং বধ্যমানং কিরীটিনা।
সংপ্রাদ্রবন্মহারাজ! ব্যথিতং সহনায়কম্ ॥৩৪॥
ততো দুঃশাসনস্ত্রস্তঃ সহানীকঃ শরার্দ্দিতঃ।
দ্রোণং ত্রাতারমাকাঙ্ক্ষন্ শকটব্যূহমভ্যগাৎ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে দুঃশাসনপরাভবে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

ভারতকৌমুদী

স্থপেতি। উপস্করাদীনি রথাঙ্গানি প্রাগ্‌ব্যাখ্যাতানি। ব্যবকীর্ণৈর্বিক্ষিপ্তৈর্হস্তৈঃ। স্রগ্‌ভির্মাল্যৈঃ। বারণৈর্গজৈঃ। দারুণপ্রতিদর্শনা ভয়ঙ্করাকৃতিঃ ॥৩১—৩৩॥

এবমিতি। সংপ্রাদ্রবৎ পলায়ত। নায়কৈরবান্তরসেনাপতিভিঃ সহেতি তৎ ॥৩৪॥

তত ইতি। অনীকেন সৈন্যেন সহেতি সহানীকঃ। অভ্যগাৎ প্রাবিশৎ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

মর্দ্দিত সুন্দর উপস্কর, অধিষ্ঠান, ঈষাদণ্ড ও বন্ধুরে, বহুপ্রকারে ভগ্ন অক্ষ ও যুগে, ইতস্ততঃ বিক্ষিপ্ত চর্ম্ম ও কার্ম্মুকযুক্ত হস্তে, নিপতিত মাল্য, আভরণ, বস্ত্র ও বিশাল ধ্বজে, নিহত হস্তী ও অশ্বে এবং নিপাতিত ক্ষত্রিয়গণের শরীরে সেই সমরভূমিকে দারুণাকৃতি দেখা যাইতে লাগিল ॥৩১—৩৩॥

মহারাজ! অর্জ্জুন এইভাবে বধ করিতে লাগিলে, দুঃশাসনের সৈন্য ব্যথিত হইয়া আপন আপন নায়কগণের সহিত পলায়ন করিতে লাগিল ॥৩৪॥

তদনন্তর দুঃশাসনও অর্জ্জুনের শরে পীড়িত ও ভীত হইয়া দ্রোণ রক্ষা করিবেন আশা করিয়া সৈন্যগণের সহিত যাইয়া শকটব্যূহমধ্যে প্রবেশ করিলেন' ॥৩৫॥

——:০:——

* '...অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...নবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দুঃশাসনবলং হত্বা সব্যসাচী মহারথঃ।
সিন্ধুরাজং পরীপ্সন্ বৈ দ্রোণানীকমুপাদ্রবৎ ॥১॥
স তু দ্রোণং সমাসাদ্য ব্যূহস্য প্রমুখে স্থিতম্।
কৃতাঞ্জলিরিদং বাক্যং কৃষ্ণস্যানুমতেঽব্রবীৎ ॥২॥
শিবেন ধ্যাহি মাং ব্রহ্মন্! স্বস্তি চৈব বদস্ব মে।
তব প্রসাদাদিচ্ছামি প্রবেষ্টুং দুর্ভিদাং চমূম্ ॥৩॥
ভবান্ পিতৃসমো মহ্যং ধর্ম্মরাজসমোঽপি চ।
তথা কৃষ্ণসমশ্চৈব সত্যমেতদ্ব্রবীমি তে ॥৪॥
অশ্বত্থামা যথা তাত! রক্ষণীয়স্ত্বয়ানঘ!।
তথাহমপি তে রক্ষ্যঃ সদৈব দ্বিজসত্তম! ॥৫॥

ভারতকৌমুদী

দুঃশাসনেতি। সব্যসাচী অর্জ্জুনঃ। পরীপ্সন্ প্রাপ্তুমিচ্ছন্, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥১॥
স ইতি। অনুমতে অনুজ্ঞায়াং সত্যাম্। অব্রবীৎ ব্যূহপ্রবেশসৌকর্য্যায়েতি ভাবঃ ॥২॥
শিবেনেতি। শিবেন শুভেন যুক্তম্, মম মঙ্গলং চিন্তয়েত্যর্থঃ। স্বস্তি মঙ্গলমস্ত্বিতি ॥৩॥
ভবানিতি। পিতৃসমো গৌরবে, মহ্যং মম, ধর্ম্মরাজসমঃ সম্মানে, কৃষ্ণসমশ্চ প্রণয়ে ॥৪॥
অশ্বেতি। অহমপি তথা তে রক্ষ্যঃ, পুত্রশিষ্যয়োঃ সমত্বাদিত্যাশয়ঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারথ অর্জ্জুন দুঃশাসনের সৈন্য সংহার করিয়া জয়দ্রথকে পাইবার ইচ্ছায় দ্রোণসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১॥

তিনি ব্যূহের সম্মুখে স্থিত দ্রোণের নিকটে উপস্থিত হইয়া কৃষ্ণের অনুমতিক্রমে কৃতাঞ্জলিপুটে এই কথা বলিলেন—॥২॥

'ব্রাহ্মণ! আপনি আমার মঙ্গল চিন্তা করুন এবং আমার 'মঙ্গল হউক' এই কথা বলুন। আমি আপনারই অনুগ্রহে আপনার দুর্ভেদ্য বাহিনীর ভিতরে প্রবেশ করিবার ইচ্ছা করি ॥৩॥

আপনি গৌরবে আমার পিতৃতুল্য, সম্মানে ধর্ম্মরাজের সমান এবং প্রণয়ে কৃষ্ণের সদৃশ; ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি ॥৪॥

(৩)···ভবৎপ্রসাদাৎ···বা নি। (৪)···দৌম্যকৃষ্ণসমশ্চৈব···নি।

CENTRAL LIBRARY

তব প্রসাদাদিচ্ছেয়ং সিন্ধুরাজানমাহবে।
নিহন্তুং দ্বিপদাং শ্রেষ্ঠ! প্রতিজ্ঞাং রক্ষ মে প্রভো! ॥৬॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তস্তদাচার্য্যঃ প্রত্যুবাচ স্ময়ন্নিব।
মামজিত্বা ন বীভৎসো! শক্যো জেতুং জয়দ্রথঃ ॥৭॥
এতাবদুক্ত্বা তং দ্রোণঃ শরব্রাতৈরবাকিরৎ।
সরথাশ্বধ্বজং তীক্ষ্ণৈঃ প্রহসন্ বৈ সসারথিম্ ॥৮॥
ততোঽর্জ্জুনঃ শরব্রাতান্ দ্রোণস্যাবার্য্য সায়কৈঃ।
দ্রোণমভ্যদ্রবদ্বাণৈর্ঘোররূপৈর্মনোজবৈঃ ॥৯॥
বিব্যাধ চ রণে দ্রোণমনুমান্য বিশাংপতে!।
ক্ষত্রধর্ম্মং সমাস্থায় নবভিঃ সায়কৈঃ পুনঃ ॥১০॥

ভারতকৌমুদী

তবেতি। গণকৃতস্থানিত্যত্বাৎ সিন্ধুরাজানমিত্যদন্তত্বাভাবঃ। দ্বিপদাং নরাণাম্ ॥৬॥
এবমিতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। যুদ্ধং বিনা তে প্রবেশো ন স্যাদিত্যভিপ্রায়ঃ ॥৭॥
এতাবদিতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, অবাকিরৎ আবৃণোৎ ॥৮॥
তত ইতি। অভ্যদ্রবৎ অপীড়য়ৎ। মনস ইব জবো বেগো যেষাং তৈঃ ॥৯॥
বিব্যাধেতি। অনুমান্য সম্মান্য সম্মানরক্ষণায়াদৃঢ়ং নিক্ষিপ্যেত্যর্থঃ ॥১০॥

অতএব পিতঃ! নিষ্পাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ! অশ্বত্থামা যেমন আপনার রক্ষণীয়, আমিও আপনার সেইরূপই সর্বদা রক্ষণীয় ॥৫॥

সুতরাং দ্বিপদশ্রেষ্ঠ! আমি আপনার অনুগ্রহে যুদ্ধে জয়দ্রথকে বধ করিবার ইচ্ছা করি। প্রভু! আপনি আমার প্রতিজ্ঞা রক্ষা করুন' ॥৬॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন এইরূপ বলিলে, দ্রোণাচার্য্য ঈষৎ হাস্য করতই যেন প্রত্যুত্তর করিলেন—'অর্জ্জুন! তুমি আমাকে জয় না করিয়া জয়দ্রথকে জয় করিতে পারিবে না' ॥৭॥

এই পর্য্যন্ত বলিয়াই দ্রোণ বাণসমূহদ্বারা রথ, অশ্ব, ধ্বজ ও সারথি কৃষ্ণের সহিত অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৮॥

তদনন্তর অর্জ্জুনও বাণসমূহদ্বারা দ্রোণের বাণসমূহ নিবারণ করিয়া ভয়ঙ্করাকৃতি ও মনের ন্যায় বেগবান্ বহুতর বাণদ্বারা দ্রোণকে পীড়ন করিলেন ॥৯॥

(৯)···ঘোররূপৈর্মহত্তরৈঃ—বা নি বঙ্গ বর্দ্ধ।

তস্যেষূনিষুভিশ্ছিত্ত্বা দ্রোণো বিব্যাধ তাবুভৌ।
বিষাগ্নিজ্বলিতপ্রখ্যৈরিষুভিঃ কৃষ্ণপাণ্ডবৌ ॥১১॥
ইয়েষ পাণ্ডবস্তস্য বাণৈশ্ছেত্তুং শরাসনম্।
তস্য চিন্তয়তস্ত্বেব ফাল্গুনস্য মহাত্মনঃ ॥১২॥
দ্রোণঃ শরৈরসংভ্রান্তো জ্যাং চিচ্ছেদাশু বীর্য্যবান্।
বিব্যাধ চ হয়ানস্য ধ্বজং সারথিমেব চ ॥১৩॥ (যুগ্মকম্)
অর্জ্জুনঞ্চ শরৈর্বীরঃ স্ময়মানোঽভ্যবাকিরৎ।
এতস্মিন্নন্তরে পার্থঃ সজ্যং কৃত্বা মহদ্ধনুঃ ॥১৪॥
বিশেষয়িষ্যন্নাচার্য্যং সর্ব্বাস্ত্রবিদুষাং বরম্।
মুমোচ ষট্শতান্ বাণান্ গৃহীত্বৈকমিব দ্রুতম্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। জ্বলিতৌ বিষাগ্নী ইতি বিষাগ্নিজ্বলিতৌ অগ্নিস্তোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ, তৎপ্রখ্যৈস্তত্তুল্যৈঃ, ইষুভির্বাণৈঃ, কৃষ্ণপাণ্ডবৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১১॥

ইয়েষেতি। ফাল্গুনস্যার্জ্জুনস্য। অসংভ্রান্তঃ অবিচলিতঃ, জ্যাং ধনুর্গুণম্ ॥১২—১৩॥

অর্জ্জুনমিতি। বীরো দ্রোণঃ। বিশেষয়িষ্যন্ আত্মনো বৈষম্যং প্রাধান্যং দর্শয়িষ্যন্ ॥১৪-১৫॥

নরনাথ! পুনরায় অর্জ্জুন সম্মান রাখিয়া অথ চ ক্ষত্রিয়ধর্ম্ম অবলম্বন করিয়া নয়টা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১০॥

তখন দ্রোণ বাণদ্বারা অর্জ্জুনের বাণসমূহকে ছেদন করিয়া জ্বলিত বিষ ও অগ্নির তুল্য বহুতর বাণদ্বারা সেই কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনকেই তাড়ন করিলেন ॥১১॥

এই সময়ে অর্জ্জুন বাণদ্বারা দ্রোণের ধনু ছেদন করিবার ইচ্ছা করিলেন। মহাত্মা অর্জ্জুন এইরূপ চিন্তা করিবামাত্রই বলবান্ ও অবিচলিতচিত্ত দ্রোণ বাণদ্বারা সত্বর অর্জ্জুনের ধনুর গুণ ছেদন করিলেন এবং তাঁহার অশ্ব, ধ্বজ ও সারথিকে বিদ্ধ করিলেন ॥১২—১৩॥

আর মহাবীর দ্রোণ মৃদু হাস্য করিয়া বাণসমূহদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন। এই সময়ে অর্জ্জুন বিশাল ধনুতে গুণ সংযুক্ত করিয়া সমস্ত অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ আচার্য্যের সহিত নিজের বৈষম্য দেখাইবেন বলিয়া একটী বাণের ন্যায় একদা দ্রুত ছয়শত বাণ গ্রহণ করিয়া নিক্ষেপ করিলেন ॥১৪—১৫॥

(১২) তস্য চিন্তয়তস্ত্বেবম্…পি বর্দ্ধ। (১৫)…সর্বাস্ত্রবিদুষাং বরঃ…বা নি।

CENTRAL LIBRARY

পুনঃ সপ্তশতানন্যান্ সহস্রঞ্চানিবর্ত্তিনাম্ ।
চিক্ষেপাযুতশশ্চান্যাংস্তেঽঘ্নন্ দ্রোণস্য তাং চমূম্ ॥১৬॥
তৈঃ সম্যগস্ত্রৈর্বলিনা কৃতিনা চিত্রযোধিনা ।
মনুষ্যবাজিমাতঙ্গা বিদ্ধাঃ পেতুর্গতাসবঃ ॥১৭॥
বিসূতাশ্বধ্বজাঃ পেতুঃ সংছিন্নায়ুধজীবিতাঃ ।
রথিনো রথমুখ্যেভ্যঃ সহসা শরপীড়িতাঃ ॥১৮॥
চূর্ণিতাক্ষিপ্তদগ্ধানাং বজ্রানিলহুতাশনৈঃ ।
তুল্যরূপা গজাঃ পেতুর্গিরীণাগ্রাম্বুদবেশ্মনাম্ ॥১৯॥
পেতুরশ্বসহস্রাণি প্রহতান্যর্জ্জুনেষুভিঃ ।
হংসা হিমবতঃ প্রস্থে বারিবিপ্রহতা ইব ॥২০॥

ভারতকৌমুদী

পুনরিতি। অন্যান্ বাণান্, অনিবর্ত্তিনাং বাণানাম্। অঘ্নন্ নিহতবন্তঃ ॥১৬॥

তৈরিতি। অস্ত্রৈঃ ক্ষিপ্তৈঃ "অস্ত্র ক্ষেপণে" ইত্যস্য ক্তে প্রয়োগঃ। গতাসবো নির্গত-প্রাণাঃ ॥১৭॥

বীতি। বিগতাঃ সূতাঃ সারথয়ঃ অশ্বা ধ্বজাশ্চ যেষাং তে। রথমুখ্যেভ্যঃ স্বকীয়েভ্যঃ ॥১৮॥

চূর্ণিতেতি। বজ্রানিলহুতাশনৈর্যথাক্রমং চূর্ণিতাক্ষিপ্তদগ্ধানাম্, গিরয়ঃ পর্বতা উগ্রাম্বুদা ভীষণমেঘা বেশ্মানি গৃহাণি চ তেষাং তুল্যরূপা গজাশ্চ পেতুঃ শরাহতা ইতি শেষঃ ॥১৯॥

পেতুরিতি। প্রস্থে সানৌ, বারিভির্মেঘজলৈর্বিপ্রহতাস্তাড়িতাঃ ॥২০॥

তিনি পুনরায় অন্য সপ্তশত, অনিবর্ত্তী এক সহস্র এবং অপর অযুত অযুত বাণ নিক্ষেপ করিলেন; সেগুলি যাইয়া দ্রোণের সেই সেনা বিনাশ করিতে লাগিল ॥১৬॥

বলবান্, যুদ্ধনিপুণ ও বিচিত্রযোধী অর্জ্জুন যে সকল বাণ সমীচীনভাবে নিক্ষেপ করিতে লাগিলেন, সেগুলিদ্বারা বিদ্ধ হইয়া কুরুপক্ষের বহুতর হস্তী, অশ্ব ও পদাতি প্রাণশূন্য হইয়া পতিত হইতে থাকিল ॥১৭॥

অর্জ্জুনের বাণে সারথি, অশ্ব ও ধ্বজ বিনষ্ট এবং অস্ত্র ও জীবন ছিন্ন হইলে, রথীরা তৎক্ষণাৎ আপন আপন উত্তম রথ হইতে পতিত হইতে লাগিলেন ॥১৮॥

বজ্রচূর্ণিত পর্ব্বত, বায়ুসঞ্চালিত ভীষণ মেঘ এবং অগ্নিদগ্ধ গৃহের ন্যায় হস্তী সকল পতিত হইতে থাকিল ॥১৯॥

হংসগণ যেমন মেঘের বারিবেগে তাড়িত হইয়া হিমালয়ের সমতল ভূমিতে

(১৬)···সহস্রঞ্চানিবর্ত্তিনঃ···নি। (১৯)···গিরীণাগ্রাম্বুদবেশ্মনাম্—নি। (২০)···হংসা হিমবতঃ পৃষ্ঠে···বা নি।

রথাশ্বদ্বিপপত্ত্যোঘাঃ সলিলৌঘা ইবাদ্ভুতাঃ।
যুগান্তাদিত্যরশ্ম্যাভৈঃ পাণ্ডবাস্ত্রশরৈর্হতাঃ ॥২১॥
তং পাণ্ডবাদিত্যশরাংশুজালং কুরুপ্রবীরান্ যুধি নিষ্টপন্তম্।
স দ্রোণমেঘঃ শরবৃষ্টিবেগৈঃ প্রাচ্ছাদয়ন্মেঘ ইবার্করশ্মীন্ ॥২২॥
অথাত্যর্থং বিসৃষ্টেন দ্বিষতামসুভোজিনা।
আজঘ্নে বক্ষসি দ্রোণো নারাচেন ধনঞ্জয়ম্ ॥২৩॥
স বিহ্বলিতসর্বাঙ্গঃ ক্ষিতিকম্পে যথাচলঃ।
ধৈর্য্যমালম্ব্য বীভৎসুর্দ্রোণং বিব্যাধ পত্রিভিঃ ॥২৪॥

ভারতকৌমুদী

রথেতি। পাণ্ডবেন অর্জ্জুনেন অস্তাঃ ক্ষিপ্তা যে শরাস্তৈঃ, হতাঃ শোষিতা নাশিতাশ্চ ॥২১॥

তমিতি। মেঘঃ অর্করশ্মীনিব, স দ্রোণমেঘঃ, শরবৃষ্টিবেগৈঃ, যুধি কুরুপ্রবীরান্, নিষ্টপন্তং নিঃশেষেণ তপন্তম্, তম্, পাণ্ডবোঽর্জ্জুন এবাদিত্যস্তস্য শরা এব অংশবঃ কিরণাস্তেষাং জালং সমূহম্, প্রাচ্ছাদয়ৎ ॥২২॥

অথেতি। অত্যর্থং সবলং যথা স্যাত্তথা, বিসৃষ্টেন নিক্ষিপ্তেন, অসুভোজিনা প্রাণহারিণা ॥২৩॥

স ইতি। বিহ্বলিতসর্বাঙ্গো নারাচেনাকুলীকৃতসর্বগাত্রঃ। বীভৎসুরর্জ্জুনঃ, পত্রিভির্বাণৈঃ ॥২৪॥

পতিত হয়, সেইরূপ অর্জ্জুনের বাণে নিহত হইয়া সহস্র সহস্র অশ্ব সমরভূমিতে পতিত হইতে লাগিল ॥২০॥

প্রলয়কালে সূর্য্যের কিরণে যেমন জলসমূহ বিনষ্ট হয়, সেইরূপ অর্জ্জুন-নিক্ষিপ্ত বাণে হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহ বিনষ্ট হইতে থাকিল ॥২১॥

এইভাবে অর্জ্জুনরূপ সূর্য্য বাণরূপ কিরণসমূহদ্বারা যুদ্ধে কুরুপক্ষের প্রধান বীরগণকে সন্তপ্ত করিতে লাগিলে, মেঘ যেমন সূর্য্যরশ্মিকে আবৃত করে, সেই-রূপ দ্রোণমেঘ বেগশালী শরবৃষ্টিদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥২২॥

তদনন্তর দ্রোণ সবলে নিক্ষিপ্ত শত্রুগণের প্রাণনাশক একটা নারাচদ্বারা অর্জ্জুনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৩॥

সেই আঘাতে অর্জ্জুনের সমস্ত অঙ্গ বিহ্বল হইল, তথাপি তিনি ভূমিকম্পে পর্ব্বতের ন্যায় ধৈর্য্য অবলম্বন করিয়া বহুতর বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥২৪॥

(২১)…পাণ্ডবাস্ত্রশরৈর্হতাঃ—বা নি।

CENTRAL LIBRARY

দ্রোণস্তু পঞ্চভির্বাণৈর্ব্বাসুদেবমতাড়য়ৎ।
অর্জ্জুনঞ্চ ত্রিসপ্তত্যা ধ্বজঞ্চাস্য ত্রিভিঃ শরৈঃ ॥২৫॥
বিশেষয়িষ্যন্ শিষ্যঞ্চ দ্রোণো রাজন্! পরাক্রমী।
অদৃশ্যমর্জ্জুনঞ্চক্রে নিমেষাচ্ছরবৃষ্টিভিঃ ॥২৬॥
প্রসক্তান্ পততোঽদ্রাক্ষং ভারদ্বাজস্য সায়কান্।
মণ্ডলীকৃতমেবাস্য ধনুশ্চাদৃশ্যতাদ্ভুতম্ ॥২৭॥
তেঽভ্যয়ুঃ সমরে রাজন্! বাসুদেবধনঞ্জয়ৌ।
দ্রোণসৃষ্টাঃ সুবহবঃ কঙ্কপত্রপরিচ্ছদাঃ ॥২৮॥
তদ্দৃষ্ট্বা তাদৃশং যুদ্ধং দ্রোণপাণ্ডবয়োস্তদা।
বাসুদেবো মহাবুদ্ধিঃ কার্য্যবত্তামচিন্তয়ৎ ॥২৯॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। বাসুদেবতাড়নং সমরনিয়মাৎ, ন পুনঃ শত্রুজ্ঞানাদিতি বোধ্যম্ ॥২৫॥
বিশেষেতি। বিশেষয়িষ্যন্ বিশেষং বৈষম্যমাত্মনঃ প্রাধান্যং সূচয়িষ্যন্ ॥২৬॥
প্রেতি। প্রসক্তান্ পরস্পরলগ্নান্। এতেন দ্রোণস্যাপি লঘুহস্ততা সূচিতা ॥২৭॥
ত ইতি। তে সায়কাঃ, অভ্যয়ুঃ প্রাপ্নুবন্। দ্রোণেন সৃষ্টাঃ ক্ষিপ্তাঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

দুঃশাসনেতি ॥১—১৮॥ গির্য্যগ্রাং বুদবেশ্মনাং বজ্রানিলহুতাশনৈঃ চূর্ণিতাক্ষিপ্তদগ্ধানাম্ ইতি যথাসংখ্যেনান্বয়ঃ ॥১৯—২৮॥ কার্য্যবত্তাং কৃত্যবাহুল্যম্ ॥২৯—৪৪॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৮॥

কিন্তু দ্রোণ পাঁচটা বাণদ্বারা কৃষ্ণকে, ত্রিসপ্ততি বাণদ্বারা অর্জ্জুনকে এবং তিনটা বাণদ্বারা উঁহার ধ্বজটাকে তাড়ন করিলেন ॥২৫॥

রাজা! তৎকালে পরাক্রমশালী দ্রোণ শিষ্য অপেক্ষা নিজের প্রাধান্য সূচনা করিবেন বলিয়া নিমেষমধ্যে শরবৃষ্টিদ্বারা অর্জ্জুনকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥২৬॥

তখন আমি দেখিলাম—দ্রোণের বাণগুলি পরস্পর সংলগ্ন অবস্থায় যাইয়া অর্জ্জুনের উপরে পড়িতে লাগিল এবং উঁহার অদ্ভুত ধনুখানাকেও মণ্ডলীকৃতই দেখিলাম ॥২৭॥

রাজা! দ্রোণনিক্ষিপ্ত কঙ্কপক্ষযুক্ত সেই বহুতর বাণ যাইয়া কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে পতিত হইতে থাকিল ॥২৮॥

---

(২৭) প্রসক্তান্ পততোঽদ্রাক্ষ· ·বা নি।

ততোঽব্রবীদ্বাসুদেবো ধনঞ্জয়মিদং বচঃ।
পার্থ! পার্থ! মহাবাহো! ন নঃ কালাত্যয়ো ভবেৎ ॥৩০॥
দ্রোণমুৎসৃজ্য গচ্ছামঃ কৃত্যমেতন্মহত্তরম্।
পার্থশ্চাপ্যব্রবীৎ কৃষ্ণং যথেষ্টমিতি কেশব! ॥৩১॥
ততঃ প্রদক্ষিণং কৃত্বা দ্রোণং প্রায়ান্মহাভুজঃ।
পরিবৃত্তশ্চ বীভৎসুরগচ্ছদ্বিসৃজন্ শরান্ ॥৩২॥
ততোঽব্রবীৎ স্ময়ন্ দ্রোণঃ ক্বেদং পাণ্ডব! গম্যতে।
নন্বু নাম রণে শত্রুমজিত্বা ন নিবর্ত্তসে ॥৩৩॥

অর্জ্জুন উবাচ।

গুরুর্ভবান্ ন মে শত্রুঃ শিষ্যঃ পুত্রসমোঽস্মি তে।
ন চাস্তি স পুমাল্লোঁকে যস্ত্বাং যুধি পরাজয়েৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

তদিতি। কার্য্যবত্তাম্ অর্জ্জুনস্য জয়দ্রথবধরূপকার্য্যগৌরবম্। বিলম্বে তদ্ধানিসম্ভবঃ ॥২৯॥
তত ইতি। যথা নঃ অস্মাকং কালাত্যয়ো ন ভবেৎ, তথা কুর্বিত্যর্থঃ ॥৩০॥
দ্রোণমিতি। কৃত্যং কার্য্যম্। যথেষ্টম্ অস্মিন্নবসরে পর্য্যাপ্তম্ তন্মমাপ্যভীষ্টম্ ॥৩১॥
তত ইতি। শরান্ বিসৃজন্, পশ্চাদ্ধাবিতশত্রুনিবারণায়েতি ভাবঃ ॥৩২॥
তত ইতি। স্ময়ন্ উন্মুঠনায় ঈষদ্ধসন্। নন্বিত্যবধারণে। ইত্যেব তে নিয়ম ইত্যাশয়ঃ ॥৩৩॥
গুরুরিতি। তথাপ্যহং শত্রুপক্ষগততয়া শত্রুরেবেত্যাহ নেতি। অতস্তজ্জয়োঽসম্ভব এবেত্যভিপ্রায়ঃ ॥৩৪॥

তখন দ্রোণ ও অর্জুনের সেইরূপ সেই যুদ্ধ দেখিয়া মহাবুদ্ধি কৃষ্ণ অর্জুনের কার্য্যগৌরবের বিষয় ভাবিলেন ॥২৯॥

তাহার পর কৃষ্ণ অর্জুনকে এই কথা বলিলেন—'অর্জুন! অর্জুন! মহাবাহু! যাহাতে আমাদের কালক্ষেপ না হয়, তাহা কর ॥৩০॥

আমরা দ্রোণকে পরিত্যাগ করিয়া চলিয়া যাই; ইহাই আমাদের প্রধান কর্ত্তব্য'। তখন অর্জ্জুনও কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! ইহাই এখন যথেষ্ট' ॥৩১॥

তাহার পর মহাবাহু অর্জ্জুন দ্রোণকে প্রদক্ষিণ করিয়া চলিলেন এবং পিছনে ফিরিয়া ফিরিয়া বাণক্ষেপ করিতে করিতে যাইতে লাগিলেন ॥৩২॥

তৎপরে দ্রোণ ঈষৎ হাস্য করিয়া বলিলেন—'পাণ্ডুনন্দন! এ কোথায় যাইতেছ? তুমি না যুদ্ধে শত্রুকে জয় না করিয়া ফের না?' ॥৩৩॥

অর্জ্জুন বলিলেন—'আপনি আমার গুরু—শত্রু নহেন এবং আমিও আপনার

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

এবং ব্রুবাণো বীভৎসুর্জয়দ্রথবধোৎসুকঃ।
ত্বরাযুক্তো মহাবাহুস্তৎসৈন্যং সমুপাদ্রবৎ ॥৩৫॥
তং চক্ররক্ষৌ পাঞ্চাল্যৌ যুধামন্যুত্তমৌজসৌ।
অন্বয়াতাং মহাত্মানৌ বিশন্তং তাবকং বলম্ ॥৩৬॥
ততো জয়ো মহারাজ! কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
কাম্বোজশ্চ শ্রুতায়ুশ্চ ধনঞ্জয়মবাকিরন্ ॥৩৭॥
তেষাং দশ সহস্রাণি রথানামনুযায়িনাম্।
অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথবসাতয়ঃ ॥৩৮॥
মাবেল্লকা ললিত্থাশ্চ কেকয়া মদ্রকাস্তথা।
নারায়ণাশ্চ গোপালাঃ কাম্বোজানাঞ্চ যে গণাঃ ॥৩৯॥
কর্ণেন বিজিতাঃ পূর্ব্বং সংগ্রামে শূরসম্মতাঃ।
ভারদ্বাজং পুরস্কৃত্য সৃষ্টাত্মানোঽর্জ্জুনং প্রতি ॥৪০॥

ভারতকৌমুদী

এবমিতি। বীভৎসুরর্জ্জুনঃ। তস্য জয়দ্রথস্য সৈন্যম্, সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩৫॥
তমিতি। চক্রং রক্ষিসৈন্যং রক্ষত ইতি তৌ, পাঞ্চাল্যৌ পাঞ্চালদেশীয়ৌ ॥৩৬॥
তত ইতি। সাত্বতস্তদ্বংশীয়ঃ। অবাকিরন্ শরৈরাবৃণ্বন্ ॥৩৭॥
তেষামিতি। তেষাং জয়াদীনাম্। নারায়ণা নাম হতাবশিষ্টাঃ, গোপালা গোপজাতীয়া

শিষ্য—পুত্রতুল্য। তা'র পর যুদ্ধে আপনাকে যে পরাজয় করিতে পারে, সেরূপ লোকও জগতে নাই ॥৩৪॥

সঞ্জয় বলিলেন—'মহাবাহু অর্জ্জুন এইরূপ বলিয়া জয়দ্রথবধের জন্য উৎকণ্ঠিত হইয়া সত্বর তাঁহার সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

মহারাজ! অর্জ্জুন আপনার সৈন্যমধ্যে প্রবেশ করিতে লাগিলে, পাঞ্চালদেশীয় মহাত্মা যুধামন্যু ও উত্তমৌজা তাঁহার চক্র রক্ষা করিতে থাকিয়া তাঁহার পিছনে পিছনে চলিলেন ॥৩৬॥

মহারাজ! তদনন্তর জয়, সাত্বতবংশীয় কৃতবর্ম্মা ও কাম্বোজদেশীয় শ্রুতায়ু বাণ বর্ষণ করিয়া অর্জ্জুনকে আবৃত করিলেন ॥৩৭॥

তাঁহাদের অনুগামী দশ সহস্র রথী এবং অভীষাহ, শূরসেন, শিবি, বসাতি, মাবেল্লক, ললিত্থ, কেকয় ও মদ্রদেশীয় সৈন্যেরা, আর হতাবশিষ্ট গোপজাতীয়

(৩৫)…স্বৎসৈন্যম্…নি। (৩৭)…ধনঞ্জয়মবারয়ন্—বা নি। (৪০)…হৃষ্টাত্মানোঽর্জ্জুনং প্রতি—বা নি।

পুত্রশোকাভিসন্তপ্তং ক্রুদ্ধং মৃত্যুমিবান্তকম্।
ত্যজন্তং তুমুলে প্রাণান্ সন্নদ্ধং চিত্রযোধিনম্ ॥৪১॥
গাহমানমনীকানি মাতঙ্গমিব যূথপম্।
মহেষ্বাসং পরাক্রান্তং নরব্যাঘ্রমবারয়ন্ ॥৪২॥ (কুলকম্)
ততঃ প্রবর্ত্তে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
অন্যোন্যং বৈ প্রার্থয়তাং যোধানামর্জ্জুনস্য চ ॥৪৩॥
জয়দ্রথবধং প্রেপ্সুমায়ান্তং পুরুষর্ষভম্।
ন্যবারয়ন্ত সহিতাঃ ক্রিয়া ব্যাধিমিবোত্থিতম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অর্জ্জুনস্য দ্রোণাতিক্রমে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইত্যুক্তমুদ্যোগপর্ব্বণি। ভারদ্বাজং দ্রোণম্, স্বষ্টাত্মানস্ত্যক্তদেহা দেহত্যাগায়োদ্যতা ইত্যর্থঃ। অন্তকং বন্ধনকরম্। ত্যজন্তং ত্যক্তুমুদ্যচ্ছন্তম্। সন্নদ্ধং যুদ্ধসজ্জয়া সজ্জিতম্। গাহমানমালোড়য়ন্তম্ ॥৩৮—৪২॥

তত ইতি। প্রার্থয়তাং যুদ্ধায় যাচমানানাম্ ॥৪৩॥

জয়দ্রথেতি। প্রেপ্সুং প্রাপ্তুং কর্ত্তুমিচ্ছুম্। পুরুষর্ষভমর্জ্জুনম্। ক্রিয়াশ্চিকিৎসাব্যাপারাঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

নারায়ণসৈন্যগণ এবং কর্ণ পূর্ব্বে বীর বলিয়া অভিমত কাম্বোজদেশীয় যে সৈন্যগণকে যুদ্ধে জয় করিয়াছিলেন—তাহারা, দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া দেহত্যাগে উদ্যত হইয়া পুত্রশোকে সন্তপ্ত, অন্তিমকালে বন্ধনকারী যমের ন্যায় ক্রুদ্ধ, তুমুল যুদ্ধে প্রাণত্যাগে উদ্যত, যুদ্ধসজ্জায় সজ্জিত, বিচিত্রযুদ্ধকারী, যূথপতি হস্তীর ন্যায় সৈন্যালোড়নকারী, মহাধনুর্দ্ধর ও পরাক্রমশালী নরশ্রেষ্ঠ অর্জ্জুনকে বারণ করিতে লাগিল ॥৩৮—৪২॥

তদনন্তর অর্জ্জুনের ও পরস্পর প্রার্থনাকারী কৌরবযোদ্ধৃগণের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ লাগিয়া গেল ॥৪৩॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন জয়দ্রথকে বধ করিবার জন্য আসিতে লাগিলে, চিকিৎসাক্রিয়া যেমন আবির্ভূত রোগকে নিবারণ করিতে থাকে, সেইরূপ সেই সৈন্যেরা মিলিত হইয়া অর্জ্জুনকে নিবারণ করিতে থাকিল' ॥৪৪॥

* '...একোননবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, ' একনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

ঊনাশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সন্নিরুদ্ধস্তু তৈঃ পার্থো মহাবলপরাক্রমঃ।
দ্রুতং সমনুযাতশ্চ দ্রোণেন রথিনাং বরঃ ॥১॥
কিরন্নিষুগণাংস্তীক্ষ্ণান্ স্বরশ্মীনিব ভাস্করঃ।
তাপয়ামাস তৎ সৈন্যং দেহং ব্যাধিগণো যথা ॥২॥ (যুগ্মকম্)
অশ্বো বিদ্ধো রথশ্ছিন্নঃ সারোহঃ পাতিতো গজঃ।
ছত্রাণি চাপবিদ্ধানি রথাশ্চক্রৈর্বিনা কৃতাঃ ॥৩॥
বিদ্রুতানি চ সৈন্যানি শরার্ত্তানি সমন্ততঃ।
ইত্যাসীত্তুমুলং যুদ্ধং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৪॥
তেষাং সংযচ্ছতাং সংখ্যে পরস্পরমজিহ্মগৈঃ।
অর্জ্জুনো ধ্বজিনীং রাজন্নভীক্ষ্ণং সমকম্পয়ৎ ॥৫॥

ভারতকৌমুদী

সন্নিরুদ্ধ ইতি। সমনুযাতঃ পশ্চাদ্ধাবিতঃ। কিরন্ নিক্ষিপন্ ॥১—২॥
অশ্ব ইতি। সারোহ আরোহিসহিতঃ। অপবিদ্ধানি পাতিতানি। বিনা বিহীনাঃ ॥৩॥
বীতি। বিদ্রুতানি অপসৃতানি। ন প্রাজ্ঞায়ত সংঘর্ষাতিরেকাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই যোদ্ধারা বাধা দিলে এবং দ্রোণ অনুসরণ করিতে লাগিলে, সূর্য্য যেমন আপন রশ্মি নিক্ষেপ করেন, সেইরূপ মহাবলপরাক্রমশালী ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন তীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া—রোগসমূহ যেমন দেহ সন্তপ্ত করে, তেমন কৌরবসৈন্য সন্তপ্ত করিতে লাগিলেন ॥১—২॥

অর্জ্জুন কৌরবপক্ষের অশ্বগণকে বিদ্ধ, রথসমূহকে ছিন্ন-বিচ্ছিন্ন, আরোহীদের সহিত হস্তীগুলিকে নিপাতিত, ছত্র সকল স্থানচ্যুত এবং অনেক রথকে চক্রবিহীন করিলেন ॥৩॥

ক্রমে কৌরবসৈন্যেরা অর্জ্জুনের বাণে পীড়িত হইয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল। এইরূপে তুমুল যুদ্ধ হইতে থাকিল; তাহার বিশেষ কিছুই জানা গেল না ॥৪॥

(২)···স রশ্মীনিব···বা নি।

CENTRAL LIBRARY

সত্যাং চিকীর্ষমাণস্তু প্রতিজ্ঞাং সত্যসঙ্গরঃ।
অভ্যদ্রবদ্রথশ্রেষ্ঠং শোণাশ্বং শ্বেতবাহনঃ ॥৬॥
তং দ্রোণঃ পঞ্চবিংশত্যা মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ।
অন্তেবাসিনমাচার্য্যো মহেষ্বাসং সমার্পয়ৎ ॥৭॥
তং তূর্ণমিব বীভৎসুঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
অভ্যধাবদিষূনস্যন্নিষুবেগবিঘাতকান্ ॥৮॥
তস্যাশু ক্ষিপতো ভল্লান্ ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ।
প্রত্যবিধ্যদমেয়াত্মা ব্রহ্মাস্ত্রং সমুদীরয়ন্ ॥৯॥
তদদ্ভুতমপশ্যাম দ্রোণস্যাচার্য্যকং যুধি।
যতমানো যুবা নৈনং প্রত্যবিধ্যদ্যদর্জ্জুনঃ ॥১০॥

ভারতকৌমুদী

তেষামিতি। সংযচ্ছতাং সংগৃহ্ণতাম্। অজিহ্মগৈর্বাণৈঃ। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ ॥৫॥
সত্যামিতি। চিকীর্ষমাণঃ কর্ত্তুমিচ্ছন্, সত্যসঙ্গরো যথার্থপ্রতিজ্ঞঃ। শোণাশ্বং দ্রোণম্ ॥৬॥
তমিতি। অন্তেবাসিনং শিষ্যম্। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥৭॥
তমিতি। ইব এবার্থে। ইষূন্ বাণান্, অস্যন্ ক্ষিপন্ ॥৮॥
তস্যেতি। তস্য বীভৎসোঃ শরীরমিতি শেষঃ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবো দ্রোণঃ ॥৯॥
তদিতি। আচার্য্যকং গুরুকার্য্যম্। এনং দ্রোণম্, প্রত্যবিধ্যৎ প্রতিবেদ্ধুমশক্নোৎ ॥১০॥

রাজা! কৌরবপক্ষের যোদ্ধারা যুদ্ধে বাণদ্বারা পরস্পর গ্রহণ করিলে, অর্জ্জুন বার বার তাঁহাদের সেনাকে কম্পিত করিতে লাগিলেন ॥৫॥

সত্যপ্রতিজ্ঞ অর্জ্জুন জয়দ্রথবধ প্রতিজ্ঞাকে সত্য করিবার ইচ্ছা করিয়া রথিশ্রেষ্ঠ ও লোহিতাশ্ব দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৬॥

তখন আচার্য্য দ্রোণ মর্ম্মভেদী পঁচিশটা বাণদ্বারা মহাধনুর্দ্ধর শিষ্য অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৭॥

ওদিকে সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ অর্জ্জুনও বাণবেগনিবারক বাণ সকল নিক্ষেপ করিতে করিতে সত্বরই দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৮॥

অর্জ্জুন দ্রুত ভল্ল সকল নিক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় অজ্ঞেয়স্বভাব দ্রোণ ব্রহ্মাস্ত্র আবিষ্কার করতঃ নতপর্ব্ব ভল্লসমূহদ্বারা অর্জ্জুনকে প্রতিবিদ্ধ করিলেন ॥৯॥

এই সময়ে আমরা যুদ্ধে বৃদ্ধ দ্রোণের অদ্ভুত আচার্য্যকার্য্য দেখিলাম। যে হেতু যুবা অর্জ্জুন যত্নবান্ হইয়াও উঁহাকে প্রতিবিদ্ধ করিতে পারিলেন না ॥১০॥

ক্ষরন্নিব মহামেঘো বারিধারাঃ সহস্রশঃ।
দ্রোণমেঘঃ পার্থশৈলং ববর্ষ শরবৃষ্টিভিঃ ॥১১॥
অর্জ্জুনঃ শরবর্ষং তদ্‌ব্রহ্মাস্ত্রেণৈব মারিষ!।
প্রতিজগ্রাহ তেজস্বী বাণৈর্বাণান্ বিশাতয়ন্ ॥১২॥
দ্রোণস্তু পঞ্চবিংশত্যা শ্বেতবাহনমার্দ্দয়ৎ।
বাসুদেবঞ্চ সপ্তত্যা বাহ্বোরুরসি চাশুগৈঃ ॥১৩॥
পার্থস্তু প্রহসন্ ধীমানাচার্য্যং স শরৌঘিণম্।
বিসৃজন্তং শিতান্ বাণানবারয়ত তং যুধি ॥১৪॥
অথ তৌ বধ্যমানৌ তু দ্রোণেন রথসত্তমৌ।
অবর্জয়েতাং দুর্দ্ধর্ষং যুগান্তাগ্নিমিবোত্থিতম্ ॥১৫॥

ভারতকৌমুদী

ক্ষরন্নিতি। ক্ষরন্ নিঃসারয়ন্। শরবৃষ্টিভির্বাণরূপজলবর্ষণৈঃ ॥১১॥
অর্জ্জুন ইতি। ব্রহ্মাস্ত্রেণৈব ব্রহ্মাস্ত্রাবিষ্কারেণৈব। বিশাতয়ন্ ছিন্দন্ ॥১২॥
দ্রোণ ইতি। শ্বেতবাহনমর্জ্জুনম্। উরসি বক্ষসি, আশুগৈর্বাণৈঃ ॥১৩॥
পার্থ ইতি। আচার্য্যং দ্রোণম্, শরৌঘিণং বাণসমূহবন্তম্ ॥১৪॥
অথেতি। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। অবর্জয়েতাং দূরগমনেনাত্যজতাম্, কালক্ষেপপরিহারার্থমিত্যাশয়ঃ। দ্রোণস্তু ব্যূহদ্বারং বিহায় অর্জ্জুনমনুসর্ত্তুং নাশকদিতি বোধ্যম্। দুর্দ্ধর্ষং দ্রোণম্ ॥১৫॥

পরন্তু মহামেঘ যেমন সহস্র সহস্র জলধারা বর্ষণ করে, সেইরূপ দ্রোণরূপ মেঘ অর্জুনরূপ পর্বতের উপরে বাণরূপবারিবর্ষণ করিতে লাগিলেন ॥১১॥

মাননীয় রাজা! তখন তেজস্বী অর্জুনও ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিয়াই বাণদ্বারা দ্রোণের বাণ ছেদন করতঃ তাঁহার সেই বাণবর্ষণ গ্রহণ করিলেন ॥১২॥

এই সময়ে দ্রোণ পঁচিশটা বাণদ্বারা অর্জুনকে এবং সত্তরটা বাণদ্বারা কৃষ্ণের বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥১৩॥

পরে বুদ্ধিমান্ অর্জুন হাস্য করিতে করিতে যুদ্ধে সুধার বাণবর্ষণকারী ও বহুবাণশালী দ্রোণকে বারণ করিলেন ॥১৪॥

তদনন্তর দ্রোণ আঘাত করিতে লাগিলে, রথিশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জুন উত্থিত প্রলয়াগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ দ্রোণকে পরিত্যাগ করিলেন ॥১৫॥

(১২)…তচ্ছরবর্ষেণ বীর্য্যবান্। অবারয়দসংভ্রান্তো ন ত্বাচার্য্যমপীড়য়ৎ—নি। (১৫)…আবর্জয়েতাম্…পি বা বন্ধ বর্দ্ধ।

বর্জ্জয়ন্ নিশিতান্ বাণান্ দ্রোণচাপবিনিঃসৃতান্।
কিরীটমালী কৌন্তেয়ো ভোজানীকং ব্যশাতয়ৎ ॥১৬॥
সোঽন্তরা কৃতবর্ম্মাণং কাম্বোজঞ্চ সুদক্ষিণম্।
অভ্যয়াদ্বর্জয়ন্ দ্রোণং মৈনাকমিব পর্ব্বতম্ ॥১৭॥
ততো ভোজো নরব্যাঘ্রো দুর্দ্ধর্ষং কুরুসত্তমম্।
অবিধ্যত্তূর্ণমব্যগ্রো দশভিঃ কঙ্কপত্রিভিঃ ॥১৮॥
তমর্জ্জুনঃ শিতেনাজৌ রাজন্! বিব্যাধ পত্রিণা।
পুনশ্চান্যৈস্ত্রিভির্ব্বাণৈর্মোহয়ন্নিব সাত্বতম্ ॥১৯॥
ভোজস্তু প্রহসন্ পার্থং বাসুদেবঞ্চ মাধবম্।
একৈকং পঞ্চবিংশত্যা সায়কানাং সমার্পয়ৎ ॥২০॥

ভারতকৌমুদী

বর্জ্জয়ন্নিতি। কিরীটমালী অর্জ্জুনঃ, ভোজানীকং কৃতবর্ম্মসৈন্যম্, ব্যশাতয়দনাশয়ৎ ॥১৬॥
স ইতি। অন্তরা মধ্যে, কাম্বোজং কাম্বোজদেশরাজম্ ॥১৭॥
তত ইতি। ভোজঃ কৃতবর্ম্মা। কুরুসত্তমমর্জ্জুনম্। কঙ্কপত্রিভির্বাণৈঃ ॥১৮॥
তমিতি। শিতেন শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতেন। সাত্বতং কৃতবর্ম্মাণং মোহয়ন্নাসীৎ ॥১৯॥
ভোজ ইতি। ভোজঃ কৃতবর্ম্মা। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥২০॥

ক্রমে কিরীট ও মালাধারী অর্জুন দ্রোণকার্ম্মুকনির্গত নিশিত বাণসমূহের পথ অতিক্রম করিয়া যাইয়া কৃতবর্ম্মার সৈন্য বিনাশ করিতে আরম্ভ করিলেন ॥১৬॥

পরে অর্জুন মৈনাকপর্ব্বতের ন্যায় দ্রোণকে পরিত্যাগ করিয়া কৃতবর্ম্মা ও কাম্বোজরাজ সুদক্ষিণের মধ্যস্থানে গমন করিলেন ॥১৭॥

তাহার পর নরশ্রেষ্ঠ কৃতবর্ম্মা অবিহ্বল থাকিয়া সত্বর দশটা বাণদ্বারা দুর্দ্ধর্ষ অর্জুনকে বিদ্ধ করিলেন ॥১৮॥

রাজা! তখন অর্জুন সুধার একটা বাণদ্বারা যুদ্ধে কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন, পুনরায় অন্য তিনটা বাণদ্বারা তাঁহাকে যেন মোহিত করিয়া ফেলিলেন ॥১৯॥

পরে কৃতবর্ম্মা হাস্য করিতে করিতে অর্জুন ও কৃষ্ণের মধ্যে এক এক জনকে পঁচিশ পঁচিশটা বাণদ্বারা পীড়ন করিলেন ॥২০॥

(১৬)…ভোজানীকমথাবিশৎ—নি।

CENTRAL LIBRARY

তস্যার্জ্জুনো ধনুশ্ছিত্ত্বা বিব্যাধৈনঞ্চ সপ্তভিঃ।
শরৈরগ্নিশিখাকারৈঃ ক্রুদ্ধাশীবিষসন্নিভৈঃ ॥২১॥
অথান্যদ্ধনুরাদায় কৃতবর্ম্মা মহারথঃ।
পঞ্চভিঃ সায়কৈস্তূর্ণং বিব্যাধোরসি ভারতম্ ॥২২॥
পুনশ্চ নিশিতৈর্ব্বাণৈঃ পার্থং বিব্যাধ পঞ্চভিঃ।
তং পার্থো নবভির্ব্বাণৈরাজঘান স্তনান্তরে ॥২৩॥
দৃষ্ট্বা বিষক্তং কৌন্তেয়ং কৃতবর্ম্মরথং প্রতি।
চিন্তয়ামাস বার্ষ্ণেয়ো ন নঃ কালাত্যয়ো ভবেৎ ॥২৪॥
ততঃ কৃষ্ণোঽব্রবীৎ পার্থং কৃতবর্ম্মণি মা দয়াম্।
কুরু সম্বন্ধকং হিত্বা প্রমথ্যৈনং বিশাতয় ॥২৫॥
ততঃ স কৃতবর্ম্মাণং মোহয়িত্বার্জ্জুনঃ শরৈঃ।
অভ্যগাজ্জবনৈরশ্বৈঃ কাম্বোজানামনীকিনীম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। অগ্নিশিখাকারৈরুজ্জ্বলৈঃ। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পঃ ॥২১॥
অথেতি। উরসি বক্ষসি, ভারতং ভরতবংশীয়মর্জ্জুনম্ ॥২২॥
পুনরিতি। বিব্যাধ কৃতবর্ম্মেত্যনুবৃত্তিঃ। স্তনয়োরন্তরে বক্ষসি ॥২৩॥
দৃষ্ট্বেতি। বিষক্তং যুদ্ধে লগ্নম্, কৌন্তেয়মর্জ্জুনম্। বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ ॥২৪॥
তত ইতি। সম্বন্ধকং তুচ্ছং শ্বশুরবংশসম্পর্কম্। বিশাতয় বিনাশয় ॥২৫॥
তত ইতি। জবনৈর্বেগবদ্ভিঃ। অনীকিনীং সেনাম্ ॥২৬॥

তখন অর্জুন কৃতবর্ম্মার ধনু ছেদন করিয়া অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল এবং ক্রুদ্ধ তীক্ষ্ণবিষ সর্পের তুল্য সাতটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥২১॥

তদনন্তর মহারথ কৃতবর্ম্মা অন্য ধনু লইয়া পাঁচটা বাণদ্বারা সত্বর অর্জুনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥২২॥

এবং তিনি পুনরায় পাঁচটা সুধার বাণদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন। পরে অর্জুনও নয়টা বাণদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৩॥

এই সময়ে অর্জুনকে কৃতবর্ম্মার সহিত যুদ্ধে ব্যাপৃত দেখিয়া কৃষ্ণ চিন্তা করিলেন যে, 'আমাদের কালক্ষেপ না হয়' ॥২৪॥

তৎপরে কৃষ্ণ অর্জুনকে বলিলেন—'অর্জুন! কৃতবর্ম্মার উপরে দয়া করিও না, সম্পর্কের আকর্ষণ ত্যাগ করিয়া উহাকে অভিভূত করিয়া বিনাশ কর' ॥২৫॥

(২১)···বিব্যাধৈনং ত্রিসপ্তভিঃ···বা নি। (২২)···বিব্যাধোরসি ভারত!—বা বঙ্গ বর্দ্ধ নি। (২৫)···সম্বন্ধকং কৃত্বা···পি বঙ্গ বর্দ্ধ।

অমর্ষিতস্তু হার্দ্দিক্যঃ প্রবিষ্টে শ্বেতবাহনে।
বিধুন্বন্ সশরং চাপং পাঞ্চাল্যাভ্যাং সমাগতঃ ॥২৭॥
চক্ররক্ষৌ তু পাঞ্চাল্যাবর্জ্জুনস্য পদানুগৌ।
পর্য্যবারয়দায়ান্তৌ কৃতবর্ম্মা রথেষুভিঃ ॥২৮॥
তাববিধ্যত্ততো ভোজঃ কৃতবর্ম্মা শিতৈঃ শরৈঃ।
ত্রিভিরেব যুধামন্যুং চতুর্ভিশ্চোত্তমৌজসম্ ॥২৯॥
তাবপ্যেনং বিবিধতুর্দশভির্দশভিঃ শরৈঃ।
সংচিচ্ছিদতুরপ্যস্য ধ্বজং কার্ম্মুকমেব চ ॥৩০॥
অথান্যদ্ধনুরাদায় হার্দ্দিক্যঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কৃত্বা বিধনুষৌ বীরৌ শরবর্ষৈরবাকিরৎ ॥৩১॥

ভারতকৌমুদী

অমর্ষিত ইতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা। পাঞ্চাল্যাভ্যাং যুধামন্যূত্তমৌজো-ভ্যাম্ ॥২৭॥

চক্রেতি। রথশ্চ ইষবশ্চ তৈঃ, রথেন পন্থানং রুরোধ শরৈশ্চ তাড়য়ামাসেত্যর্থঃ ॥২৮॥

তাবিতি। ভোজো ভোজবংশীয়ঃ, শিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২৯॥

তাবিতি। এনং কৃতবর্ম্মাণম্, বিবিধতুস্তাড়য়ামাসতুঃ ॥৩০॥

অথেতি। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। বিধনুষৌ ধনুঃশূন্যৌ, বীরৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥৩১॥

তাহার পর অর্জুন বাণদ্বারা কৃতবর্ম্মাকে মূর্চ্ছিত করিয়া বেগবান্ অশ্বগণের গুণে কাম্বোজসৈন্যের দিকে সত্বর গমন করিলেন ॥২৬॥

অর্জুন যাইয়া কাম্বোজসৈন্যমধ্যে প্রবেশ করিলে, কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া বাণযুক্ত ধনু সঞ্চালন করিতে থাকিয়া অর্জুনের চক্ররক্ষক পাঞ্চালদেশীয় যুধামন্যু ও উত্তমৌজার সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥২৭॥

অর্জুনের চক্ররক্ষক ও তাঁহার অনুগামী যুধামন্যু ও উত্তমৌজা আসিতে লাগিলে, কৃতবর্ম্মা রথদ্বারা তাঁহাদের পথ অবরোধ করিলেন এবং বাণদ্বারা তাঁহাদিগকে আঘাত করিলেন ॥২৮॥

তদনন্তর ভোজবংশীয় কৃতবর্ম্মা সুধার বাণসমূহদ্বারা যুধামন্যু ও উত্তমৌজাকে বিদ্ধ করিতে লাগিলেন। তিনি তিনটা বাণদ্বারা যুধামন্যুকে এবং চারিটা বাণদ্বারা উত্তমৌজাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

তখন তাঁহারাও দশ দশটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে তাড়ন করিলেন, আর কৃতবর্ম্মার ধ্বজ এবং ধনুও ছেদন করিয়া ফেলিলেন ॥৩০॥

তাবন্যে ধনুষী সজ্যে কৃত্বা ভোজং বিভেদতুঃ।
তেনান্তরেণ বীভৎসুর্বিবেশামিত্রবাহিনীম্ ॥৩২॥
ন লেভাতে তু তৌ দ্বারং বারিতৌ কৃতবর্ম্মণা।
ধার্ত্তরাষ্ট্রেষ্বনীকেষু যতমানৌ নরর্ষভৌ ॥৩৩॥
অনীকান্যর্দ্দয়ন্ যুদ্ধে ত্বরিতঃ শ্বেতবাহনঃ।
নাবধীৎ কৃতবর্ম্মাণং প্রাপ্তমপ্যরিসূদনঃ ॥৩৪॥
তং দৃষ্ট্বা তু তথায়ান্তং শূরো রাজা শ্রুতায়ুধঃ।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধো বিধুন্বানো মহদ্ধনুঃ ॥৩৫॥
স পার্থং ত্রিভিরানর্চ্ছৎ সপ্তত্যা চ জনার্দ্দনম্।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন পার্থকেতুমতাড়য়ৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

তাবিতি। সজ্যে আরোপিতগুণে। অন্তরেণাবকাশেন, বীভৎসুরর্জ্জুনঃ ॥৩২॥
নেতি। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। ধার্ত্তরাষ্ট্রেষ্বনীকেষু দ্বারং ন লেভাতে ইতি সম্বন্ধঃ ॥৩৩॥
অনীকানীতি। নাবধীৎ, কৃতবর্ম্মণঃ সুভদ্রাপিতুরেকবংশীয়তয়া সম্পর্কাদিতি ভাবঃ ॥৩৪॥
তমিতি। তং শ্বেতবাহনম্। বিধুন্বানঃ সঞ্চালয়ন্ ॥৩৫॥
স ইতি। আনর্চ্ছৎ আর্চ্ছদপীড়য়ৎ ধাতুনামনেকার্থত্বাৎ। হ্রস্বত্বাৎ নকারাগমস্তার্ষঃ ॥৩৬॥

তৎপরে কৃতবর্ম্মা ক্রোধে অধীর হইয়া অন্য ধনু লইয়া যুধামন্যু ও উত্তমৌজাকে কার্ম্মুকশূন্য করিয়া বাণবর্ষণপূর্ব্বক তাঁহাদিগকে আবৃত করিলেন ॥৩১॥

তখন যুধামন্যু ও উত্তমৌজা অন্য দুইখানা ধনুতে গুণারোপণ করিয়া কৃতবর্ম্মাকে বিদীর্ণ করিতে লাগিলেন। সেই অবসরে অর্জ্জুন শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৩২॥

কৃতবর্ম্মা বারণ করিতে থাকায় এ যাবৎ নরশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন যত্ন করিয়াও ধার্ত্তরাষ্ট্রসৈন্যের দ্বার পান নাই ॥৩৩॥

শত্রুদমন অর্জ্জুন যুদ্ধে সত্বর শত্রুসৈন্য সংহার করিতে থাকিয়া (শ্বশুরবংশীয় বলিয়া) কৃতবর্ম্মাকে পাইয়াও বধ করেন নাই ॥৩৪॥

এদিকে অর্জ্জুন সেইভাবে আসিতেছেন দেখিয়া বীর শ্রুতায়ুধরাজা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বিশাল ধনু সঞ্চালন করিতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

তিনি তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং সত্তরটা বাণদ্বারা কৃষ্ণকে পীড়ন

(৩২)···ভোজং বিজয়তুঃ···বা নি।

তমর্জ্জুনো নবত্যা তু শরাণাং নতপর্বণাম্।
আজঘান ভৃশং ক্রুদ্ধস্তোত্রৈরিব মহাদ্বিপম্ ॥৩৭॥
স তং ন মমৃষে রাজন্! পাণ্ডবেয়স্য বিক্রমম্।
অথৈনং সপ্তসপ্তত্যা নারাচানাং সমার্পয়ৎ ॥৩৮॥
তস্যার্জ্জুনো ধনুশ্ছিত্ত্বা শরাবাপং নিকৃত্য চ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ সপ্তভির্নতপর্বভিঃ ॥৩৯॥
অথান্যদ্ধনুরাদায় স রাজা ক্রোধমূর্চ্ছিতঃ।
বাসবিং নবভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৪০॥
ততোঽর্জ্জুনঃ স্ময়ন্নেব শ্রুতায়ুধমরিন্দমঃ।
শরৈরনেকসাহস্রৈঃ পীড়য়ামাস ভারত! ॥৪১॥
অশ্বাংশ্চাস্যাবধীত্তূর্ণং সারথিঞ্চ মহারথঃ।
বিব্যাধ চৈনং সপ্তত্যা নারাচানাং মহাবলঃ ॥৪২॥

ভারতকৌমুদী

তমিতি। নতপর্ব্বণামীষদ্বক্রোপান্তানাম্। তোত্রৈরঙ্কুশবিশেষৈঃ ॥৩৭॥
স ইতি। স শ্রুতায়ুধঃ, ন মমৃষে ন সেহে। সমার্পয়দতাড়য়ৎ ॥৩৮॥
তস্যেতি। শরাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্, নিকৃত্য ছিত্ত্বা। উরসি বক্ষসি ॥৩৯॥
অথেতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনস্তম্। আর্পয়দপীড়য়ৎ ॥৪০॥
তত ইতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৪১॥
অশ্বানিতি। অস্য শ্রুতায়ুধস্য। মহারথোঽর্জ্জুনঃ ॥৪২॥

করিলেন, আর একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা অর্জ্জুনের ধ্বজটাকে তাড়ন করিলেন ॥৩৬॥

তখন হস্তিপক যেমন অঙ্কুশদ্বারা মহাহস্তীকে আঘাত করে, সেইরূপ অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নব্বইটা নতপর্ব বাণদ্বারা শ্রুতায়ুধকে আঘাত করিলেন ॥৩৭॥

রাজা! তিনি অর্জ্জুনের সেই বিক্রম সহ্য করিলেন না; সুতরাং সপ্তসপ্ততি-সংখ্যক নারাচদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৩৮॥

তখন অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া শ্রুতায়ুধের ধনু ও হস্তাবাপ ছেদন করিয়া সাতটা নতপর্ব বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৩৯॥

তৎপরে শ্রুতায়ুধরাজা ক্রোধে অধীর হইয়া অন্য ধনু লইয়া নয়টা বাণদ্বারা অর্জ্জুনের বাহুযুগলে ও বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৪০॥

ভরতনন্দন! তদনন্তর অরিন্দম অর্জ্জুন ঈষৎ হাস্য করিয়া অনেক সহস্র বাণদ্বারা শ্রুতায়ুধকে পীড়ন করিলেন ॥৪১॥

CENTRAL LIBRARY

হতাশ্বং রথমুৎসৃজ্য স তু রাজা শ্রুতায়ুধঃ।
অভ্যদ্রবদ্রণে পার্থং গদামুদ্যম্য বীর্য্যবান্ ॥৪৩॥
বরুণস্যাত্মজো বীরঃ স তু রাজা শ্রুতায়ুধঃ।
পর্ণাশা জননী যস্য শীততোয়া মহানদী ॥৪৪॥
তস্য মাতাব্রবীদ্রাজন্! বরুণং পুত্রকারণাৎ।
অবধ্যোঽয়ং ভবেল্লোকে শত্রূণাং তনয়ো মম ॥৪৫॥
বরুণস্ত্বব্রবীৎ প্রীতো দদাম্যস্মৈ বরং হিতম্।
দিব্যমস্ত্রং সুতস্তেঽয়ং যেনাবধ্যো ভবিষ্যতি ॥৪৬॥
নাস্তি চাপ্যমরত্বং বৈ মনুষ্যস্য কথঞ্চন।
সর্বেণাবশ্যমর্ত্তব্যং জাতেন সরিতাং বরে! ॥৪৭॥
দুর্দ্ধর্ষস্ত্বেষ শত্রূণাং রণেষু ভবিতা সদা।
অস্ত্রস্যাস্য প্রভাবাদ্বৈ ব্যেতু তু মানসো জ্বরঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

হতেতি। হতাশ্বত্বাদেবাকর্ষণাতয়া রথমুৎসৃজ্যেতি ভাবঃ। উদ্যম্য উত্তোল্য ॥৪৩॥
অথাষ্টভিঃ শ্লোকৈঃ শ্রুতায়ুধবিবরণমাহ বরুণস্যেতি। পর্ণাশা নাম ॥৪৪॥
তস্যেতি। মাতা পর্ণাশা। পুত্রকারণাৎ শ্রুতায়ুধোপকারহেতোঃ ॥৪৫॥
বরুণ ইতি। দিব্যমস্ত্রং দিব্যাস্ত্ররূপং বরমিত্যর্থঃ ॥৪৬॥
নন্বমরত্বমেব বরং কিং ন দদাসীত্যাহ নেতি। জাতেন লব্ধজন্মনা ॥৪৭॥

এবং মহারথ ও মহাবল অর্জ্জুন শ্রুতায়ুধের অশ্বগণ ও সারথিকে বধ করিলেন, আর সত্তরটা নারাচদ্বারা শ্রুতায়ুধকে বিদ্ধ করিলেন ॥৪২॥

অশ্বগুলি নিহত হইলে, বলবান্ শ্রুতায়ুধরাজা রথ পরিত্যাগ করিয়া গদা উত্তোলনপূর্ব্বক যুদ্ধে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

শীতলজলা মহানদী পর্ণাশা যাঁহার জননী ছিলেন, সেই বীর শ্রুতায়ুধরাজা বরুণের পুত্র ছিলেন ॥৪৪॥

রাজা! তাঁহার মাতা পর্ণাশা তাঁহার জন্য বরুণের নিকট বলিয়াছিলেন—'আমার এই পুত্র জগতে শত্রুগণের অবধ্য হউক' ॥৪৫॥

সন্তুষ্ট বরুণ বলিয়াছিলেন—'আমি উহাকে দিব্যাস্ত্ররূপ হিতকর বর দিতেছি, যাহাতে তোমার এই পুত্র অবধ্য হইবে ॥৪৬॥

নদীশ্রেষ্ঠে! কোন প্রকারেই মনুষ্যের অমরত্ব হইতে পারে না। কারণ, যাহাদের জন্ম হয়, সে সকল মানুষ অবশ্যই মরিয়া থাকে ॥৪৭॥

(৪৮) দুর্দ্ধর্ষস্ত্বেব শত্রূণাম্…পি।

ইত্যুক্ত্বা বরুণঃ প্রাদাদ্গদাং মন্ত্রপুরস্কৃতাম্।
যামাসাদ্য দুরাধর্ষঃ সর্ব্বলোকে শ্রুতায়ুধঃ ॥৪৯॥
উবাচ চৈনং ভগবান্ পুনরেব জলেশ্বরঃ।
অযুধ্যতি ন মোক্তব্যা সা ত্বয্যেব পতেদিতি।
হন্যাদেষা প্রতীপং বৈ প্রয়োক্তারমিতি প্রভো! ॥৫০॥
ন চাকরোৎ স তদ্বাক্যং কালে প্রাপ্তে শ্রুতায়ুধঃ।
স তয়া বীরঘাতিন্যা জনার্দ্দনমতাড়য়ৎ ॥৫১॥
প্রতিজগ্রাহ তাং কৃষ্ণঃ পীনেনাংসেন বীর্য্যবান্।
নাকম্পয়ত শৌরিং সা বিন্ধ্যং গিরিমিবানিলঃ ॥৫২॥

ভারতকৌমুদী

দুর্দ্ধর্ষ ইতি। ব্যেতু অপগচ্ছতু, জ্বরঃ পুত্রমরণাশঙ্কানিবন্ধনঃ সন্তাপঃ ॥৪৮॥

ইতীতি। দুরাধর্ষো যুদ্ধদুর্দ্ধর্ষো জাত ইতি শেষঃ ॥৪৯॥

উবাচেতি। হে প্রভো! রাজন্! ধৃতরাষ্ট্র!। জলেশ্বরো বরুণঃ। অযুধ্যতি অযুধ্যমানে জনে। প্রতীপং বিপরীতং যথা স্যাত্তথা, প্রয়োক্তারং ব্যাপারয়িতারম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

নেতি। কীদৃশং নাকরোদিত্যাহ তয়েতি। তয়া গদয়া ॥৫১॥

প্রতীতি। পীনেন স্থূলেন, অংসেন স্কন্ধেন। শৌরিং কৃষ্ণম্ ॥৫২॥

কিন্তু তোমার এই পুত্র এই অস্ত্রের প্রভাবে সর্ব্বদাই যুদ্ধে শত্রুগণের নিকট দুর্দ্ধর্ষ হইবে। সুতরাং তোমার মনের সন্তাপ দূর হউক' ॥৪৮॥

এই কথা বলিয়া বরুণ মন্ত্রের সহিত একটা গদা দিয়াছিলেন, যে গদা পাইয়া শ্রুতায়ুধ সমগ্র জগতে দুর্দ্ধর্ষ হইয়াছিলেন ॥৪৯॥

ভগবান্ বরুণদেব পুনরায় শ্রুতায়ুধকে বলিয়াছিলেন—'বৎস! শ্রুতায়ুধ! যে ব্যক্তি যুদ্ধ না করিবে, তাহার উপরে তুমি এ গদা নিক্ষেপ করিও না। কেন না, তাহা হইলে এ গদা তোমার উপরে আসিয়াই পতিত হইবে। অযুধ্যমানের উপরে নিক্ষেপ করিলে, এ গদা বৈপরীত্যে নিক্ষেপকারীকেই বিনাশ করিবে' ॥৫০॥

কিন্তু কাল উপস্থিত হইলে, শ্রুতায়ুধ বরুণদেবের সে বাক্য রক্ষা করেন নাই; তিনি সেই বীরঘাতিনী গদাদ্বারা কৃষ্ণকে তাড়ন করিয়াছিলেন ॥৫১॥

তখন বলবান্ কৃষ্ণ স্থূল স্কন্ধদ্বারা সে গদা গ্রহণ করিয়াছিলেন। সুতরাং প্রবল বায়ু যেমন বিন্ধ্যপর্ব্বতকে কম্পিত করিতে পারে না, সেইরূপ সে গদা কৃষ্ণকে কম্পিত করিতে পারে নাই ॥৫২॥

CENTRAL LIBRARY

প্রত্যুদ্‌যান্তী তমেবৈষা কৃত্যেব দুরধিষ্ঠিতা।
জঘান চাস্থিতং বীরং শ্রুতায়ুধমমর্ষণম্।
হত্বা শ্রুতায়ুধং বীরং ধরণীমন্বপদ্যত ॥৫৩॥
হাহাকারো মহাংস্তত্র সৈন্যানাং সমজায়ত।
স্বেনাস্ত্রেণ হত দৃষ্ট্বা শ্রুতায়ুধমরিন্দমম্ ॥৫৪॥
অযুধ্যমানায় যতঃ কেশবায় নরাধিপ!।
ক্ষিপ্তা শ্রুতায়ুধেনাথ তস্মাত্তমবধীদ্‌গদা ॥৫৫॥
যথোক্তং বরুণেনাজৌ তথা স নিধনং গতঃ।
ব্যসুশ্চাপ্যপতদ্‌ভূমৌ প্রেক্ষতাং সর্বধন্বিনাম্ ॥৫৬॥
পতমানস্তু স বভৌ পর্ণাশায়াঃ প্রিয়ঃ সুতঃ।
সংভগ্ন ইব বাতেন বহুশাখো বনস্পতিঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

প্রতীতি। কৃত্যা আভিচারিকযজ্ঞোৎপন্না দেবতা, দুরধিষ্ঠিতা তস্য যজ্ঞস্য যং কঞ্চিদ্দোষমাশ্রিতা দুরনুষ্ঠিতাভিচারিকযজ্ঞোৎপন্না দেবতা যজমানমিবেত্যর্থঃ। আস্থিতং দণ্ডায়মানম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥

হাহেতি। সৈন্যানাং শ্রুতায়ুধস্যৈব। স্বেন স্বকীয়েন ॥৫৪॥

নন্বু শ্রুতায়ুধো বরুণবাক্যব্যত্যয়ং কমকরোদ্‌যেন তস্যৈব বধ ইত্যাহ অযুধ্যেতি। যতো যস্মাৎ ॥৫৫॥

যথেতি। উক্তম্ "অযুধ্যতি ন মোক্তব্যা" ইত্যাদিনা। ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৫৬॥

দুরনুষ্ঠিত অভিচারক্রিয়া হইতে উৎপন্ন কৃত্যা (দেবতাবিশেষ) যেমন যজমানকেই বিনাশ করে, সেইরূপ সেই গদাটা ফিরিয়া যাইয়া দণ্ডায়মান ক্রুদ্ধ বীর শ্রুতায়ুধকেই বিনাশ করিয়াছিল এবং বীর শ্রুতায়ুধকে বিনাশ করিয়া ভূতলে পতিত হইয়াছিল ॥৫৩॥

আপন অস্ত্রেই অরিন্দম শ্রুতায়ুধ নিহত হইলেন দেখিয়া তাঁহার সৈন্যগণের মধ্যে বিশাল হাহাকার হইয়াছিল ॥৫৪॥

রাজা! কৃষ্ণ যুদ্ধ করিতেছিলেন না; তথাপি শ্রুতায়ুধ যে হেতু তাঁহার উপরে গদা নিক্ষেপ করিয়াছিলেন, সেই হেতু সে গদা তাঁহাকে বধ করিয়াছিল ॥৫৫॥

সুতরাং বরুণ যেরূপ বলিয়াছিলেন, সেইভাবেই তিনি মৃত্যুমুখে প্রবেশ করিলেন এবং প্রাণশূন্য হইয়া সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে ভূতলে পতিত হইলেন ॥৫৬॥

ততঃ সর্ব্বাণি সৈন্যানি সেনামুখ্যাশ্চ সর্বশঃ।
প্রাদ্রবন্ত হতং দৃষ্ট্বা শ্রুতায়ুধমরিন্দমম্ ॥৫৮॥
ততঃ কাম্বোজরাজস্য পুত্রঃ শূরঃ সুদক্ষিণঃ।
অভ্যয়াজ্জবনৈরশ্বৈঃ ফাল্গুনং শত্রুসূদনম্ ॥৫৯॥
তস্য পার্থঃ শরান্ সপ্ত প্রেষয়ামাস ভারত!।
তে তং শূরং বিনির্ভিদ্য প্রাবিশন্ ধরণীতলম্ ॥৬০॥
সোঽতিবিদ্ধঃ শরৈস্তীক্ষ্ণৈর্গাণ্ডীবপ্রেষিতৈর্মৃধে।
অর্জ্জুনং প্রতিবিব্যাধ দশভিঃ কঙ্কপত্রিভিঃ ॥৬১॥
বাসুদেবং ত্রিভির্বিদ্ধা পুনঃ পার্থঞ্চ পঞ্চভিঃ।
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা কেতুং চিচ্ছেদ মারিষ! ॥৬২॥

ভারতকৌমুদী

পতেতি। বহুশাখ ইত্যনেন বর্ম্মাবরণাদিনা শ্রুতায়ুধস্য স্ফীতরূপত্বমাক্ষিপ্যতে ॥৫৭॥
তত ইতি। সেনায়াং মুখ্যাঃ প্রধানাঃ। প্রাদ্রবন্ত পলায়ন্ত ॥৫৮॥
তত ইতি। জবনৈর্বেগবদ্ভিঃ, ফাল্গুনমর্জ্জুনম্ ॥৫৯॥
তস্যেতি। তস্য সুদক্ষিণস্যোপরি। তং তদ্দেহম্ ॥৬০॥
স ইতি। মৃধে যুদ্ধে। কঙ্কস্য পক্ষিণঃ পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥৬১॥
বাস্বিতি। পঞ্চভিঃ শরৈরবিধাদিতি শেষঃ। হে মারিষ! আর্য্য! ॥৬২॥

পর্ণাশানদীর প্রিয়পুত্র শ্রুতায়ুধ পতিত হইতে থাকিয়া বায়ুভগ্ন বহুশাখাযুক্ত বৃক্ষের ন্যায় প্রকাশ পাইলেন ॥৫৭॥

তদনন্তর অরিন্দম শ্রুতায়ুধকে নিহত দেখিয়া তাঁহার সমস্ত সৈন্য ও প্রধান যোদ্ধারা পলায়ন করিতে লাগিল ॥৫৮॥

তৎপরে কাম্বোজরাজের পুত্র বীর সুদক্ষিণ বেগবান্ অশ্বগণের গুণে সত্বর শত্রুমর্দ্দন অর্জ্জুনের দিকে আগমন করিলেন ॥৫৯॥

ভরতনন্দন! তখন অর্জ্জুন তাঁহার উপরে সাতটা বাণ নিক্ষেপ করিলেন। সেই বাণগুলি যাইয়া সেই বীরের দেহ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল ॥৬০॥

তিনি যুদ্ধে গাণ্ডীবনিক্ষিপ্ত তীক্ষ্ণ বাণসমূহে অত্যন্ত বিদ্ধ হইয়া দশটা বাণদ্বারা অর্জ্জুনকে প্রতিবিদ্ধ করিলেন ॥৬১॥

এবং তিনটা বাণদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন। মাননীয় রাজা! তখন অর্জ্জুন তাঁহার ধনু ছেদন করিয়া ধ্বজ ছেদন করিলেন ॥৬২॥

(৫৮)···মৃতং দৃষ্ট্বা···পি।

CENTRAL LIBRARY

ভল্লাভ্যাং ভৃশতীক্ষ্ণাভ্যাং তঞ্চ বিব্যাধ পাণ্ডবঃ।
স তু পার্থং ত্রিভির্বিদ্ধা সিংহনাদমথানদৎ ॥৬৩॥
সর্ব্বপারশবীঞ্চৈব শক্তিং শূরঃ সুদক্ষিণঃ।
সঘণ্টাং প্রাহিণোদ্‌ঘোরাং ক্রুদ্ধো গাণ্ডীবধন্বনে ॥৬৪॥
সা জ্বলন্তী মহোল্কেব তমাসাদ্য মহারথম্।
সবিস্ফুলিঙ্গা নির্ভিদ্য নিপপাত মহীতলে।
শক্ত্যা ত্বভিহতো গাঢ়ং মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ ॥৬৫॥
সমাশ্বস্য মহাতেজাঃ স্বকর্ণী পরিলেলিহন্।
তং চতুর্দ্দশভিঃ পার্থো নারাচৈঃ কঙ্কপত্রিভিঃ ॥৬৬॥
সাশ্বধ্বজধনুঃ সূতং বিব্যাধাচিন্ত্যবিক্রমঃ।
রথঞ্চান্যৈঃ সুবহুভিশ্চক্রে বিশকলং শরৈঃ ॥৬৭॥ (যুগ্মকম্)
সুদক্ষিণং তং কাম্বোজং মোঘসঙ্কল্পবিক্রমম্।
বিভেদ হৃদি বাণেন পৃথুধারেণ পাণ্ডবঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

ভল্লাভ্যামিতি। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা স্যাত্তথা অনদৎ ॥৬৩॥
সর্বেতি। সর্বেষ্বেবাবয়বেষু পারশবীং লৌহময়ীম্ "পারশবোঽয়সি" ইত্যাদি হৈমঃ ॥৬৪॥
সেতি। অভিপরিপ্লুত আক্রান্তঃ অভবদর্জ্জুন ইতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥
সমিতি। স্বকর্ণী ওষ্ঠপ্রান্তৌ। বিশকলং খণ্ডখণ্ডম্ ॥৬৬—৬৭॥
সুদক্ষিণমিতি। মোঘৌ মৃত্যুনৈব ব্যর্থীভূতৌ সঙ্কল্পবিক্রমৌ যস্য তম্ ॥৬৮॥

তৎপরে অর্জ্জুন সুতীক্ষ্ণ দুইটা ভল্লদ্বারা সুদক্ষিণকে বিদ্ধ করিলেন। তখন সুদক্ষিণও তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন ॥৬৩॥

এবং বীর সুদক্ষিণ ক্রুদ্ধ হইয়া ঘণ্টাযুক্ত ও লৌহময়ী একটা ভয়ঙ্কর শক্তি অর্জ্জুনের উপরে নিক্ষেপ করিলেন ॥৬৪॥

বিশাল উল্কার ন্যায় উজ্জ্বলা ও স্ফুলিঙ্গযুক্তা সেই শক্তিটা যাইয়া মহারথ অর্জ্জুনের দেহ ভেদ করিয়া ভূতলে পতিত হইল। তখন সেই শক্তির গুরুতর আঘাতে অর্জ্জুন মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥৬৫॥

ক্রমে মহাতেজা ও অচিন্তনীয়বিক্রমশালী অর্জ্জুন আশ্বস্ত হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া কঙ্কপক্ষযুক্ত চৌদ্দটা নারাচদ্বারা অশ্ব, ধ্বজ, ধনু ও সারথির সহিত সুদক্ষিণকে বিদ্ধ করিলেন এবং অপর বহুতর বাণদ্বারা তাঁহার রথখানাকে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন ॥৬৬—৬৭॥

স ভিন্নমর্ম্মা স্রস্তাঙ্গঃ প্রভ্রষ্টমুকুটাঙ্গদঃ।
পপাতাভিমুখঃ শূরো যন্ত্রমুক্ত ইব ধ্বজঃ ॥৬৯॥
গিরেঃ শিখরজঃ শ্রীমান্ সুশাখঃ সুপ্রতিষ্ঠিতঃ।
নির্ভগ্ন ইব বাতেন কর্ণিকারো হিমাত্যয়ে ॥৭০॥
শেতে স্ম নিহতো ভূমৌ কাম্বোজাস্তরণোচিতঃ।
মহার্হাভরণোপেতঃ সানুমানিব পর্ব্বতঃ ॥৭১॥ (যুগ্মকম্)
সুদর্শনীয়স্তাম্রাক্ষঃ কর্ণিনা স সুদক্ষিণঃ।
পুত্রঃ কাম্বোজরাজস্য পার্থেন বিনিপাতিতঃ ॥৭২॥

ভারতকৌমুদী

স ইতি। স্রস্তাঙ্গঃ শিথিলগাত্রঃ। যন্ত্রান্মুক্তো ভ্রষ্টঃ ॥৬৯॥

গিরেরিতি। শিখরজঃ শৃঙ্গজাতঃ, শ্রীমান্ পুষ্পাদিশোভাবান্। কর্ণিকারো বৃক্ষঃ। কাম্বোজাস্তরণোচিতঃ কাম্বোজদেশীয়শয্যাশয়নযোগ্যঃ। সানুমান্ সমভূমিযুক্তঃ ॥৭০—৭১॥

সুদর্শনীয় ইতি। তাম্রাক্ষস্তাম্রবর্ণনয়নঃ, কর্ণিনা তদাখ্যেন বাণেন ॥৭২॥

ভারতভাবদীপঃ

সন্নিরুদ্ধ ইতি ॥১—৪॥ তেষাং সংযচ্ছতাং বিধারয়তাম্ ॥৫—৯॥ আচার্য্যকং শিষ্যম্ ॥১০—২৭॥ রথেষুভিঃ অদূরস্থায়িভির্বাণৈঃ ॥২৮—৫২॥ কৃত্যা অভিচারদেবতা ॥৫৩—৬৮॥ ধ্বজঃ শক্রধ্বজঃ ॥৬৯—৭৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনাশীতিতমোঽধ্যায়ঃ ॥৭৯॥

এবং অর্জ্জুন একটা সুধার বাণদ্বারা কাম্বোজরাজপুত্র সুদক্ষিণের হৃদয় বিদীর্ণ করিলেন। তখন তাঁহার সঙ্কল্প ও বিক্রম ব্যর্থ হইয়া গেল ॥৬৮॥

তাঁহার হৃদয় বিদীর্ণ হইল, সমস্ত অঙ্গ শিথিল হইয়া পড়িল এবং কিরীট ও কেয়ূর পড়িয়া গেল; এই অবস্থায় সেই বীর সুদক্ষিণ যন্ত্রচ্যুত ধ্বজের ন্যায় অভিমুখ হইয়া পতিত হইলেন ॥৬৯॥

শীতকাল অতীত হইলে পর্বতশৃঙ্গজাত, শোভাযুক্ত, সুন্দরশাখাসমন্বিত ও সুপ্রতিষ্ঠিত কর্ণিকার-(কণিয়ার—স্থলপদ্ম) বৃক্ষ যেমন বায়ু ভগ্ন হইয়া ভূতলে শয়ন করে এবং সমতলভূমিযুক্ত পর্ব্বত যেমন ভূতলে অবস্থান করে, সেইরূপ কাম্বোজদেশীয় শয্যায় শয়নের যোগ্য ও মহামূল্যভূষণযুক্ত সুদক্ষিণ নিহত হইয়া ভূতলে শয়ন করিয়া রহিলেন ॥৭০—৭১॥

অর্জ্জুন কর্ণিনামক বাণদ্বারা সেই সুদৃশ্যমূর্ত্তি ও তাম্রনয়ন কাম্বোজরাজপুত্র সুদক্ষিণকে নিপাতিত করিয়াছিলেন ॥৭২॥

ধারয়ন্নগ্নিসঙ্কাশাং শিরসা কাঞ্চনীং স্রজম্ ।
অশোভত মহাবাহুর্ব্যসুর্ভূমৌ নিপাতিতঃ ॥৭৩॥
ততঃ সর্ব্বাণি সৈন্যানি ব্যদ্রবন্ত সুতস্য তে ।
হতং শ্রুতায়ুধং দৃষ্ট্বা কাম্বোজঞ্চ সুদক্ষিণম্ ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে শ্রুতায়ুধসুদক্ষিণবিনাশে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

অশীতিতমোঽধ্যায়ঃ ।

——ঃ০ঃ——

সঞ্জয় উবাচ ।

হতে সুদক্ষিণে রাজন্ ! বীরে চৈব শ্রুতায়ুধে ।
জবেনাভ্যদ্রবন্ পার্থং কুপিতাঃ সৈনিকাস্তব ॥১॥

ভারতকৌমুদী

ধারয়ন্নিতি । কাঞ্চনস্যেয়মিতি কাঞ্চনী তাম্ । ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৭৩॥

তত ইতি । ব্যদ্রবন্ত পলায়ন্ত, সুতস্য দুর্য্যোধনস্য ॥৭৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

হত ইতি । জবেন বেগেন, অভ্যদ্রবন্ অভ্যধাবন্, পার্থমর্জ্জুনম্ ॥১॥

মস্তকে অগ্নির ন্যায় উজ্জ্বল স্বর্ণমালাধারী মহাবাহু সুদক্ষিণ ভূতলে নিপাতিত এবং প্রাণহীন হইয়াও শোভা পাইতে লাগিলেন ॥৭৩॥

মহারাজ ! তাহার পর আপনার পুত্রের সমস্ত সৈন্য শ্রুতায়ুধ ও কাম্বোজ-রাজপুত্র সুদক্ষিণকে নিহত দেখিয়া পলায়ন করিতে থাকিল' ॥৭৪॥

——ঃ০ঃ——

সঞ্জয় বলিলেন—'রাজা ! বীর সুদক্ষিণ ও শ্রুতায়ুধ নিহত হইলে, আপনার সৈন্যেরা ক্রুদ্ধ হইয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইল ॥১॥

* '…নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি ।

অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ।
অভ্যবর্ষংস্ততো রাজন্! শরবর্ষৈর্ধনঞ্জয়ম্ ॥২॥
তেষাং ষষ্টিশতানার্য্যান্ প্রামথ্নাৎ পাণ্ডবঃ শরৈঃ।
তে স্ম ভীতাঃ পলায়ন্তে ব্যাঘ্রাৎ ক্ষুদ্রমৃগা ইব ॥৩॥
তে নিবৃত্তাঃ পুনঃ পার্থং সর্ব্বতঃ পর্য্যবারয়ন্।
রণে সপত্নান্ নিঘ্নন্তং জিগীষন্তং পরান্ যুধি ॥৪॥
তেষামাপততাং তূর্ণং গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
শিরাংসি পাতয়ামাস বাহূংশ্চৈব ধনঞ্জয়ঃ ॥৫॥
শিরোভিঃ পাতিতৈস্তত্র ভূমিরাসীন্নিরন্তরা।
অভ্রচ্ছায়েব চৈবাসীদ্ধাঙ্ক্ষগৃধ্রবলৈর্যুধি ॥৬॥

ভারতকৌমুদী

অথ কে তে সৈনিকা ইত্যাহ অভীতি। এতে দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥২॥
তেষামিতি। বেদবিধিনিষেধাধীনাচারা আর্য্যাস্তান্, ন তু ম্লেচ্ছানিতি ভাবঃ ॥৩॥
ত ইতি। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত সেনাপতিপ্ররোচনাৎ। সপত্নান্ শত্রূন্ ॥৪॥
তেষামিতি। আপততামাগচ্ছতাম্, গাণ্ডীবেন ধনুষা প্রেষিতৈর্নিক্ষিপ্তৈঃ ॥৫॥
শিরোভিরিতি। নিরন্তরা ঘনাচ্ছন্না। অভ্রচ্ছায়েব মেঘচ্ছায়েব ॥৬॥

রাজা! তৎপরে অভীষাহ, শূরসেন, শিবি ও বসাতিদেশীয় সৈন্যেরা অর্জ্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিল ॥২॥

তখন অর্জ্জুন বাণদ্বারা আর্য্যজাতীয় সেই ষট্সহস্র সৈন্যকে আলোড়িত করিয়া তুলিলেন। ক্রমে ক্ষুদ্র মৃগগণ যেমন ব্যাঘ্রের ভয়ে পলায়ন করে, সেইরূপ তাহারা অর্জ্জুনের ভয়ে পলায়ন করিতে থাকিল ॥৩॥

অর্জ্জুন যুদ্ধে শত্রুদিগকে সংহার করিতে লাগিলে এবং যুদ্ধে বিপক্ষদিগকে জয় করিবার ইচ্ছা করিলে, সেই সৈন্যেরা পুনরায় ফিরিয়া আসিয়া সকল দিকে অর্জ্জুনকে বেষ্টন করিল ॥৪॥

তাহারা আসিতে লাগিলে অর্জ্জুন গাণ্ডীবনিক্ষিপ্ত বাণদ্বারা সত্বর সত্বর তাহাদের মস্তক ও বাহু ছেদন করিয়া করিয়া নিপাতিত করিতে লাগিলেন ॥৫॥

তখন নিপাতিত মস্তকে সমরভূমি আবৃত হইয়া গেল এবং সেই সমর-ভূমিতে দ্রোণকাক, শকুন ও সাধারণ কাক পতিত হওয়ায় যেন মেঘের ছায়া পতিত হইল ॥৬॥

(৩) তেষাং ষষ্টিশতানন্যান্…বা নি। (৫)…বাহূংশ্চাপি…বা নি।

CENTRAL LIBRARY

তেষু তূৎসাদ্যমানেষু ক্রোধামর্ষসমন্বিতৌ ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ ধনঞ্জয়মযুধ্যতাম্ ॥৭॥
বলিনৌ স্পর্দ্ধিনৌ বীরৌ কুলজৌ বাহুশালিনৌ ।
তাবেনং শরবর্ষাণি সব্যদক্ষিণমাস্যতাম্ ॥৮॥
ত্বরাযুক্তৌ মহারাজ ! প্রার্থয়ানৌ মহদ্‌যশঃ ।
অর্জ্জুনস্য বধং প্রেপ্সূ পুত্রার্থং তব ধন্বিনৌ ॥৯॥
তাবর্জ্জুনং সহস্রেণ পত্রিণাং নতপর্বণাম্ ।
পূরয়ামাসতুঃ ক্রুদ্ধৌ তড়াগং জলদৌ যথা ॥১০॥ (যুগ্মকম্)
শ্রুতায়ুশ্চ ততঃ ক্রুদ্ধস্তোমরেণ ধনঞ্জয়ম্ ।
আজঘান রথশ্রেষ্ঠঃ পীতেন নিশিতেন চ ॥১১॥
সোঽতিবিদ্ধো বলবতা শক্রণা শক্রকর্ষণঃ ।
জগাম পরমং মোহং মোহয়ন্ কেশবং রণে ॥১২॥

ভারতকৌমুদী

তেষ্বিতি। উৎসাদ্যমানেষু বিনাশ্যমানেষু, অমর্ষঃ অসহিষ্ণুতা ॥৭॥

বলিনাবিতি। এনমর্জ্জুনং প্রতি। সব্যেন বামেন যুক্তৌ দক্ষিণৌ ভাগত্বং প্রাপ্যেতি শেষঃ। শাকপার্থিবাদিত্বান্মধ্যগতযুক্তপদলোপঃ। আস্যতাং ক্ষিপ্যতাম্। ক্ষেপার্থাসেঃ প্রয়োগঃ ॥৮॥

ত্বরেতি। প্রেপ্সূ চিকীর্ষূ। পত্রিণাং বাণানাম্। পূরয়ামাসতুর্গাত্রপূরণেন ॥৯—১০॥

শ্রুতায়ুরিতি। পীতেন প্রাক্‌পীতশক্ররক্তেন, নিশিতেন সুধারেণ ॥১১॥

অর্জ্জুন সেই সৈন্যগণকে উৎসন্ন করিতে লাগিলে, শ্রুতায়ু ও অচ্যুতায়ু ক্রুদ্ধ এবং অসহিষ্ণু হইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৭॥

বলবান্, অর্জ্জুনের সহিত স্পর্দ্ধাকারী, বীর, সৎকুলজাত ও বাহুশক্তিশালী শ্রুতায়ু এবং অচ্যুতায়ু বাম ও দক্ষিণ দিক্ হইতে অর্জ্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৮॥

মহারাজ ! মেঘ যেমন জলবর্ষণদ্বারা জলাশয় পূর্ণ করে, সেইরূপ ত্বরান্বিত, মহাযশঃপ্রার্থী ও ধনুর্দ্ধর শ্রুতায়ু এবং অচ্যুতায়ু ক্রুদ্ধ হইয়া আপনার পুত্রের জন্য অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া নতপর্ব্ব এক সহস্র বাণদ্বারা অর্জ্জুনের দেহ পূর্ণ করিয়া ফেলিলেন ॥৯—১০॥

তৎপরে আবার ক্রুদ্ধ রথিশ্রেষ্ঠ শ্রুতায়ু শত্রুরক্তপায়ী সুধার একটা তোমর-দ্বারা অর্জ্জুনকে আঘাত করিলেন ॥১১॥

(৯)…অর্জ্জুনস্য বধপ্রেপ্সু পুত্রার্থে…বা নি। (১০)…জলদৌ যথা—বা নি।

এতস্মিন্নেব কালে তু সোঽচ্যুতায়ুর্মহারথঃ।
শূলেন ভৃশতীক্ষ্ণেন তাড়য়ামাস পাণ্ডবম্ ॥১৩॥
ক্ষতে ক্ষারঞ্চ স দদৌ পাণ্ডবস্য মহাত্মনঃ।
পার্থোঽপি সুভৃশং বিদ্ধো ধ্বজযষ্টিং সমাশ্রিতঃ ॥১৪॥
ততঃ সর্ব্বস্য সৈন্যস্য তাবকস্য বিশাংপতে!।
সিংহনাদো মহানাসীদ্ধতং মত্বা ধনঞ্জয়ম্ ॥১৫॥
কৃষ্ণশ্চ সুভৃশং তপ্তো দৃষ্ট্বা পার্থং বিচেতসম্।
আশ্বাসয়ৎ সুহৃদ্ভাভির্ব্বাগ্‌ভিস্তত্র ধনঞ্জয়ম্ ॥১৬॥
ততস্তৌ রথিনাং শ্রেষ্ঠৌ লব্ধলক্ষ্যৌ ধনঞ্জয়ম্।
বাসুদেবঞ্চ বার্ষ্ণেয়ং শরবর্ষৈঃ সমন্ততঃ ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। মোহয়ন্নিতি অর্জ্জুনমোহদর্শনেন কেশবস্যাপি মোহ আগত ইতি ভাবঃ ॥১২॥

এতস্মিন্নিতি। পাণ্ডবমর্জ্জুনং প্রকরণাৎ ॥১৩॥

ক্ষত ইতি। সঃ অচ্যুতায়ুশ্চ ক্ষতে ক্ষারং দদাবিতি নিদর্শনা, আহতস্যাহননাৎ ॥১৪॥

তত ইতি। তাবকস্য ত্বদীয়স্য, বিশাং মনুজানাম্, "দ্বৌ বিশৌ বৈশ্যমনুজৌ" ইত্যমরঃ ॥১৫॥

কৃষ্ণ ইতি। বিচেতসং বেদনয়া বিহ্বলচিত্তম্। সুহৃদ্ভাভিরতীবপ্রিয়াভিঃ ॥১৬॥

তত ইতি। বার্ষ্ণেয়ং বৃষ্ণিবংশীয়ম্। অশ্বৈর্ধ্বজেন চ সহেতি সাশ্বধ্বজঃ স চাসৌ পতাকী

তখন শত্রুহন্তা অর্জ্জুন প্রবল-শত্রু-কর্ত্তৃক অত্যন্ত বিদ্ধ হইয়া কৃষ্ণকে মোহিত করতঃ নিজে গুরুতর মোহাপন্ন হইলেন ॥১২॥

এই সময়েই আবার মহারথ অচ্যুতায়ু অতিতীক্ষ্ণ শূলদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥১৩॥

সুতরাং অচ্যুতায়ু (আহতের উপরে আবার আঘাত করিয়া) মহাত্মা অর্জ্জুনের ক্ষতে ক্ষার অর্পণ করিলেন। অতএব অর্জ্জুন গুরুতর তাড়িত হইয়া রথের ধ্বজ ধারণ করিয়া রহিলেন ॥১৪॥

নরনাথ! তাহার পর অর্জ্জুনকে নিহত মনে করিয়া আপনার সমস্ত সৈন্যের মধ্যে বিশাল সিংহনাদ হইল ॥১৫॥

তখন কৃষ্ণ অর্জ্জুনকে বিহ্বলচিত্ত দেখিয়া অত্যন্ত সন্তপ্ত হইয়া অতিপ্রিয় বাক্যদ্বারা তাঁহাকে আশ্বস্ত করিলেন ॥১৬॥

(১৪) ক্ষতে ক্ষারং স হি দদৌ···বা নি। (১৫)···পার্থং বিচেতনম্···বা নি বঙ্গ বর্দ্ধ।

সচক্রকূবররথং সাশ্বধ্বজপতাকিনম্ ।
অদৃশ্যং চক্রতুর্যুদ্ধে তদদ্ভুতমিবাভবৎ ॥১৮॥ (যুগ্মকম্)
প্রত্যাশ্বস্তস্তু বীভৎসুঃ শনকৈরিব ভারত ! ।
প্রেতরাজপুরং প্রাপ্য পুনঃ প্রত্যাগতো যথা ॥১৯॥
সংছন্নং শরজালেন রথং দৃষ্ট্বা সকেশবম্ ।
শক্রৌ চাভিমুখৌ দৃষ্ট্বা দীপ্যমানাবিবানলৌ ॥২০॥
প্রাদুশ্চক্রে ততঃ পার্থঃ শাক্রমস্ত্রং মহারথঃ ।
তস্মাদাসন্ সহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্ ॥২১॥ (যুগ্মকম্)
তেঽভিজঘ্নুর্মহেষ্বাসৌ তাভ্যাং মুক্তাংশ্চ সায়কান্ ।
বিচেরুরাকাশগতাঃ পার্থবাণবিদারিতাঃ ॥২২॥

ভারতকৌমুদী

পতাকাবাংশ্চেতি তম্, চক্রৈঃ কূবরেণ দারুবিশেষেণ চ সহেতি স চাসৌ রথশ্চেতি তম্ ॥১৭—১৮॥

প্রতীতি। প্রত্যাশ্বস্তঃ সুস্থীভূতঃ, বীভৎসুরর্জ্জুনঃ। প্রেতরাজপুরং যমালয়ম্ ॥১৯॥

সংছন্নমিতি। কেশবেন কৃষ্ণেন সহেতি তম্। শাক্রমৈন্দ্রম্ ॥২০—২১॥

ত ইতি। মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ শ্রুতায়ুরচ্যুতায়ুষৌ। বিচেরুস্তয়োস্তে সায়কাঃ ॥২২॥

তদনন্তর রথিশ্রেষ্ঠ শ্রুতায়ু ও অচ্যুতায়ু লক্ষ্য পাইয়া সকল দিকে শরবর্ষণ-দ্বারা অর্জুন, বৃষ্ণিনন্দন কৃষ্ণ এবং চক্র, কূবর, অশ্ব, ধ্বজ ও পতাকার সহিত রথখানাকে অদৃশ্য করিয়া ফেলিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া মনে হইল ॥১৭—১৮॥

ভরতনন্দন! তৎকালে অর্জুন যেন ধীরে ধীরে সুস্থ হইলেন; তাহাতে তিনি যেন যমালয়ে যাইয়া আবার ফিরিয়া আসিলেন ॥১৯॥

তাহার পর মহারথ অর্জুন কৃষ্ণের সহিত রথখানাকে বাণজালে আবৃত দেখিয়া এবং সম্মুখে প্রজ্বলিত দুইটা অগ্নির ন্যায় শক্র দুই জনকে দর্শন করিয়া ঐন্দ্র অস্ত্র আবিষ্কার করিলেন; তখন তাহা হইতে সহস্র সহস্র নতপর্ব্ব বাণ আবির্ভূত হইতে লাগিল ॥২০—২১॥

সেই বাণ সকল যাইয়া মহাধনুর্দ্ধর শ্রুতায়ু ও অচ্যুতায়ুকে এবং তাঁহাদের নিক্ষিপ্ত বাণসমূহকে বিনাশ করিল। তখন সেই বাণগুলি অর্জুনের বাণে প্রতিহত হইয়া আকাশে বিচরণ করিতে লাগিল ॥২২॥

(২২) তে জঘ্নুস্তৌ মহেষ্বাসৌ···বা নি,···পার্থচাপবিনিঃসৃতাঃ—নি।

প্রতিহত্য শরাংস্তূর্ণং শরবেগেন পাণ্ডবঃ।
প্রতস্থে তত্র তত্রৈব যোধয়ন্ বৈ মহারথান্ ॥২৩॥
তৌ চ ফাল্গুনবাণৌঘৈর্বিবাহুশিরসৌ কৃতৌ।
বসুধামন্বপদ্যেতাং বাতভগ্নাবিব দ্রুমৌ ॥২৪॥
শ্রুতায়ুষশ্চ নিধনং বধশ্চৈবাচ্যুতায়ুষঃ।
লোকবিস্মাপনমভূৎ সমুদ্রস্যেব শোষণম্ ॥২৫॥
তয়োঃ পদানুগান্ হত্বা পুনঃ পঞ্চাশতঃ রথান্।
প্রত্যগাদ্ভারতীং সেনাং নিঘ্নন্ পার্থো বরান্ বরান্ ॥২৬॥
শ্রুতায়ুষঞ্চ নিহতং প্রেক্ষ্য চৈবাচ্যুতায়ুষম্।
নিযুতায়ুঃ সুসংক্রুদ্ধো দীর্ঘায়ুশ্চৈব ভারত! ॥২৭॥
পুত্রৌ তয়োর্নরশ্রেষ্ঠৌ কৌন্তেয়ং প্রতিজগ্মতুঃ।
কিরন্তৌ বিবিধান্ বাণান্ পিতৃব্যসনকর্ষিতৌ ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রতীতি। শরবেগেন তদৈন্দ্রাস্ত্রনির্গতবাণবেগেন, পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥২৩॥

তাবিতি। বিবাহুশিরসৌ বাহুমস্তকশূন্যৌ। অন্বপদ্যেতাং প্রাপ্তৌ, বাতভগ্নৌ বায়ুভগ্নৌ ॥২৪॥

শ্রুতেতি। লোকানাং বিস্মাপনং বিস্ময়জনকম্, তয়োর্মহাবীরত্বাৎ ॥২৫॥

তয়োরিতি। পদানুগান্ অনুচরান্। ভারতীং দৌর্য্যোধনীম্ ॥২৬॥

শ্রুতেতি। প্রেক্ষ্য দৃষ্ট্বা। পিত্রোস্তয়োর্ব্যসনেন মৃত্যুনা কর্ষিতৌ সন্তপ্তৌ ॥২৭—২৮॥

পরে অর্জুন ঐন্দ্রাস্ত্রনির্গত-বাণবেগে বিপক্ষের বাণগুলিকে সত্বর প্রতিহত করিয়া সেই সেই স্থানে মহারথগণের সহিত যুদ্ধ করিতে করিতে যাইতে লাগিলেন ॥২৩॥

অর্জুনের বাণসমূহ শ্রুতায়ু ও অচ্যুতায়ুর বাহু ও মস্তক ছেদন করিলে, তাঁহারা বায়ুভগ্ন দুইটা বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইলেন ॥২৪॥

তৎকালে সমুদ্রশোষণের ন্যায় শ্রুতায়ু ও অচ্যুতায়ুর বধ লোকের বিস্ময়-জনক হইল ॥২৫॥

অর্জুন পুনরায় তাঁহাদের অনুচর পঞ্চাশ জন রথীকে সংহার করিয়া কৌরব-সৈন্য এবং প্রধান প্রধান যোদ্ধাকে বধ করিতে করিতে যাইতে থাকিলেন ॥২৬॥

ভরতনন্দন! শ্রুতায়ু ও অচ্যুতায়ুকে নিহত দেখিয়া তাঁহাদের পুত্র নরশ্রেষ্ঠ

(২৬)···পুনঃ পঞ্চশতং রথান্···নি। (২৭)···নিয়তায়ুশ্চ সংক্রুদ্ধঃ···বা নি।

তাবর্জ্জুনো মুহূর্ত্তেন শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
প্রৈষয়ৎ পরমক্রুদ্ধো যমস্য সদনং প্রতি ॥২৯॥
লোড়য়ন্তমনীকানি দ্বিপং পদ্মসরো যথা।
নাশক্নুবন্ বারয়িতুং পার্থং ক্ষত্রিয়পুঙ্গবাঃ ॥৩০॥
অঙ্গাস্তু গজবারেণ পাণ্ডবং পর্য্যবারয়ন্।
ক্রুদ্ধাঃ সহস্রশো রাজন্! শিক্ষিতা হস্তিসাদিনঃ ॥৩১॥
দুর্য্যোধনসমাদিষ্টাঃ কুঞ্জরৈঃ পর্ব্বতোপমৈঃ।
প্রাচ্যাশ্চ দাক্ষিণাত্যাশ্চ কলিঙ্গপ্রমুখা নৃপাঃ ॥৩২॥ (যুগ্মকম্)
তেষামাপততাং শীঘ্রং গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
নিচকর্ত্ত শিরাংস্যুগ্রো বাহূনপি সভূষণান্ ॥৩৩॥

ভারতকৌমুদী

তাবিতি। তৌ নিযুতায়ুর্দীর্ঘায়ুষৌ। সদনং ভবনম্ ॥২৯॥
লোড়য়ন্তমিতি। অনীকানি কৌরবসৈন্যানি, দ্বিপং হস্তিনম্ ॥৩০॥
অঙ্গা ইতি। গজানাং বারেণ সমূহেন। কুঞ্জরৈর্হস্তিভিঃ ॥৩১—৩২॥
তেষামিতি। আপততামাগচ্ছতাম্। নিচকর্ত্ত চিচ্ছেদ, উগ্রঃ পার্থঃ ॥৩৩॥

নিযুতায়ু ও দীর্ঘায়ু পিতৃবধসন্তপ্ত ও অত্যন্তক্রুদ্ধ হইয়া নানাবিধ বাণক্ষেপ করিতে করিতে অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥২৭—২৮॥

তখন অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া নতপর্ব বাণসমূহদ্বারা মুহূর্ত্তমধ্যে তাঁহাদিগকে যমালয়ে প্রেরণ করিলেন ॥২৯॥

পরে হস্তী যেমন পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ অর্জ্জুন কৌরবসৈন্য আলোড়ন করিতে লাগিলেন; কিন্তু কৌরবপক্ষের ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা তাঁহাকে বারণ করিতে সমর্থ হইলেন না ॥৩০॥

রাজা! এই সময়ে যুদ্ধে শিক্ষিত গজারোহী অঙ্গদেশীয় সহস্র সহস্র যোদ্ধা ক্রুদ্ধ হইয়া হস্তিসমূহদ্বারা অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন এবং দুর্য্যোধনের আদেশক্রমে কলিঙ্গপ্রভৃতি পূর্ব্বদেশীয় ও দক্ষিণদেশীয় রাজারা আসিয়াও পর্ব্বতপ্রমাণ হস্তিসমূহদ্বারা অর্জ্জুনকে ঘিরিয়া ফেলিলেন ॥৩১—৩২॥

তাঁহারা আসিতে লাগিলে, উগ্রমূর্ত্তি অর্জ্জুন গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা সত্বর সত্বর তাঁহাদের মস্তক ও অলঙ্কারযুক্ত বাহু সকল ছেদন করিতে লাগিলেন ॥৩৩॥

(৩১) অঙ্গাস্তু গজরাজেন···বা, অঙ্গাস্তু গজসংঘৈশ্চ ··নি। (৩৩)···সুভূষণান্—বা নি।

তৈঃ শিরোভির্মহী কীর্ণা বাহুভিশ্চ সহাঙ্গদৈঃ।
বভৌ কনকপাষাণা সংবৃতা ভুজগৈরিব ॥৩৪॥
বাহবো বিশিখৈশ্ছিন্নাঃ শিরাংস্যুন্মথিতানি চ।
পতমানান্যদৃশ্যন্ত দ্রুমেভ্য ইব পক্ষিণঃ ॥৩৫॥
শরৈঃ সহস্রশো বিদ্ধা দ্বিপাঃ প্রস্রুতশোণিতাঃ।
অদৃশ্যন্তাদ্রয়ঃ কালে গৈরিকাম্বুস্রবা ইব ॥৩৬॥
নিহতাঃ শেরতে স্মান্যে বীভৎসোরর্দ্দিতাঃ শরৈঃ।
গজপৃষ্ঠগতা ম্লেচ্ছা নানাবিকৃতদর্শনাঃ ॥৩৭॥
নানাবেশধরা রাজন্! নানাশস্ত্রৌঘসংবৃতাঃ।
রুধিরেণানুলিপ্তাঙ্গা ভান্তি চিত্রৈঃ শরৈর্হতাঃ ॥৩৮॥
শোণিতং নির্বমন্তি স্ম দ্বিপাঃ পার্থশরার্দ্দিতাঃ।
সহস্রশশ্ছিন্নগাত্রাঃ সারোহাঃ সপদানুগাঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তৈরিতি। কীর্ণা ব্যাপ্তা, সহাঙ্গদৈঃ সকেয়ূরৈঃ। কনকপাষাণা স্বর্ণময়প্রস্তরা ভূমিঃ ॥৩৪॥
বাহব ইতি। বিশিখৈর্বাণৈঃ, ছিন্না অর্জ্জুনেন, উন্মথিতানি ছিন্নানি ॥৩৫॥
শরৈরিতি। প্রস্রুতশোণিতা নির্গতরক্তাঃ। গৈরিকাম্বূনাং স্রবো নির্গমো যেভ্যস্তে ॥৩৬॥
নিহতা ইতি। বীভৎসোরর্জ্জুনস্য। নানা বহুবিধানি বিকৃতানি দর্শনানি যেষাং তে ॥৩৭॥
নানেতি। ভান্তি প্রকাশন্তে স্ম, চিত্রৈর্নানাবিধৈঃ, শরৈঃ পার্থস্যৈব ॥৩৮॥
শোণিতমিতি। সারোহা আরোহিসহিতাঃ, সপদানুগা অনুচরসহিতাশ্চ ॥৩৯॥

তখন সর্পবেষ্টিত স্বর্ণপাষাণযুক্ত ভূমির ন্যায় সেই মস্তক ও বাহুদ্বারা ব্যাপ্ত সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৩৪॥

সেই সময়ে বৃক্ষ হইতে পক্ষিগণের ন্যায় বাণচ্ছিন্ন বাহু ও মস্তকসমূহকে পতিত হইতে দেখা গেল ॥৩৫॥

সহস্র সহস্র হস্তী অর্জ্জুনের বাণে বিদ্ধ হওয়ায় সেগুলির দেহ হইতে রক্ত নির্গত হইতে লাগিল। সুতরাং বর্ষাকালে গৈরিকজলস্রাবী পর্ব্বতসমূহের ন্যায় সেগুলিকে দেখা যাইতে থাকিল ॥৩৬॥

নানাবিধ-বিকৃত-দর্শন হস্তিপৃষ্ঠগত ম্লেচ্ছসৈন্যেরা অর্জ্জুনের বাণে নিহত ও পীড়িত হইয়া সেই হস্তিপৃষ্ঠেই শয়ন করিতে লাগিল ॥৩৭॥

রাজা! নানাবিধবেশধারী ও নানাবিধশস্ত্রযুক্ত যোদ্ধারা অর্জ্জুনের বিচিত্র বাণে নিহত হইয়া রক্তাক্ত গাত্রে প্রকাশ পাইতে থাকিল ॥৩৮॥

(৩৪)···ভুজগৈরিব সংযুতা—পি,···ভুজগৈরিব সংবৃতা—বা নি।

CENTRAL LIBRARY

চুক্রুশুশ্চ নিপেতুশ্চ বভ্রমুশ্চাপরে দিশঃ।
ভৃশং ত্রস্তাশ্চ বহবঃ স্বানেব মমৃদুর্গজাঃ ॥৪০॥
সান্তরায়ুধিনশ্চৈব দ্বিপাস্তীক্ষ্ণবিষোপমাঃ।
বিদন্ত্যসুরমায়াং যে সুঘোরা ঘোরচক্ষুষঃ ॥৪১॥
যবনাঃ পারদাশ্চৈব শকাশ্চ সহ বাহ্লিকৈঃ।
গোযোনিপ্রভবা ম্লেচ্ছাঃ কালকল্পাঃ প্রহারিণঃ ॥৪২॥
দার্বাভিসারা দরদাঃ পুণ্ড্রাশ্চৈব সহস্রশঃ।
তে ন শক্যাঃ স্ম সংখ্যাতুং ব্রাতাঃ শতসহস্রশঃ ॥৪৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চুক্রুশুরিতি। চুক্রুশুঃ ক্রুরবুঃ। স্বান্ স্বপক্ষীয়ানেব জনান্ ॥৪০॥

সেতি। অন্তরে গাত্রাবরণমধ্যে আয়ুধান্যেষাং সন্তীতি তে অন্তরায়ুধিনো গুপ্তাস্ত্রধারিণস্তৈঃ সহেতি তে, তীক্ষ্ণবিষাঃ সর্পা উপমা যেষাং তে। সর্পাণাং তীক্ষ্ণবিষাণি যথা মুখান্তরে তিষ্ঠন্তি, তথা তদারোহিণামপি গাত্রাবরণাভ্যন্তরে তীক্ষ্ণাস্ত্রাণি তস্থুরিতি ভাবঃ। দ্বিপা গজাঃ। চৈবেত্যনেন প্রত্যাসত্তা মমৃদুরিত্যনুকৃষ্যতে। বিদন্তি জানন্তি স্ম, যে দ্বিপা এব ॥৪১॥

যবনা ইতি। গোযোনিপ্রভবা বিশ্বামিত্রাক্রমণকালে বশিষ্ঠকামধেনুযোনিজাতাঃ, কালকল্পা যমতুল্যাঃ। দার্বাভিসারাদয়ো দেশা দেশিষু লক্ষ্যন্তে। স্মশব্দঃ পাদপূরণে। ব্রাতাঃ সমূহাঃ ॥৪২—৪৩॥

সহস্র সহস্র হস্তী আরোহী ও অনুচরগণের সহিত অর্জ্জুনের বাণে পীড়িত ও ছিন্নগাত্র হইয়া রক্ত বমন করিতে লাগিল ॥৩৯॥

অনেক হস্তী চীৎকার করিতে থাকিল, বহুতর হস্তী ভূতলে পতিত হইল, অপর হস্তী সকল নানাদিকে ভ্রমণ করিতে লাগিল, কতকগুলি হস্তী অত্যন্ত ভীত হইয়া পড়িল এবং বহুতর হস্তী স্বপক্ষীয় লোকদিগকেই মর্দ্দন করিতে থাকিল ॥৪০॥

ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়ঙ্করনয়ন যে সকল হস্তী অসুরমায়া জানিত, তীক্ষ্ণবিষ সর্পের তুল্য সেই সকল হস্তীও গুপ্তাস্ত্রধারী আরোহীদের সহিত বিচরণ করিতে থাকিয়া স্বপক্ষীয় লোকদিগকেই নিষ্পেষণ করিতে লাগিল ॥৪১॥

সহস্র সহস্র ও লক্ষ লক্ষ যবন, পারদ, শক ও বাহ্লিকদেশীয়, যমতুল্য প্রহারকারী ও গোযোনিজাত যে ম্লেচ্ছগণ এবং দার্বাভিসার, দরদ ও পুণ্ড্রদেশবাসী যে সকল ম্লেচ্ছ আসিল, তাহাদের সংখ্যা করা শক্তিসাধ্য নহে ॥৪২—৪৩॥

(৪০)···তানেব মমৃদুর্গজাঃ—বঙ্গ বর্দ্ধ।

অভ্যবর্ত্তন্ত সংগ্রামে পাণ্ডবং নিশিতৈঃ শরৈঃ।
অবাকিরংশ্চ তে ম্লেচ্ছা নানাযুদ্ধবিশারদাঃ ॥৪৪॥
তেষামপি সসর্জ্জাশু শরবৃষ্টিং ধনঞ্জয়ঃ।
সৃষ্টিস্তথাবিধা হ্যাসীচ্ছলভানামিবায়তিঃ ॥৪৫॥
অভ্রচ্ছায়ামিব শরৈঃ সৈন্যে কৃত্বা ধনঞ্জয়ঃ।
মুণ্ডার্দ্ধমুণ্ডান্ জটিলানশুচীন্ কুটিলাননান্।
ম্লেচ্ছানশাতয়ৎ সর্ব্বান্ সমেতানস্ত্রতেজসা ॥৪৬॥
শরৈশ্চ শতশো বিদ্ধাস্তে সংঘা গিরিচারিণঃ।
প্রাদ্রবন্ত রণাদ্ভীতা গিরিগহ্বরবাসিনঃ ॥৪৭॥
গজাশ্বসাদিম্লেচ্ছানাং পতিতানাং শিতৈঃ শরৈঃ।
বলাঃ কঙ্কা বৃকা ভূমাবপিবন্ রুধিরং মুদা ॥৪৮॥

ভারতকৌমুদী

অভীতি। ম্লেচ্ছং লক্ষয়তি প্রায়শ্চিত্ততত্ত্বে দেবলঃ—"গোমাংসখাদকো যশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে॥" ॥৪৩॥

তেষামিতি। সৃষ্টিঃ শরক্ষেপঃ। শলভানাং পতঙ্গানাম্, আয়তিঃ শ্রেণিঃ ॥৪৫॥

অভ্রেতি। অভ্রচ্ছায়াং মেঘচ্ছায়াম্। অশাতয়দপীড়য়ৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

শরৈতি। সংঘা ম্লেচ্ছসমূহাঃ। প্রাদ্রবন্ত পলায়ন্ত ॥৪৭॥

ভারতভাবদীপঃ

হত ইতি ॥১—২১॥ বিচেরুরিত্যত্র তাভ্যাং যুক্তাংশ্চ সায়কানি ॥২২—৪২॥ গোযোনি-প্রভবা নন্দিন্যাং জাতাঃ ॥৪৩—৪৪॥ সৃষ্টিঃ সংসৃষ্টিঃ ॥৪৫॥ জটিলাননান্ জটিলাগ্রাননানি যেষাম্

নানাযুদ্ধবিশারদ সেই সকল ম্লেচ্ছ যুদ্ধে অর্জ্জুনের অভিমুখবর্ত্তী হইল এবং নিশিত শরসমূহদ্বারা তাঁহাকে আবৃত করিয়া ফেলিল ॥৪৪॥

অর্জ্জুনও সত্বর সত্বর তাহাদের উপরে শরবৃষ্টি করিতে লাগিলেন। অর্জ্জুনের সেইরূপ শরবৃষ্টি পতঙ্গশ্রেণির ন্যায় চলিতেছিল ॥৪৫॥

ক্রমে অর্জ্জুন বাণদ্বারা সেই সৈন্যগণের উপরে যেন মেঘের ছায়া করিয়া অস্ত্রের তেজে মুণ্ডিতমস্তক, অর্দ্ধমুণ্ডিতমস্তক, জটাধারী, অপবিত্র ও কুটিলবদন সম্মিলিত সমস্ত ম্লেচ্ছকে আকুল করিয়া তুলিলেন ॥৪৬॥

তখন পর্ব্বতচারী ও পর্ব্বতগুহাবাসী সেই শত শত ম্লেচ্ছের দল অর্জ্জুনের বাণে বিদ্ধ ও ভীত হইয়া রণস্থল হইতে পলায়ন করিতে লাগিল ॥৪৭॥

(৪৪) অভ্যবর্ষন্ত তে সর্বে…বা নি। (৪৬) জটিলাননান্…বা নি। (৪৭) …রণে ভীতাঃ…পি বা নি।

CENTRAL LIBRARY

পত্ত্যশ্বরথনাগৈশ্চ প্রচ্ছন্নকৃতসংক্রমাম্ ।
শরবর্ষপ্লবাং ঘোরাং কেশশৈবলশাদ্বলাম্ ॥৪৯॥
প্রাবর্ত্তয়ন্নদীমুগ্রাং শোণিতৌঘতরঙ্গিণীম্ ।
ছিন্নাঙ্গুলিক্ষুদ্রমৎস্যাং যুগান্তে কালসন্নিভাম্ ॥৫০॥ (যুগ্মকম্)
অকরোদ্গজসংবাধাং নদীমুত্তরশোণিতাম্ ।
দেহেভ্যো রাজপুত্রাণাং নাগাশ্বরথসাদিনাম্ ॥৫১॥
যথা স্থলঞ্চ নিম্নঞ্চ ন স্যাদ্বর্ষতি বাসবে ।
তথাসীৎ পৃথিবী সর্বা শোণিতেন পরিপ্লুতা ॥৫২॥

ভারতকৌমুদী

গজেতি। গজাশ্বসাদিনো গজাশ্বারোহিণো যে ম্লেচ্ছাস্তেষাম্। বলাঃ কাকাঃ ॥৪৮॥

পত্তীতি। প্রচ্ছন্নং নিমগ্নতয়া গুপ্তং যথা স্যাত্তথা কৃতাঃ সংক্রমাঃ সেতবো যস্যাং তাম্। শরবর্ষং নিক্ষিপ্তশরা এব প্লবাঃ ক্ষুদ্রনৌকা যস্যাং তাম্, কেশা এব শৈবলাস্তৈঃ শাদ্বলাং হরিদ্বর্ণাম্। প্রাবর্ত্তয়দর্জ্জুনঃ। শোণিতৌঘস্য তরঙ্গা অস্যাঃ সন্তীতি তাম্। ছিন্নাঙ্গুলয় এব ক্ষুদ্রা মৎস্যা যস্যাং তাম্, যুগান্তে প্রলয়কালে, কালসন্নিভাং তৎকালপ্রবর্ত্তিতনদীতুল্যাম্ ॥৪৯-৫০॥

অকরোদিতি। দেহেভ্যঃ অকরোদর্জ্জুনঃ। উত্তরাণি উচ্চানি শোণিতানি যস্যাস্তাম্ ॥৫১॥

যথেতি। বাসবে ইন্দ্রে ইন্দ্রপ্রেরিতে মেঘে। পৃথিবী সমরভূমিঃ ॥৫২॥

আবার কাক, কঙ্ক ও ক্ষুদ্র ব্যাঘ্রগণ আনন্দের সহিত অর্জ্জুনের সুধারবাণাঘাতে ভূতলনিপতিত গজারোহী ও অশ্বারোহী ম্লেচ্ছগণের রক্ত পান করিতে থাকিল ॥৪৮॥

ক্রমে অর্জ্জুন, প্রলয়কালপ্রবর্ত্তিত নদীর ন্যায় একটা ভয়ঙ্কর রক্তের নদী প্রবর্ত্তিত করিলেন; তাহাতে রক্তপ্রবাহের তরঙ্গ চলিতে লাগিল; হস্তী, অশ্ব, রথ ও পদাতিদ্বারা গুপ্ত সেতু করা হইল; নিক্ষিপ্ত বাণ সকল ক্ষুদ্র ক্ষুদ্র নৌকারূপে ভাসিতে থাকিল; ছিন্ন অঙ্গুলীসমূহ ক্ষুদ্র মৎস্যরূপে চলিতে লাগিল এবং কেশরূপ শৈবলে (শেওলাতে) সেটা হরিদ্বর্ণ হইয়া উঠিল ॥৪৯—৫০॥

হস্তী, অশ্ব ও রথারোহী রাজপুত্রগণের দেহ হইতেও অর্জ্জুন একটা উচ্ছলিত রক্তের নদী প্রবর্ত্তিত করিলেন; ক্রমে সেটা হস্তিশরীরে সঙ্কীর্ণ হইয়া উঠিল ॥৫১॥

মেঘ জলবর্ষণ করিতে লাগিলে যেমন উঁচু-নীচু স্থান থাকে না, (সব সমান হইয়া যায়), সেইরূপ রক্তে পরিপূর্ণ হইয়া গেলে সমগ্র সমরভূমিই উঁচু-নীচুভাবরহিত হইল ॥৫২॥

CENTRAL LIBRARY

ষট্সহস্রান্ হয়ান্ বীরান্ পুনর্দশশতান্ বরান্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ ॥৫৩॥
শরৈঃ সহস্রশো বিদ্ধা বিধিবৎ কল্পিতা দ্বিপাঃ।
শেরতে ভূমিমাসাদ্য শৈলা বজ্রহতা ইব ॥৫৪॥
স বাজিরথমাতঙ্গান্ নিঘ্নন্ ব্যচরদর্জ্জুনঃ।
প্রভিন্ন ইব মাতঙ্গো মৃদ্নন্ নলবনং যথা ॥৫৫॥
ভূরিদ্রুমলতাগুল্মং শুষ্কেন্ধনতৃণোলপম্।
নির্দহেদনলোঽরণ্যং যথা বায়ুসমীরিতঃ ॥৫৬॥
সেনারণ্যং তব তথা কৃষ্ণানিলসমীরিতঃ।
শরার্চ্চিরদহৎ ক্রুদ্ধঃ পাণ্ডবাগ্নির্ধনঞ্জয়ঃ ॥৫৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ষড়িতি। হয়ান্ হয়ারোহান্। প্রাহিণোৎ প্রৈরয়ৎ। ক্ষত্রিয়র্ষভঃ অর্জ্জুনঃ ॥৫৩॥

শরৈরিতি। কল্পিতাঃ সজ্জিতাঃ, দ্বিপা হস্তিনঃ। শেরতে স্ম ॥৫৪॥

স ইতি। প্রভিন্নো মদস্রাবী, মৃদ্নন্ মর্দ্দয়ন্ ॥৫৫॥

ভূরীতি। গুল্মাঃ স্তম্বাঃ, উলপা লতাঃ। অত্র "মুখচন্দ্রং চুম্বতি" ইত্যাদৌ চুম্বত্যাদিপদবৎ ক্রুদ্ধপদমুপমায়াঃ সাধকং রূপকস্য চ বাধকমিতি সর্বত্রোপমিতসমাস এব কার্য্যঃ। তথা চ সেনা অরণ্যমিব তৎ। কৃষ্ণঃ অনিল ইব তেন সমীরিতঃ প্রেরিতঃ। শরঃ অর্চ্চিরিব যস্য সঃ। পাণ্ডবেষু অগ্নিরিব স পাণ্ডবাগ্নিঃ ॥৫৬—৫৭॥

ভারতভাবদীপঃ

॥৪৬—৪৮॥ প্রচ্ছন্নেন প্রচ্ছাদনেন কৃতো রচিতঃ সংক্রমো যস্যাম্ ॥৪৯—৫০॥ উত্তরশোণিতাং শোণিতপ্রধানাম্ ॥৫১—৫২॥ হয়ান্ অশ্বারোহান্ ॥৫৩—৭০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অশীতিতমোঽধ্যায়ঃ ॥৮০॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জ্জুন ষট্সহস্র অশ্বারোহী বীরকে এবং সহস্র প্রধান ক্ষত্রিয়কে যমলোকে প্রেরণ করিলেন ॥৫৩॥

যথাবিধানে সুসজ্জিত সহস্র সহস্র হস্তী অর্জ্জুনের বাণে বিদ্ধ হইয়া বজ্রহত পর্ব্বতসমূহের ন্যায় ভূতলে শয়ন করিল ॥৫৪॥

ক্রমে মদস্রাবী হস্তী যেমন নলবন মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করে, অর্জ্জুনও সেইরূপ হস্তী, অশ্ব ও রথ বিনাশ করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৫৫॥

মহারাজ! অগ্নি যেমন বায়ুপ্রেরিত হইয়া প্রচুর বৃক্ষ, লতা ও গুল্মযুক্ত এবং শুষ্ক কাষ্ঠ, তৃণ ও লতাসমন্বিত বন দগ্ধ করে, সেইরূপ শিখার ন্যায় শরযুক্ত

CENTRAL LIBRARY

শূন্যান্ কুর্ব্বন্ রথোপস্থান্ মানবৈঃ সংস্তরন্ মহীম্ ।
প্রানৃত্যদিব সংবাধে চাপহস্তো ধনঞ্জয়ঃ ॥৫৮॥
বজ্রকল্পৈঃ শরৈর্ভূমিং কুর্ব্বন্নুত্তরশোণিতাম্ ।
প্রাবিশদ্ভারতীং সেনাং সংক্রুদ্ধো বৈ ধনঞ্জয়ঃ ॥৫৯॥
তং শ্রুতায়ুস্তথাম্বষ্ঠো ব্রজমানং ন্যবারয়ৎ ।
তস্যার্জ্জুনঃ শরৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কপত্রপরিচ্ছদৈঃ ॥৬০॥
ন্যপাতয়দ্ধয়ান্ শীঘ্রং যতমানস্য মারিষ ! ।
ধনুশ্চাস্যাপরৈশ্ছিত্ত্বা শরৈঃ পার্থো বিচক্রমে ॥৬১॥ (যুগ্মকম্)
অম্বষ্ঠস্তু গদাং গৃহ্য ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ ।
আসসাদ রণে পার্থং কেশবঞ্চ মহাবলম্ ॥৬২॥

ভারতকৌমুদী

শূন্যানিতি। রথোপস্থান্ রথোপরিদেশান্, সংস্তরন্ আবৃণ্বন্। সংবাধে সংঘর্ষে ॥৫৮॥
বজ্রেতি। উত্তরাণি উপরিবর্ত্তীনি শোণিতানি যস্যাস্তাম্। ভারতীং কৌরবীম্ ॥৫৯॥
তমিতি। কঙ্কপত্রপরিচ্ছদৈঃ কঙ্কপক্ষাবৃতৈঃ। বিচক্রমে অগ্রে জগাম ॥৬০—৬১॥
অম্বষ্ঠ ইতি। গৃহ্য গৃহীত্বা, ক্রোধেন পর্য্যাকুলে অস্থিরে ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ ॥৬২॥

পাণ্ডবগণমধ্যে অগ্নিতুল্য অর্জ্জুন ক্রুদ্ধ এবং বায়ুসদৃশ কৃষ্ণকর্ত্তৃক প্রেরিত হইয়া বনতুল্য আপনার সৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৫৬—৫৭॥

কার্ম্মুকহস্ত অর্জ্জুন রথোপরিদেশ শূন্য এবং মনুষ্যদ্বারা ভূমি আবৃত করিতে থাকিয়া সেই সংঘর্ষমধ্যে যেন নৃত্য করিতে লাগিলেন ॥৫৮॥

ক্রমে অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া বজ্রতুল্য বাণদ্বারা সমরভূমিকে রক্তদ্বারা প্লাবিত করিতে করিতে কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৫৯॥

তিনি সেইভাবে আসিতে লাগিলে, শ্রুতায়ু ও অম্বষ্ঠ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন। মাননীয় রাজা ! তখন পৃথানন্দন অর্জ্জুন কঙ্কপক্ষযুক্ত তীক্ষ্ণ বাণদ্বারা সত্বর যুদ্ধে যত্নশীল অম্বষ্ঠের অশ্বগণকে নিপাতিত করিলেন এবং অপর বাণসমূহদ্বারা তাঁহার ধনু ছেদন করিয়া অগ্রসর হইতে থাকিলেন ॥৬০—৬১॥

এই সময়ে অম্বষ্ঠ ক্রোধে অস্থিরনেত্র হইয়া গদা ধারণ করিয়া যুদ্ধে মহাবল অর্জ্জুন ও কৃষ্ণের নিকট উপস্থিত হইলেন ॥৬২॥

(৬২)…কেশবঞ্চ মহারথম্—বা নি।

ততঃ স প্রহসন্ বীরো গদামুদ্যম্য ভারত ! ।
রথমাবার্য্য গদয়া কেশবং সমতাড়য়ৎ ॥৬৩॥
গদয়া তাড়িতং দৃষ্ট্বা কেশবং পরবীরহা ।
অর্জ্জুনো ভৃশসংক্রুদ্ধঃ সোঽম্বষ্ঠং প্রতি ভারত ! ॥৬৪॥
ততঃ শরৈর্হেমপুঙ্খৈঃ সগদং রথিনাং বরম্ ।
ছাদয়ামাস সমরে মেঘঃ সূর্য্যমিবোদিতম্ ॥৬৫॥
তথাপরৈঃ শরৈশ্চাপি গদাং তস্য মহাত্মনঃ ।
অচূর্ণয়ত্তদা পার্থস্তদদ্ভুতমিবাভবৎ ॥৬৬॥
অথ তাং পতিতাং দৃষ্ট্বা গৃহ্যান্যাং মহতীং গদাম্ ।
অর্জ্জুনং বাসুদেবঞ্চ পুনঃ পুনরতাড়য়ৎ ॥৬৭॥
তস্যার্জ্জুনঃ ক্ষুরপ্রাভ্যাং সগদাবুদ্যতৌ ভুজৌ ।
চিচ্ছেদেন্দ্রধ্বজাকারৌ শিরশ্চান্যেন পত্রিণা ॥৬৮॥

ভারতকৌমুদী

তত ইতি। উদ্যম্য উত্তোল্য। আবার্য্য নিবার্য্য ॥৬৩॥
গদয়েতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। ভৃশসংক্রুদ্ধঃ অভবৎ ॥৬৪॥
তত ইতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, গদয়া সহেতি সগদমম্বষ্ঠম্ ॥৬৫॥
তথেতি। দারুময়গদাচূর্ণনমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৬৬॥
অথেতি। গৃহ্য গৃহীত্বা। অতাড়য়দম্বষ্ঠ ইতি শেষঃ ॥৬৭॥

ভরতনন্দন ! তৎপরে বীর অম্বষ্ঠ হাস্য করতঃ গদা উত্তোলনপূর্ব্বক অর্জ্জুনের রথ নিবারণ করিয়া গদাদ্বারা কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৬৩॥

ভরতনন্দন ! তখন বিপক্ষবীরহন্তা অর্জ্জুন কৃষ্ণকে গদাদ্বারা তাড়িত দেখিয়া অম্বষ্ঠের প্রতি গুরুতর ক্রুদ্ধ হইলেন ॥৬৪॥

তদনন্তর মেঘ যেমন উদিত সূর্য্যকে আবৃত করে, সেইরূপ অর্জ্জুন স্বর্ণপুঙ্খ বাণসমূহদ্বারা গদার সহিত রথিশ্রেষ্ঠ অম্বষ্ঠকে আবৃত করিলেন ॥৬৫॥

এবং অর্জ্জুন অপর কতকগুলি বাণদ্বারা মহাত্মা অম্বষ্ঠের গদাটাকে চূর্ণ করিয়া ফেলিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৬৬॥

তৎপরে অম্বষ্ঠ সেই গদাটা নষ্ট হইল দেখিয়া অন্য একটা বিশাল গদা গ্রহণ করিয়া বার বার অর্জ্জুন ও কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৬৭॥

(৬৩) ততস্তু প্রহসন্ বীরঃ…পি, ততঃ সংপ্রহরন্ বীরঃ…বা নি। (৬৪)…অর্জ্জুনোঽথ ভৃশং ক্রুদ্ধঃ…বা নি। (৬৭)…গৃহ্যান্যাঞ্চ মহাগদাম্…বা নি।

CENTRAL LIBRARY

স পপাত হতো রাজন্! বসুধামনুনাদয়ন্।
ইন্দ্রধ্বজ ইবোৎসৃষ্টো যন্ত্রনির্ম্মুক্তবন্ধনঃ ॥৬৯॥
রথানীকাবগাঢ়শ্চ বারণাশ্বশতৈর্বৃতঃ।
অদৃশ্যত তদা পার্থো ঘনৈঃ সূর্য্য ইবাবৃতঃ ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে অম্বষ্ঠবধে অশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

একাশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততঃ প্রবিষ্টে কৌন্তেয়ে সিন্ধুরাজজিঘাংসয়া।
দ্রোণানীকং বিনির্ভিদ্য ভোজানীকঞ্চ দুর্ভিদম্ ॥১॥
কাম্বোজস্য চ দায়াদে হতে রাজন্! সুদক্ষিণে।
শ্রুতায়ুধে চ বিক্রান্তে নিহতে সব্যসাচিনা ॥২॥

ভারতকৌমুদী

তস্যেতি। ক্ষুরপ্রাভ্যাং তদাখ্যাভ্যামস্ত্রাভ্যাম্, সগদৌ গদাযুক্তৌ। পত্রিণা বাণেন ॥৬৮॥
স ইতি। যন্ত্রাৎ মূলাধারযন্ত্রাৎ নির্ম্মুক্তং স্খলিতং বন্ধনং যস্য সঃ ॥৬৯॥
রথেতি। রথানীকেন অবগাঢ় আক্রান্তঃ। বারণো হস্তী ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

তখন অর্জুন দুইটা ক্ষুরপ্রদ্বারা ইন্দ্রধ্বজতুল্য গদাযুক্ত অম্বষ্ঠের উত্তোলিত বাহুদ্বয় এবং অন্য একটা বাণদ্বারা তাঁহার মস্তক ছেদন করিলেন ॥৬৮॥

রাজা! তখন অম্বষ্ঠ নিহত হইয়া যন্ত্রস্খলিতবন্ধন উৎসৃষ্ট ইন্দ্রধ্বজের ন্যায় ভূতল নিনাদিত করিয়া পতিত হইলেন ॥৬৯॥

সেই সময়ে মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ শত শত রথারোহী, গজারোহী ও অশ্বারোহী সৈন্যেরা আসিয়া অর্জুনকে আবৃত করিল দেখা গেল' ॥৭০॥

* '…একনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (১)… ভোজানীকঞ্চ দুর্জ্জয়ম্—পি,…ভোজানীকঞ্চ দুস্তরম্—বা নি।

বিদ্রুতেষ্বপ্যনীকেষু বিধ্বস্তেষু সমন্ততঃ।
প্রভগ্নং স্ববলং দৃষ্ট্বা পুত্রস্তে দ্রোণমভ্যগাৎ ॥৩॥ (বিশেষকম্)
ত্বরন্নেকরথেনৈব সমেত্য দ্রোণমব্রবীৎ।
গতঃ স পুরুষব্যাঘ্রঃ প্রমথ্যেমাং মহাচমূম্ ॥৪॥
অত্র বুদ্ধ্যা সমীক্ষস্ব কিং নু কার্য্যমনন্তরম্।
অর্জ্জুনস্য বিঘাতায় দারুণেঽস্মিন্ জনক্ষয়ে ॥৫॥
যথা স পুরুষব্যাঘ্রো ন হন্যেত জয়দ্রথঃ।
তথা বিধৎস্ব ভদ্রং তে ত্বং হি নঃ পরমা গতিঃ ॥৬॥
অসৌ ধনঞ্জয়াগ্নির্হি কোপমারুতচোদিতঃ।
সেনাকক্ষং দহতি মে বহ্নিঃ কক্ষমিবোর্জ্জিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। কৌন্তেয়ে অর্জ্জুনে। দায়াদে পুত্রে। সমন্ততো বিদ্রুতেষু পলায়িতেষু। প্রভগ্নং বিশ্লিষ্টম্, স্ববলং নিজসৈন্যম্, পুত্রো দুর্য্যোধনঃ ॥১—৩॥

ত্বরন্নিতি। ত্বরন্ ত্বরমাণঃ। পুরুষব্যাঘ্রঃ অর্জ্জুনঃ ॥৪॥

অত্রেতি। সমীক্ষস্ব পর্য্যালোচয়, কার্য্যং কর্ত্তব্যম্ ॥৫॥

যথেতি। হন্যেত অর্জ্জুনেন। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৬॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর অর্জ্জুন জয়দ্রথকে বধ করিবার ইচ্ছায় দুর্ভেদ্য দ্রোণসৈন্য ও ভোজসৈন্য ভেদ করিয়া প্রবেশ করিলে এবং অর্জ্জুন কাম্বোজরাজপুত্র সুদক্ষিণকে ও বিক্রমশালী শ্রুতায়ুধকে বধ করিলে, আর সৈন্যেরা বিধ্বস্ত হইলে ও সকল দিকে পলায়ন করিলে, আপনার পুত্র (দুর্য্যোধন) আপন সৈন্যদিগকে ভগ্ন দেখিয়া দ্রোণের নিকট গমন করিলেন ॥১—৩॥

তিনি একরথেই সত্বর উপস্থিত হইয়া দ্রোণকে বলিলেন—'আচার্য্য! পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন এই বিশাল সেনা আলোড়ন করিয়া চলিয়া গিয়াছে ॥৪॥

এখন আপনি আপন বুদ্ধিদ্বারা পর্য্যালোচনা করুন যে, এই দারুণ লোকক্ষয়ের সময়ে অর্জ্জুনকে বধ করিবার জন্য পরে কি কর্ত্তব্য হইতে পারে ॥৫॥

যাহাতে অর্জ্জুন সেই পুরুষশ্রেষ্ঠ জয়দ্রথকে বধ করিতে না পারে, আপনি তাহা করুন। কেন না, আপনিই আমাদের পরম গতি। আপনার মঙ্গল হউক ॥৬॥

(৩) বিপ্রদ্রুতেষ্বনীকেষু···দ্রোণমভ্যয়াৎ—পি বা নি। (৪)···প্রমথ্যৈতাম্···বা নি। (৬)···ন হন্যেত জয়দ্রথম্—পি বা নি। (৭)···কক্ষমিবোদ্ধতঃ—পি, কক্ষমিবোত্থিতঃ—বা নি।

CENTRAL LIBRARY

অতিক্রান্তে হি কৌন্তেয়ে ভিত্ত্বা সৈন্যং পরন্তপ ! ।
জয়দ্রথস্য গোপ্তারঃ সংশয়ং পরমং গতাঃ ॥৮॥
স্থিরা বুদ্ধির্নরেন্দ্রাণামাসীদ্‌ব্রহ্মবিদাং বর ! ।
নাতিক্রমিষ্যতি দ্রোণং জাতু জীবন্ ধনঞ্জয়ঃ ॥৯॥
যোঽসৌ পার্থো ব্যতিক্রান্তো মিষতস্তে মহাদ্যুতে ! ।
সর্ব্বং হ্যন্যাতুরং মন্যে নেদমস্তি বলং মম ॥১০॥
জানামি ত্বাং মহাভাগ ! পাণ্ডবানাং হিতে রতম্ ।
তথা মুহ্যামি চ ব্রহ্মন্ ! কার্য্যবত্তাং বিচিন্তয়ন্ ॥১১॥
যথাশক্তি চ তে ব্রহ্মন্ ! বর্ত্তয়ে বৃত্তিমুত্তমাম্ ।
প্রীণামি চ যথাশক্তি তচ্চ ত্বং নাববুধ্যসে ॥১২॥

ভারতকৌমুদী

অসাবিতি। কোপ এব মারুতো বায়ুস্তেন চোদিতঃ প্রেরিতঃ। কক্ষঃ শুষ্কবনম্ ॥৭॥
অতীতি। গোপ্তারো রক্ষকাঃ, পরমং সংশয়ং গতা জয়দ্রথরক্ষণে ॥৮॥
স্থিরেতি। কীদৃশী বুদ্ধিরিত্যাহ নেতি। জাতু কদাচিৎ ॥৯॥
য ইতি। মিষতঃ পশ্যতঃ। আতুরং ভয়পীড়িতম্। নেদমিত্যাদি চ মন্যে ॥১০॥
জানামীতি। তথা তথাপি, মুহ্যামি সৈনাপত্যে তব নিয়োজনাদিত্যাশয়ঃ ॥১১॥
যথেতি। বর্ত্তয়ে সম্পাদয়ামি, বৃত্তিং জীবিকাম্। নাববুধ্যসে ন স্মরসি ॥১২॥

প্রজ্বলিত অগ্নি যেমন শুষ্কবন দগ্ধ করে, তেমন এই অর্জ্জুনরূপ অগ্নি কোপ-রূপ বায়ুকর্ত্তৃক প্রেরিত হইয়া আমার সৈন্যরূপ শুষ্কবন দগ্ধ করিতেছে ॥৭॥

শত্রুসন্তাপক বীর ! অর্জ্জুন আপনার সৈন্য ভেদ করিয়া আপনাকে অতিক্রম করিলে, জয়দ্রথের রক্ষকেরা তাঁহার রক্ষাবিষয়ে অত্যন্তসংশয়াপন্ন হইয়াছেন ॥৮॥

বেদজ্ঞশ্রেষ্ঠ ! রাজগণের এইরূপ স্থির বুদ্ধি ছিল যে, অর্জ্জুন জীবিত অবস্থায় কখনও দ্রোণকে অতিক্রম করিতে পারিবে না ॥৯॥

মহাতেজা ! আপনার সমক্ষে ঐ অর্জ্জুন যে অতিক্রম করিয়া গিয়াছে, তাহাতে আমি মনে করি—আমার সমস্ত সৈন্যই যেন ভয়ে আকুল হইয়াছে এবং আমার এই সৈন্য যেন নাই ॥১০॥

মহাভাগ ব্রাহ্মণ ! আমি জানি যে, আপনি পাণ্ডবগণের হিতেই নিরত আছেন, তথাপি কার্য্যের গুরুত্ব চিন্তা করিয়া আমি মূঢ় হইয়াছি (মোহবশতঃ আপনাকে সেনাপতিপদে নিযুক্ত করিয়াছি) ॥১১॥

(১১)···ততো মুহ্যামি ··নি। (১২)···বর্দ্ধয়ন্ বৃত্তিমুত্তমাম্···নি।

অস্মান্ ন ত্বং সদা ভক্তানিচ্ছস্যমিতবিক্রম ! ।
পাণ্ডবান্ সততং প্রীণাস্যস্মাকং বিপ্রিয়ে রতান্ ॥১৩॥
অস্মানেবোপজীবংস্ত্বমস্মাকং বিপ্রিয়ে রতঃ।
নহ্যহং ত্বাং বিজানামি মধুদিগ্ধমিব ক্ষুরম্ ॥১৪॥
নাদাস্যচ্ছেদ্বরং মহ্যং ভবান্ পাণ্ডবনিগ্রহে।
নাবারয়িষ্যং গচ্ছন্তমহং সিন্ধুপতিং গৃহান্ ॥১৫॥
ময়া ত্বাশংসমানেন ত্বত্ত্রাণমবুদ্ধিনা।
আশ্বাসিতঃ সিন্ধুপতির্মোহাদ্দত্তশ্চ মৃত্যবে ॥১৬॥
যমদংষ্ট্রান্তরং প্রাপ্তো মুচ্যেতাপি হি মানবঃ।
নার্জ্জুনস্য বশং যাতো মুচ্যেতাজৌ জয়দ্রথঃ ॥১৭॥

ভারতকৌমুদী

অস্মানিতি। নেচ্ছসি আত্মীয়তয়া নাঙ্গীকরোষি। প্রীণাসি আনুকূল্যকরণেন ॥১৩॥

অস্মানিতি। মধুনা দিগ্ধং লিপ্তম্। তাদৃশক্ষুরলেহনেন রসনাচ্ছেদ ইব ভবতঃ সৈনাপত্যে বরণেন মে মহাননর্থ ইদানীং জাতঃ, অর্জ্জুনপ্রবেশদানাদিতি ভাবঃ ॥১৪॥

নেতি। বরং বরমিবাঙ্গীকারম্। পাণ্ডবানাং নিগ্রহে পরাজয়বিধানবিষয়ে ॥১৫॥

ময়েতি। আশংসমানেন আশাবিষয়ীকুর্বতা। সিন্ধুপতির্জয়দ্রথঃ ॥১৬॥

যমেতি। যমস্য দংষ্ট্রান্তরং দন্তশ্রেণ্যোরভ্যন্তরম্ ॥১৭॥

ব্রাহ্মণ ! আমি শক্তি অনুসারে আপনাকে উত্তম বৃত্তি দিয়া আসিতেছি এবং শক্তি অনুসারে আপনাকে সন্তুষ্ট করিয়া থাকি ; কিন্তু আপনি তাহা স্মরণ করেন না ॥১২॥

অমিতবিক্রম ! আমরা সর্বদাই আপনার প্রতি ভক্তি করিয়া থাকি, অথ চ আপনি আমাদিগকে চান না, বরং সর্ব্বদা আমাদের অপ্রিয়কার্য্যে নিরত পাণ্ডবগণকেই সন্তুষ্ট করিয়া থাকেন ! ॥১৩॥

আর আপনি আমাদের আশ্রয়েই থাকিয়া আমাদেরই অপ্রিয়াচরণে নিরত আছেন। আমি মধুলিপ্ত ক্ষুরের ন্যায় আপনাকে চিনিতে পারি নাই ॥১৪॥

আপনি যদি পাণ্ডবদিগকে নিগৃহীত করিবেন বলিয়া আমার নিকট অঙ্গীকার না করিতেন, তাহা হইলে আমি জয়দ্রথকে আপন ভবনে যাইতে নিষেধ করিতাম না ॥১৫॥

আমি নির্ব্বোধ ; তাই আপনি জয়দ্রথকে রক্ষা করিবেন এই আশা করিয়া

(১৫) মা দাস্যচ্ছেৎ···বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

স তথা কুরু শোণাশ্ব ! যথা মুচ্যেত সৈন্ধবঃ ।
মম চার্ত্তপ্রলাপানাং মা ক্রুধঃ পাহি সৈন্ধবম্ ॥১৮॥

দ্রোণ উবাচ ।

নাভ্যসূয়ামি তে বাক্যমশ্বত্থাম্নাসি মে সমঃ ।
সত্যন্তু তে প্রবক্ষ্যামি তজ্জুষস্ব বিশাংপতে ! ॥১৯॥
সারথিপ্রবরঃ কৃষ্ণঃ শীঘ্রাশ্চাস্য হয়োত্তমাঃ ।
অল্পঞ্চ বিবরং কৃত্বা তূর্ণং যাতি ধনঞ্জয়ঃ ॥২০॥
কিং ন পশ্যসি বাণৌঘান্ ক্রোশমাত্রে কিরীটিনঃ ।
পশ্চাদ্রথস্য পতিতান্ ক্ষিপ্তান্ শীঘ্রং হি গচ্ছতঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। হে শোণাশ্ব ! রক্তবর্ণাশ্ব দ্রোণ ! । সৈন্ধবো জয়দ্রথঃ ॥১৮॥

নেতি। জুষস্ব সেবস্ব শৃণ্বিত্যর্থঃ ॥১৯॥

সারথীতি। শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ। যাতি তেন বিবরেণ ॥২০॥

অর্জ্জুনস্য শীঘ্রযানে নিদর্শনমাহ কিমিতি। ক্ষিপ্তান্ ময়ৈব। শীঘ্রযানাদেব তানতিক্রান্ত ইতি ভাবঃ ॥২১॥

আমি তাঁহাকে আশ্বস্ত করিয়াছি এবং মোহবশতঃ মৃত্যুর নিকট সমর্পণ করিয়াছি ॥১৬॥

মানুষ যমের দন্তের ভিতরে যাইয়াও মুক্ত হইতে পারে, কিন্তু জয়দ্রথ যুদ্ধে অর্জ্জুনের বশীভূত হইয়া মুক্ত হইতে পারিবেন না ॥১৭॥

অতএব আচার্য্য ! আপনি সেইরূপ কার্য্য করুন, যাহাতে জয়দ্রথ মুক্ত হন। আমার আর্ত্তপ্রলাপের উপরে ক্রুদ্ধ হইবেন না, জয়দ্রথকে রক্ষা করুন' ॥১৮॥

দ্রোণ বলিলেন—'নরনাথ ! আমি তোমার বাক্যের দোষাবিষ্কার করিব না। কেন না, তুমি আমার নিকট অশ্বত্থামার সমান। কিন্তু তোমার নিকট আমি সত্য বলিব, তুমি তাহা শ্রবণ কর ॥১৯॥

কৃষ্ণ—সারথিশ্রেষ্ঠ, উহার উত্তম অশ্বগুলিও অতিদ্রুতগামী; আবার অর্জ্জুনও অল্প ফাঁক্ করিয়া তাহা দিয়া দ্রুত যাইয়া থাকে ॥২০॥

দুর্য্যোধন ! দেখিতেছ না কি—দ্রুতগামী অর্জ্জুনের রথের একক্রোশ পশ্চাতে আমার নিক্ষিপ্ত বাণ সকল পতিত রহিয়াছে ॥২১॥

(২০) সারথিঃ প্রবরঃ কৃষ্ণঃ—বা নি।

CENTRAL LIBRARY

ন চাহং শীঘ্রযানেঽস্য সমর্থো বয়সান্বিতঃ।
সেনামুখে চ পার্থানামেতদ্বলমুপস্থিতম্ ॥২২॥
যুধিষ্ঠিরশ্চ মে গ্রাহ্যো মিষতাং সর্ব্বধন্বিনাম্।
এবং ময়া প্রতিজ্ঞাতং ক্ষত্রমধ্যে মহাভুজ! ॥২৩॥
ধনঞ্জয়েন চোৎসৃষ্টো বর্ত্ততে প্রমুখে মম।
তস্মাদ্ব্যূহমুখং হিত্বা নাহং যোৎস্যামি ফাল্গুনম্ ॥২৪॥
তুল্যাভিজনকর্ম্মাণং শত্রুমেকং সহায়বান্।
গত্বা যোধয় মা ভৈস্ত্বং ত্বং হ্যস্য জগতঃ পতিঃ ॥২৫॥
রাজা শূরঃ কৃতী দক্ষো বৈরমুৎপাদ্য পাণ্ডবৈঃ।
বীরঃ স্বয়ং প্রযাহ্যাশু যত্র যাতো ধনঞ্জয়ঃ ॥২৬॥

ভারতকৌমুদী

অথ ত্বং কথং তং নাম্বগম ইত্যাহ নেতি। তথাপি কিং ন চেষ্টিতবানিত্যাহ সেনেতি ॥২২॥

তথাপি জয়দ্রথরক্ষায়াঃ প্রাধান্যাত্তব গমনমেবোচিতমাসীদিত্যাহ যুধীতি। মিষতাং পশ্যতাম্ ॥২৩॥

অপি চাহ ধনেতি। উৎসৃষ্টস্ত্যক্তো যুধিষ্ঠির ইত্যনুবৃত্তিঃ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥২৪॥

উপদিশতি তুল্যেতি। তুল্যে অভিজনকর্ম্মণী বংশব্যাপারৌ যস্য তম্ ॥২৫॥

রাজেতি। শূরো মানসিকবলবান্, কৃতী সর্ব্বকর্ম্মনিপুণঃ, দক্ষো যুদ্ধে। বীরো দৈহিক-বলবান্ ॥২৬॥

তা'র পর আমার বয়স হইয়াছে। সুতরাং এখন আর আমি দ্রুতগমনে সমর্থ নহি। বিশেষতঃ এই পাণ্ডবসৈন্য আমাদের সৈন্যের সম্মুখে উপস্থিত হইয়াছে ॥২২॥

তা'র পর আবার মহাবাহু! আমি ক্ষত্রিয়গণের মধ্যে এইরূপ প্রতিজ্ঞা করিয়াছিলাম যে, আমি সমস্ত ধনুর্দ্ধরগণের সমক্ষে যুধিষ্ঠিরকে গ্রহণ করিব ॥২৩॥

অথ চ অর্জ্জুনত্যক্ত সেই যুধিষ্ঠির আমার সম্মুখেই রহিয়াছে। সুতরাং আমি ব্যূহমুখ পরিত্যাগ করিয়া যাইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিব না ॥২৪॥

এদিকে অর্জ্জুনের ও তোমার সমান বংশ ও সমান কার্য্য এবং সে একাকী, তুমি সহায়সম্পন্ন। অতএব তুমি যাইয়া তাহার সহিত যুদ্ধ কর, ভয় করিও না। কারণ, তুমি এই জগতের রাজা ॥২৫॥

---

(২৪)···প্রমুখে নৃপ!···বা নি।

CENTRAL LIBRARY

দুর্য্যোধন উবাচ।

কথং ত্বামপ্যতিক্রান্তঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরম্।
ধনঞ্জয়ো ময়া শক্য আচার্য্য! প্রতিবারিতুম্ ॥২৭॥
অপি শক্যো রণে জেতুং বজ্রহস্তঃ পুরন্দরঃ।
নার্জ্জুনঃ সমরে শক্যো জেতুং পরপুরঞ্জয়ঃ ॥২৮॥
যেন ভোজশ্চ হার্দ্দিক্যো ভবাংশ্চ ত্রিদশোপমঃ।
অস্ত্রপ্রতাপেন জিতৌ শ্রুতায়ুশ্চ নিবর্হিতঃ ॥২৯॥
সুদক্ষিণশ্চ নিহতঃ স চ রাজা শ্রুতায়ুধঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ ম্লেচ্ছাশ্চাযুতশো হতাঃ ॥৩০॥
তং কথং পাণ্ডবং যুদ্ধে দহন্তমিব পাবকম্।
প্রতিযোৎস্যামি দুর্দ্ধর্ষং তন্মে শংসাস্ত্রকোবিদ! ॥৩১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কথমিতি। প্রতিবারিতুং প্রতিবারয়িতুম্। ন শক্য এব তবাপ্যতিক্রমণাদিত্যাশয়ঃ ॥২৭॥

অপীতি। বজ্রহস্তঃ পুরন্দরোঽপীতি সম্বন্ধঃ ॥২৮॥

যেনেতি। ভোজো ভোজবংশীয়ঃ, হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা, ত্রিদশোপমো দেবতুল্যঃ। নিবর্হিতো নিহতঃ। অযুতশো বহ্বযুতসংখ্যাঃ। পাণ্ডবমর্জ্জুনম্। শংস ব্রূহি ॥২৯—৩১॥

তুমি—রাজা, মানসিকবলবান্, দৈহিকবলবান্, সমস্ত কার্য্যে নিপুণ, যুদ্ধেও নিপুণ এবং পাণ্ডবগণের সহিত শত্রুতা উৎপাদন করিয়াছ। সুতরাং অর্জ্জুন যেখানে গিয়াছে, তুমি নিজে সত্বর সেইখানে যাও' ॥২৬॥

দুর্য্যোধন বলিলেন—'আচার্য্য! আপনি সমস্ত শস্ত্রধারীর মধ্যে শ্রেষ্ঠ, এ অবস্থায় আপনাকেও যে অতিক্রম করিয়া গিয়াছে, সে অর্জ্জুনকে আমি কি প্রকারে বারণ করিতে সমর্থ হইব? ॥২৭॥

যুদ্ধে বজ্রপাণি ইন্দ্রকেও জয় করিতে পারা যায়, কিন্তু বিপক্ষনগরবিজয়ী অর্জ্জুনকে যুদ্ধে জয় করিতে পারা যায় না ॥২৮॥

অস্ত্রবিচক্ষণ আচার্য্য! যে অর্জ্জুন অস্ত্রের প্রতাপে ভোজবংশীয় কৃতবর্ম্মাকে ও দেবতুল্য আপনাকে জয় করিয়াছে; শ্রুতায়ুকে বিনাশ করিয়াছে এবং সুদক্ষিণ, সেই রাজা শ্রুতায়ুধ, শ্রুতায়ু ও অচ্যুতায়ুকে, আর অযুত অযুত ম্লেচ্ছকে

(২৭)···সর্বশস্ত্রভৃতাং বরঃ···পি। (২৮)···পরপুরঞ্জয়!—পি। (৩১)···দুর্দ্ধর্ষং তমহং শস্ত্রকোবিদ!—বা,···দুর্দ্ধর্ষং চাপি তন্মম সত্তম!—নি।

CENTRAL LIBRARY

ক্ষমঞ্চেন্মন্যসে যুদ্ধং মম তেনাদ্য শাধি মাম্।
পরবানস্মি ভবতঃ প্রেষ্যবদ্রক্ষ মে যশঃ ॥৩২॥

দ্রোণ উবাচ।

সত্যং বদসি কৌরব্য! দুরাধর্ষো ধনঞ্জয়ঃ।
অহন্তু তৎ করিষ্যামি যথৈনং প্রসহিষ্যসি ॥৩৩॥
অদ্ভুতঞ্চাদ্য পশ্যন্তু লোকে সর্ব্বধনুর্দ্ধরাঃ।
বিষক্তং ত্বয়ি কৌন্তেয়ং বাসুদেবস্য পশ্যতঃ ॥৩৪॥
এষ তে কবচং রাজন্। তথা বধ্নামি কাঞ্চনম্।
যথা সর্ব্বাণি নাস্ত্রাণি প্রহরিষ্যন্তি তে রণে ॥৩৫॥
যদি ত্বাং সাসুরসুরাঃ সযক্ষোরগরাক্ষসাঃ।
যোধয়ন্তি ত্রয়ো লোকাঃ সনরা নাস্তি তে ভয়ম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ক্ষমমিতি। ক্ষমমুচিতম্। শাধি তদ্যুদ্ধপ্রকারমুপদিশ। পরবান্ পরাধীনঃ ॥৩২॥
সত্যমিতি। প্রসহিষ্যসি প্রসহিষ্যসে যোদ্ধুং শক্ষ্যসি ॥৩৩॥
অদ্ভুতমিতি। অদ্ভুতং সর্ব্বাভিভাবিত্বাদিত্যাশয়ঃ। বিষক্তং যুদ্ধে মিলিতম্ ॥৩৪॥
এষ ইতি। কাঞ্চনস্য স্বর্ণস্যেদমিতি কাঞ্চনম্। ইদমর্থে অণ্। তে গাত্রম্ ॥৩৫॥

সংহার করিয়াছে, অগ্নির ন্যায় দাহকারী সেই দুর্দ্ধর্ষ অর্জ্জুনের সহিত আমি কি প্রকারে যুদ্ধ করিব, তাহা আপনি আমার নিকট বলুন ॥২৯—৩১॥

আচার্য্য! আপনি আজ সেই অর্জ্জুনের সহিত আমার যুদ্ধ যদি সঙ্গত বলিয়া মনে করেন, তবে আমাকে তাহার প্রণালী উপদেশ দিন, আমি ভৃত্যের ন্যায় আপনার অধীন হইলাম; আমার যশ রক্ষা করুন' ॥৩২॥

দ্রোণ বলিলেন—'কৌরবনন্দন! সত্য বলিয়াছ—অর্জ্জুন দুর্দ্ধর্ষই বটে। কিন্তু আমি সেইরূপ করিব, যাহাতে তুমি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হইবে ॥৩৩॥

কৃষ্ণের সমক্ষে অর্জ্জুন তোমার সহিত যুদ্ধে মিলিত হইয়াছেন, এই অদ্ভুত ব্যাপার আজ জগতের সমস্ত ধনুর্দ্ধর দর্শন করুন ॥৩৪॥

রাজা! এই আমি তোমার গাত্রে স্বর্ণময় কবচ সেইভাবে বন্ধন করিয়া দিতেছি, যাহাতে যুদ্ধে সমস্ত অস্ত্র তোমার গাত্রে আঘাত করিতে পারিবে না ॥৩৫॥

(৩২) ক্ষমঞ্চ মন্যসে যুদ্ধং মম তেনাদ্য সংযুগে…বঙ্গ বর্দ্ধ। (৩৫) …যথা ন বাণা নাস্ত্রাণি …পি বা নি।

CENTRAL LIBRARY

ন কৃষ্ণো ন চ কৌন্তেয়ো ন চান্যঃ শস্ত্রভৃদ্রণে।
শরানর্পয়িতুং কশ্চিৎ কবচে তব শক্ষ্যতি ॥৩৭॥
স ত্বং কবচমাস্থায় ক্রুদ্ধমদ্য রণেঽর্জ্জুনম্।
ত্বরমাণঃ স্বয়ং যাহি ন ত্বাসৌ প্রসহিষ্যতি ॥৩৮॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা ত্বরন্ দ্রোণঃ স্পৃষ্ট্বাম্ভো বর্ম্ম ভাস্বরম্।
আববন্ধাদ্ভুততমং জপন্ মন্ত্রং যথাবিধি ॥৩৯॥
রণে তস্মিন্ সুমহতি বিজয়ায় সুতস্য তে।
বিসিস্মাপয়িষুর্লোকান্ বিদ্যয়া ব্রহ্মবিত্তমঃ ॥৪০॥ (যুগ্মকম্)

দ্রোণ উবাচ।

করোতু স্বস্তি তে ব্রহ্মা স্বস্তি চাপি দ্বিজাতয়ঃ।
সরীসৃপাশ্চ যে শ্রেষ্ঠাস্তে তুভ্যং স্বস্তি ভারত! ॥৪১॥

ভারতকৌমুদী

যদীতি। নরৈঃ সহেতি সনরাঃ। যদীত্যুক্তেস্তথাপীতি প্রত্যেতব্যম্ ॥৩৬॥
নেতি। অর্পয়িতুং প্রবেশয়িতুং কবচং ভেত্তুমিত্যর্থঃ ॥৩৭॥
স ইতি। আস্থায় পরিধায়। ত্বা ত্বাম্ ॥৩৮॥
এবমিতি। অম্ভঃ স্পৃষ্ট্বা আচম্য, ভাস্বরমুজ্জ্বলম্। সুতস্য দুর্য্যোধনস্য। বিসিস্মাপয়িষুর্বিস্মাপয়িতুমিচ্ছুঃ, বিদ্যয়া মন্ত্রগুণেন, ব্রহ্মবিত্তমো বেদজ্ঞশ্রেষ্ঠঃ ॥৩৯—৪০॥
করোত্বিতি। স্বস্তি মঙ্গলম্। সরীসৃপা নাগাঃ, স্বস্তি কুর্বন্ত্বিতি শেষঃ ॥৪১॥

দেবতা, অসুর, যক্ষ, রাক্ষস, নাগ এবং মনুষ্যের সহিত ত্রিভুবনও যদি তোমার সহিত যুদ্ধ করে, তথাপি তোমার কোন ভয় নাই ॥৩৬॥

কৃষ্ণ, অর্জুন, কিংবা অন্য কোন অস্ত্রধারীই যুদ্ধে অস্ত্রদ্বারা তোমার এই কবচ ভেদ করিতে সমর্থ হইবেন না ॥৩৭॥

তুমি এই কবচ ধারণ করিয়া সত্বর নিজেই আজ যুদ্ধে ক্রুদ্ধ অর্জুনের নিকট যাও; সে তোমাকে সহ্য করিতে পারিবে না' ॥৩৮॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! এইরূপ বলিয়া বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ আপন বিদ্যার গুণে লোকের বিস্ময় জন্মাইবার ইচ্ছায় সত্বর আচমন করিয়া যথাবিধানে মন্ত্রজপ করতঃ সেই বিশাল যুদ্ধে আপনার পুত্রের জয়লাভের জন্য উজ্জ্বল ও অত্যাশ্চর্য্য স্বর্ণকবচ তাঁহার গাত্রে বন্ধন করিয়া দিলেন ॥৩৯—৪০॥

(৩৮)···সনরা যান্তি সংক্ষয়ম্—পি। (৩৮)···ন ত্বাসৌ বিষহিষ্যতি—পি বা নি।

CENTRAL LIBRARY

যযাতির্নহুষশ্চৈব ধুন্ধুমারো ভগীরথঃ।
তুভ্যং রাজর্ষয়ঃ সর্বে স্বস্তি কুর্বন্তু নিত্যশঃ ॥৪২॥
স্বস্তি তেঽস্ত্বেকপাদেভ্যো বহুপাদেভ্য এব চ।
স্বস্ত্যস্ত্বপাদকেভ্যোঽথ নিত্যং তব মহারণে ॥৪৩॥
স্বাহা স্বধা শচী চৈব স্বস্তি কুর্বন্তু তে সদা।
লক্ষ্মীররুন্ধতী চৈব কুরুতাং স্বস্তি তেঽনঘ! ॥৪৪॥
অসিতো দেবলশ্চৈব বিশ্বামিত্রস্তথাঙ্গিরাঃ।
বশিষ্ঠঃ কশ্যপশ্চৈব স্বস্তি কুর্বন্তু তে নৃপ! ॥৪৫॥
ধাতা বিধাতা লোকেশো দিশশ্চ সদিগীশ্বরাঃ।
স্বস্তি তেঽদ্য প্রয়চ্ছন্তু কার্ত্তিকেয়শ্চ ষণ্মুখঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

যযাতিরিতি। তুভ্যমিতি "নমঃ স্বস্তি" ইত্যাদিনা চতুর্থী ॥৪২॥

স্বস্তীতি। একপাদেভ্যঃ কিন্নরবিশেষেভ্যঃ, বহুপাদেভ্যো গজাদিভ্যঃ। অপাদকেভ্যো মীনাদিভ্যঃ ॥৪৩॥

স্বাহেতি। হে অনঘ! নিষ্পাপ!। স্তুত্যর্থমিদং সম্বোধনম্ ॥৪৪॥

অসিত ইতি। অসিতো নাম মুনিবিশেষঃ ॥৪৫॥

তৎপরে দ্রোণ বলিলেন—'ভরতনন্দন! ব্রহ্মা তোমার মঙ্গল করুন, ব্রাহ্মণেরা তোমার মঙ্গল করুন এবং যে সকল শ্রেষ্ঠ নাগ আছেন, তাঁহারাও তোমার মঙ্গল বিধান করুন ॥৪১॥

যযাতি, নহুষ, ধুন্ধুমার ও ভগীরথপ্রভৃতি রাজর্ষিরা সকলে সর্ব্বদা তোমার মঙ্গল করুন ॥৪২॥

মহাযুদ্ধে একপাদ, বহুপাদ ও পাদশূন্য প্রাণিগণ হইতে সর্ব্বদা তোমার মঙ্গল হউক ॥৪৩॥

নিষ্পাপ রাজা! স্বাহা, স্বধা ও শচীদেবী সর্ব্বদা তোমার মঙ্গল করুন এবং লক্ষ্মী ও অরুন্ধতীদেবী তোমার মঙ্গল সম্পাদন করুন ॥৪৪॥

রাজা! অসিত, দেবল, বিশ্বামিত্র, অঙ্গিরা, বশিষ্ঠ ও কশ্যপ তোমার মঙ্গল করুন ॥৪৫॥

জগৎপতি ধাতা ও বিধাতা এবং দিক্ সকল দিক্‌পালগণ ও ষড়ানন কার্ত্তিক আজ তোমাকে মঙ্গল দান করুন ॥৪৬॥

(৪৩)···একপাদেভ্যশ্চ বা নি।

CENTRAL LIBRARY

বিবস্বান্ ভগবান্ স্বস্তি করোতু তব সর্ব্বতঃ।
দিগ্‌গজাশ্চৈব চত্বারঃ ক্ষিতিশ্চ গগনং গ্রহাঃ ॥৪৭॥
অধস্তাদ্ধরণীং যোঽসৌ সদা ধারয়তে নৃপ!।
স শেষঃ পন্নগশ্রেষ্ঠঃ স্বস্তি তুভ্যং প্রয়চ্ছতু ॥৪৮॥
গান্ধারে! যুধি বিক্রম্য নির্জ্জিতাঃ সুরসত্তমাঃ।
পুরা বৃত্রেণ দৈত্যেন ভিন্নদেহাঃ সহস্রশঃ ॥৪৯॥
হততেজোবলাঃ সর্ব্বে তদা সেন্দ্রা দিবৌকসঃ।
ব্রহ্মাণং শরণং জগ্মুর্বৃত্রাদ্ভীতা মহাসুরাৎ ॥৫০॥

দেবা ঊচুঃ।

প্রমর্দ্দিতানাং বৃত্রেণ দেবানাং দেবসত্তম!।
গতির্ভব সুরশ্রেষ্ঠ! ত্রাহি নো মহতো ভয়াৎ ॥৫১॥

ভারতকৌমুদী

ধাতেতি। লোকেশ ইতি ধাতুবিধাত্রোর্বিশেষণং ব্রহ্মাঃ পূর্বমুক্তত্বাৎ ॥৪৬॥

বিবস্বানিতি। বিবস্বান্ সূর্য্যঃ। চত্বারঃ—ঐরাবতবামনাঞ্জনসার্বভৌমাঃ ॥৪৭॥

অধস্তাদিতি। শেষঃ অনন্তঃ, "শেষোঽনন্তঃ" ইত্যমরঃ ॥৪৮॥

অথাষ্টাদশভিঃ শ্লোকৈঃ কবচপ্রাপ্তীতিহাসমাহ গান্ধার ইতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ। বাহ্বাদিত্বাদিনি সম্বোধনম্। ভিন্নদেহা বিদীর্ণগাত্রাঃ ॥৪৯॥

হতেতি। হতানি তেজাংসি উৎসাহা বলানি শক্তয়শ্চ যেষাং তে। দিবৌকসো দেবাঃ ॥৫০॥

প্রেতি। বৃত্রেণ তদাখ্যেনাসুরেণ। নঃ অস্মান্ ॥৫১॥

ভগবান্ সূর্য্য, চারিটা দিগ্‌গজ, পৃথিবী, আকাশ ও অপর গ্রহগণ তোমার সকল দিকে মঙ্গল করুন ॥৪৭॥

রাজা! ঐ যিনি সর্ব্বদা নিম্নদিকে থাকিয়া পৃথিবীকে ধারণ করিতেছেন, সেই নাগশ্রেষ্ঠ অনন্ত তোমাকে মঙ্গল দান করুন ॥৪৮॥

গান্ধারীনন্দন! পূর্ব্বকালে বৃত্রাসুর যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া দেবতাদের দেহ বিদারণ পূর্ব্বক সহস্র সহস্র দেবতাকে পরাজয় করে ॥৪৯॥

বৃত্রাসুর তেজ ও বল বিনষ্ট করিলে, তখন ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে মহাসুর বৃত্রের ভয়ে যাইয়া ব্রহ্মার শরণাপন্ন হইলেন ॥৫০॥

এবং দেবতারা বলিলেন—'দেবশ্রেষ্ঠ! আপনি বৃত্রাসুরনিপীড়িত দেবগণের আশ্রয় হউন, সুরশ্রেষ্ঠ! আপনি আমাদিগকে মহাভয় হইতে রক্ষা করুন' ॥৫১॥

অথ পার্শ্বে স্থিতং বিষ্ণুং শক্রাদীংশ্চ সুরোত্তমান্।
প্রাহ তথ্যমিদং বাক্যং বিষণ্ণান্ সুরসত্তমান্ ॥৫২॥
রক্ষ্যা মে সততং দেবাঃ সহেন্দ্রাঃ সদ্বিজাতয়ঃ।
ত্বষ্টুঃ সুদুর্দ্ধরং তেজো যেন বৃত্রো বিনির্ম্মিতঃ ॥৫৩॥
ত্বষ্ট্রা পুরা তপস্তপ্ত্বা বর্ষাযুতশতং তদা।
বৃত্রো বিনির্ম্মিতো দেবাঃ! প্রাপ্যানুজ্ঞাং মহেশ্বরাৎ।
স তস্যৈব প্রসাদাদ্বৈ হন্যাদ্দেবরিপুর্ব্বলী ॥৫৪॥
নাগত্বা শঙ্করস্থানং ভগবান্ দৃশ্যতে হরঃ।
দৃষ্ট্বা জেষ্যথ বৃত্রং তং ক্ষিপ্রং গচ্ছত মন্দরম্ ॥৫৫॥
যত্রাস্তে তপসাং যোনির্দক্ষযজ্ঞবিনাশনঃ।
পিনাকী সর্ব্বভূতেশো ভগনেত্রনিপাতনঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

অথেতি। প্রাহ ব্রহ্মা ব্রবীতি স্ম। সুরেষু সত্তমান্ বিজ্ঞতমানিত্যপুনরুক্তিঃ ॥৫২॥
রক্ষ্যা ইতি। ত্বষ্টুঃ ত্বষ্টৃনাম্নঃ প্রজাপতেঃ। যেন তেজসা ॥৫৩॥
ত্বষ্ট্রেতি। তস্য মহেশ্বরস্যৈব, হন্যাৎ শক্রমিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥
নেতি। জেষ্যথ যূয়ং হরানুগ্রহাদিত্যাশয়ঃ। মন্দরং গিরিম্ ॥৫৫॥
যত্রেতি। ভগস্য তদাখ্যস্য দেবস্য নেত্রনিপাতনো দক্ষযজ্ঞ এব ভূতৈর্নেত্রোৎপাটকঃ ॥৫৬॥

তৎপরে ব্রহ্মা পার্শ্বস্থিত বিষ্ণুকে এবং বিষণ্ণ বিজ্ঞতম ইন্দ্রপ্রভৃতি দেবশ্রেষ্ঠগণকে এই সত্য কথা বলিলেন—॥৫২॥

'দেবগণ! ইন্দ্র ও ব্রাহ্মণগণের সহিত দেবগণকে সর্ব্বদাই আমার রক্ষা করা উচিত। সে যাহা হউক, ত্বষ্টা প্রজাপতির তেজ অতিদুর্দ্ধর্ষ, যাহাদ্বারা বৃত্রাসুর উৎপাদিত হইয়াছিল ॥৫৩॥

দেবগণ! পূর্ব্বকালে ত্বষ্টা প্রজাপতি দীর্ঘকাল তপস্যা করিয়া মহাদেবের অনুমতি পাইয়া বৃত্রাসুরকে উৎপাদন করেন। সেই বলবান্ ও দেবশত্রু বৃত্রাসুর মহাদেবেরই অনুগ্রহে শক্রসংহারে সমর্থ হইয়া থাকে ॥৫৪॥

অতএব তোমরা মহাদেবের নিকট না যাইয়া তাঁহাকে দেখিতে পাইবে না, কিন্তু তাঁহাকে দেখিয়া সেই বৃত্রাসুরকে জয় করিতে পারিবে। সুতরাং তোমরা সত্বর মন্দরপর্ব্বতে গমন কর ॥৫৫॥

যে স্থানে তপস্যার আধার, দক্ষযজ্ঞবিনাশক, পিনাকধনুর্দ্ধারী, সর্ব্বভূতের অধীশ্বর এবং ভগদেবের নয়নোৎপাটক মহাদেব রহিয়াছেন' ॥৫৬॥

(৫২)···প্রাহ পথ্যমিদং বাক্যম্···নি।

CENTRAL LIBRARY

তে গত্বা সহিতা দেবা ব্রহ্মণা সহ মন্দরম্ ।
অপশ্যংস্তেজসাং রাশিং সূর্য্যকোটিসমপ্রভম্ ॥৫৭॥
সোঽব্রবীৎ স্বাগতং দেবা ক্রত কিং করবাণ্যহম্ ।
অমোঘং দর্শনং মহ্যং কামপ্রাপ্তিরতোঽস্তু বঃ ॥৫৮॥
এবমুক্তাস্তু তে সর্বে প্রত্যূচুস্তং দিবৌকসঃ ।
তেজো হৃতং নো বৃত্রেণ গতির্ভব দিবৌকসাম্ ॥৫৯॥
মূর্ত্তীরীক্ষস্ব নো দেব ! প্রহারৈর্জর্জরীকৃতাঃ ।
শরণং ত্বাং প্রপন্নাঃ স্ম গতির্ভব মহেশ্বর ! ॥৬০॥

শর্ব উবাচ ।

বিদিতং মে যথা দেবাঃ ! কৃত্যেয়ং সুমহাবলা ।
ত্বষ্টুস্তেজোভবা ঘোরা দুর্নিবার্য্যা কৃতাত্মভিঃ ॥৬১॥

ভারতকৌমুদী

ত ইতি। সহিতা মিলিতাঃ। তেজসাং রাশিং মহেশ্বরম্ ॥৫৭॥
স ইতি। মহ্যং মম, কাম্যত ইতি কামোঽভীষ্টঃ পদার্থস্তস্য প্রাপ্তিঃ ॥৫৮॥
এবমিতি। দিবৌকসো দেবাঃ। নঃ অস্মাকম্, গতিরুপায়ঃ ॥৫৯॥
মূর্ত্তীরিতি। মূর্ত্তীঃ শরীরাণি, নঃ অস্মাকম্। শরণমাশ্রয়ম্ ॥৬০॥
বিদিতমিতি। কৃত্যা অভিচারদেবতা তদ্রূপেত্যর্থঃ, ইয়ং বৃত্রাসুরাত্মিকা ।৬১॥

তখন দেবতারা মিলিত হইয়া ব্রহ্মার সহিত মন্দরপর্বতে যাইয়া তেজের রাশি ও কোটিসূর্য্যের তুল্য দীপ্তিশালী মহাদেবকে দর্শন করিলেন ॥৫৭॥

পরে মহাদেব বলিলেন—'দেবগণ ! তোমাদের শুভাগমন ত ? আমি তোমাদের কি করিব বল ; আমার দর্শন অব্যর্থ ; অতএব তোমাদের অভীষ্ট-লাভ হউক' ॥৫৮॥

মহাদেব এইরূপ বলিলে, তাঁহাকে দেবতারা সকলে বলিলেন—'দেব ! বৃত্রাসুর আমাদের তেজ হরণ করিয়াছে। সুতরাং আপনি দেবতাদের গতি হউন ॥৫৯॥

দেব ! দর্শন করুন—বৃত্রাসুরের প্রহারে আমাদের শরীর জর্জরীভূত হইয়াছে। অতএব আমরা আপনার শরণাপন্ন হইয়াছি, মহেশ্বর ! আপনি আমাদের গতি হউন' ॥৬০॥

মহাদেব বলিলেন—'দেবগণ ! আমার জানা আছে যে, অতিমহাবল ও

(৫৯)···হৃতৌজসাং নো বৃত্রেণ···নি।

অবশ্যন্তু ময়া কার্য্যং সাহ্যং সর্ব্বদিবৌকসাম্।
মমেদং গাত্রজং শক্র! কবচং গৃহ্য ভাস্বরম্।
বধানানেন মন্ত্রেণ মানসেন সুরেশ্বর! ॥৬২॥

দ্রোণ উবাচ।

ইত্যুক্ত্বা বরদঃ প্রাদাদ্বর্ম্ম তন্মন্ত্রমেব চ।
স তেন বর্ম্মণা গুপ্তঃ প্রায়াদ্বৃত্রচমূং প্রতি ॥৬৩॥
নানাবিধৈশ্চ শস্ত্রৌঘৈঃ পাত্যমানৈর্মহারণে।
ন সন্ধিঃ শক্যতে ভেত্তুং বর্ম্মবন্ধস্য তস্য তু।
ততো জঘান সমরে বৃত্রং দেবপতিঃ স্বয়ম্ ॥৬৪॥
তঞ্চ মন্ত্রময়ং বন্ধং বর্ম্ম চাঙ্গিরসে দদৌ।
অঙ্গিরাঃ প্রাহ পুত্রস্য মন্ত্রজ্ঞস্য বৃহস্পতেঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

অবশ্যমিতি। সাহ্যং সাহায্যম্। মানসেন মনসাবিষ্কৃতেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥
ইতীতি। বরদো মহাদেবঃ। স ইন্দ্রঃ, গুপ্তো রক্ষিতঃ ॥৬৩॥
নানেতি। পাত্যমানৈর্বৃত্রেণ। সন্ধিঃ সংযোগঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥
তমিতি। বন্ধং বন্ধনম্। দদৌ দেবপতিরিত্যনুবৃত্তিঃ ॥৬৫॥

ভয়ঙ্করপ্রকৃতি বৃত্রাসুর অভিচারদেবতার তুল্য, ত্বষ্টা প্রজাপতির তেজে উৎপন্ন হইয়াছে এবং মহাবীরগণেরও দুর্নিবারণীয় ॥৬১॥

অতএব আমি অবশ্যই সমস্ত দেবতার সাহায্য করিব। সুতরাং দেবরাজ ইন্দ্র! তুমি আমার এই গাত্রজাত উজ্জ্বল কবচ গ্রহণ করিয়া এই মানসিক মন্ত্রে ইহা আপন গাত্রে বন্ধন কর ॥৬২॥

দ্রোণ বলিলেন—'এই কথা বলিয়া বরদাতা মহাদেব সেই কবচ ও তাহার মন্ত্র ইন্দ্রকে দান করিলেন; ইন্দ্র সেই কবচদ্বারা রক্ষিত হইয়া বৃত্রাসুরের সৈন্যের দিকে গমন করিলেন ॥৬৩॥

তখন বৃত্রাসুর মহাযুদ্ধে নানাবিধ অস্ত্রসমূহ নিক্ষেপ করিয়াও ইন্দ্রের সেই বদ্ধ কবচের সন্ধিস্থান বিশ্লিষ্ট করিতে পারিল না। তদনন্তর স্বয়ং দেবরাজ যুদ্ধে বৃত্রাসুরকে বধ করিলেন ॥৬৪॥

পরে ইন্দ্র সেই কবচ ও তাহার মান্ত্রিক বন্ধন অঙ্গিরাকে দান করেন, অঙ্গিরা আবার মন্ত্রজ্ঞ আপন পুত্র বৃহস্পতিকে বলেন ॥৬৫॥

CENTRAL LIBRARY

বৃহস্পতিরথোবাচ অগ্নিবেশ্যায় ধীমতে।
অগ্নিবেশ্যো মম প্রাদাত্তেন বধ্নামি বর্ম্ম তে।
তবাদ্য দেহরক্ষার্থং মন্ত্রেণ নৃপসত্তম! ॥৬৬॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা ততো দ্রোণস্তব পুত্রং মহাদ্যুতিম্।
পুনরেব বচঃ প্রাহ শনৈরাচার্য্যপুঙ্গবঃ ॥৬৭॥
ব্রহ্মসূত্রেণ বধ্নামি কবচং তব পার্থিব!।
হিরণ্যগর্ভেণ যথা বদ্ধং বিষ্ণোঃ পুরা রণে ॥৬৮॥
যথা চ ব্রহ্মণা বদ্ধং সংগ্রামে তারকাময়ে।
শক্রস্য কবচং দিব্যং তথা বধ্নাম্যহং তব ॥৬৯॥

ভারতকৌমুদী

বৃহস্পতিরিতি। মম দ্রোণস্য শিষ্যত্বাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥
এবমিতি। পুত্রং দুর্য্যোধনম্। বচো বক্ষ্যমাণম্, প্রাহ ব্রবীতি স্ম ॥৬৭॥
ব্রহ্মেতি। ব্রহ্মসূত্রেণ ব্রহ্মণা সূচিতপ্রকারেণ। হিরণ্যগর্ভেণ ব্রহ্মণা ॥৬৮॥
যথেতি। তারকস্য তদাখ্যস্যাসুরস্য আময়ঃ পীড়নং যস্মিন্ তাদৃশে সংগ্রামে ॥৬৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৯॥ আতুরমনবস্থিতম্ ॥১০—১১॥ নাববুধ্যসে ন স্মরসি ॥১২॥ নেচ্ছসি নাসুরুধ্যসে ॥১৩—৪৪॥ তে ত্বাম্ ॥৪৫—৪৬॥ চত্বার ঐরাবণবামনাঞ্জনসার্ব্বভৌমাঃ ॥৪৭—৫৩॥ অনুজ্ঞাং বরম্ ॥৫৪॥ হন্যাঙ্কস্তমর্হতি ॥৫৫—৬৮॥ ব্রহ্মসূত্রেণ ব্রহ্মণা সূচিতেনোপদেশেন ॥৬৯-৭৪॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮১॥

তৎপরে বৃহস্পতি আবার বুদ্ধিমান্ অগ্নিবেশ্যমুনির নিকট প্রকাশ করেন এবং অগ্নিবেশ্যমুনি আমাকে দান করেন। রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন! আমি আজ তোমার দেহরক্ষার জন্য সেই মন্ত্রে তোমার দেহে সেই কবচ বন্ধন করিয়া দিতেছি' ॥৬৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণ এইরূপ বলিয়া পুনরায় আপনার পুত্র মহাতেজা দুর্য্যোধনকে ধীরে ধীরে এই কথা বলিলেন—॥৬৭॥

'রাজা! পূর্ব্বকালে ব্রহ্মা যেমন বিষ্ণুর শরীরে কবচ বন্ধন করিয়াছিলেন, আমিও আজ সেইরূপ ব্রহ্মার আবিষ্কৃত প্রকারে তোমার শরীরে কবচ বন্ধন করিয়া দিতেছি ॥৬৮॥

(৬৭)…তব পুত্রং মহাদ্যুতিঃ…পি। (৬৯)…শক্রস্য কবচং রাজন্!…বর্দ্ধ।

CENTRAL LIBRARY

বদ্ধা তু কবচং তস্য মন্ত্রেণ বিধিপূর্ব্বকম্।
প্রেষয়ামাস রাজানং যুদ্ধায় মহতে দ্বিজঃ ॥৭০॥
স সন্নদ্ধো মহাবাহুরাচার্য্যেণ মহাত্মনা।
রথানাঞ্চ সহস্রেণ ত্রিগর্ত্তানাং প্রহারিণাম্ ॥৭১॥
তথা দন্তিসহস্রেণ মত্তানাং বীর্য্যশালিনাম্।
অশ্বানাং নিযুতেনৈব তথান্যৈশ্চ মহারথৈঃ ॥৭২॥
বৃতঃ প্রায়ান্মহাবাহুরর্জ্জুনস্য রথং প্রতি।
নানাবাদিত্রঘোষেণ যথা বৈরোচনিস্তথা ॥৭৩॥ (বিশেষকম্)
ততঃ শব্দো মহানাসীৎ সৈন্যানাং তব ভারত!।
অগাধং প্রস্থিতং দৃষ্ট্বা সমুদ্রমিব কৌরবম্ ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দুর্য্যোধনস্য কবচবন্ধে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বদ্ধেতি। রাজানং দুর্য্যোধনম্। দ্বিজো দ্রোণঃ ॥৭০॥

স ইতি। সন্নদ্ধঃ কবচবন্ধনেন সজ্জিতঃ। মত্তানাং বীর্য্যশালিনামিত্যনয়োর্দন্তীত্যেকদেশেনান্বয় আর্ষত্বাৎ অশ্বানামিত্যনেন সম্বন্ধো বা। বৃতঃ পরিবেষ্টিতঃ। বৈরোচনির্বলিঃ ॥৭১—৭৩॥

তত ইতি। শব্দো হর্ষকোলাহলঃ। অগাধং সমুদ্রমিব কৌরবং প্রস্থিতং দৃষ্ট্বেত্যন্বয়ঃ ॥৭৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! ব্রহ্মা যেমন তারকাসুরের যুদ্ধে ইন্দ্রের গাত্রে দিব্য কবচ বন্ধন করিয়া দিয়াছিলেন, আমিও সেইরূপ তোমার গাত্রে দিব্য কবচ বন্ধন করিয়া দিলাম' ॥৬৯॥

দ্রোণাচার্য্য যথাবিধানে মন্ত্রদ্বারা দুর্য্যোধনের গাত্রে কবচ বন্ধন করিয়া তাঁহাকে মহাযুদ্ধে প্রেরণ করিলেন ॥৭০॥

মহাত্মা দ্রোণাচার্য্য মহাবাহু দুর্য্যোধনকে সজ্জিত করিয়া দিলেন। পরে প্রহারনিপুণ ত্রিগর্ত্তদেশীয় সহস্র রথী, মত্ত ও বলবান্ সহস্র হস্তী, নিযুত অশ্ব এবং অন্য বহুতর মহারথগণে পরিবেষ্টিত হইয়া মহাবাহু দুর্য্যোধন নানা বাদ্যধ্বনির সহিত বলির ন্যায় অর্জ্জুনের রথের দিকে প্রস্থান করিলেন ॥৭১—৭৩॥

* '...দ্বিনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

প্রবিষ্টয়োর্মহারাজ! পার্থবার্ষ্ণেয়য়ো রণে।
দুর্য্যোধনে প্রয়াতে চ পৃষ্ঠতঃ পুরুষর্ষভে ॥১॥
জবেনাভ্যদ্রবন্ দ্রোণং মহতা নিস্বনেন চ।
পাণ্ডবাঃ সোমকৈঃ সার্দ্ধং ততো যুদ্ধমবর্ত্তত ॥২॥ (যুগ্মকম্)
তদ্‌যুদ্ধমভবত্তীব্রং তুমুলং লোমহর্ষণম্।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ ব্যূহস্য পুরতোঽদ্ভুতম্ ॥৩॥
রাজন্! কদাচিন্নাস্মাভির্দৃষ্টং তাদৃঙ্ ন চ শ্রুতম্।
যাদৃঙ্‌মধ্যগতে সূর্য্যে যুদ্ধমাসীদ্বিশাংপতে! ॥৪॥

ভারতকৌমুদী

প্রেতি। পার্থবার্ষ্ণেয়য়োরর্জ্জুনকৃষ্ণয়োঃ। পৃষ্ঠতস্তয়োরেব। জবেন-বেগেন ॥১—২॥
তদিতি। ব্যূহস্য দ্রোণরচিতস্য, পুরতঃ অগ্রতঃ ॥৩॥
রাজন্নিতি। মধ্যগতে গগনস্য। হে বিশাংপতে! নরনাথ! ॥৪॥

ভরতনন্দন! তাহার পর অগাধ সমুদ্রের ন্যায় দুর্য্যোধনকে প্রস্থান করিতে দেখিয়া আপনার সৈন্যগণের মধ্যে বিশাল আনন্দকোলাহল হইল' ॥৭৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অর্জ্জুন ও কৃষ্ণ যুদ্ধে প্রবেশ করিলে এবং পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধন তাঁহাদের পিছনে চলিলে, পাণ্ডবেরা সোমকগণের সহিত মিলিত হইয়া মহাকোলাহলের সহিত বেগে দ্রোণের দিকে ধাবিত হইলেন। তাহার পর যুদ্ধ লাগিয়া গেল ॥১—২॥

দ্রোণরচিত ব্যূহের সম্মুখে কৌরব ও পাণ্ডবগণের সেই যুদ্ধ তীব্র, তুমুল, লোমহর্ষণ ও অদ্ভুতরূপে হইতে লাগিল ॥৩॥

নরনাথ রাজা! সূর্য্য আকাশের মধ্যস্থানে উপস্থিত হইলে, যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেরূপ যুদ্ধ আমরা কখনও দেখি নাই বা শুনিও নাই ॥৪॥

(১)···জিষ্ণুবার্ষ্ণেয়য়ো রণে···প্রয়াতে তু···পি।

CENTRAL LIBRARY

ধৃষ্টদ্যুম্নমুখাঃ পার্থা ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
দ্রোণস্য সৈন্যং তে সর্বে শরবর্ষৈরবাকিরন্ ॥৫॥
বয়ং দ্রোণং পুরস্কৃত্য সর্বশস্ত্রভৃতাং বরম্।
পার্ষতপ্রমুখান্ পার্থানভ্যবর্ষাম সায়কৈঃ ॥৬॥
মহামেঘাবিবোদীর্ণৌ মিশ্রবাতৌ হিমাত্যয়ে।
সেনাগ্রে প্রচকাশেতে রুচিরে রথভূষিতে ॥৭॥
সমেত্য তু মহাসেনে চক্রতুর্ব্বেগমুত্তমম্।
জাহ্নবীযমুনে নদ্যৌ প্রাবৃষীবোল্বণোদকে ॥৮॥
নানাশস্ত্রপুরোবাতো দ্বিপাশ্বরথসংবৃতঃ।
গদাবিদ্যুন্মহারৌদ্রঃ সংগ্রামজলদো মহান্ ॥৯॥
ভারদ্বাজানিলোদ্ধূতঃ শরধারাসহস্রবান্।
অভ্যবর্ষন্মহারৌদ্রঃ পাণ্ডুসেনাগ্নিমুদ্ধতম্ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। ব্যূঢং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যৈস্তে ॥৫॥
বয়মিতি। পার্ষতপ্রমুখান্ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতীন্, পার্থান্ পাণ্ডবযোধান্ ॥৬॥
মহেতি। উদীর্ণৌ গগনে আবির্ভূতৌ। সেনাগ্রে সৈন্যাগ্রদ্বয়ম্ ॥৭॥
সমেত্যেতি। প্রাবৃষি বর্ষাকালে, উল্বণমুন্নতমুদকং যয়োস্তে ॥৮॥
নানেতি। অত্র দ্বিপাশ্বরথসংবৃত ইত্যুপমায়াঃ সাধকং রূপকস্য চ বাধকমিতি সর্ব্বত্র উপমিতসমাস এব কার্য্যঃ। তেন চ নানাশস্ত্রং পুরোবাতঃ অগ্রবর্ত্তী বায়ুরিব যস্য সঃ, গদা বিদ্যুদিব যস্য সঃ, সংগ্রামো জলদ ইব সঃ। অত্র সংগ্রামপদং তৎকারিসৈন্যপরম্। ভারদ্বাজো

ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় সেই যোদ্ধারা সকলে আপন সৈন্যগণকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া দ্রোণসৈন্যের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৫॥

আমরাও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষের উপরে বাণবৃষ্টি করিতে থাকিলাম ॥৬॥

তৎকালে—শীতকাল অতীত হইলে আকাশে আবির্ভূত বায়ুযুক্ত দুইটা মহামেঘের ন্যায় সুন্দর ও রথভূষিত সেই সেনাগ্র দুইটা প্রকাশ পাইতে লাগিল ॥৭॥

বর্ষাকালে উল্বণজলা গঙ্গা ও যমুনানদীর ন্যায় সেই বিশাল সেনা দুইটা সম্মিলিত হইয়া (প্রবেশ ও বারণ করিবার জন্য) গুরুতর বেগ করিতে লাগিল ॥৮॥

সমুদ্রমিব ঘর্ম্মান্তে বিবান্ ঘোরো মহানিলঃ।
ব্যক্ষোভয়দনীকানি পাণ্ডবানাং দ্বিজোত্তমঃ ॥১১॥
তেঽপি সর্ব্বপ্রযত্নেন দ্রোণমেব সমাদ্রবন্।
বিভিৎসন্তো মহাসেতুং বার্য্যোঘাঃ প্রবলা ইব ॥১২॥
বারয়ামাস তান্ দ্রোণো জলৌঘানচলো যথা।
পাণ্ডবান্ সমরে ক্রুদ্ধান্ পাঞ্চালাংশ্চ সকেকয়ান্ ॥১৩॥
তথা পরেঽপি রাজানঃ পরিবৃত্য সমন্ততঃ।
মহাবলা রণে শূরাঃ পাঞ্চালানন্ববারয়ন্ ॥১৪॥
ততো রণে নরব্যাঘ্রঃ পার্ষতঃ পাণ্ডবৈঃ সহ।
সংজঘানাসকৃদ্দ্রোণং বিভিৎসুরিবাহিনীম্ ॥১৫॥

ভারতকৌমুদী

দ্রোণঃ অনিল ইব তেন উদ্ধৃতঃ সঞ্চালিতঃ। রৌদ্রো ভীষণস্তীব্রশ্চেতি ন পুনরুক্তিদোষঃ। পাণ্ডুসেনা অগ্নিরিবেতি তম্ ॥৯—১০॥

সমুদ্রমিতি। ঘর্ম্মান্তে গ্রীষ্মাবসানে, বিবান্ বিশেষেণ গচ্ছন্। বাধাতোঃ শতৃভি রূপম্ ॥১১॥

ত ইতি। তে পাণ্ডবা অপি। বিভিৎসন্তো ভেত্তুমিচ্ছন্তঃ ॥১২॥

বারয়েতি। জলস্য ওঘান্ প্রবাহান্, অচলঃ পর্ব্বতঃ ॥১৩॥

তথেতি। রাজানঃ কৌরবপক্ষীয়াঃ। শূরা যুদ্ধনিপুণাঃ ॥১৪॥

হস্তী, অশ্ব ও রথসমন্বিত, মহাভীষণ, মহাতীব্র ও বিশাল মেঘতুল্য কৌরব-সৈন্য অগ্নির ন্যায় উদ্ধত পাণ্ডবসৈন্যের উপরে নানাবিধ অস্ত্র বর্ষণ করিতে লাগিল। তখন অগ্রবর্ত্তী বায়ুর তুল্য বহুবিধ অস্ত্র চলিতে থাকিল, বিদ্যুতের ন্যায় গদা প্রকাশ পাইতে লাগিল, সহস্র সহস্র বাণধারা পতিত হইতে থাকিল এবং বায়ুর ন্যায় দ্রোণাচার্য্য তাহা চালাইতে থাকিলেন ॥৯—১০॥

ক্রমে গ্রীষ্মাবসানে ভীষণ মহাবায়ু বহিত হইতে থাকিয়া যেমন সমুদ্রকে বিক্ষুব্ধ করে, সেইরূপ দ্রোণ পাণ্ডবসৈন্যকে বিক্ষুব্ধ করিয়া তুলিলেন ॥১১॥

তখন প্রবল জলপ্রবাহ যেমন মহাসেতু ভেদ করিবার জন্য ধাবিত হয়, সেইরূপ পাণ্ডবসৈন্যেরাও সর্বপ্রযত্নে দ্রোণের দিকেই ধাবিত হইল ॥১২॥

তৎকালে পর্ব্বত যেমন জলপ্রবাহসমূহকে বারণ করে, সেইরূপ দ্রোণও যুদ্ধে সেই ক্রুদ্ধ পাণ্ডব, পাঞ্চাল ও কেকয়গণকে বারণ করিতে লাগিলেন ॥১৩॥

এবং মহাবল ও বীর অন্য রাজারাও সকল দিকে পরিবেষ্টন করিয়া যুদ্ধে পাঞ্চালগণকে বারণ করিতে থাকিলেন ॥১৪॥

CENTRAL LIBRARY

যথৈব শরবর্ষাণি দ্রোণো বর্ষতি পার্ষতে।
তথৈব শরবর্ষাণি ধৃষ্টদ্যুম্নোঽপ্যবর্ষত ॥১৬॥
স নিস্ত্রিংশপুরোবাতঃ শক্তিপ্রাসর্ষ্টিসংবৃতঃ।
জ্যাবিদ্যুচ্চাপসংহ্রাদো ধৃষ্টদ্যুম্নবলাহকঃ ॥১৭॥
শরধারাশ্মবর্ষাণি ব্যসৃজৎ সর্ব্বতো দিশম্।
নিঘ্নন্ রথবরাশ্বৌঘান্ প্লাবয়ামাস বাহিনীম্ ॥১৮॥ (যুগ্মকম্)
যং যমার্চ্ছচ্ছরৈর্দ্রোণঃ পাণ্ডবানাং রথব্রজম্।
ততস্ততঃ শরৈর্দ্রোণমপাকর্ষত পার্ষতঃ ॥১৯॥
তথা তু যতমানস্য দ্রোণস্য যুধি ভারত!।
ধৃষ্টদ্যুম্নং সমাসাদ্য দ্বিধা সৈন্যমভিদ্যত ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। সংজঘান আজঘান। বিভিৎসুর্ভেত্তুমিচ্ছুঃ ॥১৫॥

যথেতি। বর্ষতি করোতি স্মেত্যর্থঃ। অবর্ষত দ্রোণে অবর্ষদকরোৎ ॥১৬॥

স ইতি। অত্রাপি শক্তিপ্রাসর্ষ্টিসংবৃত ইত্যস্য ধৃষ্টদ্যুম্নে সম্ভবাদ্বলাহকে চাসম্ভবাৎ পূর্ব্ববদুপমিতসমাস এব কর্ত্তব্যঃ। তথা চ নিস্ত্রিংশঃ কৃপাণঃ পুরোবাত ইব যস্য সঃ। জ্যা ধনুর্গুণো বিদ্যুদিব যস্য সঃ, চাপস্য সংহ্রাদষ্টঙ্কারো নির্ঘোষ ইব যস্য সঃ, ধৃষ্টদ্যুম্নো বলাহকো মেঘ ইব সঃ। শরধারা অশ্মবর্ষাণি পাষাণবৃষ্টয় ইব তানি। সর্ব্বতো দিশং ব্যাপ্য। প্লাবয়ামাস প্লাবিতামিব মর্দ্দিতাং চকার, বাহিনীং কৌরবসেনাম্ ॥১৭—১৮॥

যমিতি। আর্চ্ছদপীড়য়ৎ। রথানাং ব্রজং সমূহম্। অপাকর্ষত স্ববারয়ৎ ॥১৯॥

তদনন্তর ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া শত্রুসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া যুদ্ধে বার বার দ্রোণকে আঘাত করিতে লাগিলেন ॥১৫॥

দ্রোণ ধৃষ্টদ্যুম্নের উপরে যেভাবে বাণ বর্ষণ করিতে লাগিলেন, ধৃষ্টদ্যুম্নও সেইভাবেই দ্রোণের উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ॥১৬॥

শক্তি, প্রাস ও ঋষ্টিসমন্বিত ধৃষ্টদ্যুম্ন মেঘের ন্যায় সকল দিক্ ব্যাপিয়া পাষাণবৃষ্টির ন্যায় শরধারাবৃষ্টি করিতে লাগিলেন এবং প্রধান রথী ও অশ্বসমূহকে সংহার করতঃ কৌরবসেনাকে প্লাবিত করিয়া ফেলিলেন। তৎকালে তাঁহার তরবারিও অগ্রবর্ত্তী বায়ুর ন্যায় চলিতেছিল, ধনুর গুণ বিদ্যুতের ন্যায় প্রকাশ পাইতেছিল এবং মেঘনির্ঘোষের ন্যায় ধনুষ্টঙ্কার হইতেছিল ॥১৭—১৮॥

তখন দ্রোণ বাণদ্বারা পাণ্ডবপক্ষের যে যে রথসমূহকে পীড়ন করিতে লাগিলেন, ধৃষ্টদ্যুম্নও বাণদ্বারা সেই সেই স্থান হইতেই দ্রোণকে আকর্ষণ করিয়া আনিতে থাকিলেন ॥১৯॥

CENTRAL LIBRARY

ভোজমেকেঽভ্যবর্ত্তন্ত জলসন্ধং তথাপরে।
পাণ্ডবৈর্হন্যমানাশ্চ দ্রোণমেবাপরে যযুঃ ॥২১॥
সংঘট্টয়তি সৈন্যানি দ্রোণস্তু রথিনাং বরঃ।
ব্যধমচ্চাপি তান্যস্য ধৃষ্টদ্যুম্নো মহারথঃ ॥২২॥
ধার্ত্তরাষ্ট্রাস্ত্রিধা ভূতা বধ্যন্তে পাণ্ডুসৃঞ্জয়ৈঃ।
অগোপাঃ পশবোঽরণ্যে বহুভিঃ শ্বাপদৈরিব ॥২৩॥
কালঃ সংগ্রসতে লোকান্ ধৃষ্টদ্যুম্নেন মোহিতান্।
সংগ্রামে তুমুলে তস্মিন্নিতি সংমেনিরে জনাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তথেতি। সংহতীকর্ত্তুং যতমানস্যাপি দ্রোণস্য সৈন্যমিতি সম্বন্ধঃ ॥২০॥
ভোজমিতি। ভোজং ভোজবংশীয়ং কৃতবর্ম্মাণম্, একে কৌরবসৈন্যাঃ ॥২১॥
সমিতি। সংঘট্টয়তি সংযোজয়তি স্ম। ব্যধমত্তাড়নেন ব্যশ্লেষয়ৎ ॥২২॥
ধার্ত্তেতি। ধার্ত্তরাষ্ট্রাঃ কৌরবসৈনিকাঃ। অগোপাঃ পালকরহিতাঃ ॥২৩॥
কাল ইতি। সংমেনিরে অনবরতসংহারদর্শনাদিত্যাশয়ঃ ॥২৪॥

ভরতনন্দন! দ্রোণ যুদ্ধে আপন সৈন্যগণকে সেইভাবে সংহত রাখিতে চেষ্টা করিতে লাগিলেও কৌরবসৈন্য ধৃষ্টদ্যুম্নের প্রতাপে তিন ভাগে বিভক্ত হইয়া গেল ॥২০॥

পাণ্ডবেরা বধ করিতে লাগিলে, কৌরবসৈন্যের মধ্যে একদল কৃতবর্ম্মার আশ্রয় লইল, অপর দল জলসন্ধের শরণাপন্ন হইল এবং অন্য দল দ্রোণের আশ্রয়ে গমন করিল ॥২১॥

তখন রথিশ্রেষ্ঠ দ্রোণ কৌরবসৈন্যদিগকে একবার সম্মিলিত করেন, আবার মহারথ ধৃষ্টদ্যুম্ন তাহাদিগকে বিশ্লিষ্ট করিয়া ফেলেন (এইরূপ চলিতে লাগিল) ॥২২॥

এইভাবে কৌরবসৈন্য তিন ভাগে বিভক্ত হইয়া গেল; তখন বনমধ্যে বহুতর হিংস্র জন্তু যেমন পশুপালশূন্য পশুদিগকে বধ করে, সেইরূপ পাণ্ডব ও সৃঞ্জয়েরা কৌরবসৈন্যদিগকে বধ করিতে লাগিলেন ॥২৩॥

সেই সময়ে সমস্ত লোক এইরূপ মনে করিতে লাগিল যে, এই তুমুল যুদ্ধে ধৃষ্টদ্যুম্ন কৌরবসৈন্যদিগকে মোহিত করিতেছেন, আর কাল তাহাদিগকে গ্রাস করিতেছে ॥২৪॥

(২৪) কালঃ সংগ্রসতে যোধান্…পি, কালস্য গ্রসতো যোধান্…বা, কালঃ স্ম গ্রসতে যোধান্…নি।

কুনৃপস্য যথা রাষ্ট্রং দুর্ভিক্ষব্যাধিতস্করৈঃ।
দ্রাব্যতে তদ্বদাপন্না পাণ্ডবৈস্তব বাহিনী ॥২৫॥
অর্করশ্মিবিমিশ্রেষু শস্ত্রেষু কবচেষু চ।
চক্ষূংষি প্রত্যহন্যন্ত সৈন্যেন রজসা তথা ॥২৬॥
ত্রিধাভূতেষু সৈন্যেষু বধ্যমানেষু পাণ্ডবৈঃ।
অমর্ষিতস্ততো দ্রোণঃ পাঞ্চালান্ ব্যধমচ্ছরৈঃ ॥২৭॥
মৃদ্নতস্তান্যনীকানি নিঘ্নতশ্চাপি সায়কৈঃ।
বভূব রূপং দ্রোণস্য কালাগ্নেরিব দীপ্যতঃ ॥২৮॥
রথং নাগং হয়ঞ্চাপি পত্তিনঞ্চ বিশাংপতে!।
একৈকেনেষুণা সংখ্যে নির্বিভেদ মহারথঃ ॥২৯॥

ভারতকৌমুদী

কুনৃপস্যেতি। রাষ্ট্রং রাজ্যম্। দ্রাব্যতে উপদ্রবাস্পদীক্রিয়তে, আপন্না বিপন্না ॥২৫॥
অর্কেতি। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন, রজসা ধূল্যা ॥২৬॥
ত্রিধেতি। অমর্ষিতঃ ক্রুদ্ধঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৭॥
মৃদ্নত ইতি। মৃদ্নতো মর্দ্দয়তঃ, অনীকানি পাণ্ডবসৈন্যানি ॥২৮॥
রথমিতি। রথং রথিনম্, নাগং গজম্, হয়মশ্বম্। মহারথো দ্রোণঃ ॥২৯॥

মহারাজ! ক্রমে কুরাজার রাজ্য যেমন দুর্ভিক্ষ, রোগ ও চৌরপ্রভৃতি-দ্বারা বিধ্বস্ত হয়, সেইরূপ আপনার সৈন্য পাণ্ডবগণদ্বারা বিধ্বস্ত হইতে লাগিল ॥২৫॥

তৎকালে সূর্য্যকিরণযুক্ত অস্ত্র ও কবচের উপরে পতিত হইয়া লোকের চক্ষু প্রতিহত হইতে থাকিল এবং সৈন্যগণোত্তোলিত ধূলিতেও প্রতিহত হইতে লাগিল ॥২৬॥

কৌরবসৈন্য তিন ভাগে বিভক্ত হইয়া গেলে এবং পাণ্ডবেরা তাহাদিগকে বধ করিতে লাগিলে, দ্রোণ ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা পাঞ্চালগণকে বিনাশ করিতে লাগিলেন ॥২৭॥

দ্রোণ বাণদ্বারা সেই সৈন্যগণকে মর্দ্দন ও সংহার করিতে লাগিলে, তাঁহার মূর্ত্তি তখন প্রজ্বলিত কালাগ্নির ন্যায় হইয়া পড়িল ॥২৮॥

নরনাথ! মহারথ দ্রোণ এক একটা বাণদ্বারা যুদ্ধে এক এক জন রথী ও পদাতিকে এবং এক একটা হস্তী ও অশ্বকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥২৯॥

(২৯)···পত্তিনশ্চ বিশাংপতে!··· বা নি।

CENTRAL LIBRARY

পাণ্ডবানান্তু সৈন্যেষু নাস্তি কশ্চিৎ স ভারত ! ।
দধার যো রণে বাণান্ দ্রোণচাপচ্যুতান্ প্রভো ! ॥৩০॥
তৎ পচ্যমানমর্কেণ দ্রোণসায়কতাপিতম্ ।
বভ্রাম পাণ্ডবং সৈন্যং তত্র তত্রৈব ভারত ! ॥৩১॥
তথৈব পার্ষতেনাপি কাল্যমানং বলং তব ।
অভবৎ সর্ব্বতো দীপ্তং শুষ্কং বনমিবাগ্নিনা ॥৩২॥
বধ্যমানেষু সৈন্যেষু দ্রোণপার্ষতসায়কৈঃ ।
ত্যক্ত্বা প্রাণান্ পরং শক্ত্যা যুধ্যন্তে সর্ব্বতোমুখাঃ ॥৩৩॥
তাবকানাং পরেষাঞ্চ যুধ্যতাং পুরুষর্ষভ ! ।
নাসীৎ কশ্চিন্মহারাজ ! যোঽত্যাক্ষীৎ সংযুগং ভয়াৎ ॥৩৪॥
ভীমসেনস্তু কৌন্তেয়ং সোদর্য্যাঃ পর্য্যবারয়ন্ ।
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ মহারথঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

পাণ্ডবানামিতি। নাস্তীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। স তাদৃশঃ ॥৩০॥
তদিতি। পচ্যমানং দহ্যমানম্। বভ্রাম কর্ত্তব্যবিমূঢ়ত্বাৎ ॥৩১॥
তথেতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন, কাল্যমানং মর্দ্দ্যমানম্। দীপ্তং সন্তপ্তং জ্বলিতঞ্চ ॥৩২॥
বধ্যেতি। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা। সর্বতোমুখা উভয়পক্ষসৈনিকাঃ ॥৩৩॥
তাবকানামিতি। যুধ্যতাং যুধ্যমানানাম্। সংযুগং রণস্থলম্ ॥৩৪॥

ভরতনন্দন রাজা ! পাণ্ডবসৈন্যমধ্যে সেপ্রকার কোন যোদ্ধা ছিল না, যে—যুদ্ধে দ্রোণকার্ম্মুকনির্গত বাণ ধারণ করিতে পারিত ॥৩০॥

ভরতনন্দন ! তখন পাণ্ডবসৈন্যেরা সূর্য্যের কিরণে দগ্ধ এবং দ্রোণের বাণে সন্তাপিত হইয়া সেই সেই স্থানে ঘুরিতে লাগিল ॥৩১॥

সেইরূপই ধৃষ্টদ্যুম্নও পীড়ন করিতে থাকিলে, অগ্নিকর্ত্তৃক দহ্যমান শুষ্ক বনের ন্যায় আপনার সৈন্যও সকল দিকেই সন্তপ্ত হইতে থাকিল ॥৩২॥

দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের বাণে উভয়পক্ষের সৈন্যই নিহত হইতে থাকিলে, তাহারা প্রাণত্যাগের উদ্যম করিয়া শক্তি অনুসারে সকল দিকে যুদ্ধ করিতে লাগিল ॥৩৩॥

পুরুষশ্রেষ্ঠ মহারাজ ! আপনার পক্ষের বা বিপক্ষের যুধ্যমান সৈন্যগণের মধ্যে এমন কেহ ছিল না, যে—ভয়ে রণস্থল ত্যাগ করিয়াছিল ॥৩৪॥

(৩১)···বভ্রাম পার্ষতং সৈন্যম্···বা নি। (৩৩) বাধ্যমানেষু সৈন্যেষু···বা নি,···যুধ্যন্তে স্বর্গলিপ্সবঃ—নি।

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ ক্ষেমধূর্ত্তিশ্চ বীর্য্যবান্।
ত্রয়াণাং তব পুত্রাণাং ত্রয় এবানুযায়িনঃ ॥৩৬॥
বাহ্লীকরাজস্তেজস্বী কুলপুত্রো মহারথঃ।
সহসেনঃ সহামাত্যো দ্রৌপদেয়ানবারয়ৎ ॥৩৭॥
শৈব্যো গোবাসনো রাজা যোধৈর্দশশতাবরৈঃ।
কাশ্যস্যাভিভুবঃ পুত্রং পরাক্রান্তমবারয়ৎ ॥৩৮॥
অজাতশত্রুং কৌন্তেয়ং জ্বলন্তমিব পাবকম্।
মদ্রাণামীশ্বরঃ শল্যো রাজা রাজানমাবৃণোৎ ॥৩ ॥

ভারতকৌমুদী

ভীমেতি। কৌন্তেয়মিতি ভীমসেনান্তরব্যাবৃত্ত্যর্থম্। সোদর্য্যাঃ সহোদরাঃ ॥৩৫॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। পুত্রাণামুক্তানাম্। অনুযায়িন আসন্ ॥৩৬॥
বাহ্লীকেতি। কুলপুত্রঃ সদ্বংশজাতঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥৩৭॥
শৈব্য ইতি। শৈব্যঃ শিবিদেশীয়ঃ। দশ শতানি অবরাণি ন্যূনানি যেষাং তৈঃ ॥৩৮॥
অজাতেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। আবৃণোৎ শরজালেনেতি শেষঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

প্রবিষ্টয়োরিতি ॥১—৬॥ হিমাত্যয়ে শিশিরে ॥৭—১৭॥ প্লাবয়ামাস বিদ্রাবিতবান্ ॥১৮॥ অপাকর্ষত ব্যাবর্ত্তিতবান্ ॥১৯—২১॥ সংঘট্টয়তি সম্মেলয়তি ॥২২—৩৭॥ কাশ্যস্য কাশিরাজস্য ॥৩৮—৪১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২॥

ক্রমে বিবিংশতি, চিত্রসেন ও মহারথ বিকর্ণ এই তিন সহোদর কুন্তীনন্দন ভীমসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং বলবান্ ক্ষেমধূর্ত্তি ইহারা তিন জন আপনার উক্ত তিন পুত্রের অনুগামী হইলেন ॥৩৬॥

তেজস্বী, সদ্বংশজাত ও মহারথ বাহ্লীকরাজ সৈন্য ও অমাত্যগণের সহিত মিলিত হইয়া দ্রৌপদীর পুত্রগণকে বারণ করিতে লাগিলেন ॥৩৭॥

শিবিদেশীয় গোবাসনরাজা ন্যূনকল্পে দশ শত যোদ্ধার সহিত সম্মিলিত হইয়া পরাক্রমশালী কাশীরাজ অভিভূর পুত্রকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৮॥

মদ্রাধিপতি শল্যরাজা শরজালদ্বারা প্রজ্বলিত অগ্নির ন্যায় আগত কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠিরকে আবৃত করিলেন ॥৩৯॥

দুঃশাসনস্ত্ববস্থাপ্য স্বমনীকমমর্ষণঃ।
সাত্যকিং প্রযযৌ ক্রুদ্ধঃ শূরো রথবরং যুধি ॥৪০॥
স্বকেনাহমনীকেন সন্নদ্ধঃ কবচাবৃতঃ।
চতুঃশতৈর্মহেষ্বাসৈশ্চেকিতানমবারয়ম্ ॥৪১॥
শকুনিস্তু সহানীকো মাদ্রীপুত্রমবারয়ৎ।
গান্ধারকৈঃ সপ্তশতৈশ্চাপশক্ত্যসিপাণিভিঃ ॥৪২॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং মৎস্যমার্চ্ছতাম্।
প্রাণাংস্ত্যক্ত্বা মহেষ্বাসৌ মিত্রার্থেঽভ্যুদ্যতায়ুধৌ ॥৪৩॥
শিখণ্ডিনং যাজ্ঞসেনিং রুদ্ধানমপরাজিতম্।
বাহ্লীকঃ প্রতিসংযত্তঃ পরাক্রান্তমবারয়ৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

দুঃশাসন ইতি। অনীকং সৈন্যম্, অমর্ষণঃ অসহিষ্ণুঃ ॥৪০॥

স্বকেনেতি। স্বকেন স্বকীয়েন, অহং সঞ্জয়ঃ, সন্নদ্ধঃ সজ্জিতঃ। যুধ্যমানস্যাপি সঞ্জয়স্য সর্বযুদ্ধবৃত্তান্তজ্ঞানন্তু ব্যাসদত্তবরপ্রভাবাদিতি স্মর্তব্যম্ ॥৪১॥

শকুনিরিতি। মাদ্রীপুত্রং নকুলং সহদেবঞ্চ, দ্বয়োরপি বক্ষ্যমাণত্বাৎ ॥৪২॥

বিন্দেতি। মৎস্যং মৎস্যরাজম্, আর্চ্ছতামপীড়য়তাম্। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা ॥৪৩॥

শিখণ্ডিনমিতি। যজ্ঞসেনস্য দ্রুপদস্যাপত্যমিতি যাজ্ঞসেনিস্তম্, রুদ্ধানং মার্গম্ ॥৪৪॥

অসহিষ্ণু ও বীর দুঃশাসন ক্রুদ্ধ হইয়া আপন সৈন্যগণকে সঙ্গে রাখিয়া যুদ্ধে রথিশ্রেষ্ঠ সাত্যকির দিকে গমন করিলেন ॥৪০॥

আমি (সঞ্জয়) যুদ্ধসজ্জায় সজ্জিত ও কবচাবৃত হইয়া স্বকীয় সৈন্য ও চারিশত মহাধনুর্দ্ধর লইয়া চেকিতানকে বারণ করিতে লাগিলাম ॥৪১॥

শকুনি কৌরবসৈন্য এবং ধনু, শক্তি ও অসিধারী সপ্তশত গান্ধারসৈন্যের সহিত মিলিত হইয়া নকুল ও সহদেবকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪২॥

মিত্র দুর্য্যোধনের জন্য অস্ত্রধারী ও মহাধনুর্দ্ধর অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ প্রাণত্যাগের উদ্যম করিয়া মৎস্যরাজ বিরাটকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৩॥

দ্রুপদনন্দন অপরাজিত শিখণ্ডী উপস্থিত হইয়া পথরোধ করিতেছিলেন, তখন বাহ্লীক বিশেষ যত্নবান্ হইয়া সেই পরাক্রমশালীকে বারণ করিতে থাকিলেন ॥৪৪॥

(৪২)···মাদ্রীপুত্রাববারয়ৎ···নি।

ধৃষ্টদ্যুম্নশ্চ পাঞ্চাল্যঃ ক্রূরৈঃ সার্দ্ধং প্রভদ্রকৈঃ।
আবন্ত্যঃ সহ সৌবীরৈঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৫॥
ঘটোৎকচং তথা শূরং রাক্ষসং ক্রূরকর্ম্মিণম্।
অলায়ুধোঽদ্রবত্তূর্ণং ক্রুদ্ধমায়ান্তমাহবে ॥৪৬॥
অলম্বুষং রাক্ষসেন্দ্রং কুন্তিভোজো মহারথঃ।
সৈন্যেন মহতা যুক্তঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৭॥
সৈন্ধবঃ পৃষ্ঠতস্ত্বাসীৎ সর্ব্বসৈন্যস্য ভারত!।
রক্ষিতঃ পরমেষ্বাসৈঃ কৃপপ্রভৃতিভী রথৈঃ ॥৪৮॥
তস্যাস্তাং চক্ররক্ষৌ দ্বৌ সৈন্ধবস্য বৃহত্তমৌ।
দ্রৌণির্দক্ষিণতো রাজন্! সূতপুত্রশ্চ বামতঃ ॥৪৯॥
পৃষ্ঠগোপাশ্চ তস্যাসন্ সৌমদত্তিপুরোগমাঃ।
কৃপশ্চ বৃষসেনশ্চ শলঃ শল্যশ্চ দুর্জ্জয়ঃ ॥৫০॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। আবন্ত্যো বিন্দানুবিন্দাভ্যামপরঃ কশ্চিদ্বীরঃ ॥৪৫॥
ঘটোৎকচমিতি। ক্রূরং নিষ্ঠুরং কর্ম্মাস্যাস্তীতি তম্। আহবে যুদ্ধে ॥৪৬॥
অলম্বুষমিতি। অপরমিমং রাক্ষসেন্দ্রম্ ॥৪৭॥
সৈন্ধব ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। পরমেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ ॥৪৮॥
তস্যেতি। বৃহত্তমৌ মহাবীরৌ। দ্রৌণিরশ্বত্থামা। সূতপুত্রঃ কর্ণঃ ॥৪৯॥
পৃষ্ঠেতি। পৃষ্ঠং গোপয়ন্তি রক্ষন্তীতি পৃষ্ঠগোপাঃ। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ ॥৫০॥

পাঞ্চালরাজপুত্র ক্রুদ্ধ ধৃষ্টদ্যুম্ন ক্রূরপ্রকৃতি প্রভদ্রকগণের সহিত আসিতে লাগিলে, অবন্তিদেশীয় একজন মহাবীর সৌবীরদিগের সহিত মিলিত হইয়া তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৫॥

বীর ও ক্রূরকর্ম্মা রাক্ষস ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে আসিতে লাগিলে, অলায়ুধ সত্বর তাহার দিকে ধাবিত হইল ॥৪৬॥

রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ ক্রুদ্ধ হইয়া যাইতে থাকিলে, মহারথ কুন্তিভোজ বিশাল সৈন্যের সহিত মিলিত হইয়া তাহাকে বারণ করিতে থাকিলেন ॥৪৭॥

ভরতনন্দন! জয়দ্রথ সমস্ত সৈন্যের পিছনে রহিলেন; আর মহাধনুর্দ্ধর কৃপপ্রভৃতি রথীরা তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন ॥৪৮॥

রাজা! দুই জন মহাবীর সেই সিন্ধুরাজের চক্ররক্ষক হইলেন; দক্ষিণে অশ্বত্থামা রহিলেন, আর বামে কর্ণ থাকিলেন ॥৪৯॥

নীতিমন্তো মহেষ্বাসাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ।
সৈন্ধবস্য বিধায়ৈবং রক্ষাং যুযুধিরে ততঃ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

রাজন্! সংগ্রামমাশ্চর্য্যং শৃণু কীর্ত্তয়তো মম।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ যথা যুদ্ধমবর্ত্তত ॥১॥
ভারদ্বাজং সমাসাদ্য ব্যূহস্য প্রমুখে স্থিতম্।
অযোধয়ন্ রণে পার্থা দ্রোণানীকং বিভিৎসবঃ ॥২॥

ভারতকৌমুদী

নীতীতি। নীতিমন্তো যুদ্ধনীতিজ্ঞাঃ, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

রাজন্নিতি। কীর্ত্তয়তঃ তথা ব্রুবতো মম সকাশাৎ ॥১॥

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। প্রমুখে সম্মুখে। বিভিৎসবো ভেত্তুমিচ্ছবঃ ॥২॥

ভূরিশ্রবাপ্রভৃতি বীরগণ এবং কৃপ, বৃষসেন, শল ও দুর্জ্জয় শল্য জয়দ্রথের পৃষ্ঠরক্ষক হইলেন ॥৫০॥

যুদ্ধনীতিজ্ঞ, মহাধনুর্দ্ধর ও যুদ্ধবিশারদ সেই বীরেরা সকলে এইভাবে জয়দ্রথের রক্ষাবিধান করিয়া তাহার পরে যুদ্ধ করিতে লাগিলেন' ॥৫১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন কৌরব ও পাণ্ডবগণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আমি বলিতেছি; আপনি সেই আশ্চর্য্য যুদ্ধের বিষয় শ্রবণ করুন ॥১॥

---

* '...ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

রক্ষমাণঃ স্বকং ব্যূহং দ্রোণোঽপি সহসৈনিকঃ।
অযোধয়দ্রণে পার্থান্ প্রার্থয়ানো মহদ্‌যশঃ ॥৩॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং দশভিঃ শরৈঃ।
আজঘ্নতুঃ সুসংক্রুদ্ধৌ তব পুত্রহিতৈষিণৌ ॥৪॥
বিরাটশ্চ মহারাজ! তাবুভৌ সমরে স্থিতৌ।
পরাক্রান্তৌ পরাক্রম্য যোধয়ামাস সানুগৌ ॥৫॥
তেষাং যুদ্ধং সমভবদ্দারুণং শোণিতোদকম্।
সিংহস্য দ্বিপমুখ্যাভ্যাং প্রভিন্নাভ্যাং যথা বনে ॥৬॥
বাহ্লীকং রভসং যুদ্ধে যাজ্ঞসেনির্মহাবলঃ।
আজঘ্নে বিশিখৈর্ঘোরৈস্তীক্ষ্ণৈর্মর্ম্মাস্থিভেদিভিঃ ॥৭॥

ভারতকৌমুদী

রক্ষেতি। পার্থান্ পাণ্ডবান্, প্রার্থয়ানঃ প্রার্থয়মানঃ ॥৩॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ ॥৪॥
বিরাট ইতি। পরাক্রম্য বিশেষশক্তিং প্রকাশ্য। সানুগৌ অনুচরসহিতৌ ॥৫॥
তেষামিতি। শোণিতমুদকমিব চলিতং যত্র তৎ। প্রভিন্নাভ্যাং মদস্রাবিভ্যাম্ ॥৬॥
বাহ্লীকমিতি। রভসং বেগবন্তম্, যাজ্ঞসেনিঃ শিখণ্ডী তথৈব প্রাগুক্তঃ ॥৭॥

পাণ্ডবেরা দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া ব্যূহের সম্মুখে স্থিত দ্রোণের নিকটে যাইয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥২॥

দ্রোণও সৈন্যগণের সহিত মিলিত হইয়া মহাযশ প্রার্থনা করিয়া আপন ব্যূহ রক্ষা করতঃ পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩॥

আপনার পুত্রের হিতৈষী অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দশটা বাণদ্বারা বিরাটরাজাকে আঘাত করিলেন ॥৪॥

মহারাজ! বিরাটরাজাও পরাক্রম প্রকাশ করিয়া অনুচরসমন্বিত ও পরাক্রমশালী সমরস্থিত সেই দুই জনকেই প্রহার করিতে লাগিলেন ॥৫॥

তখন বনমধ্যে মদস্রাবী দুইটা শ্রেষ্ঠ হস্তীর সহিত সিংহের যেমন দারুণ যুদ্ধ হয়, সেইরূপ তাঁহাদের দারুণ যুদ্ধ হইতে লাগিল। তৎকালে জলের ন্যায় রক্তের প্রবাহ ছুটিল ॥৬॥

মহাবল শিখণ্ডী ভয়ঙ্কর, তীক্ষ্ণ ও মর্ম্মাস্থিভেদী বাণসমূহদ্বারা যুদ্ধে বেগবান্ বাহ্লীককে আঘাত করিলেন ॥৭॥

(৩)···সহ সৈনিকৈঃ···নি।

CENTRAL LIBRARY

বাহ্লীকো যাজ্ঞসেনিন্তু হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
আজঘান ভৃশং ক্রুদ্ধো নবভির্নতপর্ব্বভিঃ ॥৮॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং শরশক্তিসমাকুলম্।
ভীরূণাং ত্রাসজননং শূরাণাং হর্ষবর্দ্ধনম্ ॥৯॥
তাভ্যাং তত্র শরৈর্মুক্তৈরন্তরীক্ষং দিশস্তথা।
অভবৎ সংবৃতং সর্ব্বং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১০॥
শৈব্যো গোবাসনো যুদ্ধে কাশ্যপুত্রং মহারথম্।
সসৈন্যো যোধয়ামাস গজঃ প্রতিগজং যথা ॥১১॥
বাহ্লীকরাজঃ সংক্রুদ্ধো দ্রৌপদেয়ান্ মহারথান্।
মনঃ পঞ্চেন্দ্রিয়াণীব শুশুভে যোধয়ন্ রণে ॥১২॥
অযোধয়ংস্তে সুভৃশং তং শরৌঘৈঃ সমন্ততঃ।
ইন্দ্রিয়ার্থা যথা দেহং শশ্বদ্দেহভৃতাং বর! ॥১৩॥

ভারতকৌমুদী

বাহ্লীক ইতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। নবভিঃ শরৈরিতি শেষঃ ॥৮॥
তদিতি। শরৈঃ শক্তিভিশ্চ সমাকুলং ব্যাপ্তম্ ॥৯॥
তাভ্যামিতি। ন প্রাজ্ঞায়ত নাদৃশ্যত অন্ধকারাবরণাৎ ॥১০॥
শৈব্য ইতি। শৈব্যঃ শিবিদেশীয়ঃ, গোবাসনো নাম, কাশ্যপুত্রং কাশীরাজপুত্রম্ ॥১১॥
বাহ্লীকেতি। অপরোঽয়ং বাহ্লীকরাজঃ, দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥১২॥

বাহ্লীকও অত্যন্তক্রুদ্ধ হইয়া স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও নতপর্ব নয়টা বাণ-দ্বারা শিখণ্ডীকে প্রহার করিলেন ॥৮॥

শর ও শক্তিসমাকুল সেই যুদ্ধ ভয়ঙ্করভাবে হইতে লাগিল এবং সে যুদ্ধ ভীরুজনের ভয় ও বীরজনের আনন্দবর্দ্ধন করিতে থাকিল ॥৯॥

তাঁহাদের নিক্ষিপ্ত বাণসমূহে আকাশ ও সমস্ত দিক্ আবৃত হইয়া গেল। সুতরাং তখন কিছুই দেখা গেল না ॥১০॥

হস্তী যেমন অপর হস্তীর সহিত যুদ্ধ করে, সেইরূপ শিবিরাজ গোবাসন সৈন্যগণের সহিত মিলিত হইয়া মহারথ কাশীরাজের পুত্রের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

মন যেমন পঞ্চ ইন্দ্রিয়ের সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পায়, সেইরূপ ক্রুদ্ধ বাহ্লীকরাজ দ্রৌপদীর পঞ্চ মহারথ পুত্রের সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পাইতে থাকিলেন ॥১২॥

(১৩)···ইন্দ্রিয়াণি যথা দেহম্···নি।

বার্ষ্ণেয়ং সাত্যকিং যুদ্ধে পুত্রো দুঃশাসনস্তব।
আজঘ্নে সায়কৈস্তীক্ষ্ণৈর্নবভির্নতপর্ব্বভিঃ ॥১৪॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসো মহেষ্বাসেন ধন্বিনা।
ঈষন্মূর্চ্ছাং জগামাশু সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥১৫॥
সমাশ্বস্তস্তু বার্ষ্ণেয়স্তব পুত্রং মহারথম্।
বিব্যাধ দশভিস্তূর্ণং সায়কৈঃ কঙ্কপত্রিভিঃ ॥১৬॥
তাবন্যোন্যং দৃঢ়ং বিদ্ধাবন্যোন্যশরবিক্ষতৌ।
রেজতুঃ সমরে রাজন্! পুষ্পিতাবিব কিংশুকৌ ॥১৭॥
অলম্বুষস্তু সংক্রুদ্ধঃ কুন্তিভোজশরার্দ্দিতঃ।
অশোভত ভৃশং লক্ষ্ম্যা পুষ্পাঢ্য ইব কিংশুকঃ ॥১৮॥

ভারতকৌমুদী

অযোধয়ন্নিতি। ইন্দ্রিয়ার্থাঃ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। শশ্বৎ সর্বদা ॥১৩॥
বার্ষ্ণেয়মিতি। বার্ষ্ণেয়ং বৃষ্ণিবংশীয়ম্। নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপান্তৈঃ ॥১৪॥
স ইতি। মহেষ্বাসেন মহাধনুর্দ্ধরতয়া প্রসিদ্ধেন, ধন্বিনা তদানীং ধনুষ্মতা ॥১৫॥
সমাশ্বস্ত ইতি। বার্ষ্ণেয়ঃ সাত্যকিঃ। কঙ্কস্য পক্ষিণঃ পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥১৬॥
তাবিতি। বিদ্ধৌ তাড়িতৌ। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ ॥১৭॥
অলম্বুষ ইতি। লক্ষ্ম্যা রক্তশোভয়া ॥১৮॥

দেহধারিশ্রেষ্ঠ! আবার পঞ্চ ইন্দ্রিয়বিষয় যেমন সর্ব্বদা দেহের সহিত যুদ্ধ করে, সেইরূপ দ্রৌপদীর পঞ্চ পুত্রও সকল দিক্ হইতে বাণসমূহদ্বারা বাহ্লীক-রাজের সহিত গুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥১৩॥

আপনার পুত্র দুঃশাসন তীক্ষ্ণ ও নতপর্ব নয়টা বাণদ্বারা যুদ্ধে বৃষ্ণিবংশীয় সাত্যকিকে আঘাত করিলেন ॥১৪॥

মহাধনুর্দ্ধর বলিয়া প্রসিদ্ধ এবং তৎকালে ধনুঃসমন্বিত দুঃশাসন অত্যন্ত বিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর ও যথার্থবিক্রমশালী সাত্যকি সত্বর অল্প মূর্চ্ছিত হইলেন ॥১৫॥

পরক্ষণেই তিনি সুস্থ হইয়া সত্বর কঙ্কপক্ষযুক্ত দশটা বাণদ্বারা আপনার পুত্র মহারথ দুঃশাসনকে বিদ্ধ করিলেন ॥১৬॥

রাজা! তখন তাঁহারা পরস্পর দৃঢ় বিদ্ধ ও পরস্পর বাণবিক্ষত হইয়া পুষ্পযুক্ত দুইটা পলাশবৃক্ষের ন্যায় সমরাঙ্গনে শোভা পাইতে লাগিলেন ॥১৭॥

(১৫) সোঽতিবিদ্ধো বলবতা…বা নি। (১৭)…অন্যোন্যশরপীড়িতৌ…বা নি।

CENTRAL LIBRARY

কুন্তিভোজং তথা বিদ্ধা রক্ষো বহুভিরাশুগৈঃ।
অনদদ্ভৈরবং নাদং বাহিন্যাঃ প্রমুখে তব ॥১৯॥
ততস্তৌ সমরে শূরৌ যোধয়ন্তৌ পরস্পরম্।
দদৃশুঃ সর্বসৈন্যানি শক্রজম্ভৌ যথা পুরা ॥২০॥
শকুনিং রভসং যুদ্ধে কৃতবৈরঞ্চ ভারত!।
মাদ্রীপুত্রৌ সুসংরব্ধৌ শরৈরার্দ্দয়তাং ভৃশম্ ॥২১॥
তুমুলঃ সুমহান্ রাজন্! প্রাবর্ত্তত জনক্ষয়ঃ।
ত্বয়া সংজনিতো রাজন্! কর্ণেন চ বিবর্দ্ধিতঃ ॥২২॥
রক্ষিতস্তব পুত্রৈশ্চ ক্রোধমূলো হুতাশনঃ।
য ইমাং পৃথিবীং রাজন্! দগ্ধুং সর্বাং সমুদ্যতঃ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কুন্তীতি। রক্ষো রাক্ষসোঽলম্বুষঃ, আশুগৈর্বাণৈঃ। অনদদকরোৎ ॥১৯॥
তত ইতি। সর্বসৈন্যানি কর্ত্তৃণি, শক্রজম্ভৌ ইন্দ্রজম্ভাসুরৌ ॥২০॥
শকুনিমিতি। রভসং বেগবন্তম্, কৃতবৈরং কপটদ্যূতক্রীড়য়া। সুসংরব্ধাবতীবক্রুদ্ধৌ ॥২১॥
তুমুল ইতি। সংজনিতো দ্যূতক্রীড়ানুমোদনাৎ, বিবর্দ্ধিতঃ প্রোৎসাহনাৎ। রক্ষিতো দ্রৌপদ্যা বস্ত্রহরণাদিতঃ। হুতাশনশ্চ প্রাবর্ত্ততেত্যনুবৃত্তিঃ যো হুতাশনঃ ॥২২—২৩॥

ভারতভাবদীপঃ

রাজন্নিতি ॥১—২২॥ হুতাশনঃ প্রাবর্ত্ততেত্যনুষজ্যতে ॥২৩—৩১॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৩॥

ওদিকে অলম্বুষ কুন্তিভোজের বাণে পীড়িত ও ক্রুদ্ধ হইয়া পুষ্পসমন্বিত পলাশবৃক্ষের ন্যায় রক্তশোভায় বিশেষ শোভিত হইল ॥১৮॥

পরে অলম্বুষ বহুতর বাণদ্বারা কুন্তিভোজকে বিদ্ধ করিয়া আপনার সৈন্যের সম্মুখে ভয়ঙ্কর গর্জন করিতে লাগিল ॥১৯॥

তদনন্তর পূর্বকালে সমস্ত দেবাসুরসৈন্য যেমন ইন্দ্র ও জম্ভাসুরকে দেখিয়াছিল, সেইরূপ দুই পক্ষের সমস্ত সৈন্যই পরস্পর যুধ্যমান বীর কুন্তীভোজ ও অলম্বুষকে দেখিতে থাকিল ॥২০॥

ভরতনন্দন! অন্যদিকে অত্যন্তক্রুদ্ধ নকুল ও সহদেব বাণদ্বারা বেগবান্ ও কৃতবৈর শকুনিকে গুরুতর পীড়ন করিতে লাগিলেন ॥২১॥

রাজা! তৎকালে তুমুল ও গুরুতর লোকক্ষয় হইতে লাগিল। কারণ,

(১৯) কুন্তিভোজং ততো রক্ষো বিদ্ধা বহুভিরায়সৈঃ…বা নি। (২১)…মাদ্রীপুত্রৌ চ সংরব্ধৌ শরৈশ্চার্দ্দয়তাং ভৃশম্—বা নি। (২২)…ত্বয়া সংজনিতোঽত্যর্থম্…বা নি।

শকুনিঃ পাণ্ডুপুত্রাভ্যাং কৃতঃ স বিমুখঃ শরৈঃ।
ন স্ম জানাতি কর্ত্তব্যং যুদ্ধে কিঞ্চিৎ পরাক্রমম্ ॥২৪॥
বিমুখঞ্চৈনমালোক্য মাদ্রীপুত্রৌ মহারথৌ।
ববর্ষতুঃ পুনর্বাণৈর্যথা মেঘৌ মহাগিরিম্ ॥২৫॥
স বধ্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
সংপ্রায়াজ্জবনৈরশ্বৈর্দ্রোণানীকায় সৌবলঃ ॥২৬॥
ঘটোৎকচস্তথা শূরো রাক্ষসং তং হ্যলায়ুধম্।
অভ্যয়াদ্রভসং যুদ্ধে বেগমাস্থায় মধ্যমম্ ॥২৭॥
তয়োর্যুদ্ধং মহারাজ! চিত্ররূপমিবাভবৎ।
যাদৃশন্তু পুরা বৃত্তং রামরাবণয়োর্মৃধে ॥২৮॥

ভারতকৌমুদী

শকুনিরিতি। পাণ্ডুপুত্রাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। ন জানাতি ন বুধ্যতে স্ম ॥২৪॥
বিমুখমিতি। এনং শকুনিম্। ববর্ষতুরিতি বর্ষ এব ধাতুঃ পরস্মৈপদঞ্চার্ষম্ ॥২৫॥
স ইতি। বধ্যমান আহন্যমানঃ। জবনৈর্বেগবদ্ভিঃ। সৌবলঃ শকুনিঃ ॥২৬॥
ঘটোৎকচ ইতি। রভসং বেগবন্তম্। মধ্যমং বেগমাস্থায় অনাস্থয়া ॥২৭॥
তয়োরিতি। চিত্ররূপমাশ্চর্য্যপ্রকারম্। বৃত্তং ভূতম্। মৃধে রণস্থলে ॥২৮॥

রাজা! প্রথমে আপনি উৎপাদন করেন, কর্ণ বর্দ্ধিত করেন এবং আপনার পুত্রেরা অক্ষুণ্ণ রাখেন, এ হেন ক্রোধাগ্নি জ্বলিতেছিল; রাজা! যে ক্রোধাগ্নি এই সমগ্র পৃথিবীটাকেই দগ্ধ করিতে উদ্যত হইয়াছিল ॥২২—২৩॥

শকুনি পরাক্রম প্রকাশ করিতে থাকিলেও নকুল এবং সহদেব বাণদ্বারা তাঁহাকে পরাঙ্মুখ করিলেন। তখন শকুনি যুদ্ধে কোন কর্ত্তব্য নিশ্চয় করিতে পারিলেন না ॥২৪॥

মহারথ নকুল ও সহদেব শকুনিকে পরাঙ্মুখ দেখিয়া—দুইটা মেঘ যেমন বিশাল পর্ব্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ শকুনির উপরে শর বর্ষণ করিতে লাগিলেন ॥২৫॥

নকুল ও সহদেব বহুতর নতপর্ব্ব বাণদ্বারা আঘাত করিতে লাগিলে, শকুনি বেগবান্ অশ্বের গুণে বেগে দ্রোণসৈন্যের দিকে চলিয়া গেলেন ॥২৬॥

আর এক দিকে বীর ঘটোৎকচ মধ্যম বেগ অবলম্বন করিয়া মহাবেগ সেই রাক্ষস অলায়ুধের দিকে চলিল ॥২৭॥

(২৫)···কিঞ্চিৎ পরাক্রমম্—বা নি। (২৬) বিমুখঞ্চৈবমালোক্য···বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

ততো যুধিষ্ঠিরো রাজা মদ্ররাজানমাহবে।
বিদ্ধা পঞ্চাশতা বাণৈঃ পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥২৯॥
তয়োঃ প্রববৃতে যুদ্ধং রাজ্ঞোরত্যদ্ভুতং নৃপ!।
যথা পূর্বং মহদ্‌যুদ্ধং শম্বরামররাজয়োঃ ॥৩০॥
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ তবাত্মজঃ।
অযোধয়ন্ ভীমসেনং মহত্যা সেনয়া বৃতাঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

তত ইতি। মদ্ররাজানং শল্যম্। অদন্তত্বাভাব আর্ষঃ ॥২৯॥
তয়োরিতি। শম্বরামররাজয়োঃ শম্বরাসুরেন্দ্রয়োঃ ॥৩০॥
বিবিংশতিরিতি। অযোধয়ন্ প্রাহরন্। "যুধ সম্প্রহারে" স্বার্থে ইন্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

মহারাজ! পূর্ব্বকালে রণস্থলে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ ঘটোৎকচ এবং অলায়ুধেরও যেন বিচিত্ররূপ যুদ্ধ হইতে লাগিল ॥২৮॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির পঞ্চাশটা বাণদ্বারা যুদ্ধে শল্যকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

রাজা! পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেরূপ মহাযুদ্ধ হইয়াছিল, তৎকালে শল্য ও যুধিষ্ঠিরের সেইরূপ অত্যাশ্চর্য্য মহাযুদ্ধ হইতে থাকিল ॥৩০॥

মহারাজ! অন্যদিকে আপনার পুত্র বিবিংশতি, চিত্রসেন ও বিকর্ণ বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ভীমসেনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন' ॥৩১॥

———০::০———

* '...চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, 'ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

চতুরশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তথা তস্মিন্ প্রবৃত্তে তু সংগ্রামে রোমহর্ষণে।
কৌরবেয়াংস্ত্রিধা ভূতান্ পাণ্ডবাঃ সমুপাদ্রবন্ ॥১॥
জলসন্ধং মহাবাহুং ভীমসেনোঽভ্যবর্ত্তত।
যুধিষ্ঠিরঃ সহানীকঃ কৃতবর্ম্মাণমাহবে ॥২॥
কিরংস্তু শরবর্ষাণি রোচমান ইবাংশুমান্।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ! দ্রোণমভ্যদ্রবদ্রণে ॥৩॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ত্বরতাং সর্ব্বধন্বিনাম্।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ সংক্রুদ্ধানাং পরস্পরম্ ॥৪॥
সংক্ষয়ে তু তথা ভূতে বর্ত্তমানে মহাভয়ে।
দ্বন্দ্বীভূতেষু সৈন্যেষু যুধ্যমানেষ্বভীতবৎ ॥৫॥

ভারতকৌমুদী

প্রাগুক্তং স্মরয়তি তথেতি। ত্রিধা ভূতান্ জলসন্ধকৃতবর্ম্মদ্রোণানাশ্রিত্য ভাগত্রয়েণ বিভক্তান্ ॥১॥

জলেতি। সহানীকঃ সসৈন্যঃ, আহবে রণস্থলে ॥২॥

কিরন্নিতি। কিরন্ বিক্ষিপন্, রোচমানো দীপ্যমানঃ, অংশুমান্ কিরণবান্ সূর্য্যঃ ॥৩॥

তত ইতি। ত্বরতাং প্রহারায় ত্বরমাণানাম্ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই রোমহর্ষণ যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, তিন ভাগে বিভক্ত কৌরবসৈন্যগণের প্রতি পাণ্ডবেরা ধাবিত হইলেন ॥১॥

ভীমসেন মহাবাহু জলসন্ধের দিকে চলিলেন এবং যুধিষ্ঠির সৈন্যগণের সহিত মিলিত হইয়া কৃতবর্ম্মার দিকে গমন করিলেন ॥২॥

মহারাজ! আর ধৃষ্টদ্যুম্ন বাণ বর্ষণ করিতে থাকিয়া কিরণযুক্ত দীপ্যমান সূর্য্যের ন্যায় দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৩॥

তদনন্তর পরস্পর ক্রুদ্ধ, ত্বরান্বিত ও ধনুর্দ্ধারী কৌরবগণ ও পাণ্ডবগণের যুদ্ধ উপস্থিত হইল ॥৪॥

CENTRAL LIBRARY

দ্রোণঃ পাঞ্চালপুত্রেণ বলী বলবতা সহ।
যদক্ষিপৎ পৃষৎকৌঘাংস্তদদ্ভুতমিবাভবৎ ॥৬॥ (যুগ্মকম্)
পুণ্ডরীকবনানীব বিধ্বস্তানি সমন্ততঃ।
চক্রাতে দ্রোণপাঞ্চাল্যৌ নৃণাং শীর্ষাণ্যনেকশঃ ॥৭॥
বিনিকীর্ণানি বীরাণামনীকেষু সমন্ততঃ।
বস্ত্রাভরণশস্ত্রাণি ধ্বজবর্ম্মায়ুধানি চ ॥৮॥
তপনীয়বিচিত্রাঙ্গাঃ সংসিক্তা রুধিরেণ চ।
সংসক্তা ইব দৃশ্যন্তে মেঘসংঘাঃ সবিদ্যুতঃ ॥৯॥
কুঞ্জরাশ্বনরানন্যে পাতয়ন্তি স্ম পত্রিভিঃ।
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহারথাঃ ॥১০॥
অসিচর্ম্মাণি চাপানি শিরাংসি কবচানি চ।
বিপ্রকীর্য্যন্ত শূরাণাং সংপ্রহারে মহাত্মনাম্ ॥১১॥

ভারতকৌমুদী

সংক্ষয় ইতি। দ্বন্দ্বীভূতেষু একৈকেন সহ একৈকভাবেন মিলিতেষু। পৃষৎকা বাণাঃ ॥৫-৬॥

পুণ্ডেতি। পুণ্ডরীকাণাং পদ্মানাং বনানি। চক্রাতে চিচ্ছিদতুঃ। "কৃঞ্ হিংসায়াম্" ইত্যস্য রূপম্ ॥৭॥

বিনীতি। বিনিকীর্ণানি বীরৈশ্ছিন্না বিক্ষিপ্তানি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥৮॥

তপনীয়েতি। তপনীয়ৈঃ স্বর্ণভূষণৈর্বিচিত্রাণি অঙ্গানি যেষাং তে ॥৯॥

কুঞ্জরেতি। পত্রিভির্বাণৈঃ। তালমাত্রাণি হস্তচতুষ্টয়প্রমাণানি ॥১০॥

সেইরূপ মহাভীষণ লোকক্ষয় চলিতে লাগিলে এবং উভয়পক্ষের সৈন্যেরা দুই দুই হইয়া নির্ভয়ের ন্যায় যুদ্ধ করিতে থাকিলে, বলশালী দ্রোণ বলবান্ ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়া যে বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন, তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে থাকিল ॥৫—৬॥

দ্রোণ ও ধৃষ্টদ্যুম্ন সকল দিকে বিধ্বস্ত পদ্মসমূহের ন্যায় সৈন্যগণের অনেক মস্তক ছেদন করিলেন ॥৭॥

বীরগণের বস্ত্র, অলঙ্কার, অস্ত্র, শস্ত্র, ধ্বজ ও বর্ম্ম সকল সৈন্যমধ্যেই ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতে লাগিল ॥৮॥

স্বর্ণভূষণে বিচিত্রগাত্র ও রুধিরসংসিক্ত বীরগণকে বিদ্যুৎসমন্বিত ও পরস্পর মিলিত মেঘসমূহের ন্যায় দেখা যাইতে থাকিল ॥৯॥

অপর মহারথেরা হস্তচতুষ্টয়প্রমাণ ধনু আকর্ষণ করতঃ বাণদ্বারা হস্তী, অশ্ব ও মনুষ্যগণকে নিপাতিত করিতে লাগিলেন ॥১০॥

উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
অদৃশ্যন্ত মহারাজ! তস্মিন্ পরমসঙ্কুলে ॥১২॥
গৃধ্রাঃ কঙ্কা বলাঃ শ্যেনা বায়সা জম্বুকাস্তথা।
বহবঃ পিশিতাশাশ্চ তত্রাদৃশ্যন্ত মারিষ! ॥১৩॥
ভক্ষয়ন্তশ্চ মাংসানি পিবন্তশ্চাপি শোণিতম্।
বিলুঞ্চন্তঃ স্ম কেশাংশ্চ মজ্জাশ্চ বহুধা নৃপ! ॥১৪॥
আকর্ষন্তঃ শরীরাণি শরীরাবয়বাংস্তথা।
নরাশ্বগজসংঘানাং শিরাংসি চ ততস্ততঃ ॥১৫॥ (বিশেষকম্)
কৃতাস্ত্রা রণশিক্ষাভির্দীক্ষিতাঃ শরশালিনঃ।
রণে জয়ং প্রার্থয়ন্তো ভৃশং যুযুধিরে তদা ॥১৬॥
অসিমার্গান্ বহুবিধান্ বিচেরুঃ সৈনিকা রণে।
ঋষ্টিভিঃ শক্তিভিঃ প্রাসৈঃ শূলতোমরপট্টিশৈঃ ॥১৭॥

ভারতকৌমুদী

অসীতি। বিপ্রকীর্য্যন্ত ব্যক্ষিপ্যন্ত। অড়ভাব আর্ষঃ, সম্প্রহারে রণস্থলে ॥১১॥
উত্থিতানীতি। অগণেয়ানি অসংখ্যেয়ানি। পরমসঙ্কুলে যুদ্ধে ॥১২॥
গৃধ্রা ইতি। পিশিতাশাঃ কুক্কুরাদয়োঽপি মাংসভোজিনঃ। হে মারিষ! আর্য্য!। বিলুঞ্চন্তঃ অপসারয়ন্ত আকর্ষন্তশ্চ। শরীরাণামবয়বানঙ্গানি ॥১৩—১৫॥
কৃতেতি। কৃতাস্ত্রা আয়ত্তীকৃতাস্ত্রাঃ, দীক্ষিতা যুদ্ধে প্রবৃত্তাঃ ॥১৬॥

সেই যুদ্ধে মহাত্মা বীরগণের অসি, চর্ম্ম, ধনু, মস্তক ও কবচ সকল নানাদিকে বিক্ষিপ্ত হইতে থাকিল ॥১১॥

মহারাজ! সেই পরমসঙ্কুল যুদ্ধে সকল দিকেই অসংখ্য কবন্ধ (মস্তকশূন্য দেহ) উত্থিত হইতেছে দেখা গেল ॥১২॥

মাননীয় রাজা! তখন গৃধ্র, কঙ্ক, বল, শ্যেন, কাক, শৃগাল ও অন্যান্য বহুতর মাংসভোজী জন্তু দৃষ্টিগোচর হইতে লাগিল। তাহারা নানাদিকে মনুষ্য, অশ্ব ও হস্তিগণের মাংসভক্ষণ, রক্ত পান, কেশ অপসারণ, মজ্জা আহরণ এবং শরীর, শরীরাবয়ব ও মস্তক আকর্ষণ করিতে থাকিল ॥১৩—১৫॥

যুদ্ধশিক্ষা করায় অস্ত্রে সুশিক্ষিত, তৎকালে যুদ্ধে প্রবৃত্ত ও প্রচুরবাণসমন্বিত যোদ্ধারা যুদ্ধে জয় প্রার্থনা করতঃ যুদ্ধ করিতে লাগিলেন ॥১৬॥

(১৩) গৃধ্রাঃ কঙ্কা বকাঃ···বা নি। (১৪)···বিলুম্পমানাঃ কেশাংশ্চ···বা নি। (১৬) কৃতাস্ত্রা রণদীক্ষাভির্দীক্ষিতাঃ···পি বর্দ্ধ।

গদাভিঃ পরিঘৈশ্চান্যে ব্যায়ুধাশ্চ ভুজৈরপি।
অন্যোন্যং জঘ্নিরে ক্রুদ্ধা যুদ্ধরঙ্গগতা নরাঃ ॥১৮॥ (যুগ্মকম্)
রথিনো রথিভিঃ সার্দ্ধমশ্বারোহাশ্চ সাদিভিঃ।
মাতঙ্গা বরমাতঙ্গৈঃ পাদাতাশ্চ পদাতিভিঃ ॥১৯॥
ক্ষীবা ইবান্যে চোন্মত্তা রঙ্গেষ্বিব চ বারণাঃ।
উচ্চুক্রুশুরথান্যোন্যং জঘ্নুরন্যোন্যমেব চ ॥২০॥
তেষাং যুদ্ধে বর্ত্তমানে ঘোররূপে বিশাংপতে!।
ধৃষ্টদ্যুম্নো হয়ানশ্বৈর্দ্রোণস্য ব্যত্যমিশ্রয়ৎ ॥২১॥
তে হয়াঃ সাধ্বশোভন্ত মিশ্রিতা বাতরংহসঃ।
পারাবতসবর্ণাশ্চ রক্তশোণাশ্চ সংযুগে ॥২২॥

ভারতকৌমুদী

অসীতি। অসিমার্গান্ অসিযুদ্ধপথান্। ব্যায়ুধা অস্ত্রশূন্যাঃ ॥১৭—১৮॥
রথিন ইতি। সাদিভিরশ্বারোহিভিঃ। যুযুধিরে ইতি শেষঃ ॥১৯॥
ক্ষীবা ইতি। ক্ষীবা মত্তাঃ। বারণা গজাঃ। উচ্চুক্রুশুঃ উচ্চরবং চক্রুঃ ॥২০॥
তেষামিতি। ব্যত্যমিশ্রয়ৎ পরস্পরমমেলয়ৎ অতীবাসন্নোঽভবদিত্যর্থঃ ॥২১॥
ত ইতি। পারাবতসবর্ণা ধৃষ্টদ্যুম্নস্য, রক্তানি রুধিরাণীব শোণা লোহিতা দ্রোণস্য ॥২২॥

সৈন্যেরা নানাবিধ অসিযুদ্ধপথে বিচরণ করিতে থাকিল এবং যুদ্ধরঙ্গবর্ত্তী অন্য যোদ্ধারা ক্রুদ্ধ হইয়া ঋষ্টি, শক্তি, প্রাস, শূল, তোমর, পট্টিশ, গদা ও পরিঘদ্বারা, আর অস্ত্রশূন্য বীরেরা কেবল বাহুদ্বারা পরস্পর সংহার করিতে থাকিলেন ॥১৭—১৮॥

রথীরা রথীদের সহিত, অশ্বারোহীরা অশ্বারোহীদের সঙ্গে, গজারোহীরা গজারোহিগণের সহিত এবং পদাতিরা পদাতিদিগের সঙ্গে যুদ্ধ করিতে লাগিল ॥১৯॥

রঙ্গালয়ের ন্যায় সেই রণস্থলে মত্ত ও উন্মত্ত অন্য হস্তিগণ পরস্পর উচ্চরব ও পরস্পর সংহার করিতে থাকিল ॥২০॥

নরনাথ! তাহাদের ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিলে, ধৃষ্টদ্যুম্ন যাইয়া নিজের অশ্বগুলিকে দ্রোণের অশ্বগুলির সঙ্গে সম্মিলিত করিলেন ॥২১॥

তখন বায়ুর ন্যায় বেগবান্ এবং কপোতের তুল্য ধূসরবর্ণ ধৃষ্টদ্যুম্নের অশ্বগুলি ও রুধিরের সমান রক্তবর্ণ দ্রোণের অশ্বগণ পরস্পর মিলিত হইয়া রণস্থলে বিশেষ শোভা পাইতে লাগিল ॥২২॥

(১৮)…অস্ত্রৈরায়ুধৈশ্চ…বা নি। (২১)…নির্মর্য্যাদে বিশাংপতে!…বা নি।

পারাবতসবর্ণাস্তে রক্তশোণবিমিশ্রিতাঃ।
হয়াঃ শুশুভিরে রাজন্! মেঘা ইব সবিদ্যুতঃ ॥২৩॥
ধৃষ্টদ্যুম্নস্তু সংপ্রেক্ষ্য দ্রোণমভ্যাসমাগতম্।
অসিচর্ম্মাদদে বীরো ধনুরুৎসৃজ্য ভারত! ॥২৪॥
চিকীর্ষুর্দুষ্করং কর্ম্ম পার্ষতঃ পরবীরহা।
ঈশয়া সমতিক্রম্য দ্রোণস্য রথমাবিশৎ ॥২৫॥
অতিষ্ঠদ্যুগমধ্যে স যুগসন্নহনেষু চ।
জঘানার্দ্ধেষু চাশ্বানাং তৎ সৈন্যান্যভ্যপূজয়ন্ ॥২৬॥
খড়্গেন চরতস্তস্য শোণাশ্বানধিতিষ্ঠতঃ।
দদর্শ নান্তরং দ্রোণস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৭॥

ভারতকৌমুদী

উক্তমেবার্থং সাদৃশ্যপ্রদর্শনায় পুনরাহ পারেতি। রক্তশোণৈর্দ্রোণাশ্বৈর্বিমিশ্রিতাঃ ॥২৩॥
ধৃষ্টেতি। অভ্যাসং সমীপম্। আদদে জগ্রাহ ॥২৪॥
চিকীর্ষুরিতি। কর্ম্ম দ্রোণবধম্, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। ঈশয়া স্বরথস্য ঊর্দ্ধস্তম্ভপার্শ্বেন। আবিশৎ প্রবেষ্টুমৈচ্ছৎ ॥২৫॥
অতিষ্ঠদিতি। যুগমধ্যে তির্য্যগ্দারুমধ্যস্থানে, যুগসন্নহনেষু তৎসংযোগস্থানে ॥২৬॥
খড়্গেনেতি। শোণাশ্বান্ দ্রোণস্য রক্তাশ্বান্। অন্তরং প্রহারাবকাশম্ ॥২৭॥

রাজা! কপোতের ন্যায় ধূসরবর্ণ ধৃষ্টদ্যুম্নের সেই অশ্বগুলি, দ্রোণের রক্তবর্ণ অশ্বগুলির সঙ্গে মিলিত হইয়া বিদ্যুৎসমন্বিত মেঘের তুল্য শোভা পাইতে থাকিল ॥২৩॥

ভরতনন্দন! বীর ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে নিকটবর্ত্তী দেখিয়া ধনু পরিত্যাগ করিয়া অসি ও চর্ম্ম গ্রহণ করিলেন ॥২৪॥

পরে বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন দুষ্কর কার্য্য (দ্রোণবধ) করিবার ইচ্ছায় নিজ রথস্তম্ভের পার্শ্ব দিয়া লাফাইয়া যাইয়া দ্রোণের রথের ভিতরে প্রবেশ করিবার ইচ্ছা করিলেন ॥২৫॥

তখন তিনি নিজরথের যুগকাঠের মধ্যস্থানে এক চরণ ও তাহার সংযোগ-স্থানে অন্য চরণ রাখিয়া দাঁড়াইলেন এবং দ্রোণের অশ্বগুলির মধ্যদেশে তরবারির আঘাত করিলেন; সৈন্যেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিল ॥২৬॥

ধৃষ্টদ্যুম্ন যখন তরবারি লইয়া যাইয়া দ্রোণের রক্তবর্ণ অশ্বগুলির উপরে

(২৬)···জঘানাঙ্গেষু চাশ্বানাম্··· পি,···জঘনার্দ্ধেষু চাশ্বানাম্···নি।

যথা শ্যেনস্য পতনং বনেষ্বামিষগৃদ্ধিনঃ।
তথৈবাসীদভীসারস্তস্য দ্রোণং জিঘাংসতঃ ॥২৮॥
ততঃ শরশতেনাস্য শতচন্দ্রং সমাক্ষিপৎ।
দ্রোণো দ্রুপদপুত্রস্য খড়্গঞ্চ দশভিঃ শরৈঃ ॥২৯॥
অথাস্মৈ ত্বরিতো বাণমপরং জীবিতান্তকম্।
আকর্ণপূর্ণং চিক্ষেপ বজ্রং বজ্রধরো যথা ॥৩০॥
তং চতুর্দ্দশভির্বাণৈর্বাণং চিচ্ছেদ সাত্যকিঃ।
গ্রস্তমাচার্য্যমুখ্যেন ধৃষ্টদ্যুম্নং বিমোচয়ন্ ॥৩১॥
সিংহেনেব মৃগং গ্রস্তং নরসিংহেন মারিষ!।
দ্রোণেন মোচয়ামাস পাঞ্চাল্যং শিনিপুঙ্গবঃ ॥৩২॥

ভারতকৌমুদী

যথেতি। আমিষগৃদ্ধিনো মাংসলোভিনঃ। অভীসার আক্রমণম্ ॥২৮॥
তত ইতি। শতচন্দ্রং শতচন্দ্রচিহ্নযুক্তং চর্ম্ম, সমাক্ষিপৎ ন্যপাতয়ৎ ॥২৯॥
অথেতি। আকর্ণপূর্ণং ধনুষ আকর্ণপূর্ণাকর্ষণপূর্ব্বকম্। বজ্রধর ইন্দ্রঃ ॥৩০॥
তমিতি। আচার্য্যমুখ্যেন দ্রোণেন, বিমোচয়ন্ উদ্ধরন্ ॥৩১॥
সিংহেনেতি। নরসিংহেন মনুষ্যশ্রেষ্ঠেন। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥৩২॥

পড়িলেন, তখন দ্রোণ তাঁহাকে আঘাত করিবার ফাঁক্ পাইলেন না; তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥২৭॥

বনমধ্যে মাংসলোভী শ্যেনপক্ষীর পতনের ন্যায় দ্রোণজিঘাংসু ধৃষ্টদ্যুম্নের সেই আক্রমণ হইয়াছিল ॥২৮॥

তদনন্তর দ্রোণ একশতবাণদ্বারা ধৃষ্টদ্যুম্নের চর্ম্ম-(ঢাল) খানাকে এবং দশটা বাণদ্বারা তাঁহার তরবারিকে হস্ত হইতে বিচ্যুত করিলেন ॥২৯॥

তদনন্তর ইন্দ্র যেমন বজ্র নিক্ষেপ করেন, সেইরূপ দ্রোণ ত্বরান্বিত হইয়া কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া জীবননাশক অন্য একটা বাণ ধৃষ্টদ্যুম্নের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩০॥

তখন সাত্যকি আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণের কবলগত ধৃষ্টদ্যুম্নকে মুক্ত করিবার জন্য চৌদ্দটা বাণদ্বারা দ্রোণের সেই বাণটাকে ছেদন করিলেন ॥৩১॥

মাননীয় রাজা! এইভাবে শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সিংহগ্রস্ত হরিণের ন্যায় নরসিংহ-দ্রোণ-গ্রস্ত ধৃষ্টদ্যুম্নকে মুক্ত করিলেন ॥৩২॥

(৩০)···ধৃষ্টদ্যুম্নায় চিক্ষেপ ··নি। (৩১) তং চতুর্দ্দশভিস্তীক্ষ্ণৈর্বাণৈশ্চিচ্ছেদ· ·ব্যমোচয়ৎ—বা নি। (৩২)···দ্রোণাদ্বৈ···নি।

সাত্যকিং প্রেক্ষ্য গোপ্তারং পাঞ্চাল্যস্য মহাহবে।
শরাণাং ত্বরিতো দ্রোণঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥৩৩॥
ততো দ্রোণং শিনেঃ পৌত্রো গ্রসন্তমিব সৃঞ্জয়ান্।
প্রত্যবিধ্যচ্ছিতৈর্বাণৈঃ ষড়্‌বিংশত্যা স্তনান্তরে ॥৩৪॥
ততঃ সর্ব্বে রথাস্তূর্ণং পাঞ্চালা জয়গৃদ্ধিনঃ।
সাত্বতাভিস্থতে দ্রোণে ধৃষ্টদ্যুম্নমবাক্ষিপন্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ধৃষ্টদ্যুম্নমোক্ষণে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। গোপ্তারং রক্ষিতারম্। সমার্পয়ৎ সাত্যকিমেবাপীড়য়ৎ ॥৩৩॥

তত ইতি। শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৩৪॥

তত ইতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। সাত্বতেন সাত্যকিনা অভিস্থতে আক্রান্তে ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৯॥ কুঞ্জরাশ্বনরানিতি কাকাক্ষিবদুভয়ত্র যথাবিভক্তি সংবধ্যতে ॥১০—২৫॥ যুগসন্নহনেষু যুগবন্ধেষু ॥২৬—৩৪॥ অবাক্ষিপন্ অপনীতবন্তঃ ॥৩৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৪॥

——:০:——

সেই সময়ে সাত্যকি মহাযুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিলেন দেখিয়া দ্রোণ ত্বরান্বিত হইয়া ছাব্বিশটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৩৩॥

এবং দ্রোণ যেন সৃঞ্জয়গণকে গ্রাস করিতে লাগিলেন। সুতরাং সাত্যকিও ছাব্বিশটা বাণদ্বারা দ্রোণের বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন ॥৩৪॥

সাত্যকি দ্রোণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে, তখন জয়াভিলাষী পাঞ্চাল-দেশীয় রথীরা সকলে সত্বর ধৃষ্টদ্যুম্নকে অপসারিত করিলেন' ॥৩৫॥

———•::•———

(৩৪)···গ্রসন্তমপি · বা নি। * '···পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···সপ্তনবতি-তমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ।

———(:*:)———

ধৃতরাষ্ট্র উবাচ।

বাণে তস্মিন্ নিকৃত্তে তু ধৃষ্টদ্যুম্নে চ মোক্ষিতে।
তেন বৃষ্ণিপ্রবীরেণ যুযুধানেন সঞ্জয়! ॥১॥
অমর্ষিতো মহেষ্বাসঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
নরব্যাঘ্রে শিনেঃ পৌত্রে দ্রোণঃ কিমকরোত্তদা ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

সংপ্রদ্রুতঃ ক্রোধবিষো ব্যাদিতাস্যশরাসনঃ।
তীক্ষ্ণধারেষুদশনঃ শিতনারাচদংষ্ট্রবান্ ॥৩॥
সংরম্ভামর্ষতাম্রাক্ষো মহোরগ ইব শ্বসন্।
নরবীরঃ প্রমুদিতৈঃ শোণৈরশ্বৈর্মহাজবৈঃ ॥৪॥
উৎপতদ্ভিরিবাকাশং ক্রামদ্ভিরিব পর্ব্বতান্।
রুক্মপুঙ্খান্ শরানস্যন্ যুযুধানমুপাদ্রবৎ ॥৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বাণ ইতি। নিকৃত্তে ছিন্নে। যুযুধানেন সাত্যকিনা। শিনেঃ পৌত্রে সাত্যকৌ ॥১—২॥
সংপ্রেতি। অত্র মহোরগ ইবেত্যুপমানুসারাৎ সর্ব্বত্রোপমিতসমাস এব কার্য্যঃ। তথা চ ক্রোধো বিষমিব যস্য সঃ, ব্যাদিতাস্যং প্রকটিতবদনমিব শরাসনমাকৃষ্টং ধনুর্যস্য সঃ, তীক্ষ্ণধারা

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বৃষ্ণিবংশের প্রধান বীর সেই সাত্যকি দ্রোণের সেই বাণটাকে ছেদন এবং ধৃষ্টদ্যুম্নকে মোচন করিলে, তখন ক্রুদ্ধ, মহাধনুর্দ্ধর ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ নরশ্রেষ্ঠ সাত্যকির উপরে কিরূপ আচরণ করিলেন?' ॥১—২॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! নরবীর দ্রোণ তখন ক্রোধে ও অসহিষ্ণুতায় আরক্তনয়ন হইয়া দ্রুতগামী মহাসর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া স্বর্ণ-পুঙ্খ বাণ সকল নিক্ষেপ করতঃ ধৃষ্টদ্যুম্নের প্রতি ধাবিত হইলেন। তৎকালে দ্রোণের ক্রোধ হইয়াছিল বিষের তুল্য, আকৃষ্ট ধনুখানা ছিল—প্রকটিত মুখের

(২)···শিনেঃ পৌত্রম্···নি। (৩) সংপ্রক্ষতক্রোধবিষঃ···নি। (৫)···আকাশে··· পর্বতম্···নি।

CENTRAL LIBRARY

শরপাতমহাবর্ষং রথঘোষবলাহকম্।
কার্ম্মুকাকর্ষবিক্ষেপং নারাচবহুবিদ্যুতম্ ॥৬॥
শক্তিখড়্গাশনিধরং ক্রোধবেগসমুত্থিতম্।
দ্রোণমেঘমনাবার্য্যং হয়মারুতচোদিতম্ ॥৭॥
দৃষ্ট্বৈবাভিপতন্তং তং শূরঃ পরপুরঞ্জয়ঃ।
উবাচ সূতং শৈনেয়ঃ প্রহসন্ যুদ্ধদুর্ম্মদঃ ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইষবো বাণা দশনা দন্তা ইব যস্য সঃ, শিতাঃ সুধারা নারাচা দংষ্ট্রো দংষ্ট্রেব অস্য সন্তীতি সঃ। সংরম্ভেণ ক্রোধেন অমর্ষেণ অসহিষ্ণুতয়া চ তাম্রে তাম্রবর্ণে অক্ষিণী চক্ষুষী যস্য স তাদৃশশ্চ, নরবীরো দ্রোণঃ, সংপ্রদ্রুতো ধাবিতঃ, মহোরগো মহাসর্প ইব শ্বসন্, কঙ্কপুঙ্খান্ স্বর্ণখচিত-মূলদেশান্ শরান্, অস্যন্ নিক্ষিপন্, প্রমুদিতৈর্হৃষ্টৈঃ, শোণৈ রক্তবর্ণৈঃ, মহাজবৈর্মহাবেগৈঃ, আকাশমুৎপতদ্ভিরিব, পর্বতান্ ক্রামদ্ভির্লঙ্ঘয়দ্ভিরিব চ অশ্বৈঃ, যুযুধানং সাত্যকিম্, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩—৫॥

শরেতি। অত্রাপি দৃষ্ট্বৈবেত্যুপমায়াঃ সাধকত্বাৎ রূপকস্য চ বাধকত্বাদুপমিতসমাস এব কর্ত্তব্যঃ। শূরো যুদ্ধদুর্ম্মদঃ পরপুরঞ্জয়শ্চ শৈনেয়ঃ সাত্যকিঃ, শরাণাং পাতো বর্ষণং মহাবর্ষমিব যস্য তম্, রথঘোষো বলাহকো মেঘো মেঘনির্ঘোষ ইব যস্য তম্, কার্ম্মুকস্য আকর্ষ আকর্ষণং বিক্ষেপো বায়ুনা চালনমিব যস্য তম্, নারাচা বহবো বিদ্যুত ইব যস্য তম্, শক্তয়ঃ খড়্গাশ্চ অশনয়ো বজ্রা ইব তান্ ধরতীতি তম্, ক্রোধস্য বেগো বেগ ইব তেন সমুত্থিতমাগতম্, হয়া অশ্বা মারুতা বায়ব ইব তৈশ্চোদিতং প্রেরিতঞ্চ, অনাবার্য্যমন্যৈর্বারয়িতুমশক্যম্, তম্, দ্রোণো মেঘ ইব তম্, অভিপতন্তমাগচ্ছন্তম্, দৃষ্ট্বৈব, প্রহসন্, সূতং সারথিমুবাচ ॥৬—৮॥

সমান, তীক্ষ্ণধার বাণগুলি ছিল—দন্তসমূহের সদৃশ এবং সুধার নারাচগুলি ছিল—দংষ্ট্রার (মাড়ীর) তুল্য। আর তাঁহার হৃষ্ট, রক্তবর্ণ ও বেগবান্ অশ্বগণ যেন তৎকালে আকাশে উঠিতেছিল এবং পর্ব্বত লঙ্ঘন করিতেছিল ॥৩—৫॥

তখন মেঘের বিশাল বারিবর্ষণের ন্যায় দ্রোণের শরবর্ষণ চলিতেছিল, মেঘগর্জ্জনের তুল্য তাঁহার রথধ্বনি হইতেছিল, ধনুর আকর্ষণ বায়ুসঞ্চালনের সমান দেখা যাইতেছিল এবং নারাচগুলি বিদ্যুতের তুল্য প্রকাশ পাইতেছিল। আর দ্রোণ বজ্রের তুল্য শক্তি ও তরবারি ধারণ করিতেছিলেন, বায়ুবেগতুল্য ক্রোধবেগে উপস্থিত হইতেছিলেন এবং বায়ুর সমান অশ্বগণকর্ত্তৃক চালিত হইয়াছিলেন। এ হেন অনিবার্য্য দ্রোণকে মেঘের ন্যায় আসিতে দেখিয়াই বীর, যুদ্ধদুর্দ্ধর্ষ ও বিপক্ষনগরবিজয়ী সাত্যকি হাস্য করতঃ তাঁহার সারথিকে বলিলেন—॥৬—৮॥

CENTRAL LIBRARY

এতং বৈ ব্রাহ্মণং ক্রূরং স্বকর্ম্মণ্যনবস্থিতম্ ।
আশ্রয়ং ধার্ত্তরাষ্ট্রস্য রাজ্ঞো দুঃখভয়াবহম্ ॥৯॥
শীঘ্রং প্রজবিতৈরশ্বৈঃ প্রত্যুদ্‌যাহি প্রহৃষ্টবৎ ।
আচার্য্যং রাজপুত্রাণাং সততং শূরমানিনম্ ॥১০॥ (যুগ্মকম্)
ততো রজতসঙ্কাশা মাধবস্য হয়োত্তমাঃ ।
দ্রোণস্যাভিমুখাঃ শীঘ্রমগচ্ছন্ বাতরংহসঃ ॥১১॥
ততস্তৌ দ্রোণশৈনেয়ৌ যুযুধাতে পরন্তপৌ ।
শরৈরনেকসাহস্রৈস্তাড়য়ন্তৌ পরস্পরম্ ॥১২॥
ইষুজালাবৃতং ব্যোম চক্রতুঃ পুরুষর্ষভৌ ।
পূরয়ামাসতুর্বীরাবুভৌ দশ দিশঃ শরৈঃ ॥১৩॥
মেঘাবিবাতপাপায়ে ধারাভিরিতরেতরম্ ।
ন স্ম সূর্য্যস্তদা ভাতি ন ববৌ চ সমীরণঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতমিতি। স্বকর্ম্মণি ব্রাহ্মণকার্য্যে যাজনাদাবনবস্থিতম্। অত এবানেন সহ যুদ্ধে নাস্তি দোষ ইতি ভাবঃ। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। প্রজবিতৈর্বেগবদ্ভিঃ ॥৯—১০॥

তত ইতি। রজতসঙ্কাশা রৌপ্যবৎ শুভ্রাঃ, মাধবস্য মধুবংশীয়স্য সাত্যকেঃ ॥১১॥

তত ইতি। দ্রোণশৈনেয়ৌ দ্রোণসাত্যকী ॥১২॥

ইষ্বিতি। ইষুজালাবৃতং বাণসমূহাচ্ছাদিতম্। তপাপায়ে গ্রীষ্মাবসানে ॥১৩—১৪॥

'সারথি! এই ব্রাহ্মণ ক্রূরপ্রকৃতি, আপন কার্য্যে অনবস্থিত, দুর্য্যোধনের আশ্রয়, যুধিষ্ঠিরের দুঃখ ও ভয়ের কারণ, রাজপুত্রগণের অস্ত্রগুরু এবং সর্ব্বদা বীরাভিমানী। সুতরাং তুমি আনন্দিতের ন্যায় হইয়া বেগবান্ অশ্বগণের গুণে সত্বর উহার দিকে গমন কর' ॥৯—১০॥

তাহার পর রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ এবং বায়ুর তুল্য বেগবান্ সাত্যকির উত্তম অশ্বগণ সত্বর দ্রোণের অভিমুখে গমন করিল ॥১১॥

তদনন্তর শত্রুসন্তাপকারী দ্রোণ ও সাত্যকি বহুসহস্র বাণদ্বারা পরস্পর তাড়ন করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥১২॥

গ্রীষ্মাবসানে দুইটা মেঘ যেমন ধারাবর্ষণদ্বারা আকাশ আবৃত করে, সেইরূপ পুরুষশ্রেষ্ঠ দুই বীরই আকাশটাকে বাণজালে আবৃত করিলেন এবং বাণদ্বারা দশটা দিক্‌কেই পূর্ণ করিয়া ফেলিলেন। তখন সূর্য্য প্রকাশ পান নাই বা বায়ুও বহিত হয় নাই ॥১৩—১৪॥

(৯) এনং বৈ···ধর্ম্মরাজভয়াবহম্—নি, এনং বৈ···রাজ্ঞো দুঃখভয়াপহম্—বা।

ইষুজালাবৃতং ঘোরমন্ধকারং সমন্ততঃ।
অনাধৃষ্যমিবান্যেষাং শূরাণামভবত্তদা ॥১৫॥
অন্ধকারীকৃতে লোকে দ্রোণশৈনেয়য়োঃ শরৈঃ।
তয়োঃ শীঘ্রাস্ত্রবিদুষোর্দ্রোণসাত্বতয়োস্তদা।
নান্তরং শরবৃষ্টীনাং দদৃশে নরসিংহয়োঃ ॥১৬॥
ইষূণাং সন্নিপাতেন শব্দো ধারাভিঘাতজঃ।
শুশ্রুবে শক্রমুক্তানামশনীনামিব স্বনঃ ॥১৭॥
নারাচৈর্ব্যতিবিদ্ধানাং শরাণাং রূপমাবভৌ।
আশীবিষ-বিদষ্টানাং সর্পাণামিব ভারত! ॥১৮॥
তয়োর্জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুবে যুদ্ধশৌণ্ডয়োঃ।
অজস্রং শৈলশৃঙ্গাণাং বজ্রেণাহন্যতামিব ॥১৯॥
উভয়োস্তৌ রথৌ রাজন্! তে চাশ্বাস্তৌ চ সারথী।
রুক্মপুঙ্খৈঃ শরৈশ্ছন্নাশ্চিত্ররূপা বভূবুস্তদা ॥২০॥

ভারতকৌমুদী

ইষ্বিতি। যদা ব্যোম ইষুজালাবৃতমভবদিত্যর্থঃ। অনাধৃষ্যমনিবার্য্যম্ ॥১৫॥

অন্ধেতি। সাত্বতঃ সাত্বতবংশীয়ঃ সাত্যকিঃ। অন্তরং ছিদ্রম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

ইষূণামিতি। ধারয়া যোঽভিঘাত আঘাতস্তজ্জঃ। শক্রমুক্তানামিন্দ্রনিক্ষিপ্তানাম্ ॥১৭॥

নারাচৈরিতি। ব্যতিবিদ্ধানাং তাড়নানন্তরং শ্লিষ্টানাম্। আশীবিষৈর্বিদষ্টানাং মুখেন ধৃতানাম্ ॥১৮॥

তয়োরিতি। যুদ্ধে শৌণ্ডয়োর্মত্তয়োঃ। আহন্যতাম্ আহন্যমানানাম্ ॥১৯॥

উভয়োরিতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, ছন্না আবৃতাঃ ॥২০॥

আকাশ যখন বাণজালে আবৃত হইয়া গেল, তখন সকল দিকেই অন্য বীরগণের অনিবার্য্য ঘোর অন্ধকার হইয়া পড়িল ॥১৫॥

দ্রোণ ও সাত্যকির বাণ সমরভূমিকে অন্ধকারময় করিয়া ফেলিলে, সেই নরশ্রেষ্ঠ ও শীঘ্রাস্ত্রবিৎ দ্রোণ ও সাত্যকির বাণবৃষ্টির ফাঁক্ দেখা গেল না ॥১৬॥

বাণসমূহের পরস্পর আঘাতজাত শব্দ, ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রশব্দের ন্যায় শুনা যাইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন! নারাচ যাইয়া বাণগুলিকে বিদ্ধ করিলে, তীক্ষ্ণবিষ-সর্প-মুখ-সংস্পৃষ্ট অপর সর্পগণের ন্যায় সেগুলির আকৃতি প্রকাশ পাইতে থাকিল ॥১৮॥

বজ্রাহত পর্ব্বতশৃঙ্গের শব্দের ন্যায় যুদ্ধমত্ত দ্রোণ ও সাত্যকির ধনুষ্টঙ্কার অনবরত শুনা যাইতে লাগিল ॥১৯॥

নির্ম্মলানামজিহ্মানাং নারাচানাং বিশাংপতে ! ।
নির্ম্মুক্তাশীবিষাভানাং সম্পাতোঽভূৎ সুদারুণঃ ॥২১॥
উভয়োঃ পতিতে চ্ছত্রে তথৈব পতিতৌ ধ্বজৌ ।
উভৌ রুধিরসিক্তাঙ্গাবুভৌ চ বিজয়ৈষিণৌ ॥২২॥
স্রবদ্ভিঃ শোণিতং গাত্রৈঃ প্রস্রুতাবিব বারণৌ ।
অন্যোন্যমভ্যবিধ্যেতাং জীবিতান্তকরৈঃ শরৈঃ ॥২৩॥
গর্জিতোৎক্রুষ্টসন্নাদাঃ শঙ্খদুন্দুভিনিস্বনাঃ ।
উপারমন্মহারাজ ! ব্যাজহার ন কশ্চন ॥২৪॥
তূষ্ণীম্ভূতান্যনীকানি যোধা যুদ্ধাদুপারমন্ ।
দদৃশুর্দ্বৈরথং তাভ্যাং জাতকৌতূহলা জনাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

নির্ম্মলানামিতি। অজিহ্মানাং সরলানাম্। নির্ম্মুক্তাস্ত্যক্তত্বচো যে আশীবিষাস্তীক্ষ্ণবিষা দীর্ঘাকৃতয়ঃ সর্পাস্তদাভানাং তত্তুল্যানাম্, সম্পাতঃ পরস্পরসংঘর্ষঃ ॥২১॥

উভয়োরিতি। অভবতামিতি সর্ব্বত্র শেষঃ ॥২২॥

স্রবদ্ভিরিতি। স্রবদ্ভির্নিঃসারয়দ্ভিঃ। প্রস্রুতৌ মদস্রাবিণৌ, বারণৌ গজৌ ॥২৩॥

গর্জিতেতি। গর্জিতং গর্জনমুৎক্রুষ্টমাহ্বানঞ্চ তদ্রূপাঃ সন্নাদাঃ। ব্যাজহার উবাচ ॥২৪॥

তূষ্ণীমিতি। উপারমন্ বিরতাঃ। কুত ইত্যাহ দদৃশুরিতি। তাভ্যাং তয়োঃ ॥২৫॥

রাজা ! দ্রোণ ও সাত্যকি দুই জনেরই সেই রথ দুইখানা, সেই অশ্বগণ এবং সেই সারথি দুই জন স্বর্ণপুঙ্খ বাণে আবৃত হইয়া বিচিত্ররূপে প্রকাশ পাইতে থাকিল ॥২০॥

নরনাথ ! খোলসশূন্য সর্পের ন্যায় নির্ম্মল ও সরল নারাচসমূহের অতিদারুণ সংঘর্ষ হইতে লাগিল ॥২১॥

দ্রোণ ও সাত্যকি দুই জনেরই ছত্র ও ধ্বজ পতিত হইল এবং দুই জনেরই গাত্র রক্তে সিক্ত হইয়া গেল ; তথাপি তাঁহারা দুই জনই জয় করিবার চেষ্টা করিতে লাগিলেন ॥২২॥

দুইটা হাতীর গাত্র হইতে যেমন মদজল নির্গত হয়, সেইরূপ দুই জনের গাত্র হইতেই রক্ত নির্গত হইতে লাগিল। তথাপি তাঁহারা জীবননাশক বাণ-সমূহদ্বারা পরস্পর বিদ্ধ করিতে থাকিলেন ॥২৩॥

মহারাজ ! তৎকালে গর্জন ও আহ্বানের শব্দ এবং শঙ্খ ও দুন্দুভির ধ্বনি বিরত হইল ; আর কেহই কোন কথা কহিতে লাগিল না ॥২৪॥

(২৫)···দদর্শ দ্বৈরথম্···জাতকৌতূহলো জনঃ—বা নি,·· দদৃশে··· কৌতূহলো জনঃ—পি।

রথিনো হস্তিযন্তারো হয়ারোহাঃ পদাতিনঃ।
অবৈক্ষন্তাচলৈর্নেত্রৈঃ পরিবার্য্য রথর্ষভৌ ॥২৬॥
হস্ত্যনীকান্যতিষ্ঠন্ত তথানীকানি বাজিনাম্।
তথৈব রথবাহিন্যঃ প্রতিব্যূহ্য ব্যবস্থিতাঃ ॥২৭॥
মুক্তাবিদ্রুমচিত্রৈশ্চ মণিকাঞ্চনভূষিতৈঃ।
ধ্বজৈরাভরণৈশ্চিত্রৈঃ কবচৈশ্চ হিরণ্ময়ৈঃ ॥২৮॥
বৈজয়ন্তীপতাকাভিঃ পরিস্তোমাঙ্গকম্বলৈঃ।
বিমলৈর্নিশিতৈঃ শস্ত্রৈর্হয়ানাঞ্চ প্রকীর্ণকৈঃ ॥২৯॥
জাতরূপময়ীভিশ্চ রাজতীভিশ্চ মূর্দ্ধসু।
গজানাং কুম্ভমালাভির্দন্তবেষ্টৈশ্চ ভারত! ॥৩০॥
সবলাকাঃ সখদ্যোতাঃ সৈরাবতশতহ্রদাঃ।
অদৃশ্যন্তোঞ্চপর্য্যায়ে মেঘানামিব বাণ্ডরাঃ ॥৩১॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

রথিন ইতি। হস্তিনাং যন্তারশ্চালকাঃ, হয়ারোহা অশ্বারোহিণঃ ॥২৬॥

হস্তীতি। অনীকানি সৈন্যানি। রথানাং বাহিন্যঃ সৈন্যানি ॥২৭॥

মুক্তেতি। হিরণ্ময়ৈঃ স্বর্ণময়ৈঃ। বৈজয়ন্ত্যো বিচিত্রাঃ পতাকাঃ, পতাকাশ্চ তদিতরাস্তাভিঃ, পরিস্তোমানি গজাদীনাং পৃষ্ঠাস্তরণানি অঙ্গকম্বলানি চ তৈঃ। প্রকীর্ণকৈশ্চামরৈঃ। জাতরূপময়ীভিঃ স্বর্ণময়ীভিঃ, রাজতীভিঃ রৌপ্যময়ীভিঃ। দন্তবেষ্টৈর্দন্তাবরণৈশ্চ হেতুভিঃ। বলাকয়া বকশ্রেণ্যা সহেতি সবলাকাঃ। মুক্তারজতাদীনাং সাদৃশ্যার্থমিদম্। খদ্যোতৈ-

ভারতভাবদীপঃ

বাণ ইতি ॥১—৫॥ কার্ম্মুকাকর্ষ এব বিক্ষেপ আসারপ্রধানং যস্য ॥৬—১৫॥ অন্তরমবচ্ছেদঃ ॥১৬—২৬॥ রথবাহিন্যো রথসেনাঃ ॥২৭—২৮॥ বৈজয়ন্তীবিলক্ষণাভিঃ পতাকাভিঃ

সমস্ত সৈন্যই নীরব হইল, যোদ্ধারা যুদ্ধ হইতে বিরত হইলেন এবং সমস্ত লোক কৌতূহলান্বিত হইয়া তাঁহাদের দ্বৈরথ যুদ্ধ দেখিতে লাগিল ॥২৫॥

রথীরা, হস্তিচালকেরা, অশ্বারোহীরা ও পদাতিরা সেই রথিশ্রেষ্ঠ দুই জনকে পরিবেষ্টন করিয়া নির্নিমেষ নয়নে তাঁহাদের যুদ্ধ দেখিতে থাকিলেন ॥২৬॥

হস্তিসৈন্য, অশ্বসৈন্য এবং রথিসৈন্যেরাও ব্যূহ রচনা করিয়া অবস্থান করিতে লাগিল ॥২৭॥

ভরতনন্দন! মুক্তা ও প্রবালে খচিত থাকায় বিচিত্র এবং মণি ও স্বর্ণে ভূষিত ধ্বজ, বিচিত্র অলঙ্কার, স্বর্ণময় কবচ, বিচিত্র পতাকা, সাধারণ পতাকা,

(২৬)··· হয়ারোহাঃ পদাতয়ঃ···বা নি।

CENTRAL LIBRARY

অপশ্যন্নস্মদীয়াশ্চ তে চ যৌধিষ্ঠিরাঃ স্থিতাঃ।
তদ্‌যুদ্ধং যুযুধানস্য দ্রোণস্য চ মহাত্মনঃ ॥৩২॥
বিমানাগ্রগতা দেবা ব্রহ্মসোমপুরোগমাঃ।
সিদ্ধচারণসংঘাশ্চ বিদ্যাধরমহোরগাঃ ॥৩৩॥
গতপ্রত্যাগতাক্ষেপৈশ্চিত্রৈঃ শস্ত্রবিঘাতিভিঃ।
বিবিধৈর্বিস্ময়ং জগ্মুস্তয়োঃ পুরুষসিংহয়োঃ ॥৩৪॥ (যুগ্মকম্)
হস্তলাঘবমস্ত্রেষু দর্শয়ন্তৌ মহাবলৌ।
অন্যোন্যমভ্যবিধ্যেতাং শরৈস্তৌ দ্রোণসাত্যকী ॥৩৫॥
ততো দ্রোণস্য দাশার্হঃ শরাংশ্চিচ্ছেদ সংযুগে।
পত্রিভিঃ সুদৃঢ়ৈরাশু ধনুশ্চৈব মহাদ্যুতেঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

জ্যোতিরিঙ্গণৈঃ সহেতি সখদ্যোতাঃ। মণিকাঞ্চনাদীনাং সাম্যার্থমিদম্। ঐরাবতেন ইন্দ্রধনুষা শতহ্রদয়া বিদ্যুতা চ সহেতি সৈরাবতশতহ্রদাঃ। বিক্রমাদীনামৌপম্যার্থমেতৎ। অদৃশ্যন্ত সেনাঃ, উষ্ণপর্য্যায়ে গ্রীষ্মাবসানে, বাণ্ডরা জালানি ॥২৮—৩১॥

অপশ্যন্নিতি। অস্মদীয়াঃ সৈনিকাঃ। যুযুধানস্য সাত্যকেঃ ॥৩২॥

বিমানেতি। সোমশ্চন্দ্রঃ। আক্ষেপ আকর্ষণম্। বিবিধৈর্ব্যাপারৈঃ ॥৩৩—৩৪॥

হস্তেতি। অস্ত্রেষু অস্ত্রপ্রয়োগেষু, হস্তয়োর্লাঘবং ক্রতত্বম্ ॥৩৫॥

হস্তী ও অশ্বপ্রভৃতির পৃষ্ঠের আস্তরণ ও গাত্রকম্বল, নির্ম্মল ও সুধার অস্ত্র, অশ্বের চামর এবং হস্তিমস্তকের স্বর্ণময় ও রৌপ্যময় কুম্ভমালা, আর দন্তের আবরণ থাকায় বর্ষাকালে বকশ্রেণী, খদ্যোতপঙ্‌ক্তি, ইন্দ্রধনু ও বিদ্যুৎসমন্বিত মেঘমালার ন্যায় সেই সেনাকে দেখা যাইতে লাগিল ॥২৮—৩১॥

আমাদের ও যুধিষ্ঠিরের সৈন্যেরা দাঁড়াইয়া দাঁড়াইয়া মহাত্মা দ্রোণ ও সাত্যকির সেই যুদ্ধ দেখিতে থাকিল ॥৩২॥

আর বিমানস্থিত ব্রহ্মা ও চন্দ্রপ্রভৃতি দেবতারা, সিদ্ধ ও চারণগণ এবং বিদ্যাধর ও নাগসমূহ সেই পুরুষশ্রেষ্ঠ দ্রোণ ও সাত্যকির বিচিত্র গমন, প্রত্যাগমন ও পরস্পর আকর্ষণ, আর অস্ত্রনিবারক নানাবিধ ব্যাপার দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৩৩—৩৪॥

সেই মহাবল দ্রোণ ও সাত্যকি অস্ত্রপ্রয়োগে হস্তলাঘব দেখাইতে থাকিয়া বাণদ্বারা পরস্পর বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৫॥

(৩৫)···অন্যোন্যমভিবিধ্যেতাম্···বা নি।

নিমেষান্তরমাত্রেণ ভারদ্বাজোঽপরং ধনুঃ।
সজ্যং চকার তদপি চিচ্ছেদাস্য স সাত্যকিঃ ॥৩৭॥
ততস্ত্বরন্ পুনর্দ্রোণো ধনুর্হস্তো ব্যতিষ্ঠত।
সজ্যং সজ্যং ধনুশ্চাস্য চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ ॥৩৮॥
ততোঽস্য সংযুগে দ্রোণো দৃষ্ট্বা কর্ম্মাতিমানুষম্।
যুযুধানস্য রাজেন্দ্র! মনসৈতদচিন্তয়ৎ ॥৩৯॥
এতদস্ত্রবলং রামে কার্ত্তবীর্য্যে ধনঞ্জয়ে।
ভীষ্মে বা পুরুষব্যাঘ্রে যদিদং সাত্বতাং বরে।
তকাস্য মনসা দ্রোণঃ পূজয়ামাস বিক্রমম্ ॥৪০॥

ভারতকৌমুদী

তত ইতি। দাশার্হো দাশার্হবংশীয়ঃ সাত্যকিঃ। পত্রিভির্বাণৈঃ ॥৩৬॥
নিমেষেতি। ভারদ্বাজো দ্রোণঃ। সজ্যম্ আরোপিতগুণকম্ ॥৩৭॥
তত ইতি। ত্বরন্ ত্বরমাণঃ। চিচ্ছেদ সাত্যকিরেব ॥৩৮॥
তত ইতি। সংযুগে যুদ্ধে। যুযুধানস্য সাত্যকেঃ ॥৩৯॥
এতদিতি। রামে জামদগ্ন্যে। সাত্বতাং বরে সাত্যকৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

তদনন্তর সাত্যকি অতিদৃঢ় বাণসমূহদ্বারা সত্বর মহাতেজা দ্রোণের বাণ সকল ও ধনু ছেদন করিলেন ॥৩৬॥

পরে দ্রোণ নিমেষমধ্যে অন্য ধনু লইয়া তাহাতে গুণারোপণ করিলেন; সাত্যকি তাহাও ছেদন করিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহার পর দ্রোণ পুনরায় সত্বর অন্য ধনু গ্রহণ করিয়া দাঁড়াইলেন; কিন্তু সাত্যকি নিশিত শরসমূহদ্বারা তাহাও ছেদন করিলেন। এইভাবে দ্রোণ যত বার ধনু লইয়া গুণারোপণ করিলেন, ততবারই সাত্যকি তাহা ছেদন করিলেন ॥৩৮॥

রাজশ্রেষ্ঠ! তৎপরে দ্রোণ যুদ্ধে সাত্যকির সেই অলৌকিক কার্য্য দেখিয়া মনে মনে এইরূপ চিন্তা করিলেন ॥৩৯॥

'সাত্বতশ্রেষ্ঠ সাত্যকির এই যে অস্ত্রবল দেখিতেছি, ঈদৃশ অস্ত্রবল পরশুরাম, কার্ত্তবীর্য্যার্জ্জুন ও পুরুষশ্রেষ্ঠ ভীষ্মের ছিল এবং অর্জ্জুনের আছে'। পরে দ্রোণ মনে মনে সাত্যকির সেই বিক্রমের প্রশংসা করিলেন ॥৪০॥

(৩৮)···চিচ্ছেদ নব সপ্ত চ—বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ "এবমেকশতং ছিন্নং ধনুষাং দৃঢ়ধন্বিনা। ন চান্তরং তয়োর্দৃষ্টং সন্ধানে ছেদনেঽপি চ॥" অয়মধিকঃ শ্লোকঃ বা নি।

CENTRAL LIBRARY

লাঘবং বাসবস্যেব সংপ্রেক্ষ্য দ্বিজসত্তমঃ।
তুতোষাস্ত্রবিদাং শ্রেষ্ঠস্তথা দেবাঃ সবাসবাঃ ॥৪১॥
ন তামালক্ষয়ামাসুর্লঘুতাং চিত্রযোধিনঃ।
দেবাশ্চ যুযুধানস্য গন্ধর্বাশ্চ বিশাংপতে!।
সিদ্ধচারণসংঘাশ্চ বিদুর্দ্রোণস্য কর্ম্ম তৎ ॥৪২॥
ততোঽন্যদ্ধনুরাদায় দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
অস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো যোধয়ামাস ভারত! ॥৪৩॥
তস্যাস্ত্রাণ্যস্ত্রমায়াভিঃ প্রতিহত্য স সাত্যকিঃ।
জঘান নিশিতৈর্বাণৈস্তদদ্ভুতমিবাভবৎ ॥৪৪॥
তস্যাতিমানুষং কর্ম্ম দৃষ্ট্বান্যৈরসমং রণে।
যুক্তং যোগেন যোগজ্ঞাস্তাবকাঃ সমপূজয়ন্ ॥৪৫॥

ভারতকৌমুদী

লাঘবমিতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্, বাসবস্য ইন্দ্রস্য ॥৪১॥
নেতি। আলক্ষয়ামাসুরন্যত্র দদৃশুঃ। তৎ তাদৃশম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৪২॥
তত ইতি। যোধয়ামাস যুযুধে। স্বার্থে ইন্ ॥৪৩॥
তস্যেতি। অস্ত্রাণাং মায়াভিঃ কৌশলৈঃ। একদোভয়করণমেবাদ্ভুতম্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

পরিস্তোমৈর্বর্ণকম্বলৈঃ অঙ্গকম্বলৈঃ সূক্ষ্মকম্বলৈঃ ॥২৯—৩০॥ ঐরাবতমিন্দ্রধনুঃ ॥৩১॥ উষ্ণস্য পর্য্যায়ে অপগমে ॥৩২-৩৩॥ প্রত্যাগতং নিবর্ত্তনম্, অক্ষেপঃ প্রহরণম্ ॥৩৪-৪১॥ আলক্ষয়ামাসু-

তখন ব্রাহ্মণশ্রেষ্ঠ ও অস্ত্রজ্ঞ প্রধান দ্রোণ ইন্দ্রের ন্যায় সাত্যকির সেই লঘুহস্ততা দেখিয়া সন্তুষ্ট হইলেন এবং ইন্দ্রের সহিত দেবতারাও সন্তোষ লাভ করিলেন ॥৪১॥

নরনাথ! ক্রমে দেবগণ, গন্ধর্ব্বগণ ও সিদ্ধচারণগণ বিচিত্রযোধী দ্রোণ ও সাত্যকি ভিন্ন অন্যত্র সেরূপ লঘুহস্ততা দেখেন নাই বলিয়া দ্রোণ এবং সাত্যকিরই সেইরূপ কার্য্য হইতে পারে এইরূপ মনে করিলেন ॥৪২॥

ভরতনন্দন! তাহার পর অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও ক্ষত্রিয়বিজয়ী দ্রোণ অন্য ধনু লইয়া নানাবিধ অস্ত্রদ্বারা যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

তখন সাত্যকি আপন অস্ত্রনৈপুণ্যে দ্রোণের অস্ত্র প্রতিহত করিয়া সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে আঘাত করিতে থাকিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৪৪॥

যদস্ত্রমস্যতি দ্রোণস্তদেবাস্যতি সাত্যকিঃ।
তমাচার্য্যোঽপ্যসংভ্রান্তোঽযোধয়চ্ছত্রুতাপনঃ ॥৪৬॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ধনুর্বেদস্য পারগঃ।
বধায় যুযুধানস্য দিব্যমস্ত্রমুদৈরয়ৎ ॥৪৭॥
তদাগ্নেয়ং মহাঘোরং রিপুঘ্নমুপলক্ষ্য সঃ।
দিব্যমস্ত্রং মহেষ্বাসো বারুণং সমুদৈরয়ৎ ॥৪৮॥
হাহাকারো মহানাসীদ্দৃষ্ট্বা দিব্যাস্ত্রধারিণৌ।
ন বিচেরুস্তদাকাশে ভূতান্যাকাশগান্যপি ॥৪৯॥
অস্ত্রে তে বারুণাগ্নেয়ে তাভ্যাং বাণাসনাহিতে।
ন তাবদভ্যপদ্যেতাং ব্যাবর্ত্তদথ ভাস্করঃ ॥৫০॥

ভারতকৌমুদী

তস্যেতি। যোগেন অস্ত্রপ্রয়োগোপায়েন, যোগজ্ঞা অস্ত্রপ্রয়োগোপায়বিদঃ ॥৪৫॥
যদিতি। অস্যতি ক্ষিপতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ ॥৪৬॥
তত ইতি। যুযুধানস্য সাত্যকেঃ। উদৈরয়ৎ নিক্ষেপুমুদযচ্ছৎ ॥৪৭॥
তদিতি। দিবি ভবং দিব্যমলৌকিকম্। সমুদৈরয়ৎ নিক্ষেপুমুদযুক্তবান্ ॥৪৮॥
হাহেতি। আকাশগানি ভূতানি বিহঙ্গাদয়ঃ প্রাণিনোঽপি ॥৪৯॥

মহারাজ! আপনার পক্ষের অস্ত্রোপায়জ্ঞ লোকেরা সাত্যকির সেই অলৌকিক, অন্যের সহিত অতুলনীয় ও উপায়যুক্ত কর্ম্ম দেখিয়া তাহার প্রশংসা করিতে লাগিল ॥৪৫॥

দ্রোণ যে অস্ত্র ক্ষেপ করেন, সাত্যকিও সেই অস্ত্রই ক্ষেপ করেন। শত্রুতাপন আচার্য্যও অবিচলিত থাকিয়া সাত্যকির সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৬॥

মহারাজ! তদনন্তর ধনুর্বেদের পারগামী দ্রোণ ক্রুদ্ধ হইয়া সাত্যকিকে বধ করিবার জন্য অলৌকিক অস্ত্র নিক্ষেপ করিবার উদ্যোগ করিলেন ॥৪৭॥

মহাভয়ঙ্কর ও শত্রুনাশক সেই আগ্নেয় অস্ত্র দেখিয়া মহাধনুর্দ্ধর সাত্যকিও অলৌকিক বারুণাস্ত্র ক্ষেপ করিবার আয়োজন করিলেন ॥৪৮॥

তখন দ্রোণ ও সাত্যকিকে অলৌকিকাস্ত্রধারী দেখিয়া উভয়সৈন্যমধ্যেই বিশাল হাহাকার উপস্থিত হইল এবং আকাশগামী প্রাণীরাও ভয়ে আকাশে বিচরণ করিতে লাগিল না ॥৪৯॥

(৪৬)···তমাচার্য্যোঽথ সংভ্রান্তঃ···বা নি। (৫০)··ন যাবদভ্যপদ্যেতাম্···পি,··· বাণসমাহিতে। ন যাবৎ···বা,···বাণৈঃ সমাহিতে। ন যাবৎ···নি।

ততো যুধিষ্ঠিরো রাজা ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
নকুলঃ সহদেবশ্চ পর্য্যরক্ষন্ত সাত্যকিম্ ॥৫১॥
ধৃষ্টদ্যুম্নমুখৈঃ সার্দ্ধং বিরাটশ্চ সকেকয়ঃ।
মৎস্যাঃ শাল্বেয়সেনাশ্চ দ্রোণমাজগ্মুরঞ্জসা ॥৫২॥
দুঃশাসনং পুরস্কৃত্য রাজপুত্রাঃ সহস্রশঃ।
দ্রোণমভ্যুপপদ্যন্ত সপত্নৈঃ পরিবারিতম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

নন্থ তয়োর্দিব্যাস্ত্রয়োঃ কা কা নাম ক্রিয়া তদানীমভবৎ, যেন মহান্ হাহাকার আসীদিত্যাহ অস্ত্রে ইতি। তাভ্যাং সাত্যকিদ্রোণাভ্যাম্, বাণান্ অস্ত্রতঃ ক্ষিপত আভ্যামিতি বাণাসনে ধনুষী তয়োরাহিতে স্থাপিতে, তে বারুণাগ্নেয়ে অস্ত্রে, ন তাবৎ অভ্যপদ্যেতাং ক্ষেপানন্তরমপি প্রভাবং নালভেতাম্, বারুণাস্ত্রেণাগ্নেয়াস্ত্রপ্রতিহননাৎ, তেনৈব বারুণাস্ত্রস্যাপ্যুপক্ষীণত্বাদিত্যাশয়ঃ। অথ অনন্তরম্, ভাস্করো ব্যাবর্ত্তৎ ব্যাবর্ত্তত গগনপশ্চিমভাগে অপাসরদিত্যর্থঃ ॥৫০॥

তত ইতি। পাণ্ডবপদমপরযুধিষ্ঠিরাদিব্যাবৃত্ত্যর্থম্ ॥৫১॥

ধৃষ্টেতি। দ্রোণমাক্রমিতুমিতি শেষঃ, অঞ্জসা দ্রুতম্ ॥৫২॥

দুঃশাসনমিতি। অভ্যুপপদ্যন্ত রক্ষিতুং প্রাপ্নুবন্। অড়াগমাভাব আর্ষঃ। সপত্নৈঃ শত্রুভিঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

লক্ষিতবন্তঃ। বিদুর্নেত্যনুষজ্যতে ॥৪২—৪৪॥ যোগেন সঙ্গত্যা ॥৪৫—৪৯॥ ন তাবদনুষজ্যেতাং যাবদেব ন পরাভূতে ব্যাবর্ত্তৎ মধ্যাহ্নতঃ পরাবৃত্তোঽভূৎ ॥৫০—৫৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৫॥

দ্রোণ ও সাত্যকি আপন আপন ধনুতে সেই আগ্নেয়াস্ত্র ও বারুণাস্ত্র স্থাপনপূর্ব্বক নিক্ষেপ করিলেও (পরস্পর প্রতিহত হইয়া গেল বলিয়া) কোন প্রভাব প্রকাশ করিতে পারে নাই। তাহার পর সূর্য্য আকাশের পশ্চিম দিকে সরিয়া গেলেন ॥৫০॥

তদনন্তর পাণ্ডুনন্দন রাজা যুধিষ্ঠির, ভীমসেন, নকুল ও সহদেব আসিয়া সকল দিক্ হইতে সাত্যকিকে রক্ষা করিতে প্রবৃত্ত হইলেন ॥৫১॥

বিরাটরাজা, কেকয়গণ এবং মৎস্য ও শাল্বদেশীয় সৈন্যগণ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতির সহিত মিলিত হইয়া সত্বর দ্রোণকে আক্রমণ করিবার জন্য আগমন করিলেন ॥৫২॥

এদিকেও সহস্র সহস্র রাজপুত্র দুঃশাসনকে অগ্রবর্ত্তী করিয়া শত্রুপরিবেষ্টিত দ্রোণকে রক্ষা করিবার জন্য উপস্থিত হইলেন ॥৫৩॥

ততো যুদ্ধমভূদ্রাজন্! তেষাং তব চ ধন্বিনাম্।
রজসা সংবৃতে লোকে শরজালৈঃ সমাবৃতে ॥৫৪॥
সর্বমাবিগ্নমভবন্ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
সৈন্যে চ রজসা ধ্বস্তে নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপরাক্রমে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ষড়শীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।
বিবর্ত্তমানে ত্বাদিত্যে তত্রাস্তশিখরং প্রতি।
রজসা কীর্য্যমাণে চ মন্দীভূতে দিবাকরে ॥১॥
তিষ্ঠতাং যুধ্যমানানাং পুনরাবর্ত্ততামপি।
ভজ্যতাং জয়তাঞ্চৈব জগাম তদহঃ শনৈঃ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। রজসা ধূল্যা, লোকে উভয়পক্ষীয়যোদ্ধৃজনে ॥৫৪॥
সর্বমিতি। আবিগ্নমুদ্বিগ্নম্। ধ্বস্তে তিরোহিতে, নির্ম্মর্য্যাদং বিশৃঙ্খলং যুদ্ধম্ ॥৫৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ইত্থং ব্যূহসম্মুখযুদ্ধমভিধায়েদানীং প্রস্তুতমেবার্জ্জুনস্য জয়দ্রথাভিগমনমভিধাতুমাহ

রাজা! তৎপরে উভয়পক্ষের যোদ্ধারাই ধূলিজাল ও শরজালে আবৃত হইয়া গেলে, পাণ্ডবপক্ষের ও আপনার পক্ষের ধনুর্দ্ধরগণের যুদ্ধ হইতে লাগিল ॥৫৪॥

সকলেই উদ্বিগ্ন হইল; আর সৈন্যেরা ধূলিজালে আবৃত হইয়া গেলে, কিছুই জানা গেল না এবং বিশৃঙ্খলভাবে যুদ্ধ চলিতে লাগিল' ॥৫৫॥

সঞ্জয় বলিলেন—'তখন সূর্য্য অস্তাচলশৃঙ্গের দিকে যাইতে লাগিলে, ধূলি

* 'ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...অষ্টনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

তথা তেষু বিষক্তেষু সৈন্যেষু জয়গৃদ্ধিষু।
অর্জ্জুনো বাসুদেবশ্চ সৈন্ধবায়ৈব জগ্মতুঃ ॥৩॥
রথমার্গপ্রমাণন্তু কৌন্তেয়ো নিশিতৈঃ শরৈঃ।
চকার তত্র পন্থানং যযৌ যেন জনার্দ্দনঃ ॥৪॥
যত্র যত্র রথো যাতি পাণ্ডবস্য মহাত্মনঃ।
তত্র তত্রৈব দীর্য্যন্তে সেনাস্তব বিশাংপতে! ॥৫॥
রথশিক্ষান্তু দাশার্হো দর্শয়ামাস বীর্য্যবান্।
উত্তমাধমমধ্যানি মণ্ডলানি বিদর্শয়ন্ ॥৬॥
তে তু নামাঙ্কিতাঃ পীতাঃ কালজ্বলনসন্নিভাঃ।
স্নায়ুনদ্ধাঃ সুপর্বাণঃ পৃথবো দীর্ঘগামিনঃ ॥৭॥

ভারতকৌমুদী

বিবর্ত্তেতি। বিবর্ত্তমানে গচ্ছতি। রজসা ধূলিজালেন, কীর্য্যমাণে সৈন্যে আব্রিয়মাণে, মন্দীভূতে অল্পীভূততাপে চ সতি। আবর্ত্ততাং যুদ্ধায়াগচ্ছতাম্। ভজ্যতাং পরাজীয়মানানাম্ ॥১—২॥

তথেতি। বিষক্তেষু পরস্পরং মিলিতেষু, জয়গৃদ্ধিষু জয়াভিলাষিষু ॥৩॥

রথেতি। কৌন্তেয়োঽর্জ্জুনঃ। চকার সৈন্ধবসংহারেণেত্যর্থঃ ॥৪॥

পথঃ করণস্য সৌকর্য্যমপ্যাহ যত্রেতি। দীর্য্যন্তে ভয়াদপসরন্তি স্ম ॥৫॥

রথেতি। রথশিক্ষাং রথচালনদক্ষতাম্, দাশার্হঃ কৃষ্ণঃ ॥৬॥

উঠিয়া সৈন্যগণকে আবৃত করিলে এবং সূর্য্যের উত্তাপ অল্প হইয়া গেলে, উভয়পক্ষেরই বহুসৈন্য দাঁড়াইয়া রহিল, অনেকে যুদ্ধ করিতে লাগিল, কতকগুলি আবার ফিরিয়া আসিল, কেহ কেহ পরাজিত হইল এবং বহু যোদ্ধা জয় করিল; এই অবস্থায় সেই দিনটা ধীরে ধীরে চলিয়া যাইতে লাগিল ॥১—২॥

জয়াভিলাষী সেই সৈন্যেরা সেইভাবে পরস্পর মিলিত হইলে, অর্জ্জুন ও কৃষ্ণ জয়দ্রথের দিকেই যাইতে লাগিলেন ॥৩॥

অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা রথ চলিবার পরিমাণে পথ করিতে লাগিলেন, যে পথে কৃষ্ণ যাইতে থাকিলেন ॥৪॥

নরনাথ! মহাত্মা অর্জ্জুনের রথ যেখানে যেখানে যাইতে লাগিল, সেইখানে সেইখানেই আপনার সৈন্যেরা বিদীর্ণ হইয়া অপসৃত হইতে থাকিল ॥৫॥

বলবান্ কৃষ্ণ উত্তম, মধ্যম ও অধম মণ্ডলগতি দেখাইতে থাকিয়া রথচালননৈপুণ্য দেখাইতে থাকিলেন ॥৬॥

(৭)…স্নায়ুবদ্ধাঃ…বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

বৈণবাশ্চায়সাশ্চোগ্রা গ্রসন্তো বিবিধানরীন্।
রুধিরং পতগৈঃ সার্দ্ধং প্রাণিনাং পপুরাহবে ॥৮॥ (যুগ্মকম্)
রথস্থিতোঽগ্রতঃ ক্রোশং যানস্যত্যর্জ্জুনঃ শরান্।
রথে ক্রোশমতিক্রান্তে তস্য তে ঘ্নন্তি শাত্রবান্ ॥৯॥
তার্ক্ষ্যমারুতরংহোভির্ব্বাজিভিঃ সাধুবাহিভিঃ।
তদাগচ্ছদ্ধৃষীকেশঃ কৃৎস্নং বিস্মাপয়ন্ জগৎ ॥১০॥
ন তথা গচ্ছতি রথস্তপনস্য বিশাংপতে!।
নেন্দ্রস্য ন চ রুদ্রস্য নাপি বৈশ্রবণস্য চ ॥১১॥
নান্যস্য সমরে রাজন্! গতপূর্ব্বস্তথা রথঃ।
তস্মাজ্জহি রণে পার্থ! ধার্ত্তরাষ্ট্রং কুলাধমম্।
যথেন্দ্রেণ হতঃ পূর্ব্বং জম্ভো দেবাসুরে মৃধে ॥৫৯॥
অস্মিন্ হতে ত্বয়া সৈন্যমনাথং ভিদ্যতামিদম্।
বৈরস্যাস্যাস্ত্ববভৃথো মূলং ছিন্ধি দুরাত্মনাম্ ॥৬০॥

ভারতকৌমুদী

নিকৃত্যেতি। নিকৃত্যা শাঠ্যেন। পরিক্লেশং বস্ত্রহরণাদিনা, কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ ॥৫৬॥
দিষ্ট্যেতি। গোচরে বিষয়ে। প্রতিঘাতায় বাধনায়, কার্য্যস্য জয়দ্রথবধস্য ॥৫৭॥
দিষ্ট্যেতি। কামা অভীষ্টবিষয়াঃ, অকামিতা ইতঃ পূর্ব্বমসম্ভাবিতাঃ ॥৫৮॥
তস্মাদিতি। জম্ভো নামাসুরঃ, মৃধে যুদ্ধে ॥৫৯॥
অস্মিন্নিতি। অবভৃথো যজ্ঞাবসানং সমাপ্তিরিত্যর্থঃ, মূলং প্রধানম্ ॥৬০॥

অতএব পৃথানন্দন! কোন বিচার না করিয়া যুদ্ধবিষয়ে সৎ বুদ্ধি করিয়া সর্ব্বদা দুর্জ্জন, ক্ষুদ্রপ্রকৃতি, নিষ্ঠুরস্বভাব ও স্বেচ্ছাচারী সেই দুর্য্যোধনটাকে বধ কর ॥৫৫॥

পাণ্ডুনন্দন! শঠতাপূর্ব্বক রাজ্যহরণ, বনবাসে প্রেরণ এবং সর্বতোভাবে দ্রৌপদীর ক্লেশ উৎপাদন স্মরণ করিয়া পরাক্রম প্রকাশ কর ॥৫৬॥

অর্জ্জুন! ভাগ্যবশতই আজ দুর্য্যোধন তোমার বাণের পথে রহিয়াছে এবং ভাগ্যবশতই এ, কর্ত্তব্য কার্য্যের ব্যাঘাত করিবার জন্য সম্মুখে পড়িয়াছে ॥৫৭॥

ভাগ্যক্রমেই জানিয়াছে যে, রণস্থলে তোমার সহিত যুদ্ধ করিতে হইবে। আর ভাগ্যক্রমেই আজ পূর্ব্বে অসম্ভাবিত সমস্ত অভীষ্ট বিষয় সফল হইতে চলিয়াছে ॥৫৮॥

অতএব অর্জ্জুন! পূর্ব্বকালে ইন্দ্র যেমন দেবাসুরযুদ্ধে জম্ভাসুরকে বধ করিয়াছিলেন, তুমিও আজ সেইরূপ যুদ্ধে কুরুকুলাধম দুর্য্যোধনকে বধ কর ॥৫৯॥

(৬০)···বৈরস্য দিষ্ট্যা সহজং মূলম্···নি।

সঞ্জয় উবাচ।

তং তথেত্যব্রবীৎ পার্থঃ কৃত্যরূপমিদং মম।
সর্বমন্যদনাদৃত্য গচ্ছ যত্র সুযোধনঃ ॥৬১॥
যেনৈতদ্দীর্ঘকালং নো ভুক্তং রাজ্যমকণ্টকম্।
অপাস্য যুধি বিক্রম্য চ্ছিন্দ্যাং মূর্দ্ধানমাহবে ॥৬২॥
অপি তস্যা হ্যনর্হায়াঃ পরিক্লেশস্য মাধব!।
কৃষ্ণায়াঃ শক্নুয়াং গন্তুং পদং কেশপ্রধর্ষণে ॥৬৩॥
ইত্যেবংবাদিনৌ কৃষ্ণৌ হৃষ্টৌ শ্বেতান্ হয়োত্তমান্।
প্রেষয়ামাসতুঃ সংখ্যে প্রেপ্সন্তৌ তং নরাধিপম্ ॥৬৪॥
তয়োঃ সমীপং সংপ্রাপ্য পুত্রস্তে ভরতর্ষভ!।
ন চকার ভয়ং প্রাপ্তে ভয়ে মহতি মারিষ! ॥৬৫॥

ভারতকৌমুদী

তমিতি। কৃত্যরূপম্ অবশ্যকর্ত্তব্যম্। সর্বং কার্য্যম্, অনাদৃত্য পরিহায় ॥৬১॥
যেনেতি। নঃ অস্মাকম্। অপিশব্দঃ সম্ভাবনায়াম্। পরত্রাপ্যেবম্ ॥৬২॥
অপীতি। অনর্হায়াঃ তাদৃশক্লেশভোগাযোগ্যায়াঃ। পদং নিষ্ক্রয়স্থানম্ ॥৬৩॥
ইতীতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। প্রেপ্সন্তৌ প্রাপ্তুমিচ্ছন্তৌ ॥৬৪॥
তয়োরিতি। পুত্রো দুর্যোধনঃ। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৬৫॥

এ নিহত হইলে, রক্ষকশূন্য এই সৈন্যদিগকে ছিন্ন-ভিন্ন কর, এই শত্রুতার সমাপ্তি হইয়া যাউক, দুরাত্মাদের মূলচ্ছেদ কর' ॥৬০॥

সঞ্জয় বলিলেন—'তখন অর্জ্জুন কৃষ্ণকে কহিলেন—'তাহাই হউক, ইহাই আমার অবশ্যকর্ত্তব্য। অতএব কৃষ্ণ! অন্য কার্য্য পরিত্যাগ করিয়া—যেখানে দুর্যোধন রহিয়াছে, সেইখানে যাও ॥৬১॥

দীর্ঘকাল যাবৎ নিষ্কণ্টকভাবে যে আমাদের রাজ্য ভোগ করিয়াছে, যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া তাহারই মস্তকচ্ছেদন করিব ॥৬২॥

কৃষ্ণ! তাদৃশ ক্লেশভোগের অযোগ্যা দ্রৌপদীর সেই সকল ক্লেশের ও কেশাকর্ষণের ক্লেশের পরিশোধ করিতে অবশ্যই সমর্থ হইব' ॥৬৩॥

কৃষ্ণ ও অর্জ্জুন এইরূপ বলিতে থাকিয়া আনন্দিত হইয়া দুর্যোধনকে পাইবার ইচ্ছা করিয়া শ্বেতবর্ণ উত্তম অশ্বগুলিকে রণস্থলে চালাইয়া দিলেন ॥৬৪॥

(৬৪) অপি তস্য হ্যনর্হায়াঃ পরিক্লেশস্য···নি।

তদস্য ক্ষত্রিয়াস্তত্র সর্ব্ব এবাভ্যপূজয়ন্।
যদর্জ্জুনজনার্দ্দনৌ প্রত্যুদ্যাতোঽবিচারয়ন্ ॥৬৬॥
ততঃ সর্ব্বস্য সৈন্যস্য তাবকস্য বিশাংপতে!।
মহানাদো হ্যভূত্তত্র দৃষ্ট্বা রাজানমাহবে ॥৬৭॥
তস্মিন্ জনসমুন্নাদে প্রবৃত্তে ভৈরবে সতি।
কদর্থীকৃত্য তে পুত্রঃ প্রত্যমিত্রমবারয়ৎ ॥৬৮॥
আবারিতস্তু কৌন্তেয়স্তব পুত্রেণ ধন্বিনা।
সংরম্ভমগমদ্ভূয়ঃ স চ তস্মিন্ পরন্তপঃ ॥৬৯॥
তৌ দৃষ্ট্বা প্রতিসংরব্ধৌ দুর্য্যোধনধনঞ্জয়ৌ।
অভ্যবৈক্ষন্ত রাজানো ভীমরূপৌ সমন্ততঃ ॥৭০॥

ভারতকৌমুদী

তদিতি। অভ্যপূজয়ন্ প্রাশংসন্ ॥৬৬॥
তত ইতি। মহানাদ আনন্দকোলাহলঃ ॥৬৭॥
তস্মিন্নিতি। কদর্থীকৃত্য পন্থানমবরুধ্য। প্রত্যমিত্রং শত্রুমর্জ্জুনমভিমুখীকৃত্য ॥৬৮॥
আবারিত ইতি। সংরম্ভং ক্রোধম্। স তব পুত্রশ্চ, তস্মিন্ কৌন্তেয়ে ॥৬৯॥
তাবিতি। প্রতিসংরব্ধৌ পরস্পরং প্রতি ক্রুদ্ধৌ। সমন্ততঃ সর্ব্বতঃ ॥৭০॥

ভরতশ্রেষ্ঠ মাননীয় রাজা! আপনার পুত্র কৃষ্ণ ও অর্জ্জুনের নিকটে যাইয়া গুরুতর ভয় উপস্থিত হইলেও ভয় করিলেন না ॥৬৫॥

তিনি যে কোন বিবেচনা না করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনের সম্মুখে গেলেন, সকল ক্ষত্রিয়ই তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিলেন ॥৬৬॥

নরনাথ! তাহার পর যুদ্ধে রাজাকে দেখিয়া আপনার পক্ষের সমস্ত সৈন্যের মধ্যেই বিশাল আনন্দকোলাহল হইতে লাগিল ॥৬৭॥

সেই ভয়ঙ্কর জনকোলাহল উপস্থিত হইলে, আপনার পুত্র পথরোধ করিয়া অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৬৮॥

আপনার ধনুর্দ্ধর পুত্র বারণ করিলে, অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইলেন এবং শত্রুসন্তাপী দুর্য্যোধনও তাঁহার প্রতি সেইরূপ ক্রুদ্ধ হইয়া পড়িলেন ॥৬৯॥

দুর্য্যোধন ও অর্জ্জুনকে পরস্পর ক্রুদ্ধ দেখিয়া রাজারা সকল দিক্ হইতেই সেই ভয়ঙ্করমূর্ত্তি দুই জনের প্রতি কেবল দৃষ্টিপাতই করিতে লাগিলেন ॥৭০॥

(৬৬) তদস্য ক্ষত্রিয়াঃ কর্ম্ম···নি, ··· প্রত্যুদ্যাতৌ ন্যবারয়ৎ—বা নি। (৭০)···ভীমরূপাঃ সমন্ততঃ—বা নি।

দৃষ্ট্বা তু পার্থং সংরব্ধং বাসুদেবঞ্চ মারিষ ! ।
প্রহসন্নিব পুত্রস্তে যোদ্ধুকামঃ সমাহ্বয়ৎ ॥৭১॥
ততঃ প্রহৃষ্টো দাশার্হঃ পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ ।
ব্যক্রোশতাং মহানাদং দধ্মতুশ্চাম্বুজোত্তমৌ ॥৭২॥
তৌ হৃষ্টরূপৌ সংপ্রেক্ষ্য কৌরবেয়াশ্চ সর্ব্বশঃ ।
নিরাশাঃ সমপদ্যন্ত পুত্রস্য তব জীবিতে ॥৭৩॥
শোকমীয়ুঃ পরঞ্চৈব কুরবঃ সর্ব্ব এব তে ।
অমন্যন্ত চ পুত্রং তে বৈশ্বানরমুখে হুতম্ ॥৭৪॥
তথা তু দৃষ্ট্বা যোধাস্তে প্রহৃষ্টৌ কৃষ্ণপাণ্ডবৌ ।
হতো রাজা হতো রাজেত্যূচু রাজন্ ! ভয়ার্দ্দিতাঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। সংরব্ধং ক্রুদ্ধম্। সমাহ্বয়ৎ পার্থমেব ॥৭১॥

তত ইতি। দাশার্হঃ কৃষ্ণঃ। ব্যক্রোশতামুচ্চৈরাহ্বয়তাম্, মহান্ নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা, দধ্মতুর্বাদয়ামাসতুঃ, অম্বুজোত্তমৌ পাঞ্চজন্যদেবদত্তনামানৌ শঙ্খৌ ॥৭২॥

তাবিতি। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। সমপদ্যন্ত অজায়ন্ত ॥৭৩॥

শোকমিতি। ঈয়ুঃ প্রাপুঃ। বৈশ্বানরমুখে অগ্নিমধ্যে, হুতং নিক্ষিপ্তম্ ॥৭৪॥

তথেতি। প্রহর্ষদর্শনাদেবোৎসাহাতিরেকপ্রতীতের্হননসম্ভাবনেত্যাশয়ঃ ॥৭৫॥

মাননীয় রাজা ! আপনার পুত্র (দুর্য্যোধন) অর্জুন ও কৃষ্ণকে ক্রুদ্ধ দেখিয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া হাসিতে হাসিতেই যেন অর্জুনকে আহ্বান করিলেন ॥৭১॥

তদনন্তর কৃষ্ণ এবং অর্জুনও আনন্দিত হইয়া দুর্য্যোধনকে যুদ্ধে আহ্বান করিলেন এবং উত্তম শঙ্খ দুইটা বাজাইলেন, তাহাতে বিশাল ধ্বনি হইল ॥৭২॥

তখন কৌরবেরা সকলে কৃষ্ণ ও অর্জুনকে আনন্দিত দেখিয়া আপনার পুত্রের জীবনের প্রতি নিরাশ হইয়া পড়িলেন ॥৭৩॥

ক্রমে সেই কৌরবেরা সকলেই অত্যন্ত শোকার্ত্ত হইলেন এবং আপনার পুত্রকে অগ্নিমধ্যে নিক্ষিপ্ত বলিয়া মনে করিলেন ॥৭৪॥

রাজা ! আপনার পক্ষের যোদ্ধারা কৃষ্ণ ও অর্জুনকে সেইরূপ প্রহৃষ্ট দেখিয়া ভয়ার্ত্ত হইয়া বলিয়া উঠিলেন যে, 'রাজা নিহত হইলেন, রাজা নিহত হইলেন' ॥৭৫॥

(৭৪) শোকমাপুঃ পরে চৈব···বা, শোকমীয়ুঃ পরে চৈব···বঙ্গ বর্দ্ধ, শোকমাপুঃ পরঞ্চৈব ···নি। (৭৫)··· উচিরে চ ভয়ার্দ্দিতাঃ—বা নি,···উচুরেবং ভয়ার্দ্দিতাঃ—পি।

জনস্য সংনিনাদং তং শ্রুত্বা দুর্য্যোধনোঽব্রবীৎ।
ব্যেতু বো ভীরহং কৃষ্ণৌ প্রেষয়িষ্যামি মৃত্যবে ॥৭৬॥
ইত্যুক্ত্বা সৈনিকান্ সর্ব্বান্ জয়াপেক্ষী নরাধিপঃ।
পার্থমাভাষ্য সংরম্ভাদিদং বচনমব্রবীৎ ॥৭৭॥
পার্থ! যচ্ছিক্ষিতং তেঽস্ত্রং দিব্যং মানুষমেব চ।
তদ্দর্শয় ময়ি ক্ষিপ্রং যদি জাতোঽসি পাণ্ডুনা ॥৭৮॥
যদ্বলং তব বীর্য্যঞ্চ কেশবস্য তথৈব চ।
তৎ কুরুষ্ব ময়ি ক্ষিপ্রং পশ্যামি তব পৌরুষম্ ॥৭৯॥
অস্মৎপরোক্ষং কর্ম্মাণি প্রবদন্তি কৃতানি তে।
স্বামিসৎকারযুক্তানি যানি তানীহ দর্শয় ॥৮০॥

ভারতকৌমুদী

জনস্যেতি। ব্যেতু অপগচ্ছতু, বো যুষ্মাকম্, ভীর্ভয়ম্, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৭৬॥
ইতীতি। জয়াপেক্ষী জয়াভিলাষী। আভাষ্য সম্বোধ্য, সংরম্ভাৎ ক্রোধাৎ ॥৭৭॥
পার্থেতি। তে ত্বয়া, দিবি স্বর্গে ভবমিতি দিব্যম্, মানুষাণামিদমিতি মানুষম্ ॥৭৮॥
যদিতি। যচ্চ তব বলম্, তথৈব কেশবস্য যদ্বীর্য্যঞ্চেতি সম্বন্ধঃ। কুরুষ্ব প্রযোজয় ॥৭৯॥
অস্মদিতি। কর্ম্মাণি নিবাতকবচবধাদীনি। স্বামিনামিন্দ্রাদীনাং সৎকারেণ যুক্তানি ॥৮০॥

ভারতভাবদীপঃ

দ্যোতনার্থম্ ॥২৮—৩৭॥ অগ্রতঃ প্রমুখে ॥৩৮—৪২॥ নাস্তীত্যর্জ্জুনোত্তেজনম্ ॥৪৩—৪৭॥
আক্ষেপং শরগোচরম্ ॥৪৮—৬২॥ পদং প্রতিপদম্ ॥৬৩—৭৯॥ স্বামিসৎকারো বীরপ্রধানো

তখন দুর্য্যোধন সেই জনকোলাহল শুনিয়া বলিলেন যে, আপনাদের ভয় দূরীভূত হউক, আমিই কৃষ্ণ ও অর্জ্জুনকে যমালয়ে প্রেরণ করিব' ॥৭৬॥

জয়াভিলাষী রাজা দুর্য্যোধন সমস্ত সৈন্যকে এইরূপ বলিয়া অর্জ্জুনকে সম্বোধন করিয়া ক্রোধবশতঃ এই কথা বলিলেন—॥৭৭॥

'অর্জ্জুন! তুমি যদি পাণ্ডুর পুত্র হইয়া থাক, তবে স্বর্গীয় বা মর্ত্ত্যলোকীয় যে সকল অস্ত্র শিক্ষা করিয়াছ, তাহা সত্বর আমার উপরে প্রদর্শন কর ॥৭৮॥

তোমার যে বল আছে এবং কৃষ্ণেরও যে শক্তি রহিয়াছে, তাহাও সত্বর আমার উপরে প্রয়োগ কর; তোমার পুরুষকার দেখি ॥৭৯॥

(৭৬)···সংনিনাদং ·তু···বা নি। (৭৮)···দিব্যং পার্থিবমেব চ···বা নি। (৭৯)··· পশ্যামস্তব পৌরুষম্—বা নি। (৮০) শ্লোকাৎ পরম্ '···শততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '··· দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনং রাজা ত্রিভির্মর্ম্মাতিগৈঃ শরৈঃ।
প্রত্যবিধ্যন্মহাবেগৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৮১॥
বাসুদেবঞ্চ দশভিঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
প্রতোদঞ্চাস্য ভল্লেন চ্ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ ॥৮২॥
তং চতুর্দশভিঃ পার্থশ্চিত্রপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
অবিধ্যত্তূর্ণমব্যগ্রস্তেঽস্যাভ্রশ্যন্ত বর্ম্মণঃ ॥৮৩॥
তেষাং বৈফল্যমালোক্য পুনর্নব চ পঞ্চ চ।
প্রাহিণোন্নিশিতান্ বাণাংস্তেঽপ্যভ্রশ্যন্ত বর্ম্মণঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

এবমিতি। রাজা দুর্য্যোধনঃ, মর্ম্ম হৃদয়ং ভিত্ত্বা অতিগচ্ছন্তীতি তৈঃ ॥৮১॥
বাস্বিতি। স্তনয়োরন্তরে বক্ষসি। প্রতোদম্ অশ্বতাড়নদণ্ডম্ ॥৮২॥
তমিতি। চতুর্দশভিঃ শরৈরিত্যনুবৃত্তিঃ। অস্য দুর্য্যোধনস্য ॥৮৩॥
তেষামিতি। প্রাহিণোৎ পার্থ এব ন্যক্ষিপৎ ॥৮৪॥

লোকে আমাদের অসমক্ষে প্রভুর সংকারযুক্ত তোমার যে সকল কার্য্যের উল্লেখ করে, তুমি এখন সেই সকল কার্য্য দেখাও' ॥৮০॥

সঞ্জয় বলিলেন—'রাজা দুর্য্যোধন এইরূপ বলিয়া মহাবেগশালী ও মর্ম্মভেদী তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৮১॥

আর দশটা বাণদ্বারা কৃষ্ণের বক্ষস্থলে তাড়নপূর্ব্বক একটা ভল্লদ্বারা কৃষ্ণের কশাটাকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৮২॥

তখন অর্জ্জুন আকুল না হইয়া বিচিত্রপুঙ্খ ও শিলাশাণিত চতুর্দ্দশ বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। কিন্তু সে বাণগুলি দুর্য্যোধনের বর্ম্মে লাগিয়া পড়িয়া গেল ॥৮৩॥

অর্জ্জুন সেই বাণগুলিকে নিষ্ফল দেখিয়া পুনরায় চৌদ্দটা সুধার বাণ নিক্ষেপ করিলেন; সেগুলিও দুর্য্যোধনের বর্ম্মে সংলগ্ন হইয়া পতিত হইল ॥৮৪॥

(৮১) অভ্যবিধ্যন্মহাবেগৈঃ…বা নি। (৮৩)…তে চাভ্রশ্যন্ত বর্ম্মণি—বা নি। (৮৪) …তেঽস্যাভ্রশ্যন্ত বর্ম্মণঃ—বঙ্গ বর্দ্ধ,…তে চাপ্রশ্যন্ত বর্ম্মণঃ—বা নি।

অষ্টাবিংশত্তু তান্ বাণানস্তান্ বিপ্রেক্ষ্য নিষ্ফলান্।
অব্রবীৎ পরবীরঘ্নঃ কৃষ্ণোঽর্জ্জুনমিদং বচঃ ॥৮৫॥
অদৃষ্টপূর্ব্বং পশ্যামি শিলানামিব সর্পণম্।
ত্বয়া সংপ্রেষিতাঃ পার্থ! নার্থং কুর্বন্তি পত্রিণঃ ॥৮৬॥
কচ্চিদ্গাণ্ডীবজঃ প্রাণস্তথৈব ভরতর্ষভ!।
মুষ্টিশ্চ তে যথা পূর্ব্বং ভুজয়োশ্চ বলং তব ॥৮৭॥
ন বা কচ্চিদয়ং কালঃ প্রাপ্তঃ স্যাদদ্য পশ্চিমঃ।
তব চৈবাস্য শত্রোশ্চ তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥৮৮॥
বিস্ময়ো মে মহান্ পার্থ! তব দৃষ্ট্বা শরানিমান্।
ব্যর্থান্ নিপতিতান্ সংখ্যে দুর্য্যোধনরথং প্রতি ॥৮৯॥
বজ্রাশনিসমা ঘোরাঃ পরকায়াবদারণাঃ।
শরাঃ কুর্বন্তি তে নার্থং পার্থ! কাস্য বিড়ম্বনা ॥৯০॥

ভারতকৌমুদী

অষ্টেতি। অস্তান্ অষ্টাভিনেন নিক্ষিপ্তান্। "অস্ ক্ষেপণে" ইত্যস্য ক্তে প্রয়োগঃ ॥৮৫॥
অদৃষ্টেতি। সর্পণং জলোপরি প্লবনম্। অর্থং শত্রুদেহবিদারণরূপং প্রয়োজনম্ ॥৮৬॥
কচ্চিদিতি। প্রাণো বলম্, তথৈব পূর্ব্ববদেবাস্তীতি শেষঃ ॥৮৭॥
নেতি। প্রাপ্ত উপস্থিতঃ, পশ্চিমঃ শেষঃ, পরস্পরদর্শনবিষয় ইত্যাশয়ঃ ॥৮৮॥
বিস্ময় ইতি। দুর্য্যোধনস্য রথং প্রতি রথসমীপে নিপতিতান্ ॥৮৯॥
বজ্রেতি। অশনির্বিদ্যুৎ, "অশনির্বজ্রবিদ্যুতোঃ" ইতি হেমচন্দ্রঃ। অর্থং প্রয়োজনম্ ॥৯০॥

তখন বিপক্ষবীরহন্তা কৃষ্ণ অর্জ্জুনকর্ত্তৃক নিক্ষিপ্ত সেই অষ্টাবিংশতি বাণকে নিষ্ফল দেখিয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৮৫॥

'অর্জ্জুন! জলের উপরে পাথর ভাসার ন্যায় অদৃষ্টপূর্ব্ব ব্যাপার দেখিতেছি! তোমার নিক্ষিপ্ত বাণগুলি কোন প্রয়োজন সাধন করিল না! ॥৮৬॥

ভরতশ্রেষ্ঠ! গাণ্ডীবের শক্তি সেইরূপই আছে ত? এবং তোমার মুষ্টি ও বাহুযুগলের বল পূর্ব্ববৎ রহিয়াছে ত? ॥৮৭॥

আমি জিজ্ঞাসা করিতেছি—আজ তোমার ও এই শত্রুর পরস্পর সন্দর্শন-বিষয়ে এই শেষ কাল উপস্থিত হইল না কি? তাহা আমার নিকট বল ॥৮৮॥

পৃথানন্দন! তোমার এই বাণগুলিকে ব্যর্থ ও দুর্য্যোধনের রথের নিকটে নিপতিত দেখিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিয়াছে ॥৮৯॥

(৮৭) কচ্চিদ্গাণ্ডীবতঃ প্রাণঃ…পি বা বঙ্গ বর্দ্ধ। (৮৮) ন বা কচ্চিদয়ং কালঃ…পি বঙ্গ বর্দ্ধ। (৯০)…পরকায়াবভেদিনঃ…বা নি।

CENTRAL LIBRARY

অর্জ্জুন উবাচ।

দ্রোণেনৈষা মতিঃ কৃষ্ণ! ধার্ত্তরাষ্ট্রে নিবেশিতা।
অভেদ্যা হি মমাস্ত্রাণামেষা কবচধারণা ॥৯১॥
অস্মিন্নন্তর্হিতং কৃষ্ণ! ত্রৈলোক্যমপি বর্ম্মণি।
একো দ্রোণো হি বেদৈতদহং তস্মাচ্চ সত্তমাৎ ॥৯২॥
ন শক্যমেতৎ কবচং বাণৈর্ভেত্তুং কথঞ্চন।
অপি বজ্রেণ গোবিন্দ! স্বয়ং মঘবতা যুধি ॥৯৩॥
জানংস্ত্বমপি বৈ কৃষ্ণ! মাং বিমোহয়সে কথম্।
যদ্বৃত্তং ত্রিষু লোকেষু যচ্চ কেশব! বর্ত্ততে ॥৯৪॥
তথা ভবিষ্যদ্যচ্চৈব তৎ সর্ব্বং বিদিতং তব।
ন ত্বেবং বেদ বৈ কশ্চিদ্যথাহং মধুসূদন! ॥৯৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দ্রোণেনেতি। এষা এতৎকবচবন্ধনবিষয়া। কবচধারণা ধৃতং কবচমিত্যর্থঃ ॥৯১॥
অস্মিন্নিতি। অন্তর্হিতমিব ভবতি কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ ॥৯২॥
নেতি। কিং বহুনা মঘবতা ইন্দ্রেণ বজ্রেণাপি ভেত্তুং ন শক্যমিতি সম্বন্ধঃ ॥৯৩॥
জানন্নিতি। বিমোহয়সে প্রশ্নেন। বৃত্তং জাতম্। এবং তব মাহাত্ম্যম্ ॥৯৪—৯৫॥

অর্জ্জুন! বজ্র ও বিদ্যুতের তুল্য ভয়ঙ্কর এবং বিপক্ষশরীরবিদারক তোমার বাণ সকল কোন প্রয়োজন সাধন করিল না! আজ এ কি বিড়ম্বনা' ॥৯০॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! আমার ধারণা এই যে, দ্রোণ দুর্য্যোধনের গাত্রে এই কবচ বন্ধন করিয়া দিয়াছেন। যদি তাহাই হয়, তবে এই কবচ আমার অস্ত্রের অভেদ্য ॥৯১॥

কৃষ্ণ! সমগ্র ত্রিভুবনও যেন এই কবচের ভিতরে অন্তর্হিত হইয়া যায়। তা'র পর একমাত্র দ্রোণই এই কবচ জানেন, আমিও সেই বীরশ্রেষ্ঠের নিকট অবগত হইয়াছি ॥৯২॥

গোবিন্দ! বাণদ্বারা কোন প্রকারেই এই কবচ ভেদ করা যায় না, এমন কি স্বয়ং ইন্দ্র বজ্রদ্বারাও যুদ্ধে ইহা ভেদ করিতে পারেন না ॥৯৩॥

কৃষ্ণ! তুমি ইহা জানিয়াও আমাকে মোহিত করিতেছ কেন? কেশব! ত্রিভুবনে যাহা হইয়া গিয়াছে, যাহা হইতেছে এবং যাহা হইবে, সে সমস্তই ত তোমার জানা আছে। মধুসূদন! আমি যেমন তোমার এই মাহাত্ম্য জানি, তেমন আর কেহ জানে না ॥৯৪—৯৫॥

(৯৪)···যথা ত্বং মধুসূদন!—বা নি।

CENTRAL LIBRARY

এষ দুর্য্যোধনঃ কৃষ্ণ! দ্রোণেন বিহিতামিমাম্।
তিষ্ঠত্যভীতবৎ সংখ্যে বিভ্রৎ কবচধারণাম্ ॥৯৬॥
যদ্ত্বত্র বিহিতং কার্য্যং নৈষ তদ্বেত্তি মাধব!।
স্ত্রীবদেষ বিভর্ত্যেতাং যুক্তাং কবচধারণাম্ ॥৯৭॥
পশ্য বাহ্বোশ্চ মে বীর্য্যং ধনুষশ্চ জনার্দ্দন!।
পরাজয়িষ্যে কৌরব্যং কবচেনাপি রক্ষিতম্ ॥৯৮॥
ইদমঙ্গিরসে প্রাদাদ্দেবেশো বর্ম্ম ভাস্বরম্।
তস্মাদ্বৃহস্পতিঃ প্রাপ ততঃ প্রাপ পুরন্দরঃ।
পুনর্দদৌ সুরপতির্মহ্যং বর্ম্ম সসংগ্রহম্ ॥৯৯॥
দৈবং যদ্যস্য বর্ম্মৈতদ্ব্রহ্মণা বা স্বয়ং কৃতম্।
নৈনং গোপ্স্যতি দুর্বুদ্ধিমদ্য বাণহতং ময়া ॥১০০॥

ভারতকৌমুদী

এষ ইতি। বিভ্রৎ ধারয়ন্, কবচস্য ধারণাং বন্ধম্ ॥৯৬॥

যদিতি। এষ দুর্য্যোধনঃ। যুক্তাং দ্রোণেন প্রযুক্তাম্ ॥৯৭॥

পশ্যেতি। পরাজয়িষ্যে পরাজেষ্যে, কৌরব্যং দুর্য্যোধনম্ ॥৯৮॥

আত্মনোঽপি তৎকবচাগমমাহ ইদমিতি। দেবেশো ব্রহ্মা, ভাস্বরমুজ্জ্বলম্। সংগৃহ্যতে ধ্রিয়তে অনেনেতি সংগ্রহো মন্ত্রস্তেন সহেতি তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৯॥

দৈবমিতি। দৈবং দ্রোণদ্বারা দৈবাদুপস্থিতম্, অস্য দুর্য্যোধনস্য। বাশব্দ এবার্থে, "বা

ভারতভাবদীপঃ

যমিতি যদস্ত্রৈঃ সংকরণং তেন যুক্তানি যোগ্যতাং গতানি ॥৮০॥ এবমীদৃশপ্রভাবম্ ॥৮১—৯৬॥ যুক্তাম্ অস্ত্রপ্রযুক্তাম্ ॥৯৭—৯৮॥ সসংগ্রহং সোপদেশম্ ॥৯৯॥ দৈবং দেবৈঃ

কৃষ্ণ! এই দুর্য্যোধন দ্রোণকৃত এই কবচবন্ধন ধারণকরতঃ যুদ্ধে নির্ভয়ের ন্যায় অবস্থান করিতেছে ॥৯৬॥

কিন্তু মাধব! এ অবস্থায় যে কার্য্য বিহিত আছে, তাহা এ জানে না। কেবল স্ত্রীলোকের ন্যায় অস্ত্রবন্ধ কবচ ধারণ করিতেছে ॥৯৭॥

জনার্দ্দন! তুমি আমার বাহুযুগলের ও ধনুর বল দেখ। দুর্য্যোধন কবচদ্বারা রক্ষিত হইলেও আমি উহাকে পরাজয় করিব ॥৯৮॥

প্রথমে ব্রহ্মা এই উজ্জ্বল কবচ অঙ্গিরাকে দান করেন, তাঁহার নিকট হইতে বৃহস্পতি প্রাপ্ত হন, তাঁহার নিকট হইতে ইন্দ্র লাভ করেন, ইন্দ্র আবার মন্ত্রের সহিত এই কবচ আমাকে দান করেন ॥৯৯॥

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনো বাণানভিমন্ত্র্য ব্যকর্ষয়ৎ।
মানবাস্ত্রেণ মানার্হস্তীক্ষ্ণাবরণভেদিনা ॥১০১॥
বিকৃষ্যমাণাংস্তেনৈব ধনুর্মধ্যগতান্ শরান্।
তানস্যাস্ত্রেণ চিচ্ছেদ দ্রৌণিঃ সর্বাস্ত্রঘাতিনা ॥১০২॥
তান্ নিকৃত্তানিষূন্ দৃষ্ট্বা দূরতো ব্রহ্মবাদিনা।
ন্যবেদয়ৎ কেশবায় বিস্মিতঃ শ্বেতবাহনঃ ॥১০৩॥
নৈতদস্ত্রং ময়া শক্যং দ্বিঃ প্রয়োক্তুং জনার্দ্দন!।
অস্ত্রং মামেব হন্যাদ্ধি হন্যাচ্চৈব বলং মম ॥১০৪॥

ভারতকৌমুদী

স্যাদ্বিকল্পোপময়োরেবার্থে চ সমুচ্চয়ে" ইতি বিশ্বঃ। স্বয়ং ব্রহ্মণৈব কৃতম্ আবিষ্কৃতম্। গোপ্স্যতি রক্ষিষ্যতি ॥১০০॥

এবমিতি। মানবাস্ত্রেণ মানবাস্ত্রমন্ত্রেণ। তীক্ষ্ণশ্চাসৌ আবরণভেদী চেতি তেন ॥১০১॥

বিকৃষ্যেতি। অস্য অর্জ্জুনস্য, দ্রৌণিরশ্বত্থামা ॥১০২॥

তানিতি। নিকৃত্তান্ ছিন্নান্। ব্রহ্মবাদিনা বেদবাদিনা ব্রাহ্মণেনাশ্বত্থাম্না ॥১০৩॥

নেতি। প্রয়োক্তুং নিক্ষেপ্তুম্। অস্ত্রং কর্তৃ। হি যস্মাৎ ॥১০৪॥

ব্রহ্মার আবিষ্কৃত এই কবচ যদিও উহার নিকট দৈববশতঃ উপস্থিত হইয়া থাকে, তথাপি আজ আমি বাণদ্বারা নিহত করিলে, এই কবচ এ দুর্বুদ্ধিকে রক্ষা করিতে পারিবে না' ॥১০০॥

সঞ্জয় বলিলেন—'সম্মানযোগ্য অর্জ্জুন এইরূপ বলিয়া তীক্ষ্ণ ও আবরণভেদী মানবাস্ত্রের মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া কতকগুলি বাণ আকর্ষণ করিলেন ॥১০১॥

অর্জ্জুন তূণ হইতে কতকগুলি বাণ আকর্ষণপূর্ব্বক আনিয়া গাণ্ডীবধনুর মধ্যস্থানে রাখিলে, অশ্বত্থামা সর্বাস্ত্রনাশক এক অস্ত্রদ্বারা সেই বাণগুলিকে ছেদন করিলেন ॥১০২॥

অশ্বত্থামা দূর হইতে সেই বাণগুলিকে ছেদন করিয়াছেন দেখিয়া অর্জ্জুন বিস্মিত হইয়া কৃষ্ণকে জানাইলেন—॥১০৩॥

'কৃষ্ণ! আমি এই অস্ত্র দুই বার নিক্ষেপ করিতে পারি না। কারণ, তাহা হইলে এ অস্ত্র আমাকেই বধ করিবে এবং আমার সৈন্যদিগকেও সংহার করিবে' ॥১০৪॥

(১০১) দ্বিতীয়ার্দ্ধং পি বা বঙ্গ বর্দ্ধ নাস্তি। (১০৪) হন্যাচ্চাপি···বা নি।

ততো দুর্য্যোধনঃ কৃষ্ণৌ নবভির্নতপর্ব্বভিঃ।
অবিধ্যত রণে রাজন্! শরৈরাশীবিষোপমৈঃ ॥১০৫॥
ভূয় এবাভ্যবর্ষচ্চ সমরে কৃষ্ণপাণ্ডবৌ।
শরবর্ষেণ মহতা ততোঽহৃষ্যন্ত তাবকাঃ।
চক্রুর্বাদিত্রনিনদান্ সিংহনাদরবাংস্তথা ॥১০৬॥
ততঃ ক্রুদ্ধো রণে পার্থঃ সৃক্কণী পরিলেলিহন্।
নাপশ্যত তদস্যাঙ্গং যন্ন স্যাদ্বর্ম্মরক্ষিতম্ ॥১০৭॥
ততোঽস্য নিশিতৈর্বাণৈঃ সুমুক্তৈরন্তকোপমৈঃ।
হয়াংশ্চকার নির্দ্দেহানুভৌ চ পার্ষ্ণিসারথী ॥১০৮॥
ধনুরস্যাচ্ছিনচ্চিত্রং হস্তাবাপঞ্চ বীর্য্যবান্।
রথঞ্চ শকলীকর্ত্তুং সব্যসাচী প্রচক্রমে ॥১০৯॥

ভারতকৌমুদী

তত ইতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, নতপর্ব্বভিরীষদ্বক্রোপাস্তৈঃ ॥১০৫॥
ভূয় ইতি। অভ্যবর্ষং দুর্য্যোধন ইত্যনুবৃত্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০৬॥
তত ইতি। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ, পরিলেলিহন্ বারং বারং রসনয়া স্পৃশন্ ॥১০৭॥
তত ইতি। সুমুক্তৈঃ সুষ্ঠু নিক্ষিপ্তৈঃ। নির্দ্দেহান্ ছিন্নগাত্রান্, পার্ষ্ণিসারথী পৃষ্ঠসূতৌ ॥১০৮॥

রাজা! তাহার পর দুর্য্যোধন যুদ্ধে নতপর্ব ও সর্পতুল্য নয়টা বাণদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥১০৫॥

পুনরায় তিনি কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে বিশাল শরবর্ষণ করিতে লাগিলেন। তাহাতে আপনার পক্ষের যোদ্ধারা আনন্দিত হইলেন এবং বাদ্যধ্বনি ও সিংহনাদ করিতে থাকিলেন ॥১০৬॥

তদনন্তর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া—দুর্য্যোধনের যে অঙ্গ বর্ম্মাবৃত ছিল না, সে অঙ্গ দেখিতেই পাইলেন না ॥১০৭॥

তৎপরে অর্জ্জুন যমতুল্য সুধার বাণসমূহদ্বারা দুর্য্যোধনের অশ্বচতুষ্টয় ও পৃষ্ঠসারথিদ্বয়ের শরীর ছিন্ন-ভিন্ন করিলেন ॥১০৮॥

পরে বলবান্ অর্জ্জুন দুর্য্যোধনের বিচিত্র ধনু ও হস্তাবরণ ছেদন করিয়া ফেলিলেন এবং রথখানাকে খণ্ড খণ্ড করিবার উপক্রম করিলেন ॥১০৯॥

(১০৫)…নবভির্নবভিঃ শরৈঃ…বা নি। (১০৭)…সৃক্কিণী পরিসংলিহন্…বা নি। (১০৯)…অচ্ছিনত্তর্ণম্…বা নি।

দুর্য্যোধনঞ্চ বাণাভ্যাং তীক্ষ্ণাভ্যাং বিরথীকৃতম্ ।
অবিধ্যদ্ধস্ততলয়োরুভয়োরর্জ্জুনস্তদা ॥১১০॥
তং কৃচ্ছ্রামাপদং প্রাপ্তং দৃষ্ট্বা পরমধন্বিনঃ ।
সমাপেতুঃ পরীপ্সন্তো ধনঞ্জয়শরার্দ্দিতম্ ॥১১১॥
তে রথৈর্ব্বহুসাহস্রৈঃ কল্পিতৈঃ কুঞ্জরৈর্হয়ৈঃ ।
পদাত্যোঘৈশ্চ সংরব্ধৈঃ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥১১২॥
অথ নার্জ্জুনগোবিন্দৌ রথো বাপি ব্যদৃশ্যত ।
অস্ত্রবর্ষেণ মহতা জনৌঘৈশ্চাপি সংবৃতৌ ॥১১৩॥
ততোঽর্জ্জুনোঽস্ত্রবর্ষেণ নিজঘ্নে তাং বরূথিনীম্ ।
তত্র ব্যঙ্গীকৃতাঃ পেতুঃ শতশোঽথ রথদ্বিপাঃ ॥১১৪॥

ভারতকৌমুদী

ধনুরিতি। হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্। শকলীকর্ত্তুং খণ্ডখণ্ডীকর্ত্তুম্ ॥১০৯॥
দুর্য্যোধনমিতি। হস্ততলয়োঃ, তয়োর্বর্ম্মানাবরণাদিত্যাশয়ঃ ॥১১০॥
তমিতি। কৃচ্ছ্রাং কষ্টকরীম্। পরমধন্বিনঃ কর্ণাদয়ঃ। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥১১১॥
ত ইতি। কল্পিতৈঃ সজ্জিতৈঃ। সংরব্ধৈঃ সোৎসাহৈঃ ॥১১২॥
অথেতি। রথঃ অর্জ্জুনস্যৈব। সংবৃতৌ পরিবেষ্টিতৌ ॥১১৩॥
তত ইতি। বরূথিনীং কৌরবসেনাম্। ব্যঙ্গীকৃতাশ্ছেদনেন ॥১১৪॥

আর অর্জ্জুন তখন দুইটা তীক্ষ্ণ বাণদ্বারা রথবিহীন দুর্য্যোধনের দুই হস্তের তলদেশ বিদ্ধ করিলেন ॥১১০॥

সেই সময়ে দুর্য্যোধনকে কষ্টকর বিপদে পতিত এবং অর্জ্জুনের বাণে পীড়িত দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য মহাধনুর্দ্ধরেরা আসিয়া পড়িলেন ॥১১১॥

তাঁহারা বহুসহস্র রথ, সুসজ্জিত হস্তী ও অশ্ব এবং পদাতিসমূহদ্বারা অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥১১২॥

তদনন্তর বিশাল অস্ত্রবর্ষণে এবং লোকসমূহের পরিবেষ্টনে কৃষ্ণ, অর্জ্জুন ও তাঁহাদের রথখানাকে আর দেখা গেল না ॥১১৩॥

তৎপরে অর্জ্জুন অস্ত্রবর্ষণ করিয়া সেই কৌরবসেনা সংহার করিতে লাগিলেন। তখন শত শত রথ ও হস্তী অঙ্গবিহীন হইয়া পতিত হইতে থাকিল ॥১১৪॥

(১১১)···পরমধন্বিনম্···পি বঙ্গ বর্দ্ধ। (১১২) তং রথৈঃ···বা নি। (১১৩)···ন রথো বা ব্যদৃশ্যত···বা নি,···শরৌঘৈশ্চাপি সংবৃতৌ—নি।

তে হতা হন্যমানাশ্চ ন্যগৃহ্ণংস্তং রথোত্তমম্।
স রথঃ স্তম্ভিতস্তস্থৌ ক্রোশমাত্রে সমন্ততঃ ॥১১৫॥
ততোঽর্জ্জুনং বৃষ্ণিবীরস্ত্বরিতো বাক্যমব্রবীৎ।
ধনুর্বিস্ফারয়াত্যর্থমহং ধ্মাস্যামি চাম্বুজম্ ॥১১৬॥
ততো বিস্ফার্য্য বলবদ্গাণ্ডীবং জঘ্নিবান্ রিপূন্।
মহতা শরবর্ষেণ তলশব্দেন চার্জ্জুনঃ ॥১১৭॥
পাঞ্চজন্যঞ্চ বলবান্ দধ্মৌ তারেণ কেশবঃ।
রজসা ধ্বস্তপক্ষ্মাক্ষঃ প্রস্বিন্নবদনো ভৃশম্ ॥১১৮॥
তস্য শঙ্খস্য নাদেন ধনুষো নিস্বনেন চ।
নিঃসত্ত্বাশ্চ সসত্ত্বাশ্চ ক্ষিতৌ পেতুস্তদা জনাঃ ॥১১৯॥

ভারতকৌমুদী

ত ইতি। ন্যগৃহ্ণন্ অবারুন্ধন্। ক্রোশমাত্রে জয়দ্রথাদিত্যর্থঃ ॥১১৫॥

তত ইতি। বৃষ্ণিবীরঃ কৃষ্ণঃ। ধ্মাস্যামি বাদয়িষ্যামি, অম্বুজং শঙ্খম্ ॥১১৬॥

তত ইতি। বলবৎ দৃঢ়ম্। তলশব্দেন হস্তাবাপশব্দেন ॥১১৭॥

পাঞ্চেতি। রজসা ধূলা, ধ্বস্তানি আবৃতানি পক্ষ্মাক্ষীণি নয়নলোমনয়নানি যস্য সঃ, ভৃশং প্রস্বিন্নবদনো ঘর্ম্মাক্তমুখশ্চ, বলবান্ কেশবঃ, তারেণ উচ্চস্বরেণ, পাঞ্চজন্যং নাম শঙ্খম্, দধ্মৌ বাদয়ামাস চ ॥১১৮॥

ভারতভাবদীপঃ

কৃতম্ ॥১০০—১০৭॥ নির্দেহান্ নিরুত্তাবয়বান্ ॥১০৮—১১৪॥ ক্রোশমাত্রে সৈন্ধবতোঽর্থাৎ ॥১১৫—১২৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

হত ও হন্যমান সেই সৈন্যেরা অর্জ্জুনের সেই উত্তম রথখানাকে অবরুদ্ধ করিল। তখন জয়দ্রথ হইতে একক্রোশ দূরে সেই রথখানা স্তম্ভিত হইয়া রহিল ॥১১৫॥

তাহার পর কৃষ্ণ সত্বর অর্জ্জুনকে এই কথা বলিলেন—'অর্জ্জুন! তুমি তোমার ধনুখানাকে অত্যন্ত বিস্ফারিত করিতে থাক; আমি শঙ্খধ্বনি করিব' ॥১১৬॥

পরে অর্জ্জুন সুদৃঢ় গাণ্ডীবধনু বিস্ফারিত করিয়া বিশাল বাণবর্ষণ ও তলশব্দদ্বারা শত্রুসংহার করিতে লাগিলেন ॥১১৭॥

তৎকালে কৃষ্ণের নয়নলোম ও নয়ন ধূলিজালে আবৃত হইয়া গিয়াছিল এবং তাঁহার মুখমণ্ডল অত্যন্ত ঘর্ম্মাক্ত হইয়াছিল; সেই অবস্থায় তিনি উচ্চস্বরে শঙ্খধ্বনি করিলেন ॥১১৮॥

CENTRAL LIBRARY

তৈর্বিমুক্তো রথো রেজে বায়ুরিত ইবাম্বুদঃ।
জয়দ্রথস্য গোপ্তারস্ততঃ ক্রুদ্ধাঃ সহানুগাঃ ॥১২০॥
তে দৃষ্ট্বা সহসা পার্থং গোপ্তারঃ সৈন্ধবস্য তু।
চক্রুর্নাদান্ মহেষ্বাসাঃ কম্পয়ন্তো বসুন্ধরাম্ ॥১২১॥
বাণশব্দবরাংশ্চোগ্রান্ বিমিশ্রান্ শঙ্খনিস্বনৈঃ।
প্রাদুশ্চক্রুর্মহাত্মানঃ সিংহনাদরবানপি ॥১২২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তাবকানাং সমুত্থিতম্।
প্রদধ্মতুস্তদা শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ ॥১২৩॥
তেন শব্দেন মহতা পূরিতেয়ং বসুন্ধরা।
সশৈলা সার্ণবদ্বীপা সপাতালা বিশাংপতে! ॥১২৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। নিঃসত্ত্বা দুর্ব্বলাঃ, সসত্ত্বাঃ সবলাশ্চ ॥১১৯॥
তৈরিতি। বায়ুনা ঈরিতশ্চালিতঃ। গোপ্তারো রক্ষকাঃ কর্ণাদয়ঃ, ক্রুদ্ধা অভবন্ ॥১২০॥
ত ইতি। নাদান্ সিংহনাদান্, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥১২১॥
বাণেতি। মহাত্মানো সৈন্ধবস্য গোপ্তারঃ ॥১২২॥
তমিতি। তাবকানাং তব সৈন্যানাম্। প্রদধ্মতুর্বাদয়ামাসতুঃ ॥১২৩॥
তেনেতি। অত্র বসুন্ধরাপূরণাসম্বন্ধেঽপি তৎসম্বন্ধোক্তেরতিশয়োক্তিরলঙ্কারঃ ॥১২৪॥

তখন তাঁহার শঙ্খধ্বনিতে এবং অর্জ্জুনের ধনুর শব্দে সবল ও দুর্ব্বল লোকেরা ভূতলে পতিত হইল ॥১১৯॥

তাহারা রথের পথ ছাড়িয়া দিলে, বায়ুচালিত মেঘের ন্যায় সেই রথখানা শোভা পাইতে লাগিল। তৎপরে অনুচরগণের সহিত জয়দ্রথের রক্ষকেরা ক্রুদ্ধ হইলেন ॥১২০॥

জয়দ্রথের রক্ষক সেই মহাধনুর্দ্ধরেরা সহসা অর্জ্জুনকে দেখিয়া পৃথিবী কাঁপাইয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥১২১॥

আর সেই মহাত্মারা শঙ্খধ্বনিমিশ্রিত ভীষণ বাণশব্দ ও সিংহনাদ করিতে থাকিলেন ॥১২২॥

তখন আপনার সৈন্যমধ্যে উত্থিত সেই ভয়ঙ্কর নাদ শুনিয়া কৃষ্ণ এবং অর্জ্জুনও আপন আপন শঙ্খধ্বনি করিলেন ॥১২৩॥

নরনাথ! সেই বিশাল শব্দ পর্ব্বত, সমুদ্র, দ্বীপ ও পাতালের সহিত এই পৃথিবীটাকে পূর্ণ করিল ॥১২৪॥

(১২২) বাণশব্দরবান্…বা নি বঙ্গ বর্দ্ধ। (১২৩)…প্রদধ্মতুঃ শঙ্খবরৌ…বা নি।

স শব্দো ভরতশ্রেষ্ঠ! ব্যাপ্য সর্বা দিশো দশ।
প্রতিসস্বান তত্রৈব কুরুপাণ্ডবয়োর্বলে ॥১২৫॥
তাবকা রথিনস্তত্র দৃষ্ট্বা কৃষ্ণধনঞ্জয়ৌ।
সংভ্রমং পরমং প্রাপ্তাস্ত্বরমাণা মহারথাঃ ॥১২৬॥
অথ কৃষ্ণৌ মহাভাগৌ তাবকাঃ প্রেক্ষ্য দংশিতৌ।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধৌ তদদ্ভুতমিবাভবৎ ॥১২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দুর্য্যোধনপরাজয়ে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। প্রতিসস্বান প্রতিধ্বনিং চকার। বলে সৈন্যে ॥১২৫॥

তাবকা ইতি। সম্ভ্রমং ব্যস্ততাম্ ॥১২৬॥

অথেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। দংশিতৌ সন্নদ্ধৌ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। জগত্যদ্বিতীয়বীরয়োঃ কৃষ্ণয়োরভিধাবনমেবাদ্ভুতমিত্যাশয়ঃ ॥১২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

এবং ভরতশ্রেষ্ঠ! সেই শব্দ সমগ্র দশ দিক্ ব্যাপ্ত করিয়া সেই কুরুপাণ্ডব-সৈন্যমধ্যেই প্রতিধ্বনি উৎপাদন করিল ॥১২৫॥

মহারাজ! তখন আপনার পক্ষের রথী ও মহারথেরা কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়া গুরুতর ব্যস্ততা প্রাপ্ত হইলেন ॥১২৬॥

তাহার পর আপনার পক্ষের যোদ্ধারা যুদ্ধসজ্জায় সজ্জিত ও অত্যন্তক্রুদ্ধ মহাভাগ কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়া তাঁহাদের দিকে ধাবিত হইলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল' ॥১২৭॥

---

(১২৭)…তাবকা বীক্ষ্য…সংক্রুদ্ধাঃ…বা নি। * '…একাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

ঊননবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তাবকা হি সমীক্ষ্যৈব বৃষ্ণিসিংহকুরূত্তমৌ।
প্রাগত্বরন্ জিঘাংসন্তস্তথৈব বিজয়ঃ পরান্ ॥১॥
সুবর্ণচিত্রৈর্বৈয়াঘ্রৈঃ স্বনবদ্ভির্মহারথৈঃ।
দীপয়ন্তো দিশঃ সর্ব্বা জলদ্ভিরিব পাবকৈঃ ॥২॥
রুক্মপৃষ্ঠৈশ্চ দুষ্প্রেক্ষ্যৈঃ কার্ম্মুকৈঃ পৃথিবীপতে!।
কূজদ্ভিরতুলান্ নাদান্ রোষিতৈরুরুগৈরিব ॥৩॥ (বিশেষকম্)
ভূরিশ্রবাঃ শলঃ কর্ণো বৃষসেনো জয়দ্রথঃ।
কৃপশ্চ মদ্ররাজশ্চ দ্রৌণিশ্চ রথিনাং বরঃ ॥৪॥
তে পিবন্ত ইবাকাশমশ্বৈরষ্টৌ মহারথাঃ।
ব্যরাজয়ন্ দশ দিশো বৈয়াঘ্রৈর্হেমচন্দ্রকৈঃ ॥৫॥

ভারতকৌমুদী

তাবকা ইতি। বৃষ্ণিসিংহকুরূত্তমৌ কৃষ্ণার্জ্জুনৌ। বিজয়োঽর্জ্জুনঃ। বৈয়াঘ্রৈর্ব্যাঘ্রচর্ম্ম-পরিবেষ্টিতৈঃ। রুক্মপৃষ্ঠৈঃ স্বর্ণখচিতপৃষ্ঠদেশৈঃ কার্ম্মুকৈশ্চ দীপয়ন্তঃ। কূজদ্ভিঃ কুর্বদ্ভিঃ ॥১—৩॥

অথ কে তে তাবকা ইত্যাহ ভূরীতি। মদ্ররাজঃ শল্যঃ, দ্রৌণিরশ্বত্থামা ॥৪॥

ত ইতি। হেম্নঃ স্বর্ণস্য চন্দ্রাশ্চন্দ্রাকারচিহ্নানি যেষু তৈ রথৈরিতি শেষঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়াই প্রজ্বলিত অগ্নির ন্যায় স্বর্ণবিচিত্র, ব্যাঘ্রচর্ম্মাবৃত ও গম্ভীরশব্দকারী বিশাল রথসমূহ এবং কোপিত সর্পের ন্যায় ভীষণশব্দজনক, স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুষ্প্রেক্ষ্য কার্ম্মুকসমূহদ্বারা সকল দিক্ উদ্ভাসিত করিয়া বধ করিবার ইচ্ছায় প্রথমে অর্জ্জুনের দিকে সত্বর ধাবিত হইলেন; আবার অর্জ্জুনও সেইরূপই তাঁহাদের দিকে দ্রুত চলিলেন ॥১—৩॥

ভূরিশ্রবা, শল, কর্ণ, বৃষসেন, জয়দ্রথ, কৃপ, শল্য ও রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা এই আট জন মহারথ ধাবিত হইয়াছিলেন ॥৪॥

(১) তাবকাস্ত্বভিসংপ্রেক্ষ্য বৃষ্ণ্যন্ধককুরূদ্বহৌ। সত্বরাস্তৌ···নি। (৩)···কূজদ্ভি-বিপুলান্···পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

তে দংশিতাঃ সুসংরব্ধা রথৈর্মেঘৌঘনিস্বনৈঃ।
সমাবৃণ্বন্ দিশঃ সর্ব্বাঃ পার্থস্য নিশিতৈঃ শরৈঃ ॥৬॥
কুলীনাশ্চ হয়াশ্চিত্রা বহন্তস্তান্ মহারথান্।
ব্যশোভন্ত তদা শীঘ্রা দীপয়ন্তো দিশো দশ ॥৭॥
আজানেয়ৈর্মহাবেগৈর্নানাদেশসমুত্থিতৈঃ।
পার্ব্বতীয়ৈর্নদীজৈশ্চ সৈন্ধবৈশ্চ মহাহয়ৈঃ ॥৮॥
কুরুযোধবরা রাজন্! তব পুত্রং পরীপ্সবঃ।
ধনঞ্জয়রথং শীঘ্রং সর্ব্বতঃ সমবারয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ, সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ ॥৬॥

কুলীনা ইতি। কুলীনা উত্তমাশ্বকুলোৎপন্নাঃ। শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ ॥৭॥

আজেতি। আজানেয়ৈঃ কুলীনৈঃ, নানাদেশেষু সমুত্থিতৈরুৎপন্নৈঃ। নদীজৈর্নদীময়-দেশজাতৈঃ, সৈন্ধবৈঃ সিন্ধুদেশীয়ৈঃ। পরীপ্সবো রক্ষিতুমিচ্ছবঃ। সমবারয়ন্নবেষ্টয়ন্ ॥৮—৯॥

ভারতভাবদীপঃ

তাবিতি। প্রাগগ্র এব সমীক্ষ্যেত্যন্বয়ঃ ॥১॥ বৈয়াঘ্রৈঃ ব্যাঘ্রচর্ম্মচিত্রৈঃ ॥২—৬॥ কৌলূতকাঃ কুলূতদেশজাঃ পার্ব্বতীয়সমানলক্ষণাঃ ॥৭॥ আজানেয়ৈরিতি। সত্বরলক্ষণকান্বযোজিতক্রোধাঃ স্মরযুতাজিতেন্দ্রিয়ক্ষুত্তৃষাশ্চাচিতশরীরশ্চাপি নো দুঃখং জানন্তি। আজানেয়া এতে নির্দ্দিষ্ট-বাজিনো ধীরৈঃ বাহ্যন্তে পার্ব্বতীয়াবলান্বিতাঃ স্নিগ্ধকেশাশ্চ বৃত্তান্তে দৃঢ়পাদা মহাজবাস্তেতি

সেই আট জন মহারথ অশ্বগুলিদ্বারা যেন আকাশ পান করিতে থাকিয়া ব্যাঘ্রচর্ম্মবেষ্টিত এবং স্বর্ণচন্দ্রচিহ্নিত রথসমূহদ্বারা দশ দিক্ আলোকিত করিলেন ॥৫॥

যুদ্ধসজ্জায় সজ্জিত ও অত্যন্ত উৎসাহী সেই মহারথেরা মেঘসমূহের ন্যায় গম্ভীরনাদী রথসমূহে অগ্রসর হইয়া নিশিত শরনিকরদ্বারা অর্জ্জুনের সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৬॥

উত্তমাশ্বকুলোৎপন্ন, বিচিত্রবর্ণ ও দ্রুতগামী অশ্ব সকল সেই মহারথগণকে বহন করিতে থাকিয়া দশ দিক্ আলোকিত করতঃ তৎকালে শোভা পাইতে লাগিল ॥৭॥

রাজা! কৌরবপক্ষের প্রধান যোদ্ধারা আপনার পুত্র দুর্য্যোধনকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সত্বর সকল দিকে সৎকুলজাত, মহাবেগশালী, নানাদেশ-

(৭) কৌলূতকা হয়াশ্চিত্রাঃ…বা নি। (৮)…সৈন্ধবৈশ্চ হয়োত্তমৈঃ—বা নি। (৯)… সর্বতঃ সমুপাদ্রবন্—বা নি।

CENTRAL LIBRARY

তে প্রগৃহ্য মহাশঙ্খান্ দধ্মুঃ পুরুষসত্তমাঃ।
পূরয়ন্তো দিবং রাজন্! পৃথিবীঞ্চ সসাগরাম্ ॥১০॥
তথৈব দধ্মতুঃ শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ।
প্রবরৌ সর্ব্বভূতানাং সর্ব্বশঙ্খবরৌ ভুবি।
দেবদত্তঞ্চ কৌন্তেয়ঃ পাঞ্চজন্যঞ্চ কেশবঃ ॥১১॥
শব্দস্তু দেবদত্তস্য ধনঞ্জয়সমীরিতঃ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ দিশশ্চৈব সমাবৃণোৎ ॥১২॥
তথৈব পাঞ্চজন্যোঽপি বাসুদেবসমীরিতঃ।
সর্বশব্দানতিক্রম্য পূরয়ামাস রোদসী ॥১৩॥
তস্মিংস্তথা বর্ত্তমানে দারুণে নাদসঙ্কুলে।
ভীরূণাং ত্রাসজননে শূরাণাং হর্ষবর্দ্ধনে ॥১৪॥
বাদিতাসু চ ভেরীষু ঝর্ঝরেষ্বানকেষু চ।
মৃদঙ্গেষু চ রাজেন্দ্র! বাদ্যমানেষ্বনেকশঃ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। দধ্মুর্বাদয়ামাসুঃ। দিবমাকাশম্ ॥১০॥
তথেতি। সর্বভূতানাং প্রবরৌ বাসুদেবধনঞ্জয়াবিতি সম্বন্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
শব্দ ইতি। দেবদত্তস্য তদাখ্যস্য শঙ্খস্য, ধনঞ্জয়েন সমীরিতঃ কৃতঃ ॥১২॥
তথেতি। পাঞ্চজন্যঃ পাঞ্চজন্যশব্দঃ। রোদসী নভঃপৃথিব্যৌ ॥১৩॥

সমুৎপন্ন, পার্ব্বত্য, নদীময়দেশজাত ও সিন্ধুদেশীয় উত্তম অশ্বগণদ্বারা অর্জ্জুনের রথখানাকে বেষ্টন করিলেন ॥৮—৯॥

নরনাথ! তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠেরা সমুদ্রের সহিত পৃথিবী ও আকাশ পূর্ণ করতঃ মহাশঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥১০॥

সেইরূপই সর্বভূতশ্রেষ্ঠ কৃষ্ণ এবং অর্জ্জুনও মর্ত্ত্যলোকের মধ্যে সমস্ত শঙ্খের শ্রেষ্ঠ শঙ্খযুগলের ধ্বনি করিতে থাকিলেন। অর্থাৎ অর্জ্জুন দেবদত্তশঙ্খ এবং কৃষ্ণ পাঞ্চজন্যশঙ্খ বাজাইতে লাগিলেন ॥১১॥

অর্জ্জুনকৃত দেবদত্তশঙ্খের ধ্বনি পৃথিবী, আকাশ ও সমস্ত দিক্ ব্যাপ্ত করিল ॥১২॥

সেইরূপই কৃষ্ণকৃত পাঞ্চজন্যশঙ্খের শব্দও অপর সমস্ত শব্দকে অতিক্রম করিয়া আকাশ ও ভূতল পূর্ণ করিল ॥১৩॥

(১১)···প্রবরৌ সর্ব্বদেবানাম্···বা নি। (১৫) প্রবাদিতাসু ভেরীষু···বা নি।

মহারথাঃ সমাখ্যাতা দুর্য্যোধনহিতৈষিণঃ।
অমৃষ্যমাণাস্তং শব্দং ক্রুদ্ধাঃ পরমধন্বিনঃ ॥১৬॥ (বিশেষকম্)
নানাদেশ্যা মহীপালাস্ত্বৎসৈন্যপরিরক্ষিণঃ।
অমর্ষিতা মহাশঙ্খান্ দধ্মুর্বীরা মহারথাঃ।
কৃতে প্রতিকরিষ্যন্তঃ কেশবস্যার্জ্জুনস্য চ ॥১৭॥
বভূব তব তৎ সৈন্যং শঙ্খশব্দসমীরিতম্।
উদ্বিগ্ননরনাগাশ্বমস্বস্থমিব চ প্রভো! ॥১৮॥
তৎ প্রবিদ্ধমিবাকাশং শূরৈঃ শঙ্খনিনাদিতম্।
বভূব ভৃশমুদ্বিগ্নং নির্ঘাতৈরিব নাদিতম্ ॥১৯॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নাদসঙ্কুলে বিমিশ্রশব্দে। ভের্য্যাদীনি তদানীন্তনবাদ্যনামানি। সমাখ্যাতা বিখ্যাতাঃ। অমৃষ্যমাণা অসহমানাঃ। ক্রুদ্ধা অভবন্নিতি শেষঃ ॥১৪—১৬॥

নানেতি। কৃতে অপকারে, প্রতিকরিষ্যন্তঃ প্রত্যপকারং করিষ্যন্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

বভূবেতি। শঙ্খশব্দেন সমীরিতং সঞ্চালিতচিত্তম্। অস্বস্থমস্বভাবস্থম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

বিখ্যাতাঃ, নদীজৈর্নদীতীরজৈঃ অশ্বাঃ সকর্ণিকারৈঃ নদীতীরদেশজাঃ সমুদ্দিষ্টাঃ পূর্ব্বার্দ্ধেষূদগ্রাঃ পশ্চার্দ্ধে বানতাঃ কিঞ্চিৎ ॥৮—১৮॥ প্রবিদ্ধমাক্ষিপ্তম্ ॥১৯—৩০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

রাজশ্রেষ্ঠ! ভীরুগণের ভয়জনক এবং বীরগণের হর্ষবর্দ্ধক সেই দারুণ মিশ্রিত শব্দ চলিতে থাকিলে এবং অনেক ভেরী, ঝর্ঝর, আনক ও মৃদঙ্গ বাদিত হইতে লাগিলে, মহারথ বলিয়া বিখ্যাত ও দুর্য্যোধনের হিতৈষী মহাধনুর্দ্ধরেরা সেই শব্দ সহ্য করিতে না পারিয়া ক্রুদ্ধ হইলেন ॥১৪—১৬॥

মহারাজ! তখন আপনার সৈন্যপরিরক্ষক নানাদেশীয় বীর এবং মহারথ রাজারাও ক্রুদ্ধ হইয়া কৃষ্ণ ও অর্জ্জুনকৃত অপকারের প্রত্যপকার করিবেন বলিয়া মহাশঙ্খ বাজাইতে লাগিলেন ॥১৭॥

রাজা! তৎকালে সেই শঙ্খের শব্দে আপনার সৈন্যমধ্যে পদাতি, হস্তী ও অশ্বগণ বিচলিতচিত্ত, উদ্বিগ্ন ও অসুস্থের ন্যায় হইয়া পড়িল ॥১৮॥

(১৬) মহারথাঃ সমাহূতাঃ···বা, মহারথসমাখ্যাতাঃ···নি। (১৭)···স্বসৈন্যপরিরক্ষিণঃ ···বা, কর্ণাদয়ো মহেষ্বাসাস্ত্বৎসৈন্যপরিরক্ষিণঃ···নি। (১৮) শঙ্খশব্দে সমীরিতে···নি,··· উদ্বিগ্নরথ···বা নি।

স শব্দঃ সুমহান্ রাজন্ ! দিশঃ সর্ব্বা নিনাদয়ন্ ।
ত্রাসয়ামাস তৎ সৈন্যং যুগান্ত ইব সংভৃতঃ ॥২০॥
ততো দুর্য্যোধনোঽষ্টৌ চ রাজানস্তে মহারথাঃ ।
জয়দ্রথস্য রক্ষার্থং পাণ্ডবং পর্য্যবারয়ন্ ॥২১॥
ততো দ্রৌণিস্ত্রিসপ্তত্যা বাসুদেবমতাড়য়ৎ ।
অর্জ্জুনঞ্চ ত্রিভির্ভল্লৈর্ধ্বজমশ্বাংশ্চ পঞ্চভিঃ ॥২২॥
তমর্জ্জুনঃ পৃষৎকানাং শতৈঃ ষড়্ভিরতাড়য়ৎ ।
অত্যর্থমিব সংক্রুদ্ধঃ প্রতিবিদ্ধে জনার্দ্দনে ॥২৩॥
কর্ণঞ্চ দশভির্বিদ্ধা বৃষসেনং ত্রিভিস্তথা ।
শল্যস্য সশরং চাপং মুষ্টৌ চিচ্ছেদ বীর্য্যবান্ ।
গৃহীত্বা ধনুরন্যত্তু শল্যো বিব্যাধ পাণ্ডবম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তদিতি। প্রবিদ্ধং তাড়িতম্। উদ্বিগ্নং বিচলিতম্, নির্ঘাতৈঃ বাতাহতবাতপাতৈঃ ॥১৯॥

স ইতি। যুগান্তে প্রলয়কালে, সংভৃতো মহাবায়ুপ্রভৃতিজনিতঃ ॥২০॥

তত ইতি। তে ভূরিশ্রবঃপ্রভৃতয়ঃ। অরাজানোঽপি কৃপাদয়ো রাজসাহচর্য্যেণ রাজান উচ্যন্তে ছত্রিন্যায়াৎ। পাণ্ডবমর্জ্জুনম্, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥২১॥

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। ধ্বজমশ্বাংশ্চার্জ্জুনস্যৈব ॥২২॥

তমিতি। পৃষৎকানাং বাণানাম্। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥২৩॥

বীরেরা নির্ঘাতশব্দের ন্যায় শঙ্খের শব্দ করিলে আকাশটাও যেন তাড়িত এবং গুরুতর উদ্বিগ্ন হইল ॥১৯॥

রাজা ! প্রলয়কালের বায়ুপ্রভৃতির শব্দের ন্যায় সেই অতিবিশাল শব্দ সমস্ত দিক্ নিনাদিত করিয়া সেই সৈন্যগণকে ত্রস্ত করিয়া ফেলিল ॥২০॥

তাহার পর দুর্য্যোধন এবং সেই আট জন মহারথ জয়দ্রথকে রক্ষা করিবার জন্য অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥২১॥

তাহার পর অশ্বত্থামা ত্রিসপ্ততিসংখ্যক ভল্লদ্বারা কৃষ্ণকে, তিনটা ভল্লদ্বারা অর্জ্জুনকে এবং পাঁচটা ভল্লদ্বারা তাঁহার ধ্বজ ও চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥২২॥

অশ্বত্থামা কৃষ্ণকে তাড়ন করিলে, অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একেবারে ছয় শত বাণদ্বারা অশ্বত্থামাকে পীড়ন করিলেন ॥২৩॥

---

(২০)···যুগান্ত ইব সংবৃতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ভূরিশ্রবাস্ত্রিভির্ব্বাণৈর্হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
কর্ণো দ্বাত্রিংশতা চৈব বৃষসেনশ্চ পঞ্চভিঃ ॥২৫॥
জয়দ্রথস্ত্রিসপ্তত্যা কৃপশ্চ দশভিঃ শরৈঃ।
মদ্ররাজশ্চ দশভির্বিব্যধুঃ ফাল্গুনং রণে ॥২৬॥ (যুগ্মকম্)
ততঃ শরাণাং ষষ্ট্যা তু দ্রৌণিঃ পার্থমবাকিরৎ।
বাসুদেবঞ্চ সপ্তত্যা পুনঃ পার্থঞ্চ পঞ্চভিঃ ॥২৭॥
প্রহসংস্তু নরব্যাঘ্রঃ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
প্রত্যবিধ্যৎ স তান্ সর্ব্বান্ দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥২৮॥
কর্ণং দ্বাদশভির্বিদ্ধা বৃষসেনং ত্রিভিঃ শরৈঃ।
শল্যস্য সশরং চাপং মুষ্টিদেশে ন্যকৃন্তত ॥২৯॥

ভারতকৌমুদী

কর্ণমিতি। দশভির্বাণৈঃ। বীর্য্যবানর্জ্জুনঃ। পাণ্ডবমর্জ্জুনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
ভূরীতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥২৫—২৬॥
তত ইতি। দ্রৌণির্দ্রোণপুত্রোঽশ্বত্থামা, অবাকিরৎ প্রাহরৎ ॥২৭॥
প্রেতি। শ্বেতাশ্বোঽর্জ্জুনঃ। পাণিলাঘবং হস্তয়োর্দ্রুতবাণক্ষেপযোগ্যতাম্ ॥২৮॥
কর্ণমিতি। ন্যকৃন্তত অচ্ছিনৎ ॥২৯॥

ক্রমে বলবান্ অর্জ্জুন দশটা বাণদ্বারা কর্ণকে এবং তিনটা বাণদ্বারা বৃষসেনকে বিদ্ধ করিয়া শল্যের বাণযুক্ত ধনুর মুষ্টিদেশ ছেদন করিয়া ফেলিলেন। তখন শল্য অন্য ধনু গ্রহণ করিয়া অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥২৪॥

এই সময়ে ভূরিশ্রবা স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত তিনটা বাণদ্বারা, কর্ণ বত্রিশটা, বৃষসেন পাঁচটা, জয়দ্রথ ত্রিসপ্ততিটা, কৃপ দশটা এবং শল্যও দশটা বাণদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥২৫—২৬॥

তদনন্তর অশ্বত্থামা ষাটটা বাণদ্বারা অর্জ্জুনকে, সত্তরটা বাণদ্বারা কৃষ্ণকে, আবার পাঁচটা বাণদ্বারা অর্জ্জুনকে প্রহার করিলেন ॥২৭॥

তখন নরশ্রেষ্ঠ কৃষ্ণসারথি অর্জ্জুন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া হাস্য করিতে করিতে তাঁহাদের সকলকেই প্রতিবিদ্ধ করিলেন ॥২৮॥

পরে তিনি বারটা বাণদ্বারা কর্ণকে এবং তিনটা বাণদ্বারা বৃষসেনকে বিদ্ধ করিয়া শল্যের বাণযুক্ত ধনুখানার মুষ্টিদেশ ছেদন করিয়া ফেলিলেন ॥২৯॥

(২৫)…বৃষসেনশ্চ সপ্তভিঃ…বা নি। (২৭)…বাসুদেবঞ্চ বিংশত্যা…বা নি।

CENTRAL LIBRARY

সৌমদত্তিং ত্রিভির্বিদ্ধা শল্যঞ্চ দশভিঃ শরৈঃ।
শিতৈরগ্নিশিখাকারৈর্দ্রৌণিং বিব্যাধ চাষ্টভিঃ ॥৩০॥
গৌতমং পঞ্চবিংশত্যা সৈন্ধবঞ্চ শতেন হ।
পুনর্দ্রৌণিঞ্চ সপ্তত্যা শরাণাং সোঽভ্যতাড়য়ৎ ॥৩১॥
ভূরিশ্রবাস্তু সংক্রুদ্ধঃ প্রতোদং চিচ্ছিদে হরেঃ।
অর্জ্জুনঞ্চ ত্রিসপ্তত্যা বাণানামাজঘান হ ॥৩২॥
ততঃ শরশতৈস্তীক্ষ্ণৈস্তানরীন্ শ্বেতবাহনঃ।
প্রত্যষেধত সংক্রুদ্ধো মহাবাতো ঘনানিব ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

ভারতকৌমুদী

সৌমেতি। সৌমদত্তিং সোমদত্তপুত্রং ভূরিশ্রবসম্। শিতৈঃ সুধারীকৃতৈঃ ॥৩০॥
গৌতমমিতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্, সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্ ॥৩১॥
ভূরীতি। প্রতোদম্ অশ্বতাড়নদণ্ডম্, চিচ্ছিদে চিচ্ছেদ ॥৩২॥
তত ইতি। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ। প্রত্যষেধত ন্যবারয়ৎ। ঘনান্ মেঘান্ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তৎপরে সুধার তিনটা বাণদ্বারা ভূরিশ্রবাকে এবং দশটাদ্বারা শল্যকে তাড়ন করিয়া অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল আটটা বাণদ্বারা অশ্বত্থামাকে পীড়ন করিলেন ॥৩০॥

ক্রমে তিনি পঁচিশটা বাণদ্বারা কৃপকে, একশত বাণদ্বারা জয়দ্রথকে এবং সত্তরটা বাণদ্বারা আবার অশ্বত্থামাকে তাড়ন করিলেন ॥৩১॥

পরে ভূরিশ্রবা অত্যন্তক্রুদ্ধ হইয়া কৃষ্ণের কশা ছেদন করিলেন এবং ত্রিসপ্ততি বাণদ্বারা অর্জুনকে আঘাত করিলেন ॥৩২॥

তদনন্তর মহাবায়ু যেমন মেঘ নিবারণ করে, সেইরূপ অর্জুন বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বারা সেই শত্রুগণকে নিবারণ করিতে লাগিলেন' ॥৩৩॥

——:০:——

(৩৩)…প্রত্যষেধদ্দ্রুতং ক্রুদ্ধঃ…বা নি। * '…ন্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…চতুরধিকশততমোঽধ্যায়ঃ' বা বা নি।

CENTRAL LIBRARY

নবতিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

ধৃতরাষ্ট্র উবাচ।

ধ্বজান্ বহুবিধাকারান্ ভ্রাজমানানতিশ্রিয়া।
পার্থানাং মামকানাঞ্চ ত্বং সমাচক্ষ্ব সঞ্জয়! ॥১॥

সঞ্জয় উবাচ।

ধ্বজান্ বহুবিধাকারান্ শৃণু তেষাং মহাত্মনাম্।
রূপতো বর্ণতশ্চৈব নামতশ্চ নিবোধ মে ॥২॥
তেষান্তু রথমুখ্যানাং রথেষু বিবিধা ধ্বজাঃ।
প্রত্যদৃশ্যন্ত রাজেন্দ্র! জ্বলিতা ইব পাবকাঃ ॥৩॥
কাঞ্চনাঃ কাঞ্চনাপীড়াঃ কাঞ্চনস্রগলঙ্কৃতাঃ।
কাঞ্চনানীব শৃঙ্গাণি কাঞ্চনস্য মহাগিরেঃ ॥৪॥
অনেকবর্ণা বিবিধা ধ্বজাঃ পরমশোভনাঃ।
তে ধ্বজাঃ সংবৃতাস্তেষাং পতাকাভিঃ সমন্ততঃ।
নানাবর্ণবিরাগাভিরশোভন্ত সমুচ্ছ্রিতাঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কৌতুকেন জিজ্ঞাসতে ধ্বজানিতি। বহুবিধাকারানিতি সম্ভাব্যমানমুক্তম্ ॥১॥
ধ্বজানিতি। রূপত আকৃত্যা। এবমন্যত্র। নিবোধ জানীহি ॥২॥
তেষামিতি। তেষামর্জ্জুনাদীনাম্, রথমুখ্যানাং রথিশ্রেষ্ঠানাম্ ॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি পাণ্ডবপক্ষ ও আমার পক্ষের নানাবিধাকৃতি ও অতিসৌন্দর্য্যে শোভমান ধ্বজগুলির বর্ণনা কর' ॥১॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! সেই মহাত্মাদের নানাবিধাকৃতি ধ্বজগুলির বিষয় আপনি শ্রবণ করুন এবং সেগুলির আকৃতি, বর্ণ ও নাম আমার নিকট অবগত হউন ॥২॥

রাজশ্রেষ্ঠ! সেই রথিশ্রেষ্ঠগণের রথে প্রজ্বলিত অগ্নির ন্যায় নানাবিধ ধ্বজ দেখা যাইতেছিল ॥৩॥

(১)…তান্ মমাচক্ষ্ব সঞ্জয়!—বা রা নি। (৫)…নানাবর্ণবিকারাভিঃ…পি .বঙ্গ বর্দ্ধ,… শুশুভুঃ সর্ব্বতো বৃতাঃ—বা নি।

CENTRAL LIBRARY

পতাকাশ্চ ততস্তাস্তু শ্বসনেন সমীরিতাঃ।
নৃত্যমানাঃ স্ম দৃশ্যন্তে রঙ্গমধ্যে বিলাসিকাঃ ॥৬॥
ইন্দ্রায়ুধসবর্ণাভাঃ পতাকা ভরতর্ষভ!।
দোধূয়মানা রথিনাং শোভয়ন্তি মহারথান্ ॥৭॥
সিংহলাঙ্গূলমুগ্রাস্যং ধ্বজং বানরলক্ষণম্।
ধনঞ্জয়স্য সংগ্রামে প্রত্যপশ্যাম ভৈরবম্ ॥৮॥
স বানরবরো রাজন্! পতাকাভিরলঙ্কৃতঃ।
ত্রাসয়ামাস তৎ সৈন্যং ধ্বজো গাণ্ডীবধন্বনঃ ॥৯॥

ভারতকৌমুদী

কাঞ্চনা ইতি। কাঞ্চনাঃ স্বর্ণময়াঃ, কাঞ্চনাপীড়াঃ স্বর্ণময়শেখরাঃ। কাঞ্চনস্য স্বর্ণময়স্য সুমেরোঃ। নানাবর্ণৈর্বিশিষ্টো রাগো রঞ্জনং যাসাং তাভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪—৫॥

পতাকা ইতি। শ্বসনেন বায়ুনা, সমীরিতাঃ সঞ্চালিতাঃ। বিলাসিকা নর্ত্তক্য ইব ॥৬॥

ইন্দ্রেতি। ইন্দ্রায়ুধসবর্ণা শক্রধনুস্তুল্যরূপা আভা যাসাং তাঃ। দোধূয়মানা বায়ুনা ॥৭॥

সিংহেতি। সিংহলাঙ্গূলমুগ্রাস্যঞ্চ বানরং বিভ্রতমিতি শেষঃ। অতএব বানরলক্ষণম্ ॥৮॥

স ইতি। বানরাণাং বরো যস্মিন্ সঃ। তৎ কৌরবীয়ম্। গাণ্ডীবধন্বনোঽর্জ্জুনস্য ॥৯॥

মহাগিরি সুমেরুর স্বর্ণময় শৃঙ্গসমূহের ন্যায় স্বর্ণময়, স্বর্ণশেখর, স্বর্ণমালায় অলঙ্কৃত, নানাবর্ণ ও নানাপ্রকার পরমসুন্দর ধ্বজ প্রকাশ পাইতেছিল এবং নানাবর্ণরঞ্জিত পতাকাসমূহদ্বারা আবৃত সেই উত্তোলিত ধ্বজগুলি সকল দিকে শোভা পাইতেছিল ॥৪—৫॥

সেই পতাকাগুলি আবার বায়ুসঞ্চালিত হইয়া—রঙ্গালয়ে নৃত্যকারিণী নর্ত্তকীগণের ন্যায় দৃষ্টিগোচর হইতেছিল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! রথিগণের ইন্দ্রধনুতুল্য নানাবর্ণযুক্ত পতাকা সকল বায়ুকর্ত্তৃক অনবরত সঞ্চালিত হইতে থাকিয়া সেই মহারথগণকে শোভিত করিতেছিল ॥৭॥

মহারাজ! আমরা রণস্থলে অর্জ্জুনের ভয়ঙ্কর ধ্বজটা দেখিতেছিলাম; তাহার উপরে একটা বানর ছিল, তাহার লাঙ্গূলটা সিংহের লাঙ্গূলের ন্যায় এবং মুখখানাও সিংহের মুখের তুল্য ভীষণ ছিল ॥৮॥

রাজা! বানরশ্রেষ্ঠযুক্ত ও পতাকাশোভিত অর্জ্জুনের সেই ধ্বজটা কৌরব-সৈন্যের ভয় জন্মাইতেছিল ॥৯॥

---

(৬)…নৃত্যমানা ব্যদৃশ্যন্ত…বা নি। (৮) সিংহলাঙ্গূল উগ্রাস্যো ধ্বজো বানরলক্ষণঃ।… প্রত্যদৃশ্যত ভারত!—নি।

তথৈব সিংহলাঙ্গূলং দ্রোণপুত্রস্য ভারত!।
ধ্বজাগ্রং সমপশ্যাম বালসূর্য্যসমপ্রভম্ ॥১০॥
কাঞ্চনং পবনোদ্ধূতং শক্রধ্বজসমদ্যুতিম্।
নন্দনং কৌরবেন্দ্রাণাং দ্রৌণের্লক্ষ্ম সমুচ্ছ্রিতম্ ॥১১॥
হস্তিকক্ষা পুনর্হৈমী বভূবাধিরথের্ধ্বজঃ।
আহবে খং মহারাজ! দদৃশে পূরয়ন্নিব ॥১২॥
পতাকা কাঞ্চনী স্রগ্বী ধ্বজঃ কর্ণস্য সংযুগে।
নৃত্যতীব রথোপস্থে শ্বসনেন সমীরিতঃ ॥১৩॥
আচার্য্যস্য চ পাণ্ডূনাং ব্রাহ্মণস্য যশস্বিনঃ।
গোবৃষো গৌতমস্যাসীৎ কৃপস্য চ পরিষ্কৃতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তথেতি। সিংহস্য লাঙ্গূলং চিহ্নভূতং যস্মিন্ তৎ ॥১০॥
কাঞ্চনমিতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। নন্দনমানন্দজনকম্। লক্ষ্ম চিহ্নং পতাকেত্যর্থঃ ॥১১॥
হস্তীতি। হস্তিনঃ কক্ষা মধ্যবন্ধনরজ্জুঃ, হৈমী স্বর্ণময়ী, আধিরথেঃ কর্ণস্য ॥১২॥
পতাকেতি। স্রগ্বী মালাবান্। রথস্য উপস্থে উপরিভাগে, শ্বসনেন বায়ুনা ॥১৩॥
আচার্য্যস্যেতি। চকারাৎ কৃপাচ্চ। গোবৃষঃ প্রধানবৃষচিহ্নম্। পরিষ্কৃতো মার্জ্জিতঃ ॥১৪॥

ভরতনন্দন! সেইরূপই আমরা অশ্বত্থামার ধ্বজটা দেখিলাম; সেটা নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং সিংহলাঙ্গূলচিহ্নিত ছিল ॥১০॥

স্বর্ণখচিত, বায়ুসঞ্চালিত, ইন্দ্রধ্বজের ন্যায় নানাবর্ণ এবং কৌরবশ্রেষ্ঠগণের আনন্দজনক অশ্বত্থামার চিহ্নস্বরূপ একটা পতাকা সেই ধ্বজের উপরে উত্তোলিত ছিল ॥১১॥

মহারাজ! কর্ণের ধ্বজের উপরে আবার তাঁহার চিহ্নস্বরূপ স্বর্ণময় হস্তি-মধ্যবন্ধনরজ্জু ছিল; সেটা যেন আকাশ পূর্ণ করিতে থাকিয়া সমরস্থলে দৃষ্টিগোচর হইতে লাগিল ॥১২॥

কর্ণের সেই মালাযুক্ত ধ্বজ ও স্বর্ণময়ী পতাকা বায়ুকর্ত্তৃক সঞ্চালিত হইতে থাকিয়া রথের উপরে যেন নৃত্য করিতেছিল ॥১৩॥

কৌরব ও পাণ্ডবগণের অস্ত্রশিক্ষক, ব্রাহ্মণ, যশস্বী ও গৌতমগোত্র কৃপের ধ্বজের উপরে একটা পরিমার্জ্জিত শ্রেষ্ঠ বৃষচিহ্ন ছিল ॥১৪॥

(১৩) পতাকী কাঞ্চনঃ স্রগ্বী···নি। (১৪) আচার্য্যস্য তু পাণ্ডূনাং ব্রাহ্মণস্য তপস্বিনঃ ···বা নি।

CENTRAL LIBRARY

স তেন ভ্রাজতে রাজন্ ! গোবৃষেণ মহারথঃ ।
ত্রিপুরারে রথো যদ্বদ্‌গোবৃষেণ বিরাজতা ॥১৫॥
ময়ূরো বৃষসেনস্য কাঞ্চনো মণিরত্নবান্ ।
ব্যাহরিষ্যন্নিবাতিষ্ঠৎ সেনাগ্রমতিশোভয়ন্ ॥১৬॥
তেন তস্য রথো ভাতি ময়ূরেণ মহাত্মনা ।
যথা স্কন্দস্য রাজেন্দ্র ! ময়ূরেণ বিরাজতা ॥১৭॥
মদ্ররাজস্য শল্যস্য ধ্বজাগ্রেঽগ্নিশিখামিব ।
সৌবর্ণীং সমপশ্যাম সীতামপ্রতিমাং শুভাম্ ॥১৮॥
সা সীতা ভ্রাজতে তস্য রথমাস্থায় মারিষ ! ।
সর্ববীজবিরূঢ়েব যথা সীতা শ্রিয়া বৃতা ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। ভ্রাজতে শোভতে স্ম। ত্রিপুরারেঃ শিবস্য ॥১৫॥
ময়ূর ইতি। কাঞ্চনস্যায়মিতি কাঞ্চনঃ। ব্যাহরিষ্যন্ বিপক্ষাণাং ভয়ং বদিষ্যন্ ॥১৬॥
তেনেতি। স্কন্দস্য কার্ত্তিকেয়স্য রথঃ ॥১৭॥
মদ্রেতি। সীতাং লাঙ্গলপদ্ধতিং ভূরেখাম্, "সীতা লাঙ্গলপদ্ধতিঃ" ইত্যমরঃ ॥১৮॥
সেতি। সর্বাণি বীজানি বিরূঢ়ানি অঙ্কুরিতানি যস্যাং সা, সীতা লাঙ্গলকৃতভূরেখা ॥১৯॥

রাজা ! মহাদেবের রথখানা যেমন শ্রেষ্ঠ বৃষচিহ্নদ্বারা শোভা পাইয়া থাকে, সেইরূপ কৃপাচার্য্যের রথখানাও সেই শ্রেষ্ঠ বৃষদ্বারা শোভা পাইতেছিল ॥১৫॥

স্বর্ণখচিত ও মণি-রত্নযুক্ত বৃষসেনের ধ্বজের উপরে একটা ময়ূরচিহ্ন ছিল ; সেটা সৈন্যের সম্মুখভাগের গুরুতর শোভা জন্মাইতে থাকিয়া বিপক্ষদিগকে ভয়ের কথা বলিবে বলিয়াই যেন সেস্থানে অবস্থান করিতেছিল ॥১৬॥

রাজশ্রেষ্ঠ ! কার্ত্তিকের রথখানা যেমন শোভমান ময়ূরদ্বারা শোভা পায়, সেইরূপ বৃষসেনের রথখানাও সেই উত্তম ময়ূরচিহ্নদ্বারা শোভা পাইতেছিল ॥১৭॥

মদ্ররাজ শল্যের ধ্বজের উপরে অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল, স্বর্ণময়, অতুলনীয় ও শুভলক্ষণযুক্ত একটা সীতা (লাঙ্গলকৃত ভূরেখা) দেখিয়াছিলাম ॥১৮॥

মাননীয় রাজা ! সমস্ত বীজ অঙ্কুরিত হইলে শোভাযুক্ত লাঙ্গলকৃত ভূরেখা যেমন প্রকাশ পায়, সেইরূপ সেই সুবর্ণময়ী সীতাও শল্যের রথে থাকিয়া প্রকাশ পাইতেছিল ॥১৯॥

(১৫)···ত্রিপুরঘ্নরথো যদ্বৎ···বা নি। (১৭)···ময়ূরেণ মহাত্মনঃ···বা নি। (১৮)··· প্রতিপশ্যাম···বা নি।

CENTRAL LIBRARY

বরাহঃ সিন্ধুরাজস্য রাজতোঽভিবিরাজতে।
ধ্বজাগ্রে লোহিতার্কাভো হেমজালপরিষ্কৃতঃ ॥২০॥
শুশুভে কেতুনা তেন রাজতেন জয়দ্রথঃ।
যথা দেবাসুরে যুদ্ধে পুরা পূষা স্ম শোভতে ॥২১॥
সৌমদত্তেঃ পুনর্যূপো যজ্ঞশীলস্য ধীমতঃ।
ধ্বজঃ সূর্য্য ইবাভাতি সোমশ্চাত্র প্রদৃশ্যতে ॥২২॥
স যূপঃ কাঞ্চনো রাজন্! সৌমদত্তের্বিরাজতে।
রাজসূয়ে মখশ্রেষ্ঠে যথা যূপঃ সমুচ্ছ্রিতঃ ॥২৩॥
শলস্য তু মহারাজ! রাজতো দ্বিরদো মহান্।
কেতুঃ কাঞ্চনচিত্রাঙ্গৈর্ময়ূরৈরুপশোভিতঃ ॥২৪॥
স কেতুঃ শোভয়ন্ সৈন্যং তাবকং ভরতর্ষভ!।
যথা শ্বেতো মহানাগো দেবরাজচমূং তথা ॥২৫॥

ভারতকৌমুদী

বরাহ ইতি। লোহিতার্কাভো নবোদিতসূর্য্যতুল্যরক্তবর্ণঃ, হেমজালেন পরিষ্কৃতঃ শোভিতঃ ॥২০॥

শুশুভ ইতি। কেতুনা ধ্বজেন, রাজতেন রজতময়েন। পূষা সূর্য্যঃ ॥২১॥

সৌমেতি। সৌমদত্তের্ভূরিশ্রবসঃ। যূপো যূপচিহ্নিতঃ। সোমশ্চন্দ্রচিহ্নম্ ॥২২॥

স ইতি। কাঞ্চনস্যায়মিতি কাঞ্চনঃ স্বর্ণময়ঃ। মখশ্রেষ্ঠে যজ্ঞপ্রধানে ॥২৩॥

শলস্যেতি। রাজতো রৌপ্যময়ঃ, দ্বিরদো হস্তী তদাকারচিহ্নযুক্ত ইত্যর্থঃ ॥২৪॥

শোভমান সিন্ধুরাজ জয়দ্রথের ধ্বজের উপরে নবোদিত সূর্য্যের ন্যায় রক্তবর্ণ এবং স্বর্ণজালে পরিশোভিত একটা বরাহ শোভা পাইতেছিল ॥২০॥

পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে সূর্য্য যেমন শোভা পাইতেন, সেইরূপ সেই রৌপ্যখচিত ধ্বজদ্বারা জয়দ্রথ শোভা পাইতে লাগিলেন ॥২১॥

যজ্ঞানুষ্ঠানপরায়ণ ও বুদ্ধিমান্ ভূরিশ্রবার যূপচিহ্নিত ধ্বজটা আবার সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিল; তাহাতে চন্দ্রচিহ্নও দেখা যাইতে লাগিল ॥২২॥

রাজা! যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ে উত্তোলিত ধ্বজের ন্যায় ভূরিশ্রবার সেই স্বর্ণময় ধ্বজটা বিশেষ শোভা পাইতে লাগিল ॥২৩॥

মহারাজ! শলের ধ্বজের উপরে একটা রৌপ্যময় বিশাল হস্তীর চিহ্ন ছিল; সেটা আবার সুবর্ণবিচিত্রাঙ্গ কতকগুলি ময়ূরচিহ্নদ্বারা শোভিত ছিল ॥২৪॥

(২৫) স কেতুঃ শোভয়ামাস সৈন্যং তে ভরতর্ষভ!- ·বা নি।

CENTRAL LIBRARY

নাগো মণিময়ো রাজ্ঞো ধ্বজঃ কাঞ্চনসংবৃতঃ।
কিঙ্কিণীশতসংহ্রাদো রাজংশ্চিত্রো রথোত্তমে ॥২৬॥
ব্যভ্রাজত ভৃশং রাজন্! পুত্রস্তব বিশাংপতে!।
ধ্বজেন মহতা সংখ্যে কুরূণামৃষভস্তদা ॥২৭॥
নবৈতে তব বাহিন্যামুচ্ছ্রিতাঃ পরমধ্বজাঃ।
ব্যদীপয়ংস্তে পৃতনাং যুগান্তাদিত্যসন্নিভাঃ ॥২৮॥
দশমস্ত্বর্জ্জুনস্যাসীদেক এব মহাকপিঃ।
অদীপ্যতার্জ্জুনো যেন হিমবানিব বহ্নিনা ॥২৯॥
ততশ্চিত্রাণি শুভ্রাণি সুমহান্তি মহারথাঃ।
কার্ম্মুকাণ্যাদদুস্তূর্ণমর্জ্জুনার্থে পরন্তপাঃ ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। শোভয়ন্নাসীদিতি শেষঃ। মহানাগঃ অনন্তো নাম ॥২৫॥
নাগ ইতি। নাগঃ সর্পচিহ্নযুক্তঃ, রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥২৬॥
ব্যভ্রাজতেতি। ব্যভ্রাজত বিশেষেণাদীপ্যত। পুত্রো দুর্য্যোধনঃ ॥২৭॥
নবেতি। উচ্ছ্রিতা উত্তোলিতাঃ। ব্যদীপয়ন্ অশোভয়ন্, পৃতনাং সেনাম্ ॥২৮॥
দশম ইতি। মহান্ কপির্যত্র স তাদৃশো ধ্বজঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

ধ্বজানিতি। রূপ আকারঃ ॥১—৯॥ ধ্বজাগ্রং ধ্বজমুখম্ ॥১০॥ কাঞ্চনং কাঞ্চনময়ম্ ॥১১—১৯॥ আলোহিতার্কাভোঽনুপরক্তস্ফটিকবর্ণঃ ॥২১—২৮॥ হিমবানিব বহ্নিনেতি তত্র কিল পরাশরেণ বহ্নিঃ সংস্থাপিতঃ ॥২৯—৩৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

ভরতশ্রেষ্ঠ! শ্বেতবর্ণ অনন্তনাগ যেমন দেবসৈন্যের শোভা জন্মাইতেন, তেমন সেই ধ্বজটা আপনার সৈন্যের শোভা জন্মাইতে লাগিল ॥২৫॥

রাজা! দুর্য্যোধনের উত্তম রথে নাগচিহ্নিত, মণিময় ও স্বর্ণবেষ্টিত একটা ধ্বজ ছিল; তাহাতে শত শত কিঙ্কিণী বাজিতেছিল ॥২৬॥

নরনাথ রাজা! আপনার পুত্র কৌরবশ্রেষ্ঠ দুর্য্যোধন তখন সেই বিশাল ধ্বজদ্বারা রণস্থলে বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! আপনার সৈন্যমধ্যে উত্তোলিত প্রলয়কালের সূর্য্যের ন্যায় উজ্জ্বল এই নয়টা উত্তম ধ্বজ আপনার সৈন্যের শোভা জন্মাইতে লাগিল ॥২৮॥

হিমালয় যেমন অগ্নিদ্বারা শোভা পায়, তেমন যে ধ্বজদ্বারা অর্জ্জুন শোভা পাইতেছিলেন, সেই দশম একমাত্র মহাকপিধ্বজই অর্জ্জুনের ছিল ॥২৯॥

(২৬)···ধ্বজঃ কনকসংবৃতঃ···বা নি।

তথৈব ধনুরায়চ্ছৎ পার্থঃ শত্রুবিনাশনম্।
গাণ্ডীবং দিব্যকর্ম্মা তদ্রাজন্! দুর্মন্ত্রিতে তব ॥৩১॥
তবাপরাধাদ্ধি নৃপা নিহতা বহবো যুধি।
নানাদিগ্‌ভ্যঃ সমাহূতাঃ সহয়াঃ সরথদ্বিপাঃ ॥৩২॥
তেষামাসীদ্ব্যতিক্ষেপো গর্জ্জতামিতরেতরম্।
দুর্য্যোধনমুখানাঞ্চ পাণ্ডূনামৃষভস্য চ ॥৩৩॥
তত্রাদ্ভুতং পরং চক্রে কৌন্তেয়ঃ কৃষ্ণসারথিঃ।
যদেকো বহুভিঃ সার্দ্ধং সমাগচ্ছদভীতবৎ ॥৩৪॥
অশোভত মহাবাহুর্গাণ্ডীবং বিক্ষিপন্ ধনুঃ।
জিগীষুস্তান্ নরব্যাঘ্রান্ জিঘাংসুশ্চ জয়দ্রথম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মহারথাঃ কর্ণাদয়ঃ। অর্জ্জুনস্য অর্থে নিবারণায় ॥৩০॥
তথেতি। আয়চ্ছৎ আকর্ষণেন প্রাসারয়ৎ। দিব্যকর্ম্মা অলৌকিককর্ম্মা ॥৩১॥
তবেতি। অপরাধাৎ দ্যূতানুমোদনাদিদোষাৎ। অন্যথেদৃগনর্থো ন স্যাদিতি ভাবঃ ॥৩২॥
তেষামিতি। ব্যতিক্ষেপঃ পরস্পরসংঘর্ষঃ। পাণ্ডূনামৃষভস্য পাণ্ডবশ্রেষ্ঠস্যার্জ্জুনস্য ॥৩৩॥
তত্রেতি। সমাগচ্ছৎ সমরস্থলে সম্মিলিতোঽভবৎ ॥৩৪॥
অশোভতেতি। মহাবাহুরর্জ্জুনঃ, বিক্ষিপন্ অবিরতমাকর্ষন্ ॥৩৫॥

তদনন্তর শত্রুসন্তাপকারী কর্ণপ্রভৃতি মহারথেরা অর্জ্জুনকে নিবারণ করিবার জন্য সত্বর বিচিত্র, শুভ্রবর্ণ ও বিশাল ধনু সকল গ্রহণ করিলেন ॥৩০॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলে সেইরূপই অলৌকিককার্য্যকারী অর্জ্জুনও শত্রুনাশক সেই গাণ্ডীবধনু বিস্তৃত করিলেন ॥৩১॥

আপনার অপরাধেই নানাদিক্ হইতে আহূত বহুতর রাজা হস্তী, অশ্ব ও রথের সহিত যুদ্ধে নিহত হইয়াছেন ॥৩২॥

সে যাহা হউক, ক্রমে পরস্পর গর্জনকারী দুর্য্যোধনপ্রভৃতি কৌরবযোদ্ধৃগণ এবং পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুনের পরস্পর সংঘর্ষ হইতে লাগিল ॥৩৩॥

তখন কৃষ্ণসারথি অর্জ্জুন গুরুতর অদ্ভুত কার্য্য করিতে লাগিলেন; যে হেতু তিনি একাকী বহুতর যোদ্ধার সহিত নির্ভয়ে মিলিত হইয়াছিলেন ॥৩৪॥

ক্রমে মহাবাহু অর্জ্জুন সেই নরশ্রেষ্ঠগণকে জয় এবং জয়দ্রথকে বধ করিবার

(৩১)…শত্রুবিনাশনঃ…বা নি। (৩২) তবাপরাধাদ্রাজানঃ · বা নি। (৩৫)…নরব্যাঘ্রঃ…বা নি।

তত্রার্জ্জুনো মহারাজ ! শরৈর্মুক্তৈঃ সহস্রশঃ ।
অদৃশ্যানকরোদ্‌যোধাংস্তাবকান্ শত্রুতাপনঃ ॥৩৬॥
ততস্তেঽপি নরব্যাঘ্রাঃ পার্থং সর্ব্বে মহারথাঃ ।
অদৃশ্যং সমরে চক্রুঃ সায়কৌঘৈঃ সমন্ততঃ ॥৩৭॥
সংবৃতে নরসিংহৈস্তৈঃ কুরূণামৃষভেঽর্জ্জুনে ।
মহানাসীৎ সমুদ্ধূতস্তস্য সৈন্যস্য নিস্বনঃ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে ধ্বজবর্ণনে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

ভারতকৌমুদী

তত্রেতি। যোধান্ কর্ণাদীন্ ॥৩৬॥

তত ইতি। তে কর্ণাদয়ঃ। সমন্ততঃ সর্বাভ্য এব দিগ্‌ভ্যঃ ॥৩৭॥

সংবৃত ইতি। সংবৃতে আবৃতে। সমুদ্ধূত উৎপন্নঃ, নিস্বনঃ কোলাহলঃ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ইচ্ছা করিয়া অনবরত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৫॥

মহারাজ ! তখন শত্রুতাপন অর্জ্জুন সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিয়া আপনার পক্ষের যোদ্ধাদিগকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৩৬॥

তদনন্তর নরশ্রেষ্ঠ সেই মহারথেরা সকলেও সকল দিক্ হইতে বাণসমূহ-দ্বারা অর্জ্জুনকে অদৃশ্য করিলেন ॥৩৭॥

সেই নরশ্রেষ্ঠেরা কুরুশ্রেষ্ঠ অর্জ্জুনকে আবৃত করিলে, সেই সৈন্যগণের মধ্যে বিশাল কোলাহল উত্থিত হইল' ॥৩৮॥

———•::•———

(৩৬)…অদৃশ্যাংস্তাবকান্ যোধান্ প্রচক্রে শত্রুতাপনঃ—বা নি। * '…ত্রাধিকশত-তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

একনবতিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

অর্জ্জুনে সৈন্ধবং প্রাপ্তে ভারদ্বাজেন সংবৃতাঃ।
পাঞ্চালাঃ কুরুভিঃ সার্দ্ধং কিমকুর্বত সঞ্জয়! ॥১॥

সঞ্জয় উবাচ।

অপরাহ্ণে মহারাজ! সংগ্রামে লোমহর্ষণে।
পাঞ্চালানাং কুরূণাঞ্চ দ্রোণদ্যূতমভূত্তদা ॥২॥
পাঞ্চালা বিজিঘাংসন্তো দ্রোণং সংহৃষ্টচেতসঃ।
অভ্যমুঞ্চন্ত গর্জন্তঃ শরবর্ষাণি মারিষ! ॥৩॥
ততঃ সুতুমুলস্তেষাং সংগ্রামোঽবর্ত্ততাদ্ভুতঃ।
পাঞ্চালানাং কুরূণাঞ্চ ঘোরো দেবাসুরোপমঃ ॥৪॥
সর্ব্বে দ্রোণরথং প্রাপ্য পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
তদনীকং বিভিৎসন্তো মহাস্ত্রাণি ব্যদর্শয়ন্ ॥৫॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, ভারদ্বাজেন দ্রোণেন, সংবৃতাঃ শরৈরাবৃতাঃ ॥১॥
অপরাহ্ণ ইতি। দ্রোণ এব দ্যূতং দ্রোণদ্যূতং তদ্গ্রহণে তীব্রেচ্ছেত্যর্থঃ ॥২॥
পাঞ্চালা ইতি। বিজিঘাংসন্তো বিহন্তুমিচ্ছন্তঃ। হে মারিষ! আর্য্য! ॥৩॥
তত ইতি। দেবাসুরোপমো দেবাসুরযুদ্ধতুল্যঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন জয়দ্রথের নিকট উপস্থিত হইলে, পাঞ্চালেরা দ্রোণের বাণে আবৃত হইয়া কৌরবদের সহিত কি করিল?' ॥১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই অপরাহ্ণকালে লোমহর্ষণ যুদ্ধে পাঞ্চালগণ ও কৌরবগণের দ্রোণই দ্যূতস্বরূপ হইলেন ॥২॥

মাননীয় রাজা! পাঞ্চালেরা হৃষ্টচিত্ত হইয়া গর্জন করিতে থাকিয়া দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া বাণবর্ষণ করিতে লাগিল ॥৩॥

তাহার পর সেই পাঞ্চালগণ ও কৌরবগণের অতিতুমুল, অদ্ভুত ও দেবাসুরযুদ্ধের তুল্য ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিল ॥৪॥

(৩) পাঞ্চালা হি জিঘাংসন্তঃ···পি বা নি। (৪) ততস্তু তুমুলস্তেষাম্···বা নি।

CENTRAL LIBRARY

দ্রোণস্য রথপর্য্যন্তং রথিনো রথমাস্থিতাঃ।
কম্পয়ন্তোঽভ্যবর্ষন্ত বেগমাস্থায় মধ্যমম্ ॥৬॥
তমভ্যয়াদ্বৃহৎক্ষত্রঃ কৈকেয়ানাং মহারথঃ।
প্রবপন্ নিশিতান্ বাণান্ মহেন্দ্রাশনিসন্নিভান্ ॥৭॥
তন্তু প্রত্যুদ্যযৌ শীঘ্রং ক্ষেমধূর্ত্তির্মহাযশাঃ।
বিমুঞ্চন্ নিশিতান্ বাণান্ শতশোঽথ সহস্রশঃ ॥৮॥
ধৃষ্টকেতুশ্চ চেদীনামৃষভোঽতিবলোচিতঃ।
ত্বরিতোঽভ্যদ্রবদ্দ্রোণং মহেন্দ্র ইব শম্বরম্ ॥৯॥
তমাপতন্তং সহসা ব্যাদিতাস্যমিবান্তকম্।
বীরধন্বা মহেষ্বাসস্ত্বরমাণঃ সমভ্যয়াৎ ॥১০॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। তদনীকং দ্রোণসৈন্যম্, বিভিৎসন্তো ভেত্তুমিচ্ছন্তঃ ॥৫॥
দ্রোণস্যেতি। আস্থিতা আরূঢ়াঃ। কম্পয়ন্তো ভুবম্, অভ্যবর্ষন্ত অস্ত্রাণি ॥৬॥
তমিতি। প্রবপন্ বীজবপনবৎ নিবিড়ং নিক্ষিপন্ ॥৭॥
তমিতি। ক্ষেমধূর্ত্তির্নাম কৌরবপক্ষীয়ঃ ॥৮॥
ধৃষ্টেতি। অতিবলেন উদিত উদ্ধতঃ। শম্বরং নাম অসুরম্ ॥৯॥
তমিতি। ব্যাদিতাস্যং প্রকটিতবদনম্ ॥১০॥

পাণ্ডবগণের সহিত পাঞ্চালেরা সকলে দ্রোণের রথের নিকটে উপস্থিত হইয়া তাঁহার সৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া মহাস্ত্র সকল দেখাইতে লাগিল ॥৫॥

রথারোহী রথীরা মধ্যম বেগ অবলম্বন করিয়া দ্রোণের রথপর্য্যন্ত রণস্থল কাঁপাইতে থাকিয়া অস্ত্রবর্ষণ করিতে থাকিলেন ॥৬॥

কৈকেয়গণের মধ্যে মহারথ বৃহৎক্ষত্র ইন্দ্রের বজ্রের তুল্য সুধার বাণ সকল নিরন্তরভাবে নিক্ষেপ করিতে থাকিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৭॥

তখন মহাযশা ক্ষেমধূর্ত্তি শত শত ও সহস্র সহস্র সুধার বাণ নিক্ষেপ করিতে করিতে তাঁহার প্রত্যুদ্গমন করিলেন ॥৮॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন শম্বরাসুরের প্রতি ধাবিত হইয়াছিলেন, তেমন চেদিশ্রেষ্ঠ ও অত্যন্তবলমত্ত ধৃষ্টকেতু দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৯॥

(৬)···কম্পয়ন্তোঽভ্যবর্ত্তন্ত···পি বা নি। (৮) হস্তং প্রত্যুদিয়াচ্ছীঘ্রম্···পি, তন্তু প্রত্যুদিয়াচ্ছীঘ্রম্···বঙ্গ বর্দ্ধ। (৯)···মহেন্দ্রমিব শম্বরঃ—নি।

যুধিষ্ঠিরং মহারাজং জিগীষুং সমবস্থিতম্।
সহানীকং ততো দ্রোণো ন্যবারয়ত বীর্য্যবান্ ॥১১॥
নকুলং কুশলং যুদ্ধে পরাক্রান্তং পরাক্রমী।
অভ্যগচ্ছৎ সমায়ান্তং বিকর্ণস্ত্বৎসুতঃ প্রভো! ॥১২॥
সহদেবং তথায়ান্তং দুর্ম্মুখঃ শত্রুতাপনঃ।
শরৈরনেকসাহস্রৈঃ সমবাকিরদাশুগৈঃ ॥১৩॥
সাত্যকিন্তু নরব্যাঘ্রং ব্যাঘ্রদত্তস্ত্ববারয়ৎ।
শরৈঃ সুনিশিতৈস্তীক্ষ্ণৈঃ কম্পয়ন্ বৈ মুহুর্মুহুঃ ॥১৪॥
দ্রৌপদেয়ান্ নরব্যাঘ্রান্ মুঞ্চতঃ সায়কোত্তমান্।
সংরব্ধো রথিনাং শ্রেষ্ঠঃ সৌমদত্তিরবারয়ৎ ॥১৫॥

ভারতকৌমুদী

যুধীতি। জিগীষুং জেতুমিচ্ছুম্। অনীকেন সৈন্যেন সহেতি সহানীকতম্ ॥১১॥
নকুলমিতি। কুশলং দক্ষম্ ॥১২॥
সহেতি। দুর্ম্মুখো ধার্ত্তরাষ্ট্রঃ। আশুগৈর্দ্রুতগামিভিঃ ॥১৩॥
সাত্যকিমিতি। কম্পয়ন্ সাত্যকিমেব ॥১৪॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সৌমদত্তির্ভূরিশ্রবোভিন্নঃ সোমদত্তপুত্রঃ ॥১৫॥

বিবৃতবদন যমের ন্যায় তিনি বেগে আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর বীরধন্বা সত্বর তাঁহার দিকে গমন করিলেন ॥১০॥

ওদিকে মহারাজ যুধিষ্ঠির জয়াভিলাষী হইয়া সৈন্যগণের সহিত অবস্থান করিতে লাগিলে, বলবান্ দ্রোণ তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১১॥

রাজা! যুদ্ধে নিপুণ ও পরাক্রমশালী নকুল আসিতে থাকিলে, পরাক্রম-সম্পন্ন আপনার পুত্র বিকর্ণ তাঁহার দিকে গমন করিলেন ॥১২॥

সহদেব আগমন করিতে থাকিলে, শত্রুতাপন দুর্ম্মুখ দ্রুতগামী অনেকসহস্র বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥১৩॥

ব্যাঘ্রদত্ত সুনিশিত তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অনবরত বিচলিত করিতে থাকিয়া সাত্যকিকে বারণ করিতে লাগিলেন ॥১৪॥

নরশ্রেষ্ঠ দ্রৌপদীর পুত্রেরা উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিতেছিলেন, তখন রথিশ্রেষ্ঠ সৌমদত্তি ক্রুদ্ধ হইয়া তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥১৫॥

(১২)…বিকর্ণস্তে সুতঃ প্রভো!—বা নি। (১৩)…বিকর্ণঃ শত্রুকর্ষণঃ…বা নি। (১৫)…সংরব্ধান্ রথিনঃ শ্রেষ্ঠান্…বা নি।

CENTRAL LIBRARY

ভীমসেনং তথা ক্রুদ্ধং ঘোররূপং ভয়াবহম্ ।
প্রত্যবারয়দায়ান্তমার্য্যশৃঙ্গির্মহারথঃ ॥১৬॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং নররাক্ষসয়োর্মৃধে ।
যাদৃগেব পুরা বৃত্তং রামরাবণয়োর্নৃপ ! ॥১৭॥
ততো যুধিষ্ঠিরো দ্রোণং নবত্যা নতপর্বণাম্ ।
আজঘ্নে ভরতশ্রেষ্ঠঃ সর্ব্বমর্ম্মসু ভারত ! ॥১৮॥
তং দ্রোণঃ পঞ্চবিংশত্যা নিজঘান স্তনান্তরে ।
রোষিতো ভরতশ্রেষ্ঠ ! কৌন্তেয়েন যশস্বিনা ॥১৯॥
ভূয় এব তু বিংশত্যা সায়কানাং সমাচিনোৎ ।
সাশ্বসূতধ্বজং দ্রোণঃ পশ্যতাং সর্ব্বধন্বিনাম্ ॥২০॥
তান্ শরান্ দ্রোণমুক্তাংস্তু শরবর্ষেণ পাণ্ডবঃ ।
অবারয়ত ধর্ম্মাত্মা দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥২১॥

ভারতকৌমুদী

ভীমেতি। ভয়াবহং শত্রূণাং ভয়জনকম্। আর্য্যশৃঙ্গিরলম্বুষঃ ॥১৬॥
তয়োরিতি। মৃধে রণস্থলে। বৃত্তং ভূতম্ ॥১৭॥
তত ইতি। নতপর্বণামীষদ্বক্রোপান্তানাং বাণানাম্ ॥১৮॥
তমিতি। রোষিতঃ প্রাগুক্তেনাঘাতেন রোষং প্রাপিতঃ, কৌন্তেয়েন যুধিষ্ঠিরেণ ॥১৯॥
ভূয় ইতি। সমাচিনোৎ ব্যাপ্নোৎ। সাশ্বসূতধ্বজং যুধিষ্ঠিরম্ ॥২০॥

ভীষণমূর্ত্তি ও ভয়জনক ভীমসেন ক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে, মহারথ অলম্বুষ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইল ॥১৬॥

রাজা ! পূর্বকালে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তখন নর ও রাক্ষসের (ভীম ও অলম্বুষের) সেইরূপ যুদ্ধ হইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন ! তাহার পর ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির নব্বইটা নতপর্ব্ব বাণদ্বারা দ্রোণের সমস্ত মর্ম্মস্থানে আঘাত করিলেন ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ ! যশস্বী যুধিষ্ঠির সেইভাবে ক্রোধ উৎপাদন করিলে, দ্রোণ পঁচিশটা বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে প্রহার করিলেন ॥১৯॥

দ্রোণ পুনরায় কুড়িটা বাণদ্বারা সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত যুধিষ্ঠিরকে ব্যাপ্ত করিলেন ॥২০॥

(১৬)···ভীমরূপো ভয়ানকঃ···বা নি,···আর্য্যশৃঙ্গির্মহাবলঃ—নি। (২০) অদৃশ্যং সমরে চক্রে রাজানং সায়কোত্তমৈঃ। সাশ্ব···নি।

ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধো ধর্ম্মরাজস্য সংযুগে।
চিচ্ছেদ সহসা ধন্বী ধনুস্তস্য মহাত্মনঃ ॥২২॥
অথৈনং ছিন্নধন্বানং ত্বরমাণো মহারথঃ।
শরৈরনেকসাহস্রৈঃ পূরয়ামাস সর্ব্বতঃ ॥২৩॥
অদৃশ্যং বীক্ষ্য রাজানং ভারদ্বাজস্য সায়কৈঃ।
সর্ব্বভূতান্যমন্যন্ত হতমেব যুধিষ্ঠিরম্ ॥২৪॥
কেচিচ্চৈনমমন্যন্ত তথা বৈ বিমুখীকৃতম্।
হৃতো রাজেতি রাজেন্দ্র! ব্রাহ্মণেন যশস্বিনা ॥২৫॥
স কৃচ্ছ্রং পরমং প্রাপ্তো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ত্যক্ত্বা তৎ কার্ম্মুকং ছিন্নং ভারদ্বাজেন সংযুগে।
আদদেঽন্যদ্ধনুর্দিব্যং ভারসাধনমুত্তমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তানিতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। পাণিলাঘবং হস্তয়োর্জ্জাস্ত্রক্ষেপযোগ্যতাম্ ॥২১॥
তত ইতি। ধন্বী ধনুষ্মান্ প্রশস্তধনুর্দ্ধর ইতি যাবৎ ॥২২॥
অথেতি। মহারথো দ্রোণঃ। পূরয়ামাস আচ্ছাদয়ামাস, পরত্রাদৃশ্যমিত্যভিধানাৎ ॥২৩॥
অদৃশ্যমিতি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥২৪॥
কেচিদিতি। এনং যুধিষ্ঠিরম্। হৃতো রাজেতি তথৈব দ্রোণপ্রতিজ্ঞানাৎ ॥২৫॥
স ইতি। দিব্যমলৌকিকম্, ভারসাধনং দৃঢ়াকর্ষণসহম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির লঘুহস্ততা দেখাইতে থাকিয়া বাণবর্ষণদ্বারা দ্রোণনিক্ষিপ্ত সেই বাণ সকল নিবারণ করিলেন ॥২১॥

তাহার পর প্রশস্ত ধনুর্দ্ধর দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে তৎক্ষণাৎ সেই মহাত্মা ধর্ম্মরাজের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥২২॥

তদনন্তর মহারথ দ্রোণ ত্বরান্বিত হইয়া অনেক সহস্র শরদ্বারা সকল দিকেই ছিন্নধন্বা যুধিষ্ঠিরকে আবৃত করিলেন ॥২৩॥

দ্রোণের বাণে যুধিষ্ঠিরকে অদৃশ্য দেখিয়া তত্রত্য লোকেরা সকলে তাঁহাকে নিহত বলিয়াই মনে করিল ॥২৪॥

রাজশ্রেষ্ঠ! আবার কতকগুলি লোক পরাঙ্মুখ যুধিষ্ঠিরের বিষয়ে এইরূপ মনে করিল যে, যশস্বী দ্রোণ রাজাকে হরণ করিলেন ॥২৫॥

(২৫)··· ব্রাহ্মণেন মহাত্মনা—বা নি। (২৬)···ভাস্বরং বেগবত্তরম্—বা,··ভারস্থং বেগবত্তরম্—নি।

CENTRAL LIBRARY

ততস্তান্ সায়কান্ সর্ব্বান্ দ্রোণমুক্তান্ সহস্রশঃ।
চিচ্ছেদ সমরে বীরস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৭॥
ছিত্ত্বা চ তান্ শরান্ রাজা ক্রোধসংরক্তলোচনঃ।
শক্তিং জগ্রাহ সমরে গিরীণামপি দারণীম্ ॥২৮॥
স্বর্ণদণ্ডাং মহাঘোরামষ্টঘণ্টাং ভয়াবহাম্।
সমুৎক্ষিপ্য চ তাং হৃষ্টো ননাদ বলবদ্বলী।
নাদেন সর্বভূতানি ত্রাসয়ন্নিব ভারত! ॥২৯॥
শক্তিং সমুদ্যতাং দৃষ্ট্বা ধর্ম্মরাজেন সংযুগে।
স্বস্তি দ্রোণায় সহসা সর্ব্বভূতান্যথাব্রুবন্ ॥৩০॥
সা রাজভুজনির্ম্মুক্তা নির্ম্মুক্তোরগসন্নিভা।
প্রজ্বালয়ন্তী গগনং দিশশ্চ প্রদিশস্তথা।
দ্রোণান্তিকমনুপ্রাপ্তা দীপ্তাস্যা পন্নগী যথা ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্রোণেন মুক্তান্ ক্ষিপ্তান্। ধর্ম্মনিরতস্যাস্ত্রপ্রয়োগদাক্ষ্যমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥২৭॥

ছিত্ত্বেতি। রাজা যুধিষ্ঠিরঃ। দারয়ত্যনয়েতি দারণী তাং করণে যুট্ ॥২৮॥

স্বর্ণেতি। বলবৎ সাতিশয়ম্, বলী যুধিষ্ঠিরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

শক্তিমিতি। স্বস্তি মঙ্গলং ভবত্বিতি শেষঃ। সর্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥৩০॥

ওদিকে ধর্ম্মরাজ যুধিষ্ঠির গুরুতর কষ্ট পাইয়া দ্রোণচ্ছিন্ন সেই ধনু ত্যাগ করিয়া অন্য অলৌকিক, সুদৃঢ় ও উত্তম ধনু গ্রহণ করিলেন ॥২৬॥

তৎপরে বীর যুধিষ্ঠির যুদ্ধে দ্রোণনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ সমস্ত ছেদন করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥২৭॥

ক্রমে ক্রোধে আরক্তনয়ন যুধিষ্ঠির দ্রোণের সেই বাণগুলিকে ছেদন করিয়া পর্ব্বতসমূহেরও বিদারণকারিণী একটা শক্তি গ্রহণ করিলেন ॥২৮॥

ভরতনন্দন! বলবান্ যুধিষ্ঠির স্বর্ণদণ্ডা, ভীষণমূর্ত্তি, অষ্টঘণ্টাযুক্তা ও ভয়-জনিকা সেই শক্তিটাকে হৃষ্টচিত্তে নিক্ষেপ করিয়া নাদদ্বারা সমস্ত প্রাণীকে বিত্রস্ত করতই যেন গুরুতর সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৯॥

যুধিষ্ঠির যুদ্ধে সেই শক্তি উত্তোলন করিয়াছেন দেখিয়া তত্রত্য লোকেরা তৎক্ষণাৎ বলিয়া উঠিল যে, 'দ্রোণের মঙ্গল হউক' ॥৩০॥

(২৭) ততস্তান্ সায়কাংস্তত্র…বা নি। (২৮)…গিরীণামপি দারিণীম্—বা নি। (৩১) …দিশঃ সপ্রদিশস্তথা…নি।

তামাপতন্তীং সহসা প্রেক্ষ্য দ্রোণো বিশাংপতে!।
প্রাদুশ্চক্রে ততো ব্রাহ্মমস্ত্রমস্ত্রবিদাং বরঃ ॥৩২॥
তদস্ত্রং ভস্মসাৎ কৃত্বা তাং শক্তিং ঘোরদর্শনাম্।
জগাম স্যন্দনং তূর্ণং পাণ্ডবস্য যশস্বিনঃ ॥৩৩॥
ততো যুধিষ্ঠিরো রাজা দ্রোণাস্ত্রং তৎ সমুদ্যতম্।
অশাতয়ন্মহাপ্রাজ্ঞো ব্রহ্মাস্ত্রেণৈব ভারত! ॥৩৪॥
বিব্যাধ চ রণে দ্রোণং পঞ্চভির্নতপর্ব্বভিঃ।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন চিচ্ছেদাস্য মহদ্ধনুঃ ॥৩৫॥
তদপাস্য ধনুশ্ছিন্নং দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
গদাং চিক্ষেপ সহসা ধর্ম্মপুত্রায় মারিষ! ॥৩৬॥

ভারতকৌমুদী

সেতি। নির্ম্মুক্তত্যক্তত্বক্ য উরগস্তৎসন্নিভা। দীপ্তাস্যা উজ্জ্বলমুখী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্ ॥৩২॥

তদিতি। তদস্ত্রং ব্রাহ্মমস্ত্রং কর্ত্তৃ। স্যন্দনং রথম্ ॥৩৩॥

তত ইতি। সমুদ্যতং সমাগতম্। অশাতয়ৎ ন্যবারয়ৎ, মহাপ্রাজ্ঞো ব্রহ্মাস্ত্রজ্ঞানাৎ ॥৩৪॥

বিব্যাধেতি। পঞ্চভির্বাণৈঃ। অস্য দ্রোণস্য ॥৩৫॥

তদিতি। অপাস্য নিক্ষিপ্য। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষ" ইত্যমরঃ ॥৩৬॥

যুধিষ্ঠিরের বাহুনিক্ষিপ্তা, মুক্তচর্ম্মা সর্পের তুল্যা সেই শক্তিটা আকাশ, দিক্ ও বিদিক্ আলোকিত করিয়া উজ্জ্বলমুখী সর্পীর ন্যায় দ্রোণের নিকটে আসিতে লাগিল ॥৩১॥

নরনাথ! সেই শক্তিটা বেগে আসিতেছে দেখিয়া অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিলেন ॥৩২॥

তখন সেই ব্রহ্মাস্ত্র ভীষণাকৃতি সেই শক্তিটাকে ভস্ম করিয়া সত্বর যশস্বী যুধিষ্ঠিরের রথের উপরে যাইয়া পড়িল ॥৩৩॥

ভরতনন্দন! তাহার পর মহাপ্রাজ্ঞ রাজা যুধিষ্ঠির ব্রহ্মাস্ত্রদ্বারাই দ্রোণের সেই সমাগত ব্রহ্মাস্ত্র নিবারণ করিলেন ॥৩৪॥

এবং তিনি পাঁচটা নতপর্ব্ব বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন, আর একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা দ্রোণের বিশাল ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৩৫॥

(৩৫) বিদ্ধা তঞ্চ রণে দ্রোণম্…বা নি।

CENTRAL LIBRARY

তামাপতন্তীং সহসা গদাং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
গদামেবাগ্রহীৎ ক্রুদ্ধশ্চিক্ষেপ চ পরন্তপঃ ॥৩৭॥
তে গদে সহসা মুক্তে সমাসাদ্য পরস্পরম্।
সংঘর্ষাৎ পাবকং মুক্ত্বা সমেয়াতাং মহীতলে ॥৩৮॥
ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধো ধর্ম্মরাজস্য মারিষ!।
চতুর্ভির্নিশিতৈস্তীক্ষ্ণৈর্হয়ান্ জঘ্নে শরোত্তমৈঃ ॥৩৯॥
ধনুশ্চৈকেন বাণেন চিচ্ছেদেন্দ্রায়ুধোপমম্।
কেতুমেকেন চিচ্ছেদ পাণ্ডবঞ্চার্দ্দয়ত্রিভিঃ ॥৪০॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য যুধিষ্ঠিরঃ।
তস্থাবূর্দ্ধভুজো রাজা ব্যায়ুধো ভরতর্ষভ! ॥৪১॥

ভারতকৌমুদী

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। চিক্ষেপ চ তাং গদাম্ ॥৩৭॥
তে ইতি। মুক্তে নিক্ষিপ্তে। মুক্ত্বা আবিষ্কৃত্য, সমেয়াতামগচ্ছতাম্ ॥৩৮॥
তত ইতি। হয়ান্ চতুরো ঘোটকান্ ॥৩৯॥
ধনুরিতি। কেতুং ধ্বজম্। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, প্রকরণাৎ ॥৪০॥
হতেতি। ঊর্দ্ধভুজঃ অস্ত্রনিবারণার্থম্, ব্যায়ুধো নিরস্ত্রঃ ॥৪১॥

মাননীয় রাজা! তখন ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণ সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া তৎক্ষণাৎ যুধিষ্ঠিরের প্রতি একটা গদা নিক্ষেপ করিলেন ॥৩৬॥

সেই গদাটা বেগে আসিতেছে দেখিয়া শত্রুসন্তাপকারী যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া একটা গদাই গ্রহণ করিলেন এবং তাহা নিক্ষেপ করিলেন ॥৩৭॥

দ্রোণ ও যুধিষ্ঠির-নিক্ষিপ্ত সেই গদা দুইটা তৎক্ষণাৎ পরস্পর সম্মিলিত হইয়া সংঘর্ষবশতঃ অগ্নি আবিষ্কার করিয়া ভূতলে পতিত হইল ॥৩৮॥

মাননীয় রাজা! তদনন্তর দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শিলাশাণিত ও সুতীক্ষ্ণ চারিটা উত্তম বাণদ্বারা যুধিষ্ঠিরের চারিটা অশ্বকে বিনাশ করিলেন ॥৩৯॥

এবং তিনি একটা বাণদ্বারা যুধিষ্ঠিরের ইন্দ্রধনুর তুল্য ধনুখানা কাটিয়া ফেলিলেন, অপর একটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে ছেদন করিলেন, আর তিনটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪০॥

(৩৭)···চিক্ষেপ চ পরন্তপ!···বা নি। (৪০) চিচ্ছেদৈকেন ভল্লেন ধনুশ্চেন্দ্রধ্বজোপমম্···বা নি।

বিরথং তং সমালোক্য ব্যায়ুধঞ্চ বিশেষতঃ।
দ্রোণো ব্যমোহয়চ্ছত্রূন্ সর্বসৈন্যানি চ প্রভো! ॥৪২॥
মুঞ্চন্নিষুগণাংস্তীক্ষ্ণাল্লঘুহস্তো দৃঢ়ব্রতঃ।
অভিদুদ্রাব রাজানং সিংহো মৃগমিবোল্বণঃ ॥৪৩॥
তমভিদ্রুতমালোক্য দ্রোণেনামিত্রঘাতিনা।
হাহেতি সহসা শব্দঃ পাণ্ডূনাং সমজায়ত ॥৪৪॥
হৃতো রাজা হৃতো রাজা ভারদ্বাজেন মারিষ!।
ইত্যাসীত্তুমুলঃ শব্দঃ পাণ্ডুসৈন্যস্য সর্বতঃ ॥৪৫॥
ততস্ত্বরিতমারুহ্য সহদেবরথং নৃপঃ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে যুধিষ্ঠিরাপযানে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিরথমিতি। ব্যমোহয়ৎ সম্মোহনাস্ত্রপ্রয়োগেণ, শত্রূন্ শত্রুভূতানি ॥৪২॥
মুঞ্চন্নিতি। ইষুগণান্ বাণসমূহান্। উল্বণো যুদ্ধোন্মত্তঃ ॥৪৩॥
তমিতি। অভিদ্রুতং গ্রহণায় দ্রুতং প্রাপ্তম্। পাণ্ডূনাং পাণ্ডবসৈন্যানাম্ ॥৪৪॥
হৃত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ, ভারদ্বাজেন দ্রোণেন ॥৪৫॥

ভরতশ্রেষ্ঠ! রথের অশ্বগুলি নিহত হইলে, নিরস্ত্র রাজা যুধিষ্ঠির সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া ঊর্দ্ধবাহু হইয়া দাঁড়াইলেন ॥৪১॥

রাজা! দ্রোণ যুধিষ্ঠিরকে রথবিহীন, বিশেষতঃ নিরস্ত্র দেখিয়া সম্মোহনাস্ত্রে সমস্ত শত্রুসৈন্যকে মোহিত করিয়া ফেলিলেন ॥৪২॥

পরে লঘুহস্ত, দৃঢ়প্রতিজ্ঞ ও যুদ্ধোন্মত্ত দ্রোণ তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া—সিংহ যেমন হরিণের দিকে ধাবিত হয়, সেইরূপ যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

শত্রুহন্তা দ্রোণ সত্বর যুধিষ্ঠিরের দিকে যাইতেছেন দেখিয়া তৎক্ষণাৎ পাণ্ডবসৈন্যমধ্যে হাহাশব্দ উত্থিত হইল ॥৪৪॥

মাননীয় রাজা! 'দ্রোণ যুধিষ্ঠিরকে হরণ করিলেন, দ্রোণ যুধিষ্ঠিরকে হরণ করিলেন' এইরূপ তুমুল শব্দ সকল দিকে পাণ্ডবসৈন্যমধ্যে হইতে লাগিল ॥৪৫॥

(৪২)···সর্বসৈন্যানি চাভিভো!—বা নি। (৪৪)···হাহেতি সুমহান্ শব্দঃ···নি। (৪৫) ইত্যাসীৎ সুমহান্ শব্দঃ···বা নি। * '···চতুরধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···ষড়ধিক-শততমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বৃহৎক্ষত্রং তথায়ান্তং কৈকেয়ং দৃঢ়বিক্রমম্।
ক্ষেমধূর্ত্তির্মহারাজ! বিব্যাধোরসি মার্গণৈঃ ॥১॥
বৃহৎক্ষত্রস্তু তং রাজন্! নবত্যা নতপর্ব্বণাম্।
আজঘ্নে ত্বরিতো যুদ্ধে দ্রোণানীকবিভিৎসয়া ॥২॥
ক্ষেমধূর্ত্তিস্তু সংক্রুদ্ধঃ কৈকেয়স্য মহাত্মনঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পীতেন নিশিতেন চ ॥৩॥
অথৈনং ছিন্নধন্বানং শরেণানতপর্ব্বণা।
বিব্যাধ সমরে তূর্ণং প্রবরং সর্ব্বধন্বিনাম্ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অপায়াৎ রণস্থলাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

বৃহদিতি। উরসি বক্ষসি, মার্গণৈর্বাণৈঃ ॥১॥

বৃহদিতি। নতপর্ব্বণাম্ ঈষদ্বক্রোপান্তানাং বাণানাম্ ॥২॥

ক্ষেমেতি। পীতেন প্রাক্‌পীতশক্ররক্তেন তৎসজাতীয়েন, নিশিতেন সুধারেণ ॥৩॥

তদনন্তর কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির সত্বর যাইয়া সহদেবের রথে আরোহণ করিয়া বেগবান্ অশ্বগণের গুণে রণস্থল হইতে অপসৃত হইলেন' ॥৪৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাবিক্রমশালী কেকয়দেশীয় বৃহৎক্ষত্র আসিতে লাগিলে, ক্ষেমধূর্ত্তি বাণদ্বারা তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥১॥

রাজা! তখন বৃহৎক্ষত্র ত্বরান্বিত হইয়া দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া নব্বইটা বাণদ্বারা ক্ষেমধূর্ত্তিকে আঘাত করিলেন ॥২॥

পরে ক্ষেমধূর্ত্তি অত্যন্তক্রুদ্ধ হইয়া রক্তপায়ী ও সুধার একটা ভল্লদ্বারা মহাত্মা বৃহৎক্ষত্রের ধনু ছেদন করিলেন ॥৩॥

(১) বৃহৎক্ষত্রমথায়ান্তম্...বা নি (৩)...নিশিতেন হ—বা নি।

CENTRAL LIBRARY

অথান্যদ্ধনুরাদায় বৃহৎক্ষত্রো হসন্নিব।
ব্যশ্বসূতরথং চক্রে ক্ষেমধূর্ত্তিং মহারথম্ ॥৫॥
ততোঽপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
জহার নৃপতেঃ কায়াচ্ছিরো জ্বলিতকুণ্ডলম্ ॥৬॥
তচ্ছিন্নং সহসা তস্য শিরঃ কুঞ্চিতমূর্দ্ধজম্।
সকিরীটং মহীং প্রাপ্য বভৌ জ্যোতিরিবাম্বরাৎ ॥৭॥
তং নিহত্য রণে হৃষ্টো বৃহৎক্ষত্রো মহাবলঃ।
সহসা ন্যপতৎ সৈন্যং তাবকং পার্থকারণাৎ ॥৮॥
ধৃষ্টকেতুমথায়ান্তং দ্রোণহেতোঃ পরাক্রমী।
বীরধন্বা মহেষ্বাসো বারয়ামাস ভারত! ॥৯॥

ভারতকৌমুদী

অথেতি। এনং বৃহৎক্ষত্রম্। বিব্যাধ ক্ষেমধূর্ত্তিরিত্যনুবৃত্তিঃ ॥৪॥
অথেতি। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথশ্চ যস্য তং তাদৃশম্ ॥৫॥
তত ইতি। নৃপতেঃ ক্ষেমধূর্ত্তেঃ। জ্বলিতে উজ্জ্বলে কুণ্ডলে যস্য তং ॥৬॥
তদিতি। কুঞ্চিতা বক্রা মূর্দ্ধজাঃ কেশা যস্য তং। জ্যোতির্গ্রহঃ ॥৭॥
তমিতি। পার্থকারণাৎ অর্জ্জুনসাহায্যহেতোঃ ॥৮॥
ধৃষ্টেতি। দ্রোণহেতোঃ অর্জ্জুনসাহায্যার্থে গমনায় দ্রোণাতিক্রমার্থম্ ॥৯॥

তাহার পর তিনি একটা নতপর্ব্ব বাণদ্বারা সত্বর ছিন্নকার্ম্মুক সর্ব্বধনুর্দ্ধর-শ্রেষ্ঠ বৃহৎক্ষত্রকে বিদ্ধ করিলেন ॥৪॥

তৎপরে বৃহৎক্ষত্র হাসিতে হাসিতেই যেন অন্য ধনু লইয়া মহারথ ক্ষেম-ধূর্ত্তির অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন ॥৫॥

এবং তদনন্তর তিনি অন্য একটা রক্তপায়ী সুধার ভল্লদ্বারা ক্ষেমধূর্ত্তির দেহ হইতে উজ্জ্বলকুণ্ডলযুক্ত মস্তক হরণ করিলেন ॥৬॥

তৎক্ষণাৎ ক্ষেমধূর্ত্তির সেই কুঞ্চিতকেশ ছিন্ন মস্তকটী কিরীটের সহিত ভূতলে পতিত হইয়া আকাশ হইতে নিপতিত কোন তেজোময় গ্রহের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৭॥

মহাবল বৃহৎক্ষত্র যুদ্ধে ক্ষেমধূর্ত্তিকে বধ করিয়া আনন্দিত হইয়া অর্জ্জুনের সাহায্য করিবার জন্য তৎক্ষণাৎ আসিয়া আপনার সৈন্যের উপরে পতিত হইলেন ॥৮॥

(৮)…সহসাভ্যপতৎ…বা নি।

CENTRAL LIBRARY

তৌ পরস্পরমাসাদ্য শরদংষ্ট্রৌ তরস্বিনৌ ।
শরৈরনেকসাহস্রৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥১০॥
তাবুভৌ নরশার্দ্দূলৌ যুযুধাতে পরস্পরম্ ।
মহাবনে তীব্রমদৌ বারণাবিব যূথপৌ ॥১১॥
গিরিগহ্বরমাসাদ্য শার্দ্দূলাবিব রোষিতৌ ।
যুযুধাতে মহারাজ ! পরস্পরবধৈষিণৌ ॥১২॥
তদ্‌যুদ্ধমাসীত্তুমুলং প্রেক্ষণীয়ং বিশাংপতে ! ।
সিদ্ধচারণসংঘানাং বিস্ময়াদ্ভুতদর্শনম্ ॥১৩॥
বীরধন্বা ততঃ ক্রুদ্ধো ধৃষ্টকেতোঃ শরাসনম্ ।
দ্বিধা চিচ্ছেদ ভল্লেন প্রহসন্নিব ভারত ! ॥১৪॥

ভারতকৌমুদী

তাবিতি। শরা দংষ্ট্রা দন্তা ইব যয়োস্তৌ, তরস্বিনৌ বলবন্তৌ ॥১০॥
তাবিতি। বারণৌ হস্তিনৌ, যূথপৌ হস্তিসমূহরক্ষকৌ ॥১১॥
গিরীতি। রোষিতৌ পরস্পরপ্রহারাৎ সঞ্জাতরোষৌ ॥১২॥
তদিতি। বিগতঃ স্ময়োঽহঙ্কারো যস্মাত্তদ্বিস্ময়মদ্ভুতঞ্চ দর্শনং যস্য তৎ ॥১৩॥
বীরেতি। শরান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি শরাসনং ধনুঃ ॥১৪॥

ভরতনন্দন ! তাহার পর পরাক্রমশালী ধৃষ্টকেতু দ্রোণকে অতিক্রম করিবার জন্য আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর বীরধন্বা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৯॥

দন্তের ন্যায় বাণধারী ও বলবান্ সেই দুই বীর পরস্পর প্রাপ্ত হইয়া বহুতর বাণদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥১০॥

মহাবনমধ্যে তীব্রমদশালী ও হস্তিযূথপতি দুইটা হস্তীর ন্যায় সেই নরশ্রেষ্ঠেরা দুই জন পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

মহারাজ ! ক্রুদ্ধ দুইটা ব্যাঘ্র যেমন পরস্পরবধার্থী হইয়া পর্ব্বতগুহার ভিতরে যুদ্ধ করে, তাঁহারাও সেইরূপ যুদ্ধ করিতে থাকিলেন ॥১২॥

নরনাথ ! সেই যুদ্ধটা তুমুল ও দর্শনযোগ্যরূপে হইতে লাগিল এবং তাহা দেখিয়া সিদ্ধ-চারণগণের অহঙ্কার দূরীভূত হইল ও বিস্ময় জন্মিল ॥১৩॥

ভরতনন্দন ! তাহার পর বীরধন্বা ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন একটা ভল্লদ্বারা ধৃষ্টকেতুর ধনুখানাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥১৪॥

(১২)... যুযুধাতে মহাবীর্য্যৌ পরস্পরজিঘাংসয়া—বা নি।

তদুৎসৃজ্য ধনুশ্ছিন্নং চেদিরাজো মহারথঃ।
শক্তিং জগ্রাহ বিপুলাং রুক্মদণ্ডাময়ন্ময়ীম্ ॥১৫॥
তান্তু শক্তিং মহাবীর্য্যাং ভুজেনোদ্যম্য ভারত!।
চিক্ষেপ সহসা মত্তো বীরধন্বরথং প্রতি ॥১৬॥
স তয়া বীরঘাতিন্যা শক্ত্যা ত্বভিহতো ভৃশম্।
নির্ভিন্নহৃদয়স্তূর্ণং নিপপাত রথান্মহীম্ ॥১৭॥
তস্মিন্ নিপতিতে শূরে ত্রিগর্ত্তানাং মহারথে।
বলং তেঽভজ্যত বিভো! পাণ্ডবৈশ্চ সমন্ততঃ ॥১৮॥
সহদেবে ততঃ ষষ্টিং সায়কান্ দুর্ম্মুখোঽক্ষিপৎ।
ননাদ চ মহানাদং তর্জয়ন্ পাণ্ডবং রণে ॥১৯॥

ভারতকৌমুদী

তদিতি। উৎসৃজ্য বিহায়। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্, অয়ন্ময়ীং লৌহময়ীম্ ॥১৫॥
তামিতি। উদ্যম্য উত্তোল্য। রথং প্রতি ক্ষেপেণৈব বীরধন্বানং প্রতি ক্ষেপো জাতঃ ॥১৬॥
স ইতি। নির্ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ, নিপপাত জগাম ॥১৭॥
তস্মিন্নিতি। বলং সৈন্যম্, অভজ্যত সংঘচ্যুতমক্রিয়ত ॥১৮॥
সহেতি। ননাদ চকার। পাণ্ডবং সহদেবং প্রকরণাৎ ॥১৯॥

মহারথ ধৃষ্টকেতু সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া বিশালা, স্বর্ণদণ্ডা ও লৌহময়ী একটা শক্তি গ্রহণ করিলেন ॥১৫॥

ভরতনন্দন! যুদ্ধমদমত্ত ধৃষ্টকেতু হস্তদ্বারা সেই সুদৃঢ় শক্তিটা উত্তোলন করিয়া তৎক্ষণাৎ তাহা বীরধন্বার রথের দিকে নিক্ষেপ করিলেন ॥১৬॥

সেই বীরঘাতিনী শক্তিদ্বারা গুরুতর আহত ও বিদীর্ণহৃদয় হইয়া বীরধন্বা সত্বর রথ হইতে ভূতলে নিপতিত হইলেন ॥১৭॥

রাজা! বীর ও ত্রিগর্ত্তদেশীয় মহারথ সেই বীরধন্বা নিপতিত হইলে, পাণ্ডবেরা সকল দিকেই আপনার সৈন্য বিশ্লিষ্ট করিতে লাগিলেন ॥১৮॥

মহারাজ! তাহার পর আপনার পুত্র দুর্ম্মুখ সহদেবের প্রতি ষাটটা বাণ নিক্ষেপ করিলেন এবং তাঁহাকে ভর্ৎসনা করিতে থাকিয়া বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৯॥

(১৫) হেমদণ্ডাময়ন্ময়ীম্—বা নি। (১৬)…দোর্ভ্যামাদ্যম্য ভারত!…সহসা মত্তঃ…বা নি। (১৭) তয়া তু বীরঘাতিন্যা…বা নি। (১৮)…ত্রৈগর্ত্তানাং…মহারথে…পাণ্ডবৈঃ সমন্ততঃ—বা নি।

CENTRAL LIBRARY

মাদ্রেয়স্তু ততঃ ক্রুদ্ধো দুর্ম্মুখং দশভিঃ শরৈঃ।
ভ্রাতা ভ্রাতরমায়ান্তং বিব্যাধ প্রহসন্নিব ॥২০॥
তং রণে রভসং দৃষ্ট্বা সহদেবং মহাবলম্।
দুর্ম্মুখো নবভির্বাণৈস্তাড়য়ামাস ভারত! ॥২১॥
দুর্ম্মুখস্য তু ভল্লেন চ্ছিত্ত্বা কেতুং মহাবলঃ।
জঘান চতুরো বাহাংশ্চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
অথাপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
চিচ্ছেদ সারথেঃ কায়াচ্ছিরো জ্বলিতকুণ্ডলম্ ॥২৩॥
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন কৌরবস্য মহদ্ধনুঃ।
সহদেবো রণে চ্ছিত্ত্বা তঞ্চ বিব্যাধ পঞ্চভিঃ ॥২৪॥
হতাশ্বস্তু রথং ত্যক্ত্বা দুর্ম্মুখো বিমনাস্তদা।
আরুরোহ রথং রাজন্! নিরমিত্রস্য ভারত! ॥২৫॥

ভারতকৌমুদী

মাদ্রেয় ইতি। মাদ্রেয়ো মাদ্রীপুত্রঃ সহদেবঃ ॥২০॥
তমিতি। রভসং বেগবন্তম্ ॥২১॥
দুর্ম্মুখস্যেতি। মহাবলঃ সহদেবঃ। বাহান্ দুর্ম্মুখরথস্থাশ্বান্ ॥২২॥
অথেতি। পীতেন প্রাক্‌পীতশত্রুরক্তেন তৎসজাতীয়েনেত্যর্থঃ। চিচ্ছেদ পাতয়ামাস ॥২৩॥
ক্ষুরেতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণবিশেষেণ, কৌরবস্য দুর্ম্মুখস্য ॥২৪॥

তৎপরে ভ্রাতা দুর্ম্মুখ আসিতে লাগিলে, ভ্রাতা সহদেব ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২০॥

ভরতনন্দন! মহাবল সহদেবকে যুদ্ধে বেগবান্ দেখিয়া দুর্ম্মুখ নয়টা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥২১॥

মহাবল সহদেব একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের ধ্বজ ছেদন করিয়া চারিটা সুধার বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বধ করিলেন ॥২২॥

তৎপরে তিনি শত্রুরক্তপায়ী সুধার অন্য একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের সারথির দেহ হইতে উজ্জ্বলকুণ্ডলযুক্ত মস্তকটা ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

তদনন্তর সহদেব একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা দুর্ম্মুখের বিশাল ধনু ছেদন করিয়া পাঁচটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৪॥

(২০)…দুর্ম্মুখঞ্চ শিতৈঃ শরৈঃ…বা নি…ভ্রাতরমায়ন্তঃ…নি। (২৩)…নিশিতেন হ…নি।
(২৪) ক্ষুরপ্রেণ চ তীক্ষ্ণেন কৌরব্যস্য…বা নি।

সহদেবস্ততঃ ক্রুদ্ধো নিরমিত্রং মহাহবে।
জঘান পৃতনামধ্যে ভল্লেন পরবীরহা ॥২৬॥
স পপাত রথোপস্থান্নিরমিত্রো জনেশ্বর!।
ত্রিগর্ত্তরাজস্য সুতো ব্যথয়ংস্তব বাহিনীম্ ॥২৭॥
তন্তু হত্বা মহাবাহুঃ সহদেবো ব্যরোচত।
যথা দাশরথী রামঃ খরং হত্বা মহাবলম্ ॥২৮॥
হাহাকারো মহানাসীত্রিগর্ত্তানাং জনেশ্বর!।
রাজপুত্রং হতং দৃষ্ট্বা নিরমিত্রং মহাবলম্ ॥২৯॥
নকুলস্তে সুতং রাজন্! বিকর্ণং পৃথুলোচনম্।
মুহূর্ত্তাজ্জিতবান্ সংখ্যে তদদ্ভুতমিবাভবৎ ॥৩০॥

ভারতকৌমুদী

হতেতি। বিমনাঃ পরাজয়াদ্বিষণ্ণচিত্তঃ। নিরমিত্রস্য ত্রিগর্ত্তরাজপুত্রস্য ॥২৫॥
সহেতি। পৃতনায়াঃ কৌরবসৈন্যস্যৈব মধ্যে। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥২৬॥
স ইতি। রথস্য উপস্থাৎ উপরিদেশাৎ। ব্যথয়ং স্বপতনেনৈব ॥২৭॥
তমিতি। ব্যরোচত বীরশ্রিয়া অশোভত। খরং নাম রাক্ষসম্ ॥২৮॥
হাহেতি। দৃষ্ট্বা স্থিতানামিত্যধ্যাহারান্নৈককর্ত্তৃকত্বহানিঃ ॥২৯॥
নকুল ইতি। পৃথুলোচনং বিশালনেত্রম্। মুহূর্ত্তাজ্জয় এবাদ্ভুতঃ ॥৩০॥

ভরতনন্দন রাজা! তখন দুর্ম্মুখ বিষণ্ণচিত্ত হইয়া হতাশ্ব রথ ত্যাগ করিয়া নিরমিত্রের রথে যাইয়া আরোহণ করিলেন ॥২৫॥

তাহার পর বিপক্ষবীরহন্তা ক্রুদ্ধ সহদেব একটা ভল্লদ্বারা মহাযুদ্ধে কৌরব-সৈন্যমধ্যেই নিরমিত্রকে বধ করিলেন ॥২৬॥

নরনাথ! তখন ত্রিগর্ত্তরাজপুত্র নিরমিত্র আপনার সৈন্যদিগকে ব্যথিত করিয়া রথের উপর হইতে পতিত হইলেন ॥২৭॥

তৎকালে মহাবাহু সহদেব নিরমিত্রকে বধ করিয়া মহাবল-খর-বধের পর দশরথনন্দন রামের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

নরনাথ! রাজপুত্র মহাবল নিরমিত্রকে নিহত দেখিয়া ত্রিগর্ত্তসৈন্যদের মধ্যে গুরুতর হাহাকার হইতে লাগিল ॥২৯॥

রাজা! ওদিকে নকুল যুদ্ধে মুহূর্ত্তকালমধ্যে আপনার পুত্র বিশালনয়ন বিকর্ণকে জয় করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩০॥

(২৬)···জঘান পৃথুধারেণ···বা নি। (২৯)···নিরমিত্রং মহারথম্—পি বা নি। (৩০)··· জিতবান্লোকে·· বা নি।

CENTRAL LIBRARY

সাত্যকিং ব্যাঘ্রদত্তস্তু শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
চক্রেঽদৃশ্যং সাশ্বসূতং সধ্বজং পৃতনান্তরে ॥৩১॥
তান্ নিবার্য্য শরান্ শূরঃ শৈনেয়ঃ কৃতহস্তবৎ।
সাশ্বসূতধ্বজং বাণৈর্ব্যাঘ্রদত্তমপাতয়ৎ ॥৩২॥
কুমারে নিহতে তস্মিন্ মাগধস্য সুতে প্রভো!।
মাগধাঃ সর্ব্বতো যত্তা যুযুধানমুপাদ্রবন্ ॥৩৩॥
বিসৃজন্তঃ শরাংশ্চৈব তোমরাংশ্চ সহস্রশঃ।
ভিন্দিপালাংস্তথা প্রাসান্ মুদ্গরান্ মুসলানপি।
অযোধয়ন্ রণে শূরাঃ সাত্বতং যুদ্ধকোবিদম্ ॥৩৪॥
তাংস্তু সর্ব্বান্ স বলবান্ সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ।
নাতিকৃচ্ছ্রাদ্ধসন্নেব বিজিগ্যে পুরুষর্ষভঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। ব্যাঘ্রদত্তো মগধরাজপুত্রঃ। অশ্বৈঃ সূতেন সারথিনা চ সহেতি তম্ ॥৩১॥

তানিতি। শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ, কৃতহস্তঃ শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকস্তদ্বৎ ॥৩২॥

কুমার ইতি। যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ, যুযুধানং সাত্যকিম্ ॥৩৩॥

বিসৃজন্ত ইতি। সাত্বতং সাত্বতবংশীয়ং সাত্যকিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

তানিতি। নাতিকৃচ্ছ্রাৎ অনতিকষ্টাৎ, বিজিগ্যে বিশেষেণৈব জিতবান্ ॥৩৫॥

অন্যদিকে মগধরাজপুত্র ব্যাঘ্রদত্ত নতপর্ব্ব বাণসমূহদ্বারা সৈন্যমধ্যে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত সাত্যকিকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৩১॥

তখন বীর সাত্যকি শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় সেই বাণগুলিকে নিবারণ করিয়া অশ্ব, সারথি ও ধ্বজের সহিত ব্যাঘ্রদত্তকে নিপাতিত করিলেন ॥৩২॥

রাজা! সেই মগধরাজপুত্র কুমার ব্যাঘ্রদত্ত নিহত হইলে, মগধসৈন্যেরা সর্বপ্রকারে যত্নবান্ হইয়া সাত্যকির দিকে ধাবিত হইল ॥৩৩॥

সেই বীরেরা যুদ্ধে সহস্র সহস্র বাণ, তোমর, ভিন্দিপাল, প্রাস, মুদ্গর ও মুসল নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধবিশারদ সাত্যকিকে প্রহার করিতে থাকিল ॥৩৪॥

তখন বলবান্, যুদ্ধদুর্দ্ধর্ষ ও পুরুষশ্রেষ্ঠ সাত্যকি হাসিতে হাসিতেই অনতি-কষ্টে সেই সমস্ত মগধসৈন্যকে জয় করিলেন ॥৩৫॥

মাগধান্ দ্রবতো দৃষ্ট্বা হতশেষান্ সমন্ততঃ।
বলং তেঽভজ্যত বিভো! যুযুধানশরার্দ্দিতম্ ॥৩৬॥
নাশয়িত্বা রণে সৈন্যং ত্বদীয়ং মাধবোত্তমঃ।
বিধুন্বানো ধনুঃশ্রেষ্ঠং ব্যভ্রাজত মহাযশাঃ ॥৩৭॥
ভজ্যমানং বলং রাজন্! সাত্বতেন মহাত্মনা।
নাভ্যবর্ত্তত যুদ্ধায় ত্রাসিতং দীর্ঘবাহুনা ॥৩৮॥
ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধঃ সহসোদ্ধৃত্য চক্ষুষী।
সাত্যকিং সত্যকর্ম্মাণং স্বয়মেবাভিদুদ্রুবে ॥৩৯॥
দ্রৌপদেয়ান্ মহেষ্বাসান্ সৌমদত্তির্মহাযশাঃ।
একৈকং পঞ্চভির্বিদ্ধা পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৪০॥
তে পীড়িতা ভৃশং তেন রৌদ্রেণ সহসা বিভো!।
প্রমূঢ়া নৈব বিবিদুর্যুধে কৃত্যং স্ম কিঞ্চন ॥৪১॥

ভারতকৌমুদী

মাগধানিতি। দ্রবতঃ পলায়মানান্। যুযুধানস্য সাত্যকেঃ শরৈরর্দ্দিতম্ ॥৩৬॥
নাশয়িত্বেতি। মাধবোত্তমো মধুবংশশ্রেষ্ঠঃ সাত্যকিঃ। বিধুন্বানঃ সঞ্চালয়ন্ ॥৩৭॥
ভজ্যেতি। সাত্বতেন সাত্যকিনা। নাভ্যবর্ত্তত অভিমুখং ন জাতম্ ॥৩৮॥
তত ইতি। উদ্ধৃত্য যুদ্ধাবস্থাদর্শনার্থমুত্তোল্য। অভিদুদ্রুবে অভিদধাব ॥৩৯॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, সৌমদত্তির্ভূরিশ্রবোভিন্নঃ সোমদত্তপুত্রঃ ॥৪০॥

রাজা! হতাবশিষ্ট মাগধসৈন্যেরা সকল দিকে পলায়ন করিতেছে দেখিয়া সাত্যকিশরপীড়িত আপনার সৈন্যগণ ভগ্ন হইয়া পড়িল ॥৩৬॥

তখন মহাযশা মধুবংশশ্রেষ্ঠ সাত্যকি যুদ্ধে আপনার সৈন্যদিগকে বিনষ্ট করিয়া উত্তম ধনু সঞ্চালন করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

রাজা! মহাত্মা ও দীর্ঘবাহু সাত্যকি আপনার সৈন্যদিগকে বিত্রাসিত ও ভগ্ন করিয়া দিলে, তাহারা আর যুদ্ধ করিবার জন্য ফিরিল না ॥৩৮॥

তাহার পর দ্রোণাচার্য্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নয়নযুগল উত্তোলন করিয়া তৎক্ষণাৎ সত্যকর্ম্মা সাত্যকির দিকে নিজেই ধাবিত হইলেন ॥৩৯॥

ওদিকে সৌমদত্তি মহাধনুর্দ্ধর দ্রৌপদীর পুত্রগণের এক এক জনকে পাঁচ পাঁচ বাণে বিদ্ধ করিয়া পুনরায় সাত সাত বাণে বিদ্ধ করিলেন ॥৪০॥

(৩৭)···ত্বদীয়স্য সমন্ততঃ ··নি। (৩৯) ইতঃ পরম্ '··পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ বর্দ্ধ, '···সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি।

নাকুলিস্তু শতানীকঃ সৌমদত্তিং নরর্ষভম্ ।
দ্বাভ্যাং বিদ্ধানদৃষ্টঃ শরাভ্যাং শত্রুতাপনঃ ॥৪২॥
তথেতরে রণে যত্তাস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ।
বিব্যধুঃ সমরে তূর্ণং সৌমদত্তিমমর্ষণম্ ॥৪৩॥
স তান্ প্রতি মহারাজ ! চিক্ষেপ পঞ্চ সায়কান্ ।
একৈকং হৃদি চাজঘ্নে একৈকেন মহাযশাঃ ॥৪৪॥
ততস্তে ভ্রাতরঃ পঞ্চ শরৈর্বিদ্ধা মহাত্মনা ।
পরিবার্য্য রথৈর্বীরং বিব্যধুঃ সায়কৈর্ভৃশম্ ॥৪৫॥
আর্জ্জুনিস্তু হয়াংস্তস্য চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো যমস্য সদনং প্রতি ॥৪৬॥

ভারতকৌমুদী

ত ইতি। রৌদ্রেণ উগ্রস্বভাবেন সৌমদত্তিনা। কৃতাং কর্ত্তব্যম্ ॥৪১॥
নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ। বিদ্ধা তাড়য়িত্বা ॥৪২॥
তথেতি। ইতরে প্রতিবিন্ধ্যাদয়ঃ, যত্তা যত্নবন্তঃ সন্তঃ। অজিহ্মগৈর্বাণৈঃ ॥৪৩॥
স ইতি। তেষাং পঞ্চানাং সায়কানামেকৈকেন সায়কেন ॥৪৪॥
তত ইতি। বিদ্ধাস্তাড়িতাঃ, মহাত্মনা সৌমদত্তিনা। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৪৫॥
আর্জ্জুনিরিতি। আর্জ্জুনির্দ্রৌপদ্যামর্জ্জুনাজ্জাতঃ শ্রুতকর্ম্মা নাম ॥৪৬॥

রাজা ! উগ্রমূর্ত্তি সৌমদত্তি হঠাৎ দারুণ পীড়ন করিলে, দ্রৌপদীর পুত্রেরা বিমুগ্ধ হইয়া যুদ্ধে কোন কর্ত্তব্য বুঝিতে পারিলেন না ॥৪১॥

কিন্তু শত্রুতাপন নকুলনন্দন শতানীক দুইটা বাণে নরশ্রেষ্ঠ সৌমদত্তিকে বিদ্ধ করিয়া হৃষ্ট হইয়া সিংহনাদ করিলেন ॥৪২॥

এবং শতানীকের অপর ভ্রাতারা যুদ্ধে যত্নবান্ হইয়া তিন তিনটা বাণদ্বারা সত্বর যুদ্ধে ক্রুদ্ধ সৌমদত্তিকে বিদ্ধ করিলেন ॥৪৩॥

মহারাজ ! তাহার পর সৌমদত্তি তাঁহাদের প্রতি পাঁচটা বাণ নিক্ষেপ করিলেন ; তাহার এক একটা যাইয়া তাঁহাদের এক এক জনের হৃদয়ে আঘাত করিল ॥৪৪॥

মহাত্মা সৌমদত্তি বাণদ্বারা বিদ্ধ করিলে, সেই পঞ্চ ভ্রাতা রথদ্বারা পরিবেষ্টন করিয়া বাণদ্বারা তাঁহাকে গুরুতর তাড়ন করিতে লাগিলেন ॥৪৫॥

ক্রমে অর্জ্জুননন্দন শ্রুতকর্ম্মা অত্যন্তক্রুদ্ধ হইয়া চারিটা সুধার বাণদ্বারা সৌমদত্তির চারিটা অশ্বকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৬॥

(৪২) নাকুলিশ্চ···শত্রুকর্শনঃ—বা নি।

ভৈমসেনির্ধনুশ্ছিত্ত্বা সৌমদত্তের্মহাত্মনঃ।
ননাদ বলবন্নাদং বিব্যাধ চ শিতৈঃ শরৈঃ ॥৪৭॥
যৌধিষ্ঠিরির্ধ্বজং তস্য চ্ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ।
নাকুলিশ্চাশ্বযন্তারং রথনীড়াদপাতয়ৎ ॥৪৮॥
সাহদেবিস্তু তং জ্ঞাত্বা ভ্রাতৃভির্বিমুখীকৃতম্।
ক্ষুরপ্রেণ শিরো রাজন্! নিচকর্ত্ত মহাত্মনঃ ॥৪৯॥
তচ্ছিরো ন্যপতদ্ভূমৌ তপনীয়বিভূষিতম্।
অভাসয়দ্রণোদ্দেশং বালসূর্য্যসমপ্রভম্ ॥৫০॥
সৌমদত্তেঃ শিরো দৃষ্ট্বা নিপতত্তন্মহাত্মনঃ।
বিত্রস্তাস্তাবকা রাজন্! প্রদুদ্রুবুরনেকধা ॥৫১॥

ভারতকৌমুদী

ভৈমেতি। ভৈমসেনির্দ্রৌপদ্যাং ভীমসেনাজ্জাতঃ সুতসোমো নাম ॥৪৭॥

যৌধীতি। যৌধিষ্ঠিরির্দ্রৌপদ্যাং যুধিষ্ঠিরাজ্জাতঃ প্রতিবিন্ধ্যো নাম। নাকুলির্দ্রৌপদ্যাং নকুলাজ্জাতঃ শতানীকো নাম, অশ্বানাং যন্তারং চালয়িতারং সারথিম্, রথ এব নীড়ং কুলায়স্তস্মাৎ। রথস্য নীড়রূপতয়া বর্ণনেন সারথেঃ পক্ষিরূপত্বং ব্যজ্যতে ॥৪৮॥

সাহেতি। সাহদেবির্দ্রৌপদ্যাং সহদেবাজ্জাতঃ শ্রুতসেনো নাম। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥৪৯॥

তদিতি। তপনীয়ৈঃ স্বর্ণালঙ্কারৈর্বিভূষিতম্। রণোদ্দেশং রণস্থলম্ ॥৫০॥

সৌমেতি। প্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে, অনেকধা বহুভিঃ পথিভিঃ ॥৫১॥

ভীমের পুত্র সুতসোম মহাত্মা সৌমদত্তির ধনু ছেদন করিয়া নিশিত শরনিকরদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৪৭॥

যুধিষ্ঠিরের পুত্র প্রতিবিন্ধ্য তাঁহার ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন, আর নকুলের পুত্র শতানীক তাঁহার সারথিকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৪৮॥

আর, রাজা! ভ্রাতারা সৌমদত্তিকে পরাঙ্মুখ করিয়াছেন দেখিয়া সহদেব-নন্দন শ্রুতসেন একটা ক্ষুরপ্রদ্বারা সেই মহাত্মার মস্তকচ্ছেদন করিলেন ॥৪৯॥

স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ও নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল সেই মস্তকটী ভূতলে নিপতিত হইল এবং সেই রণস্থল উদ্ভাসিত করিল ॥৫০॥

(৪৮)…নাকুলিশ্চাথ যন্তারং রথনীড়াদপাহরৎ—বা নি। (৫০)…ভাসয়ন্তং রণোদ্দেশম্ …পি বঙ্গ বর্দ্ধ বা।

CENTRAL LIBRARY

অলম্বুষস্তু সমরে ভীমসেনং মহাবলম্ ।
যোধয়ামাস সংক্রুদ্ধো লক্ষ্মণং রাবণির্যথা ॥৫২॥
সম্প্রযুদ্ধৌ রণে দৃষ্ট্বা তাবুভৌ নররাক্ষসৌ ।
বিস্ময়ঃ সর্ব্বভূতানাং প্রহর্ষশ্চাভবত্তদা ॥৫৩॥
আর্য্যশৃঙ্গিং ততো ভীমো নবভির্নিশিতৈঃ শরৈঃ ।
বিব্যাধ প্রহসন্ রাজন্ ! রাক্ষসেন্দ্রমমর্ষণম্ ॥৫৪॥
তদ্রক্ষঃ সমরে বিদ্ধং কৃত্বা নাদং ভয়াবহম্ ।
অভ্যদ্রবত্ততো ভীমং যে চ তস্য পদানুগাঃ ॥৫৫॥
স ভীমং পঞ্চভির্বিদ্ধা শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ।
ভীমানুগান্ জঘানাশু রথাংস্ত্রিশতমোজসা ।
পুনশ্চতুঃশতান্ হত্বা ভীমং বিব্যাধ পত্রিণা ॥৫৬॥

ভারতকৌমুদী

অলম্বুষ ইতি । রাবণিরিন্দ্রজিৎ ॥৫২॥
সমিতি । সম্যক্ প্রকৃষ্টঞ্চ যুদ্ধং যয়োস্তৌ ॥৫৩॥
আর্য্যেতি । আর্য্যশৃঙ্গিম্ ঋষ্যশৃঙ্গপুত্রমলম্বুষম্ । অমর্ষণং ক্রুদ্ধম্ ॥৫৪॥
তদিতি । রক্ষো রাক্ষসঃ, বিদ্ধং ভীমশরতাড়িতং সৎ । পদানুগা অনুচরাঃ ॥৫৫॥
স ইতি । ত্রীণি শতানি যস্মিন্ কর্ম্মণি তৎ, রথানিত্যস্যার্থং বিশেষণং বা । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

রাজা ! আপনার সৈন্যেরা মহাত্মা সোমদত্তির মস্তকটীকে পতিত হইতে দেখিয়া ভীত হইয়া নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥৫১॥

অন্যদিকে ইন্দ্রজিৎ যেমন লক্ষ্মণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সেইরূপ অলম্বুষ ক্রুদ্ধ হইয়া রণস্থলে মহাবল ভীমসেনের সহিত যুদ্ধ করিতে থাকিল ॥৫২॥

তখন সেই মানুষ ও রাক্ষস দুই জনকে রণস্থলে যুদ্ধ করিতে দেখিয়া তত্রত্য সমস্ত লোকের বিস্ময় ও আনন্দ জন্মিল ॥৫৩॥

রাজা ! তদনন্তর ভীমসেন হাস্য করিতে থাকিয়া নয়টা সুধার বাণদ্বারা ক্রুদ্ধ রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে বিদ্ধ করিলেন ॥৫৪॥

সেই রাক্ষস যুদ্ধে বিদ্ধ হইয়া ভয়ঙ্কর গর্জন করিয়া ভীমের এবং যাহারা তাঁহার অনুগামী ছিল তাহাদের প্রতি ধাবিত হইল ॥৫৫॥

(৫৩)···সর্ব্বভূতানাং ভয়ঙ্কাসীৎ সুদারুণম্—নি । (৫৬)···ভৈমান্ পরিজঘানাশু রথাংস্ত্রিশতমাহবে—বা নি ।

সোঽতিবিদ্ধস্তদা ভীমো রাক্ষসেন মহাবলঃ।
নিষসাদ রথোপস্থে মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ ॥৫৭॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং মারুতিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
বিকৃষ্য কার্ম্মুকং ঘোরং ভারসাধনমুত্তমম্।
অলম্বুষং শরৈস্তীক্ষ্ণৈরর্দ্দয়ামাস ভারত! ॥৫৮॥
স বিদ্ধো বহুভির্বাণৈর্নীলাঞ্জনচয়োপমঃ।
শুশুভে সর্ব্বতো রাজন্! প্রফুল্ল ইব কিংশুকঃ ॥৫৯॥
স বধ্যমানঃ সমরে ভীমচাপচ্যুতৈঃ শরৈঃ।
স্মরন্ ভ্রাতৃবধঞ্চৈব পাণ্ডবেন মহাত্মনা ॥৬০॥
ঘোরং রূপমথো কৃত্বা ভীমসেনমভাষত।
তিষ্ঠেদানীং রণে পার্থ! পশ্য মেঽদ্য পরাক্রমম্ ॥৬১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে উপরিভাগে ॥৫৭॥
প্রতীতি। মারুতির্বায়ুপুত্রো ভীমঃ। ভারসাধনং সুদৃঢ়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥
স ইতি। নীলাঞ্জনচয়োপমো নীলকজ্জলসমূহতুল্যঃ। প্রফুল্লঃ পুষ্পিতঃ ॥৫৯॥
স ইতি। ভ্রাতুর্বকস্য বধম্, পাণ্ডবেন ভীমেন। রূপং মূর্ত্তিম্ ॥৬০—৬১॥

ক্রমে অলম্বুষ পাঁচটা নতপর্ব্ব বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিয়া আপন শক্তির প্রভাবে সত্বর ভীমের অনুগামী তিন শত রথীকে বধ করিল; আবার চারি শত রথীকে বধ করিয়া একটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিল ॥৫৬॥

রাক্ষস অত্যন্ত বিদ্ধ করিলে, মহাবল ভীমসেন তখন মূর্চ্ছায় আক্রান্ত হইয়া রথের উপরে উপবেশন করিলেন ॥৫৭॥

ভরতনন্দন! তদনন্তর ভীমসেন চৈতন্য লাভ করিয়া ক্রোধে অধীর হইয়া উত্তম, সুদৃঢ় ও ভয়ঙ্কর ধনু আকর্ষণপূর্ব্বক তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অলম্বুষকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৮॥

রাজা! তখন নীলকজ্জলরাশিতুল্য অলম্বুষ সমস্ত অঙ্গে বহুতর বাণে বিদ্ধ হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৫৯॥

অলম্বুষ তখন ভীমের কার্ম্মুকনির্গত বাণে আহত হইতে থাকিয়া এবং সেই মহাত্মা ভীমই যে ভ্রাতা বককে বধ করিয়াছিলেন তাহা স্মরণ করিয়া ভয়ঙ্কর

(৫৭)…তথা ভীমঃ…বা নি। (৫৮)…অর্দ্দয়ামাস সর্ব্বতঃ—বা নি।

CENTRAL LIBRARY

বকো নাম সুদুর্বুদ্ধে! রাক্ষসপ্রবরো বলী।
পরোক্ষং মম তদ্বৃত্তং যদ্ভ্রাতা মে হতস্ত্বয়া ॥৬২॥
এবমুক্ত্বা ততো ভীমমন্তর্দ্ধানং গতস্তদা।
মহতা শরবর্ষেণ ভৃশং স সমবাকিরৎ ॥৬৩॥
ভীমস্তু সমরে রাজন্! অদৃশ্যে রাক্ষসে তদা।
আকাশং পূরয়ামাস শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬৪॥
স বধ্যমানো ভীমেন নিমেষাদ্রথমাস্থিতঃ।
জগাম ধরণীঞ্চৈব ক্ষুদ্রঃ খং সহসাগমৎ ॥৬৫॥
উচ্চাবচানি রূপাণি চকার সুবহূনি চ।
উচ্চাবচাস্তথা বাচো ব্যাজহার সমন্ততঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

বক ইতি। পরোক্ষমসমক্ষম্, বৃত্তং জাতম্ ॥৬২॥
এবমিতি। সঃ অলম্বুষঃ, সমবাকিরৎ আবৃণোৎ ॥৬৩॥
ভীম ইতি। আকাশং রণস্থলোপরিদেশম্, পূরয়ামাস অলম্বুষস্থিত্যনুমানাৎ ॥৬৪॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। ক্ষুদ্রো নীচাশয়ঃ, খমাকাশম্ ॥৬৫॥

মূর্ত্তি ধারণপূর্ব্বক ভীমকে বলিল—'ভীম! তুই এখন রণস্থলে অবস্থান কর্, আজ আমার পরাক্রম দেখ্ ॥৬০—৬১॥

অতিদুর্বুদ্ধি ভীম! তুই, আমার ভ্রাতা রাক্ষসশ্রেষ্ঠ বলবান্ বককে যে বধ করিয়াছিলি, সে ঘটনা আমার অসমক্ষে হইয়াছিল' ॥৬২॥

অলম্বুষ ভীমকে এইরূপ বলিয়া তখনই অন্তর্হিত হইয়া গুরুতর বাণবর্ষণ-দ্বারা ভীমকে আবৃত করিয়া ফেলিল ॥৬৩॥

রাজা! অলম্বুষ অদৃশ্য হইয়া গেলে, ভীমসেন তখন নতপর্ব বাণসমূহদ্বারা রণস্থলের আকাশ পূর্ণ করিয়া ফেলিলেন ॥৬৪॥

ভীমসেন আঘাত করিতে লাগিলে, নীচাশয় রাক্ষস নিমেষমধ্যে রথারোহণ করিয়া ভূতলে গমন করিল, আবার তৎক্ষণাৎ আকাশে উঠিল ॥৬৫॥

সে নানাবিধ বহুতর রূপ ধারণ করিতে লাগিল এবং সকল দিক্ হইতে নানাবিধ বাক্য বলিতে থাকিল ॥৬৬॥

(৬৩)...ভৃশং তং সমবাকিরৎ—বা নি। (৬৫) ...জগাম ধরণীং ক্ষুদ্রঃ খঞ্চৈব সহসাগমৎ পি বঙ্গ বর্দ্ধ। (৬৬) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'অনুবৃহিং পুনঃ স্থলো নাদান্ মুঞ্চন্নিবাম্বুদঃ' ইতি পাদদ্বয়মধিকং বঙ্গ বর্দ্ধ বা নি।

নিপেতুর্গগনাচ্চৈব শরধারাঃ সহস্রশঃ।
শক্তয়ঃ কুণপাঃ প্রাসাঃ শূলপট্টিশতোমরাঃ ॥৬৭॥
শতঘ্ন্যঃ পরিঘাশ্চৈব ভিন্দিপালাঃ পরশ্বধাঃ।
শিলাঃ খড়্গা হুলাশ্চৈব ঋষ্টির্বজ্রাণি চৈব হ ॥৬৮॥ (যুগ্মকম্)
সা রাক্ষসবিসৃষ্টা তু শস্ত্রবৃষ্টিঃ সুদারুণা।
জঘান পাণ্ডুপুত্রস্য সৈনিকান্ রণমূর্দ্ধনি ॥৬৯॥
তেন পাণ্ডবসৈন্যানাং মৃদিতা যুধি বারণাঃ।
হয়াশ্চ বহবো রাজন্! পত্তয়শ্চ তথা পুনঃ।
রথেভ্যো রথিনঃ পেতুস্তস্য নুন্নাঃ স্ম সায়কৈঃ ॥৭০॥
শোণিতোদাং রথাবর্ত্তাং হস্তিগ্রাহসমাকুলাম্।
ছত্রহংসাং কর্দ্দমিনীং বাহুপন্নগসঙ্কুলাম্ ॥৭১॥
নদীং প্রবর্ত্তয়ামাস রক্ষোগণসমাকুলাম্।
বহন্তীং বহুধা রাজন্! চেদিপাঞ্চালসৃঞ্জয়ান্ ॥৭২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উচ্চেতি। উচ্চাবচানি নানাবিধানি, "উচ্চাবচং নৈকবিধম্" ইত্যমরঃ ॥৬৬॥
নিপেতুরিতি। শক্ত্যাদীনি তদানীন্তনাস্ত্রাণি। ঋষ্টিশ্চ পপাত ॥৬৭—৬৮॥
সেতি। রাক্ষসেন বিসৃষ্টা নিক্ষিপ্তা। পাণ্ডুপুত্রস্য ভীমস্য ॥৬৯॥
তেনেতি। মৃদিতা মর্দ্দিতাঃ, বারণা গজাঃ। নুন্না আহতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥
শোণিতেতি। শোণিতমেব উদকং যস্যাস্তাম্, রথা এবাবর্ত্তা জলভ্রমযো যস্যাস্তাম্, হস্তিন এব গ্রাহা জলজন্তবস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাম্। ছত্রাণ্যেব শুভ্রতয়া হংসা যত্র তাম্, কর্দ্দমা ঘনীভূতরক্তাস্তেব পঙ্কা অস্যাঃ সন্তীতি তাম্, বাহব এব পন্নগাঃ সর্পাস্তৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। প্রবর্ত্তয়ামাস অলম্বুষ ইত্যনুবৃত্তিঃ, রক্ষোগণৈ রাক্ষসসমূহৈঃ সমাকুলাম্ ॥৭১—৭২॥

এবং আকাশ হইতে সহস্র সহস্র বাণধারা, শক্তি, কুণপ, প্রাস, শূল, পট্টিশ, তোমর, শতঘ্নী, পরিঘ, ভিন্দিপাল, পরশু, শিলা, খড়্গ, হুল, ঋষ্টি ও বজ্র পতিত হইতে লাগিল ॥৬৭—৬৮॥

অলম্বুষনিক্ষিপ্ত সেই দারুণ অস্ত্রবৃষ্টি রণস্থলে ভীমের সৈন্যগণকে বধ করিতে থাকিল ॥৬৯॥

রাজা! অলম্বুষ যুদ্ধে পাণ্ডবসৈন্যের বহুতর হস্তী, অশ্ব ও পদাতিকে মর্দ্দন করিল এবং তাহার বাণে বিদীর্ণ হইয়া রথীরা রথ হইতে পতিত হইল ॥৭০॥

(৬৮)···বিম্না বজ্রাণি···পি,···চৈবাবিম্না বজ্রাণি···বঙ্গ বর্দ্ধ,···ঋষ্টীর্বজ্রাণি···নি।

তং তথা সমরে রাজন্! বিচরন্তম ভীতবৎ।
পাণ্ডবা ভৃশসংবিগ্নাঃ প্রাপশ্যংস্তস্য বিক্রমম্ ॥৭৩॥
তাবকানান্তু সৈন্যানাং সংহর্ষঃ সমজায়ত।
বাদিত্রনিনদশ্চোগ্রঃ সুমহান্লোমহর্ষণঃ ॥৭৪॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তব সৈন্যস্য পাণ্ডবঃ।
নামৃষ্যত যথা নাগস্তলশব্দং সমীরিতম্ ॥৭৫॥
ততঃ ক্রোধাভিতাম্রাক্ষো নির্দ্দহন্নিব পাবকঃ।
সন্দধে ত্বাষ্ট্রমস্ত্রং স স্বয়ং ত্বষ্টেব মারুতিঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

তমিতি। ভৃশসংবিগ্না অতীবোদ্বিগ্নাঃ। বিক্রমঞ্চ প্রাপশ্যন্ ॥৭৩॥
তাবকানামিতি। সংহর্ষঃ সমজায়ত স্বপক্ষজয়সম্ভাবনাৎ ॥৭৪॥
তমিতি। পাণ্ডবো ভীমঃ। নামৃষ্যত নাসহত, নাগঃ সর্পঃ, তলশব্দং করতলধ্বনিম্ ॥৭৫॥
তত ইতি। ত্বষ্টা নাম প্রজাপতিবিশ্বকর্ম্মা বা, মারুতির্ভীমসেনঃ ॥৭৬॥

রাজা! ক্রমে অলম্বুষ একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিল; রক্ত ছিল তাহার জল, রথ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ছিল জলজন্তু, ছত্র ছিল হংস, ঘনীভূত রক্ত ছিল কর্দ্দম, এবং বাহু ছিল সর্পস্বরূপ; রাক্ষসেরা সে নদীটাকে ব্যাপ্ত করিয়াছিল; আর সে নদীটা বহুপথে চেদি, পাঞ্চাল ও সৃঞ্জয়সৈন্যগণকে বহন করিতেছিল ॥৭১—৭২॥

রাজা! অলম্বুষ নির্ভয়ের ন্যায় সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলে, পাণ্ডবেরা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া তাহাকে দেখিতে লাগিলেন এবং তাহার বিক্রমের পর্য্যালোচনা করিতে থাকিলেন ॥৭৩॥

তৎকালে আপনার সৈন্যগণের বিশেষ আনন্দ জন্মিল এবং ভীষণ, বিশাল ও লোমহর্ষণ বাদ্যধ্বনি হইতে লাগিল ॥৭৪॥

সর্প যেমন করতলধ্বনি শুনিয়া সহ্য করিতে পারে না, সেইরূপ ভীমসেন আপনার সৈন্যগণের সেই ভীষণ কোলাহল শুনিয়া সহ্য করিতে পারিলেন না ॥৭৫॥

তাহার পর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া অগ্নির ন্যায় যেন দগ্ধ করিতে থাকিয়া স্বয়ং ত্বষ্টা প্রজাপতির তুল্য ত্বাষ্ট্র অস্ত্র সন্ধান করিলেন ॥৭৬॥

(৭৪)···প্রহর্ষঃ সমজায়ত···বা নি। (৭৬)···স্বয়ং ত্বষ্টেব মারিষ!—পি।

ততঃ শরসহস্রাণি প্রাদুরাসন্ সমন্ততঃ।
তৈঃ শরৈস্তব সৈন্যস্য বিদ্রবঃ সুমহানভূৎ ॥৭৭॥
তদস্ত্রং প্রেষিতং তেন ভীমসেনেন সংযুগে।
রাক্ষসস্য মহামায়াং হত্বা রাক্ষসমার্দ্দয়ৎ ॥৭৮॥
স বধ্যমানো বহুধা ভীমসেনেন রাক্ষসঃ।
সন্ত্যজ্য সংযুগে ভীমং দ্রোণানীকমথাব্রজৎ ॥৭৯॥
তস্মিংস্তু নির্জ্জিতে রাজন্! রাক্ষসেন্দ্রে মহাত্মনা।
অনাদয়ন্ সিংহনাদৈঃ পাণ্ডবাঃ সর্বতো দিশম্ ॥৮০॥
অপূজয়ন্ মারুতিঞ্চ সংহৃষ্টাস্তে মহাবলম্।
প্রহ্লাদং সমরে জিত্বা যথা শক্রং মরুদ্গণাঃ ॥৮১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে অলম্বুষাপযানে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততস্ত্বাষ্ট্রাদস্ত্রাৎ। বিদ্রবঃ সম্প্রহারঃ ॥৭৭॥
তদিতি। প্রেষিতং নিক্ষিপ্তম্, তত্বাষ্ট্রমস্ত্রং কর্ত্তৃ। হত্বা বিনাশ্য ॥৭৮॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। অব্রজৎ আত্মরক্ষার্থমগচ্ছৎ ॥৭৯॥
তস্মিন্নিতি। মহাত্মনা মহাবলেন ভীমসেনেন। সর্বতঃ সর্বান্ ॥৮০॥

মহারাজ! সেই ত্বাষ্ট্র অস্ত্র হইতে সকল দিকে সহস্র সহস্র বাণ প্রাদুর্ভূত হইল; সেই বাণসমূহে আপনার সৈন্যের গুরুতর উৎপীড়ন হইতে লাগিল ॥৭৭॥

যুদ্ধে ভীমসেননিক্ষিপ্ত সেই অস্ত্র অলম্বুষের মহামায়া বিনষ্ট করিয়া তাহাকে গুরুতর পীড়ন করিল ॥৭৮॥

ভীমসেন বহুপ্রকারে প্রহার করিতে লাগিলে, অলম্বুষ ভীমসেনকে পরিত্যাগ করিয়া দ্রোণসৈন্যের মধ্যে চলিয়া গেল ॥৭৯॥

রাজা! মহাবল ভীমসেন সেই রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে জয় করিলে, পাণ্ডবেরা সিংহনাদদ্বারা সমস্ত দিক্ নিনাদিত করিলেন ॥৮০॥

(৭৮) তদস্ত্রং প্রেরিতম্…বা নি। (৭৯)…সন্ত্যজ্য সমরে…দ্রোণানীকমুপাদ্রবৎ—বা নি। (৮১) প্রহ্লাদমিব দৈত্যেয়াঃ…নি। * '…ষড়ধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ' বা বা নি।

CENTRAL LIBRARY

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অলম্বুষং তথা যুদ্ধে বিচরন্তমভীতবৎ।
হৈড়িম্বঃ প্রযযৌ তূর্ণং বিব্যাধ চ শিতৈঃ শরৈঃ ॥১॥
তয়োঃ প্রতিভয়ং যুদ্ধমাসীদ্রাক্ষসসিংহয়োঃ।
কুর্বতোর্বিবিধা মায়াঃ শক্রশম্বরয়োরিব ॥২॥
অলম্বুষো ভৃশং ক্রুদ্ধো ঘটোৎকচমতাড়য়ৎ।
তয়োর্যুদ্ধং সমভবদ্রক্ষোগ্রামণিমুখ্যয়োঃ।
যাদৃগেব পুরা বৃত্তং রামরাবণয়োঃ প্রভো! ॥৩॥

ভারতকৌমুদী

অপূজয়ন্নিতি। মারুতিং ভীমম্। জিত্বা স্থিতম্। মরুতাং দেবানাং গণাঃ ॥৮১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

অলম্বুষমিতি। যুদ্ধে বিচরন্তং দ্রোণানীকং প্রবিশ্যাপি। হৈড়িম্বো ঘটোৎকচঃ ॥১॥
তয়োরিতি। প্রতিভয়ং ভয়ঙ্করম্। শক্রশম্বরয়োরিন্দ্রশম্বরাসুরয়োঃ ॥২॥
অলম্বুষ ইতি। গ্রামণীনি প্রধানানি রক্ষাংসীতি রক্ষোগ্রামণীনি প্রধানরাক্ষসাঃ অগ্রি-

ক্রমে পূর্ব্বকালে দেবতারা যুদ্ধে প্রহ্লাদবিজয়ী ইন্দ্রের যেমন সম্মান করিয়াছিলেন, সেইরূপ পাণ্ডবেরা আনন্দিত হইয়া মহাবল ভীমসেনের সম্মান করিতে লাগিলেন' ॥৮১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অলম্বুষ দ্রোণসৈন্যের মধ্যে যাইয়াও নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ করিতে লাগিল; তখন ঘটোৎকচ সত্বর তাহার দিকে গমন করিল এবং শিলাশাণিত বাণসমূহদ্বারা তাহাকে বিদ্ধ করিল ॥১॥

ইন্দ্র ও শম্বরাসুরের ন্যায় সেই রাক্ষসশ্রেষ্ঠেরা দুই জন নানাবিধ মায়া প্রকাশ করিতে থাকিয়া যুদ্ধ করিতে থাকায় সে যুদ্ধ ভয়ঙ্করভাবেই হইতে লাগিল ॥২॥

ঘটোৎকচস্তু বিংশত্যা নারাচানাং স্তনান্তরে।
অলম্বুষমথো বিদ্ধা সিংহবদ্ব্যনদন্মুহুঃ ॥৪॥
তথৈবালম্বুষো রাজন্! হৈড়িম্বং যুদ্ধদুর্ম্মদম্।
বিদ্ধা বিদ্ধানদদ্ধৃষ্টঃ পূরয়ন্ খং সমন্ততঃ ॥৫॥
তথা তৌ ভৃশসংক্রুদ্ধৌ রাক্ষসেন্দ্রৌ মহাবলৌ।
নির্বিশেষমযুধ্যেতাং মায়াভিরিতরেতরম্ ॥৬॥
মায়াশতসৃজৌ দৃপ্তৌ মোহয়ন্তৌ পরস্পরম্।
মায়াযুদ্ধে কুশলিনৌ মায়াযুদ্ধমযুধ্যতাম্ ॥৭॥

ভারতকৌমুদী

স্তোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ, নপুংসকত্বাচ্চ হ্রস্বঃ, তেষ্বপি মুখ্যয়োঃ প্রধানয়োঃ। বৃত্তং জাতম্। "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাদিপে ত্রিষু" ইত্যমরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

ঘটোৎকচ ইতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি। বিদ্ধা তাড়য়িত্বা ॥৪॥

তথেতি। হৈড়িম্বং হিড়িম্বায়াঃ পুত্রং ঘটোৎকচম্। খমাকাশম্ ॥৫॥

তথেতি। নির্বিশেষং তারতম্যরহিতং যথা স্যাত্তথা ॥৬॥

মায়েতি। মায়াশতং সৃজতঃ কুরুত ইতি মায়াশতসৃজৌ, দৃপ্তৌ দর্পযুক্তৌ ॥৭॥

অলম্বুষ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ঘটোৎকচকে তাড়ন করিল। রাজা! পূর্ব্বকালে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, ক্রমে সেই প্রধানরাক্ষসশ্রেষ্ঠ দুই জনের সেইরূপই যুদ্ধ হইতে থাকিল ॥৩॥

ক্রমে ঘটোৎকচ কুড়িটা নারাচদ্বারা অলম্বুষের বক্ষস্থল বিদ্ধ করিয়া বার বার সিংহের ন্যায় গর্জন করিল ॥৪॥

রাজা! অলম্বুষও সেইরূপই যুদ্ধদুর্দ্ধর্ষ ঘটোৎকচকে বিদ্ধ করিয়া করিয়া হৃষ্ট হইয়া সকল দিকের আকাশ পূর্ণ করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিল ॥৫॥

মহাবল সেই রাক্ষসশ্রেষ্ঠেরা দুই জন অত্যন্তক্রুদ্ধ হইয়া মায়াদ্বারা নির্বিশেষভাবে পরস্পর যুদ্ধ করিতে থাকিল ॥৬॥

মায়াযুদ্ধে নিপুণ, বহুতরমায়াকারী, পরস্পর মোহজনক ও দর্পযুক্ত ঘটোৎকচ ও অলম্বুষ মায়াযুদ্ধই করিতে লাগিল ॥৭॥

---

(৭) মায়াশতসৃজৌ নিত্যম্…বা নি।

CENTRAL LIBRARY

যাং যাং ঘটোৎকচো যুদ্ধে মায়াং দর্শয়তে নৃপ ! ।
তাং তামলম্বুষো রাজন্ ! মায়য়ৈব নিজঘ্নিবান্ ॥৮॥
তং তথা যুধ্যমানন্তু মায়াযুদ্ধবিশারদম্ ।
অলম্বুষং রাক্ষসেন্দ্রং দৃষ্ট্বা ক্রুধ্যন্ত পাণ্ডবাঃ ॥৯॥
ত এনং ভৃশসংক্রুদ্ধাঃ সর্ব্বতঃ প্রবরা রথৈঃ ।
অভ্যদ্রবন্ত সংরব্ধা ভীমসেনাদয়ো নৃপ ! ॥১০॥
ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ ! ।
সর্বতো ব্যকিরন্ বাণৈরুল্কাভিরিব কুঞ্জরম্ ॥১১॥
স তেষামস্ত্রবেগং তং প্রতিহত্য স্বমায়য়া ।
তস্মাদ্রথব্রজান্মুক্তো বনদাহাদিব দ্বিপঃ ॥১২॥
স বিস্ফার্য্য ধনুর্ঘোরমিন্দ্রাশনিসমস্বনম্ ।
মারুতিং পঞ্চবিংশত্যা ভৈমসেনিঞ্চ পঞ্চভিঃ ॥১৩॥

ভারতকৌমুদী

যামিতি। দর্শয়তে আবিষ্করোতি স্ম। নিজঘ্নিবান্ ব্যনাশয়ৎ ॥৮॥
তমিতি। তথা মায়য়া ॥৯॥
ত ইতি। সর্ব্বতঃ অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥১০॥
ত ইতি। কোষ্ঠকীকৃত্য পরিবেষ্ট্য, রথানাং বংশেন সমূহেন ॥১১॥
স ইতি। রথানাং ব্রজাৎ সমূহাৎ, মুক্তো নির্গতঃ ॥১২॥

নরনাথ রাজা ! ঘটোৎকচ যুদ্ধে যে যে মায়া দেখাইতে লাগিল, অলম্বুষও মায়াদ্বারাই সেই সেই মায়া নষ্ট করিতে থাকিল ॥৮॥

মায়াযুদ্ধবিশারদ ও রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে সেইভাবে যুদ্ধ করিতে দেখিয়া পাণ্ডবেরা ক্রুদ্ধ হইলেন ॥৯॥

রাজা ! তখন অত্যন্তক্রুদ্ধ ও উৎসাহসম্পন্ন ভীমসেনপ্রভৃতি প্রধান বীরেরা রথারোহণে সকল দিক্ হইতে অলম্বুষের প্রতি ধাবিত হইলেন ॥১০॥

মাননীয় রাজা ! তাঁহারা রথসমূহদ্বারা অলম্বুষকে পরিবেষ্টন করিয়া উল্কা-দ্বারা যেমন হস্তীকে আঘাত করে, সেইরূপ সকল দিক্ হইতে বাণদ্বারা তাহাকে আঘাত করিতে লাগিলেন ॥১১॥

তখন অলম্বুষ আপন মায়াদ্বারা তাঁহাদের সেই অস্ত্রবেগ প্রতিহত করিয়া হস্তী যেমন বনদাহ হইতে মুক্ত হয়, সেইরূপ তাঁহাদের রথসমূহ হইতে মুক্ত হইল ॥১২॥

CENTRAL LIBRARY

যুধিষ্ঠিরং ত্রিভির্বিদ্ধা সহদেবঞ্চ সপ্তভিঃ।
নকুলঞ্চ ত্রিসপ্তত্যা দ্রৌপদেয়াংশ্চ মারিষ!।
পঞ্চভিঃ পঞ্চভির্বিদ্ধা সিংহনাদং চকার হ ॥১৪॥ (যুগ্মকম্)
তং ভীমসেনো নবভিঃ সহদেবশ্চ সপ্তভিঃ।
যুধিষ্ঠিরঃ শতেনৈব রাক্ষসং প্রত্যবিধ্যত।
নকুলস্তু চতুঃষষ্ট্যা দ্রৌপদেয়াস্ত্রিভিস্ত্রিভিঃ ॥১৫॥
হৈড়িম্বো রাক্ষসং বিদ্ধা যুদ্ধে পঞ্চাশতা শরৈঃ।
পুনর্বিব্যাধ সপ্তত্যা ননাদ চ মহাবলঃ ॥১৬॥
তস্য নাদেন মহতা কম্পিতেয়ং বসুন্ধরা।
সপর্বতবনা রাজন্! সপাদপজলাশয়া ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। মারুতিং মরুতো বায়োঃ পুত্রম্ ভীমম্, ভৈমসেনিং ঘটোৎকচম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদীপুত্রান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩—১৪॥

তমিতি। নবভির্বাণৈরিতি শেষঃ। রাক্ষসমলম্বুষম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো ঘটোৎকচঃ, রাক্ষসমলম্বুষম্ ॥১৬॥

তস্যেতি। পর্ব্বতৈর্বনৈশ্চ সহেতি সা, পাদপৈর্বৃক্ষৈর্জলাশয়ৈশ্চ সহেতি সা চ ॥১৭॥

মাননীয় রাজা! পরে অলম্বুষ ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী ভয়ঙ্কর ধনু বিস্ফারিত করিয়া পঁচিশটা বাণদ্বারা ভীমকে, পাঁচটাদ্বারা ঘটোৎকচকে, তিনটাদ্বারা যুধিষ্ঠিরকে, সাতটাদ্বারা সহদেবকে, তিয়াত্তরটাদ্বারা নকুলকে এবং পাঁচ পাঁচটাদ্বারা দ্রৌপদীর পুত্রগণকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিল ॥১৩—১৪॥

তখন ভীমসেন নয়টা, সহদেব সাতটা, যুধিষ্ঠির একশত, নকুল চৌষট্টিটা এবং দ্রৌপদীর পুত্রেরা প্রত্যেকে তিন তিনটা বাণদ্বারা অলম্বুষকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৫॥

আর মহাবল ঘটোৎকচ পঞ্চাশটা বাণদ্বারা অলম্বুষকে বিদ্ধ করিয়া পুনরায় সত্তরটাদ্বারা বিদ্ধ করিল এবং সিংহনাদ করিয়া উঠিল ॥১৬॥

রাজা! ঘটোৎকচের সেই বিশাল সিংহনাদে পর্ব্বত, বন, বৃক্ষ ও জলাশয়ের সহিত এই পৃথিবীটাই কাঁপিতে লাগিল ॥১৭॥

(১৪)···ঘোরং নাদং ননাদ হ—বা নি।

CENTRAL LIBRARY

সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সর্ব্বতস্তৈর্মহারথৈঃ।
পুনর্বিব্যাধ তান্ সর্ব্বান্ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥১৮॥
তং ক্রুদ্ধং রাক্ষসং যুদ্ধে প্রতিক্রুদ্ধস্তু রাক্ষসঃ।
হৈড়িম্বো ভরতশ্রেষ্ঠ! প্রতিবিব্যাধ সপ্তভিঃ ॥১৯॥
সোঽতিবিদ্ধো বলবতা রাক্ষসেন্দ্রো মহাবলঃ।
ব্যসৃজচ্ছায়কাংস্তীক্ষ্ণান্ স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্ ॥২০॥
তে শরা নতপর্ব্বাণো হৈড়িম্বং বিবিশুর্ভৃশম্।
রুষিতাঃ পন্নগা যদ্বদ্গিরিমুগ্রং মহাবলাঃ ॥২১॥
ততস্তে পাণ্ডবা রাজন্! সমন্তান্নিশিতান্ শরান্।
প্রেষয়ামাসুরুদ্বিগ্না হৈড়িম্বশ্চ ঘটোৎকচঃ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। সঃ অলম্বুষঃ, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১৮॥
তমিতি। রাক্ষসমলম্বুষম্। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রো ঘটোৎকচঃ ॥১৯॥
স ইতি। সঃ অলম্বুষঃ। শিলাশিতান্ শিলাসু ঘর্ষণেন সুধারীকৃতান্ ॥২০॥
ত ইতি। নতপর্বাণ ঈষদ্বক্রোপান্তাঃ। মহাবলত্বাভাবে গিরিপ্রবেশো ন স্যাদিত্যাশয়ঃ ॥২১॥
তত ইতি। প্রেষয়ামাসুর্নিচিক্ষিপুঃ, উদ্বিগ্না ব্যস্তচিত্তাঃ ॥২২॥

সেই মহারথেরা সকল দিক্ হইতে অত্যন্তবিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর অলম্বুষ পুনরায় পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের সকলকে তাড়ন করিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! তখন প্রতিক্রুদ্ধ রাক্ষস ঘটোৎকচ যুদ্ধে সাতটা বাণদ্বারা ক্রুদ্ধ রাক্ষস অলম্বুষকে প্রতিতাড়ন করিল ॥১৯॥

বলবান্ ঘটোৎকচ অত্যন্তবিদ্ধ করিলে, রাক্ষসশ্রেষ্ঠ মহাবল অলম্বুষও ঘটোৎকচের প্রতি স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও তীক্ষ্ণ বহুতর বাণ নিক্ষেপ করিল ॥২০॥

তখন ক্রুদ্ধ মহাবল সর্পগণ যেমন ভীষণ পর্ব্বতের ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নতপর্ব বাণগুলি যাইয়া ঘটোৎকচের শরীরে গুরুতরভাবে প্রবেশ করিল ॥২১॥

রাজা! তাহার পর সেই পাণ্ডবেরা এবং হিড়িম্বার পুত্র ঘটোৎকচ ব্যস্ত হইয়া সকল দিক্ হইতে সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২২॥

(১৮) সোঽতিবিদ্ধো মহেষ্বাসৈঃ…বা নি। (২০)…শায়কাংস্তূর্ণম্…পি বা নি। (২১) …বিবিশু রাক্ষসং তদা… রুষিতাঃ…গিরিশৃঙ্গম্…বা।

স বধ্যমানঃ সমরে পাণ্ডবৈর্জিতকাশিভিঃ।
মর্ত্যধর্ম্মমনুপ্রাপ্তঃ কর্ত্তব্যং নাম্বপদ্যত ॥২৩॥
ততঃ সমরশৌণ্ডোঽসৌ ভৈমসেনির্মহাবলঃ।
সমীক্ষ্যৈনং তথাবস্থং বধায়াস্য মনো দধে ॥২৪॥
বেগঞ্চক্রে মহান্তঞ্চ রাক্ষসেন্দ্ররথং প্রতি।
দগ্ধত্রিকূটশৃঙ্গাভং ভিন্নাঞ্জনচয়োপমম্ ॥২৫॥
রথাদ্রথমভিদ্রুত্য ক্রুদ্ধো হৈড়িম্বিরাক্ষিপৎ।
উদ্বর্হ রথাচ্চাপি তং নাগং গরুড়ো যথা ॥২৬॥
সমুৎক্ষিপ্য চ বাহুভ্যামাবিধ্য চ পুনঃ পুনঃ।
নিষ্পিপেষ ক্ষিতৌ ক্ষিপ্রং পূর্ণকুম্ভমিবাশ্মনি ॥২৭॥
বললাঘবসম্পন্নঃ সম্পন্নো বিক্রমেণ চ।
ভৈমসেনী রণে ক্রুদ্ধঃ সর্ব্বসৈন্যান্যভীষয়ৎ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। জিতেন জয়েন কাশন্তে দীপ্যন্ত ইতি তৈঃ। মর্ত্যধর্ম্মং মরণস্বভাবম্ ॥২৩॥
তত ইতি। সমরে শৌণ্ডো মত্তঃ, ভৈমসেনির্ভীমসেনপুত্রো ঘটোৎকচঃ ॥২৪॥
বেগমিতি। দগ্ধং যৎ ত্রিকূটস্য পর্বতস্য শৃঙ্গং তদাভম্ ॥২৫॥
রথাদিতি। অভিদ্রুত্য দ্রুতং গত্বা, আক্ষিপৎ আকর্ষৎ, উদ্বর্হ উত্তোলয়ামাস ॥২৬॥
সমিতি। আবিধ্য ঘূর্ণয়িত্বা। অশ্মনি পাষাণে ॥২৭॥

বিজয়শোভী পাণ্ডবেরা যুদ্ধে আঘাত করিতে লাগিলে, অলম্বুষ মৃত্যুযোগ্য হইয়া কর্ত্তব্য স্থির করিতে পারিল না ॥২৩॥

তদনন্তর যুদ্ধমত্ত মহাবল ঘটোৎকচ অলম্বুষকে তদবস্থ দেখিয়া উহাকে বধ করিবার জন্য মনোনিবেশ করিল ॥২৪॥

পরে ঘটোৎকচ, ত্রিকূটপর্ব্বতের দগ্ধ শৃঙ্গতুল্য এবং স্নিগ্ধ কজ্জলরাশির সদৃশ অলম্বুষের রথের দিকে গুরুতর বেগ করিল (দ্রুত গমন করিল) ॥২৫॥

তৎপরে ক্রুদ্ধ ঘটোৎকচ আপন রথ হইতে অলম্বুষের রথে লাফাইয়া পড়িয়া গরুড় যেমন সর্প আকর্ষণ ও উত্তোলন করে, সেইরূপ অলম্বুষকে আকর্ষণ ও রথ হইতে উত্তোলন করিল ॥২৬॥

ক্রমে ঘটোৎকচ বাহুযুগলদ্বারা অলম্বুষকে উৎক্ষিপ্ত এবং বার বার ঘূর্ণিত করিয়া প্রস্তরে পূর্ণকুম্ভের ন্যায় সত্বর ভূতলে নিষ্পেষণ করিল ॥২৭॥

(২৪) ততঃ সমরশৌণ্ডো বৈ…সমীক্ষ্য তদবস্থং তম্… বা।

স বিস্ফারিতসর্বাঙ্গশ্চূর্ণিতাস্থিবিভীষণঃ।
ঘটোৎকচেন বীরেণ হতঃ শালকটঙ্কটঃ ॥২৯॥
ততঃ সুমনসঃ পার্থা হতে তস্মিন্ নিশাচরে।
চুক্রুশুঃ সিংহনাদাংশ্চ বাসাংস্যাদুধুবুশ্চ হ ॥৩০॥
তাবকাশ্চ হতং দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রং মহাবলম্।
অলম্বুষং ভীমরূপং বিশীর্ণমিব পর্ব্বতম্।
হাহাকারমকুর্ব্বন্ত সৈন্যানি ভরতর্ষভ! ॥৩১॥
জনাশ্চ তদ্দদৃশিরে রক্ষঃ কৌতূহলান্বিতাঃ।
যদৃচ্ছয়া নিপতিতং ভূমাবঙ্গারকং যথা ॥৩২॥
ঘটোৎকচস্তু তদ্ধত্বা রক্ষো বলবতাংবরঃ।
মুমোচ বলবন্নাদং বলং হত্বেব বাসবঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

বলেতি। বলেন শক্ত্যা লাঘবেন শীঘ্রকারিতয়া চ সম্পন্নঃ ॥২৮॥

স ইতি। শালকটঙ্কটায়াঃ পুত্র ইতি শালকটঙ্কটঃ ॥২৯॥

তত ইতি। সুমনস আনন্দিতচিত্তাঃ। চুক্রুশুশ্চক্রুশুঃ। আদুধুবুঃ কম্পয়ামাসুঃ ॥৩০॥

তাবকা ইতি। তাবকাঃ প্রধানযোদ্ধারঃ। সৈন্যানি চ তাবকানি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

জনা ইতি। রক্ষো রাক্ষসমলম্বুষম্। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। অঙ্গারকং মঙ্গলগ্রহম্ ॥৩২॥

বলবান্, শীঘ্রকারী, বিক্রমসম্পন্ন ও ক্রুদ্ধ ঘটোৎকচ সেইভাবে যুদ্ধে সমস্ত-সৈন্যের ভয় উৎপাদন করিল ॥২৮॥

তখন অলম্বুষের সমস্ত অঙ্গ প্রসারিত হইল, অস্থি সকল চূর্ণ হইয়া গেল এবং সে ভয় জন্মাইতে লাগিল। এইভাবে শালকটঙ্কটার পুত্র অলম্বুষ বীর ঘটোৎকচকর্ত্তৃক নিহত হইল ॥২৯॥

সেই রাক্ষস নিহত হইলে, তখন পাণ্ডবেরা আনন্দিত হইয়া উচ্চ সিংহনাদ এবং ঊর্দ্ধে বস্ত্রসঞ্চালন করিতে লাগিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! আর আপনার পক্ষের প্রধান যোদ্ধারা এবং সৈন্যেরা মহাবল ও ভীষণ মূর্ত্তি রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে বিশীর্ণ পর্বতের ন্যায় নিহত দেখিয়া হাহাকার করিতে থাকিলেন ॥৩১॥

সাধারণ লোকেরা কৌতুকান্বিত হইয়া ঈশ্বরের ইচ্ছায় ভূতলে নিপতিত মঙ্গলগ্রহের ন্যায় সেই রাক্ষসকে দেখিতে লাগিল ॥৩২॥

(৩১)…হাহাকারমকার্ষুশ্চ…বা নি। (৩৩)…বলবতাং বরম্…বা নি।

সম্পূজ্যমানঃ পিতৃভিঃ সবান্ধবৈর্ঘটোৎকচঃ কর্ম্মণি দুষ্করে কৃতে।
রিপুং নিহত্যাভিননন্দ বৈ তদা হ্যলম্বুষং পক্বমলম্বুষং যথা ॥৩৪॥
ততো নিনাদঃ সুমহান্ সমুচ্ছ্রিতঃ সশঙ্খনানাবিধবাণঘোষবান্।
নিশম্য তং প্রত্যনদংস্তু কৌরবাস্ততোধ্বনির্ভুবনমথাস্পৃশদ্ভৃশম্ ॥৩৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে অলম্বুষনিপাতে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ঘটোৎকচ ইতি। বলবৎ সাতিশয়ম্, বলং নামাসুরম্, বাসব ইন্দ্রঃ ॥৩৩॥

সমিতি। পিতৃভির্যুধিষ্ঠিরাদিভিঃ। অলম্বুষং রাক্ষসম্, অলম্বুষং মুণ্ডীরীফলম্ ॥৩৪॥

তত ইতি। সমুচ্ছ্রিতঃ পাণ্ডবপক্ষে উত্থিতঃ, শঙ্খেন শঙ্খধ্বনিনা সহ নানাবিধবাণানাং ঘোষঃ শব্দোঽস্যাস্তীতি সঃ। অত্র প্রথমপাদত্রয়ে বংশস্থবিলং চতুর্থে তু রুচিরেত্যুপজাতির্বৃত্তম্ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অলম্বুষমিতি ॥১—২২॥ মর্ত্ত্যধর্ম্মং মরণযোগ্যতাম্ ॥২৩—২৫॥ আক্ষিপৎ গৃহীতবান্ ॥২৬॥ আবিধ্য ভ্রাময়িত্বা ॥২৭—২৮॥ বিক্ষারিতানি পৃথগ্ভূতানি সর্ব্বাঙ্গানি ॥২৯—৩৪॥ ভুবনং স্বর্লোকম্ ॥৩৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

কিন্তু বলিশ্রেষ্ঠ ঘটোৎকচ সেই রাক্ষসকে বধ করিয়া বলাসুরবধের পরে ইন্দ্রের ন্যায় বিশাল সিংহনাদ করিল ॥৩৩॥

ঘটোৎকচ দুষ্কর কার্য্য সম্পাদন করিলে, বান্ধবগণের সহিত যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা ঘটোৎকচের প্রশংসা করিতে লাগিলেন; ঘটোৎকচও তখন পক্ব মুণ্ডীরফলের ন্যায় শত্রু অলম্বুষকে নিষ্পেষণপূর্ব্বক বধ করিয়া সর্ব্বতোভাবে আনন্দিত হইল ॥৩৪॥

তাহার পর পাণ্ডবপক্ষে শঙ্খধ্বনি ও নানাবিধ বাণধ্বনির সহিত অতিবিশাল আনন্দকোলাহল উত্থিত হইল; তাহা শুনিয়া কৌরবেরাও তাহার প্রতিকোলাহল করিলেন। তদনন্তর সেই উভয়ধ্বনি জগৎ স্পর্শ করিল ॥৩৫॥

---

(৩৪) স পূজ্যমানঃ···বা নি। (৩৫)···প্রত্যনদংস্তু পাণ্ডবাঃ···বা নি। * '···সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···নবাধিকশততমোঽধ্যায়ঃ' বা ব্রা নি।

CENTRAL LIBRARY

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভারদ্বাজং কথং যুদ্ধে যুযুধানো ন্যবারয়ৎ।
সঞ্জয়াচক্ষ্ব তত্ত্বেন পরং কৌতূহলং হি মে ॥১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নেকমনাঃ সংগ্রামং লোমহর্ষণম্।
দ্রোণস্য পাণ্ডবৈঃ সার্দ্ধং যুযুধানপুরোগমৈঃ ॥২॥
বধ্যমানং বলং দৃষ্ট্বা যুযুধানেন মারিষ!।
অভ্যদ্রবৎ স্বয়ং দ্রোণঃ সাত্যকিং সত্যবিক্রমম্ ॥৩॥
তমাপতন্তং সহসা ভারদ্বাজং মহারথম্।
সাত্যকিঃ পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥৪॥

ভারতকৌমুদী

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। যুযুধানঃ সাত্যকিঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥১॥
শৃণ্বিতি। যুযুধানঃ সাত্যকিঃ পুরোগমঃ অগ্রগামী যেষাং তৈঃ ॥২॥
বধ্যেতি। বলং কৌরবসৈন্যম্। হে মারিষ! আর্য্য!। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥৩॥
তমিতি। ক্ষুদ্রকাণাং তদাখ্যানাং বাণবিশেষাণাম্, সমার্পয়দপীড়য়ৎ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সাত্যকি যুদ্ধে কিভাবে দ্রোণকে নিবারণ করিল, তাহা তুমি যথার্থরূপে বল; তাহা শুনিবার জন্য আমার গুরুতর কৌতূহল জন্মিয়াছে' ॥১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি একাগ্রচিত্ত হইয়া সাত্যকিপ্রভৃতি পাণ্ডবপক্ষের সহিত দ্রোণের লোমহর্ষণ যুদ্ধের বৃত্তান্ত শ্রবণ করুন ॥২॥

মাননীয় মহারাজ! সাত্যকি কৌরবসৈন্য বধ করিতেছেন দেখিয়া দ্রোণ নিজেই যথার্থবিক্রমশালী সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৩॥

মহারথ দ্রোণ বেগে আসিতে লাগিলে, সাত্যকি পঁচিশটা ক্ষুদ্রকদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৪॥

(১)…পরং কৌতূহলং মম—বর্দ্ধ। (২) শৃণু রাজন্! মহাপ্রাজ্ঞ!…বা নি। (৩)…সাত্যকিঃ সত্যবিক্রমঃ—বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

দ্রোণোঽপি যুধি বিক্রান্তো যুযুধানং সমাহিতঃ।
অবিধ্যৎ পঞ্চভিস্তূর্ণং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৫॥
তে বর্ম্ম ভিত্ত্বা সুদৃঢ়ং দ্বিষৎপিশিতভোজনাঃ।
অভ্যয়ুর্ধরণীং রাজন্! শ্বসন্ত ইব পন্নগাঃ ॥৬॥
দীর্ঘবাহুস্ততঃ ক্রুদ্ধস্তোত্রাদ্দিত ইব দ্বিপঃ।
দ্রোণং পঞ্চাশতাবিধ্যন্নারাচৈরগ্নিসন্নিভৈঃ ॥৭॥
ভারদ্বাজো রণে বিদ্ধো যুযুধানেন সত্বরম্।
সাত্যকিং বহুভির্বাণৈর্যতমানমবিধ্যত ॥৮॥
ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসো ভূয় এব মহাবলঃ।
সাত্বতং পীড়য়ামাস শরেণানতপর্বণা ॥৯॥
স বধ্যমানঃ সমরে ভারদ্বাজেন সাত্যকিঃ।
নাভ্যপদ্যত কর্ত্তব্যং কিঞ্চিদেব বিশাংপতে! ॥১০॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। সমাহিতঃ সাত্যকিপ্রহারে কৃতমনোযোগঃ ॥৫॥
ত ইতি। বর্ম্ম সাত্যকেঃ কবচম্। দ্বিষৎপিশিতভোজনাঃ শত্রুমাংসভোজিনঃ ॥৬॥
দীর্ঘেতি। দীর্ঘবাহুঃ সাত্যকিঃ, তোত্রাদ্দিতঃ অঙ্কুশতাড়িতঃ, দ্বিপো হস্তী ॥৭॥
ভারেতি। ভারদ্বাজো দ্রোণঃ, যুযুধানেন সাত্যকিনা। যতমানং জয়ায় ॥৮॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো দ্রোণঃ। সাত্বতং সাত্বতবংশীয়ং সাত্যকিম্ ॥৯॥

যুদ্ধে বিক্রমশালী দ্রোণও মনোযোগী হইয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত পাঁচটা বাণদ্বারা সত্বর সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥৫॥

রাজা! শত্রুমাংসভোজী সেই বাণগুলি যাইয়া সাত্যকির সুদৃঢ় বর্ম্ম ভেদ করিয়া নিশ্বাসত্যাগী সর্পের ন্যায় ভূমিতে প্রবেশ করিল ॥৬॥

তদনন্তর দীর্ঘবাহু সাত্যকি অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় ক্রুদ্ধ হইয়া অগ্নিতুল্য পঞ্চাশটা নারাচদ্বারা দ্রোণকে তাড়ন করিলেন ॥৭॥

সাত্যকি তাড়ন করিলে এবং জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, দ্রোণ সত্বর বহুতর বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮॥

তাহার পরে আবার ক্রুদ্ধ, মহাধনুর্দ্ধর ও মহাবল দ্রোণ একটা নতপর্ব বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৯॥

(৫)···হেমপুঙ্খৈঃ শরৈঃ শিতৈঃ—বা নি। (৬)···বল্মীকমিব পন্নগাঃ—নি। (৭) দীর্ঘবাহুরভিক্রুদ্ধঃ···নি। (৯)···ব্রাতেন নতপর্বণাম্—বা নি।

CENTRAL LIBRARY

বিষণ্ণবদনশ্চাপি যুযুধানোঽভবন্নৃপ ! ।
ভারদ্বাজং রণে দৃষ্ট্বা বিসৃজন্তং শিতান্ শরান্ ॥১১॥
তন্তু সংপ্রেক্ষ্য তে পুত্রাঃ সৈনিকাশ্চ বিশাংপতে ! ।
প্রহৃষ্টমনসো ভূত্বা সিংহবদ্ব্যনদন্ মুহুঃ ॥১২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং পীড্যমানঞ্চ মাধবম্ ।
যুধিষ্ঠিরোঽব্রবীদ্রাজা সর্ব্বসৈন্যানি ভারত ! ॥১৩॥
এষ বৃষ্ণিবরো বীরঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ।
গ্রস্যতে যুধি বীরেণ ভানুমানিব রাহুণা ॥১৪॥
অভিদ্রবত গচ্ছধ্বং সাত্যকির্যত্র যুধ্যতে ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ পাঞ্চাল্যমিদমাহ জনাধিপঃ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি । বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ । নাভ্যপশ্যত অবধারয়িতুং নাশক্নোৎ ॥১০॥
বিষণ্ণেতি । বিসৃজন্তং নিক্ষিপন্তম্, শিতান্ শিলাঘর্ষণেন সুধারীকৃতান্ ॥১১॥
তমিতি । তং তদবস্থং সাত্যকিম্ ॥১২॥
তমিতি । মাধবং মধুবংশীয়ং সাত্যকিম্ ॥১৩॥
এষ ইতি । বৃষ্ণিবরো বৃষ্ণিবংশশ্রেষ্ঠঃ । বীরেণ দ্রোণেন, ভানুমান্ সূর্য্যঃ ॥১৪॥
অভীতি । অভিদ্রবত দ্রোণমাক্রামত । জনাধিপো যুধিষ্ঠিরঃ ॥১৫॥

নরনাথ ! দ্রোণ যুদ্ধে আঘাত করিতে থাকিলে, সাত্যকি কোন কর্ত্তব্যই স্থির করিতে পারিলেন না ॥১০॥

রাজা ! বরং সাত্যকি যুদ্ধে দ্রোণকে অনবরত নিশিত শর নিক্ষেপ করিতে দেখিয়া বিষণ্ণবদন হইয়া পড়িলেন ॥১১॥

নরনাথ ! আপনার পুত্রেরা ও সৈন্যেরা সাত্যকিকে সেইরূপ দেখিয়া আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥১২॥

ভরতনন্দন ! সেই ভয়ঙ্কর সিংহনাদ ও সাত্যকির পীড়নবৃত্তান্ত শুনিয়া রাজা যুধিষ্ঠির তাঁহার সমস্ত সৈন্যকে বলিলেন—॥১৩॥

'রাহু যেমন সূর্য্যকে গ্রাস করে, সেইরূপ বীর দ্রোণ এই বৃষ্ণিবংশশ্রেষ্ঠ, বীর ও যথার্থবিক্রমশালী সাত্যকিকে যুদ্ধে গ্রাস করিতে প্রবৃত্ত হইয়াছেন ॥১৪॥

অতএব সাত্যকি যেখানে যুদ্ধ করিতেছেন, তোমরা সেইখানে যাও, দ্রোণকে আক্রমণ কর'। পরে যুধিষ্ঠির পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—॥১৫॥

অভিদ্রব দ্রুতং দ্রোণং কিমু তিষ্ঠসি পার্ষত ! ।
ন পশ্যসি ভয়ং ঘোরং দ্রোণান্নঃ সমুপস্থিতম্ ॥১৬॥
অসৌ দ্রোণো মহেষ্বাসো যুযুধানেন সংযুগে।
ক্রীড়তে তন্তুবন্ধেন পক্ষিণা বালকো যথা ॥১৭॥
তত্রৈব সর্ব্বে গচ্ছন্তু ভীমসেনমুখা রথাঃ।
ত্বয়ৈব সহিতা যত্তা যুযুধানরথং প্রতি ॥১৮॥
পৃষ্ঠতোঽনুগমিষ্যামি ত্বামহং সহসৈনিকঃ।
সাত্যকিং মোক্ষয়স্বাদ্য যমদংষ্ট্রান্তরং গতম্ ॥১৯॥
এবমুক্ত্বা ততো রাজা সর্ব্বসৈন্যেন পাণ্ডবঃ।
অভ্যদ্রবদ্রণে দ্রোণং যুযুধানস্য কারণাৎ ॥২০॥
তত্রারাবো মহানাসীদ্দ্রোণমেকং যুযুৎসতাম্।
পাণ্ডবানাঞ্চ ভদ্রং তে সৃঞ্জয়ানাঞ্চ সর্ব্বশঃ ॥২১॥

ভারতকৌমুদী

অভীতি। অভিদ্রব অভিধাব। হে পার্ষত! পৃষতপৌত্র!। ঘোরং মহৎ ॥১৬॥
অসাবিতি। মহান্ ইষ্বাসো ধনুর্যস্য স মহাধনুর্দ্ধর ইত্যর্থঃ। তন্তুবন্ধেন সূত্রবন্ধেন ॥১৭॥
তত্রেতি। ভীমসেনমুখা ভীমসেনপ্রভৃতয়ঃ। যত্তাঃ সাত্যকিরক্ষণায় যত্নবন্তঃ ॥১৮॥
পৃষ্ঠত ইতি। অনু পরম্। যমস্য দংষ্ট্রান্তরং দন্তশ্রেণীদ্বয়াভ্যন্তরম্ ॥১৯॥
এবমিতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ। যুযুধানস্য কারণাৎ সাত্যকে রক্ষাহেতোঃ ॥২০॥

'পৃষতনন্দন! আপনি দাঁড়াইয়া আছেন কেন? দ্রোণ হইতে আমাদের যে গুরুতর ভয় উপস্থিত হইয়াছে, তাহা দেখিতেছেন না? ॥১৬॥

বালক যেমন সূত্রবদ্ধ পক্ষিদ্বারা খেলা করে, সেইরূপ মহাধনুর্দ্ধর ঐ দ্রোণ যুদ্ধে সাত্যকিদ্বারা খেলা করিতেছেন ॥১৭॥

অতএব ভীমসেনপ্রভৃতি রথীরা সকলে যত্নবান্ হইয়া আপনার সহিত সেই স্থানেই সাত্যকির রথের দিকে গমন করুন ॥১৮॥

আমি সৈন্যগণের সহিত মিলিত হইয়া আপনার পিছনে যাইব। আপনি আজ যমের দন্তশ্রেণীদ্বয়ের মধ্যগত সাত্যকিকে মুক্ত করুন' ॥১৯॥

রাজা যুধিষ্ঠির এই কথা বলিয়া সমস্ত সৈন্যের সহিত মিলিত হইয়া যুদ্ধে সাত্যকিকে রক্ষা করিবার জন্য দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২০॥

(১৭)··· ক্রীড়তে সূত্রবন্ধেন···বা নি। (১৮)···ভীমসেনপুরোগমাঃ···সহিতাঃ সর্বে···বা নি। (২০)· সর্বসৈন্যেন ভারত!—বা নি। (২১)···দ্রোণমেকং জিঘাংসতাম্···বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

তে সমেত্য নরব্যাঘ্রা ভারদ্বাজং মহারথম্ ।
অভ্যবর্ষন্ শরৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ॥২২॥
স্ময়ন্নেব তু তান্ বীরান্ দ্রোণঃ প্রত্যগ্রহীৎ স্বয়ম্ ।
অতিথীনাগতান্ যদ্বৎ সলিলেনাসনেন চ ॥২৩॥
তর্পিতাস্তে শরৈস্তস্য ভারদ্বাজস্য ধন্বিনঃ ।
আতিথেয়গৃহং প্রাপ্য তর্প্যন্তেঽতিথয়ো যথা ॥২৪॥
ভারদ্বাজস্তু তে সর্ব্বে ন শেকুঃ প্রতিবীক্ষিতুম্ ।
মধ্যন্দিনমনুপ্রাপ্তং সহস্রাংশুমিব প্রভো ! ॥২৫॥
তাংস্তু সর্ব্বান্ মহেষ্বাসান্ দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ ।
অতাপয়চ্ছরব্রাতৈর্গভস্তিভিরিবাংশুমান্ ॥২৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। আরাবঃ কোলাহলঃ। যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্। ভদ্রং মঙ্গলমস্তু ॥২১॥

ত ইতি। কঙ্কবর্হিণয়োঃ পক্ষিণোর্বাজাঃ পক্ষা এষু সঞ্জাতাঃ স্থিতা ইতি তৈঃ ॥২২॥

স্ময়ন্নিতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। অতিথীন্ ধার্ম্মিকো গৃহস্থ ইতি শেষঃ ॥২৩॥

তর্পিতা ইতি। বীরা বীরাং প্রহারপ্রাপ্তা তৃপ্যন্ত্যেবেতি ভাবঃ। আতিথেয়ঃ সদ্গৃহস্থঃ ॥২৪॥

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। সহস্রাংশুং সূর্য্যম্ ॥২৫॥

এক দ্রোণের সহিত যুদ্ধ করিবার অভিলাষী সমস্ত পাণ্ডব ও সৃঞ্জয়গণের তখন বিশাল কোলাহল হইতে লাগিল। মহারাজ! আপনার মঙ্গল হউক ॥২১॥

সেই নরশ্রেষ্ঠেরা উপস্থিত হইয়া মহারথ দ্রোণের উপরে কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরের পক্ষযুক্ত তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥২২॥

ধার্ম্মিক গৃহস্থ যেমন জল ও আসন দান করিয়া আগত অতিথিগণকে গ্রহণ করেন, সেইরূপ দ্রোণ স্বয়ং ঈষৎ হাস্য করিয়াই সেই বীরগণকে গ্রহণ করিলেন ॥২৩॥

অতিথিরা যেমন ধার্ম্মিক গৃহস্থের গৃহে উপস্থিত হইয়া অতিথিসৎকার পাইয়া তৃপ্তিলাভ করেন, সেইরূপ সেই ধনুর্দ্ধরেরা দ্রোণের নিকট হইতে শরাঘাত পাইয়া তৃপ্তিলাভ করিলেন ॥২৪॥

কিন্তু রাজা! তাঁহারা সকলে মধ্যন্দিনগত সূর্য্যতুল্য দ্রোণের প্রতি দৃষ্টি-পাতও করিতে সমর্থ হইলেন না ॥২৫॥

(২৩) স্ময়ন্নিব তু তান্ সর্ব্বান্…বঙ্গ বর্দ্ধ। (২৪)…নৃপতেঽতিথয়ো যথা—পি বর্দ্ধ।

বধ্যমানা মহারাজ! পাণ্ডবাঃ সৃঞ্জয়াস্তথা।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত পঙ্কমগ্না ইব দ্বিপাঃ ॥২৭॥
দ্রোণস্য চ ব্যদৃশ্যন্ত বিসর্পন্তো মহাশরাঃ।
গভস্তয় ইবার্কস্য প্রতপন্তঃ সমন্ততঃ ॥২৮॥
তস্মিন্ দ্রোণেন নিহতাঃ পাঞ্চালাঃ পঞ্চবিংশতিঃ।
মহারথাঃ সমাখ্যাতা ধৃষ্টদ্যুম্নস্য সম্মতাঃ ॥২৯॥
পাণ্ডূনাং সর্ব্বসৈন্যেষু পাঞ্চালানাং তথৈব চ।
দ্রোণং স্ম দদৃশুঃ শূরং বিনিঘ্নন্তং বরান্ বরান্ ॥৩০॥
কৈকেয়ানাং শতং হত্বা বিদ্রাব্য চ সমন্ততঃ।
দ্রোণস্তস্থৌ মহারাজ! ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥৩১॥

ভারতকৌমুদী

তানিতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, গভস্তিভিঃ কিরণৈঃ, অংশুমান্ সূর্য্যঃ ॥২৬॥
বধ্যেতি। বধ্যমানা আহন্যমানাঃ। ত্রাতারং রক্ষকম্। নাধ্যগচ্ছন্ত নালভন্ত ॥২৭॥
দ্রোণস্যেতি। বিসর্পন্তঃ সর্ব্বত্র প্রসরন্তঃ। গভস্তয়ঃ কিরণাঃ ॥২৮॥
তস্মিন্নিতি। তস্মিন্ কালে। সম্মতাঃ প্রিয়ত্বেন বীরত্বেন চাভিমতাঃ ॥২৯॥
পাণ্ডূনামিতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্। স্মশব্দঃ পাদপূরণে। বরান্ বরান্ বীরান্ ॥৩০॥
কৈকেয়ানামিতি। বিদ্রাব্য অপসার্য্য। ব্যাদিতাস্যঃ প্রকটিতবদনঃ ॥৩১॥

অথ চ সূর্য্য যেমন কিরণদ্বারা সকলকে সন্তপ্ত করেন, সেইরূপ অস্ত্রধারি-শ্রেষ্ঠ দ্রোণ বাণসমূহদ্বারা সেই সমস্ত মহাধনুর্দ্ধরকে সন্তপ্ত করিতে লাগিলেন ॥২৬॥

মহারাজ! দ্রোণ আঘাত করিতে লাগিলে, পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ কর্দ্দমমগ্ন হস্তিগণের ন্যায় কাহাকেও রক্ষক পাইলেন না ॥২৭॥

সকল দিকে সন্তাপকারী সূর্য্যের কিরণসমূহের ন্যায় দ্রোণের বিশাল শরসমূহকে সকল দিকে বিচরণ করিতে দেখা গেল ॥২৮॥

সেই সময়ে দ্রোণ, মহারথ বলিয়া বিখ্যাত এবং ধৃষ্টদ্যুম্নের অভিমত পাঞ্চালদেশীয় পঁচিশ জন বীরকে বধ করিলেন ॥২৯॥

আর মহাবীর দ্রোণ, পাণ্ডবগণ ও পাঞ্চালগণের সমস্ত সৈন্যের মধ্যে প্রধান প্রধান বীরকে বধ করিতেছেন দেখা গেল ॥৩০॥

মহারাজ! কৈকেয়গণের মধ্যে এক শত বীরকে বধ করিয়া এবং অন্য বীর-

(২৭) বধ্যমানা রণে রাজন্! ··পি বঙ্গ বর্দ্ধ। (২৯) তদা দ্রোণেন···বর্দ্ধ।

CENTRAL LIBRARY

পাঞ্চালান্ সৃঞ্জয়ান্ মৎস্যান্ কৈকেয়াংশ্চ নরাধিপ ! ।
দ্রোণোঽজয়ন্মহাবাহুঃ শতশোঽথ সহস্রশঃ ॥৩২॥
তেষাং সমভবচ্ছব্দো বধ্যতাং দ্রোণসায়কৈঃ ।
বনৌকসামিবারণ্যে দহ্যতাং ধূমকেতুনা ॥৩৩॥
তত্র দেবাঃ সগন্ধর্ব্বাঃ পিতরশ্চাব্রুবন্ নৃপ ! ।
এতে দ্রবন্তি পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চ সসৈনিকাঃ ॥৩৪॥
তং তথা সমরে দ্রোণং নিঘ্নন্তং সোমকান্ রুষা ।
ন চাপ্যভিযযুঃ কেচিদপরে নৈব বিব্যধুঃ ॥৩৫॥
বর্ত্তমানে তথা রৌদ্রে তস্মিন্ বীরবরক্ষয়ে ।
অশৃণোৎ সহসা পার্থঃ পাঞ্চজন্যস্য নিস্বনম্ ।
পূরিতো বাসুদেবেন শঙ্খরাট্ স্বনতে ভৃশম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

পাঞ্চালানিতি। এতে দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥৩২॥
তেষামিতি। বধ্যতাং বধ্যমানানাম্। দহ্যতাং দহ্যমানানাম্, ধূমকেতুনা অগ্নিনা ॥৩৩॥
তত্রেতি। দ্রবন্তি দ্রোণপ্রহারাতিশয়াৎ পলায়ন্তে ॥৩৪॥
তমিতি। নৈব বিব্যধুঃ নৈব তাড়য়িতুং শেকুঃ, প্রহারার্ত্তত্বাৎ ॥৩৫॥

গণকে সকল দিকে অপসারিত করিয়া দ্রোণ প্রকটিতবদন যমের ন্যায় অবস্থান করিতে লাগিলেন ॥৩১॥

নরনাথ ! তাহার পর মহাবাহু দ্রোণ—পাঞ্চাল, সৃঞ্জয়, মৎস্য ও কেকয়-দেশবাসী শত শত ও সহস্র সহস্র বীরকে জয় করিলেন ॥৩২॥

অগ্নি বনমধ্যে দগ্ধ করিতে লাগিলে বন্য জন্তুগণের যেমন আর্ত্তনাদ হইতে থাকে, সেইরূপ দ্রোণ বাণদ্বারা বধ করিতে লাগিলে সেই সৈন্যগণের আর্ত্তনাদ হইতে লাগিল ॥৩৩॥

রাজা ! তখন আকাশস্থ দেবগণ, গন্ধর্ব্বগণ ও পিতৃগণ বলিতে লাগিলেন—'এই পাণ্ডবগণ ও পাঞ্চালগণ সৈন্যগণের সহিত পলায়ন করিতেছেন' ॥৩৪॥

দ্রোণ ক্রোধবশতঃ যুদ্ধে সেইভাবে সোমকদিগকে সংহার করিতে লাগিলে, কোন যোদ্ধারাই তাঁহার অভিমুখে যাইতে পারিলেন না, কিংবা তাঁহাকে তাড়ন করিতে সমর্থ হইলেন না ॥৩৫॥

(৩৩)···বিদ্ধানাং দ্রোণসায়কৈঃ···বা নি। (৩৪) ··সোমকান্ রণে···বা নি। (৩৬)··· পূরিতে বাসুদেবেন শঙ্খরাজে মহাত্মনা—নি।

যুধ্যমানেষু বীরেষু সৈন্ধবস্যাভিরক্ষিষু।
নদৎসু ধার্ত্তরাষ্ট্রেষু বিজয়স্য রথং প্রতি ॥৩৭॥
গাণ্ডীবস্য চ নির্ঘোষে বিপ্রনষ্টে সমন্ততঃ।
কশ্মলাভিহতো রাজা চিন্তয়ামাস পাণ্ডবঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
ন নূনং স্বস্তি পার্থায় যথা স্বনতি শঙ্খরাট্।
কৌরবাশ্চ যথা হৃষ্টা বিনদন্তি মুহুর্মুহুঃ ॥৩৯॥
এবং স চিন্তয়িত্বা তু ব্যাকুলেনান্তরাত্মনা।
অজাতশত্রুঃ কৌন্তেয়ঃ সাত্বতং প্রত্যভাষত ॥৪০॥
বাষ্পগদ্গদয়া বাচা মুহ্যমানো মুহুর্মুহুঃ।
কৃত্যস্যানন্তরাপেক্ষী শৈনেয়ং শিনিপুঙ্গবম্ ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বর্ত্তেতি। পার্থো যুধিষ্ঠিরঃ। দূরত্বেঽপি শ্রবণোপপত্তিমাহ পূরিত ইতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

যুধ্যেতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য। বিজয়স্যার্জ্জুনস্য। কশ্মলেন মোহেনাভিহতঃ ॥৩৭—৩৮॥

চিন্তাপ্রকারমাহ নেতি। স্বস্তি মঙ্গলম্, পার্থায়ার্জ্জুনায়। যথাশব্দদ্বয়ং হেত্বর্থে ॥৩৯॥

এবমিতি। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ, সাত্বতং সাত্বতবংশীয়ম্। কৃত্যস্য কর্ত্তব্যস্য, অনন্তরাপেক্ষী আনন্তর্য্যান্বেষী তৎপরকর্ত্তব্যানুসন্ধায়ীত্যর্থঃ, শৈনেয়ং সাত্যকিম্ ॥৪০—৪১॥

সেই ভাবে সেই ভীষণ বীরবরক্ষয় চলিতে লাগিলে, যুধিষ্ঠির হঠাৎ পাঞ্চজন্য-শঙ্খের ধ্বনি শুনিতে পাইলেন। কেন না, কৃষ্ণ মুখবায়ুদ্বারা পূর্ণ করিতে-ছিলেন বলিয়া সেই শঙ্খশ্রেষ্ঠ গুরুতর ধ্বনি উৎপাদন করিতেছিল ॥৩৬॥

জয়দ্রথের রক্ষক বীরেরা যুদ্ধ করিতে লাগিলে, ধার্ত্তরাষ্ট্রেরা অর্জ্জুনের রথের নিকটে সিংহনাদ করিতে থাকিলে এবং সকল দিকে গাণ্ডীবধনুর শব্দ তিরো-হিত হইলে, রাজা যুধিষ্ঠির মোহে অভিভূত হইয়া চিন্তা করিলেন—॥৩৭-৩৮॥

'যে হেতু পাঞ্চজন্যধ্বনি হইতেছে এবং কৌরবেরা আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতেছে, সে হেতু নিশ্চয়ই অর্জ্জুন কুশলে নাই' ॥৩৯॥

এইরূপ চিন্তা করিয়া কুন্তীনন্দন যুধিষ্ঠির মোহে মুহুর্মুহু অভিভূত হইয়া পরকর্ত্তব্য বিষয়ের বিবেচনা করিয়া ব্যাকুল চিত্তে ও বাষ্পগদ্গদ বাক্যে সাত্বত-বংশীয় শিনিকুলশ্রেষ্ঠ সাত্যকিকে বলিলেন ॥৪০—৪১॥

(৪০) এবং সঞ্চিন্তয়িত্বা তু…বা নি।

যুধিষ্ঠির উবাচ।

যঃ স ধর্ম্মঃ পুরা দৃষ্টঃ সদ্ভিঃ শৈনেয় ! শাশ্বতঃ।
সাম্পরায়ে সুহৃৎকৃত্যে তস্য কালোঽয়মাগতঃ ॥৪২॥
সর্ব্বেষ্বপি চ যোধেষু চিন্তয়ন্ শিনিপুঙ্গব ! ।
ত্বত্তঃ সুহৃত্তমং কঞ্চিন্নাভিজানামি সাত্যকে ! ॥৪৩॥
যো হি প্রীতমনা নিত্যং যশ্চ নিত্যমনুব্রতঃ।
কার্য্যো স সাম্পরায়ে চ নিযোজ্য ইতি মে মতিঃ ॥৪৪॥
যথা চ কেশবো নিত্যং পাণ্ডবানাং পরায়ণম্।
তথা ত্বমপি বার্ষ্ণেয় ! কৃষ্ণতুল্যপরাক্রমঃ ॥৪৫॥
সোঽহং ভারং সমাধাস্যে ত্বরিতং বোঢ়ুমর্হসি।
অভিপ্রায়ঞ্চ মে নিত্যং ন বৃথা কর্ত্তুমর্হসি ॥৪৬॥
স ত্বং ভ্রাতুর্বয়স্যস্য গুরোরপি চ সংযুগে।
কুরু কৃচ্ছ্রে সহায়ার্থমর্জ্জুনস্য নরর্ষভ ! ॥৪৭॥

ভারতকৌমুদী

য ইতি। সদ্ভির্মুনিভিঃ, শাশ্বতশ্চিরন্তনঃ। সাম্পরায়ে যুদ্ধসম্বন্ধিনি ॥৪২॥
সর্ব্বেষ্বিতি। যোধেষু স্বপক্ষগতেষু। ত্বত্তঃ তবাপেক্ষয়া ॥৪৩॥
য ইতি। অনুব্রতঃ অনুকূলঃ। সাম্পরায়ে যুদ্ধসম্বন্ধিনি, নিযোজ্যঃ প্রেষ্যঃ ॥৪৪॥
যথেতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। হে বার্ষ্ণেয় ! বৃষ্ণিবংশ্য ! ॥৪৫॥
স ইতি। সমাধাস্যে ত্বয়ি স্থাপয়িষ্যে। বৃথা নিষ্ফলম্ ॥৪৬॥

যুধিষ্ঠির বলিলেন—'সাত্যকি ! সাধুজনেরা পূর্ব্বে সেই যে চিরন্তন ধর্ম্মের বিষয় পর্য্যালোচনা করিয়া গিয়াছেন, যুদ্ধসম্বন্ধী সুহৃৎকার্য্যবিষয়ে এই তাহার কাল আসিয়াছে ॥৪২॥

শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি ! আমি চিন্তা করিয়া আমার সমস্ত যোদ্ধার মধ্যেও তোমা অপেক্ষা প্রধান সুহৃৎ কাহাকেও দেখিতেছি না ॥৪৩॥

যিনি সর্ব্বদা সন্তুষ্টচিত্ত এবং যিনি সকল সময়েই অনুকূল থাকেন, যুদ্ধের কার্য্যে তাঁহাকেই নিযুক্ত করা উচিত ইহাই আমার ধারণা ॥৪৪॥

অথ চ বৃষ্ণিনন্দন ! কৃষ্ণ যেমন সর্ব্বদাই পাণ্ডবগণের পরম আশ্রয়, কৃষ্ণের তুল্য পরাক্রমশালী তুমিও সেইরূপই বট ॥৪৫॥

অতএব আমি তোমার উপরে কোন ভার আরোপণ করিব, তুমি তাহা সত্বর বহন করিতে পার। তুমি সর্ব্বদাই আমার ইচ্ছা সফল করিয়া থাক ॥৪৬॥

(৪৫) যথা বা···বর্দ্ধ। (৪৬)···ত্বয়ি তং বোঢ়ুমর্হসি···পি বা নি।

CENTRAL LIBRARY

ত্বং হি সত্যব্রতঃ শূরো মিত্রাণামভয়ঙ্করঃ।
লোকে বিখ্যায়সে বীর! কর্ম্মভিঃ সত্যবাগিতি ॥৪৮॥
যো হি শৈনেয়! মিত্রার্থে যুধ্যমানস্ত্যজেত্তনুম্।
পৃথিবীং বা দ্বিজাতিভ্যো যো দদ্যাৎ স সমো ভবেৎ ॥৪৯॥
শ্রুতাশ্চ বহবোঽস্মাভী রাজানো যে দিবং গতাঃ।
দত্ত্বেমাং পৃথিবীং কৃৎস্নাং ব্রাহ্মণেভ্যো যথাবিধি ॥৫০॥
এবং ত্বামপি ধর্ম্মাত্মন্! প্রযাচেঽহং কৃতাঞ্জলিঃ।
পৃথিবীদানতুল্যং স্যাদধিকং বা ফলং বিভো! ॥৫১॥
এক এব সদা কৃষ্ণো মিত্রাণামভয়ঙ্করঃ।
রণে সংত্যজতি প্রাণান্ দ্বিতীয়স্ত্বঞ্চ সাত্যকে! ॥৫২॥

ভারতকৌমুদী

স ইতি। গুরোরস্ত্রশিক্ষকস্য। সহায়ার্থং সহায়প্রয়োজনং সাহায্যম্ ॥৪৭॥
ত্বমিতি। সত্যব্রতশ্চিরসত্যপরায়ণঃ। বিখ্যায়সে বিশেষেণোচ্যসে ॥৪৮॥
অথার্জ্জুনসাহায্যার্থগমনে যদি মে মৃত্যুর্ভবেদিত্যাহ য ইতি। স দ্বিবিধো জনঃ ॥৪৯॥
নন্থ ব্রাহ্মণেভ্যো ভূমিদানে কিং ফলমিত্যাহ শ্রুতা ইতি। কৃৎস্নাং সর্বপ্রকারাম্ ॥৫০॥
এবমিতি। প্রযাচে অর্জ্জুনসাহায্যার্থে গমনম্। ফলং যুদ্ধে মৃত্যাবিতি শেষঃ ॥৫১॥
কৃষ্ণতুল্যতয়া সাত্যকিং স্তৌতি তত্র গমনায় এক ইতি। সংত্যজতি ত্যক্তুমুদ্যুঙ্‌ক্তে ॥৫২॥

নরশ্রেষ্ঠ! অর্জ্জুন তোমার ভ্রাতা, সখা এবং অস্ত্রশিক্ষক। অতএব তুমি অর্জ্জুনের এই বিপদে সাহায্য কর ॥৪৭॥

বীর! তুমি সত্যপরায়ণ, বলবান্, মিত্রগণের অভয়দাতা এবং জগতে কর্ম্মদ্বারা সত্যবাদী বলিয়া বিখ্যাত হইয়াছ ॥৪৮॥

সাত্যকি! যে লোক মিত্রের জন্য যুদ্ধ করিতে থাকিয়া দেহত্যাগ করে, কিংবা যে লোক ব্রাহ্মণদিগকে ভূমি দান করে, সেই দ্বিবিধ লোকই সমান হইয়া থাকে ॥৪৯॥

যাঁহারা যথাবিধানে ব্রাহ্মণদিগকে সর্বপ্রকার ভূমি দান করিয়া স্বর্গে গমন করিয়াছেন, সেপ্রকার বহু রাজার বৃত্তান্ত আমরা শুনিয়াছি ॥৫০॥

ধর্ম্মাত্মন্! আমি কৃতাঞ্জলি হইয়া তোমার নিকটেও ইহা প্রার্থনা করিতেছি। কারণ, প্রভাবসম্পন্ন! যুদ্ধে মৃত্যু হইলে, ভূমিদানতুল্য, কিংবা তদপেক্ষাও অধিক ফল হইয়া থাকে ॥৫১॥

(৪৯)···পৃথিবীঞ্চ···বা নি।

CENTRAL LIBRARY

বিক্রান্তস্য চ শূরস্য যুদ্ধাৎ প্রার্থয়তো যশঃ।
শূর এব সহায়ঃ স্যান্নেতরঃ প্রাকৃতো জনঃ ॥৫৩॥
ঈদৃশে হি পরামর্দ্দে বর্ত্তমানস্য মাধব!।
ত্বদন্যো হি রণে গোপ্তা বিজয়স্য ন বিদ্যতে ॥৫৪॥
শ্লাঘন্নেব হি কর্ম্মাণি শতশস্তব পাণ্ডবঃ।
মম সংজনয়ন্ হর্ষং পুনঃ পুনরকীর্ত্তয়ৎ ॥৫৫॥
লঘুহস্তশ্চিত্রযোধী তথা লঘুপরাক্রমঃ।
প্রাজ্ঞঃ সর্বাস্ত্রবিচ্ছূরো ন চ মুহ্যতি সংযুগে ॥৫৬॥
মহাস্কন্ধো মহোরস্কো মহাবাহুর্মহাধনুঃ।
মহাবলো মহাবীর্য্যঃ স মহাত্মা মহারথঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

অথাত্রাস্তো ন কিং নিযুজ্যত ইত্যাহ বিক্রান্তস্যেতি। প্রাকৃতঃ সাধারণঃ ॥৫৩॥
ঈদৃশ ইতি। পরামর্দ্দে দারুণসংঘর্ষে। গোপ্তা রক্ষকঃ, বিজয়স্যার্জ্জুনস্য ॥৫৪॥
সাত্যকের্যোগ্যতাং ব্যনক্তি শ্লাঘন্নিতি। শ্লাঘন্ গর্বং কুর্ব্বন্। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৫৫॥
অথ কেন রূপেণাকীর্ত্তয়দিত্যাহ দ্বাভ্যাং লঘ্বিতি। লঘুহস্তো দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যহস্তঃ ॥৫৬॥
মহেতি। মহোরস্কো বিশালবক্ষাঃ। বলং দৈহিকী শক্তিঃ, বীর্য্যঞ্চ মানসিকী শক্তিঃ ॥৫৭॥

সাত্যকি! মিত্রগণের অভয়জনক এক কৃষ্ণই সর্ব্বদা যুদ্ধে প্রাণত্যাগের উদ্‌যোগ করেন, দ্বিতীয়—তুমিও তাহা করিয়া থাক ॥৫২॥

বিক্রমশালী এবং যুদ্ধ হইতে যশঃপ্রার্থী বীরের সহায় বীরই হইয়া থাকেন; কিন্তু অপর সাধারণ লোক হয় না ॥৫৩॥

মধুবংশীয় বীর! তুমি ভিন্ন অপর কোন ব্যক্তিই ঈদৃশ যুদ্ধসংঘর্ষে প্রবৃত্ত অর্জ্জুনের রক্ষক হইতে পারে না ॥৫৪॥

দেখ—অর্জ্জুন আত্মশ্লাঘা করতঃ আমার আনন্দ জন্মাইতে থাকিয়া বার বার তোমার শত শত কার্য্যের উল্লেখ করিয়াছেন ॥৫৫॥

'সাত্যকি—লঘুহস্ত, বিচিত্রযোধী, দ্রুতপরাক্রমপ্রকাশকারী, বুদ্ধিমান্, সর্বাস্ত্রবিৎ, বীর এবং তিনি যুদ্ধে মোহিত হন না ॥৫৬॥

আর সাত্যকি—পীনস্কন্ধ, বিশালবক্ষা, মহাবাহু, মহাধন্বা, মহাবল, মহাবীর্য্য, মহাত্মা ও মহারথ ॥৫৭॥

(৫৩)···যুদ্ধে প্রার্থয়তঃ···বা নি। (৫৬) লঙ্কাস্তশ্চিত্রযোধী চ··· পি, লঘ স্তশ্চিত্রযোধী চ ···বঙ্গ বর্দ্ধ। (৫৭)··· মহাবাহুর্মহাহনুঃ···বা নি।

শিষ্যো মম সখা চৈব প্রিয়োঽস্যাহং প্রিয়শ্চ মে।
যুযুধানঃ সহায়ো মে প্রমথিষ্যতি কৌরবান্ ॥৫৮॥
অস্মদর্থঞ্চ রাজেন্দ্র! সংনহ্যেদ্‌যদি কেশবঃ।
রামো বাপ্যনিরুদ্ধো বা প্রদ্যুম্নো বা মহারথঃ ॥৫৯॥
গদো বা সারণো বাপি শাম্বো বা সহ বৃষ্ণিভিঃ।
সহায়ার্থং মহারাজ! সংগ্রামোত্তমমূর্দ্ধনি ॥৬০॥
তথাপ্যহং নরব্যাঘ্রং শৈনেয়ং সত্যবিক্রমম্।
সাহায্যে বিনিযোক্ষ্যামি নাস্তি মেঽন্যো হি তৎসমঃ ॥৬১॥ (বিশেষকম্)
ইতি দ্বৈতবনে তাত! মামুবাচ ধনঞ্জয়ঃ।
পরোক্ষে ত্বদ্‌গুণাংস্তথ্যান্ কথয়ন্নার্য্যসংসদি ॥৬২॥
তস্য ত্বমেনং সঙ্কল্প ন বৃথা কর্ত্তুমর্হসি।
ধনঞ্জয়স্য বার্ষ্ণেয়! মম ভীমস্য চোভয়োঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

উপযোগিত্বমপ্যকীর্ত্তয়দিত্যাহ শিষ্য ইতি। শিষ্যঃ অস্ত্রশিক্ষায়াম্। প্রিয়ঃ সঃ ॥৫৮॥

তৎফলমাহ ত্রিভির্বিশেষকেণ অস্মদিতি। সংনহ্যেৎ যুদ্ধসজ্জাং কুর্য্যাৎ। গদসারণাবপি যদুবংশৌ। সহায়ার্থং সাহায্যনিমিত্তম্। শৈনেয়ং সাত্যকিম্ ॥৫৯—৬১॥

নন্থ কদেথমকীর্ত্তয়দিত্যাহ ইতীতি। আর্য্যসংসদি ব্রাহ্মণাদিসজ্জনসভায়াম্ ॥৬২॥

তস্যেতি। তস্য ধনঞ্জয়স্যেতি সম্বন্ধঃ। বৃথা নিষ্ফলম্ ॥৬৩॥

বিশেষতঃ সাত্যকি আমার শিষ্য ও সখা, আর আমি তাঁহার প্রিয় এবং তিনি আমার প্রিয়। সুতরাং সাত্যকি আমার সহায় হইয়া কৌরবগণকে মন্থন করিবেন ॥৫৮॥

অতএব রাজশ্রেষ্ঠ! যদি স্বয়ং কৃষ্ণও আমাদের জন্য যুদ্ধসজ্জা করেন, কিংবা মহারাজ! যদি রাম, অনিরুদ্ধ, মহারথ প্রদ্যুম্ন, গদ, সারণ, অথবা অপর বৃষ্ণিবংশীয়গণের সহিত শাম্বও মহাযুদ্ধে আমাদের সহায়তা করিবার জন্য প্রস্তুত হন, তথাপি আমি—নরশ্রেষ্ঠ ও যথার্থবিক্রমশালী সাত্যকিকে সাহায্য করার জন্য নিযুক্ত করিব। কারণ, তাঁহার তুল্য অপর কেহ আমার নাই' ॥৫৯—৬১॥

বৎস! অর্জ্জুন দ্বৈতবনে সজ্জনসভায় বসিয়া তোমার অসমক্ষে তোমার যথার্থ গুণসমূহের বর্ণনা করিতে থাকিয়া আমার নিকট এই কথাগুলি বলিয়াছিলেন ॥৬২॥

CENTRAL LIBRARY

যচ্চাপি তীর্থানি চরন্নগচ্ছং দ্বারকাং প্রতি।
তত্রাহমপি তে ভক্তিমর্জ্জুনং প্রতি দৃষ্টবান্ ॥৬৪॥
ন তৎ সৌহৃদমন্যেষু ময়া শৈনেয়! লক্ষিতম্।
যথা ত্বমস্মান্ ভজসে বর্ত্তমানানুপপ্লবে ॥৬৫॥
সোঽভিজাতশ্চ ভক্তশ্চ সখ্যস্যাচার্য্যকস্য চ।
সৌহৃদস্য চ বীর্য্যস্য কুলীনত্বস্য মাধব! ॥৬৬॥
সত্যস্য চ মহাবাহো! অনুকম্পার্থমেব চ।
অনুরূপং মহেষ্বাস! কর্ম্ম ত্বং কর্ত্তুমর্হসি ॥৬৭॥ (যুগ্মকম্)
সুযোধনো হি সহসা গতো দ্রোণেন দংশিতঃ।
পূর্ব্বমেব তু যাতাস্তে কৌরবাণাং মহারথাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

যদিতি। যদ্যত্র। অর্জ্জুনং প্রতি তদসমক্ষেঽপীত্যাশয়ঃ ॥৬৪॥

নেতি। ভজসে সাহায্যবিধানেন সেবসে, উপপ্লবে যুদ্ধোপদ্রবে ॥৬৫॥

স ইতি। অভিজাতঃ সৎকুলোৎপন্নস্ত্বম্। আচার্য্যকস্য গুরুগৌরবস্য। অনুকম্পার্থমস্মাসু দয়াপ্রকাশার্থম্। হে মহেষ্বাস! মহাধনুর্দ্ধর! ॥৬৬—৬৭॥

ভারতভাবদীপঃ

ভারদ্বাজমিতি ॥১—৪০॥ কৃতাস্ত্র জয়দ্রথবধস্য, অনন্তরাপেক্ষী অবিলম্বাকাঙ্ক্ষী ॥৪১॥ যঃ স ধর্ম্মো মৈত্রীলক্ষণঃ, সাম্পরায়ে আপৎকালে ॥৪২—৪৬॥ বয়স্যস্য স্নিগ্ধস্য, সহায়ার্থং সহায়প্রয়োজনম্ ॥৪৭॥ সত্যব্রতো দৃঢ়নিশ্চয়ঃ ॥৪৮—৬৪॥ উপপ্লবে বিমর্দ্দে ॥৬৫—৬৬॥

বৃষ্ণিনন্দন! তুমি সেই অর্জ্জুনের, আমার ও ভীমসেনের এই সঙ্কল্প নিষ্ফল করিতে পার না ॥৬৩॥

তা'র পর তীর্থপর্য্যটন করিতে করিতে যখন দ্বারকায় গিয়াছিলাম, তখনও আমি অর্জ্জুনের প্রতি তোমার ভক্তি দেখিয়াছি ॥৬৪॥

সাত্যকি! বর্ত্তমান সময়ে আমরা ভীষণ বিপ্লবে রহিয়াছি, এ অবস্থাতেও তুমি আমাদের যেরূপ সেবা করিতেছ, এরূপ সৌহার্দ্দ আমি অন্যের দেখি নাই ॥৬৫॥

অতএব মধুবংশীয় মহাধনুর্দ্ধর মহাবাহু! তুমি সদ্বংশজাত এবং আমাদের ভক্ত বলিয়া আমাদের প্রতি দয়া প্রকাশ করিবার জন্য সখিত্ব, গুরুগৌরব, সৌহার্দ্দ, বল, কুলীনত্ব ও সত্যের অনুরূপ কার্য্য করা তোমার উচিত ॥৬৬—৬৭॥

(৬৬) সোঽভিজাত্যা চ ভক্ত্যা চ···বা নি। (৬৭)···অনুরূপং মহাবাহো! বর্দ্ধ। (৬৮)···পূর্ব্বমেবানুযাতাস্তে বা···নি।

সুমহান্ নিনদশ্চৈব শ্রূয়তে বিজয়ং প্রতি।
স শৈনেয়! জবেনাশু গন্তুমর্হসি মাধব! ॥৬৯॥
ভীমসেনো বয়ঞ্চৈব সংযত্তাঃ সহসৈনিকাঃ।
দ্রোণমাবারয়িষ্যামো যদি ত্বাং প্রতি যোৎস্যতে ॥৭০॥
পশ্য শৈনেয়! সৈন্যানি দ্রবমাণানি সংযুগে।
মহান্তঞ্চ রণে শব্দং দীর্য্যমাণাঞ্চ বাহিনীম্ ॥৭১॥
মহামারুতবেগেন সমুদ্রমিব পর্ব্বসু।
ধার্ত্তরাষ্ট্রবলং তাত! বিক্ষিপ্তং সব্যসাচিনা ॥৭২॥
রথৈর্বিপরিধাবদ্ভিঃ মনুষ্যৈশ্চ হয়ৈঃ সহ।
সৈন্যং রজঃ সমুদ্ধূতমেতৎ সংপরিবর্ত্ততে ॥৭৩॥

ভারতকৌমুদী

সুযোধন ইতি। গতঃ অর্জ্জুনং প্রতি, দংশিতঃ কবচবন্ধনেন সজ্জিতঃ ॥৬৮॥
সুমহানিতি। বিজয়ং প্রতি অর্জ্জুনসমীপে। জবেন বেগেন ॥৬৯॥
ভীমেতি। সংযত্তাঃ তব প্রবেশার্থে যত্নবন্তঃ সন্তঃ ॥৭০॥
পশ্যেতি। সৈন্যানি কুরুপক্ষস্য, দ্রবমাণানি পলায়মানানি ॥৭১॥
মহেতি। পর্ব্বসু পূর্ণিমামাবস্যাসু। বিক্ষিপ্তমুদ্বেলিতম্। পশ্যেতাহবৃত্তিঃ ॥৭২॥

ওদিকে দ্রোণ কবচবন্ধনপূর্ব্বক সজ্জিত করিয়া দেওয়ার পরে দুর্য্যোধন তৎক্ষণাৎ অর্জ্জুনের দিকে গিয়াছেন এবং কৌরবপক্ষের মহারথেরা ত পূর্ব্বেই সেখানে গমন করিয়াছেন ॥৬৮॥

অর্জ্জুনের দিকেও গুরুতর কোলাহল শুনা যাইতেছে। অতএব মধুবংশীয় সাত্যকি! সত্বর বেগে তোমার সেখানে গমন করা উচিত ॥৬৯॥

দ্রোণ যদি তোমার বিরুদ্ধে যুদ্ধ করেন, তাহা হইলে ভীমসেন ও আমি সৈন্যগণের সহিত মিলিত ও যত্নবান্ হইয়া তাঁহাকে বারণ করিব ॥৭০॥

সাত্যকি! দেখ—কৌরবসৈন্য পলায়ন করিতেছে, বিশাল কোলাহল হইতেছে এবং কৌরববাহিনী বিশ্লিষ্ট হইয়া যাইতেছে ॥৭১॥

বৎস! আরও দেখ—মহাবায়ুবেগ যেমন পূর্ণিমা বা অমাবস্যায় সমুদ্রকে উদ্বেলিত করে, সেইরূপ অর্জ্জুনও কৌরবসৈন্য উদ্বেলিত করিয়াছেন ॥৭২॥

পরিধাবিত রথ ও অশ্বের সহিত মনুষ্যেরা এই সৈন্যধূলি উত্তোলন করিয়াছে ॥৭৩॥

(৬৯)···গন্তুমর্হসি মানদ!—বা নি। (৭১)···দীর্য্যমাণাঞ্চ ভারতীম্—বা নি। (৭৩)··· হয়ৈশ্চ হ···বা নি।

সংবৃতঃ সিন্ধুসৌবীরৈর্নখর প্রাসযোধিভিঃ ।
অত্যন্তোপচিতৈঃ শূরৈঃ ফাল্গুনঃ পরবীরহা ॥৭৪॥
নৈতদ্বলমসংবার্য্য শক্যো হন্তুং জয়দ্রথঃ ।
এতে হি সৈন্ধবস্যার্থে সর্বে সন্ত্যক্তজীবিতাঃ ॥৭৫॥
শরশক্তিধ্বজবরং হয়নাগসমাকুলম্ ।
পশ্যৈতদ্ধার্ত্তরাষ্ট্রাণামনীকং সুদুরাসদম্ ॥৭৬॥
শৃণু দুন্দুভিনির্ঘোষং শঙ্খশব্দাংশ্চ পুষ্কলান্ ।
সিংহনাদরবাংশ্চৈব রথনেমিস্বনাংস্তথা ॥৭৭॥
নাগানাং শৃণু শব্দঞ্চ পত্তীনাঞ্চ সহস্রশঃ ।
সাদিনাং দ্রবতাঞ্চৈব শৃণু কম্পয়তাং মহীম্ ॥৭৮॥
পুরস্তাৎ সৈন্ধবানীকং দ্রোণানীকস্য পৃষ্ঠতঃ ।
বহুত্বাদ্ধি নরব্যাঘ্র ! দেবেন্দ্রমপি পীড়য়েৎ ॥৭৯॥

ভারতকৌমুদী

রথৈরিতি। সৈন্যানামিদং সৈন্যম্, ইদমর্থে অণ্, রজো ধূলিঃ, সমুদ্ধূতমুত্তোলিতম্ ॥৭৩॥
সংবৃত ইতি। অত্যন্তোপচিতৈরতীব বৃদ্ধিং প্রাপ্তৈঃ, ফাল্গুনঃ অর্জ্জুনঃ ॥৭৪॥
নেতি। শক্যঃ অর্জ্জুনেন। সৈন্ধবস্য জয়দ্রথস্য, সন্ত্যক্তজীবিতা জীবনত্যাগায়োদ্যতাঃ ॥৭৫॥
শরেতি। শরৈঃ শক্তিভির্ধ্বজৈশ্চ বরমুত্তমম্, হয়ৈরশ্বৈর্নাগৈর্গজৈশ্চ সমাকুলম্ ॥৭৬॥
শৃণ্বিতি। পুষ্কলান্ প্রচুরান্। রথানাং নেমিস্বনান্ চক্রপ্রান্তশব্দান্ ॥৭৭॥
নাগানামিতি। নাগানাং হস্তিনাম্। সাদিনামশ্বারোহিণাম্, দ্রবতাং ধাবতাম্ ॥৭৮॥

নখ ও প্রাসযোধী সিন্ধু ও সৌবীরদেশীয় বীরেরা অত্যন্ত বৃদ্ধি পাইয়া বিপক্ষবীরহন্তা অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়াছেন ॥৭৪॥

অর্জ্জুন এই সৈন্যগণকে নিবারণ না করিয়া জয়দ্রথকে বধ করিতে পারিবেন না। কারণ, ইহারা সকলেই জয়দ্রথকে রক্ষা করিবার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছে ॥৭৫॥

সাত্যকি ! দেখ—বাণ, শক্তি, ধ্বজ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ এই কৌরবসৈন্য অত্যন্ত দুর্দ্ধর্ষ হইয়া দাঁড়াইয়াছে ॥৭৬॥

সাত্যকি ! শোন, দুন্দুভিনির্ঘোষ, প্রচুর শঙ্খধ্বনি, সিংহনাদ ও রথচক্রের শব্দ হইতেছে ॥৭৭॥

আরও শোন, সহস্র সহস্র হস্তী, পদাতি ও অশ্বারোহী সমরভূমি কম্পিত করিয়া ধাবিত হইয়াছে, তাহাদেরও শব্দ হইতেছে ॥৭৮॥

(৭৫)…শক্যো জেতুং জয়দ্রথঃ… বা নি। (৭৯)…দ্রোণানীকঞ্চ পৃষ্ঠতঃ…বা নি।

অপর্য্যন্তে বলে মগ্নো জহ্যাদপি চ জীবিতম্।
তস্মিংশ্চ নিহতে যুদ্ধে কথং জীবেত মাদৃশঃ ॥৮০॥
সর্ব্বথাহমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং বত জীবিতম্।
শ্যামো যুবা গুড়াকেশো দর্শনীয়শ্চ পাণ্ডবঃ ॥৮১॥
লঘুস্ত্রশ্চিত্রযোধী চ প্রবিষ্টস্তাত! ভারতীম্।
সূর্য্যোদয়ে মহাবাহুর্দিবসশ্চাতিবর্ত্ততে ॥৮২॥ (যুগ্মকম্)
তন্ন জানামি বার্ষ্ণেয়! যদি জীবতি বা ন বা।
কুরূণাঞ্চাপি তৎ সৈন্যং সাগরপ্রতিমং মহৎ ॥৮৩॥
এক এব চ বীভৎসুঃ প্রবিষ্টস্তাত! ভারতীম্।
অবিষহ্যাং মহাবাহুঃ সুরৈরপি মহাহবে ॥৮৪॥

ভারতকৌমুদী

পুরস্তাদিতি। পুরস্তাজ্জয়দ্রথাগ্রবর্ত্তি, সৈন্ধবানীকং জয়দ্রথসৈন্যং কর্ত্তৃ ॥৭৯॥

অপর্য্যন্ত ইতি। অপর্য্যন্তে অসীমে, বলে বিপক্ষসৈন্যে, মগ্নোঽর্জ্জুনঃ ॥৮০॥

সর্বথেতি। সুকৃচ্ছ্রমতীবকষ্টযুক্তম্, বত খেদে। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা জিতনিদ্র ইত্যর্থঃ, পাণ্ডবোঽর্জ্জুনঃ। সূর্য্যোদয়ে প্রবিষ্ট ইতি সম্বন্ধঃ। ভারতীং কৌরবীং সেনাম্ ৮১—৮২॥

তদিতি। জীবতি পাণ্ডবোঽর্জ্জুন ইত্যনুবৃত্তিঃ। হেত্বন্তরমাহ কুরূণামিতি ॥৮৩॥

নরশ্রেষ্ঠ! দ্রোণসৈন্যের পিছনে ও জয়দ্রথের অগ্রে জয়দ্রথের সৈন্য রহিয়াছে, সেগুলি বহুতর বলিয়া দেবরাজকেও পীড়ন করিতে পারে ॥৭৯॥

অর্জ্জুন এই অসীমসৈন্যমধ্যে মগ্ন হইয়া হয় ত জীবনত্যাগও করিতে পারেন। তিনি যুদ্ধে নিহত হইলে, আমার মত লোক কি করিয়া জীবন ধারণ করিবে ॥৮০॥

হায়! আমার জীবন অতিকষ্টময় হইয়া পড়িয়াছে। বৎস সাত্যকি! শ্যামবর্ণ, যুবক, সর্ব্বদা সতর্ক, দর্শনীয়মূর্ত্তি, দ্রুত অস্ত্রনিক্ষেপী, বিচিত্রযোধী ও মহাবাহু অর্জ্জুন সূর্য্যোদয়ে কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন, আর এখন দিন প্রায় চলিয়া গিয়াছে ॥৮১—৮২॥

অতএব বৃষ্ণিনন্দন! জানি না—তিনি জীবিত আছেন কি না; বিশেষতঃ সেই কৌরবসৈন্যও সমুদ্রের ন্যায় বিশাল ॥৮৩॥

(৮১) সর্বথাহমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং ত্বয়ি জীবতি ··বা, সর্বথা সমনুপ্রাপ্তঃ সুকৃচ্ছ্রং ত্বয়ি জীবতি·· নি। (৮৪) ··শূরৈরপি মহামৃধে—বর্দ্ধ।

ন চ মে বর্ত্ততে বুদ্ধিরস্য যুদ্ধে কথঞ্চন।
দ্রোণোঽপি রভসো যুদ্ধে মম পীড়য়তে বলম্।
প্রত্যক্ষং তে মহাবাহো! যথাসৌ চরতি দ্বিজঃ ॥৮৫॥
যুগপচ্চ সমেতানাং কার্য্যাণাং ত্বং বিচক্ষণঃ।
মহার্থং লঘুসংযুক্তং কর্ত্তুমর্হসি মানদ! ॥৮৬॥
তস্য মে সর্ব্বকার্য্যেষু কার্য্যমেতন্মতং মহৎ।
অর্জ্জুনস্য পরিত্রাণং কর্ত্তব্যমিতি সংযুগে ॥৮৭॥
নাহং শোচামি দাশার্হং গোপ্তারং জগতঃ প্রভুম্।
স শক্তো হি রণে ত্রাতুং ত্রীল্লোঁকানপি সঙ্গতান্ ॥৮৮॥
বিজেতুং পুরুষব্যাঘ্রঃ সত্যমেতদ্ব্রবীমি তে।
কিং পুনর্ধার্ত্তরাষ্ট্রস্য বলমেতৎ সুদুর্বলম্ ॥৮৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এক ইতি। বীভৎসুরর্জ্জুনঃ। ভারতীং কৌরবীং সেনাম্। অবিষহ্যাং বিযোঢ়ুমশক্যাম্ ॥৮৪॥

নেতি। ন বর্ত্ততে, অর্জ্জুনানিষ্টাশঙ্কয়াবসাদাপাতাদিতি ভাবঃ। রভসো বেগবান্। যথা যতঃ। দ্বিজো দ্রোণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৫॥

যুগপদিতি। কার্য্যাণাং সম্পাদনে। মহার্থং মহাপ্রয়োজনম্, লঘুসংযুক্তং দ্রুতম্ ॥৮৬॥

তস্যেতি। কিং তন্মহং কার্য্যমিত্যাহ অর্জ্জুনস্যেতি ॥৮৭॥

নন্থ কৃষ্ণার্থং কিং ন চিন্তয়সীত্যাহ নেতি। দাশার্হং কৃষ্ণম্, গোপ্তারং রক্ষকম্। সঙ্গতান্ সম্মিলিতান্। বিজেতুঞ্চ শক্ত ইতি সম্বন্ধঃ, প্রভুত্বাদেবেত্যাশয়ঃ ॥৮৮—৮৯॥

বৎস! একমাত্র মহাবাহু অর্জ্জুনই মহাযুদ্ধে দেবগণেরও অসহ্য কৌরব-সৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন ॥৮৪॥

কোন প্রকারেই আজ যুদ্ধে আমার বুদ্ধি প্রবৃত্ত হইতেছে না। এদিকে দ্রোণও যুদ্ধে বেগবান্ হইয়া আমার সৈন্যগণকে পীড়ন করিতেছেন। মহাবাহু! যে হেতু তোমার সমক্ষেই ঐ ব্রাহ্মণ বিচরণ করিতেছেন ॥৮৫॥

মানী লোকের সম্মানকারক! তুমি একদা অনেক কার্য্য সম্পাদনে বিচক্ষণ। সুতরাং তুমি সত্বর গুরুতর প্রয়োজন সম্পাদন কর ॥৮৬॥

যুদ্ধে অর্জ্জুনকে রক্ষা করা কর্ত্তব্য; সমস্ত কার্য্যের মধ্যে এই কার্য্যটাই প্রধান বলিয়া আমার ধারণা ॥৮৭॥

(৮৬) যুগপৎ সমবেতানাম্···মাধব!—পি-বা নি। (৮৭)···এতন্মতং সদা···বঙ্গ বর্দ্ধ। (৮৮)···জগতঃ পতিম্···রণে তাত!···নি।

CENTRAL LIBRARY

অর্জ্জুনস্যৈব বার্ষ্ণেয়! পীড়িতো বহুভির্যুধি।
প্রজহ্যাৎ সমরে প্রাণাংস্তস্মাদ্বিন্দামি কশ্মলম্ ॥৯০॥
তস্য ত্বং পদবীং গচ্ছ গচ্ছেয়ুস্ত্বাদৃশা যথা।
তাদৃশস্যেদৃশে কালে মাদৃশেনাভিনোদিতঃ ॥৯১॥
রণে বৃষ্ণিপ্রবীরাণাং দ্বাবেবাতিরথৌ স্মৃতৌ।
প্রদ্যুম্নশ্চ মহাবাহুস্ত্বঞ্চ সাত্বত! বিশ্রুতঃ ॥৯২॥
অস্ত্রে নারায়ণসমঃ সঙ্কর্ষণসমো বলে।
বীরতায়াং নরব্যাঘ্র! ধনঞ্জয়সমো হ্যসি ॥৯৩॥
ভীষ্মদ্রোণাবতিক্রম্য সর্ব্বযুদ্ধবিশারদম্।
ত্বামদ্য পুরুষব্যাঘ্র! লোকে সন্তঃ প্রচক্ষতে ॥৯৪॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। প্রজহ্যাৎ ত্যজেৎ। বিন্দামি প্রাপ্নোমি, কশ্মলং মোহম্ ॥৯০॥
তস্যেতি। তাদৃশস্য বিপক্ষপরিবেষ্টিতস্য তস্যার্জ্জুনস্য। অভিনোদিতঃ প্রেরিতঃ ॥৯১॥
রণ ইতি। বৃষ্ণিপ্রবীরাণাং বৃষ্ণিবংশীয়প্রধানবীরাণাং মধ্যে। বিশ্রুতো বিখ্যাতঃ ॥৯২॥
অস্ত্র ইতি। নারায়ণসমঃ কৃষ্ণতুল্যঃ, সঙ্কর্ষণসমো রামসমানঃ ॥৯৩॥

জগতের রক্ষক ও প্রভু কৃষ্ণের জন্য আমি শোক করি না। কেন না, পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ সম্মিলিত ত্রিভুবনকেও রক্ষা করিতে বা জয় করিতে সমর্থ হন; তাহাতে দুর্য্যোধনের অতিদুর্ব্বল এই সৈন্যের কথা আর কি বলিব। একথা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৮৮—৮৯॥

কিন্তু বৃষ্ণিনন্দন! বহু যোদ্ধা যুদ্ধে পীড়ন করিতে লাগিলে, হয় ত অর্জ্জুন প্রাণত্যাগ করিবেন। সেই জন্যই আমার মোহ উপস্থিত হইতেছে ॥৯০॥

সাত্যকি! আমি প্রেরণ করিতেছি। সুতরাং এইরূপ সময়ে তোমার ন্যায় বীরেরা যে ভাবে গমন করেন, তুমি সেই ভাবে অর্জ্জুনসদৃশ বীরের পথে গমন কর ॥৯১॥

সাত্বতবংশীয়! বৃষ্ণিবংশের প্রধান বীরগণের মধ্যে লোকে দুই জনকেই অতিরথ বলিয়া মনে করে—এক প্রদ্যুম্ন, আর দ্বিতীয়—মহাবাহু বলিয়া বিখ্যাত তুমি ॥৯২॥

নরশ্রেষ্ঠ! তুমি অস্ত্রে কৃষ্ণের তুল্য, বলে বলরামের সমান এবং বীরত্বে অর্জ্জুনের সদৃশ ॥৯৩॥

(৯০) অর্জ্জুনস্যেয়ঃ…বা নি। (৯২)…মাদৃশৈরভিচোদিতঃ—পি বঙ্গ বর্দ্ধ। (৯৪)…ত্বামেব পুরুষব্যাঘ্রম্—বা নি।

CENTRAL LIBRARY

নাসাধ্যং বিদ্যতে লোকে সাত্যকেরিতি মাধব ! ।
যদত্র ত্বান্তু বক্ষ্যামি তৎ কুরুষ্ব মহাবল ! ॥ ৯৫॥
সম্ভাবনাং হি লোকস্য মম পার্থস্য চোভয়োঃ ।
নান্যথা তাং মহাবাহো ! সংপ্রকর্ত্তুমিহার্হসি ॥৯৬॥
পরিত্যজ্য প্রিয়ান্ প্রাণান্ রণে চর বিভীতবৎ ।
ন হি শৈনেয় ! দাশার্হা যুদ্ধে রক্ষন্তি জীবিতম্ ॥৯৭॥
অযুদ্ধমনবস্থানং সংগ্রামে চ পলায়নম্ ।
ভীরূণাং সম্মতো মার্গো নৈষ দাশার্হসেবিতঃ ॥৯৮॥

ভারতকৌমুদী

ভীষ্মেতি। অতিক্রম্য অনুল্লিখ্যেত্যর্থঃ। প্রচক্ষতে ব্রুবন্তি ॥৯৪॥
নেতি। নাসাধ্যং সাধয়িতুমশক্যং কার্য্যম্। ইতি হেতোঃ ॥৯৫॥
সম্ভাবনামিতি। সম্ভাবনামুক্তরূপাং ধারণাম্। পার্থস্যার্জ্জুনস্য ॥৯৬॥
পরীতি। প্রাণান্ প্রাণরক্ষণাশাম্। বিভীতবৎ নির্ভয় ইব। দাশার্হা যাদবাঃ ॥৯৭॥
অযুদ্ধমিতি। অযুদ্ধং যুদ্ধাকরণম্, অনবস্থানং সম্মুখে ॥৯৮॥

ভারতভাবদীপঃ

সত্যস্যাঙ্গীকারস্য অনুকম্পার্থমর্জ্জুনানুপালননিমিত্তম্ ॥৮৭—৮৬॥ মহার্থং মহান্তমর্থম্, লঘুসংযুক্তমবিলম্বসম্পন্নম্ ॥৮৭—৯৩॥ বীরতায়ামুৎসাহকরণত্বে ॥৯৪—৯৫॥ সম্ভাবনাস্থিতাজ্ঞানং কুলশীলশ্রুতাদিষু বিভীতবদভীতঃ ॥৯৬—৯৭॥ অনবস্থানমস্থৈর্য্যম্ ॥৯৮—১০৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

পুরুষশ্রেষ্ঠ ! জগতে সজ্জনেরা ভীষ্ম ও দ্রোণের উল্লেখ না করিয়া এখন তোমাকেই সর্ব্বযুদ্ধবিশারদ বলিয়া থাকেন ॥৯৪॥

মধুবংশীয় মহাবল ! জগতে সাত্যকির অসাধ্য কার্য্য নাই ; এই জন্যই আমি এখন তোমাকে যাহা বলিব, তাহা কর ॥৯৫॥

মহাবাহু ! তোমার সম্বন্ধে সাধারণ লোকের, আমার ও অর্জ্জুনের যে ধারণা আছে, তুমি এখন তাহার অন্যথা করিতে পার না ॥৯৬॥

সাত্যকি ! তুমি প্রিয় প্রাণের মমতা পরিত্যাগ করিয়া নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ কর। কারণ, যদুবংশীয়েরা যুদ্ধে জীবনরক্ষার অপেক্ষা করেন না ॥৯৭॥

সমরাঙ্গনে যাইয়া যুদ্ধ না করা, কিংবা সম্মুখে না থাকা, অথবা তথা হইতে পলায়ন করা, এগুলি ভীরুলোকদিগের অভিমত পথ ; কিন্তু যদুবংশীয়েরা ইহার কোন পথই অবলম্বন করেন না ॥৯৮॥

(৯৮)···ভীরূণামসতাং মার্গঃ···বা নি।

তবার্জ্জুনো গুরুস্তাত! ধর্ম্মাত্মা শিনিপুঙ্গব!।
বাসুদেবো গুরুশ্চাপি তথা পার্থস্য ধীমতঃ ॥৯৯॥
কারণদ্বয়মেতদ্ধি জানংস্ত্বামহমব্রুবম্।
মাবমংস্থা বচো মহ্যং গুরুস্তব গুরোরহম্ ॥১০০॥
বাসুদেবমতঞ্চৈব মম চৈবার্জ্জুনস্য চ।
সত্যমেতন্ময়োক্তং তে যাহি যত্র ধনঞ্জয়ঃ ॥১০১॥
এতদ্বচনমাজ্ঞায় মম সত্যপরাক্রম!।
প্রবিশৈতদ্বলং তাত! ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ ॥১০২॥
প্রবিশ্য চ যথান্যায়ং সঙ্গম্য চ মহারথৈঃ।
যথার্হমাত্মনঃ কর্ম্ম রণে সাত্বত! দর্শয় ॥১০৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে যুধিষ্ঠিরবাক্যে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তবেতি। বাসুদেবস্তব তথা ধীমতঃ পার্থস্য অর্জ্জুনস্যাপি গুরুরিতি সম্বন্ধঃ ॥৯৯॥

কারণেতি। অহম্, এতৎ কারণদ্বয়ম্ অযুদ্ধাদীনাং দাশার্হৈরসেবিতত্বং তব চ কৃষ্ণার্জ্জুন-গুরুকত্বম্, জানন্ স্মরন্ হি, ত্বামিদমব্রুবম্। মহ্যং মম বচো মাবমংস্থা নাবজানীহি। যেন হি অহম্, তব গুরোরর্জ্জুনস্য কৃষ্ণস্য চ গুরুঃ, জ্যেষ্ঠভ্রাতৃত্বাৎ ॥১০০॥

বাস্বিতি। মম চৈবার্জ্জুনস্য চ মতমিত্যর্থঃ। গুরুগণমতমবশ্যরক্ষ্যমিত্যাশয়ঃ ॥১০১॥

এতদিতি। আজ্ঞায় সর্ব্বথা যুক্তিযুক্ততয়া জ্ঞাত্বা। বলং সৈন্যম্ ॥১০২॥

প্রবিশেতি। সঙ্গম্য মিলিত্বা, মহারথৈঃ কর্ণাদিভিঃ সহ। যথার্হমনুরূপম্ ॥১০৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

বৎস শিনিবংশশ্রেষ্ঠ! ধর্ম্মাত্মা অর্জ্জুন তোমার গুরু, আর কৃষ্ণ তোমার এবং ধীমান্ অর্জ্জুনেরও গুরু (অস্ত্রশিক্ষক) ॥৯৯॥

এই দুইটা কারণ স্মরণ করিয়াই আমি তোমাকে এইরূপ বলিলাম। তুমি আমার বাক্যে অবজ্ঞা করিও না। কারণ, আমি তোমার গুরুরও গুরু ॥১০০॥

ইহা কৃষ্ণের, আমার ও অর্জ্জুনের মত। ইহা আমি তোমার নিকট সত্য বলিলাম। সুতরাং অর্জ্জুন যেখানে আছেন, সেইখানে যাও ॥১০১॥

বৎস সত্যপরাক্রম! আমার বাক্য যুক্তিযুক্ত মনে করিয়া দুর্ম্মতি দুর্য্যোধনের এই সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ কর ॥১০২॥

* '...অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

CENTRAL LIBRARY

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

প্রীতিযুক্তঞ্চ ধর্ম্ম্যঞ্চ মধুরাক্ষরমেব চ।
কালযুক্তঞ্চ চিত্রঞ্চ যুক্তং যচ্চাভিভাষিতম্ ॥১॥
ধর্ম্মরাজস্য তদ্বাক্যং নিশম্য শিনিপুঙ্গবঃ।
সাত্যকির্ভরতশ্রেষ্ঠ! প্রত্যুবাচ যুধিষ্ঠিরম্ ॥২॥ (যুগ্মকম্)
শ্রুতং তে গদতো বাক্যং সর্ব্বমেতন্ময়াচ্যুত!।
ন্যায়যুক্তঞ্চ চিত্রঞ্চ ফাল্গুনার্থে যশস্করম্ ॥৩॥
এবংবিধে তথা কালে মাদৃশং প্রেক্ষ্য সত্তম!।
বক্তুমর্হসি রাজেন্দ্র! যথা পার্থং তথৈব মাম্ ॥৪॥

ভারতকৌমুদী

প্রীতীতি। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্। কালযুক্তং কালোচিতম্। নিশম্য শ্রুত্বা ॥১—২॥

শ্রুতমিতি। ফাল্গুনার্থে অর্জ্জুনার্থে বাক্যং গদত ইতি সম্বন্ধঃ। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! ॥৩॥

এবমিতি। এবংবিধে বিপৎসঙ্কুলকালে। পার্থমর্জ্জুনম্ ॥৪॥

সাত্বতবংশীয় সাত্যকি! যথানিয়মে প্রবেশ করিয়া বিপক্ষ মহারথগণের সহিত মিলিত হইয়া যুদ্ধে নিজের অনুরূপ কার্য্য দেখাও' ॥১০৩॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! প্রীতিসম্পন্ন, ধর্ম্মসঙ্গত, মধুরবর্ণ, কালোচিত, বিচিত্র ও যুক্তিযুক্ত যে সকল বাক্য যুধিষ্ঠির কহিলেন, শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি যুধিষ্ঠিরের সেই সকল বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে বলিলেন—॥১—২॥

'ধার্ম্মিকশ্রেষ্ঠ! আপনি অর্জ্জুনের জন্য যে সকল ন্যায়সঙ্গত, বিচিত্র ও যশস্কর বাক্য বলিতেছিলেন, সে সমস্তই আমি শ্রবণ করিয়াছি ॥৩॥

সাধুশ্রেষ্ঠ রাজেন্দ্র! এইরূপ সময়ে আমার তুল্য ব্যক্তিকে দেখিয়া আপনি যেমন অর্জ্জুনকে বলিতে পারেন, আমাকেও তেমনই বলিতে পারেন ॥৪॥

(১) প্রীতিযুক্তঞ্চ হৃদ্যঞ্চ···পি বা নি। (৪)···মাদৃশং প্রেক্ষ্য সাম্প্রতম্···বঙ্গ বর্দ্ধ।

ন মে ধনঞ্জয়স্যার্থে প্রাণা রক্ষ্যাঃ কথঞ্চন।
ত্বৎপ্রযুক্তঃ পুনরহং কিং ন কুর্য্যাং মহাহবে ॥৫॥
লোকত্রয়ং যোধয়েয়ং সদেবাসুরমানুষম্।
ত্বৎপ্রযুক্তো নরেন্দ্রেন্দ্র! কিমুতৈতৎ সুদুর্ব্বলম্ ॥৬॥
সুযোধনবলং ত্বদ্য যোধয়িষ্যে সমন্ততঃ।
বিজেষ্যে চ রণে রাজন্! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৭॥
কুশল্যহং কুশলিনং সমাসাদ্য ধনঞ্জয়ম্।
হতে জয়দ্রথে রাজন্! পুনরেষ্যামি তেঽন্তিকম্ ॥৮॥
অবশ্যন্তু ময়া সর্ব্বং বিজ্ঞাপ্যস্ত্বং নরাধিপ!।
বাসুদেবস্য যদ্বাক্যমর্জ্জুনস্য চ ধীমতঃ ॥৯॥
দৃঢ়ং ত্বভিহিতশ্চাহমর্জ্জুনেন পুনঃ পুনঃ।
মধ্যে চ সর্ব্বসৈন্যস্য বাসুদেবস্য শৃণ্বতঃ ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। ধনঞ্জয়ো মে প্রাণাধিক ইত্যাশয়ঃ। ত্বয়া প্রযুক্তো নিযুক্তঃ ॥৫॥
লোকেতি। এতদঙ্গুল্যা নির্দ্দিষ্টং দুর্য্যোধনসৈন্যম্ ॥৬॥
সুযোধনেতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু স্থিতমপীতি শেষঃ ॥৭॥
কুশলীতি। কুশলী অক্ষতদেহঃ, কুশলিনমক্ষতদেহম্ ॥৮॥
অবশ্যমিতি। এতদর্থমপি ভবান্ মাং প্রেষয়তীতি ভাবঃ ॥৯॥

অর্জ্জুনের বিষয়ে আমার প্রাণ কোন প্রকারেই রক্ষণীয় হইতে পারে না। বিশেষতঃ আপনি আদেশ করায় আমি মহাযুদ্ধে কি না করিব? ॥৫॥

নরেন্দ্রশ্রেষ্ঠ! আপনি আদেশ করিলে, আমি দেবতা, অসুর ও মানুষের সহিত ত্রিজগতের সঙ্গেও যুদ্ধ করিতে পারি; তাহাতে দুর্য্যোধনের এই অতিদুর্ব্বল সৈন্যের কথা আর কি বলিব? ॥৬॥

রাজা! আজ আমি সর্বদিগ্বর্ত্তী দুর্য্যোধনসৈন্যের সহিত যুদ্ধ করিব এবং যুদ্ধে জয়লাভও করিব; ইহা আমি আপনাকে সত্য বলিতেছি ॥৭॥

রাজা! আমি কুশলী থাকিয়া কুশলী অর্জ্জুনের নিকটে যাইয়া জয়দ্রথ নিহত হইলে পুনরায় আপনার নিকট আসিব ॥৮॥

এবং নরনাথ! কৃষ্ণের ও ধীমান্ অর্জ্জুনের যে বাক্য সে সমস্তই আমি আসিয়া অবশ্যই আপনাকে জানাইতে পারিব (ইহা ঠিক্) ॥৯॥

(৭) ··বিজিষ্যে চ···পি বঙ্গ বর্দ্ধ। (১০) দৃঢ়ং ত্বভিপরীতোঽহম্··পি বঙ্গ বর্দ্ধ,···মধ্যে সর্ব্বস্য সৈন্যস্য···বা নি।

CENTRAL LIBRARY

অদ্য মাধব ! রাজানমপ্রমত্তোঽনুপালয় ।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা যাবদ্ধন্মি জয়দ্রথম্ ॥১১॥
ত্বয়ি বাহং মহাবাহো ! প্রদ্যুম্নে বা মহারথে ।
নৃপং নিক্ষিপ্য গচ্ছেয়ং নিরপেক্ষো জয়দ্রথম্ ॥১২॥
জানীষে হি রণে দ্রোণং রভসং শ্রেষ্ঠসম্মতম্ ।
প্রতিজ্ঞা চাপি তে নিত্যং শ্রুতা দ্রোণস্য মাধব ! ॥১৩॥
গ্রহণং ধর্ম্মরাজস্য ভারদ্বাজোঽনুগৃধ্যতি ।
শক্তশ্চাপি রণে দ্রোণো নিগ্রহীতুং যুধিষ্ঠিরম্ ॥১৪॥
এবং ত্বয়ি সমাধায় ধর্ম্মরাজং নরোত্তমম্ ।
অহমদ্য গমিষ্যামি সৈন্ধবস্য বধং প্রতি ॥১৫॥

ভারতকৌমুদী

দৃঢ়মিতি। দৃঢ়ং সনির্বন্ধমিত্যর্থঃ। পরার্দ্ধেন স্বোক্তিপ্রামাণ্যং সূচিতম্ ॥১০॥
অদ্যেতি। অপ্রমত্তঃ সাবধানঃ। আর্য্যাং সাধ্বীং প্রতারণারহিতামিত্যর্থঃ ॥১১॥
ত্বয়ীতি। নিক্ষিপ্য নিক্ষেপভাবেন সংস্থাপ্য, নিরপেক্ষো যুধিষ্ঠিরাপেক্ষাশূন্যঃ ॥১২॥
জানীষ ইতি। রভসং বেগবন্তম্, শ্রেষ্ঠসম্মতং বীরশ্রেষ্ঠতয়া সর্বাভিমতম্ ॥১৩॥
গ্রহণমিতি। ভারদ্বাজো দ্রোণঃ, অনুগৃধ্যতি আকাঙ্ক্ষতি ॥১৪॥
এবমিতি। সমাধায় রক্ষণীয়ত্বেন সংস্থাপ্য। সৈন্ধবস্য জয়দ্রথস্য ॥১৫॥

কিন্তু অর্জ্জুন (যাইবার সময়ে) সমগ্র সৈন্যের মধ্যে এবং কৃষ্ণের সমক্ষে সনির্বন্ধভাবে বার বার আমাকে বলিয়া গিয়াছেন—॥১০॥

'সাত্যকি ! আমি যে পর্য্যন্ত জয়দ্রথকে বধ করি সে পর্য্যন্ত আজ তুমি যুদ্ধে সদ্‌বুদ্ধি করিয়া সাবধান থাকিয়া রাজাকে (যুধিষ্ঠিরকে) রক্ষা কর ॥১১॥

মহাবাহু ! তোমার নিকটে, কিংবা মহারথ প্রদ্যুম্নের নিকটে রাজাকে গচ্ছিত রাখিয়া নিরপেক্ষ হইয়া আমি জয়দ্রথের নিকট যাইতে পারি ॥১২॥

সাত্যকি ! তুমি জান যে, দ্রোণ যুদ্ধে বেগবান্ এবং বীরশ্রেষ্ঠ বলিয়া সকলের অভিমত ; আর তুমি সর্ব্বদাই দ্রোণের প্রতিজ্ঞার কথা শুনিয়া থাক ॥১৩॥

দ্রোণ ধর্ম্মরাজকে ধরিবার ইচ্ছা করেন এবং দ্রোণ যুদ্ধে যুধিষ্ঠিরকে ধরিতে সমর্থও বটেন ॥১৪॥

(১২) ত্বয়ি চাহম্ ...বা নি। (১৩)...কুরুষু শ্রেষ্ঠসম্মতম্...বা নি। (১৪) গ্রহণে ধর্ম্মরাজস্য ভারদ্বাজোঽপি গৃধ্যতি...বা নি। (১৫)...সৈন্ধবস্য বধায় হি—বা নি।

জয়দ্রথমহং হত্বা ধ্রুবমেষ্যামি মাধব ! ।
ধর্ম্মরাজং ন চেদ্‌দ্রোণো নিগৃহ্লীয়াদ্রণে বলাৎ ॥১৬॥
নিগৃহীতে নরশ্রেষ্ঠে ভারদ্বাজেন মাধব ! ।
সৈন্ধবস্য বধো ন স্যান্মমাপ্রীতিস্তথা ভবেৎ ॥১৭॥
এবং গতে নরশ্রেষ্ঠে পাণ্ডবে চ যুধিষ্ঠিরে ।
অস্মাকং গমনং ব্যক্তং বনং প্রতি ভবেৎ পুনঃ ॥১৮॥
সোঽয়ং জয়ো মম ব্যক্তং ব্যর্থ এব ভবিষ্যতি ।
যদি দ্রোণো রণে ক্রুদ্ধো নিগৃহ্লীয়াদ্‌যুধিষ্ঠিরম্ ॥১৯॥
স ত্বমদ্য মহাবাহো ! প্রিয়ার্থং মম মাধব ! ।
জয়ার্থঞ্চ যশোঽর্থঞ্চ রক্ষ রাজানমাহবে ॥২০॥

ভারতকৌমুদী

জয়দ্রথমিতি। নিগৃহ্লীয়াৎ বিজিত্য গৃহ্লীয়াৎ ॥১৬॥
অথ তস্য নিগ্রহে কিং ভবেদিত্যাহ নিগৃহীত ইতি। বধো ন স্যাদস্মাকমবসাদাৎ ॥১৭॥
মাস্তু সৈন্ধববধ ইত্যাহ এবমিতি। পুনর্দ্যূতক্রীড়য়া পূর্ব্ববন্নির্বাসনাবশ্যম্ভাবাৎ ॥১৮॥
তথাত্বে দোষান্তরমাহ স ইতি। অয়ং ভীষ্মাদিবধনিবন্ধনঃ সঞ্জাতো জয়ঃ ॥১৯॥
স ইতি। রাজানং যুধিষ্ঠিরম্, আহবে দ্রোণযুদ্ধে ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রীতীতি ॥১—৩॥ সম্মতমনুরক্তম্ ॥৪—৯॥ অভি পরীতো যন্ত্রিতঃ ॥১০—১৪॥ এবমীদৃশ্যামপি কার্য্যগতৌ, সমাধায় নিক্ষিপ্য ॥১৫—১৭॥ এবংগতে গ্রহণং প্রাপ্তে ॥১৮॥

এই জন্যই আমি আজ নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজকে তোমার উপরে ন্যস্ত করিয়া জয়দ্রথবধার্থে গমন করিব ॥১৫॥

সাত্যকি ! দ্রোণ যদি যুদ্ধে বলপূর্ব্বক ধর্ম্মরাজকে ধরিতে না পারেন, তবে নিশ্চয়ই আমি জয়দ্রথকে বধ করিয়া আগমন করিব ॥১৬॥

আর যদি দ্রোণ নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজকে ধরিতে পারেন, তাহা হইলে জয়দ্রথবধ ত হইবেই না, প্রত্যুত আমার গুরুতর দুঃখ হইবে ॥১৭॥

পাণ্ডুনন্দন নরশ্রেষ্ঠ যুধিষ্ঠির ধৃত হইলে, নিশ্চয়ই পুনরায় আমাদের বনগমন হইবে ॥১৮॥

বিশেষতঃ দ্রোণ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে যদি যুধিষ্ঠিরকে ধরিতে পারেন, তবে নিশ্চয়ই আমার এই জয় ব্যর্থই হইয়া যাইবে ॥১৯॥

(১৮)···পাণ্ডবে সত্যবাদিনি···বা নি।

CENTRAL LIBRARY

স ভবান্ ময়ি নিক্ষেপো নিক্ষিপ্তঃ সব্যসাচিনা।
ভারদ্বাজভয়ং নিত্যং পশ্যমানেন তে প্রভো! ॥২১॥
তস্যাপি চ মহাবাহো! নিত্যং পশ্যামি সংযুগে।
নান্যং হি প্রতিযোদ্ধারং রৌক্মিণেয়াদৃতে প্রভো!।
মাঞ্চাপি মন্যতে যুদ্ধে ভারদ্বাজস্য ধীমতঃ ॥২২॥
সোঽহং সম্ভাবনামেতামাচার্য্যবচনঞ্চ তৎ।
পৃষ্ঠতো নোৎসহে কর্ত্তুং ত্বাং বা ত্যক্তুং মহীপতে! ॥২৩॥
আচার্য্যো লঘুহস্তত্বাদভেদ্যকবচাবৃতঃ।
উপলভ্য রণে ক্রীড়েদ্‌যথা শকুনিনা শিশুঃ ॥২৪॥

ভারতকৌমুদী

এতাবতার্জ্জুনবাক্যান্তরমুক্ত্বা সাত্যকিনিষ্কর্ষমাহ স ইতি। নিক্ষেপো রক্ষিতদ্রব্যরূপঃ ॥২১॥

অথ তবাগমনে অর্জ্জুনস্য কা গতিরিত্যাহ তস্যেতি। তস্যার্জ্জুনস্যাপি প্রতিযোদ্ধারমিতি সম্বন্ধঃ। রৌক্মিণেয়াৎ রামাৎ। মাঞ্চাপি ভারদ্বাজস্য মন্যতে প্রতিযোদ্ধারমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

স ইতি। সম্ভাবনাং ময়ি তব স্থাপনাম্, আচার্য্যস্য গুরোরর্জ্জুনস্য বচনম্ ॥২৩॥

আচার্য্য ইতি। আচার্য্যো দ্রোণঃ। উপলভ্য ত্বাং প্রাপ্য। শকুনিনা কাষ্ঠপক্ষিণা ॥২৪॥

অতএব মহাবাহু সাত্যকি! তুমি আজ আমার প্রীতি, জয় ও যশের জন্য যুদ্ধে রাজাকে রক্ষা করিতে থাক' ॥২০॥

সুতরাং মহারাজ! অর্জ্জুন সর্ব্বদা দ্রোণ হইতে ভয়ের আশঙ্কা করিয়া আপনাকে আমার হাতে গচ্ছিত রাখিয়া গিয়াছেন ॥২১॥

মহাবাহু রাজা! একমাত্র বলরাম ব্যতীত সে অর্জ্জুনেরও অন্য প্রতিযোদ্ধা আমি দেখিতে পাই না; আবার অর্জ্জুনও আমাকেই ধীমান্ দ্রোণের প্রতিযোদ্ধা বলিয়া মনে করেন ॥২২॥

অতএব রাজা! অর্জ্জুনের এই নির্ভর, কিংবা সেই গুরুদেবের সেই বাক্য আমি পিছনে রাখিতে ইচ্ছা করি না এবং আপনাকেও ত্যাগ করিতে পারি না ॥২৩॥

(আমি চলিয়া গেলে,) অভেদ্যকবচাবৃতদেহ দ্রোণাচার্য্য যুদ্ধে আপনাকে পাইয়া লঘুহস্ততানিবন্ধন—বালক যেমন দারুময় পক্ষিদ্বারা খেলা করে, সেইরূপ আপনাদ্বারা খেলা করিবেন ॥২৪॥

---

(২২)···ফলং পশ্যসি সংযুগে···পি বঙ্গ বর্দ্ধ।

যদি কার্ষ্ণির্ধনুষ্পাণিরিহ স্যান্মকরধ্বজঃ।
তস্মৈ ত্বাং বিসৃজেয়ং বৈ স ত্বাং রক্ষেদ্যথার্জ্জুনঃ ॥২৫॥
কুরু ত্বমাত্মনো গুপ্তিং কস্তে গোপ্তা গতে ময়ি।
যঃ প্রতীয়াদ্রণে দ্রোণং যাবদ্গচ্ছামি পাণ্ডবম্ ॥২৬॥
মা চ তে ভয়মস্ত্বাস্তু রাজন্নর্জ্জুনসম্ভবম্।
ন স জাতু মহাবাহুর্ভারমুদ্যম্য সীদতি ॥২৭॥
যে চ সৌবীরকা বীরাস্তথা সৈন্ধবপৌরবাঃ।
উদীচ্যা দাক্ষিণাত্যাশ্চ যে চান্যেঽপি মহারথাঃ ॥২৮॥
যে চ কর্ণমুখা রাজন্! রথোদারাঃ প্রকীর্ত্তিতাঃ।
এতেঽর্জ্জুনস্য ক্রুদ্ধস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥২৯॥ (যুগ্মকম্)
উদ্যুক্তা পৃথিবী সর্বা সসুরাসুরমানুষা।
সরাক্ষসগণা রাজন্! সকিন্নরমহোরগা ॥৩০॥

ভারতকৌমুদী

যদীতি। কার্ষ্ণিঃ কৃষ্ণপুত্রঃ প্রদ্যুম্নঃ। মকরো ধ্বজে যস্য সঃ ॥২৫॥
কুরিতি। গুপ্তিং রক্ষাম্, গোপ্তা রক্ষকঃ। পাণ্ডবমর্জ্জুনম্ ॥২৬॥
মেতি। অর্জ্জুনে সম্ভবতীতি তৎ। জাতু কদাচিৎ। সীদতি অবসাদেন তং ত্যজতি ॥২৭॥
য ইতি। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ। কর্ণমুখাঃ কর্ণাদয়ঃ। কলামংশম্ ॥২৮—২৯॥

তবে কৃষ্ণনন্দন মকরধ্বজ প্রদ্যুম্ন যদি ধনুর্দ্ধর অবস্থায় এখানে থাকিতেন, তাহা হইলে আমি আপনাকে তাঁহার হস্তে ন্যস্ত করিতাম; তিনি আপনাকে অর্জ্জুনের ন্যায় রক্ষা করিতেন ॥২৫॥

আমি চলিয়া গেলে, আপনিই আপনার রক্ষা করুন। না হইলে, আমি যেপর্য্যন্ত অর্জ্জুনের নিকট যাইব (ও থাকিব), সে পর্য্যন্ত যিনি দ্রোণের প্রতিপক্ষে যাইতে পারেন, এমন কোন্ লোক আপনার রক্ষক হইবেন? ॥২৬॥

সে যাহা হউক, রাজা! আপনার যেন অর্জ্জুনের বিষয়ে কোন ভয় হয় না। কারণ, মহাবাহু অর্জ্জুন কোন ভার লইয়া তাহা বহনে অবসন্ন হন না ॥২৭॥

বিপক্ষে সৌবীর, সিন্ধু, উত্তর ও দক্ষিণ দেশীয় যে সকল বীর আছেন, কিংবা পুরুবংশীয় বা অন্য যে সকল মহারথ রহিয়াছেন, অথবা কর্ণপ্রভৃতি যে সকল বীর মহারথ বলিয়া কথিত হইয়া থাকেন, তাঁহারা ক্রুদ্ধ অর্জ্জুনের ষোল ভাগের একভাগেরও যোগ্য নহেন ॥২৮—২৯॥

(২৮) যে চ সৌবীরক যোধাঃ···পি বা নি।

CENTRAL LIBRARY

জঙ্গমৈঃ স্থাবরৈঃ সার্দ্ধং নালং পার্থস্য সংযুগে।
এবং জ্ঞাত্বা মহারাজ! ব্যেতু তে ভীর্ধনঞ্জয়ে ॥৩১॥ (যুগ্মকম্)
যত্র বীরৌ মহেষ্বাসৌ কৃষ্ণৌ সত্যপরাক্রমৌ।
ন তত্র কর্ম্মণো ব্যাপৎ কথঞ্চিদপি বিদ্যতে ॥৩২॥
দৈবং কৃতাস্ত্রতাং যোগমমর্ষমপি চাহবে।
কৃতজ্ঞতাং দয়াঞ্চৈব ভ্রাতুস্ত্বমনুচিন্তয় ॥৩৩॥
ময়ি চাপি সহায়ে তে গচ্ছমানেঽর্জ্জুনং প্রতি।
দ্রোণে চিত্রাস্ত্রতাং সংখ্যে রাজংস্ত্বমনুচিন্তয় ॥৩৪॥
আচার্য্যো হি ভৃশং রাজন্! নিগ্রহে তব গৃধ্যতি।
প্রতিজ্ঞামাত্মনো রক্ষন্ সত্যাং কর্ত্তুঞ্চ ভারত! ॥৩৫॥

ভারতকৌমুদী

উদিতি। উদ্যুক্তা যোদ্ধুমুদ্যতা। নালং জয়ায় ন সমর্থা। ব্যেতু অপগচ্ছতু ॥৩০—৩১॥
যত্রেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। ব্যাপৎ বিশিষ্টা বিপৎ ॥৩২॥
দৈবমিতি। দৈবং শুভাদৃষ্টম্, যোগং যুদ্ধোপায়ম্। ভ্রাতুরর্জ্জুনস্য ॥৩৩॥
ময়ীতি। চিত্রাস্ত্রতাং বিচিত্রাস্ত্রক্ষেপিতাম্, সংখ্যে যুদ্ধে ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ব্যক্তং কদাচিৎ ॥১৯—২০॥ তস্য নিক্ষেপণস্য ফলং সাধ্যম্ ॥২১॥ হি যস্মাৎ ॥২২—২৫॥ যাবদ্ গচ্ছামি গমিষ্যামি ॥২৬॥ অর্জ্জুনস্য সম্ভবমর্জ্জুনবিষয়ম্ ॥২৭—৩২॥ দৈবমমানুষতাম্, যোগমভি-

রাজা! দেবতা, অসুর, মানুষ, রাক্ষস, কিন্নর ও মহানাগসমূহের সহিত সমগ্র পৃথিবী অন্যান্য স্থাবর ও জঙ্গমের সহিত মিলিত হইয়াও যুদ্ধে অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হয় না। মহারাজ! এইরূপ জানিয়া অর্জ্জুনসম্বন্ধে আপনার ভয় দূরীভূত হউক ॥৩০—৩১॥

যেখানে মহাবীর, মহাধনুর্দ্ধর ও যথার্থপরাক্রমশালী কৃষ্ণ ও অর্জ্জুন থাকেন, সেখানে কোন প্রকারে কার্য্যে বিপদ্ হইতে পারে না ॥৩২॥

মহারাজ! আপনি আপনার ভ্রাতার (অর্জ্জুনের) শুভাদৃষ্ট, সর্ব্বাস্ত্রজ্ঞতা, যুদ্ধোপায়াভিজ্ঞতা, ক্রোধ, কৃতজ্ঞতা ও দয়া এই গুণগুলি স্মরণ করুন ॥৩৩॥

রাজা! আমি আপনার সহায় রহিয়াছি; এ অবস্থায় আমিও অর্জ্জুনের দিকে চলিয়া গেলে, দ্রোণ যুদ্ধে কিরূপ বিচিত্র অস্ত্র ক্ষেপ করিতে থাকিবেন, তাহাও ভাবিয়া দেখুন ॥৩৪॥

(৩৩)··· অমর্ষং শৌর্য্যমাহবে···নি। (৩৪) ময়ি চাপ্যপঘাতে বৈ···পি, ময়ি চাপ্যপঘাতে বৈ···বর্দ্ধ।

কুরুষ্বাত্মাত্মনো গুপ্তিং কস্তে গোপ্তা গতে ময়ি।
যস্যাহং প্রত্যয়াৎ পার্থ! গচ্ছেয়ং ফাল্গুনং প্রতি ॥৩৬॥
নহ্যহং ত্বামনিক্ষিপ্য কৌরবেন্দ্র! মহারণে।
ক্বচিদ্‌যাস্যামি কৌন্তেয়! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩৭॥
এতদ্বিচার্য্য বহুশো বুদ্ধ্যা বুদ্ধিমতাং বর!।
দৃষ্ট্বা শ্রেয়ঃ পরং বুদ্ধ্যা ততো রাজন্! প্রশাধি মাম্ ॥৩৮॥

যুধিষ্ঠির উবাচ।

এবমেতন্মহাবাহো! যথা বদসি মাধব!।
নহি শুধ্যতি মে ভাবঃ শ্বেতাশ্বং প্রতি মারিষ! ॥৩৯॥

ভারতকৌমুদী

আচার্য্য ইতি। গৃধ্যতি অভিলষতি। সত্যাং কর্ত্তুঞ্চ গৃধ্যতীতি সম্বন্ধঃ ॥৩৫॥
কুরুষ্বেতি। গুপ্তিং রক্ষাম্, গোপ্তা রক্ষকঃ। প্রত্যয়াদ্বিশ্বাসাৎ ॥৩৬॥
নহীতি। অনিক্ষিপ্য কস্মিংশ্চিদ্বীরে নিক্ষেপরূপেণাসংস্থাপ্য ॥৩৭॥
এতদিতি। দৃষ্ট্বা আলোচ্য। প্রশাধি আদিশ ॥৩৮॥
এবমিতি। শুধ্যতি প্রসীদতি আশঙ্কারহিতো ভবতীত্যর্থঃ, ভাবো মনঃ, শ্বেতাশ্বমর্জ্জুনম্ ॥৩৯॥

রাজা! দ্রোণাচার্য্য নিজের প্রতিজ্ঞা রক্ষা করতঃ আপনাকে ধরিবার জন্য বিশেষ ইচ্ছা করেন এবং সেই প্রতিজ্ঞা সত্য করিবারও ইচ্ছা করেন ॥৩৫॥

পৃথানন্দন! যাঁহার উপরে বিশ্বাস করিয়া আমি অর্জ্জুনের দিকে যাইব, আপনার সেরূপ রক্ষক কে আছেন? সুতরাং আমি চলিয়া গেলে আপনি নিজেই নিজের রক্ষা করিবেন ॥৩৬॥

অতএব কৌরবশ্রেষ্ঠ কুন্তীনন্দন! আমি আপনাকে অপর কোন বীরের হাতে গচ্ছিত না রাখিয়া মহাযুদ্ধে অন্য কোন স্থানে যাইতে পারিব না; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥৩৭॥

বুদ্ধিযুক্তশ্রেষ্ঠ রাজা! আপনি আপন বুদ্ধিতে এ বিষয় বহু বিবেচনা করিয়া এবং নিজবুদ্ধিতে পরম মঙ্গল পর্য্যালোচনা করিয়া পরে আমাকে আদেশ করুন' ॥৩৮॥

( ) ন হ্যহং ত্বাং মহারাজ! অনিক্ষিপ্য মহাহবে।...কৌরব্য!...বা নি। (৩৯)... ন তু মে শুধ্যতে ভাবঃ...বা নি।

CENTRAL LIBRARY

করিষ্যে পরমং যত্নমাত্মনো রক্ষণং প্রতি।
গচ্ছ ত্বং সমনুজ্ঞাতো যত্র যাতো ধনঞ্জয়ঃ ॥৪০॥
আত্মসংরক্ষণং সংখ্যে গমনঞ্চার্জ্জুনং প্রতি।
বিচার্য্যৈতৎ স্বয়ং বুদ্ধ্যা গমনং তত্র রোচয়ে ॥৪১॥
স ত্বমাতিষ্ঠ যানায় যত্র যাতো ধনঞ্জয়ঃ।
মমাপি রক্ষণং ভীমঃ করিষ্যতি মহাবলঃ ॥৪২॥
পার্ষতশ্চ সসোদর্য্যঃ পার্থিবাশ্চ মহাবলাঃ।
দ্রৌপদেয়াশ্চ মাং তাত! রক্ষিষ্যন্তি ন সংশয়ঃ ॥৪৩॥
কৈকেয়া ভ্রাতরঃ পঞ্চ রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
বিরাটো দ্রুপদশ্চৈব শিখণ্ডী চ মহারথঃ ॥৪৪॥
ধৃষ্টকেতুশ্চ বলবান্ কুন্তিভোজশ্চ মাতুলঃ।
নকুলঃ সহদেবশ্চ পাঞ্চালাঃ সৃঞ্জয়াস্তথা।
এতে মাং সহিতাস্তাত! রক্ষিষ্যন্তি ন সংশয়ঃ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

করিষ্য ইতি। সমনুজ্ঞাতো ময়েতি শেষঃ ॥৪০॥
আত্মেতি। সংখ্যে যুদ্ধে। এতদুভয়ম্। রোচয়ে প্রাধান্যাদিত্যাশয়ঃ ॥৪১॥
স ইতি। আতিষ্ঠ রথমারোহ, যানায় গমনায় ॥৪২॥
পার্ষত ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রো ধৃষ্টদ্যুম্নঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৪৩॥

যুধিষ্ঠির বলিলেন—'মধুবংশীয় মহাবাহু! তুমি যাহা বলিতেছ, তাহা সত্য বটে; কিন্তু অর্জ্জুনের বিষয়ে আমার মন যে প্রসন্ন হইতেছে না ॥৩৯॥

সুতরাং আমি আত্মরক্ষার বিষয়ে বিশেষ যত্ন করিব। অতএব অর্জ্জুন যেখানে গিয়াছেন, আমার আদেশ অনুসারে তুমি সেইখানে যাও ॥৪০॥

যুদ্ধে আত্মরক্ষা এবং অর্জ্জুনের দিকে তোমার গমন, এই উভয় আপন বুদ্ধিতে বিবেচনা করিয়া তোমার সেখানে গমনই সঙ্গত মনে করিতেছি ॥৪১॥

অতএব অর্জ্জুন যেখানে গিয়াছেন, সেইখানে যাইবার জন্য তুমি রথে আরোহণ কর, আর মহাবল ভীমসেন আমাকে রক্ষা করিবেন ॥৪২॥

তা'র পর বৎস! সহোদরগণের সহিত ধৃষ্টদ্যুম্ন, মহাবল রাজারা এবং দ্রৌপদীর পুত্রেরা আমাকে রক্ষা করিবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৩॥

(৪০)···রক্ষণং হ্যহম্···বা নি। (৪৪)···কুন্তিভোজশ্চ মারিষ!···পি বঙ্গ বর্দ্ধ···এতে সমাহিতাস্তাত!···বা নি।

ন দ্রোণঃ সহ সৈন্যেন কৃতবর্ম্মা চ সংযুগে।
সমাসাদয়িতুং শক্তো ন চ মাং ধর্ষয়িষ্যতঃ ॥৪৬॥
ধৃষ্টদ্যুম্নশ্চ সমরে দ্রোণং ক্রুদ্ধং পরন্তপ!।
বারয়িষ্যতি বিক্রম্য বেলেব মকরালয়ম্ ॥৪৭॥
যত্র স্থাস্যতি সংগ্রামে পার্ষতঃ পরবীরহা।
ন দ্রোণসৈন্যং বলবৎ ক্রামেত্তত্র কথঞ্চন ॥৪৮॥
এষ দ্রোণবিনাশায় সমুৎপন্নো হুতাশনাৎ।
কবচী সশরঃ খড়্গী চর্ম্মী চ বরভূষণঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

কৈকেয়া ইতি। কৈকেয়াঃ কেকয়দেশবাসিনঃ। সহিতা মিলিতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪—৪৫॥

নেতি। সমাসাদয়িতুং প্রাপ্তুম্। ধর্ষয়িষ্যতো নিগ্রহীতুং শক্যাতঃ ॥৪৬॥

ধৃষ্টেতি। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥৪৭॥

যত্রেতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। বলবং শক্তিযুক্তমপি, ক্রামেদাক্রামেৎ ॥৪৮॥

এষ ইতি। এষ পার্ষতঃ। বরভূষণ উত্তমালঙ্কারযুক্তঃ ॥৪৯॥

বৎস সাত্যকি! কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, রাক্ষস ঘটোৎকচ, বিরাট, দ্রুপদ, মহারথ শিখণ্ডী, বলবান্ ধৃষ্টকেতু, মাতুল কুন্তিভোজ, নকুল, সহদেব, পাঞ্চালগণ ও সৃঞ্জয়গণ, ইঁহারা মিলিত হইয়া আমাকে রক্ষা করিতে পারিবেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৪—৪৫॥

দ্রোণ ও কৃতবর্ম্মা সৈন্যগণের সহিত মিলিত হইয়াও যুদ্ধে আমাকে ধরিতে বা পীড়ন করিতে সমর্থ হইবেন না ॥৪৬॥

পরন্তপ! তীর যেমন সমুদ্রকে বারণ করে, সেইরূপ ধৃষ্টদ্যুম্ন বিক্রম প্রকাশ করিয়া যুদ্ধে ক্রুদ্ধ দ্রোণকে বারণ করিতে পারিবেন ॥৪৭॥

বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন সমরাঙ্গনের যে স্থানে থাকিবেন, দ্রোণের প্রবল সৈন্যও সে স্থানে আসিয়া কোন প্রকারে আক্রমণ করিতে পারিবে না ॥৪৮॥

এই ধৃষ্টদ্যুম্ন দ্রোণবিনাশের জন্যই কবচ, বাণ, তরবারি ও চর্ম্ম ধারণ করিয়া এবং উত্তম অলঙ্কারে অলঙ্কৃত হইয়া অগ্নি হইতে উৎপন্ন হইয়াছিলেন ॥৪৯॥

বিস্রব্ধো গচ্ছ শৈনেয়! মা কার্ষীর্ময়ি সংভ্রমম্।
ধৃষ্টদ্যুম্নো রণে ক্রুদ্ধং দ্রোণমাবারয়িষ্যতি ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিং প্রতি যুধিষ্ঠিরবাক্যে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

ধর্ম্মরাজস্য তদ্বাক্যং নিশম্য শিনিপুঙ্গবঃ।
পার্থাচ্চ ভয়মাশংসন্ পরিত্যাগান্মহীপতেঃ ॥১॥
অপবাদং হ্যাত্মনশ্চ লোকাদ্রক্ষন্ বিশেষতঃ।
ন মাং ভীত ইতি ব্রূয়ুঃ প্রয়ান্তং ফাল্গুনং প্রতি ॥২॥
নিশ্চিত্য বহুধৈবং স সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ।
ধর্ম্মরাজমিদং বাক্যমব্রবীৎ পুরুষর্ষভঃ ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বিস্রব্ধ ইতি। বিস্রব্ধো বিশ্বস্তঃ। সংভ্রমং ভয়ম্ ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

জ্ঞানম্ ॥৩৩—৩৬॥ ক্বচিৎ কস্মিংশ্চিৎ অনিক্ষিপ্যত্যেষয়ঃ ॥৩৭॥ দৃষ্ট্বা নিশ্চিত্য ॥৩৮—৪১॥ আতিষ্ঠ প্রক্রমস্ব ॥৪৩—৪৯॥ ময়ি মামধিকৃত্য, সম্ভবমুদ্বেগম্ ॥৫০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৫॥

অতএব সাত্যকি! তুমি বিশ্বস্ত চিত্তে গমন কর, আমার সম্বন্ধে কোন ভয় করিও না। ধৃষ্টদ্যুম্নই যুদ্ধে ক্রুদ্ধ দ্রোণকে বারণ করিবেন' ॥৫০॥

———•::•———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! যুধিষ্ঠিরের সেই বাক্য শ্রবণ করিয়া শিনি-

---

* '…নবাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।
(২)…লোকাৎ পশ্চন্…তে মাং ভীতমিতি ব্রূয়ুঃ…বা,…আয়ান্তম্…পি বা বঙ্গ বর্দ্ধ।

কৃতাঞ্চেন্মন্যসে রক্ষাং স্বস্তি তেঽস্তু বিশাংপতে!।
অনুযাস্যামি বীভৎসুং করিষ্যে বচনং তব ॥৪॥
ন হি মে পাণ্ডবাৎ কশ্চিত্ত্রিষু লোকেষু বিদ্যতে।
যো বৈ প্রিয়তরো রাজন্! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৫॥
তস্যাহং পদবীং যাস্যে সন্দেশাত্তব মানদ!।
ত্বৎকৃতে নহি মে কিঞ্চিদকর্ত্তব্যং কথঞ্চন ॥৬॥
যথা হি মে গুরোর্বাক্যং বিশিষ্টং দ্বিপদাং বর!।
তথা তবাপি বচনং বিশিষ্টতরমেব চ ॥৭॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। পার্থাদর্জ্জুনাৎ, আশংসন্ সম্ভাবয়ন্, মহীপতের্যুধিষ্ঠিরস্য। অপেতি পক্ষান্তরে। ফাল্গুনমর্জ্জুনম্। বহুধা বিবেচনেন, এবমর্জ্জুনান্তিকে গমনম্ ॥১—৩॥

কৃতামিতি। কৃতাং ভীমাদিভির্নিব্যূঢ়াম্। স্বস্তি মঙ্গলম্। বীভৎসুমর্জ্জুনম্ ॥৪॥

নেতি। পাণ্ডবাদর্জ্জুনাৎ, যঃ প্রিয়তরঃ, ঈদৃশঃ কশ্চিন্ন বিদ্যত ইতি সম্বন্ধঃ ॥৫॥

তস্যেতি। পদবীং পন্থানম্, সন্দেশাদাদেশাৎ। ত্বৎকৃতে ভবন্নিমিত্তম্ ॥৬॥

যথেতি। গুরোরর্জ্জুনস্য। বিশিষ্টতরম্, তস্যাপি গুরুত্বাদিত্যাশয়ঃ ॥৭॥

বংশশ্রেষ্ঠ, যুদ্ধদুর্দ্ধর্ষ ও পুরুষপ্রধান সাত্যকি এইরূপ বিবেচনা করিতে লাগিলেন যে, যুধিষ্ঠিরকে পরিত্যাগ করিয়া গেলে, অর্জ্জুনের আদেশ লঙ্ঘন করার ভয়; আবার না গেলে, নিজের লোকাপবাদ হইবে; আর যদি অর্জ্জুনের দিকে যাই, তবে আর লোকে আমাকে ভীত বলিবে না; এইরূপ বহুপ্রকার বিবেচনাপূর্ব্বক গমনই স্থির করিয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥১—৩॥

'নরনাথ! ভীমপ্রভৃতি আপনাকে রক্ষা করিতে পারিবেন, ইহা যদি মনে করেন, তবে আপনার মঙ্গল হউক; আমি অর্জ্জুনের অনুগমন করিব এবং আপনার আদেশ পালন করিব ॥৪॥

রাজা! আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, যিনি অর্জ্জুন অপেক্ষাও আমার প্রিয়তর হইবেন, এমন কোন লোক ত্রিভুবনেই নাই ॥৫॥

অতএব সম্মানজনক রাজা! আমি আপনার আদেশে অর্জ্জুনের নিকট যাইব। কারণ, আপনার জন্য আমার কোন কার্য্য অকর্ত্তব্য নহে ॥৬॥

মনুষ্যশ্রেষ্ঠ! গুরুবাক্য (অর্জ্জুনের আদেশ) যেমন আমার নিকট বিশিষ্ট, তেমন আপনার বাক্যও বিশিষ্টতর ॥৭॥

প্রিয়ে হি তব বর্ত্তেতে ভ্রাতরৌ কৃষ্ণপাণ্ডবৌ ।
তয়োঃ প্রিয়ে স্থিতঞ্চৈব বিদ্ধি মাং রাজপুঙ্গব ! ॥৮॥
তবাজ্ঞাং শিরসা গৃহ্য পাণ্ডবার্থমহং প্রভো ! ।
ভিত্ত্বেদং দুর্ভিদং সৈন্যং প্রযাস্যে নরসত্তম ! ॥৯॥
দ্রোণানীকং বিশাম্যেষ ক্রুদ্ধো ঝষ ইবার্ণবম্ ।
তত্র যাস্যামি যত্রাসৌ রাজা রাজন্ ! জয়দ্রথঃ ॥১০॥
যত্র সেনাং সমাশ্রিত্য ভীতস্তিষ্ঠতি ফাল্গুনাৎ ।
গুপ্তো রথবরশ্রেষ্ঠৈর্দ্রৌণিকর্ণকৃপাদিভিঃ ॥১১॥
ইতস্ত্রিযোজনং মন্যে তমধ্বানং বিশাংপতে ! ।
যত্র তিষ্ঠতি পার্থোঽসৌ জয়দ্রথবধোদ্যতঃ ॥১২॥
ত্রিযোজনগতস্যাপি তস্য যাস্যাম্যহং পদম্ ।
আসৈন্ধববধাদ্রাজন্ ! সুদৃঢ়েনান্তরাত্মনা ॥১৩॥

ভারতকৌমুদী

প্রিয় ইতি। কৃষ্ণো যুধিষ্ঠিরস্য মাতুলপুত্ররূপো ভ্রাতা, পাণ্ডবোঽর্জ্জুনশ্চ সহোদরঃ ॥৮॥
তবেতি। গৃহ্য গৃহীত্বা, পাণ্ডবার্থমর্জ্জুনসাহায্যার্থম্ ॥৯॥
দ্রোণেতি। বিশামি প্রবিশামি। ঝষো মৎস্যঃ ॥১০॥
যত্রেতি। ফাল্গুনাদর্জ্জুনাৎ। গুপ্তো রক্ষিতঃ। দ্রৌণিরশ্বত্থামা ॥১১॥
ইত ইতি। অধ্বানং পন্থানম্। পার্থঃ অর্জ্জুনঃ ॥১২॥

রাজশ্রেষ্ঠ ! আপনার ভ্রাতা কৃষ্ণ ও অর্জ্জুন আপনার প্রিয়কার্য্যে নিরতই রহিয়াছেন ; আবার আমাকেও তাঁহাদের প্রিয়কার্য্যে নিরত বলিয়া অবগত হউন ॥৮॥

প্রভু নরশ্রেষ্ঠ ! আমি আপনার আদেশ মস্তকে ধারণপূর্ব্বক এই দুর্ভেদ্যসৈন্য ভেদ করিয়া অর্জ্জুনের সাহায্য করিবার জন্য প্রস্থান করিব ॥৯॥

রাজা ! মৎস্য যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ এই আমি ক্রুদ্ধ হইয়া দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিতেছি। ঐ জয়দ্রথরাজা যেখানে রহিয়াছেন, আমি সেইখানেই যাইব ॥১০॥

এবং অর্জ্জুন হইতে ভীত জয়দ্রথ—রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা, কর্ণ ও কৃপপ্রভৃতি-কর্ত্তৃক রক্ষিত হইয়া সৈন্য আশ্রয় করিয়া যেখানে অবস্থান করিতেছেন ॥১১॥

নরনাথ ! আমি মনে করি—ঐ অর্জ্জুন জয়দ্রথবধে উদ্যত হইয়া যেস্থানে রহিয়াছেন, সেস্থান এস্থান হইতে তিন যোজন হইবে ॥১২॥

(১১) যত্র সেনাস্থমাশ্রিত্য ··নি।

অনাদিষ্টস্তু গুরুণা কো নু যুধ্যেত মাদৃশঃ।
আদিষ্টস্তু ত্বয়া রাজন্! কো ন যুধ্যেত মাদৃশঃ ॥১৪॥
অভিজানামি তং দেশং যত্র যাস্যাম্যহং প্রভো!।
বহুশক্তিগদাপ্রাসচর্ম্মখড়্গর্ষ্টিতোমরম্।
ইষ্বস্ত্রবরসংবাধং ক্ষোভয়িষ্যে বলার্ণবম্ ॥১৫॥
যদেতৎ কুঞ্জরানীকং সহস্রমনুপশ্যসি।
কুলমঞ্জনকং নাম যত্রৈতে বীর্য্যশালিনঃ ॥১৬॥
আস্থিতা বহুভির্ম্লেচ্ছৈর্যুদ্ধশৌণ্ডৈঃ প্রহারিভিঃ।
নাগা মেঘনিভা রাজন্! ক্ষরন্ত ইব তোয়দাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ত্রীতি। পদং স্থানম্। আসৈন্ধববধাৎ জয়দ্রথবধাৎ পূর্বমেব ॥১৩॥

অনাদিষ্ট ইতি। গুরুণা অস্ত্রশিক্ষকাদিনা। ত্বয়া গুরোরর্জ্জুনস্যাপি গুরুণা ॥১৪॥

অথাত্মনোঽসাধারণবীরত্বং সূচয়িতুমেকত্রিংশতা শ্লোকৈর্ভেদ্যকৌরবসেনায়া গহনত্বং বর্ণয়তি। অভীতি। বহবঃ শক্তিগদাপ্রাসচর্ম্মখড়্গর্ষ্টিতোমরা যত্র তম্। তথা ইষুভির্বাণৈঃ অপরৈরস্ত্রবরৈশ্চ সংবাধং সঙ্কীর্ণং নিরন্তরমিতি যাবৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

যদিতি। কুঞ্জরানীকং হস্তিসৈন্যম্। কুলং হস্তিসমূহঃ, অঞ্জনকং তদ্বর্ণত্বাৎ ॥১৬॥

আস্থিতা ইতি। আস্থিতা আরূঢ়াঃ। যুদ্ধে শৌণ্ডৈর্মত্তৈঃ। নাগা গজাঃ ॥১৭॥

রাজা! তিনি তিন যোজন দূরে থাকিলেও, আমি অতিদৃঢ় চিত্তে জয়দ্রথ-বধের পূর্ব্বেই তাঁহার নিকটে উপস্থিত হইব ॥১৩॥

রাজা! গুরুজন আদেশ না করিলে, আমার মত কোন্ লোক যুদ্ধ করে? আবার আপনার মত গুরুজন আদেশ করিলেই বা আমার মত কোন্ ব্যক্তি যুদ্ধ না করে? ॥১৪॥

প্রভু! আমি যে স্থানে যাইব, সে স্থানের অবস্থা সর্ব্বতোভাবে জানি; সে স্থানে বহুতর শক্তি, গদা, কুন্ত, চর্ম্ম, তরবারি, ঋষ্টি ও তোমর চলিতেছে। আর বাণ ও অন্যান্য প্রধান অস্ত্রে পরিপূর্ণ বিপক্ষসৈন্যসমুদ্রকে আমি বিক্ষুব্ধ করিব ॥১৫॥

মহারাজ! এই যে সহস্র হস্তিসৈন্য দেখিতেছেন এবং যাহাতে এই বলবান্ বীরেরা রহিয়াছেন, ইহা 'অঞ্জনক'—নামে হস্তিসমূহ ॥১৬॥

রাজা! যুদ্ধমত্ত ও প্রহারনিপুণ বহুতর ম্লেচ্ছ যাহাতে আরোহণ

(১৫)…শূলশক্তি…বা,…হলশক্তি…নি বঙ্গ বর্দ্ধ। (১৭)…নাগা নগনিভাঃ… নি।

CENTRAL LIBRARY

নৈতে জাতু নিবর্ত্তেরন্ প্রেষিতা হস্তিসাদিভিঃ।
অন্যত্র হি বধাদেষাং নাস্তি রাজন্! পরাজয়ঃ ॥১৮॥
অথ যান্ রথিনো রাজন্! সমন্তাদনুপশ্যসি।
এতে রুক্মরথা নাম রাজপুত্রা মহারথাঃ ॥১৯॥
রথেষ্বশ্বেষু নিপুণা নাগেষু চ বিশাংপতে!।
ধনুর্ব্বেদে গতাঃ পারং মুষ্টিযুদ্ধে চ কোবিদাঃ ॥২০॥
গদাযুদ্ধবিশেষজ্ঞা নিযুদ্ধকুশলাস্তথা।
খড়্গপ্রহরণে যুক্তাঃ সম্পাতে চাসিচর্ম্মণোঃ ॥২১॥
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ স্পর্দ্ধন্তে চ পরস্পরম্।
নিত্যঞ্চ সমরে রাজন্! বিজিগীষন্তি মানবান্ ॥২২॥
কর্ণেন বিহিতা রাজন্! দুঃশাসনমনুব্রতাঃ।
এতাংস্তু বাসুদেবোঽপি রথোদারান্ প্রশংসতি ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। জাতু কদাচিৎ। হস্তিসাদিভির্হস্ত্যারোহিভিঃ ॥১৮॥
অথেতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু। রুক্মরথা স্বর্ণময়রথাঃ ॥১৯॥
রথেষ্বিতি। নাগেষু হস্তিষু। কোবিদা বিচক্ষণাঃ। এত ইত্যনুবৃত্তিঃ ॥২০॥
গদেতি। নিযুদ্ধে বাহুযুদ্ধে কুশলাঃ। যুক্তা দক্ষাঃ, সম্পাতে সঞ্চালনে ॥২১॥
শূরা ইতি। বিজিগীষন্তি বিজেতুমিচ্ছন্তি, মানবান্ সর্বানেব ॥২২॥

করিয়াছে, এই সেই মেঘতুল্য হস্তিগণ মেঘেরই ন্যায় মদজল বর্ষণ করিতেছে ॥১৭॥

রাজা! আরোহীরা সঞ্চালন করিলে, এই হস্তিগুলি কখনও নিবৃত্তি পায় না এবং বধ ব্যতীত ইহাদের পরাজয়ও হয় না ॥১৮॥

রাজা! তাহার পর সকল দিকে যে সকল রথীকে দেখিতেছেন, ইঁহারা রাজপুত্র ও মহারথ এবং ইঁহাদের নাম—'রুক্মরথ' ॥১৯॥

নরনাথ! আর ইঁহারা রথ, অশ্ব ও হস্তিযুদ্ধে নিপুণ, ধনুর্ব্বেদের পারগামী ও মুষ্টিযুদ্ধে বিচক্ষণ ॥২০॥

বিশেষতঃ ইঁহারা গদাযুদ্ধে বিশেষজ্ঞ, বাহুযুদ্ধে বিশারদ এবং তরবারি-প্রহারে ও অসিচর্ম্মসঞ্চালনে দক্ষ ॥২১॥

রাজা! ইঁহারা বীর, কৃতবিদ্য, পরস্পর স্পর্দ্ধা করিয়া থাকেন এবং যুদ্ধে সর্ব্বদা সকল মানুষকেই জয় করিবার ইচ্ছা করেন ॥২২॥

সততং প্রিয়কামাশ্চ কর্ণস্যৈতে বশে স্থিতাঃ।
তস্যৈব বচনাদ্রাজন্! নিবৃত্তাঃ শ্বেতবাহনাৎ ॥২৪॥
তে ন ক্ষতা ন চ শ্রান্তা দৃঢ়াবরণকার্ম্মুকাঃ।
মদর্থে বিষ্ঠিতা নূনং ধার্ত্তরাষ্ট্রস্য শাসনাৎ ॥২৫॥
এতান্ প্রমথ্য সংগ্রামে প্রিয়ার্থং তব কৌরব!।
প্রযাস্যামি ততঃ পশ্চাৎ পদবীং সব্যসাচিনঃ ॥২৬॥
যানেতানপরান্ রাজন্! নাগান্ সপ্তশতানিহ।
প্রেক্ষসে বর্ম্মসংছন্নান্ কিরাতৈঃ সমিধিষ্ঠিতান্ ॥২৭॥
কিরাতরাজো যান্ প্রাদাদ্বিজিতঃ সব্যসাচিনা।
স্বলঙ্কৃতাংস্তথা প্রেষ্যানিচ্ছন্ জীবিতমাত্মনঃ ॥২৮॥
আসন্নেতে পুরা রাজন্! তব কর্ম্মকরা দৃঢ়ম্।
ত্বামেবাদ্য যুযুৎসন্তে পশ্য কালস্য পর্য্যয়ম্ ॥২৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কর্ণেনেতি। দুঃশাসনং প্রতি অনুব্রতা অনুকূলাঃ। রথোদারান্ মহারথান্ ॥২৩॥
সততমিতি। শ্বেতবাহনাৎ অর্জ্জুনাৎ তেন সহ যুদ্ধাদিত্যর্থঃ ॥২৪॥
ত ইতি। মদর্থে ময়া সহ যুদ্ধার্থে, বিষ্ঠিতা অবস্থিতাঃ, শাসনাদাদেশাৎ ॥২৫॥
এতানিতি। পদবীং পন্থানম্, সব্যসাচিনঃ অর্জ্জুনস্য ॥২৬॥
যানিতি। নাগান্ গজান্। প্রাদাৎ অর্জ্জুনায়। ইচ্ছন্ অর্জ্জুনাদেব রক্ষিতুমিতি শেষঃ। যুযুৎসন্তে ছিদ্রপ্রাপ্ত্যা বিপক্ষাবলম্বনাদিতি ভাবঃ। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥২৭—২৯॥

নরনাথ! কর্ণ ইহাদিগকে দুঃশাসনের অনুবর্ত্তী করিয়া দিয়াছেন এবং কৃষ্ণও ইহাদিগকে মহারথ বলিয়া প্রশংসা করেন ॥২৩॥

রাজা! ইহারা সর্বদা কর্ণের প্রিয়কার্য্য করিবার অভিলাষী এবং তাঁহারই বশীভূত বলিয়া তাঁহারই আদেশে অর্জ্জুনের সহিত যুদ্ধ করেন নাই ॥২৪॥

ইহারা যুদ্ধে ক্ষত-বিক্ষত হন নাই বা পরিশ্রান্তও হন নাই; অথচ ইহাদের বর্ম্ম ও ধনু দৃঢ়। তা'র পর ইহারা নিশ্চয়ই দুর্য্যোধনের আদেশে আমার সহিত যুদ্ধ করিবার জন্য অবস্থান করিতেছেন ॥২৫॥

কৌরবনন্দন! অতএব আমি আপনার প্রিয়কার্য্য করিবার জন্য যুদ্ধে ইহাদিগকে মথিত করিয়া তাহার পরে অর্জ্জুনের পথে গমন করিব ॥২৬॥

রাজা! আপনি—বর্ম্মাবৃতদেহ ও কিরাতগণে অধিষ্ঠিত এই অপর যে

(২৫) তে ন ক্লান্তাঃ···মদর্থেঽধিষ্ঠিতাঃ···বা নি। (২৮)···গৃহীতঃ সব্যসাচিনা···বা নি।

CENTRAL LIBRARY

এষামেতে মহামাত্রাঃ কিরাতা যুদ্ধদুর্ম্মদাঃ।
হস্তিশিক্ষাবিদশ্চৈব সর্বে চৈবাগ্নিযোনয়ঃ ॥৩০॥
এতে বিনির্জিতাঃ সর্ব্বে সংগ্রামে সব্যসাচিনা।
মদর্থমদ্য সংযত্তা দুর্য্যোধনবশানুগাঃ ॥৩১॥
এতান্ হত্বা শরৈ রাজন্! কিরাতান্ যুদ্ধদুর্ম্মদান্।
সৈন্ধবস্য বধে যত্তমনুযাস্যামি পাণ্ডবম্ ॥৩২॥
যে ত্বেতে সুমহানাগা অঞ্জনস্য কুলোদ্ভবাঃ।
কর্কশাশ্চ বিনীতাশ্চ প্রভিন্নকরটামুখাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

এষামিতি। মহামাত্রা আরোহিণঃ, "মহামাত্রঃ প্রধানে স্যাদারোহকসমৃদ্ধয়োঃ" ইতি হেমচন্দ্রঃ ॥৩০॥

তত ইতি। সংযত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ স্থিতা ইতি শেষঃ ॥৩১॥

এতানিতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য, যত্তং যত্নবন্তম্, পাণ্ডবমর্জ্জুনম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মেতি ॥১—১২॥ আসৈন্ধববধাৎ সৈন্ধববধাৎ প্রাগেব ॥১৩—১৪॥ শূলাদিতোমরান্ত-মর্শাস্ত্রজন্তম্ ॥১৫॥ সহস্রঃ সহস্রপ্রতিমম্ ॥১৬—২০॥ সম্পাতে বিহরণে ॥২১—৩২॥ অঞ্জনস্য অরুণোপবাহস্য ॥৩৩॥ স্নিগ্ধনীলাম্বুদপ্রখ্যাঃ সুবিভক্তপদৈর্যুতাঃ সুবিভক্তমহাশীর্ষাঃ

সপ্তশত হস্তী দেখিতেছেন এবং কিরাতরাজ (রাজসূয়ের সময়ে) অর্জ্জুন-কর্ত্তৃক বিজিত হইয়া তাঁহার হস্ত হইতে নিজের জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া সুন্দর অলঙ্কৃত ও আজ্ঞাবহ যে হস্তীগুলিকে (উপঢৌকনস্বরূপ) অর্জ্জুনকে দান করিয়াছিলেন; রাজা! এইগুলি পূর্বে আপনারই দৃঢ়ভাবে কার্য্যকারী ছিল; কিন্তু আজ ইহারা আপনার সহিতই যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছে!। দেখুন—কালের কি পরিবর্ত্তন ॥২৭—২৯॥

ইহাদের আরোহী এই সকল যুদ্ধদুর্দ্ধর্ষ কিরাত হস্তিগণকে শিক্ষা দান করিতে জানে এবং ইহারা সকলেই অগ্নি হইতে উৎপন্ন ॥৩০॥

অর্জ্জুন যুদ্ধে ইহাদের সকলকেই জয় করিয়া গিয়াছেন। সুতরাং এখন ইহারা দুর্য্যোধনের আদেশে আমাকে জয় করিবার জন্য যত্নবান্ হইয়া রহিয়াছে ॥৩১॥

অতএব রাজা! আমি বাণদ্বারা এই যুদ্ধদুর্দ্ধর্ষ কিরাতগণকে জয় করিয়া জয়দ্রথবধে যত্নবান্ অর্জ্জুনের অনুসরণ করিব ॥৩২॥

(৩০) তেষামেতে···পি বঙ্গ বর্দ্ধ। (৩১) এতে বিনির্জিতাঃ সংখ্যে সংগ্রামে···বা নি।

জাম্বূনদনিভৈঃ সর্ব্বৈর্ব্বর্ম্মভিঃ সুবিভূষিতাঃ।
লব্ধলক্ষা রণে রাজন্! ঐরাবণসমা যুধি ॥৩৪॥
উত্তরাৎ পর্ব্বতাদেতে তীক্ষ্ণৈর্দস্যুভিরাস্থিতাঃ।
কর্কশৈঃ প্রবরৈর্যোধৈঃ কার্ষ্ণায়সতনুচ্ছদৈঃ ॥৩৫॥ (বিশেষকম্)
সন্তি গোযোনয়শ্চাত্র সন্তি বানরযোনয়ঃ।
অনেকযোনয়শ্চান্যে তথা মানুষযোনয়ঃ ॥৩৬॥
অনীকং সমবেতানাং ধূমবর্ণমুদীর্য্যতে।
ম্লেচ্ছানাং পাপকর্ত্তৃণাং হিমবদ্দুর্গবাসিনাম্ ॥৩৭॥
এতদ্দুর্য্যোধনো লব্ধ্বা সমগ্রং রাজমণ্ডলম্।
কৃপঞ্চ সৌমদত্তিঞ্চ দ্রৌণিঞ্চ রথিনাং বরম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

য ইতি। সুমহানাগা অতিবিশালা গজাঃ, অঞ্জনস্য তদাখ্যস্য দিগ্গজস্য। কর্কশাঃ কঠিনস্বভাবাঃ, বিনীতা যুদ্ধে শিক্ষিতাঃ, প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডদ্বয়ং বদনঞ্চ যেষাং তে। জাম্বূনদনিভৈঃ স্বর্ণবর্ণৈঃ। লব্ধলক্ষাঃ প্রাগপি প্রাপ্তলক্ষ্যাঃ। ঐরাবণসমা ঐরাবততুল্যাঃ। উত্তরাৎ পর্বতাদাগতা ইতি শেষঃ, তীক্ষ্ণৈঃ হিংস্রস্বভাবৈঃ, আস্থিতা আরূঢ়াঃ। কার্ষ্ণায়সা দৃঢ়লৌহময়াস্তনুচ্ছদা বর্ম্মাণি যেষাং তৈঃ ॥৩৩—৩৫॥

সন্তীতি। গোযোনয়ো বশিষ্ঠবিশ্বামিত্রযুদ্ধকালে বশিষ্ঠতপঃপ্রভাবেণ গোযোনিতো জাতাঃ, গোষু মানুষৈরুৎপাদিতা বা। এবমন্যত্রাপি ॥৩৬॥

অনীকমিতি। অনীকং সৈন্যম্। উদীর্য্যতে উদ্দীপ্যতে। পাপকর্ত্তৃণাং বেদবিরুদ্ধাচরণাদিতি ভাবঃ ॥৩৭॥

দিগ্গজ অঞ্জনের কুলোৎপন্ন, কঠিনস্বভাব, যুদ্ধে সুশিক্ষিত, মদস্রাবি-গণ্ড-বদন, স্বর্ণবর্ণবর্ম্মে সম্যক্ অলঙ্কৃত, পূর্ব্বেও যুদ্ধে প্রাপ্তলক্ষ্য এবং যুদ্ধে ঐরাবতের তুল্য এই যে সকল বিশাল হস্তী হিমালয় হইতে আসিয়াছে, এগুলির উপরে ক্রূরস্বভাব, কঠিনদেহ, মহাযোদ্ধা ও দৃঢ়লৌহবর্ম্মাবৃত দস্যুরা আরোহণ করিয়া রহিয়াছে ॥৩৩—৩৫॥

ইহাদের মধ্যে গোযোনি, বানরযোনি, অন্যযোনি ও মানুষযোনি লোক আছে ॥৩৬॥

হিমালয়দুর্গবাসী ও পাপকারী সমবেত ধূম্রবর্ণ ম্লেচ্ছসৈন্যগণ ঐ প্রকাশ পাইতেছে ॥৩৭॥

---

(৩৫)…শূরৈরুত্তমপার্বতৈঃ…নি। (৩৭) অনীকমসতামেতদ্ধূম্রবর্ণম্…হিমদুর্গনিবাসিনাম্—নি। (৩৮) …দ্রোণঞ্চ রথিনাং বরম্…বা নি।

CENTRAL LIBRARY

সিন্ধুরাজং তথা কর্ণমবামন্যত পাণ্ডবান্ ।
কৃতার্থমথ চাত্মানং মন্যতে কালচোদিতঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
তে তু সর্ব্বেঽদ্য সংপ্রাপ্তা মম নারাচগোচরম্ ।
ন বিমোক্ষ্যন্তি কৌন্তেয় ! যদ্যপি স্যুর্মনোজবাঃ ॥৪০॥
তেন সম্ভাবিতা নিত্যং পরবীর্য্যোপজীবিনা ।
বিনাশমুপযাস্যন্তি মচ্ছরৌঘনিপীড়িতাঃ ॥৪১॥
যে ত্বেতে রথিনো রাজন্ ! দৃশ্যন্তে কাঞ্চনধ্বজাঃ ।
এতে দুর্ব্বারণা নাম কাম্বোজা যদি তে শ্রুতাঃ ॥৪২॥
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ ধনুর্ব্বেদে চ নিষ্ঠিতাঃ ।
সংহতাশ্চ ভৃশং হ্যেতে অন্যোন্যস্য হিতৈষিণঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

এতদিতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্, দ্রোণিমশ্বত্থামানম্। কালেন চোদিতঃ প্রেরিতঃ ॥৩৮—৩৯॥

ত ইতি। নারাচানাং বাণবিশেষাণাং গোচরং বিষয়তাম্। মনস ইব জবো বেগো যেষাং তে ॥৪০॥

তেনেতি। তেন দুর্য্যোধনেন, সম্ভাবিতাঃ সম্মানিতাঃ ॥৪১॥

য ইতি। কাঞ্চনানামিম ইতি কাঞ্চনাঃ স্বর্ণময়া ধ্বজা যেষাং তে। ইদমর্থে অণ্ ॥৪২॥

শূরা ইতি। নিষ্ঠিতাঃ কৃতশ্রমাঃ। সংহতাঃ সম্মিলিতাঃ ॥৪৩॥

কালপ্রেরিত দুর্য্যোধন এই সমস্ত রাজমণ্ডলকে এবং রথিশ্রেষ্ঠ কৃপ, ভূরিশ্রবা, অশ্বত্থামা, জয়দ্রথ ও কর্ণকে পাইয়া পাণ্ডবগণের অবমাননা করিয়াছে এবং আপনাকে কৃতার্থ বলিয়া মনে করিতেছে ॥৩৮—৩৯॥

কুন্তীনন্দন ! তাহারা সকলেই আজ আমার বাণগোচর হইয়াছে। সুতরাং উহারা যদি মনের ন্যায় বেগবান্‌ও হয়, তথাপি মুক্তি পাইবে না ॥৪০॥

পরবীর্য্যোপজীবী দুর্য্যোধন সর্বদাই উহাদের সম্মান করিয়া থাকে ; কিন্তু উহারা আজ আমার বাণসমূহে নিপীড়িত হইয়া বিনষ্ট হইবে ॥৪১॥

রাজা ! এই যে স্বর্ণধ্বজ রথিগণকে দেখা যাইতেছে, ইহারা কাম্বোজ-দেশীয় ; ইহাদের নাম—'দুর্বারণ'। হয় ত আপনি ইহাদের নাম শুনিয়া থাকিবেন ॥৪২॥

ইহারা বীর, কৃতবিদ্য, ধনুর্ব্বেদে শিক্ষিত, অত্যন্ত সংঘবদ্ধ এবং পরস্পর হিতৈষী ॥৪৩॥

(৪০)···ন ভবিষ্যন্তি !···নি।

অক্ষৌহিণ্যশ্চ সংরব্ধা ধার্ত্তরাষ্ট্রস্য ভারত!।
যত্তা মদর্থং তিষ্ঠন্তি কুরুবীরাভিরক্ষিতাঃ ॥৪৪॥
অপ্রমত্তা মহারাজ! মামেব প্রত্যুপস্থিতাঃ।
তাংস্ত্বহং প্রমথিষ্যামি তৃণানীব হুতাশনঃ ॥৪৫॥
তস্মাৎ সর্বানুপাসঙ্গান্ সর্ব্বোপকরণানি চ।
রথে কুর্ব্বন্তু মে রাজন্! যথাবদ্রথকল্পকাঃ ॥৪৬॥
অস্মিংস্তু খলু সংগ্রামে গ্রাহ্যং বিবিধমায়ুধম্।
যথোপদিষ্টমাচার্য্যৈঃ কার্য্যঃ পঞ্চগুণো রথঃ ॥৪৭॥
কাম্বোজৈশ্চ সমেষ্যামি ক্রুদ্ধৈরাশীবিষোপমৈঃ।
নানাশস্ত্রসমাবায়ৈর্বিবিধায়ুধযোধিভিঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

অক্ষৌহিণ্য ইতি। সংরব্ধা যুদ্ধায় সোৎসাহাঃ। যত্তা জয়ায় যত্নবন্তঃ ॥৪৪॥
অপ্রেতি। অপ্রমত্তা যুদ্ধে সাবধানাঃ ॥৪৫॥
তস্মাদিতি। উপাসঙ্গান্ তূণান্, সর্ব্বোপকরণানি কার্ম্মুকাদীনি ॥৪৬॥
অস্মিন্নিতি। কার্য্যঃ কর্ত্তব্যঃ, পঞ্চগুণঃ পঞ্চগুণসজ্জঃ ॥৪৭॥
কাম্বোজৈরিতি। সমেষ্যামি যুদ্ধে সম্মিলিতো ভবিষ্যামি। আশীবিষোপমৈস্তীক্ষ্ণবিষ-সর্পতুল্যৈঃ। নানা শস্ত্রাণাং সমাবায়ঃ সমূহো যেষু তৈঃ ॥৪৮॥

ভরতনন্দন! দুর্য্যোধনের বহু অক্ষৌহিণী সৈন্য যুদ্ধে উৎসাহী, জয়ের জন্য যত্নবান্ এবং কুরুবীরগণে রক্ষিত হইয়া আমার জন্য অবস্থান করিতেছে ॥৪৪॥

মহারাজ! ইহারা আমার জন্যই উপস্থিত হইয়াছে। সুতরাং অগ্নি যেমন তৃণসমূহ বিনষ্ট করে, আমিও সেইরূপ ইহাদিগকে বিনষ্ট করিব ॥৪৫॥

অতএব রাজা! রথসজ্জাকারী লোকেরা যথাযথভাবে আমার রথে সমস্ত তূণীর এবং সর্ব্বপ্রকার যুদ্ধোপকরণ সংস্থাপন করুক ॥৪৬॥

এই যুদ্ধে নানাপ্রকার অস্ত্র গ্রহণ করিতে হইবে; আর আচার্য্যগণের উপদেশক্রমে পাঁচগুণ রথসজ্জা করিতে হইবে ॥৪৭॥

আমি আজ ক্রুদ্ধ তীক্ষ্ণবিষ সর্পের তুল্য, নানাবিধ শস্ত্রধারী ও বহুবিধ অস্ত্রদ্বারা যুদ্ধকারী কাম্বোজগণের সহিত যুদ্ধে মিলিত হইব ॥৪৮॥

(৪৪)…মদর্থে…বা নি। (৪৭) অস্মিংস্তু কিল সংমর্দ্দে…বা নি। (৪৮) কাম্বোজৈর্হি …তীক্ষ্ণৈরাশীবিষোপমৈঃ…বা নি।

কিরাতৈশ্চ সমেষ্যামি বিষকল্পৈঃ প্রহারিভিঃ।
লালিতৈঃ সততং রাজ্ঞা দুর্য্যোধনহিতৈষিভিঃ ॥৪৯॥
শকৈশ্চাপি সমেষ্যামি শক্রতুল্যপরাক্রমৈঃ।
অগ্নিকল্পৈর্দুরাধর্ষৈঃ প্রদীপ্তৈরিব পাবকৈঃ ॥৫০॥
তথান্যৈর্বিবিধৈর্ঘোরৈঃ কালকল্পৈর্দুরাসদৈঃ।
সমেষ্যামি রণে রাজন্! বহুভির্যুদ্ধদুর্ম্মদৈঃ ॥৫১॥
তস্মাদ্বৈ বাজিনো মুখ্যা বিশ্রান্তাঃ শুভলক্ষণাঃ।
উপাবৃত্তাশ্চ পীতাশ্চ পুনর্যুজ্যন্তু মে রথে ॥৫২॥

সঞ্জয় উবাচ।

তস্য সর্ব্বানুপাসঙ্গান্ সর্ব্বোপকরণানি চ।
রথে চাস্থাপয়দ্রাজা শস্ত্রাণি বিবিধানি চ ॥৫৩॥

ভারতকৌমুদী

কিরাতৈরিতি। লালিতৈর্বেতনাদিনা সাদরং পোষিতৈঃ, রাজ্ঞা কিরাতরাজেন ॥৪৯॥
শকৈরিতি। প্রদীপ্তৈঃ প্রজ্বলিতৈঃ, পাবকৈরগ্নিস্তূপৈঃ ॥৫০॥
তথেতি। কালকল্পৈর্যমতুল্যৈঃ সহ ॥৫১॥
তস্মাদিতি। উপাবৃত্তা ঘূর্ণনং প্রাপিতাঃ, পীতাঃ পীতজলাঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

করিণোঽজনবংশজাঃ ॥৩৪॥ উত্তরাং পর্ব্বতাচ্চ হিমাচলাদাগতৈরর্থাৎ ॥৩৫—৪০॥ তেন দুর্য্যোধনেন, সম্ভাবিতাঃ সংবর্দ্ধিতাঃ ॥৪১—৪৪॥ তানুদ্দিষ্টান্ ॥৪৫—৪৬॥ পঞ্চগুণঃ পঞ্চগুণসামগ্রীকঃ ॥৪৭॥ নানাশস্ত্রাণাং সমাবায়ঃ সমূহো যেষু ॥৪৮—৫১॥ পীতাঃ

বিষের তুল্য তীক্ষ্ণ, প্রহারনিপুণ, সর্ব্বদা কিরাতরাজকর্ত্তৃক লালিত ও দুর্য্যোধনের হিতৈষী কিরাতগণের সহিত যুদ্ধ করিব ॥৪৯॥

ইন্দ্রের তুল্য পরাক্রমশালী, অগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ ও প্রজ্বলিত অগ্নির সমান তেজস্বী শকদিগের সহিতও মিলিত হইব ॥৫০॥

এবং রাজা! যমের তুল্য দুর্দ্ধর্ষ ও ভয়ঙ্কর যুদ্ধদুর্ম্মদ অন্য বহুবিধ বহু বীরের সহিত যুদ্ধে সম্মিলিত হইব ॥৫১॥

অতএব যেগুলি বিশ্রাম করিয়াছে, ঘুরিয়াছে এবং জলপান করিয়াছে, এইরূপ ও শুভলক্ষণসম্পন্ন উত্তম চারিটী ঘোড়া পুনরায় আমার রথে সংযুক্ত হউক' ॥৫২॥

(৫১)···বিবিধৈর্ঘোরৈঃ···বা নি। (৫২)···যুজ্যন্তু মে রথে—নি। (৫৩)···রথেঽবস্থাপয়দ্রাজা··বঙ্গ বর্দ্ধ।

ততস্তান্ সর্ব্বতো মুক্তান্ সদশ্বাংশ্চতুরো জনাঃ।
রসবৎ পায়য়ামাসুঃ পানং মদসমীরণম্ ॥৫৪॥
পীতোপবৃত্তান্ স্নাতাংশ্চ জগ্ধান্নান্ সমলঙ্কৃতান্।
বিনীতশল্যাংস্তুরগাংশ্চতুরো হেমমালিনঃ ॥৫৫॥
তাংস্তদা রূপ্যবর্ণাভান্ বিনীতান্ শীঘ্রগামিনঃ।
সংহৃষ্টমনসোঽব্যগ্রান্ বিধিবৎ কল্পিতে রথে ॥৫৬॥
মহাধ্বজেন সিংহেন হেমকেশরমালিনা।
সংবৃতে কেতকৈর্হৈমৈর্মণিবিদ্রুমচিত্রিতৈঃ ॥৫৭॥
পাণ্ডরাভ্রপ্রকাশাভিঃ পতাকাভিরলঙ্কৃতে।
হেমদণ্ডোচ্ছ্রিতচ্ছত্রে বহুশস্ত্রপরিচ্ছদে।
যোজয়ামাস বিধিবদ্ধেমভাণ্ডবিভূষিতান্ ॥৫৮॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। উপাসঙ্গান্ তূণান্, সর্বোপকরণানি কার্ম্মুকাদীনি। রাজা যুধিষ্ঠিরঃ ॥৫৩॥

তত ইতি। মুক্তান্ বহুকালং রথে অযোজিতান্, অতএব বিশ্রান্তানিত্যাশয়ঃ। রসবৎ স্বাদু, পীয়ত ইতি পানং জলম্, মদসমীরণং মত্ততাজনকম্ ॥৫৪॥

পীতেতি। জগ্ধান্নান্ ভুক্তঘাসান্। বিনীতশল্যান্ উদ্ধৃতবাণাগ্রান্। বিনীতান্ শিক্ষিতান্। অব্যগ্রান্ স্থিরান্, কল্পিতে সজ্জিতে। সিংহেন সিংহলাঞ্ছনেন। কেতকৈঃ পুষ্পৈঃ। পাণ্ডরাভ্রবৎ শুভ্রমেঘবৎ প্রকাশো যাসাং তাভিঃ। হেমভাণ্ডৈঃ স্বর্ণভূষণৈর্বিভূষিতান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫—৫৮॥

সঞ্জয় বলিলেন—'তখন যুধিষ্ঠির সাত্যকির রথে সর্ব্বপ্রকার তূণ, সমস্তবিধ উপকরণ ও নানাবিধ অস্ত্র সংস্থাপন করাইলেন ॥৫৩॥

তাহার পর ভৃত্যেরা সর্ব্বতোভাবে বিশ্রান্ত চারিটী উত্তম অশ্বকে সুস্বাদু ও যুদ্ধমত্ততাজনক জল পান করাইল ॥৫৪॥

তখন রজতের ন্যায় শুভ্রবর্ণ, শিক্ষিত, শীঘ্রগামী, স্বর্ণমালাধারী ও স্থির-স্বভাব সেই চারিটী অশ্ব জল পান করিয়া, মণ্ডলাকারে ঘুরিয়া, স্নান করিয়া, ঘাস খাইয়া এবং অলঙ্কৃত ও শল্যশূন্য হইয়া হৃষ্টচিত্ত হইল। পরে ভৃত্যেরা স্বর্ণভূষণে ভূষিত সেই অশ্বগুলিকে নিয়া সুসজ্জিত রথে সংযুক্ত করিল এবং সেই রথের উপরে একটা বিশাল ধ্বজ তুলিয়া দিল, তাহার উপরে আবার স্বর্ণময়কেশরমালাধারী একটা সিংহমূর্ত্তি স্থাপন করিল; মণি ও প্রবালবিচিত্র

(৫৪)···সর্বতো মুক্তা···পি বঙ্গ বর্দ্ধ। (৫৭)···কেতনৈর্হৈমৈঃ···পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

দারুকস্যানুজো ভ্রাতা সূতস্তস্য প্রিয়ঃ সখা।
ন্যবেদয়দ্রথং যুক্তং বাসবস্যেব মাতলিঃ ॥৫৯॥
ততঃ স্নাতঃ শুচির্ভূত্বা কৃতকৌতুকমঙ্গলঃ।
স্নাতকানাং সহস্রস্য স্বর্ণনিষ্কানথো দদৌ ॥৬০॥
আশীর্ব্বাদৈঃ পরিষ্বক্তঃ সাত্যকিঃ শ্রীমতাং বরঃ।
ততঃ স মধুপর্কাম্ভঃ পীত্বা কৈরাতকং মধু ॥৬১॥
লোহিতাক্ষো বভৌ তত্র মদবিহ্বললোচনঃ।
আলভ্য বীরকাংস্যঞ্চ হর্ষেণ মহতান্বিতঃ ॥৬২॥ (যুগ্মকম্)
দ্বিগুণীকৃততেজাঃ স প্রজ্বলন্নিব পাবকঃ।
উৎসঙ্গে ধনুরাদায় সশরং রথিনাং বরঃ ॥৬৩॥
কৃতস্বস্ত্যয়নো বিপ্রৈঃ কবচী সমলঙ্কৃতঃ।
লাজৈর্গন্ধৈস্তথা মাল্যৈঃ কন্যাভিরভিনন্দিতঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

দারুকস্যেতি। দারুকস্য কৃষ্ণসারথেঃ। সূতঃ সারথিঃ। যুক্তং সজ্জিতম্ ॥৫৯॥
তত ইতি। স্নাতকানাং গৃহমেধিনাং বিপ্রাণাম্, স্বর্ণানাং নিষ্কান্ মুদ্রাঃ ॥৬০॥
আশীরিতি। পরিষ্বক্তঃ সম্বদ্ধঃ, শ্রীমতাং বীরশোভাবতাম্। কৈরাতকং কিরাতদেশোৎপন্নম্, মধু মদ্যম্। আলভ্য স্পৃষ্ট্বা, বীরকাংস্যং বীরযোগ্যকাংস্যদর্পণম্ ॥৬১—৬২॥

বহুতর স্বর্ণকেতকীপুষ্পদ্বারা সেই রথখানাকে আবৃত করিল, জলশূন্য মেঘের ন্যায় শুভ্রবর্ণ পতাকাদ্বারা অলঙ্কৃত করিল; আর তাহাতে স্বর্ণদণ্ড একটা ছত্র তুলিয়া দিল এবং বহুতর অস্ত্র ও পরিচ্ছদ সংস্থাপন করিল ॥৫৫—৫৮॥

পরে মাতলি যেমন ইন্দ্রের নিকট নিবেদন করে, সেইরূপ কৃষ্ণসারথি দারুকের কনিষ্ঠ ভ্রাতা এবং সাত্যকির প্রিয় সখা সারথি আসিয়া নিবেদন করিল যে, 'রথ সজ্জিত হইয়াছে' ॥৫৯॥

তদনন্তর সাত্যকি স্নান করিয়া পবিত্র হইয়া কৌতুকমঙ্গল সম্পাদনপূর্বক সহস্র গৃহস্থ ব্রাহ্মণকে স্বর্ণমুদ্রা দান করিলেন ॥৬০॥

তাহার পর বীরশোভায় শোভিতগণের মধ্যে শ্রেষ্ঠ সাত্যকি ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ পাইয়া মধুপর্কের জল ও কিরাতদেশজাত মদ্য পান করিয়া আরক্ত ও বিহ্বলনয়ন এবং বিশেষ আনন্দিত হইয়া বীরজনোচিত কাংস্যদর্পণ স্পর্শ করিয়া শোভা পাইতে লাগিলেন ॥৬১—৬২॥

(৬৩) দ্বিগুণীকৃততেজা হি···বা, দ্বিগুণীকৃততেজোভিঃ···নি।

যুধিষ্ঠিরস্য চরণৌ প্রণম্য চ কৃতাঞ্জলিঃ।
তেন মূর্দ্ধন্যুপাঘ্রাত আরুরোহ মহারথম্ ॥৬৫॥ (বিশেষকম্)
ততস্তে বাজিনো হৃষ্টাঃ সুপুষ্টা বাতরংহসঃ।
অজয্যা জৈত্রমুহুস্তং বিকুর্ব্বাণাঃ স্ম সৈন্ধবাঃ ॥৬৬॥
তথৈব ভীমসেনোঽপি ধর্ম্মরাজেন পূজিতঃ।
প্রায়াৎ সাত্যকিনা সার্দ্ধমভিবাদ্য যুধিষ্ঠিরম্ ॥৬৭॥
তৌ দৃষ্ট্বা প্রবিবিক্ষন্তৌ তব সৈন্যমরিন্দমৌ।
সংযত্তাস্তাবকাঃ সর্ব্বে তস্থুর্দ্রোণপুরোগমাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

দ্বিগুণীতি। উৎসঙ্গে ক্রোড়ে। কৃতং স্বস্ত্যয়নং বেদপাঠাদিমঙ্গলাচরণং যস্য সঃ। কবচী বর্ম্মাবৃতদেহঃ। তেন যুধিষ্ঠিরেণ ॥৬৩—৬৫॥

তত ইতি। অজয্যা জেতুমশক্যাঃ, জৈত্রং জয়শীলম্, বিকুর্ব্বাণাস্তেজ আবিষ্কুর্ব্বন্তঃ ॥৬৬॥

তথেতি। পূজিতঃ কর্ত্তব্যকরণোদ্যততয়া সম্মানিতঃ। প্রায়াৎ প্রয়াতুমারভত ॥৬৭॥

তাবিতি। তব সৈন্যং প্রবিবিক্ষন্তৌ প্রবেষ্টুমিচ্ছন্তৌ। সংযত্তাস্তয়োর্নিবারণায় যত্নবন্তঃ ॥৬৮॥

তখন তাঁহার তেজ দ্বিগুণ হইল; তিনি যেন অগ্নির ন্যায় জ্বলিতে লাগিলেন; ব্রাহ্মণেরা মঙ্গলাচরণ করিতে থাকিলেন; কন্যারা লাজ (খই), গন্ধদ্রব্য ও মালা নিক্ষেপ করিয়া অভিনন্দন করিতে লাগিল; সেই অবস্থায় কবচধারী, সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত ও রথিশ্রেষ্ঠ সাত্যকি ক্রোড়ে ধনু ও বাণ লইয়া যুধিষ্ঠিরের চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন; তখন যুধিষ্ঠির তাঁহার মস্তকাঘ্রাণ করিলে তিনি বিশাল রথে আরোহণ করিলেন ॥৬৩—৬৫॥

তদনন্তর হৃষ্ট, পুষ্টদেহ, বায়ুর ন্যায় বেগবান্ ও অজেয় সিন্ধুদেশীয় সেই অশ্বগণ তেজ আবিষ্কার করিতে থাকিয়া বিজয়শীল সাত্যকিকে বহন করিতে লাগিল ॥৬৬॥

সেইরূপ ভীমসেনও যুধিষ্ঠিরকর্ত্তৃক সম্মানিত হইয়া এবং তাঁহাকে অভিবাদন করিয়া সাত্যকির সহিত গমন করিতে আরম্ভ করিলেন ॥৬৭॥

মহারাজ! শত্রুদমনকারী সেই সাত্যকি ও ভীমসেনকে আপনার

(৬৫)···অভিবন্দ্য কৃতাঞ্জলিঃ···বা,···অভিবাদ্য কৃতাঞ্জলিঃ···নি। (৬৮)···তব সেনাম্···নি।

CENTRAL LIBRARY

সন্নদ্ধমনুগচ্ছন্তং দৃষ্ট্বা ভীমং স সাত্যকিঃ।
অভিনন্দ্যাব্রবীদ্বীরস্তদা হর্ষকরং বচঃ ॥৬৯॥
অথ হর্ষপরীতাঙ্গঃ সাত্যকির্ভীমমব্রবীৎ।
ত্বং ভীম! রক্ষ রাজানমেতৎ কার্য্যতমং হি তে ॥৭০॥
অহং ভিত্ত্বা প্রবেক্ষ্যামি কালপক্বমিদং বলম্।
আয়ত্যাঞ্চ তদাত্বে চ শ্রেয়ো রাজ্ঞোঽভিরক্ষণম্ ॥৭১॥
জানীষে মম বীর্য্যং ত্বং তব চাহমরিন্দম!।
তস্মাদ্ভীম! নিবর্ত্তস্ব মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥৭২॥

ভারতকৌমুদী

সন্নদ্ধমিতি। সন্নদ্ধম্ অনুগমনায় সজ্জিতম্ ॥৬৯॥

অথেতি। হর্ষেণ পরীতাঙ্গো ব্যাপ্তগাত্রঃ। কার্য্যতমং প্রধানকার্য্যম্ ॥৭০॥

অহমিতি। কালেন পক্বং পক্বতয়া পতনোন্মুখম্। আয়ত্যামুত্তরকালে, তদাত্বে ইদানীম্ ॥৭১॥

জানীষ ইতি। এক এবাহং গন্তুমর্হামি, তত্রৈক এব রক্ষিতুমর্হসীতি ভাবঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

পায়িতপেয়াঃ ॥৫২—৫৬॥ মহাধ্বজেনেতি বিশেষণে তৃতীয়া। কেতকৈঃ কুন্দঘটিত-শলাকাভিঃ ॥৫৭—৫৯॥ স্বর্ণনিষ্কাং দীনারাং ॥৬০—৭০॥ আয়ত্যামুত্তরকালে। তদাত্বে তৎক্ষণে ॥৭১—৭৯॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥৯৬॥

সৈন্যমধ্যে প্রবেশ করিবার ইচ্ছা করিতে দেখিয়া দ্রোণের অগ্রবর্ত্তী আপনার পক্ষের যোদ্ধারা তাঁহাদিগকে বারণ করিবার জন্য যত্নবান্ হইয়া রহিলেন ॥৬৮॥

ভীমসেন যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া অনুসরণ করিতেছেন দেখিয়া তখন বীর সাত্যকি তাঁহাকে অভিনন্দিত করিয়া আনন্দজনক বাক্য বলিলেন ॥৬৯॥

তৎকালে সাত্যকি আনন্দে উৎফুল্ল হইয়াই ভীমকে বলিয়াছিলেন—'মধ্যমপাণ্ডব! আপনি রাজাকে রক্ষা করুন, ইহাই আপনার প্রধান কার্য্য ॥৭০॥

আমি একাকীই এই কালপক্ব কৌরবসৈন্য ভেদ করিয়া প্রবেশ করিব; আর রাজাকে রক্ষা করাই আপনার পক্ষে বর্ত্তমানে ও ভবিষ্যতে মঙ্গলজনক ব্যাপার ॥৭১॥

---

(৭০) প্রথমার্দ্ধং বা রা নি নাস্তি। (৭২) শ্লোকাৎ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

তথোক্তঃ সাত্যকিং প্রাহ ব্রজ ত্বং কার্য্যসিদ্ধয়ে।
অহং রাজ্ঞঃ করিষ্যামি রক্ষাং পুরুষসত্তম! ॥৭৩॥
এবমুক্তঃ প্রত্যুবাচ ভীমসেনং স মাধবঃ।
গচ্ছ গচ্ছ দ্রুতং পার্থ! ধ্রুবোঽদ্য বিজয়ো মম ॥৭৪॥
যন্মে স্নিগ্ধোঽনুরক্তশ্চ ত্বমদ্য বশগঃ স্থিতঃ।
নিমিত্তানি চ ধন্যানি যথা ভীম! বদন্তি মে ॥৭৫॥
নিহতে সৈন্ধবে পাপে পাণ্ডবেন মহাত্মনা।
পরিষ্বজিষ্যে রাজানং ধর্ম্মাত্মানং ন সংশয়ঃ ॥৭৬॥
এতাবদুক্ত্বা ভীমস্তু বিসৃজ্য চ মহামনাঃ।
সংপ্রৈক্ষত্তাবকং সৈন্যং ব্যাঘ্রো মৃগগণানিব ॥৭৭॥

ভারতকৌমুদী

তথেতি। প্রাহ ভীমো ব্রবীতি স্ম। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥৭৩॥
এবমিতি। মাধবো মধুবংশীয়ঃ সাত্যকিঃ। হে পার্থ! পৃথাপুত্র! ভীম! ॥৭৪॥
কুতো ধ্রুবো বিজয় ইত্যাহ যদিতি। ধন্যানি পুণ্যজনিতানি। বদন্তি সূচয়ন্তি ॥৭৫॥
নিহত ইতি। সৈন্ধবে জয়দ্রথে, পাণ্ডবেনার্জ্জুনেন। পরিষ্বজিষ্যে আলিঙ্গিষ্যামি ॥৭৬॥

অরিন্দম মধ্যমপাণ্ডব! আপনি আমার শক্তি জানেন, আমিও আপনার শক্তি জানি। সুতরাং আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তবে নিবৃত্ত হউন' ॥৭২॥

সাত্যকি সেইরূপ বলিলে, ভীম তাঁহাকে বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! তবে তুমি কার্য্যসিদ্ধির জন্য গমন কর, আমি রাজাকে রক্ষা করিতে থাকি' ॥৭৩॥

ভীম এইরূপ বলিলে, সাত্যকি তাঁহাকে কহিলেন—'পৃথানন্দন! আপনি সত্বর গমন করুন, সত্বর গমন করুন। নিশ্চয়ই আজ আমার জয় হইবে ॥৭৪॥

মধ্যমপাণ্ডব! যে হেতু আমার প্রতি স্নেহ ও অনুরাগযুক্ত আপনি আমার বশে রহিলেন এবং পুণ্যজনিত শুভলক্ষণ সকল আমার নিকট যেরূপ সূচনা করিতেছে ॥৭৫॥

মহাত্মা অর্জ্জুন পাপাত্মা জয়দ্রথকে বধ করিলে, আমি আসিয়া ধর্ম্মাত্মা ধর্ম্মরাজকে আলিঙ্গন করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৭৬॥

(৭৫)···বশমাস্থিতঃ···বদন্তি মাম্—নি। (৭৬)···ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্—নি। (৭৭)··· বিসৃজ্য চ মহাযশাঃ···বা নি।

তং দৃষ্ট্বা প্রবিবিক্ষন্তং সৈন্যং তব জনাধিপ ! ।
ভূয় এবাভবন্মূঢ়ং সুভৃশঞ্চাপ্যকম্পত ॥৭৮॥
ততঃ প্রয়াতঃ সহসা সৈন্যং তব স সাত্যকিঃ ।
দিদৃক্ষুরর্জ্জুনং রাজন্ ! ধর্ম্মরাজস্য শাসনাৎ ॥৭৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ।

———:-০-:———

সঞ্জয় উবাচ ।

প্রয়াতে তব সৈন্যস্তু যুযুধানে যুযুৎসয়া ।
ধর্ম্মরাজো মহারাজ ! স্বেনানীকেন সংবৃতঃ ।
প্রায়াদ্দ্রোণরথং প্রেপ্সুর্যুযুধানস্য পৃষ্ঠতঃ ॥১॥

ভারতকৌমুদী

এতাবদিতি। মহামনাঃ সাত্যকিঃ। সংপ্রৈক্ষৎ সাটোপমবালোকয়ৎ ॥৭৭॥
তমিতি। প্রবিবিক্ষন্তং প্রবেষ্টুমিচ্ছন্তম্, সৈন্যং কর্ত্তৃ। মূঢ়ং কর্ত্তব্যবিষয়ে ॥৭৮॥
তত ইতি। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ। শাসনাদাদেশাৎ ॥৭৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

প্রয়াত ইতি। যুযুধানে সাত্যকৌ, যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

এই পর্য্যন্ত বলিয়া ভীমসেনকে বিদায় দিয়া মহামনা সাত্যকি—ব্যাঘ্র যেমন হরিণগণের প্রতি দৃষ্টিপাত করে, সেইরূপ আপনার সৈন্যগণের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৭৭॥

নরনাথ ! সাত্যকিকে প্রবেশ করিতে উদ্যত দেখিয়া আপনার সৈন্যেরা পুনরায় কর্ত্তব্যবিমূঢ় হইল এবং অত্যন্ত কাঁপিতে থাকিল ॥৭৮॥

রাজা ! তাহার পর সেই সাত্যকি যুধিষ্ঠিরের আদেশে অর্জ্জুনকে দেখিবার ইচ্ছা করিয়া বেগে আপনার সৈন্যের দিকে প্রস্থান করিলেন' ॥৭৯॥

* '...দশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

ততঃ পাঞ্চালরাজস্য পুত্রঃ সংগ্রামদুর্ম্মদঃ।
প্রাক্রোশৎ পাণ্ডবানীকে বসুদানশ্চ পার্থিবঃ ॥২॥
আগচ্ছত প্রহরত দ্রুতং বিপরিধাবত।
যথা সুখেন গচ্ছেত সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ ॥৩॥
মহারথা হি বহবো যতিষ্যন্তেঽস্য নির্জয়ে।
ইতি ব্রুবন্তো বেগেন নিপেতুস্তে মহারথাঃ ॥৪॥
বয়ং প্রতিজিগীষন্তস্তত্র তান্ সমভিদ্রুতাঃ।
ততঃ শব্দো মহানাসীদ্যুযুধানরথং প্রতি ॥৫॥
প্রকম্পমানা মহতী তব পুত্রস্য বাহিনী।
সাত্বতেন মহাবাহো! শতধাভিব্যদীর্য্যত ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পাঞ্চালরাজস্য পুত্রো ধৃষ্টদ্যুম্নঃ। প্রাক্রোশৎ উচ্চৈরাহূতবান্ ॥২॥
আগচ্ছতেতি। যুষ্মাভিঃ সহ যুদ্ধব্যাপৃততয়া বিপক্ষৈঃ সাত্যকের্বারণাসম্ভবাদিতি ভাবঃ ॥৩॥
মহেতি। অস্য সাত্যকেঃ। নিপেতুঃ কৌরবসৈন্যোপরি, তে ধৃষ্টদ্যুম্নাদয়ঃ ॥৪॥
বয়মিতি। বয়ং সঞ্জয়াদয়ঃ, প্রতিজিগীষন্তঃ প্রতিজেতুমিচ্ছন্তঃ ॥৫॥
প্রেতি। সাত্বতেন সাত্বতবংশীয়েন সাত্যকিনা। অভিব্যদীর্য্যত ব্যভজ্যত ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সাত্যকি যুদ্ধ করিবার ইচ্ছায় আপনার সৈন্যের দিকে গমন করিলে, যুধিষ্ঠির আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া দ্রোণের রথ পাইবার ইচ্ছা করিয়া সাত্যকির পিছনে গমন করিতে লাগিলেন ॥১॥

তাহার পর যুদ্ধদুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্ন এবং রাজা বসুদান পাণ্ডবসৈন্যমধ্যে উচ্চস্বরে আহ্বান করিলেন—॥২॥

'আপনারা সত্বর আসুন, ধাবিত হউন এবং প্রহার করিতে থাকুন। যাহাতে যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি অনায়াসে যাইতে পারেন ॥৩॥

কারণ, বহুতর মহারথ সাত্যকিকে জয় করিবার চেষ্টা করিবেন' এইরূপ বলিতে বলিতে সেই মহারথেরা বেগে যাইয়া কৌরবসৈন্যের উপরে পতিত হইলেন ॥৪॥

মহারাজ! তখন আমরাও প্রতিজিগীষানিবন্ধন তাঁহাদের প্রতি ধাবিত হইলাম। তৎপরে সাত্যকির রথের নিকটে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫॥

(২)…সমরদুর্ম্মদঃ…বা নি। (৪)…যতিষ্যন্ত্যস্য নির্জয়ে…পি বঙ্গ বর্দ্ধ।

তস্যাং বিদীর্য্যমাণায়াং শিনেঃ পৌত্রো মহারথঃ।
সপ্ত বীরান্ মহেষ্বাসানগ্রানীকে ব্যপোথয়ৎ ॥৭॥
তথান্যানপি রাজেন্দ্র! নানাজনপদেশ্বরান্।
শরৈরনলসঙ্কাশৈর্নিন্যে বীরান্ যমক্ষয়ম্ ॥৮॥
শতমেকেন বিব্যাধ শতেনৈকঞ্চ পত্রিণাম্।
দ্বিপারোহান্ দ্বিপাংশ্চৈব হয়ারোহান্ হয়াংস্তথা।
রথিনঃ সাশ্বসূতাংশ্চ জঘানেশঃ পশূনিব ॥৯॥
তং তথাদ্ভুতকর্ম্মাণং শরসম্পাতবর্ষিণম্।
ন কেচনাভ্যধাবন্ বৈ সাত্যকিং তব সৈনিকাঃ ॥১০॥

ভারতকৌমুদী

তস্যামিতি। শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। অগ্রানীকে কৌরবসৈন্যাগ্রে, ব্যপোথয়ৎ ব্যনাশয়ৎ ॥৭॥

তথেতি। নিন্যে প্রেরয়ামাস সাত্যকিঃ, যমক্ষয়ং যমালয়ম্ ॥৮॥

শতমিতি। একেন পত্রিণা, শতং সৈনিকান্ বিব্যাধ, একয়া সূচ্যা উৎপলপত্রশতবদিতি ভাবঃ। পত্রিণাং শতেন একঞ্চ সৈনিকং বিব্যাধ। ঈশো রুদ্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

তমিতি। শরাণাং সম্পাতং ধারাং বর্ষতীতি তম্ ॥১০॥

মহাবাহু রাজা! ক্রমে সাত্যকির বিক্রমে আপনার পুত্রের বিশাল বাহিনী কাঁপিতে লাগিল এবং শতভাগে বিভক্ত হইয়া পড়িল ॥৬॥

সেই বাহিনী বিভক্ত হইয়া পড়িলে, মহারথ সাত্যকি কৌরবসৈন্যের সম্মুখভাগে সাত জন মহাধনুর্দ্ধর বীরকে বিনাশ করিলেন ॥৭॥

রাজশ্রেষ্ঠ! তিনি অগ্নিতুল্য বাণসমূহদ্বারা নানাদেশের অধীশ্বর অন্যান্য বীরকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৮॥

সাত্যকি একবাণে শত জন সৈন্যকে, আবার শতবাণে এক জন সৈন্যকে বিদ্ধ করিতে লাগিলেন এবং রুদ্র যেমন প্রলয়কালে প্রাণিগণকে বধ করেন, সেইরূপ সাত্যকি হস্তী ও হস্ত্যারোহীদিগকে, অশ্ব ও অশ্বারোহিগণকে এবং অশ্ব ও সারথিগণের সহিত রথিগণকে বধ করিতে থাকিলেন ॥৯॥

মহারাজ! তখন আপনার কোন সৈন্যই শরধারাবর্ষণকারী ও অদ্ভুতকর্ম্মা সাত্যকির দিকে ধাবিত হইতে পারিল না ॥১০॥

(১০)···শরসম্পাতদক্ষিণম্···পি বঙ্গ বর্দ্ধ।

তে ভীতা মৃদ্যমানাশ্চ প্রমৃষ্টা দীর্ঘবাহুনা।
আয়োধনং জহুর্বীরা দৃষ্ট্বা তমতিপৌরুষম্ ॥১১॥
তমেকং বহুধাপশ্যন্ মোহিতাস্তস্য তেজসা।
সংগ্রামকোবিদং বীরং বিচরন্তমভীতবৎ ॥১২॥
রথৈর্বিমথিতাক্ষৈশ্চ ভগ্ননীড়ৈশ্চ মারিষ!।
চক্রৈর্বিমথিতৈশ্ছিন্নৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ ॥১৩॥
অনুকর্ষৈঃ পতাকাভিঃ শিরস্ত্রাণৈশ্চ কাঞ্চনৈঃ।
বাহুভিশ্চন্দনাদিগ্ধৈঃ সাঙ্গদৈশ্চ বিশাংপতে! ॥১৪॥
হস্তিহস্তোপমৈশ্চাপি ভুজগাভোগসন্নিভৈঃ।
উরুভিঃ পৃথিবী চ্ছন্না মনুজানাং নরোত্তম! ॥১৫॥ (বিশেষকম্)
শশাঙ্কসন্নিকাশৈশ্চ বদনৈশ্চারুকুণ্ডলৈঃ।
পতিতৈর্ব্বৃষভাক্ষাণাং ভাতি ভারত! মেদিনী ॥১৬॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রমৃষ্টা মর্দ্দিতাঃ, দীর্ঘবাহুনা সাত্যকিনা। আয়োধনং রণস্থলম্ ॥১১॥

তমিতি। সংগ্রামকোবিদং রণপণ্ডিতম্ ॥১২॥

রথৈরিতি। বিমথিতাক্ষৈঃ পোথিতাবয়বৈঃ, ভগ্নানি নীড়ানি রথিস্থিতিদেশা যেষাং তৈঃ। অনুকর্ষৈর্দীর্ঘদারুভিঃ বিনিপাতিতৈরিতি সম্বন্ধঃ। চন্দনেন আদিগ্ধৈর্লিপ্তৈঃ, সাঙ্গদৈঃ সকেয়ূরৈঃ। হস্তিনাং হস্তোপমৈঃ শুণ্ডাতুল্যৈঃ, ভুজগাভোগসন্নিভৈঃ বৃহৎসর্পশরীরতুল্যৈঃ ॥১৩—১৫॥

দীর্ঘবাহু সাত্যকি যাহাদিগকে পীড়ন করিয়াছিলেন ও করিতেছিলেন, সেই বীরেরা অতিপুরুষকারশালী সাত্যকিকে দেখিয়া ভীত হইয়া রণস্থল ত্যাগ করিতে লাগিলেন ॥১১॥

এবং কৌরবসৈন্যেরা সাত্যকির তেজে মোহিত হইয়া বীর, যুদ্ধবিশারদ ও নির্ভয়ের ন্যায় বিচরণকারী সেই এক সাত্যকিকে অনেকরূপে দেখিতে থাকিল ॥১২॥

মাননীয় নরশ্রেষ্ঠ নরনাথ! ক্রমে মথিতাঙ্গ ও ভগ্ননীড় রথ, পোথিত চক্র, ছিন্ন ধ্বজ, নিপতিত রথের দীর্ঘদণ্ড, পতাকা, স্বর্ণময় শিরস্ত্রাণ এবং মনুষ্যগণের চন্দনলিপ্ত ও কেয়ূরযুক্ত বাহু, আর হস্তিশুণ্ডতুল্য ও বৃহৎ সর্পের শরীরসদৃশ উরুদ্বারা সমরভূমি আবৃত হইয়া গেল ॥১৩—১৫॥

(১১)…তমতিমানিনম্—বা নি। (১৫)…ভুজঙ্গাভোগসন্নিভৈঃ…নরাধিপ!—বা নি। (১৬)…পতিতৈর্ব্বৃষভাক্ষাণাম্…বা নি।

CENTRAL LIBRARY

গজৈশ্চ বহুধা চ্ছিন্নৈঃ শয়ানৈঃ পর্বতোপমৈঃ।
ররাজাতিভৃশং ভূমির্বিকীর্ণৈরিব পর্ব্বতৈঃ ॥১৭॥
তপনীয়ময়ৈর্যোক্ত্রৈর্মুক্তাজালবিভূষিতৈঃ।
উরশ্ছদৈর্বিচিত্রৈশ্চ ব্যশোভন্ত তুরঙ্গমাঃ।
গতসত্ত্বা মহীং প্রাপ্য প্রমৃষ্টা দীর্ঘবাহুনা ॥১৮॥
নানাবিধানি সৈন্যানি তব হত্বা তু সাত্যকিঃ।
প্রবিষ্টস্তাবকং সৈন্যং দ্রাবয়িত্বা চমূং ভৃশম্ ॥১৯॥
ততস্তেনৈব মার্গেণ যেন যাতো ধনঞ্জয়ঃ।
ইয়েষ সাত্যকির্গন্তুং ততো দ্রোণেন বারিতঃ ॥২০॥
ভারদ্বাজং সমাসাদ্য যুযুধানস্তু মারিষ!।
নাত্যবর্ত্তত সংক্রুদ্ধো বেলামিব জলাশয়ঃ ॥২১॥

ভারতকৌমুদী

শশাঙ্কেতি। বৃষভস্যেব অক্ষিণী চক্ষুষী যেষাং তেষাম্। মেদিনী রণভূমিঃ ॥১৬॥

গজৈরিতি। বহুধা বহুষ্বঙ্গেষু। ভূমিঃ সমরদেশঃ ॥১৭॥

তপনীয়েতি। তপনীয়ময়ৈঃ স্বর্ণময়ৈঃ, যোক্ত্রৈর্মুখরজ্জুভিঃ। উরশ্ছদৈর্বক্ষসামাবরণৈঃ। গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ। প্রমৃষ্টা মর্দ্দিতাঃ, দীর্ঘবাহুনা সাত্যকিনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

নানেতি। চমূং সেনাং সৈন্যসমূহমিতি ভেদঃ ॥১৯॥

তত ইতি। মার্গেণ পথা। গন্তুমিয়েষ, আপেক্ষিকসুগমত্বাৎ ॥২০॥

ভরতনন্দন! বৃষতুল্য বিশালনয়নশালী বীরগণের চন্দ্রতুল্য ও সুন্দর-কুণ্ডলযুক্ত মুখ সকল পতিত হওয়ায় সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৬॥

সর্ব্বত্র বিক্ষিপ্ত পর্ব্বততুল্য, অঙ্গ-প্রত্যঙ্গে ছিন্ন ও শায়িত পর্বতপ্রমাণ হস্তিগণদ্বারাও রণভূমি অত্যন্ত শোভা পাইতে থাকিল ॥১৭॥

দীর্ঘবাহু সাত্যকি দারুণ পীড়ন করায় অশ্বগণ প্রাণহীন ও ভূতলপতিত হইয়া স্বর্ণময় ও মুক্তাভূষিত মুখরজ্জু এবং বিচিত্র বক্ষের আবরণদ্বারা শোভা পাইতে লাগিল ॥১৮॥

এইভাবে সাত্যকি আপনার নানাবিধ সৈন্য বিনাশপূর্ব্বক সম্পূর্ণ বাহিনীকে গুরুতর পীড়ন করিয়া আপনার সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥১৯॥

তাহার পর অর্জ্জুন যে পথে গিয়াছিলেন, সাত্যকিও সেই পথেই যাইবার ইচ্ছা করিলেন; তখন দ্রোণ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২০॥

---

(১৮)···উরশ্ছদৈর্ভূষিতৈশ্চ···বঙ্গ। (১৯)···হত্বা তু সাত্বতঃ···পি বা নি। (২১)···নাভ্যবর্ত্তত···পি,···ন ন্যবর্ত্তত···বা নি।

নিবার্য্য তু রণে দ্রোণো যুযুধানং মহারথম্।
বিব্যাধ নিশিতৈর্বাণৈঃ পঞ্চভির্মর্ম্মভেদিভিঃ ॥২২॥
সাত্যকিস্তু রণে দ্রোণং রাজন্! বিব্যাধ সপ্তভিঃ।
হেমপুঙ্খৈঃ শিলাধৌতৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ॥২৩॥
তং ষড়্ভিঃ সায়কৈর্দ্রোণঃ সাশ্বযন্তারমার্পয়ৎ।
স তং ন মমৃষে দ্রোণং যুযুধানো মহারথঃ ॥২৪॥
সিংহনাদং ততঃ কৃত্বা দ্রোণং বিব্যাধ সাত্যকিঃ।
দশভিঃ সায়কৈশ্চান্যৈঃ ষড়্ভিরষ্টাভিরেব চ ॥২৫॥
যুযুধানঃ পুনর্দ্রোণং বিব্যাধ দশভিঃ শরৈঃ।
একেন সারথিঞ্চাস্য চতুর্ভিশ্চতুরো হয়ান্।
ধ্বজঞ্চৈকেন বাণেন বিব্যাধ যুধি মারিষ! ॥২৬॥

ভারতকৌমুদী

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্, যুযুধানঃ সাত্যকিঃ। বেলাং তীরম্ ॥২১॥

নিবার্য্যেতি। নিশিতৈঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতৈঃ ॥২২॥

সাত্যকিরিতি। শিলয়া তত্র ঘর্ষণেন ধৌতৈঃ পরিষ্কৃতৈঃ, কঙ্কবর্হিণয়োঃ পক্ষিণোর্বাজাঃ পক্ষা এষু সঞ্জাতাস্তৈঃ। "বাজং ঘৃতেঽপি যজ্ঞান্নে বাজো নিম্বনপক্ষয়োঃ" ইত্যাদি বিশ্বঃ ॥২৩॥

তমিতি। অশ্বৈর্যন্তা সারথিনা চ সহেতি তম্, আর্পয়দপীড়য়ৎ। মমৃষে সেহে ॥২৪॥

সিংহেতি। ক্রমিকতাড়নসূচনার্থমত্র সমাসো ন কৃতঃ ॥২৫॥

যুযুধান ইতি। চতুরঃ চতুঃসংখ্যকান্, হয়ানশ্বান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

মাননীয় রাজা! তখন জলাশয় যেমন তাহার তীর অতিক্রম করিতে পারে না, সেইরূপ ক্রুদ্ধ সাত্যকিও দ্রোণের নিকটে যাইয়া তাঁহাকে অতিক্রম করিতে পারিলেন না ॥২১॥

ক্রমে দ্রোণ যুদ্ধে মহারথ সাত্যকিকে নিবারণ করিয়া সুধার ও মর্ম্মভেদী পাঁচটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥২২॥

রাজা! তখন সাত্যকি স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত এবং কঙ্ক ও ময়ূরপক্ষযুক্ত সাতটা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥২৩॥

দ্রোণও ছয়টা বাণদ্বারা সাত্যকি, তাঁহার চারিটা অশ্ব ও সারথিকে তাড়ন করিলেন। তখন মহারথ সাত্যকি দ্রোণকে ক্ষমা করিলেন না ॥২৪॥

তিনি সিংহনাদ করিয়া ক্রমে দশটা, ছয়টা ও আটটা বাণদ্বারা দ্রোণকে তাড়ন করিলেন ॥২৫॥

(২৪)···সাশ্বযন্তারমার্দ্দয়ৎ···বা নি।

CENTRAL LIBRARY

তং দ্রোণঃ সাশ্বসূতারং সরথধ্বজমাশুগৈঃ।
ত্বরন্ প্রাচ্ছাদয়দ্বাণৈঃ শলভানামিব ব্রজৈঃ ॥২৭॥
তথৈব যুযুধানোঽপি দ্রোণং বহুভিরাশুগৈঃ।
প্রাচ্ছাদয়দসংভ্রান্তং ততো দ্রোণ উবাচ তম্ ॥২৮॥
তবাচার্য্যো রণং হিত্বা গতঃ কাপুরুষো যথা।
যুধ্যমানং হি মাং হিত্বা প্রদক্ষিণমবর্ত্তত ॥২৯॥
ত্বং হি মে যুধ্যতো নাদ্য জীবন্ মোক্ষ্যসি মাধব!।
যদি মাং ত্বং রণে হিত্বা ন যাস্যাচার্য্যবদ্দ্রুতম্ ॥৩০॥

সাত্যকিরুবাচ।

ধনঞ্জয়স্য পদবীং ধর্ম্মরাজস্য শাসনাৎ।
গচ্ছামি স্বস্তি তে ব্রহ্মন্! ন মে কালাত্যয়ো ভবেৎ ॥৩১॥

ভারতকৌমুদী

তমিতি। আশুগৈঃ শীঘ্রগামিভিঃ। শলভানাং পতঙ্গানাম্, ব্রজৈঃ সমূহৈঃ ॥২৭॥
তথেতি। আশুগৈর্বাণৈঃ "অজিহ্মগথগাশুগাঃ" ইত্যমরঃ। অসংভ্রান্তমবিচলিতম্ ॥২৮॥
তবেতি। আচার্য্যঃ অস্ত্রশিক্ষকোঽর্জ্জুনঃ, হিত্বা ত্যক্ত্বা। অবর্ত্ততাগচ্ছৎ ॥২৯॥
ত্বমিতি। আচার্য্যবদর্জ্জুনবৎ। এতেন তদ্বদেব প্রদক্ষিণং যাহীতি সূচিতম্ ॥৩০॥
ধনঞ্জয়স্যেতি। শাসনাদাদেশাৎ। স্বস্তি মঙ্গলমস্তু ॥৩১॥

মাননীয় রাজা! সাত্যকি পুনরায় দশটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিয়া, একটাদ্বারা তাঁহার সারথিকে, চারিটাদ্বারা চারিটা ঘোড়াকে এবং একটাদ্বারা ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তখন দ্রোণ ত্বরান্বিত হইয়া পতঙ্গসমূহের ন্যায় দ্রুতগামী বাণসমূহদ্বারা অশ্ব, সারথি, রথ ও ধ্বজের সহিত সাত্যকিকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৭॥

সাত্যকিও সেইরূপই বহুতর বাণদ্বারা অবিচলিত দ্রোণকে আচ্ছাদন করিলেন। তাহার পর দ্রোণ তাঁহাকে বলিলেন—॥২৮॥

'সাত্যকি! তোমার গুরু (অর্জ্জুন) কাপুরুষের ন্যায় যুদ্ধ ও যুধ্যমান আমাকে ত্যাগ করিয়া আমাকে প্রদক্ষিণপূর্ব্বক চলিয়া গিয়াছে ॥২৯॥

সাত্যকি! তুমিও যদি তোমার গুরুর ন্যায় যুদ্ধে আমাকে ত্যাগ করিয়া দ্রুত গমন না কর, তবে আজ জীবিত অবস্থায় যুধ্যমান আমার নিকট হইতে মুক্তি পাইবে না' ॥৩০॥

---

(৩০)···জীবন্ যাস্যসি মাধব!··· বা নি।

আচার্য্যানুগতো মার্গঃ শিষ্যৈরন্বিষ্যতে সদা।
তস্মাদেব ব্রজাম্যাশু যথা মে স গুরুর্গতঃ ॥৩২॥

সঞ্জয় উবাচ।

এতাবদুক্ত্বা শৈনেয় আচার্য্যং পরিবর্জ্জয়ন্।
প্রয়াতঃ সহসা রাজন্! সারথিঞ্চেদমব্রবীৎ ॥৩৩॥
দ্রোণঃ করিষ্যতে যত্নং সর্বথা মম বারণে।
যত্তো যাহি রণে সূত! শৃণু চেদং বচো মম ॥৩৪॥
এতদালোক্যতে সৈন্যমাবন্ত্যানাং মহাপ্রভম্।
অস্যানন্তরতস্ত্বেতদ্দাক্ষিণাত্যং মহদ্বলম্ ॥৩৫॥
তদনন্তরমেতচ্চ বাহ্লীকানাং মহদ্বলম্।
বাহ্লীকাভ্যাসতো যুক্তং কর্ণস্যাপি মহদ্বলম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

আচার্য্যেতি। অন্বিষ্যতে গন্তুং মার্গ্যতে। গুরুরর্জ্জুনঃ ॥৩২॥
এতাবদিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, আচার্য্যং দ্রোণম্, পরিবর্জ্জয়ন্ প্রদক্ষিণেন ॥৩৩॥
দ্রোণ ইতি। যত্তো দ্রুতগমনায় যত্নবান্ সন্। হে সূত! সারথে! ॥৩৪॥
এতদিতি। এতদঙ্গুল্যা নির্দ্দিষ্টম্। এবং সর্ব্বত্র। মহাপ্রভম্ উজ্জ্বলবেশত্বাৎ ॥৩৫॥

সাত্যকি বলিলেন—'ব্রাহ্মণ! আমি ধর্ম্মরাজের আদেশে ধনঞ্জয়ের পথে যাইতেছি; আপনার মঙ্গল হউক; আমার যেন কালবিলম্ব হয় না ॥৩১॥

শিষ্যেরা সর্ব্বদাই গুরুর অনুসৃত পথের অন্বেষণ করিয়া থাকে। সেই জন্যই আমার সেই গুরু (অর্জ্জুন) যে পথে গিয়াছেন, আমিও সত্বর সেই পথেই যাইব' ॥৩২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! সাত্যকি এইটুকু বলিয়াই প্রদক্ষিণক্রমে দ্রোণাচার্য্যকে পরিত্যাগ করিয়া বেগে প্রস্থান করিলেন এবং সারথিকে এই কথা বলিলেন—॥৩৩॥

'সারথি! দ্রোণ আমাকে বারণ করিবার জন্য সর্ব্বপ্রকারে যত্ন করিবেন। সুতরাং তুমি যত্নবান্ হইয়া দ্রুত গমন কর এবং আমার এই কথা শোন—॥৩৪॥

মহাপ্রভাসম্পন্ন এই অবন্তিদেশীয় সৈন্য দেখা যাইতেছে; ইহার পরে এই বিশাল দাক্ষিণাত্য সৈন্য রহিয়াছে ॥৩৫॥

(৩২)···শিষ্যৈরন্বাস্যতে সদা···বঙ্গ বর্দ্ধ বা নি। (৩৪)···বচঃ পরম্···বা নি। (৩৬)··· কর্ণস্য চ মহদ্বলম্—বা নি।

CENTRAL LIBRARY

অন্যোন্যেন চ সৈন্যানি ভিন্নান্যেতানি সারথে ! ।
অন্যোন্যং সমুপাশ্রিত্য ন ত্যক্ষ্যন্তি রণাজিরম্ ॥৩৭॥
এতদন্তরমাসাদ্য চোদয়াশ্বান্ প্রহৃষ্টবৎ ।
মধ্যমং জবমাস্থায় বহ মামত্র সারথে ! ॥৩৮॥
বাহ্লীকা যত্র দৃশ্যন্তে নানাপ্রহরণোদ্যতাঃ ।
দাক্ষিণাত্যাশ্চ বহবঃ সূতপুত্রপুরোগমাঃ ॥৩৯॥
হস্ত্যশ্বরথসংবাধং যত্রানীকং বিলোক্যতে ।
নানাদেশসমুত্থৈশ্চ পদাতিভিরধিষ্ঠিতম্ ॥৪০॥ (বিশেষকম্)
এতাবদুক্ত্বা যন্তারং ব্রাহ্মণং পরিবর্জ্জয়ন্ ।
সব্যতোঽয়াদসংভ্রান্তঃ কর্ণস্য সুমহদ্বলম্ ॥৪১॥
তং দ্রোণোঽনুযযৌ ক্রুদ্ধো বিকিরন্ বিশিখান্ বহূন্ ।
যুযুধানং মহাবাহুং গচ্ছন্তমনিবর্ত্তিনম্ ॥৪২॥

ভারতকৌমুদী

তদিতি। বাহ্লীকানাম্ অভ্যাসতঃ সমীপে, যুক্তং সন্নিবেশিতম্ ॥৩৬॥

অন্যোন্যেনেতি। ভিন্নানি বিশ্লিষ্টানি। রণাজিরং সমরচত্বরম্ ॥৩৭॥

এতদিতি। এতেষামন্তরমবকাশম্, চোদয় প্রেরয়। জবং বেগম্। অত্র তত্র। সূতপুত্রঃ কর্ণঃ পুরোগমো যেষাং তে। হস্ত্যশ্বরথৈঃ সংবাধং সঙ্কীর্ণম্ ॥৩৮—৪০॥

এতাবদিতি। যন্তারং সারথিম্, ব্রাহ্মণং দ্রোণম্। সব্যতো দক্ষিণতঃ, অয়াদগচ্ছৎ ॥৪১॥

তাহার ওদিকে ঐ বিশাল বাহ্লীকসৈন্য অবস্থান করিতেছে; বাহ্লীক-সৈন্যের নিকটে আবার কর্ণের বিশাল সৈন্যও সন্নিবেশিত আছে ॥৩৬॥

সারথি! এই সৈন্যেরা পরস্পর বিশ্লিষ্ট অবস্থায় আছে বটে, কিন্তু তথাপি উহারা পরস্পরকে অবলম্বন করিয়া থাকায় সমরাঙ্গন ত্যাগ করিবে না ॥৩৭॥

সারথি! ইহাদের ভিতরে যাইয়া প্রহৃষ্টের ন্যায় হইয়া অশ্বগুলিকে চালাইয়া দাও। যেখানে বহুতর বাহ্লীক ও দাক্ষিণাত্য সৈন্য নানাবিধ অস্ত্র লইয়া কর্ণকে অগ্রবর্ত্তী করিয়া দৃষ্টিগোচর হইতেছে, আর যেখানে হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ এবং নানাদেশ হইতে আগত পদাতি সৈন্য দেখা যাইতেছে, মধ্যম বেগ অবলম্বন করিয়া আমাকে সেইখানে লইয়া চল' ॥৩৮—৪০॥

সাত্যকি সারথিকে এই পর্য্যন্ত বলিয়া দ্রোণকে দক্ষিণদিকে ত্যাগ করিয়া অবিচলিতভাবে কর্ণের বিশাল সৈন্যের দিকে গমন করিলেন ॥৪১॥

(৪০) ...যচ্চানীকং বিলোক্যতে...বা নি। (৪২)...যুযুধানং মহাভাগম্...বা নি। অত্র পুস্তকভেদেষ্বেব পাঠভেদা লক্ষ্যন্তে।

কর্ণস্য সৈন্যং সুমহদভিহত্য শিতৈঃ শরৈঃ।
প্রাবিশদ্ভারতীং সেনামার্দ্দয়ন্তাঞ্চ সাত্যকিঃ ॥৪৩॥
প্রবিষ্টে যুযুধানে তু সৈনিকেষু দ্রুতেষু চ।
অমর্ষী কৃতবর্ম্মা তু সাত্যকিং পর্য্যবারয়ৎ ॥৪৪॥
তমাপতন্তং বিশিখৈঃ ষড়্‌ভিরাহত্য সাত্যকিঃ।
চতুর্ভিশ্চতুরোঽস্যাশ্বানাজঘানাশু বীর্য্যবান্ ॥৪৫॥
ততঃ পুনঃ ষোড়শভির্নতপর্ব্বভিরাশুগৈঃ।
সাত্যকিঃ কৃতবর্ম্মাণং প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥৪৬॥
স তুদ্যমানো বিশিখৈর্বহুভিস্তিগ্মতেজনৈঃ।
সাত্বতেন মহারাজ! কৃতবর্ম্মা ন চক্ষমে ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। বিকিরন্ নিক্ষিপন্, বিশিখান্ বাণান্ ॥৪২॥
কর্ণস্যেতি। শিতৈঃ সুধারৈঃ। ভারতীং কৌরবীম্ ॥৪৩॥
প্রবিষ্ট ইতি। দ্রুতেষু পলায়িতেষু। অমর্ষী ক্রুদ্ধঃ ॥৪৪॥
তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। চতুরঃ চতুঃসংখ্যকান্, অস্য কৃতবর্ম্মণঃ ॥৪৫॥
তত ইতি। নতপর্ব্বভিরীষদ্বক্রোপান্তৈঃ, আশুগৈর্বাণৈঃ ॥৪৬॥
স ইতি। তুদ্যমানো ব্যথ্যমানঃ। তিগ্মতেজনৈর্মহাবেগৈঃ। সাত্বতেন সাত্যকিনা ॥৪৭॥

তখন দ্রোণ ক্রুদ্ধ হইয়া বহুতর বাণ নিক্ষেপ করিতে করিতে গমনপ্রবৃত্ত ও অনিবর্ত্তী মহাবাহু সাত্যকির অনুসরণ করিতে লাগিলেন ॥৪২॥

ওদিকে সাত্যকি সুধার বাণসমূহদ্বারা কর্ণের বিশাল সৈন্যকে পীড়ন করিয়া কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন এবং সে সৈন্যকে তাড়ন করিতে লাগিলেন ॥৪৩॥

সাত্যকি প্রবেশ করিলে এবং কৌরবসৈন্য পলায়ন করিতে থাকিলে, কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া আসিয়া সাত্যকিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৪॥

কৃতবর্ম্মা আসিতে লাগিলে, বলবান্ সাত্যকি ছয়টা বাণদ্বারা তাঁহাকে আঘাত করিয়া চারিটা বাণদ্বারা সত্বর তাঁহার চারিটা অশ্বকে আঘাত করিলেন ॥৪৫॥

তাহার পরে সাত্যকি আবার নতপর্ব্ব ষোলটা বাণদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৪৬॥

(৪৭) স তাড্যমানো বিশিখৈঃ…বা নি।

CENTRAL LIBRARY

স বৎসদন্তং সন্ধায় জিহ্মগানলসন্নিভম্ ।
আকৃষ্য রাজন্নাকর্ণং বিব্যাধোরসি সাত্যকিম্ ॥৪৮॥
স তস্য দেহাবরণং ভিত্ত্বা দেহঞ্চ সায়কঃ ।
সপত্রপুঙ্খঃ পৃথিবীং বিবেশ রুধিরোক্ষিতঃ ॥৪৯॥
অথাস্য বহুভির্বাণৈরচ্ছিনৎ পরমাস্ত্রবিৎ ।
সমার্গণগণং রাজন্ ! কৃতবর্ম্মা শরাসনম্ ॥৫০॥
বিব্যাধ চ রণে রাজন্ ! সাত্যকিং সত্যবিক্রমম্ ।
দশভির্বিশিখৈস্তীক্ষ্ণৈরতিক্রুদ্ধঃ স্তনান্তরে ॥৫১॥
ততঃ প্রশীর্ণে ধনুষি শক্ত্যা শক্তিমতাং বরঃ ।
আর্দ্দয়দ্দক্ষিণং বাহুং সাত্যকিঃ কৃতবর্ম্মণঃ ॥৫২॥

ভারতকৌমুদী

স ইতি। জিহ্মগঃ সর্পঃ অনলশ্চ তৎসন্নিভম্। আকৃষ্য ধনুরিতি শেষঃ ॥৪৮॥
স ইতি। সায়কো বৎসদন্তো নাম। রুধিরোক্ষিতো রক্তসিক্তঃ ॥৪৯॥
অথেতি। মার্গণানাং বাণানাং গণেন সহেতি তৎ। শরাসনং ধনুঃ ॥৫০॥
বিব্যাধেতি। বিব্যাধ কৃতবর্ম্মেত্যনুবৃত্তিঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৫১॥
তত ইতি। প্রশীর্ণে ছিন্নে, শক্ত্যা তদাখ্যেনাস্ত্রেণ। আর্দ্দয়দপীড়য়ৎ ॥৫২॥

মহারাজ ! সাত্যকি মহাবেগশালী বহুতর বাণদ্বারা আঘাত করিলে, কৃতবর্ম্মা ক্ষমা করিলেন না ॥৪৭॥

রাজা ! তিনি সর্প ও অগ্নির তুল্য একটা বৎসদন্ত (বাণবিশেষ) সন্ধান-পূর্ব্বক ধনুখানাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া সাত্যকির বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৪৮॥

সেই বাণটা যাইয়া সাত্যকির বর্ম্ম ও দেহ ভেদ করিয়া কঙ্কপক্ষ ও পুঙ্খের সহিত রক্তসিক্ত অবস্থায় ভূমিতে প্রবেশ করিল ॥৪৯॥

রাজা ! তদনন্তর পরমাস্ত্রজ্ঞ কৃতবর্ম্মা বহুতর বাণদ্বারা সাত্যকির বাণসমূহের সহিত ধনুখানাকে ছেদন করিয়া ফেলিলেন ॥৫০॥

এবং রাজা ! তিনি অত্যন্তক্রুদ্ধ হইয়া দশটা তীক্ষ্ণ বাণদ্বারা যুদ্ধে যথার্থ-বিক্রমশালী সাত্যকির বক্ষস্থল আবার বিদ্ধ করিলেন ॥৫১॥

ধনু ছিন্ন হইয়া গেলে পর, শক্তিশালিশ্রেষ্ঠ সাত্যকি একটা শক্তিদ্বারা কৃতবর্ম্মার দক্ষিণ বাহুতে আঘাত করিলেন ॥৫২॥

(৪৮)···তিগ্মাংশুনলসপ্রভম্···আকর্ণাৎ···নি। (৪৯)··সপুঙ্খপত্রঃ···বা নি। (৫০)··· সমার্গণগুণং রাজন্!···পি বঙ্গ বর্দ্ধ। (৫২)··জঘান দক্ষিণং বাহুম্···বা নি।

ততোঽন্যৎ সুদৃঢ়ং বীরো ধনুরাদায় সাত্যকিঃ।
ব্যসৃজদ্বিশিখাংস্তূর্ণং শতশোঽথ সহস্রশঃ।
সরথং কৃতবর্ম্মাণং সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥৫৩॥
তে শরাঃ সাত্বতেনাস্তাঃ কৃতবর্ম্মাণমাহবে।
ছাদয়াঞ্চক্রিরে বৃক্ষং শলভা ইব ঘোষিণঃ ॥৫৪॥
ছাদয়িত্বা রণে রাজন্! হার্দ্দিক্যং স তু সাত্যকিঃ।
অথাস্য ভল্লেন শিরঃ সারথেঃ সমকৃন্তত ॥৫৫॥
স পপাত হতঃ সূতো হার্দ্দিক্যস্য মহারথাৎ।
ততস্তে যন্তরি হতে প্রাদ্রবংস্তুরগা ভৃশম্ ॥৫৬॥
অথ ভোজস্তু সংভ্রান্তো নিগৃহ্য তুরগান্ স্বয়ম্।
তস্থৌ শরধনুষ্পাণিস্তৎ সৈন্যান্যভ্যপূজয়ন্ ॥৫৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, পর্য্যবারয়ৎ আচ্ছাদয়ৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
ত ইতি। সাত্বতেন সাত্যকিনা, অস্তাঃ ক্ষিপ্তাঃ। ঘোষিণঃ শব্দকারিণঃ ॥৫৪॥
ছাদয়িত্বেতি। হার্দ্দিক্যং হৃদিকপুত্রং কৃতবর্ম্মাণম্। সমকৃন্তত অচ্ছিনৎ ॥৫৫॥
স ইতি। সূতঃ সারথিঃ। যন্তরি সারথৌ, প্রাদ্রবন্ যথেষ্টমধাবন্ ॥৫৬॥
অথেতি। ভোজো ভোজবংশঃ কৃতবর্ম্মা, সংভ্রান্তো ব্যস্তঃ ॥৫৭॥

তাহার পর বীর সাত্যকি অন্য একখানা সুদৃঢ় ধনু লইয়া সত্বর শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন এবং সকল দিকে রথের সহিত কৃতবর্ম্মাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫৩॥

সাত্যকিনিক্ষিপ্ত শব্দকারী সেই বাণগুলি যাইয়া পতঙ্গ যেমন বৃক্ষ আবৃত করে, সেইরূপ যুদ্ধে কৃতবর্ম্মাকে আবৃত করিল ॥৫৪॥

